মুকাম্মাল

লুগাতুল কুরআন

[আরবি-বাংলা]

[১ম পারা থেকে ১৫ পারা পর্যন্ত]

রচনায়

মাওলানা আহমদ করিম সিদ্দীক

ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত

উচ্চতর আরবি ভাষা ও সাহিত্য, দারুল উলূম দেওবন্দ

শাইখুল হাদীস, জামিয়া ইসলামিয়া সোনারং, মুন্সিগঞ্জ

লেখক, গবেষক ও বহুগ্রন্থ প্রণেতা

প্রকাশনায়

ইসলামিয়া কুতুবখানা

৩০/৩২ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০

মোকাম্মাল লুগাতুল কুরআন – ১ম খণ্ড [আরবি-বাংলা]

রচনায় ❖ মাওলানা আহমদ করিম সিদ্দীক

প্রকাশক ❖ আলহাজ মাওলানা মোহাম্মদ মোস্তফা এম.এম

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

শব্দ বিন্যাস ❖ ইসলামিয়া কম্পিউটার হোম

২৮/এ, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা–১১০০

মুদ্রণে ❖ ইসলামিয়া অফসেট প্রেস, প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা

হাদিয়া ❖ ৬০০.০০ টাকা মাত্র

الحمد لله نحمده ونستعينه ونستغفره ونؤمن به ونتوكل عليه ونعوذ بالله من شرور انفسنا ومن سيئات اعمالنا من يهده الله فلا مضل له ومن يضلله فلاهادي له ونشهد ان لا اله الله وحده لا شريك له ونشهد ان محمدا عبده ورسوله صلى الله عليه وسلم تسليما كثيرا اما بعد! فقدقال الله تعالى ولقد يسرنا القرآن للذكر -

সকল প্রশংসা মহান রব্বুল আলামীন-এর জন্য, যিনি আমাদেরকে এ দুনিয়াতে আশরাফুল মাখলুকাত করে সৃষ্টি করেছেন। দরুদ ও সালাম বিশ্বনবী হযরত মুহাম্মদ (স.) -এর উপর যিনি খাতামুন্নাবিয়্যীন- লা নাবিয়্যা বা'দাহু। যার মাধ্যমে আমরা কুরআনুল কারীমের এ মহান নিয়ামতের অধিকারী হয়েছি। আর তাঁর পরিবারবর্গ ও সাহাবায়ে কেরামের প্রতিও করুণা বর্ষিত হোক, যারা মহাগ্রন্থ আল কুরআনের প্রকৃত মর্ম অনুধাবন করত তা হুবহু আমলে পরিণত করে নিজেদের জীবনকে আমাদের জন্য আদর্শরূপে স্থাপন করে গেছেন।

বিশ্বমানবতার এক চিরন্তন মুক্তির সনদ ও অনন্য সংবিধান, ইহকালীন-পরকালীন সকল প্রকার জ্ঞান-বিজ্ঞানে ভরপুর মহাগ্রন্থ আল কুরআন। কবি বলেন–

جميع العلم فى القران لكن * تقاصر عنه اعيان الرجال

অর্থ : আল কুরআনের পাতায় আছে,
সকল জ্ঞানের আলো।
কিন্তু মানুষ সবগুলো তার,
খুঁজে নাহি পেল।

এই কুরআনের মর্ম ও শিক্ষা যথাযথভাবে হৃদয়ঙ্গম করা এবং তদনুযায়ী জীবন গঠন করা প্রত্যেকের অপরিহার্য কর্তব্য। সে জন্য আমাদেরকে কুরআন বুঝতে হবে। কুরআন বুঝার জন্য সর্বপ্রথম করণীয় হলো কুরআনের শব্দ বিশ্লেষণ জানা। শব্দটির তরজমা, সীগাহ, বাব, বহছ, মূলবর্ণ ইত্যাদি জানা। কারণ এসব কিছুর উপর সঠিক অর্থ জানা নির্ভর করে। এতদিন যাবত আমাদের কওমী মাদরাসাগুলোতে পবিত্র কুরআনুল কারীমের দরস ও তাদরীসের উপর ততোখানি গুরুত্ব প্রদান করা হতো না যতটা অন্যান্য বিষয়ের প্রতি গুরুত্বারোপ করা হতো। কিন্তু অত্যন্ত আনন্দের বিষয় হলো আমাদের দেশের কওমী মাদরাসাগুলোতে সাম্প্রতিককালে এ বিষয়টির উপর যথেষ্ট জোর দেওয়া হচ্ছে। পর্যায়ক্রমে পূর্ণ কুরআনের তরজমা সিলেবাসভুক্ত করা হয়েছে, সাথে সাথে নহবী ও সরফী তাহকীকও করা হয়ে থাকে। সঙ্গত কারণেই এমন একটি গ্রন্থ প্রণয়ন অপরিহার্য হয়ে পড়েছে যাতে শিক্ষার্থীরা এ বিষয়গুলো সহজে পেতে পারে। আরবি ভাষায় এ বিষয়ের উপর পর্যাপ্ত গ্রন্থ রচিত হয়েছে। বড় বড় ভাষাবিদ, যুজাজ, ফাররা, আখফাশ, আবূ উবাইদা, ইবনে কুতাইবা, ইবনে দারীদ, আবূ বকর ইবনুল আম্বারী, আজীজী, রাগেব ইস্পাহানী, আবূ হাইয়ান উন্দুলুসী প্রমুখ এ বিষয়ের উপর মূল্যবান গ্রন্থাবলি রেখে গেছেন।

এ সমস্ত গ্রন্থরাজির মধ্যে ইমাম রাগেব ইস্পাহানীর 'মুফরাদাতুল কুরআন' ব্যতীত অন্যান্য সমস্ত কিতাব এখন দুস্প্রাপ্য। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) এতদসংক্রান্ত এটিকে সর্বোত্তম গ্রন্থ মনে করেন। বাস্তবতাও এটিই। কারণ আল কুরআনের শব্দাবলির বিশ্লেষণ সংক্রান্ত এটি অতুলনীয়, অনুপম।

বাংলা ভাষায়ও সাম্প্রতিককালে লোগাতুল কুরআনের উপর বিভিন্ন গ্রন্থ রচিত হয়েছে। কিন্তু প্রয়োজন ছিল এ বিষয়ের উপর এমন একটি গবেষণামূলক পূর্ণাঙ্গ ও নির্ভরযোগ্য গ্রন্থ রচনা করা, যাতে কুরআনুল কারীমের অর্থ ও উদ্দেশ্য অনুধাবন করা সর্বদিক থেকে সহায়ক হবে। বক্ষমান গ্রন্থ এ উদ্দেশ্যকে সামনে রেখেই রচিত হয়েছে।

এটা তো বলা যাবে না যে, লেখক এ উদ্দেশ্য পূরণে কতটুকু সফল হয়েছে; কিন্তু একটা কথা দৃঢ়তার সাথে বলা যেতে পারে যে, এ জাতীয় তথ্যবহুল ও বিশ্লেষণধর্মী গ্রন্থ এটিই প্রথম, যার প্রমাণ শিক্ষার্থীরা প্রতিটি পৃষ্ঠায় খুঁজে পেতে পারে।

প্রতিটি শব্দের প্রয়োজনীয় বিশ্লেষণ অতি যত্নসহকারে করা হয়েছে। কোনো শব্দের বিশ্লেষণ বা তার অর্থের তাহকীকের ক্ষেত্রে যেখানে মুফাসসিরীন, ফোকাহা ও ভাষাবিদগণের মতবিরোধ রয়েছে, তা বর্ণনা করে সিদ্ধান্তমূলক মন্তব্য বর্ণনা করা হয়েছে। পাশাপাশি আনুষঙ্গিক এমন বিষয়ও উপস্থাপন করা হয়েছে যা কুরআন অনুধাবনের ক্ষেত্রে সহায়ক হবে। যেহেতু আমাদের উদ্দেশ্য হলো কুরআনের চাহিদা অনুযায়ী কুরআনের অভিধান রচনা করা, তাই শুধুমাত্র শাব্দিক অর্থ লিখেই ক্ষান্ত করা হয়নি; বরং প্রতিটি শব্দের এমন অর্থ দেওয়ার চেষ্টা করা হয়েছে কুরআন শব্দটি যে অর্থে ব্যবহার করেছে এবং হক্কানী ওলামায়ে কেরাম তার যে অর্থ বুঝেছেন।

তেমনিভাবে যে শব্দটি পবিত্র কুরআনে একাধিক অর্থে ব্যবহৃত হয়েছে সে সকল অর্থ বিস্তারিতভাবে লেখা হয়েছে, পাশাপাশি এটাও বর্ণনা করা হয়েছে যে, কোথায় কি অর্থে তা ব্যবহৃত হয়েছে। যে শব্দের তাফসীরে কোনো মারফূ' হাদীস এবং সাহাবী বা তাবেঈগণের উক্তি পাওয়া গেছে তাও তুলে ধরা হয়েছে।

নবী-রাসূল ﷺ বা অন্যান্য প্রসিদ্ধ ব্যক্তিবর্গ যেমন ফেরাউন, হামান, শয়তান ইত্যাদি যাদের আলোচনা কুরআনের বিভিন্ন স্থানে এসেছে তাদের ব্যাপারে সহীহ হাদীসে যে সমস্ত তথ্য-উপাত্ত পাওয়া গেছে তাও বর্ণনা করা হয়েছে। এ ক্ষেত্রে জাল হাদীস এবং ইসরাঈলী রেওয়ায়েতসমূহ যথাসম্ভব পরিহার করা হয়েছে, এবং যে সমস্ত জাল হাদীস খুবই প্রসিদ্ধ তা জাল এবং ভিত্তিহীন বলে সাব্যস্ত করা হয়েছে। কুরআনে যে সমস্ত স্থান ইত্যাদির আলোচনা এসেছে সেগুলোর পরিচিতিও ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে তুলে ধরা হয়েছে।

কুরআনের শব্দ বিশ্লেষণ এবং তার তাহকীকের ক্ষেত্রে আমার যতটুকু পুঁজি তার সিংহভাগই হলো ইমাম রাগেব ইস্পাহানী (র.) রচিত 'মুফরাদাতুল কুরআন' অতঃপর তাফসীর, হাদীস, লোগাত এবং ভূগোলের ঐ সমস্ত নির্ভরযোগ্য গ্রন্থাদি যার উদ্ধৃতি এ গ্রন্থের যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

যতটুকু সম্ভব পূর্ণ চেষ্টা করা হয়েছে যেন কিতাবের উপকারিতা বেশি থেকে বেশি ব্যাপক ও সার্বজনীন হয়। আশা করি ইনশাআল্লাহু তা'আলা এ কিতাব সাধারণ শিক্ষার্থীর জন্য শব্দের তরজমা, মধ্যমশ্রেণির শিক্ষার্থীদের জন্য মূলবর্ণ, সীগাহ নির্ধারণ, অর্থের প্রয়োজনীয় ব্যাখ্যা-বিশ্লেষণ এবং বিশেষ শ্রেণির জন্য জ্ঞান ও গবেষণামূলক আগ্রহের উপকরণ হবে। একজন শিক্ষক এ কিতাব হাতে নিয়ে কুরআনের দরস দিতে পারবেন, একজন শিক্ষার্থী এর দ্বারা ওস্তাদের প্রদত্ত কুরআনী সবককে উত্তমরূপে আয়ত্ত করতে সক্ষম হবে, একজন সাধারণ মানুষ এ কিতাব অধ্যয়নে স্বীয় বুঝ অনুযায়ী কুরআনকে উত্তমরূপে হৃদয়ঙ্গম করতে পারবে।

পরিশেষে অভিধানটি রচনা ও প্রকাশের ক্ষেত্রে যারা আমাকে বিভিন্নভাবে সুন্দর সুন্দর পরামর্শ দিয়েছেন, সহযোগিতা করেছেন তাদের সকলকে আল্লাহ সর্বোত্তম বিনিময় দান করুন। বিশেষতঃ ইসলামিয়া কুতুবখানার সত্বাধিকারী মাওলানা মোহাম্মদ মোস্তফা (দা. বা.)-এর ঋণ কোনোদিনই পরিশোধ করার মতো নয়। কারণ তিনি আমার লেখালেখির পথে নানাভাবে সহযোগিতা করেছেন, অনুপ্রেরণা যুগিয়েছেন, লেখাগুলোকে মূল্যায়ন করেছেন, এবং তা প্রকাশের ব্যবস্থা করেছেন। আল্লাহর নিকট শুধু এই কামনা আল্লাহ যেন তাকে দীর্ঘজীবি করুন, সুস্থ রাখুন এবং একনিষ্ঠতার সাথে ইসলামের এ মহান খেদমতকে সম্মুখে এগিয়ে নিয়ে আকাশছোঁয়া সাফল্য লাভের তাওফীক দান করুন।

সেই সাথে অভিধান প্রকাশের এই বিশেষ মুহূর্তে স্মরণ করছি মরহুম আব্বাজানের কথা, তাঁর আজীবনের সাধনা ও শখ **ছিল** আমাকেসহ তাঁর সকল সন্তানদেরকে দীনের এবং কুরআন-হাদীসের খাদেম বানানো। কুরআন শিক্ষার সহায়ক গ্রন্থ **রচনার** এ সামান্য খিদমতটুকু যদি আল্লাহর দরবারে কবুল হয় এবং ইলমপিপাসু মহল যদি এর দ্বারা সামান্যতম উপকৃত **হন,** আল্লাহ যেন এর সমস্ত ছওয়াব তাঁর ও সদ্যপ্রয়াত আম্মাজানের কবর জীবনের সুখশান্তি এবং জান্নাতে তাঁদের মর্যাদা **বৃদ্ধির** জন্য অসিলা বানান।

আল কুরআনের এ অভিধান রচনা সংক্রান্ত সকল ত্রুটি-বিচ্যুতি আমার নিজস্ব এবং এর যা কিছু শুভ, কল্যাণপ্রদ ও ভালো **দিক** রয়েছে সেগুলো সবই আল্লাহর একান্ত অনুগ্রহের ফসল।

روز قیامت ہر کسی در دست گیرد نامہ

من نیز حاضر می شوم تصویر کتب در بغل

"**কিয়ামতের** দিন সকলেই যখন নিজ নিজ আমলনামা সঙ্গে নিয়ে আল্লাহর দরবারে হাজির হবে, তখন আমার নেক আমল **যেহেতু** শূন্যের কোঠায়, তাই আমি সেদিন মহান আল্লাহর সম্মুখীন হবো আমার বাহুর নিচে এইসব গ্রন্থরাজি ধারণ করে।"

আহমদ করিম সিদ্দীক
বি, পাইকপাড়া, আব্দুল্লাপুর, মুন্সিগঞ্জ।
২১ মে, ২০১৩
১০ রজব, ১৪৩৪

'মুকাম্মাল লোগাতুল কুরআন' -এর বৈশিষ্ট্যাবলি

- সর্বস্তরের পাঠকের প্রতি লক্ষ্য রেখে সহজ-সরল শব্দ ব্যবহার করা হয়েছে।
- সূরা ও আয়াতের ক্রমিকানুসারে আভিধানে উল্লিখিত শব্দের বিন্যাস প্রদত্ত হয়েছে।
- শব্দের তাহকীক ও ব্যাখ্যা বিশ্লেষণ বোধগম্য ভাষাশৈলীতে উপস্থাপন করা হয়েছে।
- বিশ্লেষণের ক্ষেত্রে প্রথমে শাব্দিক অর্থ অতঃপর বিশ্লেষণ উল্লেখ করা হয়েছে।
- শব্দটি فعل হলে তার সরফী তাহকীক তথা সীগাহ, বহছ, বাব, মূলবর্ণ, মাসদার ও تعليل উল্লেখ করা হয়েছে।
- শব্দটি اسم হলে তার واحد ও جمع তুলে ধরা হয়েছে।
- আভিধানিক ও সরফী তাহকীকের পাশাপাশি প্রয়োজনীয় نحوى تحقيق -ও লিখে দেওয়া হয়েছে।
- শব্দের বিশ্লেষণের ক্ষেত্রে মুফাসসিরীন, ফোকাহা ও ভাষাবিদদের মতবিরোধ থাকলে তা উল্লেখপূর্বক যথাসম্ভব সিদ্ধান্তমূলক মন্তব্য বর্ণনা করা হয়েছে।
- যে শব্দটি পবিত্র কুরআনে একাধিক অর্থে ব্যবহৃত হয়েছে সে ক্ষেত্রে সকল অর্থ আয়াতসহ উল্লেখপূর্বক এ বিষয়টি স্পষ্ট করে দেওয়া হয়েছে যে; শব্দটি কোন আয়াতে কি অর্থে ব্যবহৃত হয়েছে।
- যে শব্দের তাফসীরে কোনো মারফূ' হাদীস বা সাহাবা-তাবেয়ীদের উক্তি পাওয়া গেছে, সেক্ষেত্রে তা-ও তুলে ধরা হয়েছে।
- শাব্দিক বিশ্লেষণের ক্ষেত্রে সালাফে সালেহীনের ধারা অনুসরণের পাশাপাশি কিতাবাদির হাওয়ালাও উল্লেখ করা হয়েছে।
- তাফসীরে মাযহারী, তাফসীরে কুরতুবী; তাফসীরে জালালাইন ও তাফসীরে বায়যাবীর অনুসরণে শাব্দিক বিশ্লেষণ উল্লেখ করা হয়েছে।
- তাফসীর সংক্রান্ত আলোচনাসমূহ সাধারণত তাফসীরে মাযহারী; তাফসীরে কুরতুবী; তাফসীরে রুহুল মা'আনী, তাফসীরে বয়ানুল কুরআন, তাফসীরে, মা'আরিফুল কুরআন, তাফসীরে উসমানী ও তাফসীরে মাজেদী থেকে উদ্ধৃত হয়েছে।
- যে সমস্ত শব্দ কোনো নবী-রাসূল বা প্রসিদ্ধ কোনো ব্যক্তিবর্গের নাম হিসেবে জনশ্রুত, সেক্ষেত্রে হাদীসের আলোকে নির্ভুল তত্ত্ব-উপাত্ত প্রদত্ত হয়েছে।
- শব্দের তাফসীরের ক্ষেত্রে জাল হাদীস ও ইসরাঈলি রেওয়াতেসমূহ যথাসম্ভব ভ্রান্ত সাব্যস্তপূর্বক পরিহার করা হয়েছে।
- কুরআনে যে সমস্ত জাতি বা স্থান ইত্যাদির আলোচনা এসেছে সেগুলোর পরিচিতি ঐতিহাসিক ও ভৌগলিক দৃষ্টিকোণ থেকে তুলে ধরা হয়েছে।
- এ অভিধানে উল্লিখিত শব্দের বাংলা অর্থ ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক রচিত আল-কুরআনুল কারীম থেকে নেওয়া হয়েছে।
- বাংলা বানানের ক্ষেত্রে 'বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান'কে পরিপূর্ণ রূপে অনুসরণ করা হয়েছে।
- অভিধানের সর্বত্র একই বানানরীতি প্রয়োগের আপ্রাণ চেষ্টা করা হয়েছে।

লোগাতুল কুরআনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা

পৃথিবীর সর্বাধিক পঠিত গ্রন্থ হলো আল-কুরআন। কুরআনের অমিয় বাণী যুগ যুগ ধরে আগ্রহী পাঠকের অন্তরের খোরাক যুগিয়ে আসছে। একজন মানুষ পবিত্র কুরআনুল কারীম যতই পাঠ করুক, এতে সে কোনোদিনই অতৃপ্তি অনুভব করে না। পাশাপাশি কুরআনের হৃদয়স্পর্শী বাণীসমূহের মর্ম উদঘাটনের আশা-আকাঙ্ক্ষা সকল যুগের সর্বশ্রেণির মানুষেরই একটি প্রাণের দাবি। তাদের সেই দাবির পরিপ্রেক্ষিতে সর্বস্তরের শিক্ষিত মানুষের মনের লালিত আশা পূরণের লক্ষ্যে আমাদের এই প্রয়াস। এই লোগাত তাদের সেই আশা পূরণে কার্যকরী ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী।

অনেক জেনারেল-শিক্ষিত লোকদেরকে দেখা যায় যে, ধর্মীয় অনুভূতি তাদেরকে কুরআনের জ্ঞান চর্চার প্রতি আগ্রহী করে তোলে। তারা তা আরবিতেই শিখতে চায়। এবং সেই লক্ষ্যে আরবি ভাষা শিক্ষার আকাঙ্ক্ষাও তাদের মধ্যে পরিলক্ষিত হয়। কিন্তু বয়সের কারণে তা বেশিদূর এগোতে পারে না। থেমে যায় তাদের কুরআন বুঝার প্রবল কামনার গতি। স্তিমিত হয়ে যায় মনের গহীনে লালিত সেই স্বপ্নপূরণের আশার ঝলক। নিরাশ হয়ে ব্যথিত মনে বসে বসে শুধু নীরবে অশ্রু প্রবাহিত করতে থাকে। এ ধরনের লোকদের স্বপ্নপূরণে এ কুরআনিক অভিধান যথেষ্ট সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে।

মাদ্‌রাসার প্রাথমিক স্তরের তরজমাতুল কুরআনের দরসে শিক্ষক পাঠদানের জন্য শব্দের সরফী-নহবী তাহকীক, শানে নুযূল ও টুকিটাকি তাফসীরের প্রয়োজনীয়তা ভীষণভাবে অনুভব করে থাকেন। এবং নানান তাফসীর ঘাটাঘাটি করে দলিলনির্ভর, সাবলিল ও সমৃদ্ধ পাঠ উপস্থাপনের চেষ্টা একজন শিক্ষকমাত্রেরই কাম্য থাকে। সে ক্ষেত্রে একজন সচেতন শিক্ষক এ লোগাতকে তার লক্ষ্যে পৌঁছার একমাত্র অবলম্বন হিসেবে গ্রহণ করতে পারেন।

একজন শিক্ষাত্রীর প্রধান লক্ষ্য-উদ্দেশ্য থাকে পরীক্ষায় ভালো ফলাফল করা। পরীক্ষায় ভালো ফলাফলের প্রধান সোপান হচ্ছে নির্ভুল, তথ্যমূলক ও দলিল-প্রমাণনির্ভর উত্তর প্রদান করা। আল কুরআনের এ অভিধান সহযোগিতা করার জন্য দৃঢ়প্রত্যয় নিয়ে কুরআনের দরসের শিক্ষার্থীদের হাতছানি দিয়ে ডাকছে।

ইসলামিক লিটারেচার, লেখালেখি ও গবেষণামূলক কর্মে নিয়োজিত ব্যক্তিদের জন্য বাংলা ভাষায় রচিত সর্বাধিক শব্দ সম্বলিত আল কুরআনের এ অভিধান বিশেষভাবে উপযোগী হবে বলে আমরা মনে করি।

পবিত্র কুরআনুল কারীমের তাফসীর বিষয়ে যাদের বিশেষভাবে অধ্যয়নের সুযোগ হয়নি, তারা হয়তো তাফসীরের ঐ সমস্ত দুর্লভ ও সূক্ষ্মাতিসূক্ষ্ম মতামতসমূহের জ্ঞান থেকে কিছুটা হলেও না জানার গ্লানিতে ভুগে থাকেন। আল-কুরআনের এ অভিধান আপনার জ্ঞানের পরিধি সুপরিসর করবে, সমৃদ্ধ করবে আপনার জ্ঞানভাণ্ডার, এবং খুলে দিবে আপনার জানার ক্ষেত্রে প্রবল বাসনার বন্ধ জানালা।

যাদের নিরলস প্রচেষ্টায়
এ লোগাতুল কুরআন অভিধানটি আলোর মুখ দেখেছে

- **মাওলানা মোহাম্মদ মোস্তফা** এম. এম
  ব্যবস্থাপনা পরিচালক, ইসলামিয়া কুতুবখানা, ঢাকা।
- **মাওলানা মহিউদ্দীন কাসেমী**
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত।
- **মাওলানা মোহাম্মদ আবুল কালাম মাসূম**
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত
  কামিল [১ম শ্রেণি], মাদরাসা-ই আলিয়া, ঢাকা।
  তাফসীরে জালালাইন শরীফের অনুবাদক ও বহুগ্রন্থ প্রণেতা।
- **মাওলানা মোহাম্মদ আনওয়ারুল হক**
  সিনিয়র সম্পাদক, ইসলামিয়া কুতুবখানা, ঢাকা।
- **মাওলানা রফিকুল ইসলাম সিরাজী**
  ফাযেলে দারুল উলূম দেওবন্দ, ভারত
  সাবেক উস্তাদ, জামিয়া ইসলামিয়া দারুল উলূম মাদানিয়া
  ৩১২ দক্ষিণ যাত্রাবাড়ী, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ মাহমূদ হাসান**
  উস্তাদ, মাদরাসা উলূমে শরী'আহ, যাত্রাবাড়ী, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ এনামুল হাসান**
  উস্তাদ, মাদরাসা নূরুল কুরআন, ভিক্টোরিয়া পার্ক, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ সালাউদ্দিন**
  মুহাদ্দিস, জামিয়া ইসলামিয়া মোহাম্মাদিয়া মোহাম্মদনগর, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ কামরুল হাসান**
  ফাযেলে দারুল কুরআন শামসুল উলূম চৌধুরী পাড়া, ঢাকা।
- **মাওলানা মোহাম্মদ মাহবুবুল হাসান**
  ফাযেলে জামেয়া আরাবিয়া ফরিদাবাদ, ঢাকা।

সূরা ফাতিহা : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৭, রুকূ' : ১

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

শুরু করছি পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে।

بِ আরবি বর্ণমালার দ্বিতীয় বর্ণ। এটি حَرْف جَرّ বা পদান্বয়ী অব্যয়। بَاء হরফে জারটি সাধারণত নিম্নোক্ত অর্থসমূহের জন্য ব্যবহৃত হয়–

১. اَلْصَاقٌ তথা সংযুক্তি, মিলিত হওয়া অর্থে। যেমন– "اَمْسَكْتُ بِالْغُلَامِ" (আমি দাসটিকে ধরে ফেলেছি।)

২. اِسْتِعَانَةٌ তথা সাহায্য প্রার্থনার্থে। যেমন– "كَتَبْتُ بِالْقَلَمِ" (আমি কলম দ্বারা লিখেছি।)

৩. مُصَاحَبَةٌ তথা সঙ্গ বা সাহচর্যার্থে। যেমন– "اِذْهَبْ بِسَلَامٍ" (নিরাপত্তার সাথে গমন কর।)

৪ ظَرْفِيَّةٌ তথা স্থান বা কালের অর্থ বুঝাতে। যেমন– কালের অর্থে বুঝতে "سَارَ بِاللَّيْلِ" (সে রাত্রিবেলা ভ্রমণ করেছে।) স্থানের অর্থ বুঝাতে– وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِيِّ (তখন আপনি পশ্চিম প্রান্তে ছিলেন না।) -[সূরা ক্বাসাস : ৪৪]

৫. بَدَلٌ তথা বিনিময়ার্থে। যেমন–"بَاعَ الْكُفْرَ بِالْاِيْمَانِ" (সে ঈমানের বিনিময়ে কুফরি গ্রহণ করেছে।)

৬. تَعْدِيَة তথা অকর্মক ক্রিয়াকে সকর্মককরণে। যেমন– "ذَهَبْتُ بِهِ اِلَى الْبَيْتِ" (আমি তাকে বাড়ি পর্যন্ত নিয়ে গিয়েছি।)

৭. قَسَمٌ তথা শপথের জন্য। যেমন–"بِاللّٰهِ لَاَفْعَلَنَّ كَذَا" (আল্লাহর শপথ! আমি অবশ্য-ই এরূপ করব।)

৮. غَايَة তথা সীমা অর্থ- প্রকাশার্থে। যেমন– وَقَدْ اَحْسَنَ بِىْ (আর তিনি আমার প্রতি অনুগ্রহ করেছেন।) –[সূরা ইউনুস : ১০০]

৯. سَبَبِيَّة/ تَعْلِيْل তথা কারণ বুঝাতে যেমন– "اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ" (তোমরা গোবৎসকে উপাস্যরূপে গ্রহণ করে নিজেদের নফসের উপর জুলুম করেছ।) –[সূরা বাক্বারা : ৫৪]

১০. تَبْعِيْض তথা কিয়দংশ বুঝাতে। যেমন-"وَامْسَحُوْا بِرُءُوْسِكُمْ" (তোমাদের মাথার কিয়দংশ মাসেহ কর।) –[সূরা মায়েদা : ৬]

১১. تَفْدِيَة তথা উৎসর্গকরণ বা নজরানা অর্থে। যেমন– "بِاَبِىْ اَنْتَ وَاُمِّىْ" (আপনার প্রতি আমার পিতামাতা উৎসর্গিত হোক।)

১২. عَلٰى অর্থে। যেমন– "وَمِنْ اَهْلِ الْكِتَابِ مَنْ اِنْ تَاْمَنْهُ بِقِنْطَارٍ (اَىْ عَلٰى قِنْطَارٍ)" (আর আহলে কিতাবদের কতককে যদি বিপুল ধন-সম্পদের উপর আমানতদার বানাও।) –[সূরা আলে ইমরান : ৭৫]

১৩. عَنْ অর্থে। যেমন– "فَسْئَلْ بِهِ خَبِيْرًا (اَىْ عَنْهُ)" (তার সম্পর্কে অবগত ব্যক্তিকে প্রশ্ন কর) –[সূরা ফুরকান, : ৫৯]

১৪. اِلٰى অর্থে। যেমন– "وَقَدْ اَحْسَنَ بِىْ (اَىْ اِلَىَّ)" (তিনি আমার প্রতি অনুগ্রহ করেছেন,) –[সূরা ইউনুস : ১০০]

১৫. تَاكِيْد তথা গুরুত্ব বুঝাতে, যা তারকীবে অতিরিক্ত হিসেবে গণ্য হয় এবং তা অতিরিক্তভাবে ব্যবহারের ক্ষেত্রগুলো নিম্নরূপ–

✠ নেতিবাচক كَانَ -এর খবর (خَبَرٌ) -এর পূর্বে যেমন– "وَمَا كَانَ بِمُنْكَرٍ" (এটি নিকৃষ্ট বা ঘৃণ্য নয়।)

✠ لَيْسَ -এর খবর -এর পূর্বে। যেমন– "لَيْسَ زَيْدٌ بِقَائِمٍ" (যায়েদ দণ্ডায়মান নয়।)

✠ لَيْسَ -এর সদৃশ مَا -এর খবর -এর পূর্বে। যেমন– "وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ" (আর তোমরা যা কর সে সম্পর্কে আল্লাহ অসচেতন নন।)

✠ فِعْل تَعَجُّبْ -এর فَاعِلْ -এর পূর্বে যেমন– اَكْرِمْ بِهِ، اَحْسِنْ بِهِ (সে কতইনা সম্মানিত, সে কতই না সুন্দর।)

✠ عَيْن ও نَفْس দ্বারা তাকীদ ব্যবহার করলে তার পূর্বে। যেমন– "جَاءَ الْوَزِيْرُ بِنَفْسِهِ" (মন্ত্রী স্বয়ং এসেছেন।)

✠ كَفٰى -এর فَاعِلْ -এর পূর্বে। যেমন– "وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا" (আর আল্লাহ তা'আলা সাক্ষী হিসেবে যথেষ্ট।)

✠ كَفٰى -এর مَفْعُوْل -এর পূর্বে যখন তা এক মাফউল -এর দিকে مُتَعَدِّىْ হয়। যেমন– "كَفٰى بِالْمَرْءِ كَذِبًا اَنْ يُحَدِّثَ بِكُلِّ مَا سَمِعَ" (যা শুনে তা-ই বলে বেড়ানো কোনো মিথ্যাবাদী হওয়ার জন্য যথেষ্ট।)

✠ سَمَاعِىْ -এর পূর্বে مُبْتَدَأ তথা শ্রুতি নির্ভরভাবে। যেমন– "بِحَسْبِكَ دِرْهَمٌ" (একটি দিরহাম তোমার জন্য যথেষ্ট।)

✣ আকস্মিকতাবাচক إِذَا -এর পরে قِيَاسِيٌّ তথা নিয়মানুযায়ী। যেমন– "خَرَجْتُ فَإِذَا بِزَيْدٍ فِي الطَّرِيْقِ" (আমি বের হলাম হঠাৎ দেখি যায়েদ রাস্তায় উপস্থিত।)

✣ কখনো عَامِل مَنْفِيٌّ বিশিষ্ট حَالٌ -এর পূর্বে। যেমন– "فَمَا رَجَعَتْ بِخَائِبَةٍ رِكَابٌ" (কোনো বাহনের উট ব্যর্থ হয়ে ফিরে যায়নি।)

✣ مَفْعُوْل -এর পূর্বে যেমন– وَلَا تُلْقُوْا بِأَيْدِيْكُمْ إِلَى التَّهْلُكَةِ (এবং তোমরা নিজেদের কে ধ্বংসের মুখে ঠেলে দিও না।)

✣ خَبَرْ -এর পূর্বে سَمَاعِيٌّ তথা শ্রুতি নির্ভরভাবে। যেমন– حَسْبُكَ بِزَيْدٍ (যায়েদ তোমার জন্য যথেষ্ট।)

মোটকথা, بَا হরফে জারটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। তন্মধ্যে মূল অর্থ হলো إِلْصَاقٌ ; بِاسْمِ اللّٰهِ -এর মধ্যে بَا বর্ণটি পর্যায়ক্রমে مُصَاحَبَةٌ، اِسْتِعَانَةٌ ও اِلْصَاقٌ এ তিন অর্থেই ব্যবহৃত হতে পারে। কাজী বায়যাভী (র.)-এর মতে اِسْتِعَانَةٌ -এর অর্থে, আর আল্লামা যমখশারী (র.)-এর মতে مُصَاحَبَةٌ -এর অর্থে ব্যবহৃত হয়েছে।

بَاءِ -এর مُتَعَلِّقٌ কী? এ সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। তন্মধ্যে সবচেয়ে সঠিক ও সুন্দর মত হলো, যে কাজের শুরুতে بِسْمِ اللّٰهِ বলা হবে উক্ত কাজ সম্পর্কিত فِعْل উহ্য রাখা। যেমন পড়ার শুরুতে اِقْرَأْ بِسْمِ اللّٰهِ, খাবার শুরুতে اٰكُلُ بِسْمِ اللّٰهِ, লেখার শুরুতে اَكْتُبُ بِسْمِ اللّٰهِ ইত্যাদি। আবার ব্যাপক অর্থবোধক শব্দ اَبْتَدِأُ যা সকল কাজের শুরুতে উহ্য রাখা যেতে পারে।

اِسْم : নাম। যা দ্বারা বস্তুর পরিচয় জানা যায়। শব্দটি একবচন, বহুবচনে– اَسْمَاءٌ ও اَسَامِيٌّ ; اِسْم শব্দটির পাঁচটি কেরাত রয়েছে। ১. اِسْمٌ (হামযা যের দিয়ে) ২. اُسْمٌ (হামযা পেশ দিয়ে) ৩. سِمٌ (সীন -এ যের দিয়ে) ৪. سُمٌ (সীন -এ পেশ দিয়ে) ৫. سُمًى (সীন -এ পেশ ও মীম -এ اَلِف مَقْصُوْرَة সহ)

উল্লেখ্য, اِسْم শব্দের ধাতুমূল সম্পর্কে ওলামায়ে কেরামের মাঝে মতবিরোধ রয়েছে। বসরী ওলামায়ে কেরামের মতে শব্দটির ধাতুমূল হলো سِمْوٌ (সীন -এ যের দিয়ে) অথবা سُمُوٌّ (সীন -এ পেশ দিয়ে) ; শেষের وَاوْ বিলুপ্ত করে শুরুতে هَمْزَه وَصْل যুক্ত করা হয়েছে। এভাবে اِسْم হয়েছে। سُمُوٌّ বাবে نَصَرَ -এর মাসদার। যার অর্থ হলো সমুন্নত হওয়া। যেহেতু ইসম فِعْل ও حَرْف -এর তুলনায় সমুন্নত এজন্য তাকে اِسْم বলা হয়।

পক্ষান্তরে কূফাবাসী ওলামায়ে কেরামের মতে এর ধাতুমূল হলো وِسْمٌ ; শুরুর وَاوْ -কে বিলুপ্ত করে তদস্থলে هَمْزَة আনা হয়েছে। এভাবে اِسْم হয়েছে। وَسْمٌ অর্থ– চিহ্ন বা আলামত। যেহেতু اِسْم তার مُسَمّٰى -এর চিহ্নস্বরূপ, তাই তাকে اِسْم বলা হয়।

সমাধান : অধিকাংশ আরবি ভাষাবিদগণ বসরী ওলামায়ে কেরামের মতকে প্রাধান্য দিয়েছেন। কারণ তারা বলেন, শব্দের বহুবচন ও تَصْغِيْر হলো তার মূল যাচাইয়ের কষ্টিপাথরতুল্য। আর এ শব্দের বহুবচন হলো اَسْمَاءٌ এবং تَصْغِيْر হলো سُمَيٌّ এবং তা থেকে فِعْل গঠিত হলে سَمَّيْتُ হয়। এগুলোই প্রমাণ করে যে, اِسْم শব্দের ধাতুমূল (س ـ م ـ و) ; কূফীদের মতানুযায়ী (و ـ س ـ م) নয়। যদি এ রকম হতো তাহলে তার বহুবচন اَوْسَامٌ, তাসগীর وُسَيْمٌ এবং ফে'ল وَسَمْتُ হতো। কিন্তু বাস্তবে এরূপ নয়। সুতরাং প্রমাণিত হলো اِسْم শব্দের মূলবর্ণ سُمُوٌّ যা বসরী ওলামায়ে কেরামের মত। وِسْم নয় যা কূফাবাসী ওলামায়ে কেরামের মত।

اَللّٰهِ : আল্লাহ; আল্লাহ তা'আলার জাতি নাম। মাওলানা আবুল কালাম আজাদ (র.) তাঁর তরজমানুল কুরআনে লিখেছেন, "কুরআন অবতীর্ণ হওয়ার পূর্বে আরবিতে اَللّٰهُ শব্দটি তাঁর জাতি নাম হিসেবেই ব্যবহৃত ছিল। যেমনটি জাহেলিয়াতের কবিদের কথা দ্বারা স্পষ্টত বুঝে আসে। অর্থাৎ আল্লাহর যাবতীয় গুণাবলি তাঁর দিকে সম্পৃক্ত করা হতো। এটি কোনো বিশেষ গুণের জন্য বলা হতো না। কুরআনও একটি জাতি নাম হিসেবেই অবলম্বন করেছে এবং যাবতীয় গুণাবলিকে তাঁর দিকে সম্পৃক্ত করেছে। যেমন বলা হয়েছে– وَلِلّٰهِ الْاَسْمَاءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا– আল্লাহ তা'আলার অনেকগুলো সুন্দর নাম (অর্থাৎ গুণাবলি) রয়েছে, তোমরা তাঁকে ঐ সমস্ত নাম (গুণাবলি) দ্বারা ডাক। –(আ'রাফ, আয়াত : ১৮০)।

اَللّٰهُ শব্দটি এমন এক সত্তার নাম যিনি আকাশ-পাতাল ও এতদুভয়ের মধ্যে যা কিছু রয়েছে সকলেরই সৃষ্টিকর্তা, রিজিক দাতা, মৃত্যুদাতা ও সৃষ্টিজীব যার নিকট স্বীয় আশা-আকাঙ্ক্ষার আবেদন নিবেদন করে থাকে। আর তিনি সকলের মনোবাঞ্ছা পূরণ করে থাকেন। কোনো ভাষায় এর অনুবাদ সম্ভব নয়। اَللّٰهُ শব্দটির তত্ত্বগত আলোচনা নিয়ে আরবি ভাষাবিদদের মধ্যে মতভেদ রয়েছে। আল্লামা মাজদুদ্দীন ফীরূযাবাদী (র.) বলেন, এ শব্দের

ব্যাপারে ত্রিশেরও অধিক মতামত রয়েছে। এখানে ছয়টি অভিমত উল্লেখ করা হলো–

১. প্রথম অভিমত হলো, এটা আরবি শব্দ নয়; বরং এটা সুরয়ানী শব্দ। সুরয়ানী ভাষায় শব্দটি মূলত لَاهًا ছিল। শব্দের শেষে অবস্থিত اَلِفْ টি হযফ করে দেওয়া হয়েছে এবং শুরুতে اَلِفْ لَامْ تَعْرِيْف যুক্ত করা হয়েছে। ফলে এভাবে তা اَللّٰهُ শব্দে রূপান্তরিত হয়েছে। এ মতটি আবূ যায়েদ বলখী (র.) গ্রহণ করেছেন।

২. দ্বিতীয় অভিমত এই যে, শব্দটি আরবি। তবে اِسْم ذَاتْ বা عَلَمْ নয়; বরং এটা আল্লাহ তা'আলার অন্যান্য গুণবাচক নাম তথা اَلْكَرِيْم ও اَلرَّحِيْم -এর মতো صِفَت مُشْتَقَّة অর্থাৎ অন্য শব্দ থেকে নির্গত বিশেষণ। আল্লামা আবূ হায়্যান আন্দালুসী (র.) তাঁর বিখ্যাত তাফসীর গ্রন্থ আল-বাহ্‌রুল মুহীতে [১ খ., পৃ. ১৫] এ অভিমতটি উল্লেখ করেছেন। এ মতের অনুসারীগণ বলেন, নামকরণ এমন বস্তুর করা হয়, যাকে ইশারা দ্বারা নির্দিষ্ট করা সম্ভব। কিন্তু আল্লাহ তা'আলা এ থেকে ঊর্ধ্বে। তাঁকে ইশারা করে দেখানো বা নির্দিষ্ট করা সম্ভব নয়।

৩. তৃতীয় অভিমত এই যে, اَللّٰهُ শব্দটি ইসমে যাত, তবে عَلَمْ তথা নাম নয়। اَرْضٌ ও سَمَاءٌ যেমন ইস্‌ম, তেমনি اَللّٰهُ শব্দটিও ইসম। عَلَمْ বা صِفَت مُشْتَقَّة নয়। এ অভিমতটি পোষণ করার কারণও তাই, যা দ্বিতীয় অভিমতের সপক্ষে উল্লেখ করা হয়েছে। শায়খ ইবনে আরাবী (র.) তাঁর 'ফুতূহাত' নামক গ্রন্থে এ অভিমতটি উল্লেখ করেছেন।

৪. চতুর্থ অভিমত এই যে, اَللّٰهُ শব্দটি ইসম এবং তার সাথে সাথে عَلَمْ -ও। তবে এটা عَلَمٌ بِالْوَضْع তথা গঠনগতভাবে عَلَمْ নয়; বরং এটা عَلَمٌ بِالْغَلَبَة অর্থাৎ ব্যবহারিকভাবে নামবাচক শব্দ।

এক ধরনের নামবাচক শব্দ এরূপ যে, কেউ তা কোনো বস্তু বুঝানোর জন্য নিয়মতান্ত্রিকভাবে গঠন করেন। যেমন মানুষের বা কোনো বস্তুর নাম রাখা হয়। আর এক ধরনের নামবাচক শব্দ আছে, যা কেউ নিয়মতান্ত্রিকভাবে গঠন করেন না। তবে তা কোনো বিশেষ বস্তুর জন্য বহুল ব্যবহারের ফলে তা সেই বস্তুর জন্য নামবাচক বিশেষ্যের রূপ পরিগ্রহ করে। যেমন– اَلنَّجْمُ শব্দটি। এটা সাধারণ নক্ষত্ররাজির জন্য গঠিত। তবে অনেক ক্ষেত্রে ثُرَيَّا তথা সপ্তর্ষীমণ্ডলকে বুঝাতে এ শব্দটি عَلَمٌ بِالْغَلَبَة তথা ব্যবহারিক নামবাচক বিশেষ্য হিসেবে প্রচলিত হয়। এমনিভাবে আল্লাহ তা'আলার পবিত্র সত্তা বুঝানোর জন্য কেউ اَللّٰهُ শব্দটি গঠন করেননি, তবে বহুল ব্যবহারের ফলে শব্দটি আল্লাহ তা'আলার নামবাচক বিশেষ্যে পরিণত হয়েছে। এ অভিমতটি প্রখ্যাত তাফসীরবিদ কাযী বায়যাভী (র.) তাঁর তাফসীর গ্রন্থে উল্লেখ করেছেন।

৫. পঞ্চম অভিমত এই যে, اَللّٰهُ শব্দটি عَلَمٌ بِالْوَضْع অর্থাৎ গঠনগতভাবে বিশেষ্য। এটি কোনো শব্দ থেকে নির্গত নয়। এটি সংখ্যাগরিষ্ঠ ওলামায়ে কেরামের অভিমত। ইমাম আবূ হানীফা, ইমাম শাফেয়ী, ইমাম খলীল ইবনে আহমদ নাহবী, ইমাম যাজ্জাজ ও আল্লামা সুহায়লী (র.) প্রমুখ-এ অভিমত গ্রহণ করেছেন। আল্লামা যাবীদী (র.) তাঁর প্রসিদ্ধ অভিধানগ্রন্থ তাজুল আরূসে [৯ খ., পৃ. ৩৭৪] লিখেন–

وَاَصَحُّهَا اَنَّهُ عَلَمٌ لِلذَّاتِ الْوَاجِبِ الْوُجُوْدِ الْمُسْتَجْمِعِ لِجَمِيْعِ صِفَاتِ الْكَمَالِ غَيْرُ مُشْتَقٍّ

অর্থাৎ "সকল মতামতের মধ্যে বিশুদ্ধতম অভিমত এই যে, اَللّٰهُ শব্দটি সেই মহান ও চিরন্তন সত্তার নাম, যিনি সকল পূর্ণতা গুণের অধিকারী। এ শব্দটি অন্য কোনো শব্দ থেকে নির্গত নয়।"

৬. ষষ্ঠ অভিমত এই যে, اَللّٰهُ শব্দটি عَلَمٌ بِالْوَضْع অর্থাৎ গঠনগতভাবে নামবাচক বিশেষ্য এবং অন্য শব্দ থেকে নির্গত। আল্লামা যামাখশারী ও আল্লামা নাসাফী (র.) সহ কিছু পণ্ডিত এ অভিমত গ্রহণ করেছেন।

মোটকথা, কেউ বলেন, এটি আরবি শব্দ, আবার কারও মতে, শব্দটি সুরয়ানী। আরবি যারা বলেন, তাদের মধ্যে আবার দ্বিমত রয়েছে। কারো মতে, শব্দটি جَامِدٌ অর্থাৎ, এ শব্দটি অন্য কোনো শব্দ থেকে নির্গত হয়নি এবং এ থেকেও অন্য কোনো শব্দ নিষ্পন্ন হয়নি। আবার কেউ কেউ এর বিপরীতে বলেন, শব্দটি مُشْتَقٌّ অর্থাৎ, এটি অন্য শব্দ থেকে নির্গত হয়েছে। যারা শব্দটিকে مُشْتَقٌّ বলেন, তাদের মধ্যে আবার শব্দটির উৎসমূল নিয়ে অনেক মতভেদ রয়েছে। তাদের মতামত গুলো এরূপ :

১. اَلَهَ (ف) اُلُوْهَةً، اِلَاهَةً، اُلُوْهِيَّةً ইবাদত করা। এ থেকে اِلٰه মানে مَأْلُوْه অর্থাৎ মা'বূদ, উপাস্য।

২. اَلِهَ (س) اَلَهًا হতবুদ্ধি হওয়া। এ থেকে اِلٰه শব্দটি নিষ্পন্ন বলে ধরা হলে তখন এর অর্থ হবে, আল্লাহ এমন এক সত্তা, যার স্বরূপ উপলব্ধি করতে গিয়ে সকল সৃষ্টিকুল হতবুদ্ধি হয়ে পড়ে।

৩. اَلِهْتُ (س) اَلَهًا اِلٰى فُلَانٍ কারো নিকট শান্তি ও স্থিরতা লাভ করা। বলা হয় : اَلِهْتُ اِلٰى فُلَانٍ আমি

অমুকের নিকট গিয়ে শান্তি ও স্থিরতা লাভ করেছি। এ অর্থে মহান রাব্বুল আলামীনকে 'আল্লাহ' বলা হয় এ কারণে যে, মানুষের অন্তর আল্লাহর জিকিরের মাধ্যমে শান্তি ও স্থিরতা লাভ করে।

৪. أَلِهَ (إِفْعَال) أَلِهَ (س) أَلَهًا ভীত সন্ত্রস্ত হওয়া। إِيلَاهًا ভয়-ভীতি দূরীভূত করে দিয়ে আশ্রয় দেওয়া। এ অর্থে اَللّٰهُ মানে আশ্রয়স্থল। মহান আল্লাহ যেহেতু বিপদ-মসিবতগ্রস্ত ব্যক্তিকে আশ্রয় দেন এবং তার ভয়-ভীতি দূরীভূত করেন তাই তাকে 'আল্লাহ' বলা হয়।

৫. ه – أَلَهَ (ف) أَلْهًا আশ্রয় ও নিরাপত্তা দেওয়া। এ অর্থে إِلٰهٌ মানে آلِهٌ অর্থাৎ, আশ্রয় ও নিরাপত্তাদাতা। আল্লাহ তা'আলা যেহেতু সমস্ত সৃষ্টিকুলের আশ্রয় ও নিরাপত্তা দিয়ে থাকেন তাই তাঁকে 'আল্লাহ' বলা হয়।

৬. أَلَهَ (ف) أَلْهًا -الفَصِيْل উটনীর বাচ্চা মায়ের প্রতি ধাবিত ও সম্পৃক্ত হওয়া। বান্দা যেহেতু বিপদ-মসিবতের সময় কেঁদে-কেটে আল্লাহ তা'আলার প্রতি ধাবিত হয় এবং তাঁর জিকিরে ব্যাপৃত হয় তাই এ অর্থে বারী তা'আলাকে 'আল্লাহ' বলা হয়।

৭. وَلِهَ يَلِهُ وَيَوْلِهُ (ض، س، ح) وَلْهًا হতবুদ্ধি হওয়া। এ অর্থেও إِلٰه মানে তা-ই, যা দ্বিতীয় অভিমতে উল্লেখ করা হয়েছে। উভয় অভিমতের মধ্যে পার্থক্য কেবল এতটুকু যে, দ্বিতীয় অভিমত অনুযায়ী শব্দমূলের মধ্যে প্রথম حَرْف أَصْلِى ছিল هَمْزَه ; আর এখানে প্রথম حَرْف أَصْلِى হলো وَاوْ

৮. لَاهَ (ض) لَيْهًا، لَاهًا অদৃশ্য হওয়া, বুলন্দ হওয়া। আল্লাহ তা'আলার সত্তা যেহেতু সৃষ্টিকুলের সীমিত দৃষ্টি ক্ষমতার কারণে তাদের কাছে অদৃশ্য এবং অনুপম ও সমুচ্চ, তাই তাকে 'আল্লাহ' বলা হয়।

এ অভিমত থেকে বুঝা যায় যে, মূল শব্দটি ছিল لَاهٌ ; এর উপর اَلِفْ لَامْ যুক্ত করায় اَللّٰهُ শব্দটি গঠিত হয়েছে। প্রসিদ্ধ অভিধানগ্রন্থ 'মুখতারুস সিহাহ' প্রণেতা আল্লামা জায়নুদ্দীন আর-রাজী (র.) বলেন–

(لَاهَ) : تَسَتَّرَ ، وَبَابُهُ بَاعَ ، وَجَوَّزَ سِيْبَوَيْه أَنْ يَكُوْنَ لَاهَ أَصْلَ اِسْمِ اللّٰهِ تَعَالٰى ، قَالَ الشَّاعِرُ :

كَحَلْفَةٍ مِنْ أَبِىْ رِبَاحٍ * يَسْمَعُهَا لَاهُهُ الْكِبَارُ

أَىْ إِلَاهُهُ ، أُدْخِلَتْ عَلَيْهِ الْأَلِفُ وَاللَّامُ، فَجَرٰى مَجْرَى الْإِسْمِ الْعَلَمِ كَالْعَبَّاسِ وَالْحَسَنِ (مُخْتَارُ الصِّحَاحِ : ٣٢٩)

অর্থাৎ, لَاهَ মানে অদৃশ্য হলো, গোপন হলো। এর বাব بَاعَ يَبِيْعُ ; ইমাম সীবাওয়াইহি এ অভিমত সমর্থন করেছেন যে, لَاهَ শব্দটি اَللّٰهُ শব্দের মূল উৎস। যেমন কবি বলেন, ... كَحَلْفَةٍ مِنْ أَبِى "আবূ রাবাহ কর্তৃক কৃত হলফের মতো ...., যা তার মহামহিম অদৃশ্য সত্তা [আল্লাহ] শোনেন।"

এখানে কবির উক্তিতে لَاهُهُ মানে إِلَاهُهُ অর্থাৎ তার ইলাহ। এর শুরুতে اَلِفْ لَامْ যুক্ত করা হয়েছে। অতঃপর শব্দটি আল্লাহ তা'আলার নামবাচক বিশেষ্য হিসেবে প্রচলিত হয়। যেমন– আল-আব্বাস ও আল-হাসান। এছাড়া পূর্বে উল্লিখিত অভিমতগুলো থেকে এটা পরিলক্ষিত হয়েছে যে, اَللّٰهُ শব্দটি মূলত إِلَاهٌ ছিল। তার শুরু থেকে اَلِفْ টি ফেলে দিয়ে اَلِفْ لَامْ যুক্ত করা হয়েছে। এ اَلِفْ لَامْ নিয়েও দু'টি অভিমত রয়েছে :

১. প্রথম অভিমত এই যে, إِلَاهٌ শব্দের শুরুতে অবস্থিত যে হামযাটি ফেলে দেওয়া হয়েছে তার পরিবর্তে اَلِفْ لَامْ যুক্ত করা হয়েছে। তাই اَللّٰهُ শব্দের মধ্যে الف لام -এর হামযাটি وَصْلِىْ নয়; বরং قَطْعِىْ । এজন্য يَا اَللّٰهُ বাক্যে হামযা হরফটি মধ্যবর্তী স্থানে অবস্থিত হওয়া সত্ত্বেও যথাযথ উচ্চারিত হয়। هَمْزَة وَصْلِىْ -এর মতো অনুচ্চারিত থাকে না। এটা ইমাম আবূ আলী নাহবীর অভিমত।

২. দ্বিতীয় অভিমত এই যে, اَللّٰهُ শব্দের اَلِفْ لَامْ টি إِلَاهٌ -এর হামযার পরিবর্তে যুক্ত করা হয়নি; বরং তা মা'রেফার اَلِفْ لَامْ ; আর এটা জানা কথা যে, মা'রেফার اَلِفْ لَامْ -এর হামযা وَصْلِىْ হয়ে থাকে, قَطْعِىْ নয়। সুতরাং اَللّٰهُ শব্দের হামযাও وَصْلِىْ , যা বাক্যের মাঝখানে উচ্চারিত হয় না। যেমন– بِسْمِ اللّٰهِ - اَلْحَمْدُ لِلّٰهِ ইত্যাদি বাক্যের মধ্যে হামযাটি উচ্চারিত হয় না। তবে يَا اَللّٰهُ বাক্যের মধ্যে হামযাটি মধ্যবর্তী অবস্থানে হওয়া সত্ত্বেও উচ্চারিত হওয়া আল্লাহ শব্দের অন্যতম বৈশিষ্ট্য। এটা قَطْعِىْ হওয়ার বিবেচনায় নয়।

তবে ইমাম খলীল, সীবাওয়াইহ্ ও অধিকাংশ নাহুবিদদের মতে, اَللّٰهُ শব্দটি অন্য কোনো শব্দ থেকে নির্গত হয়নি। আল্লাহ তা'আলার পবিত্র সত্তা যেমন যাবতীয় পরিবর্তন থেকে মুক্ত, তেমনি তাঁর নামও সকল পরিবর্তন-বিবর্তন থেকে মুক্ত। তাছাড়া اَللّٰهُ শব্দটিকে অন্য শব্দ থেকে নির্গত বলে ধরা হলে তার একটি مَعْنٰى كُلِّىْ গ্রহণ করতে হয়, যার ফলে لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ كَلِمَةُ التَّوْحِيْدِ কালিমাটি থাকে না, অথচ এটি كَلِمَةُ التَّوْحِيْدِ হিসেবে সর্বজন স্বীকৃত ও সর্বসম্মত অভিমত।

اَللّٰهُ শব্দটি عَلَمٌ বা নামবাচক বিশেষ্য হওয়া সম্পর্কে ছয়টি এবং مُشْتَقٌّ মেনে নেওয়ার ক্ষেত্রে مُشْتَقٌّ مِنْهُ নির্ণয় করা সম্পর্কে আটটি অভিমত উল্লখ করা হয়েছে। এছাড়া শব্দটির শুরুতে অবস্থিত اَلِفْ لَامْ সম্পর্কেও দুটি অভিমত বর্ণিত হয়েছে। এটি اَللّٰهُ শব্দ সম্পর্কে ওলামায়ে কেরাম যে বিশদ আলোচনা করেছেন তার সার-সংক্ষেপ। লাহোরের জামিয়া আশরাফিয়ার সাবেক মুহাদ্দিস মাওলানা মূসা রূহানীবাযী (র.) اَللّٰهُ শব্দের তাত্ত্বিক আলোচনা নিয়ে প্রায় ছয়শত পৃষ্ঠা সমৃদ্ধ কলেবরে একটি গ্রন্থ রচনা করেছেন। গ্রন্থটির নাম

فَتْحُ اللّٰهِ بِخَصَائِصِ الْإِسْمِ : اَللّٰهِ

উক্ত গ্রন্থে তিনি اَللّٰهُ শব্দের প্রায় সাড়ে সাত শত বৈশিষ্ট্য উল্লেখ করেছেন। তা থেকে এখানে কয়েকটি উল্লেখ করা হলো :

১. اَللّٰهُ শব্দটি مَنْسُوْبٌ اِلَيْهِ হয়, কিন্তু সেটি কারো প্রতি مَنْسُوْبٌ নয়।
২. এ নামে কোনো সৃষ্টবস্তুর নামকরণ করা হয়নি।
৩. হরফে নিদা يَا-এর পরিবর্তে শব্দটির শেষে তাশদীদযুক্ত মীম সংযুক্ত করা বৈধ।
৪. يَا اَللّٰهُ বাক্যে هَمْزَه وَصْلِيْ বাক্যের মধ্যবর্তী স্থলে অবস্থিত হওয়া সত্ত্বেও তা উচ্চারিত হয়।
৫. দুটি মা'রেফার হরফ اَللّٰهُ শব্দের মধ্যে একত্র হয়। যেমন- يَا اَللّٰهُ এখানে يَا হরফে নিদা ও اَلِفْ لَامْ একত্রে হয়েছে।
৬. اَللّٰهُ শব্দটিতে কখনো হরফে জর হযফ করার পরও তার আমল বহাল থাকে। যেমন- اَللّٰهِ لَأَفْعَلَنَّ كَذَا বলা হয়। মূলত এখানে وَاللّٰهِ ছিল। وَاوْ قَسَمِيَّه হরফে জরকে দূর করার পর ও তার আমল বাকি রাখা হয়েছে।

اَلرَّحْمٰنِ الرَّحِيْمِ : পরম দয়ালু। অত্যধিক দানশীল। এ শব্দটির অর্থ আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য প্রযোজ্য হয় না। কারণ তাঁর দয়া ও অনুগ্রহ সকলের উপর ব্যাপ্ত, তাই আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য এর ব্যবহার হয় না। আরবি ভাষাবিদদের এ ব্যাপারে মতভেদ রয়েছে যে, শব্দটি আরবি না অনারবি। মুবাররাদ ও ছা'লাবের মত হলো শব্দটি ইবরানি। তবে জমহুরের মত হলো এটি আরবি শব্দ এবং رَحْمَةٌ থেকে مُشْتَقٌّ হয়েছে। এটি মুবালাগার সীগাহ।

رَحْمٰن-কে رَحِيْم-এর পূর্বে বর্ণনার কারণ : ১. আল্লামা ইবনে খালবিয়া (র.) বলেন, যে رَحْمٰن-কে رَحِيْم-এর আগে বর্ণনা করার কারণ হলো, رَحْمٰن হলো আল্লাহ তা'আলার اِسْمٌ مُشْتَرَكٌ আর رَحِيْم হলো ইসমে খাস। তাই رَجُلٌ رَحِيْمٌ বলা হবে; কিন্তু رَجُلٌ رَحْمٰنٌ বলা হবে না। সুতরাং عَامٌّ কে- خَاصّ -এর উপর প্রাধান্য দেওয়া হয়েছে। ২. অপর একদলের মত হলো رَحْمٰن-এর মাঝে প্রশংসা অধিক আর رَحِيْم-এর মাঝে কোমলতা অধিক। তাই প্রশংসার ক্ষেত্রে رَحْمٰن কে رَحِيْم-এর পূর্বে বর্ণনা করা হয়েছে। ৩. رَحْمٰن-এর মাঝে رَحِيْم-এর তুলনায় বর্ণসংখ্যা অধিক। আর যার মাঝে বর্ণ অধিক তার মাঝে অর্থও অধিক। তাই رَحْمٰن-কে رَحِيْم-এর পূর্বে বর্ণনা করা হয়েছে। ৪. رَحْمٰن শব্দ এমন সত্তার জন্য প্রয়োগ হয় যিনি ইহকাল পরকাল উভয় জগতে অনুগ্রহ করেন, কিন্তু رَحِيْم এমন সত্তাকে বলা হয় যিনি শুধুমাত্র ইহকালে অনুগ্রহ করেন। এ কারণেই يَا رَحْمٰنَ الدُّنْيَا وَالْاٰخِرَةِ এবং يَا رَحِيْمَ الدُّنْيَا বলা হয়। তাই رَحْمٰن-কে رَحِيْم-এর পূর্বে বর্ণনা করা হয়েছে। ৫. رَحْمٰن শব্দটি اَللّٰهُ শব্দের ন্যায় আল্লাহ তা'আলার নাম। যেমন কুরআনে রয়েছে- قُلِ ادْعُوا اللّٰهَ اَوِ ادْعُوا الرَّحْمٰنَ এ আয়াতে দুটি নাম উল্লেখ করা হয়েছে। তাই رَحْمٰن-কে رَحِيْم-এর পূর্বে বর্ণনা করা হয়েছে। ৬. কারো কারো মতে رَحْمٰن-এর মধ্যে বড় বড় অনুগ্রহের অর্থ বিদ্যমান এবং رَحِيْم-এর মধ্যে ছোট ছোট অনুগ্রহের অর্থ বিদ্যমান। তাই رَحْمٰن কে رَحِيْم-এর পূর্বে বর্ণনা করা হয়েছে।

আয়াত : ২

اَلْحَمْدُ : সকল প্রশংসা। এর ال টি اِسْتِغْرَاقْ-এর জন্য। মূলবর্ণ (ح - م - د) বাব سَمِعَ-এর মাসদার। অর্থ- প্রশংসা করা। পরিভাষায় حَمْد বলা হয়- هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِيْ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক অথবা না হোক। এটি مَدْح থেকে খাস এবং شُكْر থেকে عَامٌّ ; কেননা مَدْح ঐ সমস্ত কাজের জন্যও হয়ে থাকে যা মানুষ থেকে তার ইচ্ছায় হয়ে থাকে এবং ঐ সমস্ত কাজের জন্যও হয়ে থাকে যা আল্লাহ কর্তৃক বান্দার অনিচ্ছায়ই হয়ে থাকে। যেমন- মানুষের দেহ, গঠন ও সৌন্দর্য। আবার সম্পদ দান করা, জ্ঞান অর্জন করা ইত্যাদির উপরও হয়ে থাকে। আর حَمْد শুধুমাত্র ঐ সমস্ত কাজের উপরই হয়ে থাকে যা বান্দার অনিচ্ছায়ই

একমাত্র আল্লাহর ইচ্ছায় হয়ে থাকে। আর شُكْر বলা যা নিয়ামতের বিনিময়ে হয়। সুতরাং সকল شُكْر -ই حَمْد; কিন্তু সকল حَمْد শোকর নয় এবং যে কোনো হাম্‌দ مَدْح কিন্তু যে কোনো مَدْح হাম্‌দ নয়। বস্তুত দুনিয়াতে যে কোনো স্থানে যে কোনো বস্তুর প্রশংসা করা হয়, বাস্তবে তা আল্লাহরই প্রশংসা। কারণ একটু গভীরভাবে চিন্তা করলেই বুঝা যায় যে, সকল বস্তুর অন্তরালেই এক অদৃশ্য সত্তার নিপুণ হাত সদা সক্রিয়। যখনই পৃথিবীর কোথাও কোনো বস্তুর প্রশংসা করা হয়, তখন প্রকৃতপক্ষে তা উক্ত বস্তুর সৃষ্টিকর্তার প্রতিই বর্তায়। যেমন কোনো চিত্র, কোনো ছবি বা নির্মিত বস্তুর প্রশংসা করা হলে প্রকৃতপক্ষে সেই প্রশংসা প্রস্তুতকারকেরই করা হয়।

اَلْحَمْدُ لِلّٰهِ যদিও প্রশংসার জন্য ব্যবহৃত হয়েছে, কিন্তু এর মধ্যে অতি সূক্ষ্মতার সাথে বর্ণনা করা হয়েছে যে, সকল সৃষ্টবস্তুর উপাসনাই নিষিদ্ধ করা হলো। তাছাড়া এর দ্বারা অত্যন্ত আকর্ষণীয় পদ্ধতিতে একত্ববাদের শিক্ষাও দেওয়া হয়েছে।

لِلّٰهِ : **আল্লাহ তা'আলার জন্য**। ل হরফে জার। اَللّٰهُ মাজরূর। আল্লাহ শব্দের অর্থ- সত্য মাবুদ। এটি আল্লাহ তা'আলার জাতি নাম। অন্য কারো জন্য এ নাম ব্যবহার করা বৈধ নয়। মাওলানা আবুল কালাম আজাদ (র.) তাঁর বিখ্যাত "তরজমানুল কুরআনে" লিখেছেন "কুরআন অবতীর্ণ হওয়ার পূর্ব থেকেই আরবে اَللّٰهُ শব্দটি আল্লাহর জন্য জাতি নাম হিসেবে ব্যবহৃত ছিল। যেমনটি জাহেলী যুগের কবিদের কবিতায় বিদ্যমান। অর্থাৎ আল্লাহর যাবতীয় গুণাবলি তাঁর দিকে সম্পৃক্ত করা হতো। এটা বিশেষ কোনো গুণের জন্য বলা হতো না। পবিত্র কুরআনও সেই শব্দটিকে আল্লাহর জাতি নাম হিসেবে ব্যবহার করেছে এবং যাবতীয় গুণাবলি তাঁর দিকে সম্পৃক্ত করেছে। وَلِلّٰهِ الْاَسْمَاۤءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا "আল্লাহ তা'আলার সুন্দর সুন্দর নামসমূহ (গুণাবলি) রয়েছে তোমরা তাঁকে সে নামে ডাক।"

মানবজাতির ধর্মীয় চিন্তাধারার সর্বপ্রাচীন যুগ হলো প্রকৃতি পূজার যুগ। সেই পূজাই কালক্রমে মূর্তিপূজার আকৃতি ধারণ করে। যার ফলশ্রুতিতে বিভিন্ন ভাষায় মূর্তিদের জন্য বিভিন্ন শব্দ গঠিত হয়ে যায়, এবং যতই মূর্তিপূজার ধরন ব্যাপ্তি লাভ করতে থাকে শব্দের ব্যাপকতাও বৃদ্ধি পেতে থাকে। তবে মানুষ যতই মূর্তিপূজায় লিপ্ত ছিল; কিন্তু এমন একটি সত্তা সর্বদাই তাদের চিন্তায় ছিল যিনি সকলের চেয়ে বড় এবং সকলের সৃষ্টিকর্তা। সে কারণেই দেব-দেবীদের পূজার সাথে সাথে সর্ববৃহৎ ও সকলের উপর কর্তৃত্বাধিকারী একটি সত্তার কথা সর্বদাই তাদের কল্পনায় থাকত। এ কারণেই যেখানেই অসংখ্য শব্দাবলি দেব-দেবী ও তাদের উপাস্যসুলভ গুণের জন্য গঠিত হয়েছে সেখানে কোনো না কোনো শব্দ এমনও ব্যবহৃত হয়েছে যার দ্বারা ঐ অদৃশ্য ও সর্ববৃহৎ সত্তার প্রতি ইঙ্গিত করা হতো।

তাইতো সামী বা স্যামিটিক ভাষা অধ্যয়ন করলে জানা যায় বর্ণ ও ধ্বনির এক বিশেষ গঠনপ্রণালি যা উপাস্যের জন্য ব্যবহৃত হতো এবং ইবরানী, সুরিয়ানী, হিময়ারী ও আরবি ইত্যাদি ভাষায় তার শাব্দিক বৈশিষ্ট্য বিদ্যমান ছিল। اَللّٰهُ শব্দটি(ا - ل - ه) এই শব্দমূল দ্বারা গঠিত। যা বিভিন্ন আকৃতিতে উদ্‌গত হয়েছে। সুরিয়ানীর اِلٰهِيَا , ইবরানীর اَلُوْهُ এবং আরবির اِلٰه এ থেকেই গঠিত এবং এটিই বিশুদ্ধ মত যে, এর শুরুতে মারেফার আলিফ বৃদ্ধি করার পর اَللّٰهُ শব্দ গঠিত হয়েছে এবং মারেফার আলিফ লাম তাকে বিশ্বস্রষ্টার জন্য নির্দিষ্ট করে দিয়েছে।

এখন প্রশ্ন হতে পারে যে, اَللّٰهُ শব্দটি যদি اِلٰه থেকে গঠিত হয় তাহলে اِلٰه অর্থ কী? ভাষাবিদগণের এ ব্যাপারে অনেক মতামত রয়েছে। তবে সবচেয়ে বিশুদ্ধ মত হলো, এটি মূলত اِلٰه ছিল। যার অর্থ হতভম্ব ও বিস্মিত করা। আবার কেউ বলেছেন- وَلَهٌ থেকে গঠিত হয়েছে যার অর্থ এই একই। বিশ্বজগতের সৃষ্টিকর্তার জন্য এ নামটি এজন্যই নির্ধারিত হয়েছে যে; সে সম্পর্কে মানুষ যা কিছু জানে বা জানতে পারে তা জ্ঞানের হতভম্বতা ও বুদ্ধির অক্ষমতা বৈ কিছুই নয়। সে যতই এ মহান সত্তার জাত সম্পর্কে চিন্তা-গবেষণা করবে তার জ্ঞান-বুদ্ধির হতভম্বতা ও অক্ষমতা ততই বৃদ্ধি পেতে থাকবে। এমন কি সে বুঝতে পারবে যে, এ বিষয়ের সূচনাও হতভম্বতা দ্বারা হয়ে থাকে এবং সমাপ্তিও অক্ষমতা ও বিস্ময় দ্বারা হয়ে থাকে।

এবার ভেবে দেখুন! আল্লাহর জাত ও সত্তার জন্য মানুষের ভাষা থেকে নির্গত শব্দাবলির মধ্য হতে এর চেয়ে অধিক সামঞ্জস্যপূর্ণ ও অর্থবহ শব্দ আর কী হতে পারে? আল্লাহকে যদি তার গুণাবলি দ্বারা ডাকতে হয় তাহলে নিঃসন্দেহে তার গুণাবলি অনেক রয়েছে। কিন্তু যদি তার জাত ও সত্তার দিকে ইঙ্গিত করতে হয় তাহলে এতদ্ভিন্ন আর কী হতে পারে যে,

তিনি এমন হতভম্বকারী সত্তা এবং তাঁর সম্পর্কে যা কিছু বলা হবে তা অক্ষমতা ও হতভম্বতা বৈ কিছুই নয়। (তরজমানুল কুরআন, লুগাতুল কুরআন, মাওলানা আব্দুর রশীদ নোমানী)

رَبِّ : **প্রতিপালক; লালন-পালনকারী**। শব্দটি একবচন, বহুবচনে أَرْبَابٌ আবার رَبٌّ বাব نَصَرَ -এর মাসদার। প্রতিপালন করা। অতঃপর মুবালাগার জন্য عَدْلٌ -এর ন্যায় وَصْفٌ স্বরূপ ব্যবহার হতে থাকে। আবার কারো কারো মতে بِرٌّ -এর ন্যায় সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন যে, رَبٌّ হলো মাসদার, যা إِسْمُ فَاعِلٍ -এর অর্থে রূপকার্থে ব্যবহৃত হয়। تَرْبِيَةٌ তথা লালন-পালনের সংজ্ঞায় ইমাম রাগেব (র.) বলেন– هُوَ اِنْشَاءُ الشَّئِ حَالاً فَحَالاً اِلٰى حَدِّ التَّمَامِ অর্থাৎ, কোনো বস্তুকে তার সমস্ত মঙ্গলামঙ্গলের প্রতি লক্ষ্য রেখে ধীরে ধীরে বা পর্যায়ক্রমে সামনে এগিয়ে নিয়ে উন্নতির চরম শিখরে পৌছানো। তিনি আরো বলেন, رَبٌّ শব্দটি সাধারণভাবে আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য ব্যবহার করা বৈধ নয়। যেমন আল্লাহর বাণী– وَلَا يَأْمُرَكُمْ أَنْ تَتَّخِذُوا الْمَلَائِكَةَ وَالنَّبِيِّينَ أَرْبَابًا আর ইযাফতসহ আল্লাহ এবং গায়রুল্লাহ উভয়ের জন্যই ব্যবহার হতে পারে। যেমন– رَبِّ الْعَالَمِينَ، رَبكم و رب آبائكم الاولين এবং اُذْكُرْنِىْ عِنْدَ رَبِّكَ، فَاَنْسَاهُ الشَّيْطَانُ ذِكْرَ رَبِّهٖ ، اِرْجِعْ اِلٰى رَبِّكَ ইত্যাদি।

اَلْعٰلَمِيْنَ : **জগৎসমূহ**। এটি عَالَمٌ -এর বহুবচন, নসব ও জর অবস্থায়। আল্লাহর সত্তা ব্যতীত সকল সৃষ্টবস্তুকে عَالَمٌ বলা হয়। আল্লামা আবুল বারাকাত তাফসীরে মাদারিকুত্তানযীলে এবং ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন যে, মানব দেহ, পদার্থ এবং আসমান ও তার নিচে যত পদার্থ ও বস্তুসামগ্রী রয়েছে যা দ্বারা সৃষ্টিকর্তাকে জানা যায় সে সবগুলোকেই عَالَمٌ বলা হয়। মূলত এটি ঐ বস্তুর নাম যা দ্বারা ইলম হাসিল করা হয়। এ কারণেই আল্লাহ তা'আলা তাঁর একত্ববাদকে জানার জন্য আমাদেরকে عَالَمٌ -এরই উদ্ধৃতি দিয়ে বলেছেন– اَوَلَمْ يَنْظُرُوْا فِىْ مَلَكُوْتِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا خَلَقَ اللّٰهُ مِنْ شَىْءٍ ; عَالَمٌ কে বহুবচন আনার কারণ ও এই যে, সৃষ্টির প্রতিটি শ্রেণিই পৃথক পৃথক একটি জগৎ। যেমন বলা হয় عَالَمِ اِنْسَانٍ، عَالَمُ الْمَلَائِكَةِ، عَالَمُ اَرْوَاحٍ ইত্যাদি। ইমাম জাফর সাদিক (র.) বলেন, عَالَمِيْنَ দ্বারা উদ্দেশ্য হলো শুধুমাত্র মানবজাতি এবং প্রতিটি মানুষকে এক একটি عَالَمٌ বলা হয়েছে। তিনি আরো বলেন, عَالَمٌ দু প্রকার– ১. عَالَمِ كَبِيْر মহাজগৎ তথা আসমান ও তার নিচে যা কিছু আছে তার নাম। ২. عَالَمِ صَغِيْر ক্ষুদ্র জগৎ তথা মানুষ। কেননা তাকেও একটি বিশ্বের আকৃতিতে বানানো হয়েছে। আল্লাহ তা'আলা সমগ্র বিশ্ব চরাচরে যা কিছু রেখেছেন তার সমষ্টি তিনি রেখেছেন মানবদেহের মধ্যে। আল্লামা যামাখশারী (র.) বলেন– اَلْعَالَمُ اِسْمٌ لِذَوِى الْعِلْمِ مِنَ الْمَلٰئِكَةِ وَالثَّقَلَيْنِ ; عَالَمٌ দ্বারা উদ্দেশ্য হলো জ্ঞানী ও শিক্ষিত লোকজন। অর্থাৎ ফেরেশতা, জিন ও মানবজাতির মধ্যে যাদের ইল্‌ম আছে তাদেরকে عَالَمٌ বলা হয়।

আয়াত : ২

اَلرَّحِيْمِ : **অত্যন্ত দয়ালু**। فَعِيْلٌ -এর ওযনে মুবালাগার সীগাহ, যা رَحْمَةٌ থেকে নির্গত হয়েছে, বহুবচনে رُحَمَاءُ এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি, যা গায়রুল্লাহর জন্যও ব্যবহৃত হয়। রাসূল ﷺ-কে পবিত্র কুরআনে رَؤُوْفٌ رَحِيْمٌ বলা হয়েছে। ইবনুল মুবারক (র.) বলেন, رَحْمٰن হলো এমন সত্তা, যার কাছে প্রার্থনা করা হলে তিনি দান করেন, আর رَحِيْم হলো এমন সত্তা যার প্রার্থনা করা না হলে তিনি রাগান্বিত হন।

আয়াত : ৩

مَالِكِ : **মালিক; স্বামী; বিচারক**। একবচন, বহুবচনে مُلَّاكٌ ও مُلُوْكٌ ; যে সমস্ত বিশ্বের হাকিম, যার ক্ষমতা পরিব্যাপ্ত, যার কাছে সকল ক্ষমতা। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার مَلْكًا، مِلْكًا ، مُلْكًا، مَلَكَةً و مَمْلَكَةً অর্থ– মালিক হওয়া, স্বত্বাধিকারী হওয়া।

يَوْمِ الدِّيْنِ : **কর্মফল দিবস; প্রতিদান দিবস**। অর্থাৎ কিয়ামতের দিন। يَوْم দিন; দিবস। ইসমে যরফ; মুযাফ, সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়কে يَوْم বলা হয়। বহুবচনে اَيَّامٌ ; اَيَّامُ اللّٰهِ আল্লাহর অনুগ্রহরাজি; নিয়ামতরাজি। مِنْ اَوَّلِ يَوْمٍ সর্বপ্রথম দিন। (আখফাশ) سَمِعَ ও حَسِبَ বাবে يَوْم কঠিন দিন। আবার يَوْمٌ اَيْوَمُ -এর মাসদার। مُيَاوَمَةٌ দৈনন্দিন; দৈনিক।

اَلدِّيْنِ : **প্রতিদান ; আনুগত্য; শরিয়ত**। বদলা দেওয়া; আনুগত্য করা এবং শরিয়তের বিধিবিধান অনুযায়ী চলা। এটি دَانَ - يَدِيْنُ -এর মাসদার। বহুবচনে - اَدْيَانٌ

আয়াত : ৪

اِيَّاكَ نَعْبُدُ : **আমরা শুধু তোমারই ইবাদত করি**। اِيَّاكَ যমীরে মানসূবে মুনফাসিল। তারকীবে اِيَّاكَ অগ্রবর্তী মাফঊলে বিহী হয়েছে। আর فِعْل -এর পূর্বে আসার কারণে حَصْر বা সীমাবদ্ধ ও নির্দিষ্টকরণের অর্থ দিয়েছে। نَعْبُدُ সীগাহ جَمْع مُتَكَلِّمْ বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ- আনুগত্য করা। চূড়ান্ত পর্যায়ের বিনয়, নম্রতা ও আনুগত্য প্রকাশ করাকে عبادة বলা হয়।

وَاِيَّاكَ نَسْتَعِيْنُ : **এবং শুধু তোমারই সাহায্য প্রার্থনা করি**। وَاو হরফে আতফ। اِيَّاكَ যমীরে মানসূবে-মুনফাসিল। তারকীবে اِيَّاكَ অগ্রবর্তী মাফঊলেবিহী হয়েছে। نَسْتَعِيْنُ সীগাহ جَمْع مُتَكَلِّمْ বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ ن) মাসদার اَلْاِسْتِعَانَةُ অর্থ- সাহায্য প্রার্থনা করা।

আয়াত : ৫

اِهْدِنَا : **আমাদেরকে পথ প্রদর্শন কর**। সীগাহ وَاحِدْ مُذَكَّرْ حَاضِرْ বহছ اَمْر حَاضِرْ مَعْرُوْف ; نا যমীরে جمع مُتَكَلِّمْ মাফঊল। বাব ضرب মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- পথপ্রদর্শন করা; রাস্তা দেখিয়ে দেওয়া।

اَلصِّرَاطَ : **পথ; রাস্তা**। বহুবচনে سُرُطٌ ও صُرُطٌ আসে। সোজা ও সরল পথকে صِرَاطْ বলা হয়। উল্লেখ্য صِرَاطْ মূলত سِرَاطْ ছিল। س -কে- ص দ্বারা পরিবর্তন করা হয়েছে। এটি উদ্‌গত হয়েছে سَرَطْتَ الطَّعَامِ থেকে, অর্থাৎ খাবার গলাধঃকরণ করা; গিলে ফেলা। পথচারী যেন পথকে গিলে ফেলে অথবা পথ পথচারীকে গিলে ফেলে। আরবিতে একটি প্রবাদ রয়েছে- قَتَلَ اَرْضًا عَالِمُهَا و قَتَلَتْ اَرْضٌ جَاهِلَهَا যে পথ চিনে সে পথকে হত্যা (নিঃশেষ) করে ফেলে। আর যে চিনে না পথ তাকে হত্যা করে ফেলে।

اَلْمُسْتَقِيْمَ : **সরল; সোজা**। সীগাহ وَاحِدْ مُذَكَّرْ বহছ اِسْم فَاعِلْ বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনসে اَجْوَف وَاوِىْ মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ- অটল অবিচল থাকা; সঠিক রাস্তা অবলম্বন করা।

আয়াত : ৬

اَنْعَمْتَ عَلَيْهِمْ : **তুমি তাদের উপর অনুগ্রহ করেছ**। اَنْعَمْتَ সীগাহ وَاحِدْ مُذَكَّرْ حَاضِرْ বহছ مَاضِىْ مَعْرُوْف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার الانعام অর্থাৎ অনুগ্রহ করা। এখানে উদ্দেশ্য হলো ঐ সমস্ত লোক যাদের উপর আল্লাহ তা'আলা বিশেষ অনুগ্রহ করেছেন। তারা হলেন- مِنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِيْنَ ১. নবীগণ। ২. সিদ্দীকগণ। ৩. শহীদগণ। ৪. নেককার ব্যক্তিবর্গ।

আয়াত : ৭

غَيْرِ : **নহে; ছাড়া; ব্যতীত**। غَيْر শব্দটি কুরআন মাজীদে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে এবং ১১৩ বার এসেছে। পবিত্র কুরআনে غَيْر -এর ব্যবহার চারভাবে করা হয়েছে- ১. نَفِىْ (না-বাচক) -এর অর্থে। যেমন- بِغَيْرِ هُدًى مِنَ اللّٰهِ (কাসাস : ৫০) আল্লাহর পক্ষ হতে হেদায়েত না হওয়ার ক্ষেত্রে। যেমন- وَهُوَ فِى الْخِصَامِ غَيْرُ مُبِيْنٍ (যুখরুফ : ১৮) বিতর্কে সে স্পষ্ট বলতে পারে না। ২. اِلَّا -এর মতো اِسْتِثْنَاء - مَا (বাদ দেওয়া) -এর জন্য। যেমন عَلِمْتُ لَكُمْ مِنْ اِلٰهٍ غَيْرِىْ (কাসাস : ৩৮) আমি ব্যতীত তোমাদের অন্য কোনো ইলাহ আছে বলে জানি না। ৩. মূল বস্তুকে রেখে শুধুমাত্র বাহ্যিক আকৃতি দূর করা। যেমন- كُلَّمَا نَضِجَتْ جُلُوْدُهُمْ بَدَّلْنٰهُمْ جُلُوْدًا غَيْرَهَا (নিসা, আয়াত : ৫৬) তাদের চামড়া যখন জ্বলে যাবে তখন আল্লাহ তার চামড়ার রূপ পরিবর্তন করে দেবেন। এখানে চামড়া একই থাকবে, রূপ পরিবর্তন হবে মাত্র। ৪. আসল বস্তু এবং তার রূপ উভয়কে দূর করা অর্থাৎ, নতুন কোনো বস্তু স্থাপন করা। যেমন- بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ غَيْرَ الْحَقِّ (আন'আম : ৯৩) তোমরা আল্লাহর প্রতি নাহক কথা বলছ।

غَيْر **শব্দের ব্যবহার নীতি :** যদি غَيْر শব্দটি مُخْفِىٌ অর্থে ব্যবহৃত হয় তবে তা مَنْصُوْب হবে, যদি তার পূর্বে কোনো عَامِل না থাকে। যদি اِسْتِثْنَاء -এর অর্থে হয় তবে মুযাফ ইলাইহি হওয়া আবশ্যক। যদি মুযাফ ইলাইহি ব্যতীত বাক্যের অর্থ বুঝা যায় এবং غَيْر -এর পূর্বে لَيْسَ থাকে তবে মুযাফ ইলাইহিকে حَذْف করা যেতে পারে, তবে অর্থের দিক হতে মুযাফ ইলাইহি থাকবে যদি لا এবং غَيْر -এর পূর্বে لَيْسَ থাকে তবে মুযাফ ইলাইহিকে حَذْف করা যেতে পারে। যদি لَيْسَ না থাকে এবং لَيْسَ -এর সমার্থক শব্দ থাকে তবে মুযাফ ইলাইহিকে حَذْف করা যাবে না।

اَلْمَغْضُوْبِ عَلَيْهِمْ : **যাদের উপর গজব অবতীর্ণ করা হয়েছে।** সীগাহ اَلْمَغْضُوْبُ اِسْم وَاحِدْ مُذَكَّرْ বহছ সীগাহ বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ض ـ ب) মাসদার مَفْعُوْل مَغْضُوْب عَلَيْهِمْ অর্থ- ক্রুদ্ধ হওয়া। এখানে اَلْغَضَبُ বলতে ঐ সকল লোককে বুঝানো হয়েছে যারা ধর্মের হুকুম-আহকামকে বুঝে-জানে তবে স্বীয় অহমিকা ও ব্যক্তিগত স্বার্থের বশবর্তী হয়ে অস্বীকার করেছে এবং বিরুদ্ধাচরণ করেছে। ইহুদিরাই এরূপ করেছিল বিধায় এখানে তারাই উদ্দেশ্য। -(মা'আরিফুল কুরআন)

اَلضَّالِّيْنَ : **পথভ্রষ্টগণ।** সীগাহ جَمْع مُذَكَّرْ سَالِمْ বহছ اِسْم فَاعِلْ বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالَةُ ও اَلضَّلَالُ অর্থ- ভ্রান্তি; পথভ্রষ্টতা; গোমরাহি। আল্লামা জামাল কারশী লিখেছেন- ضَلَالٌ অর্থ- ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়- ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ পানি দুধের মাঝে হারিয়ে গেছে। অর্থাৎ পানি এত হ্রাস পেয়েছে যে দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি। আল্লাহর বাণী- اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তো তাদের দুজন অর্থাৎ ইউসুফ ও তার ভাইয়ের ভালোবাসায় পরাভূত।) (ইউসুফ : ৮) হযরত মূসা (আ.) বলেছিলেন- قَالَ فَعَلْتُهَا اِذًا وَّاَنَا مِنَ الضَّالِّيْنَ (আমি এ কাজ তখন করেছি যখন আমি ধর্মীয় সাম্প্রদায়িকতায় পরাভূত ছিলাম।) (শু'আরা : ২০) আবার ধ্বংসের অর্থেও ব্যবহৃত হয়। ضَلَالٌ وَ ضَلَالَةٌ অর্থ- পথভ্রষ্টতা। যা رَشَادٌ -এর বিপরীতার্থক শব্দ। এটি বাব ضَرَبَ থেকে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী- قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَا اَضِلُّ عَلٰى نَفْسِىْ (সাবা : ৫০) এটি হলো নজদবাসীদের ব্যবহার। এটিই অধিক বিশুদ্ধ। অবশ্য হেজাজবাসীদের ব্যবহার হলো বাবে سَمِعَ থেকে। ইমাম রাগেব (র.) বলেন- ضَلَالٌ অর্থ- সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া এবং হলো هِدَايَة -এর ضَلَالَة বিপরীতার্থক শব্দ। যেমন আল্লাহর বাণী- فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ; আর সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া যে কোনোভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে, কম হোক বা অধিক সর্বাবস্থায় ضَلَالٌ -ই বলা হবে। এ কারণেই নবীগণ ও কাফের উভয়ের দিকেই ضَلَالٌ -এর নিসবত করা হয়েছে, যদিও উভয়ের ضَلَالٌ -এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে- وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে- اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ এবং তার সন্তানরা বলেছিল- اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত ইউসূফ (আ.) সম্পর্কিত আয়াতে রয়েছে- قَدْ شَغَفَهَا حُبًّا اِنَّا لَنَرٰهَا فِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত মূসা (আ.) বলেছিলেন- وَاَنَا مِنَ الضَّالِّيْنَ মোটকথা, নবীদের ক্ষেত্রেও ضَلَالٌ শব্দের ব্যাবহার হয়েছে। অন্য এক সুরতে বলা যায় যে, ضَلَالٌ দু প্রকার- ১. উলূমে নাযরিয়া তথা আল্লাহ তা'আলার মা'রিফাত ও তাঁর একত্ববাদে, নবুয়তের মারেফাত ইত্যাদিতে ضَلَالٌ হতে পারে। যেমন আয়াতের মধ্যে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে- وَمَنْ يَّكْفُرْ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا (নিসা : ১৩৬) ২. উলূমে আমালিয়্যাহ তথা আহকামে শরীয়াহ ও ইবাদতের ক্ষেত্রে ضَلَالٌ - ضَالِّيْن তাদেরকে বলা হয় যারা না বুঝে অজ্ঞতার দরুন ধর্মীয় ব্যাপারে ভুল পথের অনুসারী হয়েছে এবং ধর্মের সীমালঙ্ঘন করে অতিরঞ্জনের পথে অগ্রসর হয়েছে। যথা- নাসারাগণ। তারা নবীর শিক্ষাকে অগ্রাধিকার প্রদানের নামে এমনই বাড়াবাড়ি করেছে যে, নবীদেরকে আল্লাহর স্থানে উন্নীত করে দিয়েছে। -(মা'আরিফুল কুরআন)

সূরা বাক্বারা : মদিনায় অবতীর্ণ

আয়াত : ২৮৬, রুকূ' : ৪০

আয়াত : ১

الٓمٓ : **আলিফ লা-ম – মী-ম।** এটিসহ অনেকগুলো সূরার প্রারম্ভে যে বিচ্ছিন্ন বর্ণ দ্বারা গঠিত এক একটি বাক্য উল্লিখিত হয়েছে এগুলোকে কুরআনের পরিভাষায় 'হুরূফে মুকাত্তা'আত' বলা হয়। এ অক্ষরগুলোর প্রত্যেকটিকে حُرُوْفُ الْهِجَاء -এর মতো। পৃথক পৃথকভাবে সাকিন পড়া হয়। যথা– اَلِفْ - لَامْ - مِيْم (আলিফ লা-ম মী-ম) কোনো কোনো তাফসীরকার এ হরফগুলোকে সংশ্লিষ্ট সূরার নাম বলে অভিহিত করেছেন। আবার কেউ কেউ বলেছেন যে, এগুলো আল্লাহর নামের তত্ত্ববিশেষ।

অধিকাংশ সাহাবী, তাবেয়ী এবং আলেমের মধ্যে সর্বাধিক প্রচলিত মত হচ্ছে যে, হুরূফে মুকাত্তা'আত বা বিচ্ছিন্ন বর্ণগুলো এমনি রহস্যপূর্ণ যার মর্ম ও মাহাত্ম্য একমাত্র আল্লাহ তা'আলাই জানেন। অন্য কাউকেও এ বিষয়ে জ্ঞান দান করা হয়নি।

এ প্রসঙ্গে ইমাম কুরতুবী (র.) লিখেছেন– হযরত আবূ বকর সিদ্দীক, ওমর, উসমান গনী, আলী ও ইবনে মাসঊদ (রা.) প্রমুখ সাহাবীগণ এ সম্বন্ধে অভিমত পোষণ করেন যে, এগুলো আল্লাহ তা'আলার রহস্যজনিত বিষয় এবং তাঁর পক্ষ থেকেই অবতীর্ণ– এ বিশ্বাস রেখে এগুলোর তেলাওয়াত করতে হবে। কিন্তু এগুলোর রহস্য উদ্ধারের ব্যাপারে এবং তত্ত্ব সংগ্রহে আমাদের ব্যস্ত হওয়া উচিত নয়। তবে কোনো কোনো আলেম ও বিশেষজ্ঞগণ এ শব্দগুলোর যে অর্থ বর্ণনা করেছেন, সেগুলোকে ভুল প্রতিপন্ন করাও উচিত হবে না। কেননা তারা উপমাস্থলে এবং এগুলোকে সহজবোধ্য করার উদ্দেশ্যেই এসব অর্থ বর্ণনা করেছেন।

আয়াত : ২

ذٰلِكَ الْكِتَابُ : **এটি সেই কিতাব।** ذلك দূরবর্তী ইঙ্গিতার্থক ইসম, যা কুরআনে কারীমের মাহাত্ম্য ও মর্যাদা বুঝানোর জন্য ব্যবহার করা হয়েছে এবং هذا অর্থে এসেছে।

اَلْكِتَابُ : **কিতাব; পুস্তক; গ্রন্থ।** একবচন, বহুবচনে كُتُبٌ ; এছাড়া এর আরো অর্থ রয়েছে। যথা– লিখা; লিখিত বস্তু; লিখন; চিঠি; যা ভবিষ্যতে লিখা হবে। এমনিভাবে আসমানি সহীফা। তাওরাত; ইঞ্জিল; কুরআন। লাওহে মাহফূয। আল্লাহর জ্ঞান। আমলনামা। ফরজসমূহ। আল্লাহপ্রদত্ত স্পষ্ট দলিল। পবিত্র কুরআনে কুরআনের বিভিন্ন নাম বর্ণিত হয়েছে। সেগুলো হলো পর্যায়ক্রমে, কুরআন, কিতাব, জিক্‌র, তানযীল ও ফুরকান। সর্বপ্রথম নাম হলো কুরআন। যা দ্বারা বুঝানো হয়েছে এটা অধ্যয়নযোগ্য কিতাব। এরপর কুরআনের উদ্দেশ্যের প্রতি সচেতন করার উদ্দেশ্যে বর্ণধারায় ষষ্ঠ সূরা তাকবীরে এর নাম ذِكْر বলা হয়েছে। এরপর تَنْزِيْل বলা হয়েছে। অতঃপর সূরা আ'রাফে কিতাব বলা হয়েছে। কেননা আয়াত ও সূরার সংখ্যা এত অধিক হয়েছে যে, তাকে এখন কিতাব বলা যেতে পারে। সর্বশেষ ফুরকান বলা হয়েছে। যা সত্য ও মিথ্যার মাঝে পার্থক্যকারী সাব্যস্ত হয়েছে।

لَا رَيْبَ : **কোনো সন্দেহ নেই।** رَيْبَ বাবে ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (ر ـ ى ـ ب) অর্থ– সন্দেহ করা। ইমাম রাগেব (র.) رَيْب -এর সংজ্ঞায় বলেন– اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْءِ اَمْرًا مَا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ অর্থাৎ, কোনো বস্তু সম্পর্কে তোমার এক রকম ধারণা হলো অথচ বিষয়টি ভিন্নরকম প্রমাণিত হলো– একেই رَيْب বলা হয়। মোটকথা رَيْب -এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্পর্কে হয় যা পরবর্তীতে তার পরিপন্থি প্রমাণিত হয়। কালের চক্র নির্ধারণও যেহেতু কষ্টকর, তাই কালের সাথে رَيْب ব্যবহৃত হলে তখন তা কালের চক্র অর্থে ব্যবহৃত হবে। যেমন– نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ [সূরা তূর , আয়াত : ৩০] আমরা কালের চক্রের অপেক্ষা করে থাকি।

هُدًى : **পথ-নির্দেশ।** মাসদার মূলবর্ণ (هـ ـ د ـ ى) বাব ضَرَبَ। هَادٍ তথা اِسْم فَاعِلْ অর্থে এসেছে। হেদায়েতকারী; পথ প্রদর্শনকারী। মাসদারী অর্থ– পথ প্রদর্শন করা।

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকী বা আল্লাহভীরুগণ।** সীগাহ جَمْع مُذَكَّر سَالِم বহছ اِسْم فَاعِلْ বাব اِفْتِعَالْ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা। একবচনে مُتَّقِىْ অর্থ– আল্লাহ ভীরু।

আয়াত : ৩

يُؤْمِنُوْنَ: **তারা ঈমান আনে; তারা বিশ্বাস করে।** সীগাহ جَمْع مُذَكَّرْ غَائِبْ বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

بِالْغَيْبِ: **অদৃশ্যে।** بَاء হরফে জার; اَلْغَيْبِ মাজরূর। গোপন হওয়া; অনুপস্থিত হওয়া; মানুষের জ্ঞান-বুদ্ধি ও অনুভূতির ঊর্ধ্বে হওয়া। যা মানুষের অনুভূতি ও জ্ঞান-বুদ্ধির নাগালের বাইরে এবং নবীগণ অবহিতকরণ ব্যতীত জানা যায় না। নবীদের উপর যে ওহী আসে। অভ্যন্তর; বাতেন। غَيْب শব্দের ব্যবহার পবিত্র কুরআনে এ সকল অর্থে ব্যবহৃত হয়েছে। এ শব্দটি পূর্ণ কুরআনে نَكِرَة হিসেবে কোথাও ব্যবহৃত হয়নি। সর্বমোট ৪৯ স্থানে এসেছে এবং সর্বত্রই মা'রেফা হিসেবে ব্যবহৃত হয়েছে, কোথাও পেশযোগে, কোথাও যবরযোগে আবার কোথাও যেরযোগে। শুধুমাত্র এক স্থানে যমীরের দিকে ইযাফত হয়েছে। অর্থাৎ غَيْبَه বলা হয়েছে। আর বাকি ৪৮ স্থানে ال যোগে অথবা ইসমে জাহেরের দিকে ইযাফত অবস্থায় ব্যবহার হয়েছে। غَيْب শব্দটি পবিত্র কুরআনে কোথায় কী অর্থে ব্যবহৃত হয়েছে তা ইমাম রাগেবের ব্যাখ্যা অনুযায়ী তুলে ধরা হলো– ১. عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ (সূরা হাশর : ২২) যা তোমরা দেখ, জানো এবং যা তোমরা জানো না সবকিছু আল্লাহ জানেন। ২. اِطَّلَعَ الْغَيْبَ (মারইয়াম : ৭৮) যা দৃষ্টিসীমার ঊর্ধ্বে এবং যেখানে দৃষ্টি ও কল্পনা পর্যন্ত পৌঁছতে পারে না তারা কি সেগুলো উঁকি মেরে দেখে নিয়েছে, তাদের কি সেগুলোর ইলম হয়ে গেছে? ৩. قُلْ لَا يَعْلَمُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ (নাম্‌ল : ৬৫) যা মাখলূকের অনুভূতি ও জ্ঞানের নাগালের বাইরে সেগুলোকে আল্লাহ ব্যতীত আসমান ও জমিনের সমগ্র সৃষ্টির কেউ জানে না। ৪. وَمَا كَانَ اللّٰهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ (আলে ইমরান : ১৭৯) এখানে غَيْب অর্থ– ওহী। অর্থাৎ আল্লাহ এমন নন যে, তিনি সরাসরি তোমাদের কাছে ওহী প্রেরণ করে জানিয়ে দেবেন। ৫. اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ (মায়িদা : ১০৯) এটা বাস্তব ও সন্দেহাতীত কথা যে, যা মাখলূকের জ্ঞানের বাইরে তা আপনি সুন্দরভাবে অবগত। ৬. وَعِنْدَهٗ مَفَاتِحُ الْغَيْبِ (আন'আম : ৫৯) যে সমস্ত গোপন রহস্য তালাবদ্ধ রয়েছে এবং যে পর্যন্ত মানুষের জ্ঞান পৌঁছতে সক্ষম নয় আল্লাহর কাছেই রয়েছে তা খোলার চাবি। ৭. لَا يَعْلَمُ الْغَيْبَ اِلَّا هُوَ -এর উদ্দেশ্যও একই। ৮. رَجْمًا بِالْغَيْبِ (কাহাফ : ২৩) না জেনে না দেখে তারা তীর চালায়। (অর্থাৎ আন্দাজে ও অনুমান করে কথা বলে) ৯. يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ (বাক্বারা : ২) যে সমস্ত বস্তুর সঠিক জ্ঞান ওহী ব্যতীত অর্জন করা সম্ভব নয়, অনুভূতি ও জ্ঞান যেখান পর্যন্ত পৌঁছতে পারে না, নবীগণ ওহীর মাধ্যমে সেগুলো সম্পর্কে অবহিত করেন। উদাহরণত আল্লাহর সত্তা, তাঁর গুণাবলি, কিয়ামত, হাশর, নাশর, জান্নাত, জাহান্নাম, ইত্যাদি নবীগণ বলার দ্বারা তারা মানে ও বিশ্বাস করে। অথবা এর অর্থ এও হতে পারে যে, যখন তারা মুসলমানদের থেকে পৃথক ও দূরে থাকে কারো সম্মুখে থাকে না, তখনও তারা মুমিনই থাকে। অর্থাৎ তাদের ঈমান হলো একনিষ্ঠ, লৌকিক নয়। ১০. وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ যা কিছু তোমাদের থেকে অদৃশ্য সেগুলোর ইলম আল্লাহরই আছে। অথবা আল্লাহই সেগুলোর সৃষ্টিকর্তা ও মালিক। ১১. حٰفِظٰتٌ لِّلْغَيْبِ (নিসা : ৩৪) তারা স্বামীর অনুপস্থিতিতে নিজেদের ইজ্জত, সতীত্ব ও স্বামীর সম্পদ রক্ষণাবেক্ষণ করে। অথবা غَيْب দ্বারা উদ্দেশ্য গোপন অঙ্গসমূহ যা মানুষের সম্মুখে প্রকাশ করা হয় না। ১২. مَنْ يَّخَافُهٗ بِالْغَيْبِ (মায়িদা : ৯৪) যারা নির্জনে আল্লাহকে ভয় করে। ১৩. لَمْ اَخُنْهُ بِالْغَيْبِ (ইউসুফ : ৫২) আমি তার অনুপস্থিতিতে তার আমানতের খেয়ানত করিনি। ১৪. فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖۤ اَحَدًا (জিন : ২৬.) ওহীর সংবাদ নবী ব্যতীত কাউকে অবগত করান না। ১৫. وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ (তাকভীর : ২৪) আল্লাহর রাসূল ﷺ ওহীর বিষয়ে কৃপণতা করেন না। অর্থাৎ আল্লাহর প্রেরিত ওহী গোপন রাখেন না। তা অবশ্যই তিনি সকলের কাছে পৌঁছে দেন। ১৬. ذٰلِكَ مِنْ اَنْبَاءِ الْغَيْبِ (আলে ইমরান : ৪৪) প্রাচীনকালের যেসব সংবাদ তোমাদের জানা ছিল না সেসব গোপন সংবাদের অন্তর্ভুক্ত। ১৭. وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيْنَ (ইউসুফ : ৮১) আমরা অদৃশ্য বিপদ থেকে রক্ষা করতে পারতাম না। অথবা ভবিষ্যতে যা ঘটবে সেই অনাগত গোপন বিষয়ের জ্ঞান আমাদের ছিল না। উপরিউক্ত উদ্ধৃতিসমূহ দ্বারা

এ কথা জানা গেল যে, غَيْبٌ শব্দটি নিম্নোক্ত ছয়টি অর্থে ব্যবহৃত হয়েছে–

১. غَيْبٌ এমন বস্তু যে পর্যন্ত অনুভূতি ও বাহ্যিক জ্ঞান পৌঁছতে অক্ষম। নবীগণ বর্ণনা না করলে সেগুলো সম্পর্কে কেউ অবগত হতে পারে না।

২. জন-কোলাহল থেকে দূরে সরে গিয়ে নির্জন-নিভৃতে কাটানো সময়।

৩. ওহী বা প্রত্যাদেশ।

৪. অতীতকালের কিছু ঘটনাবলি।

৫. ভবিষ্যতের কিছু বিষয়াদি ও ঘটনাবলি।

৬. গুপ্তাঙ্গ বা গুপ্ত বস্তু, যা প্রকাশ করা নিষেধ। কোনো আয়াতে যদি উপরিউক্ত অর্থসমূহ ব্যতীত অন্য কোনো অর্থে غَيْبٌ শব্দটি ব্যবহৃত হয়, তাহলে তাতে কিছুটা চিন্তা-ভাবনা করে সেটাকে উপরিউক্ত কোনো একটি অর্থের মধ্যে প্রবিষ্ট করে দিতে হবে, যাতে নতুন কোনো অর্থের সৃষ্টি না হয়।

يُقِيْمُوْنَ : **তারা কায়েম করে।** সীগাহ جَمْع مُذَكَّر غَائِبٌ বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– স্থাপন করা; কায়েম করা; প্রতিষ্ঠা করা।

اَلصَّلٰوةَ : **দরূদ ; নামাজ। দোয়া; রহমত।** শব্দটি একবচন, বহুবচনে صَلَوٰة পবিত্র কুরআনে যেখানেই ইযাফতবিহীন এসেছে সেখানেই وَاوْ -এর সাথে লিখিত হয়েছে। ইসলামি শরিয়তের পরিভাষায় صَلٰوة বলা হয় পবিত্রাবস্থায় কেবলামুখী হয়ে তাকবীরে তাহরীমা, কিয়াম, কেরাত, রুকূ' সেজদা ও শেষ বৈঠকের মাধ্যমে আদায়কৃত ইবাদতকে।

ইমাম রাগেব (র.) লিখেছেন, অনেক ভাষাবিদদের অভিমত হলো صَلٰوة শব্দের অর্থ– দোয়া, বরকত, কল্যাণ কামনা করা ও সম্মানের সাথে স্মরণ করা। বলা হয়– صَلَّيْتُ عَلَيْهِ আমি তার জন্য দোয়া করেছি এবং সম্মানের সাথে স্মরণ করেছি। রাসূল ﷺ বলেছেন– اِذَا دُعِىَ اَحَدُكُمْ اِلٰى طَعَامٍ فَلْيَسْتَجِبْ وَاِنْ كَانَ صَائِمًا فَلْيُصَلِّ অর্থাৎ, তোমাকে কেউ খাবারের জন্য ডাকলে তার ডাকে সাড়া দেবে আর যদি তুমি রোজাদার হও তাহলে তার জন্য দোয়া করবে। وَصَلِّ عَلَيْهِمْ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ অর্থাৎ, তাদের জন্য দোয়া কর, নিশ্চয় তোমার দোয়া তাদের জন্য প্রশান্তির কারণ। আল্লাহর পক্ষ থেকে মুসলমানদের জন্য صَلَاةٌ -এর উদ্দেশ্য হলো মূলত তাদেরকে উৎসাহ প্রদান করা। যেমন– اُولٰئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَرَحْمَةٌ অর্থাৎ, এদের জন্যই শাবাশ! এবং অনুগ্রহ তাদের প্রতিপালকের পক্ষ থেকে। ফেরেশতাদের পক্ষ থেকে صَلٰوةٌ অর্থ হলো দোয়া এবং ক্ষমা প্রার্থনা করা। যেমন– اِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِىِّ বা صَلٰوةٌ মূলত নামাজের মূল বিষয় হলো দোয়া। তাই এ ইবাদতের নাম صَلٰوةٌ রাখা হয়েছে। নামাজ এমন একটি ইবাদত যা সকল শরিয়তেই প্রকারভেদে বিদ্যমান ছিল। যে কোনো ইবাদতের স্থানকেও صَلٰوةٌ বলা হয়। যেমন– لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوٰتٌ وَمَسٰجِدُ উল্লেখ্য যে যে স্থানে صَلٰوةٌ -এর প্রশংসা করেছেন এবং তার প্রতি উৎসাহিত করেছেন সেখানে اِقَامَتْ উল্লেখ করা হয়েছে। যেমন– وَالْمُقِيْمِيْنَ الصَّلٰوةَ وَ اَقِيْمُوا অথচ اَلْمُصَلِّيْنَ বলা হয়েছে কেবলমাত্র মুনাফিকদেরকে। যেমন– فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ এবং وَلَا يَأْتُوْنَ الصَّلٰوةَ اِلَّا وَهُمْ كُسَالٰى সুতরাং নামাজের জন্য اِقَامَةٌ শব্দ ব্যবহারের কারণ হলো এ বিষয়ের প্রতি সতর্ক করা যে, নামাজ আদায়ের উদ্দেশ্য হলো নামাজকে যথাযথভাবে তার হক ও শর্তাবলিসহ উত্তমরূপে আদায় করা। তাই বলা হয়–

اِنَّ الْمُصَلِّيْنَ كَثِيْرٌ وَ الْمُقِيْمِيْنَ قَلِيْلٌ

رَزَقْنٰهُمْ : **আমি তাদেরকে (যে) জীবনোপকরণ দান করেছি।** সীগাহ رَزَقْنَا সীগাহ جَمْع مُتَكَلِّمْ বহছ مَاضِىْ মাসদার اَلرِّزْقُ বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার مَعْرُوْف অর্থ– জীবনোপকরণ দান করা; রিজিক দেওয়া। هُمْ যমীর جَمْع مُذَكَّرْ غَائِبٌ মাফঊলেবিহী।

يُنْفِقُوْنَ : **তারা (তা) ব্যয় করে।** সীগাহ جَمْع مُذَكَّرْ غَائِبٌ বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা; খরচ করা।

আয়াত : ৪

اُنْزِلَ : **যা অবতীর্ণ করা হয়েছে।** সীগাহ وَاحِدْ مُذَكَّرْ غَائِبٌ বহছ مَاضِىْ مَجْهُوْل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার الانزال অবতীর্ণ করা; নাজিল করা।

قَبْلِكَ : **তোমাদের পূর্বে।** قَبْل মুযাফ। كَ যমীর মুযাফ ইলাইহি।

اَلْاٰخِرَةِ : **পরকাল; স্থায়ী জগৎ।**

يُوْقِنُوْنَ : **তারা বিশ্বাস করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ى ـ ق ـ ن) মাসদার اَلْاِيْقَانُ অর্থ– নিশ্চিতরূপে বিশ্বাস করা।

আয়াত : ৫

اُولٰئِكَ : **তারা।** দূরবর্তী বা নিকটবর্তী ইঙ্গিতার্থক বহুবচনের অব্যয়।

اَلْمُفْلِحُوْنَ : **সফলকামগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফলকাম হওয়া; সফলতা অর্জন করা। পবিত্র কুরআনে مُفْلِحُوْنَ শব্দটি পরকালীন সাফল্য অর্জনকারীদের জন্য ব্যবহৃত হয়েছে। তবে একটি স্থানে اَفْلَحَ শব্দটি পার্থিব সফলতার ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে। তাও সেটি আল্লাহর বণী নয়; বরং অন্যের উক্তি তিনি বর্ণনা করেছেন। যেমন–

وَقَدْ اَفْلَحَ الْيَوْمَ مَنِ اسْتَعْلٰى

আয়াত : ৬

كَفَرُوْا : **তারা কুফরি করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ। অস্বীকার করা; (অর্থাৎ ইসলাম, রিসালাত, কিয়ামত, আল্লাহ তা'আলার একত্ববাদ, তাঁর গুণাবলি ও দীনের ফরজসমূহের অনিবার্যতাকে অস্বীকার করা। كُفْر শব্দের শাব্দিক অর্থ হলো কোনো বস্তুকে লুকানো; গোপন করা। এ কারণেই রাতকে كَافِرٌ বলা হয়, কারণ তা মানুষকে লুকিয়ে রাখে। কৃষককেও كَافِر বলা হয় কারণ সে বীজকে মাটির নিচে লুকিয়ে রাখে। আর নিয়ামত অস্বীকার করা ও অকৃতজ্ঞতাকে كُفْرَان نِعْمَتْ বলা হয়। কারণ তা নিয়ামতকে লুকিয়ে রাখার নামান্তর। এ দৃষ্টিকোণ থেকেই একত্ববাদ, শরিয়ত ও নবুয়তকে অস্বীকার করা ও তার সত্যায়নকে প্রকাশ না করাকে كُفْر বলা হয়। নিয়ামত অস্বীকার তথা অকৃতজ্ঞতার ক্ষেত্রে كُفْرَان শব্দ অধিক ব্যবহৃত হয়। আর দীনকে অস্বীকারের ক্ষেত্রে كُفْر শব্দ অধিক ব্যবহৃত হয়। আর كُفُوْر শব্দটি উভয়ের জন্য সমানভাবে ব্যবহৃত হয়। আল্লাহর বাণী–ءَاَشْكُرُ اَمْ اَكْفُرُ এখানে নিয়ামতের অকৃতজ্ঞতা উদ্দেশ্য। আর আল্লাহর বাণী–"لَاكُفُرَ بِاللّٰهِ" এখানে দীনকে অস্বীকার করা উদ্দেশ্য। উল্লেখ্য كُفْر তিন প্রকার–

১. **كُفْر جَهْلِىْ তথা অজ্ঞতাবশত কুফরি :** যার কারণ হলো কুরআনের আয়াত, দলিল-প্রমাণ ইত্যাদির প্রতি মনোযোগী না হওয়া এবং তা নিয়ে গবেষণা ও চিন্তাভাবনা না করা। যেমন সাধারণ ও মূর্খ লোকদের কুফরি। অধিকাংশ মূর্খ লোক জানে না যে, ঈমান সম্পর্কিত ও আকিদাগত কোন কোন বিষয় তার জন্য জানা আবশ্যক; বরং অনেক লোক তো কালেমায়ে শাহাদাতাইন পড়ে; কিন্তু তার অর্থ সম্পর্কে সম্পূর্ণরূপে অজ্ঞ।

২. **كُفْر جُحُوْدِىْ অর্থাৎ অস্বীকার ও অহংকারবশত কুফরি :** এর কারণ অহংকার ও আত্মগরিমা। যেমন ফেরাউন ও তার নেতাদের কুফরি। অথবা রাজত্ব হারানোর অশঙ্কা ও নেতৃত্ব না পাওয়ার ভয়, যেমন হিরাক্লিয়াসের কুফরি ছিল, অথবা দুর্নামের আশঙ্কায়, যেমন আবূ তালিবের কুফরি।

৩. **كُفْر حُكْمِىْ :** এটা এমন কুফরি যা শরিয়তের নিষিদ্ধ বিষয়সমূহ করার দ্বারা সৃষ্টি হয়। যেমন গলায় পৈতা বাঁধা, মূর্তিকে সিজদা করা অথবা এমন জিনিসকে অবজ্ঞা করা যার সম্মান প্রদর্শন শরিয়তে আবশ্যক। যেমন (নাউযুবিল্লাহ) পবিত্র কুরআন ডাস্টবিনে নিক্ষেপ করা, শরিয়তের আলেম-ওলামা ও দীনি বিষয়াদি নিয়ে উপহাস করা বা দলিল-প্রমাণ দ্বারা হারাম সাব্যস্ত বস্তুকে হালাল মনে করা। যেমন জেনা-ব্যভিচার, শরাব ইত্যাদিকে হালাল মনে করা।

سَوَآءٌ : **উভয়ই সমান।** এটি ইসমে মাসদার। اِسْتِوَاء অর্থে। অর্থাৎ উভয় পক্ষ থেকে পরিপূর্ণ সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) ইতকানে লিখেছেন– سَوَآءٌ টি مُسْتَوِىْ তথা সমান অর্থে। যের যোগে قَصْر হয়ে থাকে। যেমন مَكَانًا سُوًى স্থানটি সমতল অর্থাৎ সমান ও পরিচ্ছন্ন। আর যবর যোগে যেমন–سَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ (তাদেরকে ভীতি প্রদর্শন কর বা না কর উভয়ই সমান।) আবার যবর যোগে মধ্যবর্তীর অর্থের জন্যও আসে। যেমন– فِىْ سَوَآءِ الْجَحِيْمِ (জাহান্নামের মধ্যখানে।) আবার পূর্ণ অর্থেও ব্যবহার হয়েছে তখনও তা যবরযোগে হবে। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاءً (চারদিনে পূর্ণ হয়েছে।) এবং وَاهْدِنَآ اِلٰى سَوَآءِ الصِّرَاطِ (আমাদেরকে পূর্ণ

রাস্তা বলে দিন।) পবিত্র কুরআনে এটি غَيْر অর্থে ব্যবহৃত হয়নি, তবে কেউ কেউ বলেছেন এ অর্থেও এসেছে। যেমন আল বুরহানে فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيْلِ -এর এ অর্থই করা হয়েছে। তবে এ কথাটি সঠিক নয়।

ءَأَنْذَرْتَهُمْ أَمْ لَمْ تُنْذِرْهُمْ : **আপনি তাদেরকে সতর্ক করুন বা না করুন; ভীতি প্রদর্শন করুন বা না করুন।** সীগাহ : أَنْذَرْتَهُمْ ; واحد مذكر حاضر هُمْ যমীর جمع مذكر غائب মাফঊল। বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْإِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

لَمْ تُنْذِرْهُمْ : **আপনি তাদেরকে সতর্ক না করেন।** সীগাহ واحد مذكر حاضر ; هُمْ যমীর جمع مذكرغائب মাফঊল। বহছ مضارع معروف منفى বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْإِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

আয়াত : ৭

خَتَمَ اللّٰهُ : **আল্লাহ মোহর করে দিয়েছেন।** خَتَمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ت ـ م) মাসদার اَلْخَتْمُ অর্থ– সিলমোহর করা; মোহরাঙ্কিত করা।

عَلٰى قُلُوْبِهِمْ : **তাদের অন্তরে।** عَلٰى হরফে জার। قُلُوْبِ মুযাফ। هِمْ যমীরে মুযাফ ইলাইহি। এটি قَلْب -এর বহুবচন। قَلْب অর্থ– পরিবর্তন হওয়া; উলট-পালট হওয়া। قَلْب -কে قَلْب বলার কারণ হলো এটাও আজীবন নড়াচড়া করতে থাকে ও পরিবর্তন হতে থাকে। বলা হয়– وَمَا سُمِّىَ الْقَلْبُ اِلَّا اَنَّهُ يَتَقَلَّبُ

سَمْعِهِمْ : **তাদের কান।** سَمْع মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। এর বহুবচন اَسْمَاعٌ ; তবে এখানে سَمْعٌ শব্দটি اَسْمَاعٌ অর্থে এসেছে।

عَلٰى اَبْصَارِهِمْ غِشَاوَةٌ : **তাদের চক্ষুসমূহে পর্দা।** اَبْصَار শব্দটি بَصَرٌ -এর বহুবচন। غِشَاوَةٌ অর্থ– পর্দা। একবচন, বহুবচনে اَغْشِيَةٌ মূলবর্ণ (غ ـ ش ـ ى) এখানে পর্দা দ্বারা বাহ্যিক পর্দা উদ্দেশ্য নয়; বরং উদাহরণস্বরূপ বলা হয়েছে। অর্থাৎ কাফেররা সঠিক দীন ও সরল পথ দেখে না। ফলে তাদের দৃষ্টান্ত যেন এমন যে, তাদের চোখে পর্দা পড়ে গেছে।

عَذَابٌ عَظِيْمٌ : **চরমশাস্তি; বড় শাস্তি।** عَذَابٌ -এর বহুবচন اَعْذِبَةٌ ; আর عَظِيْمٌ হলো, عَظُمَ থেকে فَعِيْلٌ -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। সীগাহ واحد مذكر বাব كَرُمَ মূলবর্ণ (ع ـ ظ ـ م)।

আয়াত : ৮

اَلنَّاس : **মানুষ; মানব।** جَمْع বা اِسْم جَمْع ; কারো কারো মতে এটি মূলত اناس ছিল। বিলুপ্ত হামযার পরিবর্তে اَلِفْ لَامْ যুক্ত করা হয়েছে। এ কারণেই اَلِفْ لَامْ হামযার সাথে লেখা হয় না আবার اَلْاُنَاسُ ও বলা হয় না। -(বায়যাবী) কারো কারো মতে এটা نَسِىَ হতে গঠিত, যার অর্থ বিস্মৃত হওয়া। يَاء -এর স্থান ও سِيْن পরিবর্তন করে نَيِس করা হয়েছে। অতঃপর نَيْس -কে نَاسٌ করা হয়েছে। সেক্ষেত্রে اِنْسَانٌ -এর মূল হবে نِسْيَانٌ ; কোনো কোনো ভাষাবিদ বলেছেন, نَاسٌ শব্দটি نَاسَ يَنُوْسُ نُوْسًا থেকে গঠিত হয়েছে। نُوْس অর্থ– ঢেউ খেলা; অস্থির হওয়া। ইয়েমেনী এক যুবরাজের স্কন্ধের উপর মাথার চুল ঢেউ খেলত। সে জন্য তাকে ذُوْ نُوَاس বলা হতো।

اَلنَّاسُ শব্দটি اِسْم جَمْع ; পুরুষ-মহিলা; শিশু-বৃদ্ধ; ভালো-মন্দ; মুসলমান-কাফের; জ্ঞানী-অজ্ঞ সকলেই এর অন্তর্ভুক্ত। কখনো সম্মানিত ও জ্ঞানী লোকদেরকে نَاسٌ বলা হয়। অর্থাৎ তারাই মানুষ যারা মানবীয় গুণে গুণান্বিত। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেছেন, পবিত্র কুরআনের যেখানে يَاَيُّهَا النَّاسُ বলে সম্বোধন করা হয়েছে সেখানে তার দ্বারা উদ্দেশ্য মক্কাবাসী। অর্থাৎ প্রথম সম্বোধিত হলো মক্কাবাসী। যদি বিধানটি মক্কাবাসীর জন্য খাস না হয় তখন তাদের স্থলবর্তী হিসেবে অন্যরাও উদ্দেশ্য হবে। কোনো কাল ও স্থানের সীমাবদ্ধতা থাকবে না। সম্বোধনের সুরতে তারাই উদ্দেশ্য হবে যারা সম্বোধিত হওয়ার যোগ্য। অর্থাৎ জ্ঞানী ও সাবালক। শিশু ও উন্মাদরা যদিও ভাষার দৃষ্টিকোণ থেকে اَلنَّاسُ -এর অন্তর্ভুক্ত; কিন্তু সম্বোধনের সুরতে তারা সম্বোধিত নয়।

يَقُوْلُ : **সে বলে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اٰمَنَّا : **আমরা ঈমান এনেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْإِيْمَانُ অর্থ– ঈমান আনয়ন করা।

يَوْم : **দিন**। ভোর হতে সন্ধ্যা পর্যন্ত সময়কাল। এটি ইসম। যরফে যমান বা কালাধিকরণ। শব্দটি একবচন, বহুবচনে أَيَّامٌ –

حِيْن : **পরবর্তী; পরকাল**।

আয়াত : ৯

يُخَادِعُوْنَ : **তারা প্রতারিত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (خ ـ د ـ ع) মাসদার اَلْمُخَادَعَةُ অর্থ– একে অপরকে প্রতারণা করা।

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা, বিশ্বাস স্থাপন করা।

مَا يَخْدَعُوْنَ : **তারা প্রতরাণা করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ د ـ ع) মাসদার اَلْخَدْعُ অর্থ– প্রতারণা করা; ধোঁকা দেওয়া; ষড়যন্ত্র করা।

اَنْفُسَهُمْ : **তাদের আত্মাসমূহ**। اَنْفُسٌ বহুবচন, একবচনে نَفْسٌ ; هُمْ যমীর মুযাফ ইলাইহি।

مَا يَشْعُرُوْنَ : **তারা বুঝে না; তারা অনুধাবন করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– বুঝা; অনুধাবন করা।

আয়াত : ১০

فِىْ قُلُوْبِهِمْ : **তাদের হৃদয়ে**। فِىْ হরফে জার। قُلُوْبٌ বহুবচন, একবচনে قَلْبٌ অর্থ– অন্তর; হৃদয়; মন। মাসদারী অর্থ– উলট-পালট হওয়া। قَلْبٌ কে قَلْبٌ এজন্য বলা হয় যেহেতু তা যতদিন বেঁচে থাকে ততদিন উলট-পালট হতে থাকে। ঐ সমস্ত গুণ যা হৃদয়ের সাথে জড়িত, যেমন– জ্ঞান, বুঝ; বুদ্ধি, বিবেক, প্রাণ, সাহস ইত্যাদি।

مَرَضٌ : **রোগ ব্যাধি**; । একবচন, বহুবচনে اَمْرَاضٌ ; এখানে ব্যাধি দ্বারা অন্তরের রোগ তথা কপটতা উদ্দেশ্য। –(জালালাইন)

زَادَهُمْ : **তাদের জন্য বৃদ্ধি করেছেন**। زَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা; অধিক করা। هُمْ যমীর মাফঊল।

عَذَابٌ اَلِيْمٌ : **মর্মন্তুদ শাস্তি; জঘন্য শাস্তি**। عَذَابٌ একবচন, বহুবচনে– اَعْذِبَةٌ ; اَلِيْمٌ সীগাহ واحد مذكر বহছ صِفَت مُشَبَّه বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ل ـ م) মাসদার الالم অর্থ– শাস্তি দেওয়া।

كَانُوْا يَكْذِبُوْنَ : **তারা মিথ্যা বলত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা।

আয়াত : ১১

اَلْاَرْضِ : **পৃথিবী; ভূমি**। শব্দটি একবচন, বহুবচনে اَرْضُوْنَ ;

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ বলা। আরবি ভাষায় قَوْل -এর এত অধিক অর্থ রয়েছে যে, তা আয়ত্ত করা কঠিন। সাধারণত নিম্নোক্ত অর্থের জন্য এর ব্যবহার পরিলক্ষিত হয়েছে–
১. বলা। শব্দটি একক হোক বা যৌগিক। এক হোক বা একাধিক। এ অর্থেই সাধারণত ব্যবহার হয়ে থাকে। ২. মনের কথা; অন্তরের কথা। মনে মনে কথা বলা। ৩. মতাদর্শ; মতবাদ; মতামত। ৪. ইশারা ইঙ্গিতে কোনো কিছু প্রকাশ করা। ৫. কোনো কিছুর প্রতি সঠিক মনোযোগ দেওয়া। ৬. কারো প্রতি কোনো কথা ইলহাম করা। ৭. নির্দেশ প্রদান করা। ৮. আল্লাহর জ্ঞান। ৯. যে বিষয় সম্পর্কে কোনো কিছু বলা হয়েছে। ১০. বর্ণনা করা। ১১. কারো প্রতি কোনো কথা ভুলভাবে সম্পৃক্ত করা; অর্থাৎ কোনো কথার প্রবক্তা বা কোনো নির্দেশের নির্দেশদাতা সাব্যস্ত করা। ১২. ইঙ্গিত করা। ১৩. অন্তর দ্বারা কোনো কথা সত্য মনে করা অতঃপর মুখে তা স্বীকার করা।

اِنَّمَا : **অবশ্যই; নিশ্চয়। নিঃসন্দেহে**। اِنَّ হরফে মুশাব্বাহ বিল ফে'ল। كَافَّةٌ – مَا ; যা সীমিত করার জন্য ব্যবহৃত হয় এবং اِنَّ -কে عَمَلْ করা থেকে বিরত রাখে।

مُصْلِحُوْنَ : **সংশোধনকারীগণ**। শান্তি স্থাপনকারীগণ। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব اِفْعَال মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

আয়াত : ১২

اَلْمُفْسِدُوْنَ : **অশান্তি সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– অশান্তি সৃষ্টি করা; ফ্যাসাদ সৃষ্টি করা।

لٰكِنْ : **কিন্তু**। এটি হরফে مُشَبَّه بِالْفِعْلِ যা তার ইসমকে নসব এবং خَبَرْ -কে রফা' প্রদান করে। যেমন– وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ ; বসরাবাসীগণের মতে لٰكِنْ হলো حَرْف بَسِيْط ; বিশিষ্ট নাহুবিদ ফাররা -এর মতে এটি مركب মূলত لٰكِنْ اَنْ ছিল। কূফাবাসীদের মতে لٰكِنْ মূলত لَا اَنْ ছিল। মাঝখানে كَافْ অতিরিক্ত যুক্ত হয়েছে। কারো কারো মতে, মূল শব্দ হলো اَنْ শুরুতে লাম ও কাফ অতিরিক্ত। এটি দুভাবে ব্যবহৃত হয়। নূন বর্ণে তাশদীদযুক্ত। যেমন– لٰكِنَّ ও নূন বর্ণে তাশদীদবিহীন যেমন– لٰكِنْ

لٰكِنْ কী অর্থে ব্যবহৃত হয়? সে ব্যাপারে মতবিরোধ রয়েছে। ১. অধিকাংশ আলেমগণের মতে لٰكِنْ শুধুমাত্র اِسْتِدْرَاكْ (প্রতিকার; প্রতিবিধান) -এর জন্য আসে। অন্য কোনো অর্থের জন্য ব্যবহৃত হয় না। اِسْتِدْرَاكْ অর্থ হলো এর পূর্বের কোনো হুকুমের পরিপন্থি পরবর্তীর দিকে কোনো হুকুমকে সম্পৃক্ত করা। এর জন্য আবশ্যক হলো لٰكِنْ -এর পূর্বে এমন কোনো হুকুম থাকবে যা তার পরবর্তী হুকুমের পরিপন্থি। যেমন– لَيْسَ عَلَيْكَ هُدَاهُمْ وَلٰكِنَّ اللّٰهَ هِدَايَتْ টি عَدَم هِدَايَتْ (এখানে يَهْدِيْ مَنْ يَّشَاءُ -এর পরিপন্থি।) ২. কখনো تَاكِيْد -এর জন্য আসে। যেমন – لَوْ جَاءَنِىْ زَيْدٌ لَاَكْرَمْتُهُ وَلٰكِنَّهُ لَمْ يَجِئْ (যদি যায়েদ আসে তাহলে আমি তার সম্মান করব। কিন্তু সে আসেনি।) দেখুন! لَوْ আসে اِمْتِنَاعْ -এর জন্য। তাই لٰكِنَّ ব্যতীত শুরুতেই বুঝা গেছে যে যায়েদ আসবে না। لٰكِنْ তাকে আরো তাকিদ বা দৃঢ় করে দিল। ৩. لٰكِنْ সর্বদাই তাকিদের জন্য আসে। তবে اِسْتِدْرَاكْ আনুষঙ্গিকভাবে বুঝে আসে। উল্লেখ্য যে, لٰكِنْ -এর ইসম কখনো বিলুপ্ত হয়ে যায়। কিন্তু কুরআনে এ রকম ব্যবহার পরিলক্ষিত হয়নি। لكن -এর খবরের উপর লাম প্রবেশ করে না। তবে কূফী আলেমগণ এটাকে বৈধ মনে করেন। لكن -এর নূনকে কখনো বিলোপ করা হয় যদিও তা অপছন্দনীয়।

لَا يَشْعُرُوْنَ : **তারা বুঝতে পারে না**। সীগাহ جمع مذكر বহছ مضارع معروف منفى غائب বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– বুঝা; অনুধাবন করা।

আয়াত : ১৩

اٰمِنُوْا : **তোমরা ঈমান আন**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার الايمان অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

اٰمَنَ : **সে ঈমান এনেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা।

اَلنَّاسُ :: **লোক সকল; মানুষ সকল**। (সূরা বাক্বারা আয়াত : ৮ দ্রষ্টব্য)

لَا يَعْلَمُوْنَ : **তারা জানে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। অবহিত হওয়া, অবগত হওয়া।

أَنُؤْمِنُ : **আমরা কি ঈমান আনব?** أ হমাযায়ে ইসতেফহাম। نُؤْمِنُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনয়ন করা; বিশ্বাস করা।

اَلسُّفَهَاءُ : **নির্বোধগণ**। বহুবচন, একবচনে سَفِيْهٌ বাব كَرُمَ মূলবর্ণ (س ـ ف ـ ه) মাসদার اَلسَّفَاهَةُ অর্থ– অর্থ– নির্বোধ হওয়া।

আয়াত : ১৪

لَقُوْا : اِذَا لَقُوْا : **যখন তারা মিলিত হয়; সংস্পর্শে আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَللِّقَاءُ অর্থ– মিলিত হওয়া; সাক্ষাৎ করা। لَقُوْا মূলত لَقِيُوْا ছিল। তা'লীলের মাধ্যমে لَقُوْا হয়েছে।

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার الايمان অর্থ– ঈমান আনা।

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اٰمَنَّا : আমরা ঈমান এনেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার الايمان অর্থ– ঈমান গ্রহণ করা।

اِذَا خَلَوْا : যখন তারা নিভৃতে মিলিত হয়। اِذَا হরফে শর্ত। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخَلْوُ، اَلْخَلْوَةُ وَ اَلْخَلَاءُ অর্থ– নিভৃতে মিলিত হওয়া।

شَيَاطِيْنِهِمْ : তাদের শয়তানরা। شَيَاطِيْن মুযাফ هم যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচনে شَيْطَان ; যা شَطْنٌ মূলধাতু থেকে নির্গত। অর্থ– সত্য ও উত্তম পন্থা হতে দূরে সরে যাওয়া। শয়তান সত্য প্রত্যাখ্যান করে সরল সহজ পথ হতে দূরে সরে গিয়েছিল। এজন্য তাকে শয়তান বলা হয়। অপরদিকে মুনাফিক দলপতিগণ সত্য প্রত্যাখ্যান করার কারণে আয়াতে তাদেরকেও শয়তান আখ্যায়িত করা হয়েছে। আরবি ভাষায় মানুষ, জিন বা প্রাণী ইত্যাদির যে কোনো অবাধ্য ও উদ্ধতকে শয়তান বলা হয়। যেমন– وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَ الْجِنِّ (তদ্রূপভাবে আমি সকল নবীদের জন্য মন্দ লোকদেরকে এবং জিনদেরকে শত্রু বানিয়েছি।) হযরত ওমর (রা.) এক অবাধ্য ঘোড়ার ক্ষেত্রে বলেছিলেন, তোমরা আমাকে একটি শয়তানের উপর সওয়ার করিয়েছ। আরবি ভাষার ইমাম সীবাওয়াই شَيْطَان -এর নূনকে কখনো অতিরিক্ত বলেছেন আবার কখনো মূল বলেছেন। কারণ হলো এর ধাতুমূল সম্পর্কে মতবিরোধ রয়েছে। বসরীদের মতে এর ওযন হলো فَيْعَالٌ এবং তা شَطْنٌ থেকে নির্গত হয়েছে। সুতরাং এর নূনটি আসল। পক্ষান্তরে কূফী আলেমদের মতে এটি شَاطَ يَشِيْطُ থেকে নির্গত হয়েছে, যার অর্থ প্রজ্বলিত হওয়া; ধ্বংস হওয়া। এর স্ত্রী লিঙ্গ شَيْطَانَةٌ এবং বহুবচন شَيَاطِيْن (عَرَائِيْن -এর ওযনে) সুতরাং এর নূনটি অতিরিক্ত। পরিভাষায় 'শায়াতীন' দ্বারা উদ্দেশ্য হলো ইবলিস। আর যখন اَلشَّيْطَانُ আলিফ–লাম দ্বারা লিখা হবে তখনও এ অর্থই উদ্দেশ্য।

مَعَكُمْ : তোমাদের সাথে। مَعَ মুযাফ। كُمْ মুযাফ ইলাইহি।

مُسْتَهْزِءُوْنَ : ঠাট্টা-তামাশাকারীগণ; উপহাসকারীগণ। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ ى) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– উপহাস করা; ঠাট্টা-বিদ্রূপ করা।

আয়াত : ১৫

يَسْتَهْزِءُ : সে উপহাস করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ ى) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা বিদ্রূপ করা; উপহাস করা।

يَمُدُّهُمْ : তিনি তাদেরকে অবকাশ দিচ্ছেন। يَمُدُّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْمَدُّ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

فِىْ طُغْيَانِهِمْ : তাদের অবাধ্যতার মধ্যে। طُغْيَانٌ বাব فتح -এর মাসদার। মূলবর্ণ (ط ـ غ ـ ى) অর্থ– সীমালঙ্ঘন করা; বিদ্রোহ করা।

يَعْمَهُوْنَ : তারা বিভ্রান্তের ন্যায় ঘুরে বেড়ায়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ه) মাসদার اَلْعَمَهُ অর্থ– উদ্ভ্রান্ত হওয়া; বিভ্রান্ত হওয়া।

আয়াত : ১৬

اِشْتَرَوْا : তারা ক্রয় করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ى) মাসদার اَلْاِشْتِرَاءُ অর্থ– ক্রয় করা। অবলম্বন করা; গ্রহণ করা। –(বায়যাভী) এখানে এ সমস্ত লোক হেদায়েত বর্জন করে পথভ্রষ্টতাকে গ্রহণ করেছে। হেদায়েত বাদ দিয়ে পথভ্রষ্টতা গ্রহণ করা যেন হেদায়েতের পরিবর্তে পথভ্রষ্টতাকে ক্রয় করারই নামান্তর। এ কারণেই আয়াতের মধ্যে اِشْتِرَاء শব্দ ব্যবহার করা হয়েছে।

اَلضَّلَالَةَ : ভ্রান্তি; পথভ্রষ্টতা; গোমরাহি। বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্টতা। আল্লামা জামাল কারশী লিখেছেন– ضَلَالٌ অর্থ– ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ পানি দুধের মাঝে হারিয়ে গেছে (পানি এত হ্রাস পেয়েছে যে দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি।) আল্লাহর বাণী– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তো তাদের দুজন অর্থাৎ ইউসুফ ও তার ভাইয়ের ভালোবাসায় পরাভূত।) [সূরা ইউসুফ : ৮] হযরত মূসা (আ.) বলেছিলেন– قَالَ فَعَلْتُهَا اِذًا وَّاَنَا مِنَ الضَّالِّيْنَ (আমি এ কাজ তখন করেছি যখন আমি ধর্মীয় সাম্প্রদায়িকতায় পরাভূত ছিলাম। [সূরা শু'আরা

جمع مذكر سالم : مُهْتَدِيْنَ : হেদায়েতপ্রাপ্তগণ। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل -বাব اِفْتِعَال মূলবর্ণ (ه . د . ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– হেদায়েত গ্রহণ করা; হেদায়েতপ্রাপ্ত হওয়া।

আয়াত : ১৭

مَثَلُهُمْ : তাদের উপমা। مَثَلُ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি।

اِسْتَوْقَدَ نَارًا : সে অগ্নি প্রজ্বলিত করল। اِسْتَوْقَدَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (و . ق . د) মাসদার اَلْاِسْتِيْقَادُ অর্থ– অগ্নি প্রজ্বলিত করা। نَارٌ মাফউলে বিহী। একবচন, বহুবচনে نِيْرَانٌ-

أَضَاءَتْ : সে আলোকিত করল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض . و . ء) মাসদার اَلْاِضَاءَةُ অর্থ– আলোকিত করা; উজ্জ্বল করা। এটি مُتَعَدِّى ও لَازِمٌ উভয় অর্থেই ব্যবহৃত হয়।

مَا حَوْلَهُ : তার চতুর্দিক; তার চারপাশ। مَا ইসমে মাউসূল। حَوْلَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। মুযাফ মুযাফ ইলাইহি মিলে مَوْصُوْل ইসমে মাউসূল তার সিলাহ -এর সাথে মিলে اَضَاءَتْ ফে'লের مَفْعُوْل بِهٖ হয়েছে।

ذَهَبَ : সে চলে গেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ . ه . ب) মাসদার اَلذَّهَابُ অর্থ– যাওয়া; এর بَاءِ صِلَةٌ এলে অর্থ হয়– নিয়ে যাওয়া। এখানে তাই হয়েছে। যেমন– ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ (আল্লাহ তাদের আলো অপসারিত করলেন; আলো নিয়ে গেলেন।)

نُوْرٌ : আলো ; জ্যোতি। ইসম ও নাকেরা। বহুবচনে اَنْوَارٌ এর অর্থ– আলো। তবে ভিন্ন ভিন্ন অর্থে আলোর ব্যাখ্যা হয়ে থাকে।

تَرَكَهُمْ : তাদেরকে ছেড়ে দিলেন; তাদেরকে ফেলে রাখলেন। تَرَكَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ر . ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া। هُمْ যমীর মাফউল।

: ২০] আবার তা ধ্বংসের অর্থেও ব্যবহৃত হয়। ضَلَالٌ ও ضَلَالَةٌ অর্থ– পথভ্রষ্টতা, যা رَشَاد -এর বিপরীতার্থক শব্দ। এটি বাবে ضَرَبَ থেকে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী– قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَا اَضِلُّ عَلٰى نَفْسِىْ [সূরা সাবা : ৫০] এটি হলো নজ্দবাসীদের ব্যবহার। এটিই অধিক বিশুদ্ধ। অবশ্য হেজাজবাসীদের ব্যবহার হলো বাবে سَمِعَ থেকে। ইমাম রাগেব (র.) বলেন, ضَلَالٌ অর্থ– সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া এবং ضَلَالَةٌ হলো هِدَايَةٌ -এর বিপরীতার্থক শব্দ। যেমন আল্লাহর বাণী– فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ; আর সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া যে কোনোভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে, কম হোক বা অধিক সর্বাবস্থায় সেটাকে ضَلَالٌ -ই বলা হবে। এ কারণেই নবীগণ ও কাফের উভয়ের দিকেই ضَلَالٌ -এর নিসবত করা হয়েছে, যদিও উভয়ের ضَلَالٌ -এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى হযরত ইয়াকুব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ এবং তার সন্তানরা বলেছিল– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত ইউসুফ (আ.) সম্পর্কিত আয়াতে রয়েছে– قَدْ شَغَفَهَا حُبًّا اِنَّا لَنَرٰهَا فِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত মূসা (আ.) বলেছিলেন– وَاَنَا مِنَ الضَّالِّيْنَ মোটকথা নবীদের ক্ষেত্রেও ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। অন্য এক সুরতে বলা যায় যে, ضَلَالٌ দু প্রকার– ১. উলূমে নাযরিয়া তথা আল্লাহ তা'আলার মা'রিফাত ও তাঁর একত্ববাদে, নবুয়তের মারেফাত ইত্যাদিতে ضَلَالٌ হতে পারে। যেমন আয়াতের মধ্যে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে– وَمَنْ يَّكْفُرْ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا ২. উলূমে আমলিয়্যাহ তথা আহকামে শরীয়াহ ও ইবাদতের ক্ষেত্রে ضَلَالٌ

مَا رَبِحَتْ : লাভজনক হয়নি। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف منفى বাব سَمِعَ মূলবর্ণ (ر . ب . ح) মাসদার اَلرِّبْحُ অর্থ– লাভবান হওয়া; উপকৃত হওয়া।

تِجَارَتُهُمْ : তাদের ব্যবসা। تِجَارَةُ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। এ আয়াতে تِجَارَتٌ কে فَاعِلْ বানানো হয়েছে রূপকার্থে। নতুবা লাভ-লোকসান ব্যবসার সাথে সম্পৃক্ত নয় বরং ব্যবসায়ীর সাথে সম্পৃক্ত। তাই এখানে আসল فَاعِلْ হলো ব্যবসায়ীগণ। মূল ইবারত হবে এ রকম– فَمَا رَبِحُوْا فِىْ تِجَارَتِهِمْ

ظُلُمٰتٍ : فِىْ ظُلُمٰتٍ : **অন্ধকারে**। فِىْ হরফে জার। ظُلُمٰتٍ অন্ধকারসমূহ। শব্দটি বহুবচন, একবচনে ظُلْمَةٌ –

لَا يُبْصِرُوْنَ : **তারা দেখে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْاِبْصَارُ অর্থ– দেখা।

আয়াত : ১৮

صُمٌّ : **বধির; যার শ্রবণশক্তি রহিত হয়েছে**। শব্দটি اَصَمُّ –এর বহুবচন।

بُكْمٌ : **মূক; বোবা**। اَبْكَمُ -এর বহুবচন।

عُمْىٌ : **অন্ধ; দৃষ্টি প্রতিবন্ধী**। اَعْمٰى -এর বহুবচন। اَعْمٰى -এর ব্যবহার চোখের অন্ধ এবং অন্তরের অন্ধ হওয়া উভয় অর্থের জন্যই হয়। পবিত্র কুরআনে যেখানেই অন্ধদের তিরস্কার করা হয়েছে সেখানে অন্তরের অন্ধ হওয়া উদ্দেশ্য। ইমাম রাগেব (র.) লিখেছেন– وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيٰمَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَّ بُكْمًا وَّ صُمًّا (তাদেরকে আমি কিয়ামতের দিন অন্ধ, মূক ও বধির করে উঠাব।) এখানে উভয় অন্ধত্ব উদ্দেশ্য হতে পারে।

আল্লাহ তা'আলা অন্যত্র ইরশাদ করেন, قَالَ رَبِّ لِمَ حَشَرْتَنِىْٓ اَعْمٰى وَقَدْ كُنْتُ بَصِيْرًا জাহান্নামী বলবে, হে আমার প্রতিপালক! কেন আমাকে অন্ধ করে উত্থিত করলে? আমি তো চক্ষুষ্মান ছিলাম। (সূরা ত্বা-হা : ১২৫) এখানেও উভয় অন্ধত্বই উদ্দেশ্যে হতে পারে।

لَا يَرْجِعُوْنَ : **তারা ফিরে যাবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرَّجْعُ ও اَلرُّجُوْعُ অর্থ– ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা। يَرْجِعُ শব্দটি لَازِمٌ ও مُتَعَدِّىٌ উভয়ভাবেই ব্যবহৃত হয়। এর মূল অর্থ উৎসস্থলের দিকে পুনঃ ফিরে যাওয়া। উৎসস্থল বাস্তব হোক অথবা কাল্পনিক। মানুষ এ পৃথিবীতে আল্লাহর কাছ থেকেই এসেছে। তিনিই সকলের উৎসস্থল ও কেন্দ্রবিন্দু। সুতরাং মানুষ এ দুনিয়ার জীবন অতিক্রম করে পুনরায় প্রথম উৎসস্থলের সাথে মিলিত হয়।

আয়াত : ১৯

صَيِّبٍ : **বর্ষণমুখর ঘন মেঘ; মুষলধার বৃষ্টি**। صَوْبٌ থেকে মুবালাগার সীগাহ। صَوْبٌ অর্থ উপর থেকে নিচে অবতরণ করা; বর্ষণ হওয়া। যেহেতু মেঘ থেকে বৃষ্টি বর্ষিত হয় এবং খুব জোরে বর্ষণ হয়, সেজন্য মুষলধারে বৃষ্টি বর্ষণকে صَيِّبٌ বলা হয়। মূলত শব্দটি ছিল صَيْوِبٌ ; এখানে وَاوْ এবং يَاء একত্র হয়েছে, এর মধ্যে প্রথমটি সাকিন। ফলে ওয়াকে ইয়া দ্বারা পরিবর্তন করে ইয়াকে يَاء -এর মধ্যে ইদগাম করা হয়েছে। صَيِّبٌ হয়ে গেছে।

سَمَاءٌ : **আকাশ; আসমান**। **মেঘ; বৃষ্টি**। ইমাম রাগেব (র.) তাঁর বিখ্যাত মুফরাদাতুল কুরআনে লিখেছেন যে, বস্তুর উপরিভাগ নিচের ভাগের তুলনায় سَمَاءٌ কেউ কেউ বলেছেন, সকল বস্তু তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং নিচেরটি উপরটির তুলনায় اَرْض তবে سَمَاء عُلْيَا -এর ব্যতিক্রম। কারণ তা কারো তুলনায় اَرْض নয়। কুরআনের আয়াত– اَللّٰهُ الَّذِىْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ (আল্লাহ ঐ সুমহান সত্তা যিনি সপ্ত আকাশ সৃষ্টি করেছেন এবং সেই সমপরিমাণ জমিন।) এ আয়াত উপরের বক্তব্যের জন্য সুস্পষ্টভাবে প্রযোজ্য। তাছাড়া বৃষ্টিকে سَمَاءٌ বলার কারণ হলো তা সেখান থেকে বের হয়। কারো কারো মতে ভূমিতে পতিত হওয়ার পূর্ব পর্যন্ত তা سَمَاءٌ ; উদ্ভিদকেও سَمَاءٌ বলা হয়। কারণ তা বৃষ্টি থেকে উদ্‌গত হয় অথবা এজন্য যে, তা ভূমি থেকে উঁচু হয়ে থাকে। যে سَمَاءٌ - اَرْض -এর বিপরীত তা مُؤَنَّثٌ আবার কখনো مُذَكَّرٌ ও হয়ে থাকে এবং وَاحِدٌ ، جَمْعٌ উভয়ের জন্যই ব্যবহৃত হয়। যেমন– ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَآءِ فَسَوّٰهُنَّ আবার কখনো তার বহুবচন سَمٰوٰت -ও আসে। যেমন– خَلَقَ السَّمٰوٰتِ (পুং) اَلسَّمَآءُ مُنْفَطِرٌۢ -এর দৃষ্টান্ত– بِهٖ ; (স্ত্রী) -এর উদাহরণ–

اِذَا السَّمَآءُ انْشَقَّتْ، اِذَا السَّمَآءُ انْفَطَرَتْ

যে سَمَاءٌ বৃষ্টির অর্থে তা পুংলিঙ্গই ব্যবহৃত হয় এবং তার বহুবচন اَسْمِيَةٌ আসে। ইবনে খালবিয়া বলেছেন, যে বস্তু তোমার থেকে উপরে তা হলো سَمَاءٌ ; যেমন– فَلْيَمْدُدْ بِسَبَبٍ اِلَى السَّمَاءِ (সে যেন ঘরের ছাদে রশি টানিয়ে নেয়।)

ظُلُمٰتٌ : **অন্ধকারসমূহ**। ঘন অন্ধকার। শব্দটি বহুবচন, একবচনে ظُلْمَةٌ, আলোর অবিদ্যমানতাকে ظُلْمَةٌ বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন– কখনো মূর্খতা, শিরক ও ফিস্‌ককে ظُلْمَةٌ বলা হয়। যেমনিভাবে এগুলোর বিপরীত عِلْم، اِيْمَان وَ عَمَلٌ

صَالِح -কে نُوْر বলা হয়। আল্লামা ওয়াকেদী (র.) বলেন, যেখানেই ظُلُمَات এবং نُوْر উল্লেখ করা হয়েছে, সেখানেই এর দ্বারা যথাক্রমে কুফর এবং ঈমান উদ্দেশ্য। তবে সূরা আন'আমের আয়াত وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّوْر এ নিয়মের বহির্ভূত। এখানে যথাক্রমে রাত ও দিন উদ্দেশ্য। -(তাফসীরে মাযহারী)

رَعْدٌ : **বজ্রধ্বনি; গর্জন**। বাবে فَتَحَ ও نَصَرَ -এর মাসদার। অর্থ- গর্জন করা। তবে মেঘের গর্জন ও বজ্রধ্বনির জন্য ইসম হিসেবে ব্যবহৃত হয়। ইমাম বগবী (র.) মা'আলিমুত্তানযীলে লিখেছেন যে, অধিকাংশ মুফাসসিরগণের মত হলো رَعْد ঐ ফেরেশতার নাম যিনি মেঘমালাকে হাঁকানোর দায়িত্বে নিয়োজিত আছেন। তিরমিযী শরীফে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে হাদীস বর্ণিত রয়েছে যে, এক ইহুদি এসে রাসূল ﷺ -কে জিজ্ঞেস করল رَعْد কী জিনিস? উত্তরে রাসূল ﷺ বললেন, মেঘমালার দায়িত্বে নিয়োজিত ফেরেশতা।

بَرْقٌ : **বিদ্যুৎ; বিদ্যুৎ চমক**। শব্দটি একবচন, বহুবচনে بُرُوْق। অধিকাংশ মুফাসসিরের মতে رَعْد হলো بَرْق ফেরেশতার আগুনের তৈরি বেতের চমক যা দ্বারা তিনি মেঘমালা হাঁকান।

يَجْعَلُوْنَ : **তারা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা।

اَصَابِعَهُمْ : **তাদের অঙ্গুলিসমূহ**। اَصَابِعُ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, একবচনে اِصْبَعٌ -

اٰذَانِهِمْ : **তাদের কর্ণসমূহ**। اٰذَانِ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচনে اُذُنٌ -

اَلصَّوَاعِقِ : **বজ্রধ্বনি; গর্জন**। শব্দটি বহুবচন, একবচনে صَاعِقَةٌ -

حَذَرَ الْمَوْتِ : **মৃত্যুভয়ে**। حَذَرَ বাবে سَمِعَ -এর মাসদার। অর্থ- ভয় করা; ভয় পাওয়া। اَلْمَوْتُ বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- মারা যাওয়া; মৃত্যুবরণ করা। ইসমী অর্থ হলো, মৃত্যু।

مُحِيْطٌ : **বেষ্টনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ- বেষ্টন করা।

আয়াত : ২০

يَكَادُ : **অচিরেই; প্রায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ و ـ د) মাসদার اَلْكَوْدُ অর্থ- নিকটবর্তী হওয়া।

يَخْطَفُ : **কেড়ে নেয়; ছিনিয়ে নেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ط ـ ف) মাসদার اَلْخَطْفُ অর্থ- কেড়ে নেওয়া; ছিনিয়ে নেওয়া।

اَبْصَارَهُمْ : **তাদের চক্ষুসমূহ**। اَبْصَارُ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচনে بَصَرٌ -

كُلَّمَا : **যখনই**। শব্দটি كُلّ ও مَا দ্বারা গঠিত হয়েছে। كل ظَرْف বা ظَرْف زَمَان -এর সঙ্গে مَا যোগ হওয়ায় مَكَانْ উভয়-হতে পারে। كُلَّمَا -এর পরে فعل ماضى ব্যবহার হয়। যেমন- كُلَّمَا اَضَاءَ لَهُمْ ; كُلَّمَا نَضِجَتْ جُلُوْدُهُمْ ; كُلَّمَا دَعَوْتَهُمْ

اَضَاءَ لَهُمْ : **তাদের সম্মুখে উদ্ভাসিত হয়। তাদের জন্য আলোকিত করে**। مُتَعَدِّىْ ও لَازِمْ উভয়ের জন্যই আসে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف মূলবর্ণ (ض ـ و ـ ء) বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضَاءَةُ অর্থ- উদ্ভাসিত হওয়া, আলোকিত করা।

مَشَوْا : **তারা পথ চলে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ش ـ ى) মাসদার اَلْمَشْيُ অর্থ- চলা।

اَظْلَمَ عَلَيْهِمْ : **তাদের উপর অন্ধকারাচ্ছন্ন হয়**। اَظْلَمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلْاِظْلَامُ অর্থ- অন্ধকারাচ্ছন্ন হওয়া। اِظْلَامْ লাযেম ও মুতা'আদ্দী উভয়ভাবেই ব্যবহৃত হয়।

قَامُوْا : **তারা থমকে দাঁড়ায়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

شَاءَ : **সে ইচ্ছা করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা। شَاءَ মূলত شَيِئَ ছিল। يَاء হরকবিশিষ্ট এবং তার পূর্বাক্ষরে যবর থাকায় يَاء -কে اَلِفْ দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে شَاءَ হয়েছে।

مَشِيْئَة : **এবং** مَشِيْئَة **-এর মধ্যে পার্থক্য** : اِرَادَة **এবং** -এবং اِرَادَة -এর মধ্যে পার্থক্য হলো, আল্লাহ তা'আলার اِرَادَة না থাকলে ও মানুষের اِرَادَة থাকতে পারে। যেমন মানুষ اِرَادَة বেঁচে থাকার। কিছু আল্লাহর اِرَادَة মানুষের اِرَادَة -এর বিপরীত। তিনি মৃত্যু দেওয়ার اِرَادَة করেন। পক্ষান্তরে আল্লাহর مَشِيْئَة হয়। আল্লাহ তা'আলা বলেন, وَمَا تَشَاءُوْنَ اِلَّا اَنْ يَّشَاءَ اللّٰهُ "আল্লাহ তা'আলা ইচ্ছা না করা পর্যন্ত তোমরা ইচ্ছা করবে না।"

لَذَهَبَ : **সে হরণ করতেন। নিয়ে যেতেন।** لَامْ তাকীদের জন্য। ذَهَبَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ- যাওয়া। এর সেলা باء এলে অর্থ হয়- নিয়ে যাওয়া; দূর করা। যেমন- لَذَهَبَ بِسَمْعِهِمْ -

قَدِيْرٌ : **সর্বশক্তিবান**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। যিনি প্রজ্ঞা অনুযায়ী যা ইচ্ছা তাই করেন তাকে قَدِيْر বলা হয়। এ কারণেই আল্লাহ ব্যতীত অন্য সৃষ্টিকে قَدِيْر বলা যাবে না। অবশ্য قَادِرٌ হলো عَامٌ-(মুফরাদাতুল কুরআন) আল্লামা আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ -এর ব্যাখ্যায় লিখেছেন- قَادِرٌ তাকে বলা হয় যিনি ইচ্ছা করলে করেন, ইচ্ছা না করলে করেন না। আর قَدِيْر হলেন যিনি প্রজ্ঞা ও চাহিদা অনুযায়ী যা ইচ্ছা করেন তাই করেন। আল্লাহ ব্যতীত কারো জন্য قَدِيْر খুবই কম ব্যবহার হয়। -(রূহুল মা'আনী)

দ্বন্দ্বের সমাধান : আল্লামা আলূসী (র.) যে বলেছেন "قَدِيْر শব্দের ব্যবহার غَيْرُ اللّٰهِ -এর জন্য হয়ে থাকে তবে তা খুবই কম" তা বলেছেন আরবি ভাষা হিসেবে। আর ইমাম রাগেব (র.) যে বলেছেন "এর ব্যবহার মোটেই হয় না" তা বলেছেন শরিয়তের পরিভাষা হিসেবে। সুতরাং উভয়ের মাঝে কোনো দ্বন্দ্ব নেই।

আয়াত : ২১

اُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ- ইবাদত করা; উপাসনা করা। ইবাদত হলো চূড়ান্ত পর্যায়ের আনুগত্য প্রকাশ করা, যা দৈহিক ও আর্থিক উভয়ভাবেই হয়।

رَبَّكُمْ : **তোমাদের প্রতিপালক**। رَبَّ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। رَبّ আল্লাহ তা'আলার নামসমূহের একটি।

خَلَقَكُمْ : **তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন**। خَلَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা।

لَعَلَّكُمْ : **সম্ভবত তোমরা**। لَعَلَّ হরফে مُشَبَّه بِالْفِعْلِ ; كُمْ তার ইসম। لَعَلَّ কে تَرَجِّيْ তথা আশা, প্রত্যাশা বা ভয়ের অর্থের জন্য গঠন করা হয়েছে। যা ইসমকে নসব এবং خَبَرْ -কে রফা' প্রদান করে। যেমন- لَعَلَّ اللّٰهُ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا নাহুবিদ ফাররার কতিপয় সাথীদের মতে لَعَلَّ- خبر -ও মানসূব হয়। যেমন- اِيَّاكَ مُنْطَلِقًا ; প্রত্যাশা কখনো বক্তার কাছে হয়, যেমন- لَعَلَّنَا نَتَّبِعُ السَّحَرَةَ অথবা শ্রোতার কাছে হয়, যেমন- لَعَلَّهُ يَتَذَكَّرُ اَوْ يَخْشٰى অথবা এতদুভয় ব্যতীত অপর কোনো ব্যক্তির কাছে হয়। যেমন- فَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ : (আপনার অবস্থা দেখে লোকেরা এ প্রত্যাশা বা আশঙ্কা করছে যে, আপনি নিজেকে ধ্বংস করে দেবেন।) উল্লেখ্য لَعَلَّ কয়েকটি অর্থের জন্য ব্যবহৃত হয়। ক. لَعَلَّ মূলত গঠন করা হয়েছে আশা-আকাঙ্ক্ষার অর্থের জন্য। তবে শর্ত হলো কাঙ্ক্ষিত বস্তুটি সম্ভাব্য হতে হবে। তাই لَعَلَّ الشَّبَابَ يَعُوْدُ বলা বৈধ হবে না। কারণ তারুণ্য ফিরে আসা সম্ভবপর নয়। খ. তা'লীল তথা كَيْ -এর সমার্থজ্ঞাপক। যেমন- فَقُوْلَا لَهٗ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهٗ يَتَذَكَّرُ اَوْ يَخْشٰى তোমরা ফেরাউনকে নম্রতার সাথে বলবে যেন সে উপদেশ গ্রহণ করে অথবা ভয় পায়। গ. প্রশ্নবোধক অর্থে। যেমন- وَمَا يُدْرِيْكَ لَعَلَّهٗ يَزَّكّٰى ; জ্ঞাতব্য যে, لَعَلَّ -এর خَبَرْ -এর শুরুতে اَنْ আসে যা عَسٰى অর্থে ব্যবহৃত হয়। যেমন মুতাম্মিম বিন নুওয়াইরার পঙক্তি- لَعَلَّكَ يَوْمًا اَنْ تَلُمَّ مُلِمَّةٌ এবং لَعَلَّ -এর خَبَرْ -এর শুরুতে হরফে তানফীছও আসে। যেমন- فَقُوْلَا لَهَا قَوْلًا رَفِيْقًا لَعَلَّهَا * سَتَرْحَمُ فِيْ مِنْ زَفْرَةٍ وَعَوِيْلٍ (তোমরা উভয়ে তার (প্রিয়ার) সাথে বিনম্র কথা বলবে, হতে পারে আমার কান্নাকাটিতে তার দয়ার উদ্রেক হবে।) لَعَلَّ-এর খবর فِعْل مَاضِيْ হতে পারে। যেমন ইমরুল কায়েসের

পঙ্‌ক্তি-

وَبُدِّلْتُ قَرْحًا دَامِيًا بَعْدَ صِحَّةٍ
لَعَلَّ مَنَايَانَا تَحَوَّلْنَ اَبْؤُسًا

(সুস্থতার বিনিময়ে আমাকে বিষফোঁড়া দেওয়া হয়েছে, সম্ভবত আমার মৃত্যু দুঃখকষ্ট দ্বারা পরিবর্তন হয়ে গেছে।)

কোনো কোনো ভাষাবিদদের মতে, لَعَلَّ -এর প্রথম لَامْ টি অতিরিক্ত। لَعَلَّ মূলত ছিল عَلَّ কিন্তু বিশুদ্ধ অভিমত হলো لَامْ টি অতিরিক্ত নয়। মূল শব্দই হলো لَعَلَّ। কেননা পবিত্র কুরআন শরীফে কোথাও لَعَلَّ শব্দের কোনো পরিবর্তন করা হয়নি বা পরিবর্তিত রূপ ব্যবহার হয়নি।

تَتَّقُوْنَ : **তোমার মুত্তাকী হতে পারবে; তোমরা জাহান্নাম থেকে বেঁচে যাবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ পরিহার করা; বেঁচে যাওয়া।

আয়াত : ২২

جَعَلَ : **সে করেছে; সে বানিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো। ইমাম রাগেব (র.) লিখেছেন যে, جَعْل এমন শব্দ যা সকল فِعْل ، صَنْع যা ; عَامٌ এবং এ فِعْل -এর জন্য জাতীয় সকল اِفْعَالٌ থেকে অধিক ব্যাপক। এর ব্যবহার পাঁচভাবে হয়ে থাকে। যথা- ১. صَارَ وَ طَفِقَ (হয়েছে, শুরু করেছে) যেমন- جَعَلَ زَيْدٌ يَقُوْلُ كَذَا (যায়েদ এরূপ বলতে শুরু করেছে।) তখন এটি مُتَعَدِّىْ হয় না। ২. اَوْجَدَ (সে আবিষ্কার করেছে; সে সৃষ্টি করেছে) -এর স্থলে আসে। তখন এক مَفْعُوْل -এর দিকে مُتَعَدِّىْ হয়। যেমন- وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّوْرَ (তিনি সৃষ্টি করেছেন আলো ও অন্ধকার।) ৩. এক বস্তু থেকে অপর বস্তু সৃষ্টি করা ও বানানোর অর্থে। যেমন- وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنَ الْجِبَالِ اَكْنَانًا (আল্লাহ তোমাদের জন্য পাহাড়ের মধ্যে আত্মরক্ষার স্থান বানিয়েছেন।) ৪. কোনো বস্তুকে ভিন্ন অবস্থার পরিবর্তে এক অবস্থায় করার জন্য। যেমন- وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِمَّا خَلَقَ ظِلَالًا (আল্লাহ তাঁর সৃষ্টবস্তুর মধ্যে তোমাদের জন্য ছায়া বানিয়েছেন।) ৫. কোনো কিছু সম্পর্কে কোনো বিষয় (সত্য বা মিথ্যা) সাব্যস্ত করা। সত্য, যেমন- اِنَّا رَادُّوْهُ اِلَيْكَ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ (আমি তাকে তোমাদের কাছে ফিরিয়ে আনয়নকারী এবং তাঁকে পয়গাম্বরগণের মধ্যে নির্ধারণকারী।) মিথ্যার উদাহরণ- وَيَجْعَلُوْنَ لِلّٰهِ الْبَنَاتِ (তারা আল্লাহর জন্য কন্যাসন্তান নির্ধারণ করে।)

فِرَاشًا : **বিছানা।** শব্দটি একবচন, বহুবচনে فُرُشٌ এখানে বিছানা দ্বারা ভূমি উদ্দেশ্য। কারণ তাকে আল্লাহ তা'আলা বসবাসের উপযোগী বানিয়েছেন। যেমন তাফসীরে মাযহারীতে রয়েছে-

فِرَاشًا اَىْ بِسَاطًا ذَلُوْلًا يُمْكِنُ عَلَيْهَا الْقَرَارُ

بِنَاءً : **ছাদ।** শব্দটি একবচন, বহুবচনে اَبْنِيَة -

اَنْزَلَ : **তিনি অবতারণ করেছেন; নাজিল করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতারণ করা।

اَخْرَجَ : **তিনি বের করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা।

اَلثَّمَرَاتِ : **ফলফলাদি।** শব্দটি বহুবচন, একবচনে ثَمَرَةٌ -

رِزْقٌ : **জীবিকা; রিজিক।** শব্দটি একবচন, বহুবচনে- اَرْزَاقٌ ; ইমাম রাগেব (র.) লিখেছেন, কখনো চলমান দানকে رِزْق বলা হয়। رِزْق চারটি অর্থে ব্যবহৃত হয়- ১. পার্থিব জীবিকা। যেমন- وَفِى السَّمَاءِ رِزْقُكُمْ (এবং আকাশে তোমাদের জীবিকা রয়েছে।) ২. পরকালীন জীবিকা। যেমন- وَلَهُمْ رِزْقُهُمْ فِيْهَا بُكْرَةً وَّعَشِيًّا (তাদের জন্য সকাল-সন্ধ্যা সেখানে জীবিকা রয়েছে।) ৩. অংশ। যেমন- وَتَجْعَلُوْنَ رِزْقَكُمْ اَنَّكُمْ تُكَذِّبُوْنَ (তোমাদের অংশ এটাই নাও যে, তোমরা মিথ্যাচার কর।) ৪. খাদ্য। যেমন- فَلْيَأْتِكُمْ بِرِزْقٍ مِّنْهُ (অতএব সে যেন তোমাদের জন্য খাদ্য নিয়ে আসে।)

لَا تَجْعَلُوْا : **তোমরা বানিও না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- বানানো; করা।

اَنْدَادًا : **সমকক্ষ**। শব্দটি বহুবচন, একবচনে نِدٌّ-

تَعْلَمُوْنَ : **তোমরা জান**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع . ل . م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ২৩

نَزَّلْنَا : **আমরা অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن . ز . ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– ধীরে ধীরে অবতীর্ণ করা।

عَبْدِنَا : **আমাদের বান্দা**। عَبْد মুযাফ; نَا যমীর মুযাফ ইলাইহি।

فَأْتُوْا : **তোমরা আনয়ন কর; তোমরা নিয়ে এসো**। فَاء-এর হরফ। জাযা-এর হরফ। সীগাহ اِئْتُوْا জাযা جَزَاء جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ء . ت . ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর সেলা بَاء এলে অর্থ হয় নিয়ে আসা।

سُوْرَةٍ : **একটি সূরা**। **শব্দটি একবচন**, বহুবচনে سُوَرٌ; আল্লামা যামাখশারী (র.) কাশ্‌শাফ গ্রন্থে লিখেছেন যে, سُوْرَة বলা হয় কুরআনের একটি নির্দিষ্ট অংশকে, যার পরিমাণ কমপক্ষে তিন আয়াত। সূরাকে সূরা বলার কারণ কয়েকটি হতে পারে। যথা– ১. سُوْرَة শব্দটি নির্গত হয়েছে سُوْرُ الْمَدِيْنَةِ থেকে যার অর্থ হলো শহরের চৌহদ্দি। আর সূরাও কুরআনের একটি অংশ যা সুনির্দিষ্টভাবে পরিবেষ্টিত। ২. এটি سُوْرَةٌ بِمَعْنَى الرُّتْبَةِ থেকে নেওয়া হয়েছে। যার অর্থ হলো স্তর। আর সূরাগুলোও স্তর ও সোপানের ন্যায়, যার উপর ভিত্তি করে এর পাঠককে মর্যাদা দান করা হয়। অথবা ইসলামে এগুলোর মর্যাদা স্বীকৃত। ৩. এটি নেওয়া হয়েছে سُؤْرَةٌ থেকে। যার অর্থ হলো বস্তুর অবশিষ্টাংশ। আর সূরাগুলোও কুরআনের একটি অংশ। উল্লেখ্য যে, সকল ওলামায়ে কেরামের ঐকমত্যে পবিত্র কুরআনের সূরার সংখ্যা ১১৪টি।

مِثْلِهِ : **তার অনুরূপ**। مِثْل মুযাফ; ه মুযাফ ইলাইহি।

اُدْعُوْا : **তোমরা আহ্বান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د . ع . و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

شُهَدَاءَكُمْ : **তোমাদের সাহায্যকারীগণ**। شُهَدَاءَ মুযাফ; كُمْ মুযাফ ইলাইহি। আল্লামা আবূ হাইয়ান উন্দুলূসী লিখেছেন যে, شُهَدَاءُ শব্দটি شَهِيْدٌ-এর বহুবচন যা মুবালাগার জন্য ব্যবহার হয়েছে। যেমন عُلَمَاءُ শব্দটি عَلِيْمٌ-এর বহুবচন। আবার شَاهِدٌ-এর বহুবচনও হতে পারে। তবে شَهِيْدٌ-এর বহুবচন হওয়া অধিক উত্তম। হযরত ইবনে আব্বাস (রা.) বলেছেন, এ আয়াতে اُدْعُوْا شُهَدَاءَكُمْ-এর তাফসীর হচ্ছে 'সাহায্যকারীগণ'। মুজাহিদ (র.) বলেছেন "যারা তোমাদের সাক্ষী দেবে"।

دُوْنِ : **ব্যতীত, ছাড়া**। ইমাম সুয়ূতী (র.) লিখেছেন এটা কাল বা স্থান বোঝায় এবং فَوْقَ-এর বিপরীত শব্দ। অর্থ– অপর, যা কারো নিচে হয়।

صَادِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص . د . ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা; সত্যবাদী হওয়া।

আয়াত : ২৪

لَمْ تَفْعَلُوْا : **(যদি) তোমরা (আনয়ন) না কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفي جحد بلم مستقبل বাব فَتَحَ মূলবর্ণ (ف . ع . ل) মাসদার اَلْفِعْلُ معروف অর্থ– করা।

فَاتَّقُوْا : **তোমরা ভয় কর**। اِتَّقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (و . ق . ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; পরিহার করা।

وَقُوْدُهَا : **তার ইন্ধন**। وَقُوْدُ মুযাফ; هَا যমীর মুযাফ ইলাইহি।

اَلْحِجَارَةُ : **পাথর**। حَجَرٌ-এর বহুবচন। এখানে পাথর দ্বারা উদ্দেশ্য হলো ঐ মূর্তি যেগুলোকে কাফেররা তৈরি করে তার পূজা করত। –(বায়যাবী)

اُعِدَّتْ : **তৈরি করা হয়েছে; তৈরিকৃত রয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْعَال মূলবর্ণ (ع . د . د) মাসদার اَلْاِعْدَادُ অর্থ– প্রস্তুত করা।

আয়াত : ২৫

بَشِّرِ : **তুমি সুসংবাদ শুনিয়ে দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ সুসংবাদ দেওয়া। মানুষের বৈশিষ্ট্য হলো যখন তার কাছে কোনো আনন্দদায়ক সংবাদ পৌঁছে তখন আনন্দের আতিশয্যে তার দেহের রক্ত সঞ্চালন বৃদ্ধি পায়। এ কারণেই এমন সংবাদ শুনানো যা শুনে মানুষের চেহারায় আনন্দ ও প্রফুল্লতার চিহ্ন প্রকাশ পায় তাকে تَبْشِيْر বলা হয়। উল্লেখ্য যে, تَبْشِيْر শব্দের মাঝে অধিকহারে সুসংবাদ প্রদানের অর্থ বিদ্যমান। তবে কখনো ক্রোধের বহিঃপ্রকাশ এবং তিরস্কার ও উপহাসস্বরূপ এর ব্যবহার দুঃখজনক, মর্মবেদনামূলক ও মন্দ সংবাদ শুনানোর ক্ষেত্রেও হয়ে থাকে। এ অর্থে এর ব্যবহার اِسْتِعَارَه হিসেবে হবে। যেমন কবি বলেছেন- تَحِيَّةُ بَيْنِهِمْ ضَرْبٌ وَجِيْعٌ (তাদের পরস্পরের সালাম হলো বেদনাদায়ক প্রহার।)

عَمِلُوْا : **তারা করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা।

اَلصّٰلِحٰتِ : **সৎকর্মসমূহ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ، نَصَرَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ- সৎকর্ম করা। একবচনে صَالِحَةٌ। পবিত্র কুরআনের কেবল এক স্থানে এটি সৎ নারীর অর্থে ব্যবহার হয়েছে। যেমন- فَالصَّالِحَاتُ قَانِتَاتٌ (যে সমস্ত নারীগণ সৎ ও অনুগত।) অন্য সব স্থানে সৎকর্ম অর্থে ব্যবহার হয়েছে।

جَنّٰتٍ : **জান্নাত; বাগান; উদ্যানসমূহ।** জান্নাত বলা হয় ঐ স্থানকে যেখানে মৃত্যুর পর সৎকর্মপরায়ণদের স্থায়ী সুখের নিবাস হবে।

تَجْرِىْ : **প্রবাহিত হয়।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرْىُ অর্থ- প্রবাহিত হওয়া।

تَحْتِهَا : **তার নিচে।** تَحْتِ মুযাফ, هَا যমীর মুযাফ ইলাইহি।

اَلْاَنْهٰرُ : **নদীসমূহ।** শব্দটি বহুবচন, একবচনে نَهْرٌ -

كُلَّمَا رُزِقُوْا : **যখনই তাদেরকে জীবিকা প্রদান করা হবে।** সীগাহ رُزِقُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ- জীবিকা প্রদান করা।

ثَمَرَةٍ : **একটি ফল।** শব্দটি একবচন, বহুবচনে ثَمَرَاتٌ -

رِزْقٌ : **জীবিকা; রিজিক।** শব্দটি একবচন, বহুবচনে اَرْزَاقٌ ইমাম রাগেব (র.) লিখেছেন, কখনো চলমান দানকে رزق বলা হয়। رزق চারটি অর্থে ব্যবহৃত হয়- ১. পার্থিব জীবিকা। যেমন- وَفِى السَّمَاءِ رِزْقُكُمْ (এবং আকাশে তোমাদের জীবিকা রয়েছে।) ২. পরকালীন জীবিকা। যেমন- وَلَهُمْ رِزْقُهُمْ فِيْهَا بُكْرَةً وَّعَشِيًّا (তাদের জন্য সকাল সন্ধ্যা সেখানে জীবিকা রয়েছে।) ৩. অংশ। যেমন وَتَجْعَلُوْنَ رِزْقَكُمْ اَنَّكُمْ تُكَذِّبُوْنَ (তোমাদের অংশ এটাই নাও যে, তোমরা মিথ্যাচার কর।) ৪. খাদ্য। যেমন- فَلْيَأْتِكُمْ بِرِزْقٍ مِّنْهُ (অতএব সে যেন তোমাদের জন্য খাদ্য নিয়ে আসে।)

اُتُوْا بِهٖ : **তাদেরকে দেওয়া হয়েছে।** اُتُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা। এর সেলা بَاء এলে অর্থ হয়- নিয়ে আসা।

مُتَشَابِهًا : **অনুরূপ; সাদৃশ্যপূর্ণ।** সীগাহ واحد مذكر বহছ اِسْم فَاعِلْ বাব تَفَاعُلْ এখানে حَالْ হওয়ার কারণে মানসূব হয়েছে।

اَزْوَاجٌ : **সঙ্গিনী, স্ত্রীগণ।** শব্দটি বহুবচন, একবচনে, زَوْجٌ ; زَوْجٌ শব্দটি স্বামী-স্ত্রী উভয়ের জন্য ব্যবহার হয়।

مُطَهَّرَةٌ : **পবিত্র; যাকে পবিত্র করা হয়েছে।** সীগাহ وَاحِد مُؤَنَّثْ বহছ اِسْم مَفْعُوْل বাব تفعيل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ- পবিত্রকরণ।

خَالِدُوْنَ : **চিরস্থায়ীগণ।** সীগাহ جَمْع مُذَكَّرْ বহছ اِسْم فَاعِلْ বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ- চিরস্থায়ী হওয়া।

আয়াত : ২৬

لَا يَسْتَحْيِىْ : **সংকোচবোধ করেন না; লজ্জা করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِسْتِحْيَاءُ অর্থ- লজ্জা করা; সংকোচ করা।

اَنْ يَّضْرِبَ مَثَلًا : **যে, তিনি উপমা দেবেন।** ان নসব প্রদানকারী। يضرب সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ- উপমা দেওয়া; দৃষ্টান্ত পেশ করা। مَثَلٌ অর্থ- উপমা।

بَعُوضَةً : **মশা, মাছি**। এটি بَعْضٌ হতে গঠিত। যেহেতু অন্যান্য প্রাণী হতে এর দেহ ক্ষুদ্র তাই তাকে بَعُوْضَةً বলা হয়।

يَعْلَمُوْنَ : **তারা জানে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

حَقٌّ : **সত্য; হক**। এর মূল অর্থ হলো সামঞ্জস্য। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে– ১. ঐ সত্তার জন্য যিনি প্রজ্ঞার চাহিদা অনুযায়ী বস্তুসমূহকে আবিষ্কার করেন। আল্লাহ তা'আলাকে এ কারণেই حَقٌّ বলা হয়। যেমন–وَرُدُّوْا اِلَى اللّٰهِ مَوْلٰهُمُ الْحَقِّ (তারা আল্লাহর দিকে ফিরে যাবে যিনি তাদের সত্য ও প্রকৃত মালিক।) ২. প্রজ্ঞার চাহিদা অনুযায়ী প্রস্তুতকৃত বস্তু। যেমন–مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ (আল্লাহ এটা প্রজ্ঞার চাহিদা অনুযায়ী সৃষ্টি করেছেন।) ৩. কোনো বস্তু সম্পর্কে যথোপযুক্ত ধারণা রাখা। যেমন–فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ (অতঃপর আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছায় ঈমানদারদের জন্য এমন সত্য বিষয়ের পথ প্রদর্শন করেছেন যে বিষয়ে তারা ঝগড়ায় লিপ্ত ছিল।) ৪. যে কথা বা কাজ যেমন, যে পরিমাণ ও যে সময় হওয়া আবশ্যক তেমন হওয়া। যেমন–وَلٰكِنْ حَقَّ الْقَوْلُ مِنِّىْ لَاَمْلَئَنَّ جَهَنَّمَ (কিন্তু এটা আমার পক্ষ থেকে প্রমাণিত হয়েছে যে, আমি জাহান্নামকে পূর্ণ করব।)

উল্লেখ্য, وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَاءَهُمْ এ আয়াতে حَقٌّ দ্বারা আল্লাহ তা'আলার সত্তা এবং হেকমতের চাহিদা অনুযায়ী হুকুম উভয়টিই উদ্দেশ্য হতে পারে। তাছাড়া لَازِمٌ, وَاجِبٌ শব্দের ব্যবহার ও জায়েজ অর্থের জন্য حَقٌّ ব্যবহার হতে পারে। যেমন–وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ وَكَذٰلِكَ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ এবং الْمُؤْمِنِيْنَ

رَبٌّ : **প্রতিপালক; লালনপালনকারী**। শব্দটি একবচন, বহুবচনে اَرْبَابٌ আবার رَبٌّ বাবে نَصَرَ -এর মাসদার। অর্থ– প্রতিপালন করা। ইমাম রাগেব (র.) বলেন যে, رَبٌّ হলো মাসদার, যা اِسْمُ فَاعِلٍ -এর অর্থে রূপকার্থে ব্যবহৃত হয়। رَبٌّ শব্দটি সাধারণভাবে আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য ব্যবহার করা বৈধ নয়। যেমন আল্লাহর বাণী–وَلَا يَأْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا আর ইযাফতসহ আল্লাহ এবং গায়রুল্লাহ উভয়ের জন্যই ব্যবহার হতে পারে। যেমন–رَبُّكُمْ وَرَبُّ اٰبَائِكُمُ الْاَوَّلِيْنَ ইত্যাদি।

كَفَرُوْا : **তারা কুফরি করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত নং ৬ দ্রষ্টব্য)

يَقُوْلُوْنَ : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার القول অর্থ– বলা। –(বিস্তারিত আয়াত নং ১১ দ্রষ্টব্য)

اَرَادَ : **সে ইচ্ছা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

يُضِلُّ : **সে পথভ্রষ্ট করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্টতা। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১৬ দ্রষ্টব্য)

كَثِيْرًا : **অধিক; প্রচুর**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। শব্দটি একবচন, কিন্তু বহুবচনের অর্থেও ব্যবহৃত হয়।

يَهْدِىْ : **তিনি হেদায়েত করেন; সৎপথে পরিচালনা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– হেদায়েত করা; সুপথ দেখানো।

اَلْفٰسِقِيْنَ : **অবাধ্যগণ; পথ পরিত্যাগীগণ**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ অর্থ– অবাধ্য হওয়া।

আয়াত : ২৭

يَنْقُضُوْنَ : **তারা ভঙ্গ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ض) মাসদার اَلنَّقْضُ অর্থ– ভঙ্গ করা; ভাঙ্গা।

عَهْدَ : **অঙ্গীকার**। শব্দটি একবচন, বহুবচনে عُهُوْدٌ -

مِنْ بَعْدِ مِيْثَاقِهٖ : **এ অঙ্গীকারের দৃঢ়তার পর**। একবচনে مِيْثَاقٌ বহুবচনে مَوَاثِيْقُ و مَيَاثِيْقُ অর্থ– সনদ; অঙ্গীকার। مِيْثَاقٌ মূলত مِوْثَاقٌ ছিল। واو সাকিন -এর পূর্বের অক্ষরে যের, তাই واو -কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে مِيْثَاقٌ হয়েছে। মূলবর্ণ (و ـ ث ـ ق) -

يَقْطَعُوْنَ : **তারা ছিন্ন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلْقَطْعُ অর্থ– কাটা; কর্তন করা; ছিন্ন করা।

تُرْجَعُوْنَ : **তোমাদেরকে প্রত্যাবর্তন করা হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ر - ج - ع) মাসদার اَلرَّجْعُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরা।

আয়াত : ২৯

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (خ - ل - ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা; আবিষ্কার করা।

جَمِيْعًا : **সকলে; সবকিছু।** جَمْعٌ মাসদার হতে اسم অর্থে। সীগাহ واحد مذكر বহছ مجموع مفعول বাব فَتَحَ মূলবর্ণ (ج - م - ع) মাসদার اَلْجَمْعُ অর্থ- জমা করা।

اِسْتَوٰى : **তিনি মনোসংযোগ করেন; ইচ্ছা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س - و - ى) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ- সমতা; স্থিরতা। اِسْتِوَاءٌ মূলত اِسْتِوَايٌ ছিল। ياء -কে হামযা দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে اِسْتِوَاءٌ হয়ে গেছে।

اَلسَّمَاءِ : **আকাশ; আসমান; গগন।** শব্দটি একবচন, বহুবচনে سَمٰوَاتٌ; আল্লামা যাজ্জাজ নাহবী (র.) বলেন, سَمَاءٌ শব্দটি একবচন, কিন্তু বহুবচনের অর্থ দিবে। (বিস্তারিত দ্রষ্টব্য সূরা বাক্বারা আয়াত : ১৯ দ্র.)

سَوّٰهُنَّ : **তিনি সেগুলোকে বিন্যস্ত করেন; সঠিকভাবে সৃষ্টি করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س - و - ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ- যথাযথভাবে তৈরি করা; বিন্যস্ত করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলেবিহী।

عَلِيْمٌ : **তিনি সবিশেষ অবহিত; সর্বজ্ঞ।** বাব سَمِعَ হতে فَعِيْلٌ -এর ওযনে মোবালাগার সীগাহ। আল্লাহর একটি গুণবাচক নাম।

আয়াত : ৩০

مَلٰٓئِكَة : **ফেরেশতাগণ।** শব্দটি বহুবচন, একবচনে, اَلْمَلَكُ। শব্দটি اِسْمِ جِنْس বা مُفْرَدْ উভয়ই হতে পারে। مَلَكٌ মূলত مَأْلَكٌ ছিল। এর উৎসমূল مَالِكَةٌ অথবা اَلُوْكَةٌ (অর্থাৎ مِيْم -কে যদি মূল অক্ষর ধরা হয় তখন উৎস হবে প্রথমটি। আর যদি مِيْم -কে অতিরিক্ত ধরা হয় তখন উৎস হবে দ্বিতীয়টি।) প্রথম হামযা ও লামের স্থানকে পরিবর্তন করে مَأْلَكٌ -কে

اَمَرَ : **সে আদেশ দিয়েছে; হুকুম দিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ا - م - ر) মাসদার اَلْاَمْرُ অর্থ- নির্দেশ প্রদান করা।

يُوْصَلَ : **জোড়া লাগানো হয়েছে; অক্ষুণ্ন রাখা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (و - ص - ل) মাসদার اَلْاِيْصَالُ অর্থ- অক্ষুণ্ন ও অটুট রাখা।

يُفْسِدُوْنَ : **তারা অশান্তি সৃষ্টি করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف - س - د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- অশান্তি সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

اَرْضِ : **ভূমি; দুনিয়া; বিশ্ব।** শব্দটি একবচন, বহুবচনে اَرْضُوْنَ এখানে সমগ্র বিশ্ব উদ্দেশ্য।

اَلْخٰسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ - س - ر) মাসদার اَلْخَسَارَةُ وَ اَلْخُسْرَانُ ক্ষতিগ্রস্ত হওয়া; লোকসান হওয়া।

আয়াত : ২৮

تَكْفُرُوْنَ : **তোমরা কুফরি কর; তোমরা অস্বীকার কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك - ف - ر) মাসদার اَلْكُفْرُ وَ اَلْكُفْرَانُ কুফরি করা; অকৃতজ্ঞতা করা।

اَمْوَاتًا : **প্রাণহীন; মৃত।** শব্দটি বহুবচন, একবচনে مَيِّتٌ -

اَحْيَاكُمْ : **তোমাদেরকে জীবিত করেছেন।** اَحْيٰى সীগাহ واحد مذكر غائب ; বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - ى - ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ- জীবিত করা; জীবনদান করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

يُمِيْتُكُمْ : **তিনি তোমাদেরকে মৃত্যু দান করবেন।** يُمِيْتُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م - و - ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মৃত্যু দেওয়া। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী

يُحْيِيْكُمْ : **তিনি তোমাদেরকে জীবন দান করবেন।** يُحْيِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - ى - ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ- জীবন দান করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

مَـــلأَكٌ বানানো হয়েছে। অতঃপর হামযাকে সহজকরণার্থে ফেলে দিয়ে مَلَكٌ করা হয়েছে। -(বগভী) কতক বিশেষজ্ঞগণের মতে দুনিয়ার বিভিন্ন ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ফেরেশতাদেরকে مَلَكٌ বলা হয়। যেমন জনসাধারণের (রাষ্ট্র পরিচালনার) দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে مَلَكٌ বলা হয়। এ ধরনের ফেরেশতাদেরকেই কুরআনের ভাষায় مُدَبِّرَاتٌ (ব্যবস্থাপক) বলা হয়েছে। মূলত ফেরেশতাদের সাধারণ জামাতকে مَلَائِكَة বলা হয়, আর مَلَكٌ বলা হয় مَلَائِكَة তথা ফেরেশতাদের মধ্য থেকে বিশেষ ও স্বতন্ত্র দলকে যারা বিশ্বের কোনো দায়িত্বে নিয়োজিত রয়েছে। -(আল মুফরাদাত) আল্লামা বায়যাবী (র.) লিখেছেন, مَلَائِكَة শব্দটির উৎসমূল اَلْوُكَةُ অথবা مَلأَكٌ ;اَلُوكَةُ অর্থ হলো বার্তা পৌছানো। আর مَلأَكٌ অর্থ হলো রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা। যেহেতু مَلَائِكَة বা ফেরেশতাগণ আল্লাহর বিধিবিধানকে বিশ্ববাসীর সকলের কাছে পৌছে দেন এবং সৃষ্টি ও স্রষ্টার মাঝে মাধ্যম হয়ে থাকেন, তদুপরি ফেরেশতাদের উপর বিশ্বের ব্যবস্থাপনার দায়িত্ব নিয়োজিত তাই তাদেরকে مَلَائِكَة বলা যথোপযুক্ত হয়েছে। (বায়যাবী وَاِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ-এর তাফসীর প্রসঙ্গ)

جَاعِلٌ : **সৃষ্টিকারী; তৈরিকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ২২ দ্রষ্টব্য)

خَلِيْفَةً : **প্রতিনিধি**। শব্দটি একবচন, বহুবচন خَلَائِفُ ও خُلَفَاءُ

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১১ দ্রষ্টব্য)

يُفْسِدُ : **অশান্তি সৃষ্টি করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার الافساد অর্থ– অশান্তি সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

يَسْفِكُ : **সে রক্তপাত করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ف ـ ك) মাসদার اَلسَّفْكُ অর্থ– রক্তপাত করা।

اَلدِّمَاءُ : **রক্ত**। শব্দটি বহুবচন, একবচনে دَمٌ -

نُسَبِّحُ : **আমরা পবিত্রতা বর্ণনা করছি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা।

بِحَمْدِكَ : **তোমার সপ্রশংস**। بَاء হরফে জার; حمد মুযাফ; ك যমীর মুযাফ ইলাইহি। اَلْحَمْدُ বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– প্রসংশা করা। মূলবর্ণ (ح ـ م ـ د)

نُقَدِّسُ لَكَ : **আমরা তোমার পবিত্রতা ঘোষণা করছি**। نُقَدِّسُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ س) মাসদার اَلتَّقْدِيْسُ অর্থ– পবিত্রতা বর্ণনা করা।

اَعْلَمُ : **আমি অধিক জানি**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ জানা।

مَا لَا تَعْلَمُوْنَ : **যা তোমরা জান না**। مَا মাউসূলাহ। لا تعلمون সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৩১

اٰدَمَ : **জাতির জনক হযরত আদম (আ.)**। পবিত্র কুরআনে নবীগণের নামের ধারাবাহিকতায় সর্বপ্রথম হযরত আদম (আ.)-এর নাম বর্ণনা করা হয়েছে। আল্লামা বদরুদ্দিন আইনী (র.) উমদাতুল কারীতে লিখেছেন যে, তাঁর উপনাম আবুল বাশার। তবে হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত রয়েছে যে, তাঁর উপনাম আবূ মুহাম্মদ। হযরত কাতাদা (র.) বলেন, জান্নাতে তিনি ব্যতীত কাউকে উপনাম ধরে ডাকা হবে না। রাসূল ﷺ -এর সম্মান প্রদর্শনার্থে তাঁর উপনাম হবে আবূ মুহাম্মদ।

اٰدَمُ শব্দের শাব্দিক বিশ্লেষণ : শব্দটি আরবি না অনারবী এ ব্যাপারে ভাষাবিদদের মতবিরোধ রয়েছে। আবূ মানসূর কিতাবুল আরবে লিখেছেন যে, আদম, সালিহ, শু'আইব ও মুহাম্মদ ব্যতীত সকল নবীগণের নাম অনারবি। সেক্ষেত্রে এর উৎসমূল হবে اَدِيْمٌ ; কেননা তাকে اَدِيْمُ الْاَرْضِ তথা ভূপৃষ্ঠ থেকে সৃষ্টি করা হয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেছেন যে, এটি اُدْمَةٌ থেকে উদ্গত হয়েছে। যার অর্থ গোধূমবর্ণ। অপর একদলের মতে এটি اُدْمَةٌ و اَدْمٌ থেকে উদ্গত হয়েছে। যার অর্থ অনুসরণীয় হওয়া। কোনো কোনো ওলামায়ে কেরামের মতে এটি

সুরিয়ানী শব্দ। ভাষাবিদ আবূ ইসহাক ছা'লাবী বলেছেন যে, ইবরানি ভাষায় اٰدَام অর্থ– মাটি। তিনিও মাটির তৈরি এবং মেটে রঙের ছিলেন তাই তাঁকে আদম বলা হয়েছে। হযরত আদম (আ.) সর্বপ্রথম নবী ও রাসূল। আল্লামা আইনী (র.) বুখারীর ব্যাখ্যা গ্রন্থে উল্লেখ করেছেন যে–

وَالصَّحِيْحُ اَنَّهُ نَبِيٌّ وَرَسُوْلٌ وَقَدْ نَزَلَ عَلَيْهِ جِبْرِيْلُ وَ اَنْزَلَ عَلَيْهِ صُحُفًا وَ عَلَّمَ اَوْلَادَهُ الشَّرَائِعَ

দুনিয়ার সকল মানুষ হযরত আদম (আ.) -এর সন্তান। তাই মানুষকে আদমী বা আদম সন্তান বলা হয়। কাজী বায়যাবী (র.) اٰدَمُ কে অনারবী নাম বলেন, এ উক্তি হিসেবে– اٰدَمُ শব্দটি নাম এবং অনারব শব্দ হওয়ার কারণে غَيْر منصرف। কেউ কেউ اٰدَمُ শব্দকে আরবি নাম বলেছেন। এ হিসেবে এ শব্দটি اٰدَمُ - اُدْمَةٌ - اَدِيْمٌ থেকে নির্গত। এমতস্থায় اٰدَمُ শব্দটি عَلَمْ ও وَزْنِ فِعْل হিসেবে غَيْر مُنْصَرِفْ।

عَرَضَهُمْ : **তাদের সম্মুখে প্রকাশ করেন**। সীগাহ عَرَضَ নَصَرَ বাব ماضي معروف বহছ واحد مذكر غائب মূলবর্ণ (ع . ر . ض) মাসদার اَلْعَرْضُ অর্থ– প্রকাশ করা; পেশ করা; উপস্থাপন করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলেবিহী।

اَنْبِئُوْنِىْ : **তোমরা আমাকে বলে দাও; তোমরা আমাকে সংবাদ দাও**। সীগাহ امر বহছ جمع مذكر حاضر يَاءُ مُتَكَلِّمْ নূনে বেকায় نِىْ ; حاضر معروف মাফঊলে বিহী। বাব اِفْعَالْ মূলবর্ণ (ن . ب . ء) মাসদার اَلْاِنْبَاءُ অর্থ– সংবাদ প্রদান করা।

اَسْمَاءِ : **নামসমূহ**। **শব্দটি** বহুবচন, একবচনে اِسْم-

هٰؤُلَاءِ : **এরা সবাই**। اِسْمِ اِشَارَةِ বহুবচন।

صَادِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص . د . ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা।

আয়াত : ৩২

سُبْحٰنَكَ : **তুমি পবিত্র; তোমার পবিত্রতা বর্ণনা করছি**। শব্দটি বিশ্লেষণে আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, سُبْحَان হলো মাসদার। تَسْبِيْح -এর অর্থে। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। اِضَافَتْ হওয়া এবং مُفْرَدْ -এর দিকে نَصْب হওয়া তার জন্য আবশ্যক। চাই مُفْرَدْ টি ইসমে জাহির হোক। যেমন سُبْحٰنَ اللّٰه (আল্লাহ পবিত্র।) অথবা ইসমে যমীর হোক। যেমন سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ (সন্তান হওয়া তার জন্য শোভনীয় নয়।) سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَا (আপনি পবিত্র, আমাদের জানা নেই।) এবং ঐ সমস্ত মাসদারসমূহের একটি যাদের ফে'লকে মৃত ঘোষণা করা হয়েছে। (অর্থাৎ কখনো তা ব্যবহার করা হয়নি।) অবশ্য আল্লামা কারমানী (র.) তাঁর عَجَائِب গ্রন্থে উল্লেখ করেছেন যে, এটা একটা আশ্চর্যজনক কথা যা مُفَصَّلْ -এ বর্ণনা করা হয়েছে যে, سُبْحَانَ এটি سَبَّحَ -এর মাসদার। যখন দোয়া ও জিকিরের জন্য আওয়াজ উঁচু করা হয়। তিনি তাঁর স্বপক্ষে দলিলও পেশ করেছেন–

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلِبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَ كَبَّرُوْا اِهْلَالًا

(আল্লাহ তা'আলা তাগলীবের চেহারাগুলোকে বিকৃত করে দিক, যখনই হাজী সাহেবান স্বশব্দে দোয়া করেন এবং চিৎকার করে তাকবীর বলেন।)

ইবনে আবী হাতেম (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে– سُبْحَانَ اللّٰه -এর অর্থ হলো আল্লাহ সত্তার যে কোনো দোষত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

আল্লামা মাজদুদ্দীন ফিরোজাবাদী কামূস গ্রন্থে سُبْحَان -কে مَعْرُوْفَة বলে উল্লেখ করেছেন। অর্থাৎ তার عَلَم جِنْس -এর تَسْبِيْح বানিয়ে দেন। যেমন بُرَّةٌ (একটি গম) - بُرٌّ (গম) -এর عَلَم جِنْس ; কামূস গ্রন্থকার যে একে عَلَمْ বলেছেন এটিই হলো সর্বসম্মত মত। যেমন কাযী বায়যাবী ও আল্লামা যামাখশারী (র.) প্রমুখ এ কথাকে স্বীকৃতি দিয়েছেন। আল্লামা যাজ্জাজ (র.) سُبْحٰنَ الَّذِىْ اَسْرٰى -এর তাফসীরে বলেছেন যে, এটা মাসদার হওয়া অর্থাৎ مَفْعُوْل مُطْلَقْ হওয়ার কারণে مَنْصُوْب হয়েছে। এর ফে'ল উহ্য রয়েছে। তা হলো– اُسَبِّحُ اللّٰهَ سُبْحَانَهٗ تَسْبِيْحًا (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি।) (শেখ মুহাম্মদ ফাসী বলেন যে,) অতঃপর سُبْحَانَ টি تَنْزِيْهٌ بَلِيْغٌ -এর স্থলাভিষিক্ত হয়ে فِعْل অর্থাৎ মুশরিকরা আল্লাহর উপর যে সমস্ত দোষত্রুটি আরোপ করে সেগুলো থেকে পবিত্রতার অর্থে ব্যবহার হতে শুরু করে।

উল্লেখ্য যে, ইমাম সুয়ূতী (র.) যে বলেছেন سُبْحَانَ -এর فِعْل -কে মৃত বলা হয়েছে এবং مُفَصَّلْ যিনি তার বিরোধিতা করে বলেছেন এর থেকে فِعْل

আসে। তবে সঠিক কথা হলো এর فِعْل আসাটাই গ্রহণযোগ্য কথা। যেমন ইবনে ইয়ায়িশ (র.) প্রমুখ এবং মুফাসসালের ব্যাখ্যাতাগণও তাই বলেছেন। فِعْل ও أَرْبَابُ الْأَفْعَال অন্যান্য আলেমগণ তার ব্যবহার করেছেন। তাঁরা বলেন যে, এ سَبَبٌ তাশদীদবিহীন হবে। যেমন- شَكَرَ شُكْرَانًا অপর দল এর فِعْل তাশদীদযুক্ত হওয়াকেও বৈধ বলেছেন। তবে তারা একথাও বলেছেন যে, এটা কিয়াস বহির্ভূত। কেননা এর কোনো দৃষ্টান্ত নেই। তবে প্রথমটি এর বিপরীত। কারণ তার অনেক দৃষ্টান্ত রয়েছে। যদিও তা কিয়াস পরিপন্থি অর্থাৎ কায়দা অনুযায়ী নয়। -(তাজুল উরূস শরহে কামূস)

عِلْمٌ : **জ্ঞান; বিজ্ঞান; জানা।** এটি عَلِمَ يَعْلَمُ তথা বাব سَمِعَ -এর মাসদার। আল্লামা আহমদ ফয়েজী মিসবাহুল মুনীরে লিখেছেন যে, عَلِمَ يَعْلَمُ -এর ব্যবহার কোনো কিছুকে একিন করার জন্য ব্যবহার হয়। তাছাড়া عِلْم টি مَعْرِفَةٌ এবং مَعْرِفَةٌ টি عِلْم অর্থে ব্যবহৃত হয়। যেহেতু عِلْم এবং مَعْرِفَةٌ উভয়টি হলো جَهْل -এর পূর্বাবস্থা হওয়ার দিক থেকে অংশীদার, তাই প্রত্যেকটি একে অপরের অর্থকে অন্তর্ভুক্ত করে। عِلْم অর্জন যদিও كَسْب -এর ভিত্তিতে হয়ে থাকে; কিন্তু এ كَسْب (অর্জন) অজ্ঞতার পরই হয়ে থাকে। পবিত্র কুরআনে রয়েছে مِمَّا عَرَفُوا مِنَ الْحَقِّ (এ কারণে যে, তারা একিন করেছে সত্য বিষয়ে)। এখানে عَلِمُوْا টি عَرَفُوْا অর্থে হয়েছে। যেমন- لَا تَعْلَمُوْنَهُمُ اللّٰهُ يَعْلَمُهُمْ -এর অর্থ হলো لَا تَعْرِفُوْنَهُمُ اللّٰهُ يَعْرِفُهُمْ (তোমরা তাদেরকে জান না, আল্লাহ তাদেরকে জানেন।) জুহাইরী বলেছেন-

وَأَعْلَمُ عِلْمَ الْيَوْمِ وَالْأَمْسِ قَبْلَهُ
وَلٰكِنَّنِيْ عَنْ عِلْمِ مَا فِيْ غَدٍ عَمِي

অর্থাৎ 'আমি আজকের এবং আজকের পূর্বের দিনের কথাও জানি। কিন্তু আগামীকাল কী হবে? তা জানতে আমি অন্ধ। এখানেও أَعْلَمُ টি أَعْرِفُ অর্থে হয়েছে। আল্লাহ তা'আলার জন্যও مَعْرِفَةٌ শব্দটি প্রযোজ্য হয়ে থাকে। কেননা তা عِلْم -এরই একটি প্রকার। তবে আল্লাহর সত্তা অজ্ঞতা ও অর্জন থেকে উর্ধ্বে। কেননা যা কিছু হয়েছে এবং যা কিছু হবে এবং যা কিছু হবে না এবং হলে কেন কিভাবে হবে সবকিছু তিনি জানেন। তাঁর ক্ষেত্রে عِلْم ও مَعْرِفَةٌ একই অর্থবোধক। আল্লাহর عِلْم হলো একটি অনাদি গুণ যা তাঁর সত্তার সাথে জড়িত। কাজেই جَهْل বা অজ্ঞতা তার জন্য অসম্ভব। عِلْم -এর অর্থ যখন يَقِيْن হয় তখন তা দুই মাফঊলের দিকে মু'তাআদ্দী হয়। আর যখন তার অর্থ مَعْرِفَةٌ হয় তখন তা এক মাফঊলের দিকে মুতাআদ্দী হয়। আবার কখনো شُعُوْر অর্থের জন্যও ব্যবহৃত হয়। তখন তা بَاء দ্বারা মুতা'আদ্দী হয়। যেমন- عَلِمْتُ بِهٖ

عِلْم **-এর প্রকার :** ইমাম রাগেব (র.) লিখেছেন যে, এক দিক থেকে ইলম দু প্রকার- ১. نَظَرِيٌّ তথা দৃষ্টিভঙ্গি জনিত। ২. عَمَلِيٌّ তথা কর্মজনিত। نَظَرِيٌّ বলা হয় যা শুধুমাত্র عِلْم দ্বারাই সম্পূর্ণ হয়ে যায়। যেমন عَالَمْ -এর عِلْم ; আর عَمَلِيٌّ বলা হয় যা عَمَل ব্যতীত পূর্ণতা লাভ করতে পারে না। যেমন ইবাদতসমূহের ইলম। অপর দৃষ্টিভঙ্গিতে عِلْم দু প্রকার- ১. عَقْلِيٌّ তথা বুদ্ধিভিত্তিক। ২. سَمْعِيٌّ তথা শ্রবণভিত্তিক।

عِلْم ও مَعْرِفَةٌ **-এর সংজ্ঞা :** মুনাদিত্তাওকীফে আছে, عِلْم বলা হয় এমন দৃঢ় বিশ্বাসকে যা বাস্তবসম্মত হয়। অথবা عِلْم বলা হয়, আকল তথা বুদ্ধির মধ্যে কোনো কিছুর আকৃতি অর্জন হওয়া। আর مَعْرِفَةٌ বলা হয় কোনো কিছুর চিহ্ন ও নিশানের মধ্যে চিন্তাভাবনা করে তা উপলব্ধি করা। এটা عِلْم থেকে অধিক খাস।

مَعْرِفَةٌ ও عِلْم **-এর মাঝে পার্থক্য :** উল্লেখ্য عِلْم ও مَعْرِفَةٌ -এর মাঝে শব্দগত ও অর্থগত পার্থক্য রয়েছে। শব্দগত পার্থক্য হলো مَعْرِفَةٌ -এর فِعْل এক মাফঊলকে চায়, আর عِلْم -এর فِعْل দুই মাফঊলকে চায়। আর যদি عِلْم -এর একটিই মাফঊল উল্লেখ হয় তখন তা مَعْرِفَةٌ অর্থেই হবে। আর অর্থগত পার্থক্যগুলো হলো- ১. مَعْرِفَةٌ -এর সম্পর্ক থাকে ذَاتُ الشَّيْءِ তথা বস্তুর সত্তার সাথে; কিন্তু عِلْم -এর সম্পর্ক থাকে তার অবস্থার সাথে। ২. مَعْرِفَةٌ সাধারণত ঐ সমস্ত বস্তুর হয়ে থাকে যার উপলব্ধি অন্তরে পূর্ব থেকেই বিদ্যমান ছিল; কিন্তু পরে তা চলে গিয়েছিল। সুতরাং এখন যদি পুনরায় তার স্মরণ অন্তরে উদয় হয় তাহলে তা مَعْرِفَةٌ ; পক্ষান্তরে عِلْم -এর মাঝে এসব কিছুই হয় না। সুতরাং مَعْرِفَةٌ হলো অন্তরের স্মরণের সম্পর্ক, অর্থাৎ ঐ বস্তুর স্মরণ যা বিস্মৃত হয়েছিল। এ কারণেই مَعْرِفَةٌ -এর বিপরীত হলো إِنْكَارٌ বা অস্বীকৃতি, আর عِلْم -এর বিপরীত হলো جَهْل তথা অজ্ঞতা। ৩. مَعْرِفَةٌ হলো কোনো

বস্তুর সত্তার এমন বিস্তারিত জ্ঞান যা তাকে তার ভিন্ন বস্তু থেকে পৃথক করে দেয়। আর عِلم-এর সম্পর্ক কোনো বস্তুর সাথে সংক্ষিপ্ত বা মোটামুটিভাবেও হতে পারে। এছাড়া আরো অনেক পার্থক্য বিদ্যমান রয়েছে।

عَلَّمْتَنَا : **তুমি আমাদেরকে শিক্ষা দিয়েছ।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْم অর্থ– জ্ঞান অর্জন করা।

اَلْعَلِيْمُ : **জ্ঞানময়; সর্বজ্ঞ; সর্বাধিক জ্ঞানী।** عَلِمَ হতে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। মানুষের ক্ষেত্রেও عَلِيْم শব্দ ব্যবহার হতে পারে। তবে পবিত্র কুরআনে عَلِيْم শুধুমাত্র আল্লাহর জন্যই ব্যবহৃত হয়েছে।

اَلْحَكِيْمُ : **প্রজ্ঞাময়।** সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৩৩

اَلَمْ اَقُلْ : **আমি কি বলিনি?** أ হামযায়ে ইসতেফহাম। لَمْ নফী جحد بلم معروف বহছ واحد متكلم সীগাহ اَقُلْ বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১১ দ্রষ্টব্য)

اَعْلَمُ : **অধিক জ্ঞাত।** সীগাহ واحد مذكر বহছ اِسْم اَلْعِلْمُ বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার تَفْضِيْل অর্থ– জানা; জ্ঞাত হওয়া।

غَيْبَ : **অদৃশ্য।** গোপন হওয়া; অনুপস্থিত হওয়া; মানুষের জ্ঞান বুদ্ধি ও অনুভূতির ঊর্ধ্বে হওয়া। যা মানুষের অনুভূতি ও জ্ঞান-বুদ্ধির নাগালের বাইরে এবং নবীগণ অবহিতকরণ ব্যতীত জানা যায় না। নবীদের উপর যে ওহী আসে। অভ্যন্তর; বাতেন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৩ দ্রষ্টব্য)

اَلسَّمٰوٰتِ : **আকাশসমূহ; আসমানসমূহ।** মেঘ; বৃষ্টি। শব্দটি বহুবচন, একবচনে سَمَاءٌ ; ইমাম রাগেব (র.) তাঁর বিখ্যাত মুফরাদাতুল কুরআনে লিখেছেন, বস্তুর উপরিভাগ নিচের ভাগের তুলনায় سَمَاءٌ ; কেউ কেউ বলেছেন, সকল سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং নিচেরটি উপরটির তুলনায় اَرْض তবে عَلْيًا এর ব্যতিক্রম। কারণ তা কারো তুলনায় اَرْض নয়। কখনো কখনো বৃষ্টি, উদ্ভিদ এবং ঘরের ছাদকেও سَمَاء বলা হয়।

اَلْاَرْضِ : **ভূমি। পৃথিবী; বিশ্ব।** শব্দটি একবচন, বহুবচনে اَرْضُوْنَ -

تُبْدُوْنَ : **তোমরা প্রকাশ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ب ـ د ـ و) মাসদার اَلْاِبْدَاء অর্থ– প্রকাশ করা।

تَكْتُمُوْنَ : **তোমরা গোপন কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكَتْمُ অর্থ– গোপন করা; লুকানো।

আয়াত : ৩৪

قُلْنَا : **আমরা বলেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১১ দ্রষ্টব্য)

اُسْجُدُوْا : **তোমরা সেজদা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা। তাফসীরে জালালাইনে আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) লিখেছেন, এখানে سَجْدَة দ্বারা উদ্দেশ্য হলো سُجُوْد تَحِيَّة তথা হযরত আদম (র.)-এর সম্মানার্থে ঝুঁকে পড়া। মাটিতে কপাল রাখা উদ্দেশ্য নয়। –(তাফসীরে জালালাইন)

فَسَجَدُوْا : **অতঃপর সকলে সেজদা করল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা।

اِبْلِيْسَ : **ইবলীস; শয়তানের নাম।** শব্দটি اِبْلَاسٌ থেকে নির্গত হয়েছে। অর্থ হলো ভীষণ নিরাশ হওয়ার কারণে বিষণ্ন হয়ে হতভম্ব হওয়া; হতাশাগ্রস্ত হওয়া। যেহেতু শয়তান আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ে গেছে এ কারণেই তার নাম হয়েছে ইবলীস। কিন্তু আল্লামা যামখশারী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন যে, اِبْلِيْس অনারবী শব্দ। এটা اِبْلَاسٌ থেকে নির্গত হয়েছে বলাটা সঠিক নয়। কারণ এটি غَيْر مُنْصَرِف আর غَيْر مُنْصَرِف হওয়ার জন্য مَنْع صَرْف -এর নয়টি কারণের দুটি অথবা দুটির স্থলাভিষিক্ত একটি কারণ বিদ্যমান থাকা আবশ্যক। اِبْلَاسٌ থেকে مُشْتَقّ হওয়ার সূরতে এতে عَلَمِيَّتْ ছাড়া অন্য কোনো কারণ পাওয়া যায় না। আর غَيْر مُنْصَرِف হওয়া অনারবী হওয়ার দলিল। মুসনাদে আহমদে হযরত জাবির ইবনে আব্দুল্লাহ (রা.) হতে

হাদীস বর্ণিত রয়েছে যে, রাসূল ﷺ বলেছেন, ইবলীসের সিংহাসন হলো সমুদ্রে। সে প্রত্যহ তার সৈন্যবাহিনী প্রেরণ করতে থাকে লোকদেরকে গুনাহ ও পাপকার্যে লিপ্ত করার জন্য। যে যত বেশি লোকদেরকে পাপকার্যে লিপ্ত করাতে পারে সে ইবলীসের কাছে ততবেশি নৈকট্যশীল বলে গণ্য হয়। হযরত জাবির থেকে আরো বর্ণিত রয়েছে যে, রাসূল ﷺ ইবনে সাইয়াদকে জিজ্ঞেস করেছিলেন, তুমি কী দেখ? সে বলল, সমুদ্রে সিংহাসন দেখতে পাই, যার চতুর্দিকে শুধু সাপ আর সাপ। রাসূল ﷺ বললেন, সে সত্য বলেছে। আর তা হলো ইবলীসের সিংহাসন।

أَبَى : **সে অস্বীকার করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার إِبَاءٌ، إِبَاءَةٌ মূলবর্ণ (أ ـ ب ـ ى) অর্থ- অস্বীকার করা।

اِسْتَكْبَرَ : **সে অহংকার করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা।

আয়াত : ৩৫

اُسْكُنْ : **তুমি বসবাস কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ك ـ ن) মাসদার اَلسُّكُوْنُ অর্থ- স্থির হওয়া; নড়াচড়া না করা; বসবাস করা।

زَوْجُكَ : **তোমার স্ত্রী**। زَوْجٌ মুযাফ ও كَ তার মুযাফ ইলাইহি। এর অর্থ স্বামী, স্ত্রী, জোড়া; প্রকার ইত্যাদি। আল্লামা আহমদ আলী মিসবাহুল মুনীরে লিখেছেন, زَوْجٌ হলো এমন আকৃতি যার উপমা বা দৃষ্টান্ত রয়েছে। যেমন- বিভিন্ন প্রকার ও রং। অথবা যার কোনো বিপরীত বস্তু থাকে। যেমন- শুষ্ক ও আর্দ্র; নর ও মাদি; নারী-পুরুষ; রাত ও দিন, মিষ্টি ও তিক্ত। ইবনে যায়েদ বলেছেন- زوج যে কোনো দুটিকে বলা হয়। যা فَرْدٌ-এর বিপরীত। জাওহারী বলেছেন, দুটি জোড় বস্তুকে زَوْجَانِ বলা হয় আবার زَوْجٌ-ও বলা হয়। যেমন عِنْدِىْ زَوْجُ نِعَالٍ অর্থ হবে- আমার দুটি জুতা আছে। আর যদি বলা হয়- عِنْدِىْ زَوْجَانِ نِعَالٍ তখন অর্থ হবে- চারটি জুতা আছে। ইবনে কুতাইবা, আবূ সাঈদ ও ইবনে ফারেস বলেছেন, একটিকেও زَوْجٌ বলা হয়। যেমন পবিত্র কুরআনে রয়েছে- مِنْ كُلٍّ زَوْجَيْنِ اِثْنَيْنِ এখানে زَوْجٌ দ্বারা একটি উদ্দেশ্য।

জাওহরী (র.) বলেছেন যে, নাহুবিদগণ দুটিকে زَوْجٌ মনে করেন না। زَوْجٌ তাদের নিকট فَرْدٌ বা একটি। এটিই সঠিক মত। ইবনে আনবারী (র.) বলেছেন, সাধারণ লোকেরা দুটিকে زَوْجٌ মনে করে। অথচ এটা আরবদের পরিভাষা নয়। কেননা তারা زَوْجُ حَمَامٍ (কবুতরের জোড়া) বলার সময় زَوْجَانِ مِنْ حَمَامٍ (কবুতরের এক জোড়া) বলে থাকেন। زَوْجَانِ مِنْ خِفَافٍ (এক জোড়া মোজা।) সিজিসতানী (র.) বলেছেন, দুটিকে زَوْجٌ বলা হয় না। না পাখির ক্ষেত্রে না পাখি ভিন্ন অন্য কোনো কিছুর ক্ষেত্রে। কেননা এটা মূর্খ ও অজ্ঞদের কথা। দুটিকে زَوْجَانِ বলা হবে। দলিল স্বরূপ তিনি বলেন- خَلَقَ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْاُنْثٰى (তিনি নর ও মাদির জোড়া সৃষ্টি করেছেন) দেখুন زَوْجٌ যদি দুটির ক্ষেত্রে বলা হতো তাহলে زَوْجَيْنِ বলা হতো না। তবে একটির ক্ষেত্রে زَوْجٌ ব্যবহার করতে হলে শর্ত হলো তার সাথে অপর একটি তার ন্যায় হতে হবে।

اَلْجَنَّةَ : **জান্নাত; বেহেশত; উদ্যান**। এটি جَنٌّ থেকে উদ্গত হয়েছে। বৃক্ষবিশিষ্ট যে কোনো বাগান যার বৃক্ষসমূহ ভূমিকে আচ্ছাদিত করে রাখে তাকে جَنَّةٌ বলা হয়। জান্নাতকে জান্নাত বলার কারণ হয়তো দুনিয়ার বাগানের সাথে সদৃশতার কারণে বলা হয় যদিও উভয়ের মাঝে বিশাল ব্যবধান রয়েছে। অথবা এজন্য যে, জান্নাতের নিয়ামতরাজি আমাদের দৃষ্টির অগোচরে রয়েছে। আল্লাহ বলেন- فَلَا تَعْلَمُ نَفْسٌ مَّا اُخْفِىَ لَهُمْ مِنْ قُرَّةِ اَعْيُنٍ (কেউ জানে না যা লুকিয়ে রাখা হয়েছে আমাদের দৃষ্টি হতে, যা আমাদের চক্ষুর শীতলতা।) এর বহুবচন হলো جَنَّاتٌ (জান্নাতসমূহ।) জান্নাত ৮টি। যথা- ১. জান্নাতুল ফিরদাউস। ২. জান্নাতু আদ্‌ন। ৩. জান্নাতুন নাঈম। ৪. জান্নাতুল খুল্‌দ। ৫. জান্নাতুল মাওয়া। ৬. দারুসসালাম। ৭. দারুল কারার ৮. দারুল মাকাম।

وَكُلَا مِنْهَا : **এবং তোমরা উভয়ে ভক্ষণ কর সেখান থেকে**। كُلَا সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- আহার করা; খাওয়া।

رَغَدًا : **তৃপ্তিসহকারে; স্বচ্ছন্দে**। বাব سَمِعَ মাসদার اَلرَّغَدُ মূলবর্ণ (ر ـ غ ـ د) অর্থ- পর্যাপ্ত হওয়া; ঐশ্বর্য হওয়া। আয়াতে مفعول مطلق অথবা حَالٌ হওয়ার কারণে منصوب হয়েছে। مفعول مطلق হওয়ার সময় মূল ইবারত হবে- اَكْلًا رَغَدًا

حَيْثُ : **যেখানে; যে স্থানে**। কালাধিকরণ বা ظَرْف مَكَانْ পেশের উপর মাবনী। অনির্দিষ্ট স্থান যা পরবর্তী বাক্য হতে বুঝা যায়। যখন তার সঙ্গে مَا যুক্ত হয়, তখন شَرْط এবং جَزَاء -এর অর্থ হয়।

شِئْتُمَا : **তোমরা দুজন চেয়েছিলে**। সীগাহ تثنية مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– চাওয়া; ইচ্ছা করা।

لَا تَقْرَبَا : **তোমরা উভয়ে নিকটবর্তী হয়ো না**। সীগাহ تثنية مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبُ ও اَلْقُرْبَانُ অর্থ– নিকটবর্তী হওয়া।

هٰذِهِ الشَّجَرَةَ : এ **বৃক্ষের**। هٰذِهِ ইসমে ইশারা। اَلشَّجَرَةَ বৃক্ষ; একবচন, বহুবচনে اَشْجَارٌ হযরত আদম ও হাওয়াকে যে বৃক্ষের কাছে যেতে নিষেধ করা হয়েছিল। তা কী বৃক্ষ ছিল? সে সম্পর্কে কেউ বলেন, গম, কেউ বলেন আঙ্গুর, আবার কেউ বলেন আঞ্জীর। কুরআন ও হাদীসে এ ব্যাপারে সুনির্দিষ্ট করে কিছুই বলা হয়নি।

فَتَكُوْنَا : **তাহলে তোমরা হয়ে যাবে**। تَكُوْنَا সীগাহ تثنية مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

الظّٰلِمِيْنَ : **অন্যায়কারীগণ; জালিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; অন্যায় করা।

আয়াত : ৩৬

اَزَلَّهُمَا : **তাদের উভয়কে পদস্খলন ঘটিয়েছে**। اَزَلَّ সীগাহ واحد مذكر غائب ; هما যমীর تثنية مذكر غائب মাফউলেবিহী। বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ز ـ ل ـ ل) মাসদার اَلْإِزْلَالُ অর্থ– পদস্খলন ঘটানো; পদস্খলিত করা।

اَلشَّيْطَانُ : **শয়তান**। (সূরা বাক্বারা আয়াত : ৪ দ্র.)

قُلْنَا : **আমরা বললাম**। (সূরা বাক্বারা আয়াত : ১১ দ্র.)

اِهْبِطُوْا : **তোমরা নেমে যাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ، ضَرَبَ মূলবর্ণ (ه ـ ب ـ ط) মাসদার اَلْهُبُوْطُ অর্থ– নিচে অবতরণ করা।

بَعْضُكُمْ : **তোমাদের কেউ**। بَعْضُ মুযাফ; كُمْ যমীর মুযাফ ইলাইহি।

عَدُوٌّ : **শত্রু**। শব্দটি একবচন, বহুবচনে اَعْدَاءٌ ; فَعُوْلٌ -এর ওযনে فَاعِلٌ অর্থে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। কাজী শাওকানী (র.) লিখেছেন যে, عَدُوٌّ এটি صَدِيْقٌ (বন্ধু) -এর বিপরীত। অথবা এটি عَدَا থেকে নির্গত হয়েছে। "ذِئْبٌ عُدْوَانٌ" بِمَعْنٰى ظَلَمَ এমন নেকড়েকে বলা হয় যে মানুষের উপর জুলুম অত্যাচার করে। আর عُدْوَانٌ অর্থ– স্পষ্ট জুলুম করা। কেউ বলেছেন, এটি مُجَاوَزَتٌ তথা সীমালঙ্ঘন থেকে উদ্‌গত। যেমন عَدَاءٌ অর্থ হলো جَاوَزَهُ সীমালঙ্ঘন ও বাড়াবাড়ি করা। উভয় অর্থই কাছাকাছি। কারণ জালিম তো সীমালঙ্ঘনই করে। উল্লেখ্য যে, পবিত্র কুরআনে এ শব্দটির ব্যবহার আল্লাহর জন্যও ব্যবহৃত হয়েছে। তাহলে আল্লাহর শত্রুতা ও বান্দার শত্রুতার মাঝে পার্থক্য কী? কাজী শাওকানী (র.) পার্থক্য বর্ণনা প্রসঙ্গে বলেন– وَالْعَدَاوَةُ مِنَ الْعَبْدِ هِيَ صُدُوْرُ الْمَعَاصِيْ مِنْهُ لِلّٰهِ وَ الْبُغْضُ لِاَوْلِيَاءِهٖ وَ الْعَدَاوَةُ مِنَ اللّٰهِ لِلْعَبْدِ هِيَ تَعْذِيْبُهٗ بِذَنْبِهٖ وَ عَدَمُ التَّجَاوُزِ عَنْهُ بِالْمَغْفِرَةِ (বান্দার আল্লাহর সাথে শত্রুতা হলো তার থেকে গুনাহ সংঘটিত হওয়া এবং আল্লাহর ওলীদের সাথে শত্রুতা পোষণ করা। পক্ষান্তরে বান্দার সাথে আল্লাহর শত্রুতা হলো তার গুনাহের কারণে তাকে শাস্তি দেওয়া এবং তার গুনাহ ক্ষমা না করা।) মিসবাহুল আইনে রয়েছে যে, عَدُوٌّ শব্দের একবচন, বহুবচন, পুং ও স্ত্রী সকলই সমান। কিন্তু কামূসে রয়েছে, কখনো কখনো এর দ্বিবচন, বহুবচন ও স্ত্রীলিঙ্গও আসে। বহুবচনের উদাহরণ হলো– وَيَوْمَ يُحْشَرُ اَعْدَاءُ اللّٰهِ একবচনের উদাহরণ হলো– بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ

عَدُوٌّ দু প্রকার। ১. যা শত্রুতার ইচ্ছার ভিত্তিতে عَدُوٌّ সাব্যস্ত হবে। যেমন– فَاِنْ كَانَ مِنْ قَوْمٍ عَدُوٍّ لَّكُمْ
২. এমন শত্রুতা যার শত্রুতার মধ্যে ইচ্ছার কোনো হস্তক্ষেপ নেই। কিন্তু তা এমন যে, যার ভিত্তিতে তার ঐ রকমই কষ্ট হয় যা শত্রুদের থেকে পৌঁছে। যেমন– فَاِنَّهُمْ عَدُوٌّ لِّيْ اِلَّا رَبَّ الْعٰلَمِيْنَ

مُسْتَقَرٌّ : **অবস্থানস্থল; অবস্থান করা**। এ শব্দটির م টি মাসদারে মিমী হলে অর্থ হবে– অবস্থান করা, আর যরফ হলে অর্থ হবে– অবস্থান স্থল। বাবে اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِسْتِقْرَارُ অর্থ– অবস্থান করা।

مَتَاعٌ : **ভোগের সামগ্রী; ভোগ্য সামগ্রী; যা দ্বারা উপকৃত হওয়া যায় অতঃপর তা ধ্বংস হয়ে যায়।** শব্দটি একবচন, বহুবচনে أَمْتِعَةٌ -

حِيْنٌ : **সময়; কাল।** শব্দটি একবচন, বহুবচনে أَحْيَانٌ কোনো বস্তু পৌঁছা ও অর্জনকে حِيْنٌ বলা হয়। এর অর্থের মধ্যে যে অস্পষ্টতা রয়েছে তা مُضَافُ إِلَيْهِ দ্বারা দূর হয়ে যায়। যেমন- وَلَاتَ حِيْنَ مَنَاصٍ (মুক্তির সময় ছিল না) দেখুন এখানে সময়ের অর্থের মধ্যে যে অস্পষ্টতা ছিল তা মুযাফ ইলাইহি তথা مَنَاصٌ দ্বারা দূর হয়ে গেছে। এটি কয়েকটি অর্থের জন্য ব্যবহৃত হয়। ১. নির্দিষ্ট মেয়াদের অর্থে। যেমন- وَمَتَّعْنٰهُمْ إِلٰى حِيْنٍ (নির্দিষ্ট একটি মেয়াদের জন্য আমি তাদেরকে ভোগ্য-সামগ্রী দিয়েছি।) ২. বছর অর্থে। যেমন- تُؤْتِيْ أُكُلَهَا كُلَّ حِيْنٍ (প্রতি বছর ফল দেয়।) ৩. ঘণ্টা বা মুহূর্তের অর্থে। যেমন- فَسُبْحَانَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ (সকাল সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি।) ৪. অনির্দিষ্ট সময়ের অর্থে। যেমন- هَلْ أَتٰى عَلَى الْإِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ (মানুষের উপর কি কালের কোনো মুহূর্ত এসেছে?)

আয়াত : ৩৭

تَلَقّٰى : **সে শিখেছে; সে অর্জন করেছে।** সীগাহ্ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلتَّلَقِّىْ অর্থ- পাওয়া; লাভ করা; উপলব্ধি করা; সাক্ষাৎ করা; শিক্ষা গ্রহণ করা।

مِنْ رَّبِّهٖ : **তার প্রতিপালক থেকে।**

رَبٌّ : **প্রতিপালক; লালনপালনকারী।** শব্দটি একবচন, বহুবচনে أَرْبَابٌ ; আবার رَبٌّ বাব نَصَرَ -এর মাসদার। প্রতিপালন করা। অতঃপর মুবালাগার জন্য عَدْلٌ -এর ন্যায় وَصْفٌ স্বরূপ ব্যবহার হতে থাকে। আবার কারো কারো মতে بِرٌّ -এর ন্যায় সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন যে, رَبٌّ হলো মাসদার, যা اسم فاعل -এর অর্থে রূপকার্থে ব্যবহৃত হয়। (বিস্তারিত সূরা ফাতিহা ১নং আয়াত দ্রষ্টব্য)

كَلِمٰتٍ : **বাক্যসমূহ।** كَلِمَةٌ -এর বহুবচন। হযরত আদম (আ.) আল্লাহর পক্ষ থেকে কি বাক্যসমূহ প্রাপ্ত হয়েছিলেন সে সম্পর্কে তিনটি মত পাওয়া যায়-

১. তা ছিল দোয়ার বাক্যসমূহ। যেমন- رَبَّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخَاسِرِيْنَ (সুয়ূতী, রাগেব, খাযেন, মাদারেক)

২. হযরত হাসান বসরী (র.) বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো নিম্নোক্ত বাক্যসমূহ। হযরত আদম (আ.) -এর বাণী-
أَلَمْ تَخْلُقْنِيْ بِيَدِكَ أَلَمْ تُسْكِنِّيْ جَنَّتَكَ أَلَمْ تَسْجُدْنِيَ الْمَلٰئِكَةُ أَلَمْ تَسْبِقْ رَحْمَتُكَ غَضَبَكَ أَرَأَيْتَ إِنْ تُبْتُ أَكُنْتَ مُعِيْدِيْ إِلَى الْجَنَّةِ (হে আল্লাহ! তুমি কি আমাকে তোমার কুদরতি হাত দ্বারা সৃষ্টি করনি? তুমি কি আমাকে তোমার জান্নাতে অবস্থান করাওনি? ফেরেশতাগণ কি আমাকে সিজদা করেনি? তোমার অনুগ্রহ কি তোমার গজবের উপর প্রবল নয়? আমি যদি তওবা করি তাহলে কি আমাকে জান্নাতে পুনরায় ফিরিয়ে দেবে না? (আল্লাহ বললেন, হ্যাঁ।) (রাগেব) দুটি বর্ণনার মধ্যে প্রথমটি অধিক গ্রহণযোগ্য এবং অধিকাংশ মুফাসসির সেটিকেই গ্রহণ করেছেন।

৩. তৃতীয় অভিমত হলো كَلِمَاتٌ দ্বারা উদ্দেশ্য হলো ঐ দশটি বিশেষ স্বভাবগত বৈশিষ্ট্য যা হযরত ইবরাহীম (আ.) ও সকল নবীগণকে দান করা হয়েছিল।

تَابَ عَلَيْهِ : **তিনি তার তওবা কবুল করেছেন।** تَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া। তওবা কবুল করা। এটা لَازِمٌ ও مُتَعَدِّىْ উভয়ভাবে ব্যবহৃত হয়। যেমন- تَابَ اللّٰهُ عَلَى الْعَبْدِ (আল্লাহ বান্দার তওবা কবুল করেছেন।) تَابَ الْعَبْدُ (বান্দা তওবা করেছে।) ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا (তারপর আল্লাহ তাদেরকে তওবা করার তৌফিক দান করলেন।) মোটকথা এর صِلَةٌ যদি عَلٰى আসে তখন এটি مُتَعَدِّىْ হবে এবং দয়াশীল হওয়া এবং তওবার তাওফীক দেওয়ার অর্থ হবে। আর عَلٰى ব্যতীত ব্যবহার হলে তখন তা لَازِمٌ হবে এবং অর্থ হবে- তওবা করা। تَوْبَةٌ -এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবী (র.) বলেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ إِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ অর্থাৎ "পাপ কর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা।" তওবা কবুল হওয়ার তিনটি শর্ত। **প্রথম শর্ত** হলো- "أَنْ يَقْلَعَ عَنِ

"اَلْمَعْصِيَةِ" সেই গুনাহ থেকে বেঁচে থাকা। গুনাহ করেই চলেছি এবং সাথে তওবা তওবা করছি এমন হলে চলবে না। সুতরাং গুনাহ সম্পূর্ণ ত্যাগ করেই তওবা করতে হবে। **দ্বিতীয় শর্ত হলো-** "اَنْ يَنْدَمَ عَلَيْهَا" (ঐ গুনাহের কারণে অনুতপ্ত হওয়া।) হায় কি করলাম, এমন দয়ালু আল্লাহর হক নষ্ট করলাম। এভাবে অনুতপ্ত হয়ে মহান আল্লাহর দরবারে কান্নাকাটি করা। তওবার **তৃতীয় শর্ত-** "اَنْ يَعْزِمَ عَزْمًا جَازِمًا اَنْ لَا يَعُوْدَ اِلَيْهَا اَبَدًا" (পরবর্তীতে সেই গুনাহের কাছেও যাবে না বলে দৃঢ় সংকল্প করা।)

اَلتَّوَّابُ : **অধিক তওবা কবুলকারী। মহা ক্ষমাশীল।** تَوْبَةٌ থেকে فَعَّالٌ -এর ওযনে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। বাবে نَصَرَ থেকে ব্যবহৃত হয়।

اَلرَّحِيْمُ : **অতিশয় দয়ালু।** বাব سَمِعَ -এর اَلرَّحْمَةُ অর্থ- মাসদার থেকে মুবালাগার সীগাহ। বহুবচনে رُحَمَاءُ ; শব্দটি আল্লাহ ব্যতীত অন্যের ক্ষেত্রেও ব্যবহার হতে পারে। যেমন রাসূলুল্লাহর জন্যও পবিত্র কুরআনে ব্যবহার হয়েছে। اِنَّهُ بِهِمْ رَؤُوْفٌ رَّحِيْمٌ ; ইবনে মুবারক (র.) বলেন, رَحْمٰنٌ এমন সত্তা যার কাছে চাওয়া হলে তিনি দান করেন, আর رَحِيْمٌ এমন সত্তা যার কাছে চাওয়া না হলে তিনি রাগান্বিত হন।

আয়াত : ৩৮

جَمِيْعًا : **সকলে; সবাই।** বাব فَتَحَ -এর মাসদার اَلْجَمْعُ থেকে مَجْمُوْعٌ অর্থে। جَمِيْعٌ এবং جَمِيْعًا উভয়ভাবে পবিত্র কুরআনে বহু স্থানে এসেছে।

هُدًى : **সৎপথ; সরল পথ।** মাসদার বাব ضَرَبَ এখানে اِسْمُ فَاعِلٍ তথা هَادٍ অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থ- হেদায়েতকারী; পথপ্রদর্শনকারী।

فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ : **আর তাদের কোনো ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না।** اَلْخَوْفُ মাসদার ও ইসম। বাব سَمِعَ - মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ- ভয়; ভীতি; আশঙ্কা।

يَحْزَنُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- চিন্তা করা; দুঃখ করা। حُزْنٌ ও خَوْفٌ -এর মধ্যে পার্থক্য হলো, خَوْفٌ বলা হয় এমন ভয়কে যা কোনো বিপদ আসার পূর্বে হয়ে থাকে। আর حُزْنٌ বলা হয় এমন আশঙ্কাকে যা বিপদ আসার পরে হয়ে থাকে। তাফসীরে বায়যাবীতে রয়েছে- اَلْخَوْفُ عَلَى الْمُتَوَقَّعِ وَالْحُزْنُ عَلَى الْوَاقِعِ আলোচ্য আয়াতে خَوْفٌ ও حُزْنٌ উভয়টিরই নাকচ করা হয়েছে। এর উদ্দেশ্য হলো পরকালে তাদের কোনো অপছন্দনীয় বস্তুর সম্মুখীন হওয়ার আশঙ্কা থাকবে না এবং কোনো পছন্দনীয় বস্তু নিঃশেষ হওয়ার আশঙ্কাও থাকবে না। অথবা কোনো অপছন্দনীয় বিষয় সামনে আসবে না। সেখানে থাকবে শুধু সুখ আর শান্তি।

আয়াত : ৩৯

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; আল্লাহকে অবিশ্বাস করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ- আল্লাহ ও ইসলামকে অস্বীকার করা; কুফরি করা।

وَكَذَّبُوْا بِاٰيٰتِنَا : **আর তারা আমার নিদর্শনসমূহকে অস্বীকার করেছে।** كَذَّبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ- মিথ্যারোপ করা। اٰيَاتٌ বহুবচন অর্থ- নিদর্শনাবলি; একবচনে اٰيَةٌ বিধিবিধান।

اَصْحَابُ : **সাথী; অধিবাসী।** صَاحِبٌ -এর বহুবচন। কখনো কখনো এর অর্থ করা হয় মালিক।

اَلنَّارِ : **অগ্নি; আগুন; জাহান্নাম।** শব্দটি একবচন, বহুবচনে نِيْرَانٌ -

خَالِدُوْنَ : **চিরস্থায়ীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ- চিরস্থায়ী হওয়া।

আয়াত : ৪০

يَا بَنِيْٓ اِسْرَآئِيْلَ : **হে বনী ইসরাঈল।** اِسْرَائِيْلُ শব্দটি عُجْمَة ও عَلَمِيَّتْ -এর ওযনে اِبْرَاهِيْمُ -এর কারণে غَيْرُ مُنْصَرِفٌ ; শব্দটি মূলত ইবরানী ভাষার। اِسْرَا বান্দা, আর اِيْل অর্থ আল্লাহ। যুক্তভাবে অর্থ হবে আল্লাহর বান্দা। হযরত ইয়াকূব (আ.) -এর বারোজন

ছেলে ছিল এবং তাদের বংশ থেকে ইহুদিদের বারটি গোত্র হয়। তাই ইহুদিদেরকে বনী ইসরাইল বলা হয়। অথবা ইসরাইল হযরত ইয়াকূব (আ.) -এর অপর নাম।

اُذْكُرُوْا : তোমরা স্মরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা।

نِعْمَتِىَ : আমার নিয়ামত। শব্দটি একবচন, বহুবচনে نِعَمٌ অর্থ– অনুগ্রহরাজি।

اَنْعَمْتُ عَلَيْكُمْ : আমি তোমাদেরকে অনুগৃহীত করেছি। اَنْعَمْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার اَلْاِنْعَامُ ; পুরস্কৃত করা; উপকার করা।

اَوْفُوْا بِعَهْدِىْ : আমার সাথে তোমাদের অঙ্গীকার পূর্ণ কর। اَوْفُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْاِيْفَاءُ অর্থ– পূর্ণ করা। عَهْدٌ অর্থ– অঙ্গীকার। বহুবচনে اَلْعُهُوْدُ

اُوْفِ بِعَهْدِكُمْ : আমিও তোমাদের সঙ্গে আমার অঙ্গীকার পূর্ণ করব। এখানে আল্লাহর পক্ষ থেকে অঙ্গীকার পূরণ করার অর্থ হলো তাদেরকে উত্তম প্রতিদান দেওয়া। –(বায়যাবী) اُوْفِ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْاِيْفَاءُ অর্থ– পূর্ণ করা। اُوْفِ মূলত اُوْفِىْ ছিল। جَوَابُ اَمْرٍ -এর কারণে مَجْزُوْمٌ হয়েছে। আর হালতে জযমের কারণে ইয়া পড়ে গেছে।

اِيَّاىَ فَارْهَبُوْنِ : তোমরা শুধু আমাকেই ভয় কর। اِيَّاىَ যমীরে منصوب منفصل উহ্য ফে'ল اِرْهَبُوْا -এর مفعول مقدم ; মূল ইবারত اِيَّاىَ اِرْهَبُوْا فَارْهَبُوْنِ -এর ف টি جزاء -এর জন্য। এ বাক্যে শর্তের অর্থও রয়েছে। এর মূল ইবারত হলো– اِنْ كُنْتُمْ رَاهِبِيْنَ شَيْئًا فَارْهَبُوْنِ –(বায়যাবী)

এ ব্যাখ্যার দ্বারা বুঝা গেল যে– اِيَّاىَ فَارْهَبُوْنِ মূলত দুই বাক্য। প্রথমটি হলো اِيَّاىَ اِرْهَبُوْا এবং দ্বিতীয়টি হলো اِنْ كُنْتُمْ رَاهِبِيْنَ شَيْئًا فَارْهَبُوْنِ এ বাক্যে মাফউলকে অগ্রবর্তী ও পুনরাবৃত্তি করা এবং ফে'লকে পুনরায় আনা তিনটি বিষয়ই পাওয়া যায়। مَفْعُوْلٌ -কে অগ্রবর্তী করার দ্বারা তাখসীস সৃষ্টি হয়েছে। فَارْهَبُوْنِ -এর মূল ইবারত (فَارْهَبُوْنِىْ) يَاءُ مُتَكَلِّمٌ যুক্ত। তাখফীফের জন্য يَاءُ مُتَكَلِّمٌ বিলুপ্ত করা হয়েছে। সেদিকে ইঙ্গিত করার জন্য نون وقاية তে যের বাকি রাখা হয়েছে।

اِرْهَبُوْا : তোমরা ভয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ه ـ ب) মাসদার اَلرَّهْبُ، اَلرَّهْبَةُ وَ الرُّهْبُ অর্থ– ভয় করা।

আয়াত : ৪১

اٰمِنُوْا : তোমরা ঈমান আন। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা।

اَنْزَلْتُ : আমি অবতীর্ণ করেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অবতীর্ণ করা; নাজিল করা।

مُصَدِّقًا : প্রত্যয়নকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– প্রত্যয়ন করা; সত্যায়ন করা।

لَا تَكُوْنُوْا : তোমরা হয়ো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া; সংঘটিত হওয়া।

اَوَّلَ كَافِرٍۢ بِهٖ : কুরআনের প্রথম প্রত্যাখ্যানকারী। এর দ্বারা মদিনার ইহুদিরা উদ্দেশ্য। প্রশ্ন হতে পারে, ইহুদিরা তো মদিনার অধিবাসী। এর পূর্বেইতো মক্কায় মুশরিকরা কুরআনকে অস্বীকার করেছে। তাহলে এখানে ইহুদিদেরকে প্রথম অস্বীকারকারী হয়ো না বলার অর্থ কী? উত্তরে বলা যায় যে, বলার উদ্দেশ্য হলো আহলে কিতাবদের মধ্যে তোমরা প্রথম অস্বীকারকারী হয়ো না।

لَا تَشْتَرُوْا : তোমরা ক্রয় করো না; মূল্য গ্রহণ করো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ى) মাসদার اَلْاِشْتِرَاءُ অর্থ- ক্রয় করা; বিক্রয় করা। এটি ক্রয় ও বিক্রয় উভয় অর্থেই ব্যবহার হয়।

اٰيٰتِىْ : আমার নিদর্শন। আমার আহকাম। اٰيٰتِ মুযাফ; ىْ মুযাফ ইলাইহি।

ثَمَنًا قَلِيلًا : **তুচ্ছ মূল্য; স্বল্প মূল্য। অল্প বিনিময়।** দুনিয়ার সামগ্রী যত অধিকই হোক তা আখেরাতের নিয়ামতের তুলনায় নগণ্যই। এক হাদীসে রয়েছে যদি সমগ্র দুনিয়ার মূল্য আল্লাহর নিকট মশা বা মাছির ডানার সমপরিমাণ হতো তাহলে আল্লাহ কাফের মুশরিককে এক ঢোক পানিও পান করাতেন না।

إِيَّايَ فَاتَّقُونِ : **তোমরা আমাকেই ভয় কর।** إِيَّايَ -এর তারকীব ৪০ নং আয়াতের إِيَّايَ فَاتَّقُونِ -এর অনুরূপ হবে। اِتَّقُوا সীগাহ জমع فَارْهَبُونِ -এর অনুরূপ হবে। জমع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ ভয় করা।

আয়াত : ৪২

وَلَا تَلْبِسُوا : **আর তোমরা মিশ্রিত করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضرب মূলবর্ণ (ل ـ ب ـ س) মাসদার اَللَّبْسُ অর্থ– মিশ্রণ করা; মিলিত করা। এর মূল অর্থ হলো কোনো কিছুকে গোপন করা; লুকিয়ে রাখা। এ হিসেবেই মিশ্রণ ও সন্দিহানের অর্থেও ব্যবহৃত হয়। لُبْس -এর ব্যবহার শুধুমাত্র مَعَانِيْ -এর ক্ষেত্রে হয়, ذَوَات ও اَعْيَانْ -এর ক্ষেত্রে হয় না।

اَلْحَقَّ بِالْبَاطِلِ : **সত্যকে মিথ্যার সাথে।** এখানে حَقٌّ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ তা'আলার নাজিলকৃত কালাম এবং بَاطِلٌ অর্থ– ইহুদিদের রচিত কথা। তাওরাতে আল্লাহর কালামের সাথে ইহুদি আলেমরা তাদের মনগড়া কথা জুড়ে দিত। এর থেকে নিষেধ করা হয়েছে।

تَكْتُمُوا : **তোমরা গোপন কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكَتْمُ وَ اَلْكِتْمَانُ অর্থ– লুকানো; গোপন করা।

تَعْلَمُونَ : **তোমরা জান।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৪৩

اَقِيْمُوا : **তোমার কায়েম কর। সঠিক কর; প্রতিষ্ঠা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– দাঁড় করানো; কায়েম করা। উল্লেখ্য, اَقِيْمُوا الصَّلٰوةَ তথা নামাজ কায়েম করা দ্বারা উদ্দেশ্য হলো নামাজের যাবতীয় শর্তাবলি, আদাব ও মুস্তাহাবসমূহের প্রতি লক্ষ্য রেখে নামাজ আদায় করা; শুধুমাত্র বাহ্যিক সুরতে আদায় করাই উদ্দেশ্য নয়।

اٰتُوا : **তোমরা দাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ا ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া।

اَلزَّكٰوةَ : **পবিত্র করা। বৃদ্ধি করা। পবিত্রতা; পরিচ্ছন্নতা; প্রবৃদ্ধি।** শব্দটি تَزْكِيَةٌ থেকে ইসম। আল্লামা যামাখশারী (র.) সূরা কাহফের তাফসীরে লিখেছেন যে, زَكٰوةٌ অর্থ– গুনাহ থেকে পবিত্র হওয়া। আল্লামা নাসিরুদ্দিন লিখেছেন– زَكٰوةٌ অর্থ تَزْكِيَةٌ তথা আত্মশুদ্ধি। শরিয়তের পরিভাষায় زَكٰوةٌ বলা হয় সম্পদের নির্দিষ্ট পরিমাণকে যা গরিব ও অভাবগ্রস্তদের জন্য দেওয়া হয়। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন, মূলত জাকাত এমন প্রবৃদ্ধিকে বলা হয় যা দ্বারা আল্লাহর কাছ থেকে বরকত অর্জন হয়। যা দুনিয়া ও আখেরাত উভয় জগতের সাথে সম্পৃক্ত। যেমন ফসলের বৃদ্ধি ও বরকত হলে বলা হয়– "زَكَا الزَّرْعُ" আল্লাহ তা'আলা বলেন– اَيُّهَا اَزْكٰى طَعَامًا এ আয়াতে ইঙ্গিত করা হয়েছে যে, তা হালাল হবে এবং যা খেলে অজীর্ণ হবে না। এ কারণেই যাকাত বলা হয় এমন বস্তুকে যা মানুষ আল্লাহ তা'আলার হক থেকে দরিদ্রদেরকে দেয়। زَكٰوة নাম এজন্যই হয়েছে যে, তা থেকে বরকত আশা করা হয় অথবা এজন্য যে, তা দ্বারা আত্মশুদ্ধি অর্জিত হয়। অথবা এর মধ্যে উভয় কারণই বিদ্যমান রয়েছে। আল্লাহ তা'আলা পবিত্র কুরআনে জাকাতকে নামাজের সাথেই রেখেছেন। বলেছেন– اَقِيْمُوا الصَّلٰوةَ وَ اٰتُوا الزَّكٰوةَ (তোমরা নামাজ প্রতিষ্ঠাতা কর এবং জাকাত প্রদান কর।) আত্মার পবিত্রতা দ্বারা মানুষ এমন স্তরে পৌঁছে যে, দুনিয়াতে উত্তম গুণের অধিকারী হয় এবং পরকালে ছওয়াবপ্রাপ্ত হয়। تَزْكِيَة -এর নিসবত কখনো বান্দার দিকে করা হয়, কেননা বান্দাই তা অর্জন করে। যেমন– قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰهَا আবার কখনো আল্লাহর দিকে করা হয়। কারণ তিনিই হলেন এর কর্তা। যেমন– بَلِ اللّٰهُ يُزَكِّىْ مَنْ يَّشَاءُ আবার কখনো নবীর দিকে করা হয়। কারণ তিনি হলেন মানুষের আত্মশুদ্ধির মাধ্যম। যেমন– تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا আবার এর নিসবত ইবাদতের দিকে করা হয়। যেমন– وَحَنَانًا مِّنْ لَّدُنَّا وَزَكٰوةً وَّكَانَ تَقِيًّا

اِرْكَعُوْا : **তোমরা রুকূ কর।** সীগাহ **جمع مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার اَلرُّكُوْعُ অর্থ– রুকূ করা; অবনত হওয়া; ঝুঁকে পড়া।

اَلرَّاكِعِيْنَ : **রুকূকারীগণ।** সীগাহ **جمع مذكر** বহছ **اسم فاعل** বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার اَلرُّكُوْعُ অর্থ– রুকূ করা।

আয়াত : ৪৪

اَتَأْمُرُوْنَ النَّاسَ : **তোমরা কি মানুষকে নির্দেশ প্রদান কর?** أ হামযায়ে ইসতিফহাম, যা অস্বীকারের অর্থে হয়েছে। تَأْمُرُوْنَ সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার **الامر** অর্থ– নির্দেশ প্রদান করা। তাফসীরে জালালাইনে রয়েছে, এ আয়াত ইহুদি আলেমদের উদ্দেশ্যে অবতীর্ণ হয়েছে, যারা তাদের মুসলমান আত্মীয়দেরকে বলত, তোমরা মুহাম্মদ ﷺ -এর দীনের উপর অটল থাক, কেননা এটা সত্য ধর্ম। কিন্তু দুনিয়ার স্বার্থের জন্য তারা নিজেরা ঈমান আনত না।

اَلْبِرَّ : **সৎ; ভালো।** এখানে بر দ্বারা উদ্দেশ্য হলো মুহাম্মদ ﷺ ও আল্লাহর উপর ঈমান আনা। –(জালালাইন)

تَنْسَوْنَ : **তোমরা বিস্মৃত হও; তোমরা ভুলে যাও।** সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার النسيان অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

تَتْلُوْنَ : **তোমরা তেলাওয়াত কর;** তোমরা পড়ে থাক। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; অধ্যয়ন করা; পড়া।

اَلْكِتَابَ : **কিতাব; পুস্তক; গ্রন্থ।** লিখা; লিখিত বস্তু; লিখন; চিঠি; আসমানি সহীফা। তাওরাত; ইঞ্জিল; কুরআন। লাওহে মাহফূয। আল্লাহর জ্ঞান। আমলনামা। ফরজসমূহ। আল্লাহপ্রদত্ত স্পষ্ট দলিল। দাসকে মুকাতাব বানানো। পবিত্র কুরআনে কুরআনের বিভিন্ন নাম বর্ণিত হয়েছে। সেগুলো হলো পর্যায়ক্রমে কুরআন, কিতাব, জিকির, তানযীল ও ফুরকান। সর্বপ্রথম নাম হলো কুরআন। যা দ্বারা বুঝানো হয়েছে এটা অধ্যয়নযোগ্য কিতাব। এরপর কুরআনের উদ্দেশ্যের প্রতি সচেতন করার উদ্দেশ্যে বর্ণনাধারায় ষষ্ঠ সূরা তাকভীরে এর নাম ذِكْر বলা হয়েছে। এরপর تَنْزِيْل বলা হয়েছে। অতঃপর সূরা আ'রাফে কিতাব বলা হয়েছে। কেননা আয়াত ও সূরার সংখ্যা এত অধিক হয়েছে যে, তাকে এখন কিতাব বলা যেতে পারে। সর্বশেষ ফুরকান বলা হয়েছে। যা সত্য ও মিথ্যার মাঝে পার্থক্যকারী সাব্যস্ত হয়েছে।

تَعْقِلُوْنَ : **তোমরা বুঝ; তোমরা অনুধাবন কর।** সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব ضرب মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– বুঝা; অনুধাবন করা। عَقْل বলা হয়– مَا بِهِ يَتَمَيَّزُ الْحَسَنُ مِنَ الْقَبِيْحِ ، وَالْخَيْرُ مِنَ الشَّرِّ، وَالْحَقُّ مِنَ الْبَاطِلِ. অর্থাৎ, আক্ল বলা হয় যা দ্বারা সৌন্দর্য-অসৌন্দর্য, ভালো-মন্দ ও সত্য-মিথ্যার মাঝে তারতম্য করা হয়। –(আল মু'জামুল ওয়াসীত) আবার কারো মতে, عَقْل এমন শক্তিকে বলা হয় যা ইলমকে কবুল করার জন্য প্রস্তুত করে। আবার এ শক্তি দ্বারা অর্জিত বস্তুকেও আকল বলা হয়। তাই হযরত আলী (রা.) বলেছেন– اَلْعَقْلُ عَقْلَانِ. مَطْبُوْعٌ وَمَسْمُوْعٌ وَلَا يَنْفَعُ مَسْمُوْعٌ اِذَا لَمْ يَكُ مَطْبُوْعٌ كَمَا لَا يَنْفَعُ ضَوْءُ الشَّمْسِ وَضَوْءُ الْعَيْنِ مَمْنُوْعٌ (আক্ল দু প্রকার। স্বভাবগত আক্ল আর শ্রবণলব্ধ আক্ল। আর স্বভাবগত আক্ল না থাকলে শ্রবণলব্ধ আক্ল কোনো কাজে আসে না, যেমন চোখের দৃষ্টিশক্তি না থাকলে সূর্যের আলো কোনো কাজে আসে না। প্রথম প্রকারের সমর্থনে রয়েছে রাসূল ﷺ -এর বাণী– مَا خَلَقَ اللّٰهُ خَلْقًا اَكْرَمَ عَلَيْهِ مِنَ الْعَقْلِ আর দ্বিতীয় প্রকারের সমর্থনেও হাদীস রয়েছে– مَا كَسَبَ اَحَدٌ شَيْئًا اَفْضَلَ مِنْ عَقْلٍ يَهْدِيْهِ اِلٰى هُدًى اَوْ يَرُدُّهُ عَنْ رَدِيٍّ. উল্লেখ্য পবিত্র কুরআনের যেখানেই عَقْل না হওয়ার কারণে আল্লাহ কাফেরদের নিন্দা করেছেন, সেখানেই দ্বিতীয় অর্থ উদ্দেশ্য। যেমন– وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِيْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَاءً وَّنِدَاءً صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُوْنَ আর যেখানে عَقْل না থাকার কারণে বান্দা থেকে শরিয়তের বিধিবিধান রহিত করা হয়েছে সেখানে প্রথম অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৪৫

اِسْتَعِيْنُوْا : **তোমরা সাহায্য প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব استفعال মূলবর্ণ (ع ـ و ـ ن) মাসদার اَلْاِسْتِعَانَةُ অর্থ– সাহায্য প্রার্থনা করা।

بِالصَّبْرِ وَ الصَّلٰوةِ : **ধৈর্য ও সালাতের মাধ্যমে**। صَبْرٌ মাসদার, বাব ضَرَبَ। মূলবর্ণ (ص ـ ب ـ ر) ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– صَبْرٌ অর্থ হলো জ্ঞান-বুদ্ধি ও শরিয়তের চাহিদা অনুযায়ী নিজের মনকে বিরত রাখা। অথবা জ্ঞান-বুদ্ধি ও শরিয়ত যা থেকে আত্মাকে বিরত রাখা কামনা করে তা থেকে বিরত রাখা। সুতরাং বুঝা গেল صَبْرٌ এমন একটা ব্যাপক অর্থবোধক শব্দ যা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিভিন্ন নামে অভিহিত হতে পারে। যেমন যদি কোনো বিপদ থেকে আত্মাকে বিরত রাখা হয়, তখন তা সবর ব্যতীত অন্য নামে অভিহিত হবে না, এর বিপরীত হলো جَزَعٌ বা ভীতি ও আতঙ্ক। আর যদি এ কাজটি যুদ্ধের ক্ষেত্রে হয় তখন তাকে বলা হবে شَجَاعَتْ বা বীরত্ব, যার বিপরীত হবে جُبْنٌ বা ভীরুতা। তেমনিভাবে যদি এ কাজটি কোনো বিষণ্ণকারী বিপদের ক্ষেত্রে হয় তখন তাকে বলা হবে رَحْبُ الصَّدْر বা অন্তরের প্রশস্ততা, যার বিপরীত হবে ضَجَرٌ বা সঙ্কীর্ণতা। আর যদি কথা আটকে রাখার ক্ষেত্রে হয় তখন তাকে বলা হবে كِتْمَانٌ বা গোপন করা, যার বিপরীত হবে مَذِلٌ বা সংকীর্ণমনা হয়ে প্রকাশ করে দেওয়া। আল্লাহ তা'আলা এ সকল ক্ষেত্রের জন্য صَبْرٌ শব্দ ব্যবহার করেছেন।

اَلصَّلٰوةِ : **সালাত; নামাজ। দোয়া; রহমত**। পবিত্রাবস্থায় কেবলামুখী হয়ে তাকবীরে তাহরীমা, কিয়াম, কেরাত, রুকূ, সিজদা ও শেষ বৈঠক আদায় করার মাধ্যমে সম্পাদিত ইবাদতকে ইসলামি শরিয়তের পরিভাষায় صَلٰوةٌ বলা হয়।

صَلَاةٌ শব্দটি আল্লাহর জন্য ব্যবহৃত হলে তার অর্থ হয়– অনুগ্রহ করা। যেমন– اُولٰٓئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ وَرَحْمَةٌ এদের জন্যই অনুগ্রহ তাদের প্রতিপালকের পক্ষ থেকে। ফেরেশতাদের পক্ষ থেকে صَلٰوةٌ অর্থ হলো দোয়া এবং ক্ষমা প্রার্থনা করা। যেমন– اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِىِّ মূলত : صَلٰوةٌ বা নামাজের মূল বিষয় হলো দোয়া। তাই এ ইবাদতের নাম صلوة রাখা হয়েছে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত ৩ দ্রষ্টব্য।)

لَكَبِيْرَةٌ : **নিশ্চয় তা কঠিন**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ, একবচন। বাব كَرُمَ মাসদার اَلْكِبَرُ وَ الْكَبَارَةُ অর্থ– বড় হওয়া।

اَلْخٰشِعِيْنَ : **বিনীতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخَشْعُ وَ اَلْخُشُوْعُ অর্থ– বিনীত হওয়া।

আয়াত : ৪৬

يَظُنُّوْنَ : **তারা বিশ্বাস রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; বিশ্বাস করা। ইমাম জালালুদ্দীন সুয়ূতি (র.) اَلْاِتْقَانُ فِىْ عُلُوْمِ الْقُرْاٰنِ গ্রন্থে উল্লেখ করেছেন যে, ظَنٌّ -এর প্রকৃত অর্থ হলো প্রবল বিশ্বাস। যেমন আল্লাহর বাণী– اِنْ ظَنَّآ اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ আবার কখনো يَقِيْن অর্থেও ব্যবহৃত হয়। যেমন– اَلَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ পবিত্র কুরআনে ظَنٌّ শব্দটি يَقِيْن ও সন্দেহ উভয় অর্থেই ব্যবহৃত হয়েছে। তবে কোথায় কী অর্থে ব্যবহৃত হয়েছে তা জানার নিয়ম দুটি। **প্রথমত** যেখানে ظَنٌّ -এর প্রশংসা করা হয়েছে এবং তার জন্য ছওয়াবের ওয়াদা করা হয়েছে সেখানে একিনের অর্থ হবে। আর যেখানে তার নিন্দা করা হয়েছে এবং তার জন্য শাস্তির ধমক প্রদান হয়েছে সেখানে সন্দেহ অর্থ উদ্দেশ্য হবে। **দ্বিতীয়ত** যে ظَنٌّ -এর পরে اَنْ خَفِيْفَة হবে সেখানে সন্দেহের অর্থ হবে। যেমন– بَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ ; আর যে ظَنٌّ -এর পরে اَنَّ مُشَدَّدَةٌ আসে সেখানে একিন ও দৃঢ়তার অর্থ হবে। যেমন– اِنِّىْ ظَنَنْتُ اَنِّىْ مُلٰقٍ حِسَابِيَهْ এবং وَظَنَّ اَنَّهُ الْفِرَاقُ। ইবনুল আনবারী বলেছেন, আরবরা ظَنٌّ -কে আবার عِلْم ও شَكٌّ وَ كِذْب বলে থাকে। সুতরাং যদি عِلْم -এর দলিল প্রমাণ অধিক হয় তখন তা يَقِيْن হবে। আর যদি شَكٌّ ও- يَقِيْن উভয়ের দলিল-প্রমাণ সমান সমান হয় তখন ظَنٌّ অর্থ হবে সন্দেহ। আর যদি সন্দেহের দলিল একিনের দলিল থেকে অধিক হয় তখন ظَنٌّ অর্থ হবে মিথ্যা। যেমন আল্লাহ তা'আলা বলেন– اِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ এখানে يَظُنُّوْنَ টি يُكَذِّبُوْنَ অর্থে ব্যবহৃত হয়েছে।

আল্লামা রাগেব ইস্পাহানী (র.) বলেন, চিহ্ন ও আলামত দ্বারা যা অর্জিত হয় তাকে ظَنٌّ বলা হয়। আলামত দৃঢ় ও শক্তিশালী হলে তাকে عِلْم -এর

পর্যায়ে পৌঁছে দেয়। আর যদি নেহায়েত দুর্বল হয় তখন তাকে وَهْم তথা কল্পনা ও সংশয় বলা হয়। মোটকথা অভিধান হিসেবে ظَنّ ইয়াকিন ও সন্দেহের বিপরীত বিশেষ কোনো কিছুকে বুঝার নাম নয়; বরং আলামত, চিহ্ন ও দলিল-প্রমাণ এর ভিত্তিতে মানুষ যা অনুমান করে তাই হলো ظَنّ ; এ হিসেবে ظَنّ টি عِلْم ، يَقِيْن ، شَكّ، وَهْم و كِذْب থেকে ব্যাপক এবং সবগুলোর সাথে সম্পৃক্ত হতে পারে। তিনি আরো বলেন, ظَنّ চার প্রকার-

১. مَحْظُوْر তথা নিষিদ্ধ। যেমন আল্লাহর ব্যাপারে ধারণা পোষণ করা। হযরত জাবের (রা.) থেকে বর্ণিত হাদীসে রয়েছে- لَا يَمُوْتَنَّ أَحَدُكُمْ إِلَّا وَهُوَ يُحْسِنُ الظَّنَّ بِاللهِ হযরত আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত রয়েছে- حُسْنُ الظَّنِّ مِنَ الْعِبَادَةِ (ভালো ধারণা ইবাদতের অন্তর্ভুক্ত।) সুতরাং আল্লাহর ব্যাপারে সুধারণা পোষণ করা ফরজ, আর মন্দ ধারণা পোষণ নিষিদ্ধ বা হারাম।

২. مَامُوْر بِه অর্থাৎ, যার নির্দেশ প্রদান করা হয়েছে। যেমন ন্যায়পরায়ণ সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা এবং সন্দেহের ক্ষেত্রে অনুমান করে কেবলা নির্ধারণ করা; বিরোধের ক্ষেত্রে ধ্বংস হওয়া বস্তুর মূল্য অনুমান করে নির্ধারণ করা। এ ধরনের ক্ষেত্রে শরিয়ত আমাদেরকে অনুমান করে সিদ্ধান্ত দেওয়ার অনুমতি দিয়েছে।

৩. مَنْدُوْب তথা যার প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে কিন্তু তার নির্দেশ প্রদান করা হয়নি। যেমন মুসলমান ভাইয়ের প্রতি সুধারণা পোষণ করা। এ কাজের প্রতি শরিয়ত উদ্বুদ্ধ করেছে এবং ছওয়াবের আশ্বাস প্রদান করা হয়েছে।

৪. مُبَاحٌ তথা বৈধ। যেমন যে ব্যক্তির নামাজে অধিক পরিমাণ সন্দেহ সৃষ্টি হয় তাকে ধারণা ও অনুমান করে আমল করার অনুমতি প্রদান করা হয়েছে। সুতরাং সে প্রবল ধারণার ভিত্তিতে যদি তদনুযায়ী আমল করে তাও জায়েজ আছে আবার যদি নামাজ ভেঙ্গে নতুনভাবে নামাজ পড়ে তাও জায়েজ আছে। দেখুন শরিয়তের অনেকগুলো বিষয় ظَنّ তথা ধারণার উপর চলে। বংশের প্রমাণ, মিরাশ বণ্টন, হদ ও কিসাস জারি করা সবকিছুই ধারণামূলক সংবাদের উপর নির্ভরশীল। এক বা দু চারজন সাক্ষীর সাক্ষ্য দ্বারা ظَنّ -টা একিনে পরিণত হয়ে যায় এবং তাদের সাক্ষীতে মিথ্যার অবকাশ অবশিষ্ট থাকে না। আচ্ছা বলুন তো যায়েদ আমরের পুত্র এটা ظَنّ ব্যতীত চূড়ান্ত একিনের পর্যায়ে কিভাবে পৌঁছাতে পারবেন। এখানে ظَنّ ব্যতীত আর কিইবা প্রমাণ আছে। তথাপি হাদীস অস্বীকারকারীদের এহেন কথা কিভাবে গ্রহণযোগ্য হতে পারে যে, ظَنّ -এর কারণে তারা خَبَر وَاحِدٌ হাদীসের গ্রহণযোগ্যতাকে অস্বীকার করে। কাযী আবূ বকর ইবনুল আরাবী (র.) সঠিক কথাই বলেছেন- هِيَ مَسْئَلَةٌ تَفَرَّقَ بَيْنَ الْغَبِيِّ وَ الْفَطِنِ (এ বিষয়টি মেধাহীন ও মেধাবী চিনার উপায়)।

مُلٰقُوْا رَبِّهِمْ : **স্বীয় প্রতিপালকের সাথে নিশ্চিতভাবে তাদের সাক্ষাৎকার ঘটবে।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْمُلَاقَاةُ উল্লেখ্য مُلٰقُوْا মূলত مُلَاقُوْنَ ছিল। نُوْن টি ইযাফতের কারণে পড়ে গেছে।

رَاجِعُوْنَ : **প্রত্যাবর্তনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرَّجْعُ ও اَلرُّجُوْعُ অর্থ- ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা। يَرْجِعُ শব্দটি مُتَعَدِّى ও لازم উভয়ভাবেই ব্যবহৃত হয়। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৮ দ্রষ্টব্য)

আয়াত : ৪৭

فَضَّلْتُكُمْ : **আমি তোমাদেরকে শ্রেষ্ঠ করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف ; كُمْ যমীর মাফউল। فَضْل -এর অনেক অর্থ রয়েছে। যেমন, শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব। জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য। দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। فَضْل অর্থ আধিক্যের দুই সুরত রয়েছে- ১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন ইলম; জ্ঞান, লজ্জা ইত্যাদির আধিক্য। ২. মন্দ আধিক্য। যেমন ক্রোধ ইত্যাদির আধিক্য। فَضْل শব্দটির অধিক ব্যবহার উত্তম আধিক্যের জন্য হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য ব্যবহার হয় فُضُوْل ; যদিও অভিধান হিসেবে فَضْل শব্দটি উভয় অর্থকে অন্তর্ভুক্ত করে।

فَضْل অর্থ শ্রেষ্ঠত্বের ৩টি সুরত রয়েছে- ১. এক জাতি অপর জাতি থেকে শ্রেষ্ঠ হওয়া। যেমন প্রাণীজাতি অন্য সকল জাতি থেকে শ্রেষ্ঠ হওয়া। ২. এক প্রকার অপর প্রকার থেকে শ্রেষ্ঠ হওয়া। যেমন মানবজাতি প্রাণীকুলের মধ্যে শ্রেষ্ঠ হওয়া। ৩. এক ব্যক্তি অপর ব্যক্তির চেয়ে শ্রেষ্ঠ হওয়া। যেমন যায়েদ খালেদের চেয়ে শ্রেষ্ঠ হওয়া। এক রাসূল অন্য রাসূল

হতে শ্রেষ্ঠ হওয়া। যেমন– মহান আল্লাহর বাণী– تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ (বাক্বারা : ২৫৩) ঐ সমস্ত রাসূলগণ তাদের মধ্যে কাউকে আমি কারো উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি। প্রথম দুই সুরতে নিম্নস্তরেরটি উন্নতি করে তদপেক্ষা শ্রেষ্ঠের কাতারে শামিল হওয়া অসম্ভব। শুধুমাত্র তৃতীয় সুরতের কোনো কোনো ক্ষেত্রে এটা সম্ভব। পবিত্র কুরআনে فَضْل দ্বারা এই তৃতীয় সুরতই উদ্দেশ্য। -(মুফরাদাত)

পবিত্র কুরআনে فَضْل শব্দটি কোথায় কী অর্থে ব্যবহৃত হয়েছে : ৫/৬, অনুগতশীলরা জান্নাতে নবী, শহীদ ও সিদ্দীকীনদের সাথে স্থান পাওয়া। ১৯/ ১৭, হযরত সুলাইমান (আ.) পাখিদের কথা বুঝতে পারা এবং বিশাল সাম্রাজ্যের অধিকারী হওয়া। ২২/১৬, নেক ও সৎকর্মে সকলকে ছাড়িয়ে যাওয়া। ২৫/৪, ঈমানদারগণ জান্নাতে চাহিদা মতো সকল বস্তু পাওয়া। ১/১৩ হেদায়েত; শরিয়ত; ওহী। ৩/১৬, অনুগ্রহ; দান; শরিয়ত; হেদায়েত। ৯/১৮, ক্ষমা; বৈশিষ্ট্য। ১৮/৯, সম্পদ। ২৭/১৯, অনুগ্রহ; দয়া। ২৮/১১, ২/ ১৬, অনুগ্রহ; মৃত্যু পরবর্তী জীবন। ২/১৭, অনুগ্রহ; শান্তি বজায় রাখা। ৪/৭, ক্ষমা। ৪/৮, পুরস্কার; শহীদদের মর্যাদাবৃদ্ধি; ইত্যাদি।

اَلْعٰلَمِيْنَ : **সমগ্র বিশ্ব**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل হালতে জার। একবচনে عَالَمٌ -অর্থ– বিশ্ব, পৃথিবী।

আয়াত : ৪৮

اِتَّقُوْا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার الاتقاء অর্থ– ভয় করা।

لَا تَجْزِىْ : **প্রতিদান দিবে না; কাজে আসবে না**। সীগাহ واحد مونث غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মাসদার اَلْاِجْزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; বদলা দেওয়া।

نَفْسٌ : **আত্মা; ব্যক্তি**। শব্দটি একবচন, বহুবচনে اَنْفُسٌ ও نُفُوْسٌ -

لَا يُقْبَلُ : **গৃহীত হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول منفى বাব سَمِعَ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلْقَبُوْلُ অর্থ– গ্রহণ করা।

شَفَاعَةٌ : **সুপারিশ**। মাসদার, বাব كَرُمَ।

لَا يُؤْخَذُ : **গৃহীত হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول منفى বাব نَصَرَ মাসদার الاخذ। মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– নেওয়া; গ্রহণ করা।

عَدْلٌ : **ফিদিয়া; প্রতিদান; বদলা**। মুক্তিপণ; সৎ ব্যক্তি; সত্য; ইনসাফ; ন্যায়বিচার। নুজহাতুল কুলূবে রয়েছে– عَدْلٌ অর্থ– পণ; মুক্তিপণ; ফিদিয়া। যেমন– وَاِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ لَّا يُؤْخَذْ এবং يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ مِنْهَا (যদি তারা মুক্তিপণ দেয় তবুও তা গ্রহণ করা হবে না।) عَدْل সমতা ও সমান অর্থেও আসে। যেমন– اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا (অথবা সমান তাদের রোজা।) ইমাম রাগেব (র.) লিখেছেন– عَدَالَةٌ ও مُعَادَلَةٌ এমন শব্দ যা সমতার অর্থে ব্যবহৃত হয়। এর ব্যবহার এমন বস্তুর জন্য হয় যা অন্তর্দৃষ্টি দ্বারা উপলব্ধি করা যায়। যেমন বিধিবিধান ইত্যাদি। কুরআনের আয়াত اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا এ অর্থেই ব্যবহৃত হয়েছে। আর عَدْل ও عَدِيْل -এর ব্যবহার এমন বস্তুর জন্য হয়ে থাকে যা অনুভূতিশক্তি দ্বারা অনুধাবন করা যায়। যেমন– ওজন, গণনা ও পরিমাপকৃত বস্তু। মোটকথা عَدْل অর্থ হলো সম্পূর্ণরূপে সমান হওয়া। কুরআনের আয়াত– اِنَّ اللّٰهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْاِحْسَانِ (নিশ্চয় আল্লাহ তা'আলা নির্দেশ প্রদান করছেন ন্যায়বিচার এবং অনুগ্রহ করতে।) এখানে عَدْل দ্বারা উদ্দেশ্য হলো সমান প্রতিদান দেওয়া। সৎকর্মের প্রতিদান সৎকর্ম অনুযায়ী এবং মন্দকর্মের প্রতিদান মন্দের অনুযায়ী। আর اِحْسَانْ অর্থ হলো সৎকর্মের প্রতিদান হবে অধিক আর মন্দকর্মের প্রতিদান হবে কম।

وَلَا هُمْ يُنْصَرُوْنَ : **আর না তারা সাহায্যপ্রাপ্ত হবে**। لَا মুضارع বহছ مضارع مجهول منفى সীগাহ جمع مذكر غائب يُنْصَرُوْنَ বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

আয়াত : ৪৯

نَجَّيْنٰكُمْ : **আমি নিষ্কৃতি দিয়েছি**। نَجَّيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– মুক্তি দেওয়া; নিষ্কৃতি দেওয়া।

آل : **জাতি; গোত্রের লোকজন; পরিবার পরিজন; অনুসারীগণ, বন্ধুবান্ধব।** آلٌ মূলত কী ছিল সে সম্পর্কে মতবিরোধ রয়েছে। কারো মত হলো এটি মূলত أَهْلٌ ছিল। هَاء -কে হামযা দ্বারা পরিবর্তন করার পর দুই হামযা একত্র হওয়ার কারণে দ্বিতীয় হামযাকে আলিফ দ্বারা পরিবর্তন করায় آلٌ হয়ে গেছে। তারা এর تَصْغِيْر বলেন أُهَيْلٌ ; অন্যান্য ওলামায়ে কেরামের মতে آلٌ মূলত أَوْلٌ ছিল। যার অর্থ- প্রত্যাবর্তন করা। ওয়াও -কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে, তাই آلٌ হয়ে গেছে। আর যে ব্যক্তি আত্মীয়তা ও নৈকট্যের কারণে কারো দিকে প্রত্যাবর্তন করে তাকে آلٌ বলা হয়। তারা এর تَصْغِيْر বলেন أُوَيْلٌ ; হাফেজ ইবনে হাজার (র.) বলেন, এ মতটি অধিক গ্রহণযোগ্য হওয়ার একটি কারণ এও যে, آلٌ -এর ইযাফত সম্মানিত ব্যক্তির দিকে হয়। যেমন آلُ الْقَاضِىْ বলা হয়, কিন্তু آلُ الْحَجَّام বলা হয় না। পক্ষান্তরে أَهْلٌ -এর ব্যবহারে এ বিষয়টি লক্ষ্য রাখা হয় না। তাছাড়া অধিকাংশ ক্ষেত্রে آلٌ -এর ইযাফত غَيْرُ ذَوِى الْعُقُوْلِ এবং যমীরের দিকে হয় না। তবে খুবই কম ক্ষেত্রে এর ইযাফত যমীরের দিকে হয়। উল্লেখ্য آلُ فُلَانٍ (অমুকের বংশধর) দ্বারা কখনো শুধুমাত্র آلٌ উদ্দেশ্য হয়, আবার কখনো آلٌ ও فُلَانٌ উভয়ই উদ্দেশ্য হয়। তারও একটি নিয়ম আছে। তা হলো যদি শুধু آلُ فُلَانٍ বলা হয় তখন মুযাফ ইলাইহিও তার অন্তর্ভুক্ত হবে। যেমন হাদীসে রয়েছে রাসূল ﷺ বলেছেন- إِنَّا آلُ مُحَمَّدٍ لَا تَحِلُّ لَنَا الصَّدَقَةُ (আমরা মুহাম্মদের বংশধরদের জন্য সদকা খাওয়া হালাল নয়।) এখানে آلُ مُحَمَّدٍ -এর মধ্যে مُحَمَّدٌ ও অন্তর্ভুক্ত। আর যখন উভয়টিকে একসাথে উল্লেখ করা হয় তখন মুযাফ ইলাইহি এর মধ্যে অন্তর্ভুক্ত হয় না। যেমন اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ এখানে ال محمد শব্দের মধ্যে مُحَمَّدٌ অন্তর্ভুক্ত নয়।

فِرْعَوْنَ : **মিশরা অধিপতি ফেরাউন।** শব্দটি মূলত فَارَاأُوْهُ ছিল। মিশরীয় ভাষায় فَارَا অর্থ ভবন; আর أُوْهُ অর্থ সুউচ্চ; বড়। সুতরাং أُوْه فَارَا অর্থ হলো সুউচ্চ ভবন। এর দ্বারা উদ্দেশ্য ছিল মিশরের বাদশার সত্তা। যেমনিভাবে ওসমানী খেলাফত আমলে بَاب عَالِىْ দ্বারা উদ্দেশ্য হতো স্বয়ং খলিফা। ইউরোপীয় ভাষায়ও فِرْعَوْن শব্দটির প্রয়োগ দেখা যায়। -(ব্রুকসন রচনাবলি)

মূলত ফেরাউন ছিল মিশরের অধিপতিদের উপাধি। হযরত ইউসূফ (আ.)-এর যুগে যে ফেরাউন ছিল তার নাম ছিল আপুফাস। আর হযরত মূসা (আ.) -কে যে ফেরাউন লালনপালন করেছিল তার নাম ছিল রামইস দুয়েম বা রা'মীস। গ্রীক ভাষায় তাকে سوسترس এবং ইবরানী ভাষায় فِرْعَوْنُ التَّسْخِيْر বলা হতো। রামইসের পুত্র মুনফাতার যুগে হযরত মূসা (আ.)-এর আবির্ভাব হয়েছিল, তার সাথেই তার যুদ্ধ হয়েছিল এবং এই ফেরাউনই খ্রিস্টপূর্ব ১৪৯১ সনে নীলনদে ডুবে মরেছিল। -(মু'জামুল কুরআন) كُمْ যমীর جمع مذكر حاضر মাফঊলে বিহী।

يَسُوْمُوْنَكُمْ : **তারা তোমাদেরকে মর্মান্তিক যন্ত্রণা দিত।** مضارع বহছ جمع مذكر غائب সীগাহ يَسُوْمُوْنَ اَلسَّوْمُ মাসদার (س ـ و ـ م) মূলবর্ণ نَصَرَ বাব معروف অর্থ- কষ্ট দেওয়া। كم যমীর মাফঊলেবিহী।

يُذَبِّحُوْنَ : **তারা জবাই করত।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ب ـ ح) মাসদার اَلتَّذْبِيْحُ অর্থ- জবাই করা।

اَبْنَاءَكُمْ : **তোমাদের পুত্রগণকে।** اَبْنَاءُ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি।

يَسْتَحْيُوْنَ : **তারা জীবিত রাখত।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ- জীবিত রাখা।

نِسَاءَ : **নারীগণ; স্ত্রীগণ।** শব্দটি বহুবচন, এর একবচন নিয়মের বিপরীত اِمْرَأَةٌ আসে।

بَلَاءٌ : **পরীক্ষা।** এটি ইসমে মাসদার। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- পরীক্ষা করা; যাছাই করা।

عَظِيْمٌ : **মহান; বড়।** যা عَظْمَةٌ থেকে নির্গত হয়েছে। অর্থ মহান ও বড় হওয়া। এটি فَعِيْلٌ -এর ওযনে সিফাতের সীগাহ। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে উল্লেখ করেছেন যে, عَظُمَ الشَّئُ -এর অর্থ হলো মূলত كَبُرَ عَظْمُهُ অর্থাৎ তার হাড় বড় হয়েছে। তাই عَظِيْم -এর মূল অর্থ হলো বড় হাড়বিশিষ্ট। অতঃপর রূপকার্থে যে কোনো বড় বস্তুর জন্য عَظِيْم শব্দ ব্যবহার হতে শুরু করেছে এবং كَبِيْر -এর স্থলে عَظِيْم ব্যবহার হতে থাকে। চাই বস্তুটি অনুভূত হোক বা জ্ঞানলব্ধ, ذَاتِىْ হোক বা অর্থগত। যেমন

পবিত্র কুরআনে রয়েছে- عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ একটি বড় দিনের শাস্তি। قُلْ هُوَ نَبَأٌ عَظِيْمٌ বলে দিন! এটি একটি বড় সংবাদ। عَمَّ يَتَسَاءَلُوْنَ عَنِ النَّبَإِ الْعَظِيْمِ তারা পরস্পর কী কী বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে? সে মহাসংবাদ বিষয়ে।

আল্লামা যমখশরী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন যে- عَظِيْم ও كَبِيْر -এর মাঝে পার্থক্য হলো এই যে- عَظِيْم হলো حَقِيْر -এর বিপরীতার্থক আর كَبِيْر হলো صَغِيْر -এর বিপরীতার্থক শব্দ। সুতরাং عَظِيْم টি كَبِيْر থেকে উচ্চতর যেমন حَقِيْر টি صَغِيْر থেকে নিম্নতর।

আর তাজুল আরূস গ্রন্থে রয়েছে যে, عَظِيْم হলো كَبِيْر -এর ন্যায় মহান আল্লাহর সিফাত এবং শব্দ দুটি সমার্থবোধক। আর আল্লামা ফখরুদ্দিন রাযী (র.) বলেন- كَبِيْر হলো যা জাতিগতভাবে বড় আর عَظِيْم হলো যাকে অন্যরা বড় মনে করে। এ কারণেই আল্লাহ তা'আলার সিফাতের ক্ষেত্রে عَظِيْم -এর পরিবর্তে كَبِيْر শব্দ অধিক ব্যবহৃত। ইমাম বায়হাকী (র.) اَلْاَسْمَاءُ وَالصِّفَاتُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, عَظِيْم এমন সত্তাকে বলা হয় যার উপর কোনো ধরনের বিধিনিষেধ আরোপ করা হয় না। কারণ عَظِيْمُ الْقَوْمِ বলা হয় তাকে যিনি লোকদের বিষয়াদির মালিক এবং তার বিরুদ্ধাচরণ করার অধিকার কারো নেই। বস্তুত যদিও নেতাদের ক্ষেত্রে এ শব্দটি ব্যবহার হয়ে থাকে তা রূপকার্থে। বাস্তব অর্থে عَظِيْم হলেন আল্লাহ।

আয়াত : ৫০

فَرَقْنَا : আমরা দ্বিধাবিভক্ত করে দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نصر و ضرب মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلْفَرْقُ অর্থ- পার্থক্য করা; বিদীর্ণ করা।

اَلْبَحْرَ : সমুদ্র। এখানে কৃষ্ণসাগর উদ্দেশ্য। শব্দটি একবচন, বহুবচনে اَبْحُرٌ وَ بُحُوْرٌ وَ بِحَارٌ মূলত بَحْرٌ বলা হয় এমন সুপ্রশস্ত স্থানকে যেখানে প্রচুর পানি থাকে। এ কারণেই সমুদ্রকে بَحْرٌ বলা হয়। সমুদ্রে দুটি জিনিস রয়েছে। **এক.** পানির আধিক্য এবং বিশালতা। **দুই.** লবণাক্ততা। এ কারণেই بَحْرٌ শব্দ দ্বারা কখনো বস্তুর প্রাচুর্য, আধিক্য এবং কখনো লাবণ্য অর্থ উদ্দেশ্য হয়।

اَنْجَيْنَاكُمْ : আমি তোমাদেরকে নিষ্কৃতি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ- মুক্তি দেওয়া। كم যমীর মাফঊল।

اَغْرَقْنَا : আমি ডুবিয়ে দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْغَرْقُ অর্থ- ডুবিয়ে দেওয়া।

اٰلَ فِرْعَوْنَ : (এ সূরা বাক্বারা আয়াত : ৪৯ দ্রষ্টব্য)

تَنْظُرُوْنَ : তোমরা প্রত্যক্ষ করছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظَرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৫১

وٰعَدْنَا : আমি অঙ্গীকার করেছি; ওয়াদা করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْمُوَاعَدَةُ অর্থ- অঙ্গীকার করা, ওয়াদা করা।

مُوْسٰى : বিশিষ্ট নবী হযরত মূসা (আ.)। এটি ইসমে মা'রেফা। তিনি বনী ইসরাইলের প্রসিদ্ধ নবী ছিলেন। তাঁর মায়ের নাম ইউহানেছ ও পিতার নাম ইমরান। কথিত আছে যে, ইবরানী ভাষায় مُوْ অর্থ- পানি, আর شى অর্থ- বৃক্ষ। আরবিতে شِيْن -কে سِيْن দ্বারা পরিবর্তন করা হয়েছে। তাই مُوْسٰى হয়ে গেছে। যেহেতু হযরত মূসা (আ.) -কে জন্মের পর কাঠের বাক্সে ভরে পানিতে নিক্ষেপ করা হয়েছিল, এজন্য তাকে مُوْسٰى বলা হয়।

হযরত মূসা (আ.) একজন সম্মানিত নবী ছিলেন। পবিত্র কুরআনে হযরত মূসা (আ.)-এর আলোচনা যত বেশি হয়েছে তত আলোচনা অন্য কোনো নবীর হয়নি। তিনি মিশরের বাদশা ফেরাউনের ঘরে লালিত-পালিত হন। যৌবন কালে তিনি শাসন করতে গিয়ে একজন কিবতিকে ঘুষি মারেন এতে (তাঁর অনিচ্ছায়) সে মারা যায়। তাই তিনি সিরিয়া চলে যান। সেখানে হযরত শোয়াইব (আ.)-এর কন্যাকে বিবাহ করেন। বিবাহের চুক্তি অনুযায়ী তিনি আট বছর হযরত শু'আইব (আ.)-এর ছাগল চরান। মেয়াদ শেষে দেশে ফেরার পথে সিনাই প্রান্তরে তুর

পাহাড়ে অগ্নিশিখা দেখতে পেলেন। আগুন আনতে গেলে সেখানে নবুয়তির সম্মানে ভূষিত হন। তাঁর আবেদনের প্রেক্ষিতে আল্লাহ তা'আলা তাঁর ভাই হারূন (আ.)-কেও পয়গাম্বর বানিয়ে দেন। উভয় ভাই একত্রে ফেরাউনের কাছে দীনের দাওয়াত নিয়ে যান। ফেরাউন অবাধ্যতা করে তাদের দাওয়াত গ্রহণ করা থেকে বিরত থাকে। পরন্ত জাদুকরদেরকে একত্র করল, জাদুকরদের সাথে প্রতিযোগিতা হলো। তাতে জাদুকররা পরাজিত হলো এবং তারা মুসলমান হয়ে গেল। এতে ফেরাউনের শত্রুতার মাত্রা আরো বৃদ্ধি পেয়ে গেল। অতঃপর হযরত মূসা (আ.) বনি ইসরাইলদের সঙ্গে নিয়ে রাতারাতি মিশর ত্যাগের জন্য বেরিয়ে পড়েন। ফেরাউনও তাঁদের পশ্চাদ্ধাবন করে। আল্লাহ তাঁদের জন্য সমুদ্রের মধ্য দিয়ে রাস্তা করে দিলেন। তাঁরা সদলবলে মহাশান্তিতে পার হয়ে গেলেন। ফেরাউন উক্ত সমুদ্রপথে দলবল নিয়ে নেমে পড়ে। আল্লাহ তা'আলা দুই পাশের পানিকে একত্রে করে দিয়ে তাদেরকে সমূলে ধ্বংস করে দেন। বিস্তারিত জানার জন্য ইতিহাসগ্রন্থ দেখা যেতে পারে।

أَرْبَعِيْنَ لَيْلَةً : চল্লিশ রাত্র। ফেরাউনের ধ্বংসের পর যখন তারা মিসরে এলেন তখন আল্লাহ তা'আলা তাওরাত দেওয়ার জন্য মূসা (আ.)-কে তূর পর্বতে ডাকলেন। বললেন, চল্লিশ রাত এখানে অবস্থান করবে এবং সমসংখ্যক দিন রোজা রাখবে। অতঃপর তাওরাত দেওয়া হবে। অবশেষে সময়সীমা পূর্ণ হলে আল্লাহ তা'আলা হযরত মূসা (আ.) -কে তাওরাত দান করেন।

اِتَّخَذْتُمْ : তোমরা বানিয়েছ; তোমরা গ্রহণ করেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل ماضى معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; গ্রহণ করা।

اَلْعِجْلَ : গো-বৎস; বাছুর; গরুর বাচ্চা। আল্লামা মাতরাজি লিখেছেন যে, জন্ম থেকে এক মাস পর্যন্ত গো-বৎসকে عِجْلٌ বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন, عِجْلٌ বাচ্চা গরুকে বলা হয়। এর স্ত্রীলিঙ্গ عِجْلَةٌ এবং বহুবচন عُجُوْلٌ ; ইমাম আবূ মানসূর ছা'আলিবী (র.) লিখেছেন, বয়স হিসেবে গরুর জন্য তিনটি শব্দ ব্যবহৃত হয়। বাচ্চার জন্য عِجْلٌ যুবকের জন্য شُبُوْبٌ এবং কম বয়স্কের জন্য فَارِضٌ -

ظَالِمُوْنَ : জালিমগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম-অত্যাচার করা।

আয়াত : ৫২

عَفَوْنَا : আমি মাফ করে দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ– মাফ করা, ক্ষমা করা।

تَشْكُرُوْنَ : তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন করবে। সীগাহ جمع مذكرحاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা। শুকরিয়া আদায় করা।

আয়াত : ৫৩

اٰتَيْنَا : আমরা দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার الايتاء অর্থ– দেওয়া; দান করা।

اَلْفُرْقَانَ : সত্যকে অসত্য হতে পৃথককারী। মাসদার, বাব نَصَرَ যা فَارِقٌ ইসমে ফায়েলের অর্থে ব্যবহৃত হয়েছে। মূলবর্ণ (ف ـ ر ـ ق) অর্থ বিভক্ত করা ও দ্বিখণ্ডিত করা; পৃথক করা। এখানে فُرْقَانٌ দ্বারা তাওরাত অথবা হযরত মূসা (আ.)-এর মু'জিযাসমূহ উদ্দেশ্য, যা হক ও বাতিলের মাঝে পার্থক্যকারী ছিল।

تَهْتَدُوْنَ : তোমরা হেদায়েতপ্রাপ্ত হও। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِهْتِدَاءُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– হেদায়েতপ্রাপ্ত হওয়া।

আয়াত : ৫৪

ظَلَمْتُمْ : তোমরা জুলুম করেছ। তোমরা অন্যায় করেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; জুলুম করা।

اَنْفُسَكُمْ : তোমাদের আত্মা। اَنْفُسَ মুযাফ; كُمْ যমীর মুযাফ ইলাইহি।

اتِّخَاذِكُمْ : **তোমাদের বানানো।** মাসদার বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) اِتِّخَاذ মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি।

تُوبُوا : **তোমরা তওবা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- তওবা করা; প্রত্যাবর্তন করা।

بَارِئِ : **সৃষ্টিকর্তা; মহান স্রষ্টা।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ر ـ ى) মাসদার اَلْبَرْءُ অর্থ- যথাযথ সৃষ্টি করা।

فَاقْتُلُوا : **অতঃপর তোমরা হত্যা কর।** فَاء হরফে আতফ। اُقْتُلُوا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার القتل। অর্থ- হত্যা করা।

اَنْفُسَكُمْ : **তোমাদের নিজেদের আত্মাকে।** اَنْفُسَ শব্দটি বহুবচন, একবচনে اَلنَّفْسُ অর্থ- আত্মা; প্রাণ। এখানে উদ্দেশ্য হলো যারা গো-বৎসের পূজা করেনি তারা গো-বৎসের পূজাকারীদেরকে হত্যা করবে। -(জালালাইন, বায়যাবী)

خَيْرٌ : **সর্বোত্তম; সর্বশ্রেষ্ঠ।** কল্যাণকর কাজ; যা সকলের কাছে পছন্দনীয়। যেমন জ্ঞান, ন্যায়; অনুগ্রহ ও উপকারী বস্তু। خَيْرٌ -এর বিপরীতার্থক শব্দ شَرٌّ। হলো দু' প্রকার। ১. خَيْر مُطْلَق বা সাধারণ কল্যাণ। যা সর্বাবস্থায় সকলের নিকট পছন্দনীয়। যেমন, জান্নাত। ২. خَيْر مُقَيَّدٌ বা শর্তযুক্ত কল্যাণ। যা একজনের জন্য কল্যাণকর কিন্তু অপরজনের জন্য তা অকল্যাণকর। যেমন সম্পদ। উদাহরণত যায়েদের জন্য তা কল্যাণকর কিন্তু আমরের জন্য তা অকল্যাণকর। এ কারণেই আল্লাহ তা'আলা সম্পদের উভয় গুণ বর্ণনা করেছেন। এক স্থানে বলেছেন- اِنْ تَرَكَ خَيْرًا (যদি কিছু কল্যাণ অর্থাৎ সম্পদ রেখে যায়।) অন্যত্র বলা হয়েছে- اَيَحْسَبُوْنَ اَنَّمَا نُمِدُّهُمْ مِنْ مَّالٍ وَّبَنِيْنَ نُسَارِعُ لَهُمْ فِى الْخَيْرَاتِ بَلْ لَّا يَشْعُرُوْنَ উল্লেখ্য কুরআনের যেখানেই মালের জন্য خَيْر শব্দ ব্যবহার হয়েছে সে সম্পর্কে ওলামায়ে কেরামের মন্তব্য হলো এর দ্বারা ঐ সম্পদ উদ্দেশ্য যা প্রচুর হয় এবং হালাল হওয়ার কারণে তা জমা করা হয়েছে। আবার خَيْر ও شَرّ দুভাবে ব্যবহৃত হয়। এক. ইসম হিসেবে। যেমন- وَلْتَكُنْ مِّنْكُمْ اُمَّةٌ يَّدْعُوْنَ اِلَى الْخَيْرِ দুই. وَصْف হিসেবে। তখন তা ইসমে তাফযীল -এর অর্থে ব্যবহৃত হবে। যেমন- فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى এখানে خَيْر টি اَفْضَل অর্থে ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য যে, خَيْر শব্দটির ব্যবহার কখনো شَرّ -এর বিপরীতে হয়ে থাকে আবার কখনো ضَرّ তথা কষ্ট ও কঠোরতার বিপরীতে হয়ে থাকে। যেমন- وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗ اِلَّا هُوَ ـ وَاِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

اَلتَّوَّابُ : **অধিক তওবা কবুলকারী; অত্যন্ত ক্ষমাশীল।** فَعَّالٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। মাসদার اَلتَّوْبَةُ অর্থ- বাব نَصَرَ এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

رَحِيْمٌ : **পরম দয়ালু।** فَعِيْلٌ -এর ওযনে মুবালাগার সীগাহ। বহুবচনে رُحَمَاءُ ; মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ- অনুগ্রহ করা; দয়া করা। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। তবে অন্যের জন্যও ব্যবহৃত হয়। যেমন নবী করীম ﷺ -এর সম্পর্কে পবিত্র কুরআনে বলা হয়েছে- رَءُوْفٌ رَّحِيْمٌ ; তা ছাড়া رَجُلٌ رَحِيْمٌ ও বলা হয়। ইবনে মুবারক বলেন, رَحْمٰن ঐ সত্তা যখন তার কাছে চাওয়া হয় তখন তিনি দান করেন; আর رَحِيْم ঐ সত্তা যার কাছে না চাইলে তিনি ক্রুদ্ধ হন।

আয়াত : ৫৫

قُلْتُمْ : **তোমরা বলেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

نَرٰى : **আমরা দেখব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ء ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ দেখা; প্রত্যক্ষ করা।

جَهْرَةً : **প্রত্যক্ষভাবে; প্রকাশ্যে।** মাসদার, বাব فَتَحَ । মূলবর্ণ (ج ـ ه ـ ر) অর্থ- প্রকাশ্যে বর্ণনা করা; আওয়াজ উঁচু করা। এখানে جَهْرَةً মাফউলে মুতলাক বা حَالٌ হওয়ার কারণে মানসূব হয়েছে।

طَيِّبٰتِ : **উত্তম জীবিকা; উত্তম বস্তুসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে طَيِّبَةٌ -.

رَزَقْنٰكُمْ : **আমি তোমাদেরকে জীবিকা দিয়েছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى منفى** বাব نَصَرَ মূলবর্ণ (ر . ز . ق) মাসদার اَلرِّزْقُ অর্থ− জীবিকা দান করা। كُمْ যমীর মাফঊলেবিহী।

مَا ظَلَمُوْنَا : **তারা আমার প্রতি কোনো জুলুম করেনি**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **ماضى منفى** বাব ضَرَبَ মূলবর্ণ (ظ . ل . م) মাসদার اَلظُّلْمُ অর্থ− জুলুম বা অত্যাচার করা। نَا যমীর **جمع متكلم** মাফঊলেবিহী।

يَظْلِمُوْنَ : **তারা জুলুম করে**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **مضارع معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ظ . ل . م) মাসদার اَلظُّلْمُ অর্থ− অত্যাচার করা; জুলুম করা।

আয়াত : ৫৮

اُدْخُلُوْا : **তোমরা প্রবেশ কর**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব نَصَرَ মূলবর্ণ (د . خ . ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ− প্রবেশ করা।

اَلْقَرْيَةَ : **জনপদ; গ্রাম**। **শব্দটি** একবচন, বহুবচনে قُرًى ; জনপদটি ছিল বায়তুল মুকাদ্দাস বা আরীহা। −(কুরতুবী)

رَغَدًا : **স্বচ্ছন্দে**। বাব **سمع** মাসদার اَلرَّغَدُ অর্থ− পর্যাপ্ত হওয়া; প্রচুর হওয়া। শব্দটি এখানে **مفعول مطلق** অথবা حَالٌ হওয়ার কারণে মানসূব হয়েছে। মাফঊলে মুতলাক হওয়ার সময় মূল ইবারত হবে− اَكْلًا رَغَدًا

اَلْبَابَ : **দরজা; দ্বার; প্রবেশ পথ**। শব্দটি একবচন, বহুবচনে اَبْوَابٌ

سُجَّدًا : **নতশিরে; ঝুঁকে ঝুঁকে**। এখানে সেজদা দ্বারা উদ্দেশ্য হলো− ঝুঁকা। (জালালাইন, বয়ানুল কুরআন)

حِطَّةٌ : **ক্ষমা চাই; তওবা করছি**। মাসদার, বাব نَصَرَ অর্থ− ক্ষমা করা; হ্রাস করা। মূল ইবারত ছিল এ রকম− مَسْاَلَتُنَا حِطَّةٌ -

نَغْفِرْ لَكُمْ : **আমি তোমাদেরকে ক্ষমা করব**। نَغْفِرْ সীগাহ **جمع متكلم** বহছ **مضارع معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (غ . ف . ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ− ক্ষমা করা। جَوَابِ اَمْرٍ হওয়ার কারণে مَجْزُوْم হয়েছে।

اَلصّٰعِقَةُ : **বিদ্যুৎ, বজ্রাহত**। শব্দটি একবচন, বহুবচন صَوَاعِقُ -

تَنْظُرُوْنَ : **তোমরা দেখছ**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ن . ظ . ر) মাসদার اَلنَّظَرُ দেখা।

আয়াত : ৫৬

بَعَثْنٰكُمْ : **আমি তোমাদেরকে পুনর্জীবিত করেছি**। بَعَثْنَا সীগাহ **جمع متكلم** ; كُمْ যমীর মাফঊলেবিহী। বহছ **ماضى معروف** বাব **فتح** মূলবর্ণ (ب . ع . ث) মাসদার اَلْبَعْثُ অর্থ− পুনরুত্থিত করা।

আয়াত : ৫৭

وَظَلَّلْنَا عَلَيْكُمْ : **আর আমি তোমাদের উপর ছায়া বিস্তার করেছি**। ظَلَّلْنَا সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব تَفْعِيْل মূলবর্ণ (ظ . ل . ل) মাসদার اَلتَّظْلِيْلُ অর্থ− ছায়া বিস্তার করা; ছায়াদান করা।

اَلْغَمَامَ : **মেঘমালা**। শব্দটি বহুবচন, একবচনে غَمَامَةٌ -

اَلْمَنَّ : **মান্না**; শিশির বিন্দুর ন্যায় একপ্রকার সুস্বাদু খাদ্য যা তীহ ময়দানে উদ্ভ্রান্ত বনী ইসরাইলীদের জন্য আল্লাহ তা'আলা গাছ ও পাতার উপর জমিয়ে দিতেন। তাফসীরে ইবনে কাছীরে রয়েছে যে, مَنٌّ দুধ থেকে অধিক সাদা এবং মধু থেকে অধিক মিষ্টি একপ্রকার খাদ্য ছিল, যা সুবহে সাদিক থেকে সূর্য উঠার পূর্ব পর্যন্ত আকাশ থেকে বরফের ন্যায় বর্ষিত হতো।

اَلسَّلْوٰى : **সালওয়া** : একপ্রকার পাখি যা বনী ইসরাঈলগণকে তীহ প্রান্তরে আল্লাহ তা'আলা প্রেরণ করেছিলেন। কামূসে এর একবচন سَلْوٰةٌ লিখা হয়েছে। তবে আখফাশ বলেন, এর একবচন আছে কিনা তা আমি জানি না। সম্ভবত এর একবচন বহুবচনের মতোই।

كُلُوْا : **তোমরা আহার কর**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব نَصَرَ মূলবর্ণ (أ . ك . ل) মাসদার اَلْاَكْلُ অর্থ− খাওয়া; আহার করা। এটি মূলত اُأْكُلُوْا ছিল।

خَطِيْكُمْ : **তোমাদের অপরাধ**। خَطَايَا বহুবচন, একবচনে اَلْخَطِيْئَةُ অর্থ- অপরাধ; গুনাহ। كُمْ যমীর মুযাফ ইলাইহি।

سَنَزِيْدُ : **আমি বৃদ্ধি করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز - ى - د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ- বৃদ্ধি করা। س হলো فعل مضارع -এর আলামত।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح - س - ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- কর্তব্যের চেয়ে অধিক আদায়কারী; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টিকারী। আমলের ক্ষেত্রে اِحْسَانٌ দুভাবে হয়ে থাকে-

১. কাউকে তার অধিকারের চেয়ে অধিক দান করা এবং নিজের অধিকার কম নেওয়া।
২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজের অতিরিক্ত নফলও আদায় করা। যা আবশ্যকীয় নয়; কিন্তু তাতে কিছু না কিছু শরয়ী সৌন্দর্য রয়েছে তাও আদায় করা। -(রাগেব) ইবাদের ক্ষেত্রে اِحْسَانٌ -এর ব্যাখ্যা হাদীস শরীফে এভাবে এসেছে- اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَّمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهٗ يَرَاكَ (আল্লাহর ইবাদত এমনভাবে কর যেন তুমি তাঁকে দেখছ, যদি এরকম না হয় তাহলে অন্তত এমন মনে করবে যে, তিনি তোমাকে দেখছেন।) -(বুখারী) প্রথম অর্থ হিসেবে اِحْسَانٌ -এর মাফউলের উপর بَاءٌ বা اِلٰى আসে। যেমন- اَحْسِنْ اِلٰى زَيْدٍ (যায়েদের সাথে সদাচরণ কর।) وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا (মাতাপিতার সাথে উত্তম আচরণ কর।) আর দ্বিতীয় অর্থ হিসেবে তার মাফউলের উপর কোনো حَرْفُ جَرٍّ আসে না। যেমন- اَحْسِنِ الْوُضُوْءَ -উত্তমরূপে অজু কর। -(কামূস) এ আয়াতে مُحْسِنٌ দ্বারা উদ্দেশ্য হলো مُوَحِّدٌ (একত্ববাদী।)

আয়াত : ৫৯

بَدَّلَ : সে **পরিবর্তন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب - د - ل) অর্থ- পরিবর্তন করা। এক বস্তুকে অপর স্থানে রাখা। تَبْدِيْلٌ শব্দের মাঝে عِوَضٌ-এর তুলনায় অধিক ব্যাপকতা রয়েছে। কারণ عِوَضٌ হলো এক বস্তুর পরিবর্তে অপর বস্তু হওয়া। কিন্তু تَبْدِيْلٌ হলো নিছক পরিবর্তন করা।

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ - ل - م) মাসদার اَلظُّلْمُ অর্থ- জুলুম করা; অত্যাচার করা।

رِجْزًا : **শাস্তি**। কাযী বায়যাবী (র.) লিখেছেন- رِجْزٌ মূলত এমন বস্তুকে বলা হয় যা থেকে মানুষের ঘৃণা জন্মে, رِجْسٌ-ও তদ্রূপ। কিন্তু আল্লামা যমখশরী (র.) বলেন, رِجْسٌ ও رِجْزٌ -এর অর্থ হলো শাস্তি। আবূ তুরাব বলেন, আমি আবুস সামিদ হুসাইনি থেকে শুনেছি যে, তিনি বলতেন- رِجْزٌ ও رِجْسٌ এমন বিপদকে বলা হয় যা মানুষের উপর অবতীর্ণ হয়। শব্দটি মূলত আরবদের প্রবাদবাক্য اِرْتَجَزَتِ السَّمَاءُ بِالرَّعْدِ وَارْتَجَسَتْ (আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে) এ থেকে সংগৃহীত। আর এটা এমন কম্পন যার সাথে সাথে চিৎকারও থাকে। কারণ যার উপর আজাব অবতীর্ণ হয় তার জন্য আবশ্যক যে, সে কেঁপে উঠবে ও চিৎকার করবে।

يَفْسُقُوْنَ : **তারা সত্য ত্যাগ করেছে; তারা নির্দেশ লঙ্ঘন করে; হুকুম অমান্য করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نصر মাসদার الفسق মূলবর্ণ (ف - س - ق) অর্থ- সত্য ত্যাগ করা; হুকুম অমান্য করা।

اِسْتَسْقٰى : **সে পানি প্রার্থনা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (س - ق - ى) মাসদার اَلْاِسْتِسْقَاءُ অর্থ- পানি প্রার্থনা করা।

اِضْرِبْ : **তুমি প্রহার কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض - ر - ب) মাসদার اَلضَّرْبُ অর্থ- মারা; প্রহার করা। মূলত ضَرْبٌ অর্থ কোনো বস্তুকে অপর বস্তুর উপর স্থাপন করা। এর যেহেতু অনেকগুলো সুরত হতে পারে সে

হিসেবে বিভিন্ন অবস্থায় এর বিভিন্ন অর্থ হতে পারে। কোথাও প্রহার করা; বর্ণনা করা; আবার কোথাও ঢেলে দেওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে সে অনুযায়ী এর তরজমা হওয়া আবশ্যক। তবে মূল অর্থের প্রতি লক্ষ্য রাখতে হবে। যেহেতু চলার সময় ভূমিতে পা পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ -এর মধ্যে ضَرَبَ অর্থ হবে— ভূমিতে চলা। কোনো কিছুকে এভাবে বর্ণনা করা যে, তার প্রভাব অন্যের উপর পড়ে তার নাম হলো مَثَلٌ ; তাই যখন ضَرْبُ الْمَثَلِ -এর সাথে ضَرْب ব্যবহার হয় তখন অর্থ হয়— বর্ণনা করা। কুরআনের আয়াত— فَاضْرِبْ لَهُمْ طَرِيْقًا فِى الْبَحْرِ يَبَسًا (তুমি তাদের জন্য সমুদ্রে শুষ্ক রাস্তা তৈরি করে দাও।) এ আয়াতে যেহেতু طَرِيْق (রাস্তা) -কে بَحْر (সমুদ্রের) উপর স্থাপন করা হচ্ছে তাই এখানে اِضْرِبْ অর্থ হবে— তৈরি করা; নির্মাণ করা।

بِعَصَاكَ : **তোমার লাঠি দ্বারা।** عَصَا মুযাফ; كَ যমীর واحد مذكر حاضر মুযাফ ইলাইহি। عَصَا মূলত عَصَوٌ ছিল। কারণ তার দ্বিবচন عَصَوَانِ এবং বহুবচন عُصِىٌّ তবে মিসবাহের মধ্যে রয়েছে যে, এর দ্বিবচন হলো عَصَوَانِ এবং বহুবচন হলো أَعْصٍ ও عِصِىٌّ ; তিনি বলেন, নিয়ম অনুযায়ী এর বহুবচন أَعْصَاءٌ হওয়া উচিত ছিল; কিন্তু এর ব্যবহার পাওয়া যায় না। পক্ষান্তরে কামূসে এর বহুবচন أَعْصَاءٌ ও বর্ণনা করা হয়েছে। সেখানে এর আরো কতিপয় جَمْع বর্ণনা করা হয়েছে। যেমন— أَعْصٍ، أَعْصَاءٌ، عِصِىٌّ و عُصِىٌّ উল্লেখ্য যে, عَصَا -কে عَصَا এজন্য বলা হয় যে, তার উপর হাত ও আঙ্গুলসমূহ উভয়টিই একত্র হয়। আরবদের উক্তি— عَصَوْتُ الْقَوْمَ أَعْصُوْهُمْ থেকে এটি উদ্ভুত। যার অর্থ হলো— লোকদেরকে সমবেত করা; জড় করা। ফিক্‌হুল্লুগাতে রয়েছে যে, লাঠি তিন প্রকার। যা মানুষ সাধারণত হাতে রাখে তাকে مِخْصَرَةٌ (ছড়ি) বলা হয়। যা তার চেয়ে একটু লম্বা হয় এবং রাখাল, লেংড়া লোকেরা এবং বৃদ্ধরা ব্যবহার করে তাকে عَصَا বলা হয়। আর যা অসুস্থ ও দুর্বল লোকেরা ব্যবহার করে তাকে مِنْسَأَةٌ বলা হয়।

اَلْحَجَرَ : **পাথর।** শব্দটি একবচন, বহুবচনে أَحْجَارٌ وَ حِجَارَةٌ ; উল্লেখ্য এখানে পাথর দ্বারা ঐ পাথর উদ্দেশ্য যা হযরত মূসা (আ.)-এর কাপড় নিয়ে দৌড় দিয়েছিল। ঘটনাটি হলো এ রকম যা বুখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে। বনী ইসরাইলের লোকেরা হযরত মূসা (আ.)-এর ব্যাপারে অপবাদ দিয়েছিল যে, তার অর্শ্বরোগ রয়েছে। সে অপবাদ দূর করেছেন আল্লাহ তা'আলা এভাবে যে, একদিন তিনি কাপড় খুলে একটি পাথরের উপর রেখে গোসল করছিলেন। তখন পাথর তার কাপড় নিয়ে দৌড় দিল এবং বনী ইসরাইলের নেতাদের সামনে গিয়ে থামল। যখন কাপড়ের জন্য পাথরের পিছনে দৌড়ে তিনি সেখানে হাজির হলেন তখন নেতারা বুঝতে পারল যে, তাঁর মধ্যে সে রোগ নেই। হযরত ওহাব বলেন যে, এটি কোনো নির্দিষ্ট পাথর ছিল না; বরং হযরত মূসা (আ.) যে পাথরেই লাঠি মারতেন সে পাথর থেকে পানির ঝরনাধারা প্রবাহিত হতো। —(মাযহারী)

فَانْفَجَرَتْ : **এরপর তা প্রবাহিত হলো।** فَاء হরফে আতফ। اِنْفَجَرَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَال মূলবর্ণ (ف ـ ج ـ ر) মাসদার اَلْاِنْفِجَارُ অর্থ— প্রবাহিত হওয়া।

عَيْنًا : **প্রসবণ; ঝরনা।** শব্দটি একবচন, বহুবচন عُيُوْنٌ وَ أَعْيُنٌ এ শব্দটির অনেকগুলো অর্থ রয়েছে, তবে পবিত্র কুরআনে শুধু চোখ ও ঝরনা এ দু অর্থে ব্যবহৃত হয়েছে। ইমাম রাগেবের মতে এর মূল অর্থ চোখ। অন্যান্য অর্থগুলো হলো রূপক। তিনি বলেন, عَيْنٌ অর্থ ঝরনা রাখা হয়েছে চোখের সদৃশতার কারণে। যেভাবে চোখ থেকে অশ্রু প্রবাহিত হয় তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

عَلِمَ : **সে জেনেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ— জানা।

مَشْرَبَ : **পান-স্থান; ঘাট।** ইসমে যরফ; বাবে سَمِعَ মূলবর্ণ (ش ـ ر ـ ب) বহুবচনে مَشَارِبُ -

لَا تَعْثَوْا : **নৈরাজ্য সৃষ্টি করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْعَثْىُ মূলবর্ণ (ع ـ ث ـ ى) অর্থ— দুষ্কৃতি করা; ফ্যাসাদ করা; নৈরাজ্য সৃষ্টি করা।

আয়াত : ৬১

لَنْ نَّصْبِرَ : **আমরা কখনো ধৈর্যধারণ করব না**। সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা।

طَعَامٍ : **খাদ্য; খাবার; আহার্য**। শব্দটি একবচন, বহুবচনে اَطْعِمَةٌ ; এ শব্দটি কখনো ইসম হয়ে اِطْعَامٌ অর্থেও ব্যবহৃত হয়। অর্থাৎ আহার করানো। যেমন وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ এ আয়াতে طَعَامٌ শব্দটি اِطْعَامٌ অর্থে ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য যে, কোনো কোনো ভাষাবিদ, অভিধানবিদ ও তাদের অনুসারীগণ طَعَامٌ অর্থ গম বলেছেন। তবে তাদের এ অর্থের কোনো যুক্তিযুক্ত কারণ খুঁজে পাওয়া যায় না। মূলত তারা صَاعًا مِنْ طَعَامٍ হাদীসের طَعَامٌ শব্দ দ্বারা গম মনে করেছেন। তবে অন্যান্য ইমামগণ বলেছেন যে, এখানেও طَعَامٌ দ্বারা খাদ্যই উদ্দেশ্য। তবে وَطَعَامُ الَّذِيْنَ اُوْتُوا الْكِتَابَ حِلٌّ لَّكُمْ وَطَعَامُكُمْ حِلٌّ لَّهُمْ এ আয়াতে طَعَامٌ দ্বারা আহলে কিতাবদের জবাইকৃত পশু উদ্দেশ্য। ইমাম রাযী (র.) আহকামুল কুরআনে লিখেছেন, হযরত ইবনে আব্বাস, আবুদ্দারদা, হাসান বসরী, মুজাহিদ, ইবরাহীম নাখয়ী ও অধিকাংশ মুফাসসিরগণের মতে এখানে আহলে কিতাবদের জবাইকৃত পশুই উদ্দেশ্য। সুতরাং ইহুদি খ্রিস্টানরা কোনো হালাল পশু জবাই করলে মুসলমানদের জন্য তা খাওয়া বৈধ।

وَاحِدٍ : **এক**। একইরকম। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ ও ضَرَبَ মূলবর্ণ (و ـ ح ـ د) মাসদার اَلْوَحْدُ وَالْوَحْدَةُ অর্থ- এক হওয়া; একা হওয়া।

اُدْعُ : **তুমি প্রার্থনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- প্রার্থনা করা; আহ্বান করা।

يُخْرِجْ : **সে বের করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা।

تُنْبِتُ الْاَرْضُ : **ভূমি উৎপন্ন করে**। تُنْبِتُ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ- উৎপন্ন করা।

بَقْلِ : **তরকারি; সবজি**। শব্দটি একবচন, বহুবচনে بُقُوْلٌ -

قِثَّاءِ : **কাঁকুড়**। শব্দটি বহুবচন, একবচনে قِثَّاءَةٌ -

فُوْمِ : **গম**। শব্দটি একবচন, বহুবচনে فُوْمَانٌ -

عَدَسِ : **ডাল; মসুর ডাল**। শব্দটি বহুবচন, একবচনে عَدَسَةٌ -

بَصَلِ : **পিঁয়াজ**। উপরে বর্ণিত সকল هَا যমীরের مَرْجِعْ হলো اَلْاَرْضُ -

تَسْتَبْدِلُوْنَ : **তোমরা পরিবর্তন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلْاِسْتِبْدَالُ অর্থ- পরিবর্তন করা।

اَدْنٰى : **নিকৃষ্টতর বস্তু**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نصر মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ- নিকটবর্তী হওয়া। دَنِيٌّ নিকৃষ্ট হওয়া। اَدْنٰى শব্দটি যখন اَكْبَرُ -এর বিপরীতে আসে তখন অর্থ হবে اَصْغَرُ খুবই কম। অর্থাৎ অন্যের তুলনায় খুবই ছোট বা কম। যেমন- وَلَا اَدْنٰى مِنْ ذٰلِكَ وَلَا اَكْثَرُ (ওটা হতে কমও নয় বেশিও নয়।) আর যখন خَيْرٌ -এর বিপরীতে আসে তখন اَرْذَلُ অর্থাৎ কম মর্যাদার অর্থে ব্যবহার হয়। যেমন- اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ (তোমরা কি উত্তমের বিপরীতে নিম্নমানেরটা নিতে চাও।) আর যখন اَقْصٰى বা দূরবর্তীর বিপরীতে আসে তখন اَدْنٰى তথা নিকটের অর্থে হবে। যেমন- ذٰلِكَ اَدْنٰى اَنْ يُّعْرَفْنَ (পরিচয়ের জন্য এটা অতি নিকটে।)

اِهْبِطُوْا : **তোমরা অবতরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ وَ ضَرَبَ মূলবর্ণ (ه ـ ب ـ ط) মাসদার اَلْهُبُوْطُ অর্থ- অবতরণ করা; নামা।

مِصْرًا : **শহরে। যে কোনো শহর**। অধিকাংশ মুফাসসিরের মতে মিশর দেশ উদ্দেশ্য। আল্লামা বাগভী এর মতে যদি বিশেষ কোনো নির্দিষ্ট শহর উদ্দেশ্য হতো তাহলে نَكِرَةٌ হিসেবে বর্ণিত হতো না। -(মা'আলিম) ইমাম রাগেব (র.) বলেন, যেহেতু শব্দটি خَفِيْف (তথা তিন অক্ষরবিশিষ্ট যার মধ্যের অক্ষর সাকিন) তাই বিশেষ শহর উদ্দেশ্য হওয়া

সত্ত্বেও نَكِرَة আনা হয়েছে। -(মুফরাদাত) তিনি আরো বলেন, যে শহরের সীমা আছে তাকে مِصْرٌ বলা হয়। مِصْرٌ অর্থ- সীমা। যেমন কবির পঙক্তি-

وَجَاعَلَ الشَّمْسَ مِصْرًا اِلَّا خَفَاءَ بِهٖ
بَيْنَ النَّهَارِ وَ بَيْنَ اللَّيْلِ قَدْ فَصَّلَا

(রাত ও দিনের মাঝে আল্লাহ তা'আলা সূর্যকে স্পষ্ট সীমানা নির্মাণকারী বানিয়েছেন।)

ضُرِبَتْ عَلَيْهِمْ : **তাদের উপর আরোপ করা হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى ضُرِبَتْ বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার معروف اَلضَّرْبُ অর্থ- প্রহার করা; ছাপ দেওয়া।

اَلذِّلَّةُ : **অপদস্থতা; লাঞ্ছনা**। মাসদার, বাব ضَرَبَ।

اَلْمَسْكَنَةُ : **দারিদ্র্য; মুখাপেক্ষিতা**। ইসমে মাসদার।

بَاءُوْ بِغَضَبٍ : بَاءُوْا **তারা ক্রোধের পাত্র হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ و ـ ء) মাসদার اَلْبَوْءُ ; غَضَبٌ (ভীষণ ক্রোধ।) اِسْمُ فِعْلٍ অর্থ- অধিক ক্রুদ্ধ হওয়া; প্রতিশোধের জন্য অন্তরের রক্ত উত্তেজিত হয়ে ঘাড়ের ধমনী স্ফীত হওয়া এবং চক্ষু রক্তবর্ণ হওয়া। তবে আল্লাহর ক্ষেত্রে غَضَبٌ অর্থ হবে ভীষণ শাস্তি দেওয়া। -(মুফরাদাত, বায়যাভী)

كَانُوْا يَكْفُرُوْنَ : **তারা কুফরি করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ- অস্বীকার করা; কুফরি করা।

يَقْتُلُوْنَ : **তারা হত্যা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ- হত্যা করা।

اَلنَّبِيِّيْنَ : **নবীগণ**। সিফাতে মুশাব্বাহ, মারেফা মানসূব এবং মাজরূর। শব্দটি বহুবচন, একবচনে اَلنَّبِىُّ -

غَيْر : **নহে; ছাড়া; ব্যতীত**। غَيْر শব্দটি কুরআন মাজীদে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে এবং ১১৩ বার এসেছে। পবিত্র কুরআনে غَيْر -এর ব্যবহার চারভাবে করা হয়েছে। ১. نَفِى (না-বাচক) -এর অর্থে। যেমন- بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ (কাসাস : ৫০) (আল্লাহর পক্ষ হতে হেদায়েত না হওয়ার ক্ষেত্রে।) যেমন- وَهُوَ فِى الْخِصَامِ غَيْرُ مُبِيْنٍ (বিতর্কে সে স্পষ্ট বলতে পারে না।) -(যুখরুফ : ১৮) ২. لا -এর মতো اِسْتِثْنَاء (বাদ দেওয়া) -এর জন্য। যেমন- مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِىْ (আমি ব্যতীত তোমাদের অন্য কোনো ইলাহ আছে জানি না।) (কাসাস : ৩৮) ৩. মূল বস্তুকে রেখে শুধুমাত্র বাহ্যিক আকৃতি দূর করা। যেমন- كُلَّمَا نَضِجَتْ جُلُوْدُهُمْ بَدَّلْنٰهُمْ جُلُوْدًا غَيْرَهَا (তাদের চামড়া যখন জ্বলে যাবে তখন আল্লাহ তার চামড়ার রূপ পরিবর্তন করে দেবেন।) -(নিসা : ৫৬) এখানে চামড়া একই থাকবে, রূপ পরিবর্তন হবে মাত্র। ৪. আসল বস্তু এবং তার রূপ উভয়কে দূর করা অর্থাৎ, কোনো বস্তু স্থাপন করা। যেমন- بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ غَيْرَ الْحَقِّ (তোমরা আল্লাহর প্রতি নাহক কথা বলছ।) -(আন'আম ৯৩) (বিস্তারিত সূরা ফাতিহা ৭নং আয়াত দ্রষ্টব্য)

عَصَوْا : **তারা অবাধ্যতা করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ وَ الْمَعْصِيَةُ ; عَصَوْا মূলত عَصَيُوْا ছিল। হরকতবিশিষ্ট يَاء -এর পূর্বের অক্ষরে যবর থাকায় يَاء -কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে। এবার দুই সাকিন একত্র হওয়ায় আলিফ বিলুপ্ত হয়ে যায়। ফলে عَصَوْا হয়।

كَانُوْا يَعْتَدُوْنَ : **তারা সীমালঙ্ঘন করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ- সীমালঙ্ঘন করা।

আয়াত : ৬২

هَادُوْا : **তারা ইহুদি হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْهَوْدُ ইহুদি হওয়া। হযরত মূসা (আ.)-এর অনুসারীদেরকে ইহুদি বলা হয়।

اَلنَّصٰرٰى : **নাসারা; খ্রিস্টান**। হযরত ঈসা (আ.)-এর অনুসারীদেরকে নাসারা বলা হয়। শব্দটি বহুবচন, একবচনে نَصْرَانٌ বা نَصْرَانِىٌّ -

اَلصّٰبِئِيْنَ : **ধর্মত্যাগীগণ**। صَابِئٌ -এর বহুবচন। কারো কারো মতে صِبَاءٌ -এর বহুবচন। যারা শব্দটিকে مَهْمُوْز পড়েন তারা বলেন, এটি صِبَاتُ النُّجُوْمِ থেকে উদ্‌গত হয়েছে। যার অর্থ হলো সূর্য উদয় হওয়া। আর যারা مَهْمُوْز পড়েন না তারা বলেন, এটি صَبَا يَصْبُوْ থেকে বের হয়েছে। যার অর্থ- ঝুঁকে

পড়া; আকৃষ্ট হওয়া। শাব্দিক অর্থ হলো- এক ধর্ম থেকে বের হয়ে ভিন্ন ধর্মের প্রতি আকৃষ্ট হওয়া। এ কারণেই যখন কোনো ব্যক্তি ইসলাম গ্রহণ করত তখন আরবের লোকেরা বলত- قَدْ صَبَأَ (সে ধর্মান্তরিত হয়েছে।) এ সম্প্রদায়ের লোকেরা ইহুদি নাসারাদের ধর্ম থেকে ফিরে গিয়ে তারকা পূজায় লিপ্ত হয়েছিল বলে এদেরকে صَابِئْ বলা হয়। সাইয়েদ সুলায়মান নদভী (র.) বলেন, মূলত صَبَا ইবরানি ভাষায় صَبَغَ-এর সমার্থক শব্দ। আবার আরবিতে صَبَغَ - صَبَغَ-এর সমার্থক শব্দ। যা থেকে আরবিতে اصطباغ গঠিত হয়েছে। যার মূল অর্থ হলো গোসল করা ও ধৌত করা। যেহেতু এ ধর্মের লোকেরা ধর্মীয়ভাবে দিনে কয়েকবার গোসল করে তাই এদেরকে صَابِئْ বলা হয়। এদের কেন্দ্রভূমি ছিল হাররান, যেখানে হযরত ইবরাহীম (আ.) জন্মগ্রহণ করেছিলেন অথবা তারা ইরাক থেকে এখানে এসেছিল। এরা দু দলে বিভক্ত হয়েছিল। একদল যারা হযরত ইবরাহীম (আ.)-এর অনুসারী ছিল, অপরদল মুশরিক ছিল। পবিত্র কুরআনে উভয় দৃষ্টিকোণ থেকেই এদের বর্ণনা এসেছে।

হযরত ওমর (রা.) এবং হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, صَابِئِيْن আহলে কিতাবদের একটি গোত্র। হযরত কাতাদাহ (রা.) থেকে বর্ণিত আছে, صَابِئِيْن বলা হয় যারা ফেরেশতাদের ইবাদত করে যাবূর কিতাব পাঠ করে এবং কেবলামুখী হয়ে নামাজ আদায় করে। -(মাযহারী)

اٰمَنَ : সে ঈমান এনেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনয়ন করা।

عَمِلَ : সে আমল করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, عَمَلْ এমন কাজকে বলে যা কোনো প্রাণী থেকে ইচ্ছায় সম্পন্ন হয়। এটা فِعْل থেকে খাস। কেননা فِعْل-এর নিসবত কখনো প্রাণী এবং জড় পদার্থ উভয়ের দিকেই হয়। কিন্তু عَمَلْ-এর নিসবত ঐ সমস্ত বস্তুর প্রতি খুবই কম হয়। জীবজন্তুর জন্য এর ব্যবহার শুধুমাত্র হালের বলদের জন্য হয়। তাছাড়া عَمَلْ ভালো মন্দ উভয়ের জন্য হয়ে থাকে।

صَالِحًا : সৎ; ভালো; উত্তম। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ و فَتَحَ و كَرُمَ মাসদার الصلاح মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ- সৎ হওয়া। শব্দটি একবচন, বহুবচনে صُلَحَاءُ ইমাম রাগেব (র.) বলেন, اَلصَّلَاحُ (অর্থ- সংশোধন) এর বিপরীত হলো فَسَادْ (ধ্বংস)। এ উভয়টিই সাধারণত ফে'লের সাথে ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে صَلَاح শব্দটি কোথাও فَسَادْ-এর মোকাবিলায় আবার কোথাও سيئة-এর মোকাবিলায় আনা হয়েছে। যেমন خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ سَيِّئًا - (তারা সৎকর্মের সঙ্গে মন্দ কর্ম মিলিয়ে দিয়েছে) এবং لَا تُفْسِدُوْا فِى الْاَرْضِ بَعْدَ اِصْلَاحِهَا (সংস্কারের পর পৃথিবীতে কোনো মন্দ কাজ করো না।)

اَجْرٌ : বিনিময়; পারিশ্রমিক। একবচন, বহুবচনে اُجُوْرٌ -

خَوْفٌ : ভয়; ভীতি। মাসদার, বাব سَمِعَ এর আরো মাসদার হলো اَلْخِيْفَةُ وَ الْمَخِيْفَةُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ- ভয় পাওয়া।

لَا يَحْزَنُوْنَ : তারা বিষণ্ণ হবে না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- বিষণ্ণ হওয়া।

আয়াত : ৬৩

اَخَذْنَا : আমি নিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; গ্রহণ করা।

مِيْثَاقَ : অঙ্গীকার; প্রতিশ্রুতি। শব্দটি একবচন, বহুবচনে مَوَاثِيْقُ মূলবর্ণ (و ـ ث ـ ق)

رَفَعْنَا : আমি উত্তোলন করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ- উত্তোলন করা।

فَوْقَكُمْ : তোমাদের উপর। فَوْقَ যরফে মাকান। যা বিভিন্ন অর্থের জন্য ব্যবহৃত হয়। ১. উপর; উঁচু। যেমন- رَفَعْنَا فَوْقَكُمُ الطُّوْرَ (আমি তাদের উপর তুর পাহাড় উঠিয়েছি) ২. মর্যাদায় শ্রেষ্ঠত্ব। যেমন- وَرَفَعْنَا بَعْضَهُمْ فَوْقَ بَعْضٍ (তোমাদের পরস্পরকে পরস্পরের উপর শ্রেষ্ঠ করেছি) ৩. প্রবলতা ও শ্রেষ্ঠত্বের দিক থেকে উচ্চতা। যেমন- وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ (তিনি বান্দাদের উপর প্রবল ক্ষমতার

অধিকারী) ৪. দৈহিকভাবে বড় বা ছোট হওয়া। যেমন- بَعُوضَةً فَمَا فَوْقَهَا (মাছি বা তার চেয়ে বড় বস্তু। যেমন মাকড়সা। বা ছোট বস্তু, যেমন মাছির পা।) (৫) তুচ্ছতা ও অপদস্থতা। যেমন- بَعُوضَةً فَمَا فَوْقَهَا (মাছি বা তদপেক্ষা তুচ্ছ বস্তু।) ৬. সংখ্যায় আধিক্য। যেমন- فَإِنْ كُنَّ نِسَاءً فَوْقَ اثْنَتَيْنِ (যদি তারা হয় দুজনের অধিক)।

اَلطُّورُ : **পর্বত; পাহাড়**। সিনাই পর্বতের নাম। আরবিতে طور অর্থ- পাহাড়। সুবিখ্যাত ভূগোল গ্রন্থ "مُعْجَمُ الْبُلْدَانِ" এ রয়েছে যে- وَالطُّورُ فِىْ كَلَامِ الْعَرَبِ- اَلْجَبَلُ وَقَالَ بَعْضُ اَهْلِ اللُّغَةِ لَا يُسَمَّى طُوْرًا حَتّٰى يَكُوْنَ ذَا شَجَرٍ وَلَا يُقَالُ لِلْاَجْرَدِ طُوْرٌ (ج ٦، ص ٦٧) (আরবি ভাষায় طُوْر পাহাড়কে বলা হয়। তবে কতিপয় ভাষাবিদগণ বর্ণনা করেছেন, যে পাহাড়ে বৃক্ষ না থাকে তাকে طُوْر বলা হবে না। তাই বৃক্ষ, লতাপাতাহীন খালি পাহাড়কে طُوْر বলা হয় না।) ইবনে জারীর, আবূ হাতেম, ইবনে মারদভিয়া প্রমুখ হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এ পার্থক্য বর্ণনা করে বলেছেন- اَلطُّوْرُ مَا اَنْبَتَ مِنَ الْجِبَالِ وَمَا لَمْ يُنْبِتْ فَلَيْسَ بِطُوْرٍ (যাতে গাছপালা জন্মায় তা হলো পাহাড়, আর যাতে গাছপালা জন্মায় না তা পাহাড় নয়।) পবিত্র কুরআনে طُوْر -এর ব্যবহার এক নির্দিষ্ট পাহাড়ের জন্য করা হয়েছে। কারণ اَلطُّوْرُ -এর اَلِفْ ও لَامْ নির্দিষ্টতা বুঝানোর জন্য অর্থাৎ যে পাহাড়টি মিশর ও মাদায়েনের মাঝে বিদ্যমান এবং যে পাহাড়ে হযরত মূসা (আ.)-কে আল্লাহ তাঁর তাজাল্লি প্রকাশ করেছিলেন এবং এ পাহাড়েই তার সাথে নির্জনে কথাবার্তা বলেছিলেন। এ পাহাড়ে তিনি আল্লাহ তা'আলার সাথে গোপন কথাবার্তার জন্য চল্লিশ দিন ছিলেন এবং এ পাহাড়েই তাঁকে তাওরাত কিতাবের কাষ্ঠফলকগুলো দিয়ে তাঁর সম্মান বৃদ্ধি করেছিলেন। এ পাহাড়কেই হযরত জিবরাঈল (আ.) উঠিয়ে বনী ইসরাঈলের মাথার উপর ধরেছিলেন। কুরআনের বিভিন্ন স্থানে এ ঘটনাসমূহের বিস্তারিত বর্ণনা রয়েছে। ইয়াকূত রুমী طُوْر পাহাড় সম্পর্কে নিম্নোক্ত পাহাড়গুলোর কথা বলেছেন- ১. কতিপয় আলেম বলেন, طُوْر হলো ঐ পাহাড় যা নাবলুসের উপর সুউচ্চ। সামারা গোত্র এতে হজ করত এবং ইহুদিরা একে ভীষণ সম্মান প্রদর্শন করত। ইহুদিদের ধারণায় এ পাহাড়েই হযরত ইবরাহীম (আ.)-কে হযরত ইসমাঈল (আ.)-কে কুরবানির নির্দেশ প্রদান করা হয়েছিল। ২. মিশরের নিকটবর্তী মাদইয়ান নামক স্থানের পাহাড় যা তুর পাহাড় নামে পরিচিত। এটি সৎ ও নেককার ব্যক্তিদের বাসস্থান। এ পাহাড়ের মাটিকে কোনোভাবে ভাঙ্গলেই তার উপর 'আতীক' বৃক্ষের প্রতিচ্ছবি ফুটে উঠে। ৩. মিশরের উপরিভাগের একটি জনপদের নিকটবর্তী তূর নামক একটি পাহাড়কে তূর বলা হয়। **নামকরণের কারণ :** হযরত ইসমাঈল (আ.)-এর পুত্র بِطُوْرِ بْنِ اِسْمَاعِيْلَ -এর নামানুসারে এর নাম হয় তূর পাহাড়। بَاء উচ্চারণে ভারি হওয়ায় তা বিলুপ্ত হয়ে যায়। শুধু তাই নয় বরং পূর্ণ শাম দেশই طُوْر নামে অভিহিত ছিল।

خُذُوْا : **তোমরা গ্রহণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ . خ . ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; গ্রহণ করা।

مَا اٰتَيْنٰكُمْ : **আমি তোমাদেরকে যা দিলাম**। مَا মাউসূলাহ। اٰتَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ . ت . ى) জিনসে لَفِيْف مَفْرُوْق মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা, আগমন করা। এর সেলা بَا এলে অর্থ হয়- নিয়ে আসা।

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ . ك . ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা।

تَتَّقُوْنَ : **তোমরা ভয় কর। তোমরা সতর্ক হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- সতর্ক হওয়া; ভয় করা।

আয়াত : ৬৪

تَوَلَّيْتُمْ : **তোমরা মুখ ফিরিয়ে নিয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و . ل . ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া।

فَضْلُ : **এর অনেক অর্থ রয়েছে**। যেমন, শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব; জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য; দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। فَضْل অর্থ আধিক্যের দুই সুরত রয়েছে- ১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন ইলম; জ্ঞান, লজ্জা ইত্যাদির আধিক্য। ২. মন্দ

আধিক্য। যেমন– ক্রোধ ইত্যাদির আধিক্য। فَضْل শব্দটির অধিক ব্যবহার উত্তম আধিক্যের জন্য হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য ব্যবহার হয় فُضُوْل যদিও অভিধান হিসেবে فَضْل শব্দটি উভয় অর্থকে অন্তর্ভুক্ত। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৪৭ দ্র.)

رَحْمَتُه : **তার অনুগ্রহ**। মাসদার اَلرَّحْمَةُ বাব سَمِعَ। মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– দয়া, অনুগ্রহ رَحْمَةٌ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি।

اَلْخَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سمع মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخَسْرُ ও اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৬৫

اِعْتَدَوْا : **তারা সীমালঙ্ঘন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালঙ্ঘন করা।

قِرَدَةً : **বানর**। শব্দটি বহুবচন, একবচনে قِرْدٌ

اَلسَّبْتِ : **শনিবার দিন**। শব্দটি একবচন, বহুবচনে سُبُوْتٌ ও اَسْبُتٌ আল্লামা যমখশারী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন سبت মাসদার। سَبَتَتِ الْيَهُوْدُ অর্থ হলো– ইহুদিরা শনিবারকে সম্মান করেছে। এ দিনকে শনিবার নামকরণের কারণ সম্পর্কে ভাষাবিদগণের বিভিন্ন উক্তি রয়েছে। আবূ উবাইদা বলেন– اِنَّمَا سُمِّيَ سَبْتًا لِاَنَّهُ سَبَتَ فِيْهِ خَلْقُ كُلِّ شَيْءٍ وَعَمَلُهُ (এ দিনের নাম এজন্য سَبْت রাখা হয় কারণ এ দিন পৃথিবীর সকল কিছুর সৃষ্টির কাজ বন্ধ বা সম্পন্ন হয়েছিল, سَبْت অর্থ ছিন্ন করা; বন্ধ করা) ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন– আল্লাহ তা'আলা পৃথিবী সৃষ্টির কাজের সূচনা করেছিলেন রবিবার দিন এবং সমাপ্ত করেছিলেন শনিবার দিন। سَبْت অর্থ قَطْع বা ছিন্ন করা; বন্ধ করা। তাই এ দিনের নাম سَبْت হয়েছে। আল্লামা মুরতাজা যুবাইদি লিখেছেন– আল্লাহ তা'আলা এ দিন পৃথিবী সৃষ্টির সূচনা করে ভূ-খণ্ডের একাংশ সমাপ্ত করেছিলেন। এবং বনি ইসরাঈলদেরকে এ দিন কাজ-কর্ম বন্ধ রাখতে নির্দেশ দিয়েছিলেন। سَبْت অর্থ قَطْع বা বন্ধ করা; সমাপ্ত করা। তাই এ দিনের নাম سَبْت হয়েছে। শনিবার দিন সম্পর্কে তাদের সীমালঙ্ঘন ছিল এরকম যে, এদিন ইহুদিদের জন্য মৎস্য শিকার নিষিদ্ধ ছিল। কিন্তু কিছু লোক নিষেধাজ্ঞা উপেক্ষা করে মৎস্য শিকারে লিপ্ত হয়েছিল। তাই তাদের উপর শাস্তি এসেছিল।

خَاسِئِيْنَ : **লাঞ্ছিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ء) মাসদার اَلْخَسْئُ অর্থ– অপদস্থ হওয়া। একবচনে خَاسِئٌ।

আয়াত : ৬৬

فَجَعَلْنَا : **অতঃপর আমি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; তৈরি করা।

نَكَالًا : **শিক্ষাগ্রহণের উপাদান**। **উপদেশ**। **শাস্তি**।

بَيْنَ يَدَيْهَا : **তাদের সমসাময়িক; তৎকালীন**। بَيْنَ অর্থ মধ্যে, মিলন, দুটি বস্তুর মধ্যস্থতা বর্ণনার জন্য এর ব্যবহার হয়। بَيْنَ-এর ইযাফত যদি اَيْدِيْ-এর দিকে হয় তখন অর্থ হবে সামনে এবং নিকটে।

مَا خَلْفَهَا : **তাদের পরবর্তীগণ**। مَا মাউসূলাহ। خَلْفَ। পিছনে। এটি قُدَّامُ-এর বিপরীতার্থক শব্দ।

مَوْعِظَةً : **উপদেশ**। মাসদার, বাব ضَرَبَ। অর্থ– উপদেশ দেওয়া।

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ; আল্লাহভীরুগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; সতর্ক হওয়া।

আয়াত : ৬৭

اَنْ تَذْبَحُوْا : **যে তোমরা জবাই করবে**। تَذْبَحُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ب ـ ح) মাসদার اَلذَّبْحُ অর্থ– জবাই করা।

بَقَرَةً : **গাভী; গরু**। শব্দটি একবচন, বহুবচনে بَقَرَاتٌ

اَتَتَّخِذُنَا هُزُوًا : **তুমি কি আমাদের সাথে ঠাট্টা করছ?** أ হামযায়ে ইসতিফহাম। تتخذ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; করা। نَا যমীর جَمْع مُتَكَلِّمْ মাফউলে বিহী।

هُزُوًا : **ঠাট্টা; বিদ্রূপ; উপহাস**। এটি মাসদার مَهْزُوْءٌ অর্থে হয়েছে।

أَعُوْذُ : **আমি আল্লাহর শরণ নিচ্ছি। আশ্রয় প্রার্থনা করছি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ ذ) জিনস اجوف واوى মাসদার اَلْعَوْذُ অর্থ- আশ্রয় প্রার্থনা করা, শরণ নেওয়া।

أَكُوْنَ : **আমি হব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া। এটি فعل ناقص শুধুমাত্র اِسْم দ্বারা পূর্ণ হয় না, বরং فِعْل -এরও প্রয়োজন হয়।

اَلْجَاهِلِيْنَ : **অজ্ঞগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ(ج ـ ه ـ ل) মাসদার اَلْجَهْلُ অর্থ- অজ্ঞ হওয়া; মূর্খ হওয়া। একবচনে جَاهِلٌ অর্থ- মূর্খ, অজ্ঞ।

আয়াত : ৬৮

أُدْعُ : **তুমি আহ্বান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ(د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- ডাকা; প্রার্থনা করা; আহ্বান করা।

يُبَيِّنْ : **স্পষ্টভাবে জানিয়ে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- স্পষ্ট করে বর্ণনা করা।

فَارِضٌ : **বেশি বয়স্ক গরু**। একবচন, বহুবচনে فُرَّضٌ স্ত্রীলিঙ্গে فَارِضَةٌ বহুবচন فَوَارِضُ ; মূলবর্ণ- (ف ـ ر ـ ض) فَرْضٌ অর্থ শক্ত বস্তুকে কেটে দেওয়া। (রাগেব) فَارِضٌ দ্বারা উদ্দেশ্য হলো এমন ষাঁড় বা গাভী যে তার যৌবনকালের বয়স কেটে (অতিক্রম করে) দিয়েছে এবং বয়স্ক হয়ে গেছে। -(জালালাইন) অথবা ভূমি কর্তনকারী অর্থাৎ চাষাবাদকারী বলদ। বা ভারি ও কষ্টের কাজকে কর্তনকারী এবং কষ্ট সহ্যকারী। -(রাগেব)

بِكْرٌ : **কুমরী; অল্প বয়সী**। একবচন, বহুবচন أَبْكَارٌ -

عَوَانٌ : **মধ্য বয়স্ক**। পৌঢ়। মহিলা ও গবাদিপশু মধ্যবয়সী হলে তাকে عَوَانٌ বলা হয়। বহুবচনে اَلْعُوْنُ নিয়মানুযায়ী বহুবচনের ওয়াও এর উপর পেশ হওয়া আবশ্যক ছিল; কিন্তু সহজকরণার্থে তাকে সাকিন করে দেওয়া হয়েছে।

تُؤْمَرُوْنَ : **তোমরা আদিষ্ট হয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ- (أ ـ م ـ ر) মাসদার اَلْأَمْرُ অর্থ- নির্দেশ প্রদান করা।

আয়াত : ৬৯

صَفْرَاءُ : **উজ্জ্বল হলুদ বর্ণের**। فَعْلَاءُ -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ।

فَاقِعٌ : **গাঢ় হলুদবর্ণ; খাঁটি হলুদবর্ণ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ، نَصَرَ وَ سَمِعَ মাসদার فَقْعٌ و فَقَعٌ و فُقُوْعٌ মূলবর্ণ (ف ـ ق ـ ع) খাঁটি হলুদবর্ণের হওয়া। -(জালালাইন, বায়যাবী, মাদারিক, মু'জামুল কুরআন, খাযেন) কামূস ও তাজুল 'আরূসে রয়েছে, গাঢ় হলুদ, খাঁটি হলুদ এবং গাঢ় লাল রংকেও فَاقِعٌ বলা হয়; বরং فَقْعٌ মূলবর্ণ থেকে অন্যান্য সিফাতের সীগায় অধিকাংশ ক্ষেত্রে লাল রঙের জন্যই ব্যবহৃত হয়। যেমন نَفْنِعٌ লাল। فَقَاعٌ লাল রংবিশিষ্ট। তবে أَفْقَعُ ধবধবে সাদাকে বলা হয়।

لَوْنٌ : **রং**। শব্দটি একবচন, বহুবচনে أَلْوَانٌ -

تَسُرُّ : **আনন্দ দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(س ـ ر ـ ر) মাসদার اَلسُّرُوْرُ অর্থ- আনন্দ দেওয়া।

نَاظِرِيْنَ : **দর্শকগণ**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ(ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظَرُ অর্থ- দেখা। মাফঊল হওয়ার কারণে মানসূব হয়েছে। একবচনে نَاظِرٌ -

আয়াত : ৭০

تَشَابَهَ : **সন্দেহপূর্ণ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلْ মূলবর্ণ(ش ـ ب ـ ه) মাসদার اَلتَّشَابُهُ অর্থ- সন্দেহপূর্ণ হওয়া; সাদৃশ্যপূর্ণ হওয়া; মিলে যাওয়া।

مُهْتَدُوْنَ : **দিশাপ্রাপ্তগণ; হেদায়েতপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব اِفْتِعَال মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- দিশা পাওয়া; হেদায়েত পাওয়া; সৎপথ পাওয়া।

আয়াত : ৭১

لَا ذَلُوْلٌ : **যা কাজে অভ্যস্ত নয়; যা শ্রমে অভ্যস্ত নয়; যা পরিশ্রমী নয়**। ذَلُوْلٌ - ذِلٌّ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। অন্যের চাপ ও বলপ্রয়োগ দ্বারা যে অপদস্থতা হয় তাকে ذِلٌّ বলা হয়।

تُثِيْرُ : **সে জমি চাষ করে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ث ـ و ـ ر) মাসদার اَلْإِثَارَةُ ; এর আসল অর্থ উদ্বুদ্ধ করা; উত্তেজিত করা। জমি চাষ এবং বাতাস মেঘমালাকে হাঁকিয়ে আনার ক্ষেত্রে যেহেতু এ অর্থ বিদ্যমান তাই এ দুই অর্থে এটি ব্যবহৃত হয়। নাহবী তারকীব হিসেবে এটি ذَلُوْلٌ -এর সিফাত হয়েছে। তাই ذَلُوْلٌ -এর নফীর অর্থের জন্যও প্রযোজ্য হয়েছে। মূল ইবারত হবে- لَا تُثِيْرُ الْأَرْضَ

اَلْأَرْضَ : **ভূমি; জমি; পৃথিবী।** একবচন, বহুবচন أَرَضُوْنَ -

لَا تَسْقِيْ : **সে পানি সেচ দেয় না।** সীগাহ واحد مؤنث ضَرَبَ বাব مضارع منفي معروف বহছ غائب মূলবর্ণ (س ـ ق ـ ى) মাসদার اَلسَّقْيُ অর্থ- ভূমি সিঞ্চন করা; সেচ দেওয়া; পানি পান করানো।

اَلْحَرْثَ : **ক্ষেত; ভূমি; ফসল।** মাসদার, বাব ضَرَبَ অর্থ- বীজ বপন করা; চাষাবাদ করা। ক্ষেতকেও حَرْثٌ বলা হয়। যেমন- نِسَائُكُمْ حَرْثٌ لَّكُمْ (স্ত্রীরা তোমাদের ক্ষেতস্বরূপ।) ক্ষেতের সাথে মহিলাদের সাদৃশ্য প্রমাণ করা হয়েছে। যেভাবে ক্ষেতে বীজ বপন করলে ফসল সৃষ্টি হয় তেমনিভাবে মাতৃগর্ভে বীর্য স্থিত হলে সন্তান সৃষ্টি হয়।

مُسَلَّمَةٌ : **সুস্থ।** সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلتَّسْلِيْمُ অর্থ- সুস্থ হওয়া।

لَا شِيَةَ فِيْهَا : **এর মধ্যে কোনো দাগ নেই।** নিখুঁত; নিষ্কলঙ্ক। شِيَةٌ অর্থ- দাগ। পশু যে রঙের তার মধ্যে ভিন্ন রঙের ছাপ। শব্দটি মূলত وَشْيَةٌ ছিল। যা বাব ضَرَبَ -এর মাসদার। زِنَةٌ ও عِدَةٌ -এর ন্যায় শেষের ة শুরুর وَاوْ এর পরিবর্তে হয়েছে। বহুবচনে شِيَاتٌ

مَا كَادُوْا : **তারা উদ্যত ছিল না; তারা করার নিকটবর্তী ছিল না।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضي منفي বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ و ـ د) মাসদার اَلْكَوْدُ وَ اَلْكَيْدُوْدَةُ অর্থ- উপক্রম হওয়া; নিকটবর্তী হওয়া; উদ্যত হওয়া।

يَفْعَلُوْنَ : **তারা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ع ـ ل) মাসদার اَلْفِعْلُ অর্থ- করা।

আয়াত : ৭২

قَتَلْتُمْ : **তোমরা হত্যা করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ- হত্যা করা; মেরে ফেলা।

نَفْسًا : **শব্দটি একবচন। অর্থ- এক ব্যক্তিকে।** বহুবচন نُفُوْسٌ অর্থ- আত্মা, সত্তা, ব্যক্তি।

فَادّٰرَءْتُمْ : **অতঃপর তোমরা একে অপরকে অপবাদ দিচ্ছিলে।** فاء হরফে আতফ। اِدّٰرَءْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (د ـ ر ـ ء) মাসদার اَلتَّدَارُءُ অর্থ- একে অপরকে দোষারোপ করা; অপবাদ দেওয়া। اِدّٰرَءْتُمْ মূলত تَدَارَءْتُمْ ছিল। تاء -কে دال দ্বারা পরিবর্তন করে دال কে دال -এর মাঝে ইদগাম করা হয়েছে।

مُخْرِجٌ : **নির্গতকারী; বেরকারী; প্রকাশকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْإِخْرَاجُ অর্থ- বের করা। যেহেতু خُرُوْجٌ -এর জন্য ظُهُوْرٌ -এর প্রয়োজন হয়, তাই إِخْرَاجٌ -এর অর্থ إِظْهَارٌ বা প্রকাশ করাও হয়। ظُهُوْرٌ অর্থ- প্রকাশ পাওয়া। যেহেতু অনস্তিত্ব হতে অস্তিত্বে আসা এক ধরনের বের হওয়া, তাই إِخْرَاجٌ -এর অর্থ- إِظْهَارٌ অর্থাৎ সৃষ্টি করাও হয়।

تَكْتُمُوْنَ : **তোমরা গোপন কর।** সীগাহ جمع مذكر حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ- গোপন করা; লুকানো।

আয়াত : ৭৩

اِضْرِبُوْا : **তোমরা প্রহার কর; আঘাত কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضرب মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ- মারা; প্রহার করা; আঘাত করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬০ দ্রষ্টব্য)

يُحْيِ : **তিনি জীবিত করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْإِحْيَاءُ অর্থ- জীবিতকরণ।

اَلْمَوْتٰى : **মৃতগণ।** শব্দটি বহুবচন, একবচনে مَيِّتٌ

يُرِيْكُمْ : **তিনি তোমাদেরকে দেখান।** يُرِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; বাব إِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْإِرَاءَةُ অর্থ- দেখানো। كُمْ যমীরে মানসূব মাফঊলে বিহী।

أَلْحِجَارَةِ : **পাথরসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে حَجَرٌ-

يَتَفَجَّرُ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ج ـ ر) মাসদার اَلتَّفَجُّرُ অর্থ- প্রবাহিত হওয়া।

اَلْاَنْهَارُ : **নদীসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে نَهْرٌ -

يَشَّقَّقُ : **তা বিদীর্ণ হয়; ফেটে যায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ش ـ ق ـ ق) মাসদার اَلتَّشَقُّقُ অর্থ- বিদীর্ণ হওয়া। শব্দটি মূলত يَتَشَقَّقُ ছিল; تَاء কে شِيْن দ্বারা পরিবর্তন করে شِيْن কে شِيْن -এর মধ্যে ইদগাম করা হয়েছে। এভাবে يَشَّقَّقُ হয়ে গেছে।

يَخْرُجُ : **বের হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

اَلْمَاءُ : পানি। শব্দটি একবচন, বহুবচনে مِيَاهٌ-

يَهْبِطُ : **তা ধসে পড়ে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ، ضَرَبَ মূলবর্ণ (ه ـ ب ـ ط) মাসদার اَلْهُبُوْطُ অর্থ- অবতরণ করা; নিচে পড়া; ধসে পড়া।

خَشْيَةِ : **ভয়; শ্রদ্ধাবিজড়িত ভয়**। خَشْيَةٌ এমন ভয়কে বলা হয় যাতে শ্রদ্ধা ও সম্মান বিদ্যমান থাকে। আর যাকে ভয় করে তাকে জানা ও চিনার মাধ্যমেই হয়ে থাকে। তাই আয়াত- اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا (আল্লাহকে তাঁর বান্দাদের মধ্যে আলেমরাই ভয় করে।) এখানে আলেমদেরকে خَشْيَةٌ -এর সাথে খাস করা হয়েছে।

আলোচ্য আয়াতে ভয়ের সাথে আল্লাহর প্রতি সম্মান প্রদর্শনের অর্থও রয়েছে, তাই خَوْفٌ না বলে خَشْيَةٌ বলা হয়েছে।

غَافِلٌ : **অসচেতন; অনবহিত; গাফেল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ- অসচেতন হওয়া।

تَعْمَلُوْنَ : **তোমরা কাজ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা।

اٰيَاتِهٖ : **তার নিদর্শনসমূহ**। اٰيَاتِ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচনে اٰيَةٌ অর্থ- আয়াত; নিদর্শন; আল্লাহর বিধিবিধান; আল্লাহর পয়গাম। দলিল; প্রমাণ। অলৌকিক বস্তু; মু'জিযা। মূলত আয়াত অর্থ হলো প্রকাশ্য নিদর্শন। এ দৃষ্টিকোণ থেকেই কুরআনের আয়াতকে আয়াত বলা হয়। কারণ তা কথা সমাপ্ত হওয়ার আলামত বা নিদর্শন। কেউ কেউ বলেছেন, আয়াত নামকরণের কারণ হলো اٰيَةٌ জমাত বা সমষ্টি অর্থেও ব্যবহৃত হয়। আর কুরআনের আয়াতে বর্ণের একটি অংশ সমবেত হয়, তাই তাকে আয়াত বলা হয়। আবার কেউ বলেছেন, যেহেতু তা কুরআনের অলৌকিকত্বের নিদর্শন তাই তাকে আয়াত বলা হয়।

لَعَلَّكُمْ : **সম্ভবত তোমরা; যেন তোমরা**। لَعَلَّ হরফে تَرَجِّيْ কে- لَعَلَّ। كُمْ তার ইসম ; مُشَبَّهٌ بِالْفِعْلِ তথা আশা, প্রত্যাশা বা ভয়ের অর্থের জন্য গঠিন করা হয়েছে। যা ইসমকে নসব এবং خَبَرٌ -কে রফা' প্রদান করে। যেমন- لَعَلَّ اللّٰهَ يُحْدِثُ بَعْدَ ذٰلِكَ اَمْرًا নাহুবিদ ফাররার কতিপয় সাথিদের মতে خبر -ও মানসূব হয়। যেমম- لَعَلَّ اَبَاكَ مُنْطَلِقًا (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত ২১ নং দ্রষ্টব্য)

تَعْقِلُوْنَ : **তোমরা বুঝ**। তোমরা অনুধাবন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ- বুঝা; অনুধাবন করা। عقل বলা হয় مَا بِهٖ يَتَمَيَّزُ- الْحَسَنُ مِنَ الْقَبِيْحِ ، وَالْخَيْرُ مِنَ الشَّرِّ، وَالْحَقُّ مِنَ الْبَاطِلِ. অর্থাৎ, আক্বল বলা হয় যা দ্বারা সৌন্দর্য-অসৌন্দর্য, ভালো-মন্দ ও সত্য-মিথ্যার মাঝে তারতম্য করা হয়। -(আল মু'জামুল ওয়াসীত) (বিস্তারিত সূরা বাকারা ৪৪ আয়াত : দ্রষ্টব্য)

আয়াত : ৭৪

قَسَتْ : **কঠিন হয়ে গেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ س ـ و) মাসদার اَلْقَسْوُ . اَلْقَسْوَةُ . اَلْقَسَاوَةُ অর্থ- কঠিন হওয়া; শক্ত হওয়া।

قُلُوْبٌ : **অন্তরসমূহ; হৃদয়সমূহ**। শব্দটি বহুবচন, একবচনে قَلْبٌ - قَلْبٌ অর্থ- পরিবর্তন হওয়া; মানুষের অন্তরও সবসময় পরিবর্তন হতে থাকে তাই তাকে قَلْبٌ বলা হয়। وَمَا سُمِّيَ الْقَلْبُ اِلَّا اَنَّهٗ يَتَقَلَّبُ

আয়াত : ৭৫

أَفَتَطْمَعُونَ : **তোমরা কি আশা কর?** أَ হামযায়ে ইসতিফহাম। فَاء হরফে আতফ। تَطْمَعُونَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ط ـ م ـ ع) মাসদার اَلطَّمَعُ অর্থ– আশা করা।

فَرِيقٌ : **জমাত; দল**। শব্দটি একবচন, বহুবচনে فِرَقٌ وَ اَفْرِقَةٌ

يَسْمَعُونَ : **তাঁরা শ্রবণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ– শ্রবণ করা; শোনা।

كَلَامَ : **বাণী, কথা**। এটি اِسْمِ جِنْس , অল্প বা বেশি সর্বক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। كَلَامٌ প্রত্যেক ধারাবাহিক কথা যা ফায়দা দেয় এবং যাকে বলা হয় সে বুঝতে পারে।

يُحَرِّفُونَ : **তারা বিকৃত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ ف) মাসদার اَلتَّحْرِيْفُ অর্থ– বিকৃত করা। অধিকাংশ মুফাসসিরগণের মতে ইহুদিরা তাওরাতের বিধানকে বিকৃত করে ফেলত। বিশেষত রাসূল ﷺ -এর গুণাবলি যা তাওরাতে ছিল তা বিকৃত করে ফেলত। ব্যভিচারীর রজমের বিধান যদিও বাকি রেখেছিল; কিন্তু তাতেও কিছু শব্দ পরিবর্তন করে তাদের ইচ্ছামতো শব্দ তাতে সংযোজন করে দিত। অন্যান্য বিধানের ক্ষেত্রেও তাদের ইচ্ছামতো পরিবর্তন-পরিবর্ধন করত। এখানে এ تَحْرِيْف তথা বিকৃতই উদ্দেশ্য।

يَعْلَمُونَ : **তারা জানে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৭৬

لَقُوا : **তারা মিলিত হয়; সাক্ষাৎ করে; সংস্পর্শে আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سمع মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَللِّقَاءُ অর্থ– সাক্ষাৎ করা। لَقُوا মূলত لَقِيُوا ছিল। তা'লীলের মাধ্যমে لَقُوا হয়েছে।

إِذَا خَلَا : **যখন নিভৃতে মিলিত হয়**। خَلَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার خَلَاءٌ، خُلُوٌّ، خَلْوَةٌ অর্থ– নির্জনে মিলিত হওয়া।

أَتُحَدِّثُونَهُمْ : **তোমরা কি তাদের কাছে বর্ণনা কর**। أَ হামযায়ে ইসতিফহাম। تُحَدِّثُونَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ د ـ ث) মাসদার اَلتَّحْدِيْثُ অর্থ– বর্ণনা করা। هُمْ যমীরে جمع مذكر غائب মাফউলে বিহী।

لِيُحَاجُّوكُمْ : **যেন তারা তোমাদের বিরুদ্ধে যুক্তি খাড়া করবে**। يُحَاجُّونَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– বিতর্ক করা।

আয়াত : ৭৭

يُسِرُّونَ : **তারা গোপন রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (س ـ ر ـ ر) মাসদার اَلْاِسْرَارُ অর্থ– গোপন করা; গোপন রাখা।

يُعْلِنُونَ : **তারা প্রকাশ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ع ـ ل ـ ن) মাসদার اَلْاِعْلَانُ অর্থ– প্রকাশ করা।

আয়াত : ৭৮

أُمِّيُّونَ : **নিরক্ষরগণ**। (এখানে মূর্খ ইহুদিরা উদ্দেশ্য) শব্দটি বহুবচন, একবচনে أُمِّيٌّ ; যে পড়তে ও লিখতে পারে না তাকে উম্মী বলা হয়। যুজাজ (র.) লিখেছেন, আরব জাতির গুণে গুণান্বিত ব্যক্তিকে উম্মী বলা হয়। পড়ালেখা না জানা তাদের বিশেষ গুণ ছিল। সহীহ বুখারী ও মুসলিমের হাদীসে রয়েছে রাসূল বলেছেন– إِنَّا أُمَّةٌ أُمِّيَّةٌ لَا نَكْتُبُ وَلَا نَحْسِبُ (আমরা উম্মী জাতি লেখা জানি না হিসাবও জানি না।) এ হিসেবে أُمِّيٌّ-কে عَامِيٌّ (আম ও সাধারণ) এর ন্যায় মনে করা উচিত। কেননা عَامِيٌّ অর্থ– عَامَّةُ النَّاسِ (জনসাধারণ।) কোনো কোনো ওলামায়ে কেরামের মতে أُمِّيٌّ শব্দ أُمٌّ (মা) -এর দিকে সম্পৃক্ত। কেননা মায়েরা সাধারণত লেখাপড়া জানে না। তাই অশিক্ষিত লোকদেরকে মায়ের সাথে সম্পৃক্ত করা হয়েছে। অর্থাৎ অশিক্ষিত লোকদের অবস্থা তাই হয় মা যাকে সবেমাত্র প্রসব করেছে। এদিক বিবেচনা করে অশিক্ষিতকে মায়ের দিকে সম্পৃক্ত করে তাকে উম্মী বলা হয়ে থাকে। ইমাম বাকের (র.) বলেন, أُمِّيٌّ – أُمُّ الْقُرٰى (মক্কা) থেকে নেওয়া হয়েছে। কারণ মক্কাবাসীরা সাধারণত অশিক্ষিত ছিল। এ কারণেই অশিক্ষিত লোকদেরকে উম্মী বলা হতে থাকে। পবিত্র

কুরআনে রাসূল ﷺ -কে اَلنَّبِىُّ الْاُمِّىُّ বলা হয়েছে। উল্লেখ্য কুরআনে নবীকে উম্মী তথা পড়ালেখা না জানা বলা হয়েছে। এ বলার দ্বারা প্রথমত কুরআনের অলৌকিকত্ব প্রমাণ করা হয়েছে, দ্বিতীয়ত রাসূলের এ মু'জিযার দিকেও ইশারা করা হয়েছে যে, তিনি একজন উম্মী হওয়া সত্ত্বেও সর্বোচ্চ শিক্ষার গুণে তিনি গুণান্বিত। এ দৃষ্টিকোণ থেকে উম্মী হওয়া রাসূলের জন্য প্রশংসনীয়; কিন্তু অন্যান্যদের জন্য নিন্দনীয়। যেমনিভাবে অহংকারের গুণটি আল্লাহর জন্য প্রশংসনীয়; কিন্তু বান্দার জন্য নিন্দনীয়।

اَمَانِىَّ : **মিথ্যা আশা; আকাঙ্ক্ষাসমূহ। চিন্তাভাবনা বা কল্পনার অনুমানসমূহ**। اَفَاعِيْلُ -এর ওযনে। শব্দটি বহুবচন, একবচনে اُمْنِيَّةٌ যার অর্থ হলো স্থিরকৃত আকাঙ্ক্ষা এবং অনুমানকৃত বস্তুসমূহ। কোনো কোনো মুফাসসিরীন বলেছেন- اَمَانِىُّ অর্থ- মিথ্যা কথা। আবার কারো কারো মতে এর অর্থ না বুঝেশুনে পড়া। যেহেতু মিথ্যা কথায় অসার বস্তুকে স্থির করা হয় এবং না বুঝেশুনে পড়া অনুমানের ভিত্তিতে চলার নামান্তর, তাই এ উভয় অর্থই اُمْنِيَّةٌ দ্বারা উদ্দেশ্য হতে পারে।

يَظُنُّوْنَ : **তারা অমূলক ধারণা পোষণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نصر মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা। বিশ্বাস করা।

আয়াত : ৭৯

وَيْلٌ : **দুর্ভোগ। ধ্বংস;** শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْلٌ শব্দের বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা ও মন্দকর্মে প্রবেশ করা। ব্যথিত করা। বিপদগ্রস্ত করা। (এ সকল অর্থে এটি হবে মাসদার।) অনুশোচনা, কঠোরতা, ধমক ও ভর্ৎসনার শব্দ, শাস্তি; তীব্রতা; জাহান্নামের একটি উপত্যকা, কূপ বা দরজার নাম। অনুশোচনা ও অনুতাপবোধক শব্দ।

يَكْتُبُوْنَ : **তারা লেখে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ- লেখা।

لِيَشْتَرُوْا : **তারা ক্রয় করে; বিনিময় গ্রহণ করে**। يَشْتَرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ء) মাসদার اَلْاِشْتِرَاءُ অর্থ- ক্রয় করা।

ثَمَنًا قَلِيْلًا : **স্বল্পমূল্যে; তুচ্ছমূল্যে**। ثَمَنٌ মূল্য; বিনিময়। قَلِيْلٌ অর্থ- অল্প; নগণ্য; তুচ্ছ। তুচ্ছ মূল্য বা অল্প বিনিময় দ্বারা দুনিয়ার নিয়ামত উদ্দেশ্য যা পরকালের তুলনায় অত্যন্ত তুচ্ছ ও নগণ্য।

كَتَبَتْ : **সে লিখেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ- লেখা।

يَكْسِبُوْنَ : **তারা উপার্জন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ- উপার্জন করা।

আয়াত : ৮০

لَنْ : **আমাদেরকে কখনো স্পর্শ করবে না**। لَنْ تَمَسَّنَا সীগাহ واحد مؤنث غائب ; جمع যমীর نَا تَمَسَّ মাফঊল। বহছ نفى تاكيد بلن در فعل متكلم মাসদার مضارع معروف ; বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ- স্পর্শ করা।

اَيَّامٌ : **দিনসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে يَوْمٌ

مَعْدُوْدَةً : **কতক; কয়েক; গণা; গণনাকৃত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدَدُ অর্থ- গণনা করা।

اَتَّخَذْتُمْ : **তোমরা গ্রহণ করেছ; তোমরা অঙ্গীকার করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ- ধরা; গ্রহণ করা; বানানো; অঙ্গীকার করা।

عَهْدًا : **অঙ্গীকার; প্রতিশ্রুতি**। মাসদার, বাব سَمِعَ অর্থ- অঙ্গীকার করা।

لَنْ يُّخْلِفَ : **কখনো ভঙ্গ করবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن در فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ- বিরোধিতা করা; ভঙ্গ করা; ব্যতিক্রম করা।

আয়াত : ৮১

كَسَبَ : **সে উপার্জন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা।

سَيِّئَةً : **মন্দ; খারাপ**। (এখানে উদ্দেশ্য) শিরক। -(জালালাইন) শব্দটি একবচন, বহুবচনে سَيِّئَاتٌ -

أَحَاطَتْ : **সে বেষ্টন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব إفعال মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার الإحَاطَةُ অর্থ– বেষ্টন করা।

خَطِيْئَتُه : **তার অপরাধ; তার পাপ**। শব্দটি একবচন, বহুবচনে خَطِيْئَاتٌ -

خٰلِدُوْنَ : **স্থায়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– চিরস্থায়ী হওয়া, স্থায়ী থাকা।

আয়াত : ৮২

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكرغائب বহছ ماضي معروف বাব سمع মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– করা; আমল করা।

صٰلِحٰتِ : **সৎকর্মসমূহ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ– সৎকর্ম করা। পবিত্র কুরআনের কেবল এক স্থানে এটি সৎ নারীর অর্থে ব্যবহার হয়েছে। যেমন– فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ (যে সমস্ত নারীগণ সৎ ও অনুগত।) অন্য সব স্থানে তা সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

اَلْجَنَّةِ : **জান্নাত; বেহেশত**। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

আয়াত : ৮৩

مِيْثَاقَ : **অঙ্গীকার; প্রতিশ্রুতি; শপথ; ওয়াদা**। শব্দটি একবচন, বহুবচনে مَوَاثِيْقُ ; مِيْثَاقٌ মূলে مِوْثَاقٌ ছিল। وَاوْ সাকিন তার পূর্বে যের তাই يَاء-কে- وَاوْ দ্বারা পরিবর্তন করা হয়েছে। ফলে مِيْثَاقٌ হয়ে গেছে।

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

وَالِدَيْنِ : **পিতামাতা**। সীগাহ تثنية مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্ম দেওয়া।

اِحْسَانًا : **সদয় হওয়া। সৎকর্ম করা**। মাসদার, বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) اِحْسَانٌ দু অর্থের জন্য ব্যবহৃত হয়। অন্যের সাথে সদ্ব্যবহার ও কল্যাণ করা এবং কোনো উত্তম বিষয় জানা এবং সৎকার্যের প্রতিদান দেওয়া।

اَلْقُرْبٰى : **আত্মীয়স্বজন;** নিকটাত্মীয়। ইসমে মাসদার।

اَلْيَتٰمٰى : **এতিমগণ**। শব্দটি বহুবচন, একবচনে يَتِيْمٌ এতিম; যে নাবালক শিশুর পিতা মারা যায় তাকে এতিম বলা হয়।

اَلْمَسٰكِيْنِ : **দরিদ্র; নিঃস্ব**। বহুবচন, একবচন مِسْكِيْنٌ

حُسْنًا : **ভালো; উত্তম; সুন্দর**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل -

اَقِيْمُوْا : **তোমরা কয়েম করো; তোমরা প্রতিষ্ঠা করো**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; কায়েম করা।

اَلزَّكٰوةَ : **জাকাত**। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৩ দ্রষ্টব্য.

تَوَلَّيْتُمْ : **তোমরা পৃষ্ঠ প্রদর্শন করেছ; বিরুদ্ধ ভাবাপন্ন হয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّى অর্থ– পৃষ্ঠ প্রদর্শন করা।

مُعْرِضُوْنَ : **বিমুখ লোকজন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া। اَعْرَاض-এর صِلَة যদি لَامْ আসে তখন অর্থ হয়– অভিমুখী হওয়া। যেমন– اَعْرَضَ لِىْ (সে আমার সম্মুখে এসেছে।) আর যদি عَنْ আসে তখন অর্থ হয়– বিমুখ হওয়া'। যেমন – وَمَنْ اَعْرَضَ عَنْ ذِكْرِىْ (যারা আমার স্মরণ হতে বিমুখ হয়েছে।)

আয়াত : ৮৪

لَا تَسْفِكُوْنَ : **তোমরা রক্তপাত করবে না** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ف ـ ك) মাসদার اَلسَّفْكُ অর্থ– রক্তপাত করা; রক্ত ঝরানো।

دِمَآئَكُمْ : **তোমাদের রক্ত**। دَم মুযাফ; كُمْ যমীর মুযাফ ইলাইহি। একবচনে دَمٌ -

تُخْرِجُوْنَ : **তোমরা বের করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা।

دِيَارِكُمْ : **তোমার ঘরবাড়ি**। دِيَارِ মুযাফ, كم যমীর মুযাফ ইলাইহি।

تَكْفُرُوْنَ : **তোমরা কুফরি কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نصر মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- কুফরি করা।

جَزَاءٌ : **প্রতিফল, বিনিময়, প্রতিদান, বদলা**। মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) জিনসে ناقص يائى অর্থ- বদলা দেওয়া, শাস্তি দেওয়া; পুরস্কৃত করা।

خِزْىٌ : **অপদস্থতা; হীনতা**। বাব سَمِعَ -এর মাসদার।

اَلْحَيٰوةُ : **জীবন**। মাসদার, বাব سَمِعَ অর্থ- বেঁচে থাকা।

اَلدُّنْيَا : **দুনিয়া; পৃথিবী**। অধিক নিকটবর্তী। دَانِيَةٌ ও دُنِيَّةٌ থেকে ইসমে তাফযীলের সীগাহ। دَانِيَةٌ থেকে হলে তার অর্থ হবে অধিক নিকটবর্তী। আর دُنِيَّةٌ থেকে হলে অর্থ হবে- অধিক অপদস্থ। অধিক তুচ্ছ। বহুবচনে دُنًى যখন دُنْيَا - اُخْرٰى -এর মোকাবিলায় আসে তখন তার অর্থ হয়- প্রথম। আর যদি قُصْوٰى -এর মোকাবিলায় হয় তখন অর্থ হবে অধিক নিকটবর্তী।

اَلْقِيَامَةُ : **দণ্ডায়মান হওয়া**। মাসদার। একবার দাঁড়ানো। কিয়ামতের দিন সকলে একসাথে উঠে দাঁড়াবে, দ্বিতীয়বার শিঙ্গায় ফুঁক দিলে সকলে জীবিত হয়ে কবর থেকে বের হয়ে যাবে। (মু'জামুল কুরআন) قِيَامٌ -এর অর্থ অবিচলতাও হয়ে থাকে। অর্থাৎ কিয়ামত প্রমাণিত; অবিচল।

يُرَدُّوْنَ : **তারা নিক্ষিপ্ত হবে; তাদেরকে ফিরিয়ে দেওয়া হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلرَّدُّ অর্থ- ফিরিয়ে দেওয়া, নিক্ষিপ্ত হওয়া।

আয়াত : ৮৬

اِشْتَرَوْا : **তারা ক্রয় করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ- ক্রয় করা; বিনিময় গ্রহণ করা।

لَا يُخَفَّفُ : **লাঘব করা হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول منفى বাব تفعيل মূলবর্ণ (خ ـ ف ـ ف) মাসদার اَلتَّخْفِيْفُ অর্থ- হালকা করা; লাঘব করা।

يُنْصَرُوْنَ : **তারা সাহায্যপ্রাপ্ত হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ মূলবর্ণ (ن ـ ص ـ ر) অর্থ- সাহায্য করা।

اَقْرَرْتُمْ : **তোমরা স্বীকার করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِقْرَارُ অর্থ- স্বীকার করা; স্বীকৃতি দেওয়া। উল্লেখ্য যে, স্বীকৃতি কখনো মন হতে হয়, কখনো মুখ দ্বারা হয় আবার কখনো মুখ ও মন উভয় দ্বারা হয়। তবে তাওহীদের স্বীকৃতি কেবল মুখ দিয়ে হয় না, বরং মুখ ও মন উভয় দ্বারা হতে হয়।

تَشْهَدُوْنَ : **তোমরা সাক্ষী আছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ- সাক্ষ্য দেওয়া।

আয়াত : ৮৫

تَقْتُلُوْنَ : **তোমরা হত্যা করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ- হত্যা করা।

تُخْرِجُوْنَ : **তোমরা বের করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ- বের করা।

تَظٰهَرُوْنَ : **তোমরা একে অপরকে পৃষ্ঠপোষকতা করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) মাসদার اَلتَّظَاهُرُ অর্থ- একে অপরকে পৃষ্ঠপোষকতা করা।

بِالْاِثْمِ : **অন্যায়, পাপ দ্বারা**। بَا হরফে জর। اَلْاِثْمُ শব্দটি একবচন, বহুবচনে اٰثَامٌ অর্থ- গুনাহ, পাপ।

اَلْعُدْوَانِ : **সীমালঙ্ঘন**। বাবে نَصَرَ -এর মাসদার। অর্থ- অবিচার ও সীমালঙ্ঘন করা।

اُسٰرٰى : **বন্দি; কয়েদি**। শব্দটি বহুবচন, একবচন اَسِيْرٌ মাসদার اَلْاَسْرُ; فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব ضرب - মূলবর্ণ (أ ـ س ـ ر)

تُفٰدُوْهُمْ : **তোমরা মুক্তিপণ দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ف ـ د ـ ى) মাসদার اَلْمُفَادَاةُ অর্থ- মুক্তিপণ দেওয়া هُمْ যমীর মাফঊলে বিহী।

مُحَرَّمٌ : **নিষিদ্ধ; অবৈধ; হারামকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ- হারাম করা; নিষিদ্ধ করা।

تُؤْمِنُوْنَ : **তোমরা ঈমান আন**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনা।

আয়াত : ৮৭

قَفَّيْنَا : **আমি পর্যায়ক্রমে প্রেরণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْفِيَةُ অর্থ– পিছনে প্রেরণ করা; পিছনে করে দেওয়া। মূলবর্ণ (ق ـ ف ـ ا) قَفَا অর্থ হলো ঘাড় ও মাথার মধ্যবর্তী স্থান; গ্রীবা। আর قَفْوٌ و قُفُوٌّ অর্থ হলো কোনো কিছুর পিছনে চলা; পদাঙ্ক অনুসরণ করা। এ অর্থে বাবে نَصَرَ থেকে ব্যবহৃত হয়। تَقْفِيَةٌ দুই মাফঊলকে চায়। উভয় মাফঊলের উপর কখনো হরফে জার প্রবেশ করে না। যেমন–قَفَّيْتُ زَيْدًا عَمْرًا (আমি যায়েদকে আমরের পিছনে প্রেরণ করেছি) আবার কখনো দ্বিতীয় মাফঊলের উপর بَاء আসে। যেমন– وَقَفَّيْنَا مِنْ بَعْدِهٖ بِالرُّسُلِ (আমি তাঁর পিছনে রাসূল প্রেরণ করেছি।) কখনো প্রথম মাফঊলকে বিলুপ্ত করা হয়। যেমন– وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ

اَلرُّسُلَ : **রাসূলগণ**। শব্দটি বহুবচন, একবচনে رَسُوْلٌ পয়গাম্বর; রাসূল; দূত; বার্তাবাহক। শায়খ শামসুদ্দীন বলেন, رَسُوْلٌ - مُرْسَلٌ -এর মুবালাগা। তবে এ ওযনে এর মুবালাগা দুর্লভ।

নবী ও রাসূলের মাঝে পার্থক্য : নবী ও রাসূলের মাঝে نِسْبَتْ কী সে সম্পর্কে তিনটি মত রয়েছে– ১. উভয়টি সমার্থবোধক। (نِسْبَتِ تَسَاوِىْ) সুতরাং সকল নবীই রাসূল এবং সকল রাসূলই নবী। আল্লামা তাফতাযানী (র.) এ মতটি গ্রহণ করেছেন এবং ইমাম ইবনে হুমাম (র.) বলেছেন, এটি হলো মুহাক্কিগণের মত। তিনি বলেন–وَاَمَّا عَلٰى مَا ذَكَرَهُ الْمُحَقِّقُوْنَ مِنْ اَنَّ النَّبِىَّ اِنْسَانٌ بَعَثَهُ اللّٰهُ لِتَبْلِيْغِ مَا اُوْحِىَ اِلَيْهِ وَكَذَا الرَّسُوْلُ فَلَا فَرْقَ তবে কুরআনের আয়াত وَمَا اَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَّسُوْلٍ وَّلَا نَبِىٍّ দ্বারা এ মতটি খণ্ডন হয়ে যায়। যদি নবী ও রাসূল একই অর্থবোধক হতো তাহলে রাসূল বলার পর আবার নবী বলা হতো না। ২. উভয়টির মাঝে সম্পর্ক বিপরীতমূলক। (نِسْبَتِ تَبَايُنْ) অর্থাৎ রাসূল হলেন তিনি যিনি নতুন শরিয়ত নিয়ে এসেছেন, আর নবী হলেন তিনি যিনি নতুন শরিয়ত নিয়ে আসেননি। সুতরাং কোনো রাসূলই নবী নন, আবার কোনো নবীই রাসূল নন। এ মতটিও সঠিক নয়, কারণ হযরত ইসমাঈল (আ.) সম্পর্কে কুরআনে বলা হয়েছে–وَكَانَ رَسُوْلًا نَّبِيًّا (তিনি রাসূল নবী ছিলেন।) ৩. উভয়ের মাঝে عُمُوْم خُصُوْص مُطْلَقْ -এর সম্পর্ক। তন্মধ্যে কেউ বলেছেন, রাসূল হলেন নবী থেকে اَعَمّ (ব্যাপক) আর নবী হলেন اَخَصّ ; কেননা রাসূল ফেরেশতাও হয়ে থাকে আবার মানুষও। আর নবী শুধু মানুষই হন, ফেরেশতা নবী হতে পারেন না। সুতরাং সকল রাসূল নবী ; কিন্তু সকল নবী রাসূল নন। তবে জমহূরের অভিমত মত হলো যে, নবী হলেন اَعَمّ আর রাসূল হলেন اَخَصّ ; সুতরাং সকল রাসূল নবী কিন্তু সকল নবী রাসূল নন।

اَلْبَيِّنٰتِ : **স্পষ্ট দলিলসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে بَيِّنَةٌ -

اَيَّدْنٰهُ : **আমি তাকে শক্তিশালী করেছি; সাহায্য করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف اَيَّدْنَا বাবে تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ى ـ د) মাসদার اَلتَّائِيْدُ ; ةُ যমীরে واحد مذكر غائب মাফঊলে বিহী।

رُوْحٌ : **আত্মা**। رُوْحٌ একবচন, বহুবচনে اَرْوَاحٌ আল্লামা জালালুদ্দিন সুয়ূতী লিখেছেন যে, رُوْحٌ শব্দটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়– ১. اَمْرٌ (নির্দেশ।) যেমন–قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّىْ ২. ওহী বা প্রত্যাদেশ। যেমন–يُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ (ফেরেশতা ওহী নিয়ে অবতীর্ণ হয়।) ৩. কুরআন। যেমন–اَوْحَيْنَا اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا (আমি আপনার প্রতি কুরআন ওহীর মাধ্যমে প্রেরণ করেছি।) ৪. অনুগ্রহ; রহমত। যেমন–وَاَيَّدَهُمْ بِرُوْحٍ مِّنْهُ (নিজ অনুগ্রহ দ্বারা তাকে সহযোগিতা করেছি।) ৫. হায়াত; জীবন। যেমন– فَرَوْحٌ وَّرَيْحَانٌ (জীবন ও জীবিকা রয়েছে।) ৬. জিবরাঈল (আ.)। যেমন–نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ (তা অবতীর্ণ করেছে জিবরাঈল (আ.)। ৭. একজন মহা সম্মানিত ফেরেশতা। যেমন–يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ (যেদিন রূহ নামীয় ফেরেশতা দাঁড়াবে।) ৮. বিশেষ একদল ফেরেশতা। যেমন– تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا (সে রাতে একদল ফেরেশতা এবং তার বিশেষ বাহিনী অবতীর্ণ হয়।) ৯. আত্মা; প্রাণ। যেমন– وَيَسْئَلُوْنَكَ عَنِ الرُّوْحِ (আপনার কাছে আত্মা সম্পর্কে প্রশ্ন করে।) رُوْح -এর حَقِيْقَتْ কী? এ সম্পর্কে হাফেয ইবনে হাজার (র.) ফাতহুল বারীতে চূড়ান্ত কথা লিখে দিয়েছেন। তিনি বলেন–(رض) ثَبَتَ عَنِ ابْنِ عَبَّاسٍ

أَنَّهُ كَانَ لَا يُفَسِّرُ الرُّوحَ أَيْ لَا يُعَيِّنُ الْمُرَادَ بِهِ (হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এ কথা প্রমাণিত রয়েছে যে, তিনি رُوحٌ -এর তাফসীর করতেন না অর্থাৎ, তা নির্ধারণ করতেন না যে, এটাকেই রূহ বলে।) হযরত জুনায়েদ (র.) বলেন- اَلرُّوحُ شَيْءٌ اِسْتَأْثَرَ اللّٰهُ تَعَالٰى بِعِلْمِهٖ وَلَمْ يُطْلِعْ عَلَيْهِ اَحَدًا مِّنْ خَلْقِهٖ فَلَا يَجُوزُ لِاَحَدٍ الْبَحْثُ عَنْهُ بِاَكْثَرَ مِنْ اَنَّهُ مَوْجُودٌ (রূহ এমন একটি বস্তু যার ইলম আল্লাহরই রয়েছে এবং মাখলূকদের মধ্য হতে কাউকে সে সম্পর্কে অবহিত করেননি। সুতরাং কারো জন্য সে সম্পর্কে অনুসন্ধান ও গবেষণা চালানো বৈধ হবে না। সর্বোপরি এতটুকু বলা যেতে পারে যে তা বিদ্যমান রয়েছে।)

اَلْقُدُسِ : **পবিত্র; পবিত্র হওয়া**। اِسْمُ فِعْل ও মাসদার। আয়াতে সিফাতের সীগাহ অর্থাৎ مُقَدَّسٌ অর্থে ব্যবহৃত হয়েছে। شِدَّتْ لُزُوْم -এর কারণে মাউসূফকে সিফাতের দিকে মুযাফ করে দেওয়া হয়েছে। লিসানুল আরবে পরিচ্ছন্নতা, পবিত্রতা ও কল্যাণের অর্থ করা হয়েছে। তাজুল আরূসে রহমত ও অনুগ্রহ অর্থ করা হয়েছে।

رُوحُ الْقُدُسِ দ্বারা কী উদ্দেশ্য সে সম্পর্কে কয়েকটি মতামত রয়েছে-

১. হযরত রবী (র.) বলেন, رُوحٌ দ্বারা ঐ রূহ উদ্দেশ্য যা হযরত ঈসা (আ.)-এর মধ্যে ফুঁকে দেওয়া হয়েছিল। আর قُدُسٌ দ্বারা আল্লাহ উদ্দেশ্য। আল্লাহ এখানে রূহ -এর ইযাফত নিজের দিকে করেছেন সম্মানার্থে। যেমন بَيْتُ اللّٰهِ ، نَاقَةُ اللّٰهِ ইত্যাদি।

২. হযরত কাতাদাহ, সুদ্দী, ইবনে আবী হাতিম, আব্দুল্লাহ ইবনে মাসঊদ, কুরতুবী, ইমাম বুখারী ও যাহ্হাকের মতানুযায়ী رُوحُ الْقُدُسِ দ্বারা হযরত জিবরাঈল (আ.) উদ্দেশ্য। তাঁকে কুদ্স বা পবিত্র এজন্য বলা হয় যে, তিনি কখনো কোনো গুনাহে লিপ্ত হননি। হযরত হাসান (র.) বলেন- قُدُسٌ হলো আল্লাহ আর رُوحٌ হলো জিবরাঈল। যেমন আল্লাহ বলেন- قُلْ نَزَّلَهُ رُوحُ الْقُدُسِ مِنْ رَّبِّكَ بِالْحَقِّ (বলুন, তা অবতীর্ণ করেছে পবিত্র ফেরেশতা, আল্লাহর কাছ থেকে সত্য সহকারে।) আল্লাহ তা'আলা হযরত জিবরাঈল (আ.) দ্বারা হযরত ঈসা (আ.)-এর সহযোগিতা করেছিলেন এভাবে যে, তিনি সর্বদা তাঁর সাথে সাথে থাকতেন, এমন কি তাঁকে আকাশে উঠিয়ে নিয়েছিলেন। ৩. ইবনে আব্বাস ও সাঈদ ইবনে জুবায়েরের মত হলো رُوحُ الْقُدُسِ হলো আল্লাহর اِسْمِ اَعْظَمْ যা দ্বারা হযরত ঈসা (আ.) মৃতদেরকে জীবিত করতেন এবং লোকদেরকে অলৌকিক বস্তু দেখাতেন।

لَا تَهْوٰى : **যা মনঃপূত নয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ه ـ و ـ ى) মাসদার اَلْهَوٰى অর্থ- কামনা করা; ভালোবাসা; মহব্বত করা।

اَنْفُسُكُمْ : **তোমাদের মন**। اَنْفُسُ মুযাফ; كُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচনে نَفْسٌ অর্থ- প্রাণ; অন্তর।

اِسْتَكْبَرْتُمْ : **তোমরা অহংকার করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা।

كَذَّبْتُمْ : **তোমরা অবিশ্বাস করেছ; মিথ্যা প্রতিপন্ন করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ- মিথ্যা প্রতিপন্ন করা; অবিশ্বাস করা।

تَقْتُلُوْنَ : **তোমরা হত্যা করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ- হত্যা করা।

আয়াত : ৮৮

قُلُوْبُنَا غُلْفٌ : **আমাদের অন্তর আচ্ছাদিত**। এখানে قُلُوْبٌ বহুবচন, একবচনে قَلْبٌ অর্থ- অন্তর; হৃদয়। আর غُلْفٌ শব্দটি বহুবচন, একবচনে اَغْلَفُ অর্থ- পর্দা। قَلْبٌ اَغْلَفُ এমন অন্তর যা (পাপ দিয়ে) আচ্ছাদিত।

لَعَنَهُمْ : **তাদেরকে লানত করেছেন; অভিশাপ দিয়েছেন**। لَعَنَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اَللَّعْنَةُ ও اَللَّعْنُ অর্থ- অভিশাপ দেওয়া, কল্যাণ থেকে দূরে রাখা।

يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনা।

আয়াত : ৮৯

مُصَدِّقٌ : **সত্যায়নকারী; বিশ্বাসকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ- সত্যায়ন করা; স্বীকৃতি দেওয়া; সমর্থন করা।

كَانُوْا يَسْتَفْتِحُوْنَ : **তারা বিজয় প্রার্থনা করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْاِسْتِفْتَاحُ অর্থ- বিজয় প্রার্থনা করা, মীমাংসা কামনা করা।

عَرَفُوْا : **তারা জ্ঞাত ছিল; জানত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْعِرْفَانُ ও اَلْمَعْرِفَةُ অর্থ- জ্ঞাত হওয়া; অবহিত হওয়া।

لَعْنَةُ : **অভিশাপ; লানত**। মাসদার, বাব فَتَحَ মূলবর্ণ (ل ـ ع ـ ن) অর্থ- রহমত হতে দূর করা।

আয়াত : ৯০

بِئْسَمَا : **তা কত নিকৃষ্ট; নিতান্ত জঘন্য**। مَا টি شَيْءٌ -এর অর্থে ব্যবহৃত। بِئْسَ সীগাহ وَاحِدٌ বহছ فِعْلُ ذَمٍّ বাব سَمِعَ মূলত بِئِسَ ছিল। فَا عَيْنِ كَلِمَة -এর অনুসারে كلمة -কে যের দেওয়া হয়েছে। তারপর সহজকরণার্থে عَيْنِ كَلِمَة -কে سَاكِنٌ করা হয়েছে। পবিত্র কুরআনে বহু স্থানে এ শব্দটি ব্যবহার হয়েছে।

اِشْتَرَوْا : **তারা ক্রয়বিক্রয় করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ- ক্রয় বা বিক্রয় করা।

يَكْفُرُوْنَ : **তারা কুফরি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ- কুফরি করা; অস্বীকার করা।

بَغْيًا : **জিদের বশবর্তী হয়ে**। বাব ضَرَبَ এর মাসদার। مَفْعُوْل لَهٗ হওয়ার কারণে মানসূব হয়েছে।

يُنَزِّلَ : **তিনি অবতীর্ণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ- অবতীর্ণ করা।

فَضْلِ : **তাঁর অনুগ্রহে**। مِنْ فَضْلِهٖ : مِنْ হরফে জার। فَضْلِ মুযাফ ه যমীর মুযাফইি লাইহি। (বিস্তারিত সূরা আয়াত : ৪৭ দ্রষ্টব্য)

عِبَادِهٖ : **তাঁর বান্দা**। عِبَادِ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি। এটি عَبْدٌ -এর বহুবচন। ইমাম রাগেব (র.) লিখেছেন যে, عَبْدٌ -এর অর্থ- দাস, তার বহুবচন عِبَادٌ আসে এবং যে عَبْدٌ- عَابِدٌ অর্থে তার বহুবচন عَبِيْدٌ আসে। তবে আমার মতে এটা قَاعِدَة كُلِّيَّة নয় ; বরং قَاعِدَة اَكْثَرِىْ কেননা পবিত্র কুরআনের এক স্থানে عباد -এর ব্যবহার দাস বা গোলামের জন্য হয়েছে। যেমন- وَاَنْكِحُوا الْاَيَامٰى مِنْكُمْ وَالصَّالِحِيْنَ مِنْ عِبَادِكُمْ وَاِمَائِكُمْ কামূসে বলা হয়েছে, عِبَادَةٌ অর্থ- আনুগত্য করা, ইবনুল আরসীর বলেছেন, اَلْعِبَادَةُ فِى اللُّغَةِ الطَّاعَةُ مَعَ الْخُضُوْعِ আভিধানিক অর্থে বিনয়ের সাথে আনুগত্য করাকে عِبَادَةٌ বলা হয়। শরিয়তের পরিভাষায় عِبَادَةٌ হলো যাতে নেহায়েত মহব্বত, নম্রতা এবং ভয় আছে।

فَبَاءُوْا : **তারা অর্জন করেছে; পাত্র হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ و ـ أ) মাসদার اَلْبَوْءُ অর্থ- আসল নিবাস স্থাপন করা; স্থান উপযোগী করা। রূপকার্থে প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

غَضَبٍ : **ভীষণ ক্রোধ**। ইসমে ফে'ল। প্রতিশোধের স্পৃহায় রক্ত উত্তেজিত হয়ে গর্দানের রগ স্ফীত হওয়া এবং চোখ রক্তবর্ণ হওয়া। যেন তার ভিতরে আগুন প্রবেশ করেছে এবং সেই আগুনে সে দগ্ধ হচ্ছে। কিন্তু আল্লাহর গজব দ্বারা উদ্দেশ্য হলো প্রতিশোধ নেওয়া ও কঠিন শাস্তি দেওয়া। -(মুফরাদাত, বায়যাবী)

عَذَابٌ : **শাস্তি; ভীষণ শাস্তি**। আল্লামা ফায়ূমী মিসবাহুল মুনীরে লিখেছেন عَذَابٌ وَ تَعْذِيْبٌ -এর আসল অর্থ হলো মারা; প্রহার করা। পরবর্তীতে তা দুঃখজনক শাস্তির জন্য ব্যবহার হতে থাকে এবং রূপকার্থে যে কোনো কষ্টকর কাজের জন্যও عَذَابٌ বলা হয়ে থাকে। যেমন বলা হয়- اَلسَّفَرُ قِطْعَةٌ مِنَ الْعَذَابِ

(ভ্রমণ আজাবের এক টুকরা।) ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন– عَذَابٌ অর্থ– ভীষণ কষ্ট দেওয়া। তবে শব্দটির مَأْخَذْ ও উৎস কী সে সম্পর্কে মতভেদ রয়েছে। কারো কারো মতে এটি عَذَبَ الرَّجُلُ فَهُوَ عَاذِبٌ وَ عَذُوبٌ থেকে উদ্গত হয়েছে। যার অর্থ হলো পানাহার ও শয়ন পরিহার করা। সুতরাং تَعْذِيْبٌ অর্থ হলো মানুষকে ক্ষুধার্ত ও অনিদ্রায় রাখতে বাধ্য করা। আবার কেউ বলেছেন, এটি عَذْبٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো মিষ্টি ও সুস্বাদু। সুতরাং عَذَّبْتُهُ অর্থ হবে– أَزَلْتُ عَذْبَ حَيَاتِه (আমি তার জীবনের স্বাদ বিনষ্ট করে দিয়েছি।) (سَلْب مَأْخَذْ হিসেবে) কিন্তু এ ব্যাপারে চমৎকার কথা বলেছেন শায়খ আবূ তায়্যিব ফাসী। তিনি বলেন عَذَابٌ আরবি ভাষায় عَذْبٌ থেকে ব্যুৎপন্ন হয়েছে। যার অর্থ– বাধা প্রদান করা; বিরত রাখা। সে হিসেবে عَذَّبْتُهُ عَنْهُ অর্থ– আমি তাকে এ থেকে বিরত রেখেছি। আর عَذَبَ عُذُوْبًا অর্থ– সে বিরত হয়ে গেছে। মিষ্টি পানিকে عَذْب এজন্য বলা হয় যে তা পিপাসা বাধাগ্রস্ত করে; বিরত রাখে। আর عَذَابٌ (শাস্তি) -কে আজাব এজন্য বলা হয় যে, শাস্তিপ্রাপ্ত ব্যক্তি পুনরায় সে ধরনের অপরাধে লিপ্ত হওয়াকে বাধা মনে করে; বরং সে অন্যকেও বিরত রাখে।

مُهِيْنٌ : **লাঞ্ছনাদায়ক; লাঞ্ছনাকর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপদস্থ করা; লাঞ্ছিত করা।

আয়াত : ৯১

وَرَاءَهٗ : **তা ব্যতীত সবকিছু**। আল্লামা বায়যাবী (র.) লিখেছেন– وَرَاءُ মূলত মাসদার যাকে ظَرْف হিসেবে ব্যবহার করা হয়। তার ইযাফত ফা'য়েলের দিকেও হয় আবার মাফঊলের দিকেও হয়। প্রথম সুরতে উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু, অর্থাৎ এমন বস্তু যার আড়ালে কোনো কিছু হয়। এ কথা স্পষ্ট যে তখন তা আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। আর দ্বিতীয় সুরতে এর বিপরীত, অর্থাৎ লুক্কায়িত ব্যক্তি বা বস্তুটি আগে হবে এবং ঐ বস্তুটি হবে তার পিছনে। এ কারণেই وراء অর্থ আগে পিছনে উভয়ই হতে পারে। তবে কাযী বায়যাবী এ কথা বলেননি যে, وراء অর্থ ব্যতীত, ছাড়া, বিনে ইত্যাদি অর্থ কী করে হলো। সম্ভবত তা এভাবে যে, যা কোনো কিছুর ব্যতীত হয় তা হয়তো আগে হয় নতুবা পিছনে হয়।

تَقْتُلُوْنَ : **তোমরা হত্যা কর; হত্যা করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা।

اَنْبِيَاءَ : **নবীগণ**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। শব্দটি বহুবচন, একবচনে نَبِيٌّ ; মূলত نَبِيْئٌ ছিল। হামযাকে ইয়া দ্বারা পরিবর্তন করে ইয়াকে ইয়ার মধ্যে ইদগাম করা হয়েছে। পবিত্র কুরআনে যে পঁচিশজন নবীর নাম স্পষ্টভাবে বর্ণিত হয়েছে, তাঁরা হলেন– হযরত আদম, ইদরীস, হূদ, সালিহ, ইবরাহীম, লূত, ইসমাঈল, ইসহাক, ইয়াকূব, ইউসুফ, শু'আইব, মূসা, হারূন, ইউনুস, দাঊদ, সুলাইমান, আইয়ূব, ইলইয়াস, আলইয়াসা, যাকারিয়া, ঈসা, ইয়াহইয়া, যুলকিফল (আ.) এবং সাইয়্যিদুল মুরসালীন মুহাম্মাদুর রাসূলুল্লাহ ﷺ। তবে যাদের নাম পবিত্র কুরআনে উল্লেখ নেই তাদের সংখ্যা কত? সে সম্পর্কে মতবিরোধ রয়েছে। ইবনে মারদুবিয়া তাঁর তাফসীরে বর্ণনা করেন যে, তিনি রাসূলুল্লাহ ﷺ -এর নিকট নবীদের সংখ্যা জানতে চাইলে তিনি বললেন, এক লক্ষ চব্বিশ হাজার। তিনি বললেন, আরও জানতে চাইলেন এদের মধ্যে রাসূলদের সংখ্যা কত? উত্তরে তিনি বলেন, তিনশত তেরোজন ইত্যাদি। হাদীসটি সম্পর্কে হাফেজ আবুল ফারজ জাওযী (র.) তাঁর মাওযূ' হাদীস সংকলনের মধ্যে উল্লেখ করেছেন। হাফেজ ইবনে কাছীর ও বলেছেন, এতে সন্দেহ নেই যে, এ হাদীসটি সম্পর্কে ইমামগণের কঠোর সমালোচনা রয়েছে। মোটকথা হাদীসটি নেহায়েতই দুর্বল। এ সম্পর্কে অপর একটি হাদীস রয়েছে হযরত আনাস (রা.) থেকে। রাসূল ﷺ ইরশাদ করেন– আমার আগমন হয়েছে ৮০০০ নবীর পরে। যাদের মধ্যে চার হাজার ছিলেন বনী ইসরাঈলদের মধ্যে। এ হাদীসের একজন রাবী আহমদ ইবনে তারিক সম্পর্কে ইবনে কাছীর (র.) বলেন, তাঁর সম্পর্কে আমার জানা নেই যে, তিনি কেমন? ইমাম আহমদ হযরত আবূ সাঈদ খুদরী (রা.) থেকে এবং হাফেয আবূ বকর বাযযার হযরত জাবের থেকে বর্ণনা করেন যে, রাসূল ﷺ বলেছেন, আমি এক হাজার বা তার চেয়ে অধিক নবীগণের সমাপ্তকারী। এ হাদীস দুটির সনদ সহীহ। সুতরাং নবীগণের সংখ্যা সম্পর্কে এ মত দুটি অধিক সঠিক বলে মনে হয়।

আয়াত : ৯২

بَيِّنٰتٍ : স্পষ্ট প্রমাণাদি। শব্দটি বহুবচন, একবচনে- بَيِّنَةٌ।

اِتَّخَذْتُمْ : তোমরা বানিয়েছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ- গ্রহণ করা; বানানো।

عِجْلَ : গো-বৎস; বাছুর; গরুর বাচ্চা। আল্লামা মাতরাজি লিখেছেন যে, জন্ম থেকে এক মাস পর্যন্ত গো-বৎসকে عِجْلٌ বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন, عِجْلٌ বাচ্চা গরুকে বলা হয়। এর স্ত্রীলিঙ্গ عِجْلَةٌ এবং বহুবচন عُجُوْلٌ ইমাম আবূ মানসূর ছা'আলিবী লিখেছেন, বয়স হিসেবে গরুর জন্য তিনটি শব্দ ব্যবহৃত হয়। বাচ্চার জন্য عِجْلٌ যুবকের জন্য شُبُوْبٌ এবং কম বয়স্কের জন্য فَارِضٌ।

আয়াত : ৯৩

رَفَعْنَا : আমি উত্তোলন করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ- উঠানো; উত্তোলন করা।

اَلطُّوْرَ : পর্বত; পাহাড়। সিনাই পর্বতের নাম। ইবনে জারীর, আবূ হাতেম, ইবনে মারবিয়া প্রমুখ হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করে বলেছেন- اَلطُّوْرُ مَا اَنْبَتَ مِنَ الْجِبَالِ وَمَا لَمْ يُنْبِتْ فَلَيْسَ بِطُوْرٍ (যাতে গাছপালা জন্মায় তা হলো তূর পাহাড়, আর যাতে গাছপালা জন্মায় না তা তূর পাহাড় নয়।) পবিত্র কুরআনে طُوْر -এর ব্যবহার এক নির্দিষ্ট পাহাড়ের জন্য করা হয়েছে। আর তা হলো, মিশরের উপরিভাগের একটি জনপদের নিকটবর্তী তূর নামক একটি পাহাড়কে তূর বলা হয়। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬২ দ্রষ্টব্য)

عَصَيْنَا : আমরা অমান্য করলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْمَعْصِيَةُ ও اَلْعِصْيَانُ ; অবাধ্য হওয়া; অমান্য করা, হঠকারিতা করা।

اُشْرِبُوْا : তাদেরকে পান করানো হয়েছিল; তারা সিঞ্চিত হয়েছিল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ب) মাসদার اَلْاِشْرَابُ অর্থ- পান করানো।

قُلُوْبِ : অন্তরসমূহ। শব্দটি বহুবচন, একবচনে قَلْبٌ অর্থ- অন্তর।

يَأْمُرُكُمْ : সে তোমাদেরকে নির্দেশ দেয়। يَأْمُرُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ- নির্দেশ প্রদান করা। كُمْ যমীরে جمع مذكر حاضر মাফউলেবিহী।

আয়াত : ৯৪

اَلدَّارُ : বাসস্থান; বাড়ি; গৃহ। শব্দটি একবচন, বহুবচনে دِيَارٌ، اَدْوُرٌ، دِيَارَةٌ অর্থ- স্থান; শহর; গোত্র।

خَالِصَةً : খাঁটি; নির্ভেজাল। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل মূলবর্ণ (خ ـ ل ـ ص) বাব نَصَرَ মাসদার اَلْخُلُوْصُ অর্থ- খাঁটি হওয়া।

فَتَمَنَّوُا : সুতরাং তোমরা কামনা কর। فاء হরফে আতফ। تَمَنَّوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّمَنِّىْ অর্থ- আকাঙ্ক্ষা করা, কামনা করা।

আয়াত : ৯৫

لَنْ يَّتَمَنَّوْهُ : তারা তা কখনো কামনা করবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى تاكيد بلن درفعل مستقبل معروف বাব تَفَعُّلٌ ; মূলবর্ণ (م ـ ن ـ ى) মাসদার اَلتَّمَنِّىْ অর্থ- আশা করা, কামনা করা। ه যমীর মাফউলে বিহী।

اَبَدًا : সর্বদা। ভবিষ্যৎকালের অসীম অর্থের জন্য ব্যবহৃত।

قَدَّمَتْ : আগে পাঠিয়ে দিয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ- অগ্রে প্রেরণ করা।

আয়াত : ৯৬

لَتَجِدَنَّهُمْ : তুমি নিশ্চয় তাদেরকে পাবে। সীগাহ واحد مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجْدُ অর্থ- পাওয়া।

اَحْرَصَ : অধিক লোভী। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ر ـ ص) মাসদার اَلْحِرْصُ অর্থ- লোভ করা; লালসা করা।

أَشْرَكُوا : তারা শিরক করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব افعال মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْإِشْرَاكُ অর্থ— শিরক করা; অংশীদার সাব্যস্ত করা।

يَوَدُّ : তারা কামনা করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوَدُّ ও اَلْوِدَادُ، اَلْمَوَدَّةُ অর্থ— আকাঙ্ক্ষা করা; কামনা করা।

لَوْ : যদি আয়ু দেওয়া হয়; হায়াত দেওয়া হয়। لَوْ يُعَمَّرُ হরফে মাসদারিয়্যাহ।

لَوْ : যদি। হরফে শর্ত। যা দুটি বাক্যের উপর আসে এবং প্রথম বাক্যটি শর্ত এবং দ্বিতীয় বাক্যটি তার জাযা হয়ে থাকে। لَوْ শুধুমাত্র শর্তের অস্বীকৃতির জন্য আসে। তবে যদি শর্ত ও জাযার মধ্যে সমতা হয় তখন জাযাকেও না-সূচক করবে। যেমন— لَوْ كَانَتِ الشَّمْسُ طَالِعَةً فَالنَّهَارُ مَوْجُوْدٌ (যদি সূর্য উদয় হতো তাহলে দিন প্রকাশ পেত।) দিনের অস্তিত্ব সূর্যের উদয়ের জন্য আবশ্যক। সুতরাং সূর্যও উদিত হয়নি তাই দিনও প্রকাশ পায়নি। উল্লেখ্য لَوْ – اَنْ মাসদারিয়্যাহ -এর অর্থেও ব্যবহৃত হয়। তবে তার মতো فعل مضارع কে নসব প্রদান করে না। আর এ ধরনের ব্যবহার শুধুমাত্র وَدَّ ـ يَوَدُّ এর পরে হয়ে থাকে। যেমন— يَوَدُّ اَحَدُهُمْ لَوْ يُعَمَّرُ اَلْفَ سَنَةٍ ; وَدُّوْا لَوْ تُدْهِنُ ; وَدَّ كَثِيْرٌ مِنْ اَهْلِ الْكِتَابِ لَوْ يَرُدُّوْنَكُمْ ইত্যাদি।

يُعَمَّرُ : আয়ুদান করা হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْمِيْرُ মূলবর্ণ (ع ـ م ـ ر) অর্থ— আয়ু দান করা; হায়াত দান করা। لَوْ يُعَمَّرُ اَلْفَ سَنَةٍ অর্থ— যদি হাজার বছর আয়ু দেওয়া হতো।

بِمُزَحْزِحِهِ : সে তা দূরীভূতকারী। ب হরফে জার। مُزَحْزِحٌ সীগাহ واحد مذكر ; ه যমীর মুযাফ ইলাইহি। বহছ اسم فاعل বাব فَعْلَلَةٌ মূলবর্ণ (ز ـ ح ـ ز ـ ح) মাসদার اَلزَّحْزَحَةُ অর্থ— দূরীভূত করা; সরানো।

আয়াত : ৯৭

جِبْرِيْلَ : জিবরীল; হযরত জিবরাঈল (আ.)। আল্লাহ তা'আলার একজন নৈকট্যশীল ফেরেশতার নাম। তিনি নবীদের নিকট ওহী নিয়ে আসতেন। পবিত্র কুরআনে তাকে رُوْحُ الْقُدُسِ، رُوْحُ الْاَمِيْنِ، رَسُوْلٌ كَرِيْمٌ ইত্যাদি নামে অভিহিত করা হয়েছে। একটি হাদীসে রয়েছে— اَفْضَلُ الْمَلَائِكَةِ جِبْرِيْلُ (ফেরেশতাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হলেন জিবরাঈল।) পৃথিবীর বড় বড় বিপর্যয়ও তাকে দিয়ে করানো হয়েছে। শব্দটির উচ্চারণে ১৩টি রূপ রয়েছে। যেমন— (১) جَبْرِيْل (২) جَبْرَئِيْل (৩) جِبْرِيْل (৪) جَبْرِيْلٌ (৫) جَبْرِيلٌ (৬) جَبْرَائِيْل (৭) جَبْرَالٌ (৮) جِبْرَال (৯) جَبْرَال (১০) جبريل (১১) جَبْرِيْنُ (১২) جِبْرِيْن (১৩) جَبْرَائِيْنُ আল্লামা আবূ হাইয়ানের মতে جِبْرِيْلُ অনারবী শব্দ, যা عَلَمِيَّتْ ও عُجْمَةٌ -এর কারণে غير منصرف ; হাফেয ইবনে হাজার আসকালানী (র.) ফাতহুল বারীতে লিখেছেন— جِبْرِيْلُ যদিও সুরিয়ানী শব্দ, কিন্তু অর্থগত দিকে থেকে আরবির সাথে সামঞ্জস্য সৃষ্টি হয়ে গেছে। কেননা جَبْرٌ অর্থ হলো বিকৃত বস্তু সংস্কার করা, আর جَبْرِيْلُ -ও ওহীর দায়িত্বে রয়েছেন যার দ্বারা উম্মতের সংস্কার সাধিত হয়। শব্দটির অর্থ সম্পর্কে তাফসীরে ইবনে জারীরে রয়েছে, جَبْرِيْلُ অর্থ— আব্দুল্লাহ, আর مِيْكَائِيْلُ অর্থ— উবাইদুল্লাহ, اِسْرَافِيْلُ অর্থ— আব্দুর রহমান। হযরত যয়নুল আবেদীন বলেন, جَبْر অর্থ عَبْدٌ (বান্দা) আর اِيْل অর্থ اَللّٰهُ সুতরাং সম্মিলিতভাবে অর্থ হবে عَبْدُ اللّٰهِ (আল্লাহর বান্দা।) তিনি আরো যে নামের শেষে اِيْل রয়েছে তার অর্থ হবে আল্লাহর ইবাদতকারী। সর্বসম্মত মতানুযায়ী জিবরাঈল (আ.) -এর জন্ম হযরত আদম (আ.)-এর পূর্বে হয়েছে এবং মৃত্যু হযরত আজরাঈল (আ.)-এর মৃত্যুর পূর্বে হবে।

بُشْرٰى : সুসংবাদ। এমন সংবাদ যা শ্রবণে ত্বকে আনন্দের ঝলক পরিলক্ষিত হয় তাকে بُشْرٰى বলা হয়।

আয়াত : ৯৮

مِيْكَلَ : বিশিষ্ট নবী হযরত মীকাঈল (আ.)। শব্দটি ইবরানী, যার অর্থ— আব্দুর রহমান। مِيْكَلْ এবং مِيْكَائِيْلُ –ও ব্যবহৃত হয়।

আয়াত : ৯৯

فَاسِقُوْنَ : ফাসিকগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ وَ كَرُمَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার

اَلْفِسْقُ وَ اَلْفُسُوْقُ অর্থ– অন্যায় করা; পাপকর্ম করা; সঠিকতা থেকে বেরিয়ে যাওয়া। এর শাব্দিক অর্থ হলো খেজুর তার খোসা থেকে বেরিয়ে আসা। (কামূস) পরিভাষায় শরিয়তের সীমা থেকে বেরিয়ে যাওয়া এবং গুনাহ করাকে فِسْقٌ বলা হয়।

আয়াত : ১০০

عَاهَدُوْا : তারা অঙ্গীকার করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع ـ ه ـ د) মাসদার اَلْمُعَاهَدَةُ অর্থ– পরস্পর অঙ্গীকার করা; চুক্তি করা।

نَبَذَهٗ : সে তা ভঙ্গ করেছে। نَبَذَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف ; ةٗ যমীর মাফঊলেবিহী। বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার اَلنَّبْذُ অর্থ– নিক্ষেপ করা; ছুড়ে মারা।

আয়াত : ১০১

ظُهُوْرِهِمْ : তাদের পিঠসমূহ। তাদের পশ্চাদ্ভাগসমূহ। ظُهُوْر মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। একবচনে ظَهْرٌ -

আয়াত : ১০২

اِتَّبَعُوْا :: তারা অনুকরণ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা।

تَتْلُوْا : তারা তেলাওয়াত করে; তারা আবৃত্তি করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; আবৃত্তি করা।

اَلشَّيٰطِيْنُ : শয়তানসমূহ। শব্দটি বহুবচন, একবচনে شَيْطَانٌ যা شَطَنَ মূলধাতু থেকে নির্গত। অর্থ– সত্য ও উত্তম পন্থা হতে দূরে সরে যাওয়া। শয়তান সত্য প্রত্যাখ্যান করে সরল সহজ পথ হতে দূরে সরে গিয়েছিল। এজন্য তাকে শয়তান বলা হয়। পরিভাষায় শয়তান দ্বারা উদ্দেশ্য হলো ইবলিস। আর যখন اَلشَّيْطَانٌ আলিফ–লাম দ্বারা লিখা হবে তখন এ অর্থই উদ্দেশ্য। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৪ দ্রষ্টব্য)

مُلْكٌ : রাজত্ব, রাজ্য। শব্দটি একবচন, বহুবচনে مُلُوْكٌ - اَمْلَاكٌ

سُلَيْمَانَ : হযরত সুলাইমান (আ.)। একজন বিশিষ্ট নবীর নাম। যিনি হযরত দাউদ (আ.)-এর সন্তান ছিলেন এবং তাঁর মৃত্যুর পর তিনি তাঁর স্থলবর্তী হন। আল্লাহ স্বীয় অনুগ্রহে তার মাঝে নবুয়তি ও রাজত্বকে পূর্ণাঙ্গরূপে সমন্বয় করেছিলেন এবং তাকে এমন বাদশাহী দান করেছিলেন যা তার পূর্বে ও পরে কাউকে দান করেননি। জিন ও পশুপাখি সবকিছু তার অনুগত ছিল। তিনি সমস্ত প্রাণির ভাষা বুঝতে পারতেন। এমনকি পিপড়ার কথা পর্যন্ত তিনি বুঝতেন। যেমন, একবার তিনি পিঁপড়ার উপত্যকা দিয়ে গমন করছিলেন, তখন পিপড়াদের সরদার পিপড়াদেরকে বলল, তোমরা তোমাদের গর্তে ঢুকে যাও। হযরত সুলাইমান (আ.) -এর সৈন্যরা যেন অজান্তে তোমাদেরকে পিষে না ফেলে, একথা শুনে হযরত সুলাইমান (আ.) মুচকি হাসলেন এবং আল্লাহ তা'আলার শুকরিয়া আদায় করলেন। তাঁর সম্মান, মর্যাদা ও ফজিলতের কথা কুরআনের বিভিন্ন স্থানে বর্ণনা করা হয়েছে। তাঁর সম্মানিতা মাতাও একজন সৎ ও ইবাদতগুজার ছিলেন। ইবনে মাজায় হযরত জাবির ইবনে আব্দুল্লাহ (রা.) থেকে হাদীস বর্ণিত রয়েছে যে, রাসূল ﷺ বলেছেন, হযরত সুলায়মানের মা তাকে বলেছিলেন, বেটা! রাতে অধিক ঘুমিও না। কেননা রাতে অধিক ঘুমানো মানুষকে কিয়ামতের দিন মুখাপেক্ষী বানিয়ে ছাড়বে। রাসূল ﷺ বলেন, এক বিশালকায় জিন গতরাতে আমার নামাজে বিঘ্ন সৃষ্টির উদ্দেশ্যে আকস্মিকভাবে প্রকাশ পায়। আল্লাহ তা'আলা আমাকে তার উপর ক্ষমতা প্রদান করেন, আমি তাকে ধরে ফেলি। ইচ্ছা করেছিলাম তাকে মসজিদের খুঁটির সাথে বেঁধে রাখব, যাতে তোমরা দেখতে পার। কিন্তু আমার স্মরণ হয়ে গেল আমার ভাই সুলায়মানের দোয়া– رَبِّ هَبْ لِىْ مُلْكًا لَّا يَنْبَغِىْ لِاَحَدٍ مِّنْ بَعْدِىْ (হে আল্লাহ! আমাকে এমন রাজত্ব দান করুন যা আমার পরে কাউকে দেওয়া হবে না।) তাই আমি তাকে অপদস্থ করে ফিরিয়ে দিয়েছি।

اَلسِّحْرَ : জাদু। এটি বাবে فَتَحَ -এর মাসদার এবং এটি বিরল মাসদারসমূহের একটি। আল্লামা ইবনে খালবিয়া বগবী (র.) তাঁর কিতাব লাইসে উল্লেখ করেছেন যে, আরবি ভাষায় فَعَلَ يَفْعَلُ فِعْلًا -এর

ওযনে سَحَرَ يَسْحَرُ سِحْرًا ব্যতীত অন্য কোনো মাসদার নেই। —(তাজুল আরূস) কিন্তু আল্লামা আবূ হাইয়ান البحر المحيط -এ এতটুকু বৃদ্ধি করে বলেছেন যে, سِحْر ও فِعْل ব্যতীত অন্য কোনো মাসদার فِعْل -এর ওযনে فَعَلَ يَفْعَلُ থেকে আসে না। শায়খ সামীনও একই কথা বলেছেন। ইমাম আবূ বকর জাসসাস রাযী (র.) আহকামুল কুরআনে উল্লেখ করেছেন যে, سِحْر এমন বস্তুকে বলা হয় যা সূক্ষ্ম এবং যার কারণ গোপনীয়। তাদের মতে سَحْر (بِالْفَتْحِ) অর্থ খাদ্য, কারণ তা গোপন থাকে এবং চলাচলের স্থান খুবই সূক্ষ্ম। কবি হযরত লাবীদ (র.) বলেন—

أُرَانَا مُوْضَعِيْنَ لاَ تَرْغِيْبُ
وَنَسْحَرُ بِالطَّعَامِ وَبِالشَّرَابِ

(এখানে نُسْحَرُ -এর দুটি অর্থ হতে পারে। ১. আমরা জাদুগ্রস্তের ন্যায় বিপন্ন ছিলাম। ২. আমরা খাবার গ্রহণ করছিলাম। যে অর্থই গ্রহণ করা হোক না কেন তার অর্থ গোপনীয়তা।) অপর এক কবি বলেন—فَانْ تَسْئَلِيْنَا فِيْمَ نَحْنُ فَاِنَّنَا * عَصَافِيْرُ مِنْ هٰذَا الْاَنَامِ الْمُسَحَّرِ এ কবিতায় প্রোক্ত দুটি অর্থ হতে পারে। আবার مُسَحَّرٌ দ্বারা ذُوْ سِحْرٍ (ফুসফুসবিশিষ্ট) —ও উদ্দেশ্য হতে পারে। سِحْر ফুসফুস এবং যা কণ্ঠনালীর সাথে লেগে থাকে তাকে বলা হয়। এ সংক্রান্ত হযরত আয়েশা সিদ্দীকা (রা.) থেকে বর্ণিত হাদীসে রয়েছে—تُوُفِّىَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَيْنَ سِحْرِىْ وَنَحْرِىْ (রাসূল ﷺ আমার ফুসফুস ও সিনার মধ্যবর্তী স্থানে ইন্তেকাল করেছেন।) পবিত্র কুরআনে রয়েছে—اِنَّمَا اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ (আপনি এমন সৃষ্টজীবদের অন্তর্ভুক্ত যারা পানাহার করে।)

سحر শব্দটি বিভিন্ন অর্থের জন্য ব্যবহৃত হয়— ১. প্রতারণা করা ও অবাস্তব কল্পনা সৃষ্টি করা। যেমন বাজিকর, ভেল্কিবাজ ও ম্যাজিশিয়ান যা কিছু করে, তা মানুষের চোখ ফাঁকি দিয়ে হাতের সাফাই দ্বারা এবং চুগলখোর লালসার কথার মাধ্যমে করে থাকে। মহান আল্লাহর বাণী—سَحَرُوْا اَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ (তারা মানুষের চোখসমূহকে বেঁধে দিয়েছে এবং তাদেরকে ভীতি প্রদর্শন করেছে।) অন্যত্র ইরশাদ হয়েছে—يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ (তাদের জাদু দ্বারা তাদের অন্তরে ধারণা সৃষ্টি হয়েছিল।) এ দৃষ্টিকোণ থেকেই তারা হযরত মূসা (আ.)-কে বলেছিল سَاحِرٌ তথা জাদুকর। যেমন— وَقَالُوْا يَا اَيُّهَا السَّاحِرُ ادْعُ لَنَا رَبَّكَ ২. কোনোভাবে শয়তানের নৈকট্য অর্জনের মাধ্যমে তার সহায়তা লাভ করা। যেমন—وَلٰكِنَّ الشَّيَاطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ (শয়তানরা কুফরি করেছে যে, তারাই লোকদেরকে জাদু শিখিয়েছে।) ৩. জাদু এমন কর্ম যার দিকে বোকা লোকেরা ধাবিত হয়। তারা মনে করে যে, জাদু এমন জিনিস যার ব্যাপারে তাদের দাবি হলো যে, তা দ্বারা মানুষের আকৃতি ও স্বভাব ইত্যাদি পরিবর্তন করা যায় এমন কি মানুষকে গাধায় পরিণত করা হয়। অথচ সঠিক কথা হলো জ্ঞানীদের নিকট এর কোনো বাস্তবতা নেই। এটি একটি ভ্রান্ত ধারণা মাত্র। سِحْر বা জাদুর হাকীকত কী? সে সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। যেমন— ১. سِحْرٌ বা জাদু হলো বাস্তবতার পরিপন্থি ও মানুষের আকৃতি পরিবর্তন করা, যা অলৌকিকতা ও কারামাতের সদৃশ বস্তু। যেমন বাতাসে উড়ানো এবং একই রাতে অনেক দূরত্ব পথ অতিক্রম করা ইত্যাদি। ২. তা প্রতারণা, ভেল্কিবাজি ইত্যাদি বৈ কিছুই নয়। যার কোনো বাস্তবতা নেই। সে সম্পর্কেই আল্লাহ তা'আলা বলেছেন—يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهَا تَسْعٰى (তাদের ধারণা হয়েছিল যে, তাদের জাদুর করণে সেগুলো দৌড়াচ্ছিল।) ৩. তা হলো প্রতারণামূলক এমন কর্ম যা মানুষের চক্ষুকে বন্ধ করে দেয়। সে সম্পর্কেই আল্লাহ তা'আলা বলেছেন— سَحَرُوْا اَعْيُنَ النَّاسِ (তারা মানুষের চক্ষুসমূহ বন্ধ করে দিয়েছিল।) বাজিকর, ভেল্কিবাজ প্রমুখ এরূপ করে থাকে। ৪. তা হলো জিনদের সেবাকর্মের একপ্রকার যা তারাই তাদের দেহের সূক্ষ্মতা থেকে আবিষ্কার করেছে। যার কারণেই তা সূক্ষ্ম ও গোপনীয়। ৫. তা এমন দেহবিশিষ্ট বস্তু দ্বারা গঠিত যা জমা করে জ্বালিয়ে ছাই বানিয়ে রাখা হয় এবং তার উপর বিভিন্ন নাম পড়ে ফু দেওয়া এবং জাদুর প্রয়োজন হলে তা ব্যবহার করা হয়। ৬. তা হলো কুফরি কতিপয় বাক্যের সমষ্টি।

سِحْر -এর অস্তিত্ব আছে কিনা? একথা নিঃসন্দেহে বলা যায় যে, জাদু একসময় ছিল। কারণ কুরআন ও হাদীসে এ সম্পর্কে স্পষ্ট বর্ণনা রয়েছে। কিন্তু বর্তমানে

আমাদের যুগে আমরা বিভিন্ন বই পুস্তক পড়ে জানতে পারি তা সরাসরি মিথ্যা ও মনগড়া কথা বৈ কিছুই নয়। বস্তুত জাদুর কোনোই ক্ষমতা নেই। তা দ্বারা মানুষের কোনোই ক্ষতি সাধিত হবে না। কিন্তু এক শ্রেণির লোক জাদুকরদের পিছনে পড়ে নিজেদের অর্থ নষ্ট করছে যার কোনোই যৌক্তিকতা নেই।

اَلْمَلَكَيْنِ : **ফেরেশতাদ্বয়**। দ্বিবচন, একবচনে مَلَكٌ বহুবচনে مَلَائِكَةٌ ; হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, তারা দুজন বাদশা ছিল, যাদের দুজনই ছিল জাদুকর। হাসান বসরী (র.) বলেন, তারা ছিল অনারব জাদুকর। কারণ ফেরেশতাগণতো জাদু জানেন না।

بَابِلَ : **বাবিল বা ব্যবিলন**। ইরাকের একটি মর্যাদাপূর্ণ শহরের নাম। যা প্রাচীনকালে ফুরাত নদীর উভয় প্রান্তে অবস্থিত ছিল। ফোরাত নদী তার মধ্যখান দিয়ে প্রবাহিত হতো। এখনো ফোরাত নদীর উভয় প্রান্তে তার ধ্বংসাবশেষ বিদ্যমান রয়েছে। এটি দীর্ঘদিন পর্যন্ত ইরাকের রাজধানী ছিল। বাদশাহ বুখতে নাসসারের শাসনকাল পর্যন্ত এটি খুব জাকজমকপূর্ণ শহর ছিল। খ্রিস্টপূর্ব ৫৩৮ সালে এর উপর দিয়ে এমন ধ্বংসলীলা এসেছে যে তা চিরদিনের জন্য বিলীন হয়ে গেছে। বাবিল শহরের জাদুমন্ত্র ও শরাব পান খুবই প্রসিদ্ধ ছিল। বিশিষ্ট নাহুবিদ আখফাশ বলেন, শব্দটি স্ত্রীবাচক ও নাম হওয়ার কারণে غير منصرف ; কেননা আরবি ভাষায় যে কোনো স্ত্রীবাচক বস্তু যদি তা علم হয় এবং তিন হরফের অধিক হয় তাহলে তা غير منصرف হয়।

هَارُوْتَ وَ مَارُوْتَ : **দুজন ফেরেশতার নাম**।

مَا يُعَلِّمٰنِ : **তারা শিক্ষা দিতেন না**। সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع منفى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া।

يُفَرِّقُوْنَ : **তারা পৃথক করে; তারা বিচ্ছেদ সৃষ্টি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– পৃথক করা; বিচ্ছেদ সৃষ্টি করা।

اَلْمَرْءُ : **লোক**। পুরুষ। এর বহুবচন হয় না। اَلْمَرْأَةُ স্ত্রীলোক।

زَوْجِهٖ : **তার স্ত্রী**। زَوْجٌ মুযাফ ও ه তার মুযাফ ইলাইহি। এর অর্থ– স্বামী, স্ত্রী, জোড়া; প্রকার ইত্যাদি। জাওহারী বলেছেন, দুটি জোড় বস্তুকে زَوْجَانِ বলা হয় আবার زَوْجٌ –ও বলা হয়। যেমন– عِنْدِىْ زَوْجُ نِعَالٍ অর্থ হবে– আমার দুটি জুতা আছে। আর যদি বলা হয় عِنْدِىْ زَوْجَانِ نِعَالٍ তখন অর্থ হবে– চারটি জুতা আছে। ইবনে কুতাইবা, আবূ সাঈদ ও ইবনে ফারেস বলেছেন– একটিকেও زَوْجٌ বলা হয়। যেমন পবিত্র কুরআনে রয়েছে– مِنْ كُلِّ زَوْجَيْنِ اثْنَيْنِ এখানে زَوْجٌ দ্বারা একটি উদ্দেশ্য। (বিস্তারিত বাক্বারা, আয়াত : ৩৫ দ্রষ্টব্য)

ضَآرِّيْنَ : **ক্ষতিকারকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل একবচনে ضَارٌّ অর্থ– ক্ষতি কারক।

يَتَعَلَّمُوْنَ : **তারা শিক্ষা গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّعَلُّمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– শিক্ষা নেওয়া; শিক্ষা গ্রহণ করা।

لَا يَنْفَعُهُمْ : **তাদের জন্য উপকারজনক ছিল না**। لَا مضارع منفى বহছ واحد مذكر غائب সীগাহ يَنْفَعُ معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকার করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

আয়াত : ১০৩

اِتَّقَوْا : **তারা আল্লাহভীতি অর্জন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوَقْىُ অর্থ– বিরত থাকা; পরিহার করা।

مَثُوْبَةٌ : **ছওয়াব; প্রতিদান**।

আয়াত : ১০৪

لَا تَقُوْلُوْا رَاعِنَا : **তোমরা رَاعِنَا বলো না**। لَا تَقُوْلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

رَاعِنَا : **আমাদের প্রতি লক্ষ্য রাখুন**। رَاعِ সীগাহ واحد مذكرحاضر ; نا যমীর جمع متكلم মাফউলে বিহী। বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ ع ـ ى) মাসদার اَلْمُرَاعَاةُ অর্থ– একে অপরের প্রতি লক্ষ্য রাখা। শাহ আব্দুল কাদির (র.)

বলেন, ইহুদিরা রাসূল ﷺ -এর মজলিসে বসত। রাসূল আলোচনা করতেন। কোনো কথা তাদের বুঝে না আসলে তারা বলত رَاعِنَا (আমাদের প্রতি লক্ষ্য রাখুন) তাদের কাছ থেকে শিখে মুসলমানরাও একথা বলতে লাগল। আল্লাহ তা'আলা এ কথা বলতে নিষেধ করে দিয়েছেন এবং বলেছেন, যদি বলতে হয় তাহলে اُنْظُرْنَا বলবে। যার অর্থও "আমাদের প্রতি লক্ষ্য রাখুন"। মূলত ইহুদিদের رَاعِنَا বলার মধ্যে প্রতারণা ছিল। কারণ তারা বলার সময় মুখ চেপে رَاعِنَا-এর স্থলে رَاعِيْنَا বলত। যার অর্থ- হে আমাদের রাখাল! তাছাড়া এটি তাদের ভাষায় নির্বোধ অর্থেও ব্যবহৃত হতো। তাই সাহাবীদেরকে رَاعِنَا বলতে নিষেধ করেছেন।

اُنْظُرْنَا : **আমাদের প্রতি দৃষ্টি দাও; আমাদের প্রতি লক্ষ্য করুন**। সীগাহ اُنْظُرْ বহছ امر واحد مذكر حاضر বাব حاضر معروف মূলবর্ণ (ن ـ ظ ـ ر) نَصَرَ মাসদার اَلنَّظْرُ অর্থ- দেখা, অপেক্ষা করা, চিন্তা করা; লক্ষ্য করা।

আয়াত : ১০৫

يَخْتَصُّ : **তিনি বিশেষভাবে মনোনীত করেন, নির্দিষ্ট করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ص ـ ص) মাসদার اَلْاِخْتِصَاصُ অর্থ- নির্দিষ্ট করা, খাস করা।

رَحْمَتِه : **তার অনুগ্রহ**। মাসদার, বাব سَمِعَ; رَحْمَة মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। অর্থ- অনুগ্রহ করা; দয়া করা।

اَلْفَضْلِ : **فَضْل-এর অনেক অর্থ রয়েছে**। যেমন- শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব। জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য। দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৪৭ দ্রষ্টব্য)

আয়াত : ১০৬

نَنْسَخْ : **আমি রহিত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ س ـ خ) মাসদার اَلنَّسْخُ অর্থ- রহিত করা; দূরীভূত করা। বাতিল করা। যেমন বলা হয়- نَسَخَتِ الشَّمْسُ الظِّلَّ। (সূর্য তার ছায়া দূরীভূত করেছে।) এ অর্থে কুরআনের কিয়দংশ রহিত হয়েছে। আয়াতে এ অর্থই উদ্দেশ্য। রহিত হওয়ার তিনটি সুরত রয়েছে- ১. তেলাওয়াত অবশিষ্ট থাকবে, হুকুম রহিত হবে। যেমন- كُتِبَ عَلَيْكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ اِنْ تَرَكَ خَيْرَا نِ الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ অর্থাৎ, আত্মীয়স্বজনদের জন্য অসিয়ত করার যে বিধান ছিল তা রহিত হয়েছে يُوْصِيْكُمُ اللّٰهُ তথা অসিয়তের আয়াত দ্বারা। কিন্তু তার তেলাওয়াত অবশিষ্ট রয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.) مَا نَنْسَخْ আয়াতের এ উদ্দেশ্যই বর্ণনা করেছেন এবং হযরত থানভী (র.)-ও সেই দৃষ্টিকোণ থেকেই তরজমা করেছেন। ২. তেলাওয়াত রহিত করা হয়েছে; কিন্তু হুকুম অবশিষ্ট রাখা হয়েছে। যেমন رَجْم-এর আয়াত এ (اَلشَّيْخُ وَالشَّيْخَةُ اِذَا زَنَيَا فَارْجُمُوْهُمَا) আয়াত পঠনগতভাবে রহিত হয়েছে; কিন্তু বিধানগতভাবে অবশিষ্ট আছে। ৩. তেলাওয়াত ও হুকুম উভয়টিই রহিত হয়েছে। যেমন সূরা আহযাব সূরা বাক্বারার মতো দীর্ঘ ছিল, কিন্তু তার কিয়দংশ তেলাওয়াত ও বিধানসহ রহিত করা হয়েছে। (মা'আলাম : ইমাম বগভী)

نُنْسِهَا : **আমি তা ভুলিয়ে দেই; বিস্মৃত করে দেই**। সীগাহ نُنْسِ বহছ جمع متكلم বাব مضارع معروف মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلْاِنْسَاءُ অর্থ- افعال বিস্মৃত করা; ভুলিয়ে দেওয়া। نُنْسِ মূলত نُنْسِيْ ছিল। ما الشرطية -এর কারণে হালতে জযমে হয়েছে তাই ياء পড়ে গেছে।

نَأْتِ : **আমি আনয়ন করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা। কিন্তু এর সেলা ياء হলে অর্থ হবে- নিয়ে আসা; আনা। এখানে সে অর্থই হয়েছে।

আয়াত : ১০৭

وَلِيٍّ : **অভিভাবক**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব ضرب মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلْوِلَايَةُ অর্থ- অভিভাবক হওয়া।

نَصِيْرٍ : **সাহায্যকারী**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা।

আয়াত : ১০৮

تُرِيْدُوْنَ : **তোমরা চাও; তোমরা ইচ্ছা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

رَسُوْلَكُمْ : **তোমাদের রাসূল**। رَسُوْل মুযাফ, كُمْ যমীর মুযাফ ইলাইহি। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

يَتَبَدَّلْ : **সে বদলে নেবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبَدُّلُ অর্থ– পরিবর্তন করা; কোনো কিছুর পরিবর্তে গ্রহণ করা।

ضَلَّ : **সে পথভ্রষ্ট হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ وَ اَلضَّلَالَةُ অর্থ– পথভ্রষ্ট হওয়া।

سَوَاءَ السَّبِيْلِ : **সরল পথ**। سَوَاءً অর্থ– সোজা; বরাবর; সমান। سَبِيْلٌ অর্থ– রাস্তা; পথ। একবচন, বহুবচন سُبُلٌ

আয়াত : ১০৯

وَدَّ : **সে আকাঙ্ক্ষা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْمَوَدَّةُ অর্থ– আকাঙ্ক্ষা করা; কামনা করা।

كَثِيْرٌ : **প্রচুর; অনেক**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। শব্দগত একবচন কিন্তু অর্থগত বহুবচন।

اَهْلِ الْكِتَابِ : **কিতাবী; আহলে কিতাব**। যাদের উপর আসমানি কিতাব অবতীর্ণ হয়েছে। কুরআনের পরিভাষায় আহলে কিতাব দ্বারা শুধুমাত্র ইহুদি ও খ্রিস্টানই উদ্দেশ্য।

يَرُدُّوْنَكُمْ : **তারা তোমাদেরকে ফিরিয়ে দেবে**। يَرُدُّوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– ফিরিয়ে দেওয়া।

كُفَّارًا : **কাফির সকল**। كَافِرٌ -এর বহুবচন।(বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৬ দ্রষ্টব্য)

حَسَدًا : **ঈর্ষামূলক, হিংসার দরুন**। এটি মাসদার, বাব نَصَرَ অর্থ– হিংসা করা।

تَبَيَّنَ : **তা প্রকাশ হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبَيُّنُ অর্থ– প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া।

اُعْفُوْا : **তোমরা ক্ষমা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ– ক্ষমা করা।

اِصْفَحُوْا : **তোমরা উপেক্ষা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ف ـ ح) মাসদার اَلصَّفْحُ অর্থ– উপেক্ষা করা; ক্ষমা করা।

আয়াত : ১১০

تُقَدِّمُوْا : **তোমরা সামনে অগ্রসর হবে, তোমরা সামনে পাঠাবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ– সম্মুখে অগ্রসর করা।

تَجِدُوْهُ : **তোমরা তা পাবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوَجْدُ অর্থ– পাওয়া। ه যমীর মাফউলে বিহী।

مَا تَعْمَلُوْنَ : **তোমরা যা আমল কর**। مَا মাউসূলাহ। تَعْمَلُوْنَ فعل সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– আমল করা; কাজ করা।

بَصِيْرٌ : **দ্রষ্টা। অন্তর্দৃষ্টি দ্বারা অবলোকনকারী**। আল্লাহর একটি গুণবাচক নাম।

আয়াত : ১১১

لَنْ يَّدْخُلَ : **সে কখনো প্রবেশ করবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن درفعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

هُوْدًا : **ইহুদিরা; হযরত মূসা (আ.)-এর অনুসারী**। একবচনে هَائِدٌ মাসদার اَلْهُوْدُ

نَصٰرٰى : **খ্রিস্টান; হযরত ঈসা (আ.)-এর অনুসারী**। বহুবচন, একবচনে نَصْرَانِىٌّ -

تِلْكَ : **দূরবর্তী ইঙ্গিতার্থক শব্দ**। একবচন ও স্ত্রীলিঙ্গের জন্য ব্যবহৃত হয়। মূলত ইসমে ইশারা হলো تى ; ل হলো অতিরিক্ত এবং ك হলো সম্বোধনের জন্য। বচনভেদে তা পরিবর্তন হতে থাকে। যেমন– تِلْكُمَا، تِلْكُمْ

اَمَانِيُّهُمْ : **তাদের মিথ্যা আশা**। اَمَانِىُّ বহুবচন, একবচন اَمْنِيَّةٌ অর্থ– কামনা; বাসনা; আকাঙ্ক্ষা; প্রবোধ।

هَاتُوْا : **তোমরা পেশ কর**। جمع এর- فعل امر যা اسم اتُوْا মذكر حاضر অর্থে ব্যবহৃত হয়। মূলত এটি اٰتُوْا ছিল। হামযাকে هاء দ্বারা পরিবর্তন করা হয়েছে। সীগাহ امر حاضر معروف বহছ جمع مذكر حاضر বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– আনা।

بُرْهَانَكُمْ : **তোমাদের দলিল-প্রমাণ**। কারো কারো মতে এটি মাসদার بَرِهَ يَبْرَهُ বাব سَمِعَ। যার অর্থ হলো– স্বাস্থ্য ফিরে পাওয়া; সেরে উঠা; সুস্থ হয়ে উঠা; সাদা ও উজ্জ্বল হওয়া। بُرْهَانٌ এমন দলিল-প্রমাণকে বলা হয় যা সকল দলিল থেকে শক্তিশালী এবং সর্বদা ও সর্বাবস্থায় সত্য হয়। উল্লেখ্য যে, দলিল ৫ প্রকার।– ১. যা সর্বদা সত্য হবে। ২. যা সর্বদা মিথ্যা হয়। ৩. যা সত্যের অধিক নিকটবর্তী। ৪. যা মিথ্যার অধিক নিকটবর্তী। ৫. যা সত্য ও মিথ্যা উভয়টি হওয়ার সম্ভাবনা সমান।

আয়াত : ১১২

اَسْلَمَ : **সে আত্মসমর্পণ করেছে। সে আনুগত্য স্বীকার করেছে; সে ইসলাম গ্রহণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আনুগত্য করা; আত্মসমর্পণ করা; ইসলাম গ্রহণ করা।

مُحْسِنٌ : **সৎকর্মপরায়ণ; একত্ববাদী। ফরজের অধিক আদায়কারী; সকল ধরনের সৌন্দর্য সৃষ্টিকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– যে কোনো কাজে সৌন্দর্য সৃষ্টি করা। আমলের মধ্যে اِحْسَانٌ দুভাবে হতে পারে– ১. কাউকে তার প্রাপ্য হতে অধিক দান করা এবং স্বীয় অধিকার থেকে কম নেওয়া। ২ নিজের আমলে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজ আদায় করার পর মোস্তাহাবও আদায় করা। –(রাগেব)

اِحْسَانٌ فِى الْعِبَادَةِ -এর ব্যাখ্যা হাদীসে এভাবে এসেছে যে– اُعْبُدُوا اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَّمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهُ يَرَاكَ (আল্লাহর ইবাদত এভাবে কর যে, তুমি আল্লাহকে দেখছ, যদি এরকম না হয় তাহলে মনে করবে যে, তিনি তোমাকে দেখছেন।) –(বুখারী) اِحْسَانٌ প্রথম অর্থের মাফউলের উপর اِلٰى বা بَاءٌ আসে। যেমন– اَحْسِنْ اِلٰى زَيْدٍ (যায়েদের সাথে কল্যাণ কর।) وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا (মাতাপিতার সাথে সদাচরণ কর।) আর দ্বিতীয় অর্থে নিজেই متعدى বা সকর্মক হয়। তার মাফউলের উপর কোনো হরফে জার আসে না। যেমন– اَحْسِنِ الْوُضُوْءَ (অজু উত্তমরূপে কর।) –(কামূস) এ আয়াতে مُحْسِنٌ অর্থ مُوَحِّدٌ (একত্ববাদী।) শেষ আয়াতে مُحْسِنٌ অর্থ– মুমিন।

اَجْرُهٗ : **তার প্রতিদান; তার ছওয়াব**। اَجْرٌ মুযাফ, ةٗ মুযাফ ইলাইহি।

خَوْفٌ : **ভয়; ভীতি**। মাসদার বাব سَمِعَ এর আরো মাসদার হলো– اَلْمَخَافَةُ ও اَلْخِيْفَةُ ; মূলবর্ণ (خ ـ و ـ ف) -

আয়াত : ১১৩

يَتْلُوْنَ : **তারা তেলাওয়াত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) অর্থ– তেলাওয়াত করা।

يَحْكُمُ : **তিনি মীমাংসা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ– মীমাংসা করা; রায় দেওয়া।

يَوْمَ : **দিন; দিবস**। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়কে শরিয়তের পরিভাষায় দিন বলা হয়। বহুবচনে اَيَّامٌ অর্থ– দিনসমূহ; اَيَّامُ اللّٰهِ অর্থ– আল্লাহর নিয়ামতরাজি। يَوْمُ الْيَوْمِ অর্থ– কঠিন দিন। مِنْ اَوَّلِ يَوْمٍ প্রথম দিন হতে।

আয়াত : ১১৪

أَظْلَمُ : **অধিক জুলুমকারী**। সীগাহ اسم واحد مذكر বহছ تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

مَسَاجِدَ : **মসজিদসমূহ**। ظرف مكان ; جمع منتهى الجموع শব্দটি বহুবচন, একবচনে مَسْجِدٌ অর্থ– সেজদা করার স্থান। কারো কারো মতে مَسَاجِدُ টি اسم آلة অর্থাৎ কপাল, নাক, দুই হাত, দুই পা ও দুই হাঁটু। –(রাগেব) এখানে মসজিদসমূহ উদ্দেশ্য। সেজদা অর্থ মাথা ঝুঁকানো; মাথা নোয়ানো; অত্যন্ত অক্ষমতা প্রকাশ করা।

يُذْكَرَ : **স্মরণ করা হয়**। সীগাহ فعل واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা।

سَعٰى : **সে চেষ্টা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ ع ـ ى) মাসদার اَلسَّعْىُ অর্থ– চেষ্টা করা।

خَرَابِ : **নষ্ট করা; উজাড় করা**। এটি মাসদার, বাব سَمِعَ। মূলবর্ণ (خ ـ ر ـ ب)

يَدْخُلُوْا : **তারা প্রবেশ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

خَائِفِيْنَ : **ভয়কারীগণ**। সীগাহ اسم جمع مذكر বহছ فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা। একবচনে خَائِفٌ

اَلدُّنْيَا : **দুনিয়া; পৃথিবী**। অধিক নিকটবর্তী। دَانِيَةٌ ও دُنِيَّةٌ থেকে ইসমে তাফযীলের সীগাহ। دَانِيَةٌ থেকে হলে তার অর্থ হবে– অধিক নিকটবর্তী। আর دَنِيَّةٌ থেকে হলে অর্থ হবে– অধিক অপদস্থ। অধিক তুচ্ছ। বহুবচনে دُنًى ; যখন دُنْيَا শব্দটি اُخْرَةٌ-এর মোকাবিলায় আসে তখন তার অর্থ হয়– প্রথম। আর যদি قَصْوٰى -এর মোকাবিলায় হয় তখন অর্থ হবে– অধিক নিকটবর্তী।

خِزْىٌ : **লাঞ্ছনা; অপদস্থতা;** অবমাননা। এটি মাসদার, বাব ضَرَبَ।

اَلْاٰخِرَةِ : **পরকাল; আখেরাত**।

আয়াত : ১১৫

اَلْمَشْرِقُ : **পূর্ব**। **সূর্যোদয়ের দিক**। সূর্যোদয়ের স্থান এবং সময়; সীগাহ اسم ظرف বহছ واحد বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ر ـ ق) মাসদার اَلشُّرُوْقُ অর্থ– সূর্যোদয় হওয়া; উজ্জ্বল হওয়া। বিদীর্ণ হওয়া ফেটে যাওয়া। বাব سَمِعَ অর্থ– ফেটে যাওয়া; লাল হওয়া। দুর্বল হওয়া।

اَلْمَغْرِبُ : **পশ্চিম; সূর্যাস্তের দিক**। সূর্যাস্তের স্থান এবং সময়। সীগাহ اسم ظرف বহছ واحد বাব نَصَرَ মাসদার اَلْغُرُوْبُ অর্থ– সূর্যাস্ত যাওয়া।

اَيْنَمَا تُوَلُّوا : **তোমরা যেদিকেই মুখ কর**। اَيْنَمَا ইসমে শর্ত। تُوَلُّوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া।

فَثَمَّ : **সেদিক; ঐ স্থানে; ওখানে**। اسم اشارة দূরবর্তী স্থান বুঝাবার জন্য এর ব্যবহার হয়।

عَلِيْمٌ : **মহাজ্ঞানী; সর্বজ্ঞ**। মুবালাগার সীগাহ। বাব سَمِعَ ; মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। মানুষের জন্যও عَلِيْمٌ ব্যবহার হতে পারে; তবে পবিত্র কুরআনে যেখানেই عَلِيْمٌ ব্যবহার হয়েছে সেখানেই উদ্দেশ্য হলো আল্লাহ তা'আলা।

আয়াত : ১১৬

وَلَدًا : **সন্তান**। ইসমে জিন্‌স। নাকেরা মানসূব। এক বা একাধিক ছেলে বা মেয়ে সকলের জন্য ব্যবহৃত হয়। শব্দটি একবচন, বহুবচনে اَوْلَادٌ -

سُبْحَانَهٗ : **তার পবিত্রতা**। শব্দটি বিশ্লেষণে আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, سُبْحَانَ হলো মাসদার। এটি تَسْبِيْح -এর অর্থে। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। نصب হওয়া এবং مفرد -এর দিকে اضافت হওয়া তার জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন– سُبْحٰنَ

اَللّٰهُ (আল্লাহ পবিত্র।) অথবা ইসমে যমীর হোক। যেমন– سُبْحٰنَهٗۤ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ (সন্তান হওয়া তার জন্য শোভনীয় নয়।) سُبْحَانَكَ لَا عِلْمَ لَنَا (আপনি পবিত্র, আমাদের জানা নেই।) (বিস্তারিত সূরা বাক্বারা : ৩২নং আয়াত দ্রষ্টব্য)

سَمٰوٰتِ : **আকাশমণ্ডলী**। মেঘ; বৃষ্টি। বহুবচন, একবচন سَمَاء (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯ দ্রষ্টব্য)

আয়াত : ১১৭

بَدِيْعُ : **স্রষ্টা; নমুনাবিহীন সৃষ্টিকারী**। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। مبدع টি بَدِيْع অর্থে। অর্থাৎ এমন বস্তু সৃষ্টিকারী যা পূর্বে কেউ সৃষ্টি করেনি। কারো অনুসরণ না করে কোনো কিছু সৃষ্টি করাকে اِبْدَاعٌ বলা হয়। اِبْدَاع -এর ব্যবহার আল্লাহর জন্য হলে যন্ত্র, কাল ও স্থানবিহীন কোনো কিছু আবিষ্কার করার অর্থ হবে।

اَلْاَرْضِ : **ভূমি; পৃথিবী**; শব্দটি একবচন, বহুবচনে اَرْضُوْنَ

قَضٰى : **তিনি সিদ্ধান্ত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَا ও اَلْقَضَاءُ অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা, যা কথায় হোক বা কার্যত, মানবীয় হোক বা আল্লাহর দ্বারা মোটকথা সর্বাবস্থায় ফয়সালা করে দেওয়া বা করে নেওয়া উদ্দেশ্য হয়। কোনো বিষয় সম্পর্কে চূড়ান্ত ইচ্ছা বা নির্দেশ বা কাজ সমাপ্ত করা অবশ্যই قَضَا -এর মধ্যে বিদ্যমান। صِلَةٌ-এর বিভিন্নতা বা বাক্যের অগ্র-পশ্চাতের হিসেবে এর বিভিন্ন অর্থ হতে পারে। যেমন– বানানো; নির্মাণ করা; পূর্ণ করা; দৃঢ় সংকল্প করা; ইচ্ছা করা; ফয়সালা করা; সিদ্ধান্ত করা; নির্দেশ জারি করা; নির্ধারণ করা; অকাট্য ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করে সম্পর্ক ছিন্ন করে নেওয়া; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা এ সকল অর্থে পবিত্র কুরআনে বিভিন্নস্থানে এর ব্যবহার হয়েছে।

يَكُوْنُ : **সে হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ ও اَلْكَيْنُوْنَةُ অর্থ– হওয়া।

আয়াত : ১১৮

لَا يُكَلِّمُ : لَا يُكَلِّمُنَا : **তাদের সঙ্গে কথা বলে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ অর্থ– কথা বলা।

تَشَابَهَتْ : **তা সাদৃশ্যপূর্ণ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ش ـ ب ـ ه) মাসদার اَلتَّشَابُهُ অর্থ– সাদৃশ্যপূর্ণ হওয়া।

بَيَّنَّا : **আমি বর্ণনা করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা।

اَلْاٰيٰتِ : **নিদর্শনাবলি**। শব্দটি বহুবচন, একবচনে اٰيَةٌ নিদর্শন; দলিল-প্রমাণ।

يُوْقِنُوْنَ : **তারা বিশ্বাস করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ى ـ ق ـ ن) মাসদার اَلْاِيْقَانُ অর্থ– বিশ্বাস করা; নিশ্চিত হওয়া।

আয়াত : ১১৯

اَرْسَلْنٰكَ : **আমি আপনাকে প্রেরণ করেছি**। اَرْسَلْنَا সীগাহ جمع متكلم ; كَ যমীর মাফউলেবিহী। বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

بَشِيْرًا : **সংবাদদাতারূপে**। حال হওয়ার কারণে منصوب হয়েছে। بَشِيْرٌ সীগাহ واحد مذكر বহছ صفت مشبه রাসূল ﷺ-এর একটি গুণবাচক নাম।

نَذِيْرًا : **ভীতিপ্রদর্শনকারী**। এটি সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ। نكرة و مرفوع এখানে পয়গাম্বর উদ্দেশ্য।

اَلْجَحِيْمِ : **জাহান্নাম; উত্তপ্ত অগ্নি**। جَحْم অর্থ– আগুন ভীষণভাবে প্রজ্বলিত হওয়া। جَحِيْم তা থেকেই ব্যুৎপন্ন হয়েছে। যা فعيل -এর ওযনে এবং فاعل অর্থে হয়েছে। ইবনে জুরাইজ থেকে বর্ণিত আছে জাহান্নামের সাতটি স্তর রয়েছে– ১. জাহান্নাম, ২. লাযা, ৩. হুতামা, ৪. সায়ীর, ৫. সাকার, ৬. হাবিয়া, ৭. জাহিম।

আয়াত : ১২০

لَنْ تَرْضٰى : **সে কখনো সন্তুষ্ট হবে না**। সীগাহ واحد مذكر حاضر نفى تاكيد بلن در فعل مستقبل বহছ বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ ى) মাসদার اَلرِّضٰى অর্থ– সন্তুষ্ট হওয়া; খুশি হওয়া।

تَتَّبِعَ : **তুমি অনুসরণ করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব افتعال মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা। حَتّٰى -এর কারণে হালতে নসবে পতিত হয়েছে।

مِلَّتَهُمْ : **তাদের ধর্মাদর্শ**। مِلَّةَ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচনে مِلَلٌ ; ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, دِيْن -এর ন্যায় مِلَّةٌ -ও আল্লাহর এমন জীবন বিধানের নাম যা আল্লাহ তাঁর বান্দাদের জন্য নির্ধারণ করেছেন, যেন মানুষ তদনুযায়ী চলে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে। আর এ জীবনবিধান নবীগণের মাধ্যমে মানুষ পর্যন্ত পৌঁছিয়েছেন। তবে পবিত্র কুরআনে কয়েক স্থানে مِلَّة শব্দটি বাতিল ধর্মের জন্যও ব্যবহৃত হয়েছে। যেমন হযরত ইউসুফ (আ.) জেলখানায় বন্দিদের সম্বোধন করে বলেছেন– اِنِّىْ تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ (যারা আল্লাহর উপর ঈমান আনে না আমি তাদের مِلَّة -কে বর্জন করেছি।) ইমাম রাগেব (র.) مِلَّة ও دِيْن -এর মাঝে পার্থক্য বর্ণনা করে বলেছেন, مِلَّة শব্দটির ইযাফত সর্বদা নবীগণের দিকে হয়, নবী ব্যতীত অন্য কারো প্রতি এর ইযাফত হয় না, এমন কি আল্লাহর দিকেও হয় না। এ কারণেই مِلَّتِىْ অথবা مِلَّةُ زَيْدٍ বা مِلَّةُ اللّٰهِ বলা যাবে না। পক্ষান্তরে دِيْن -এর ব্যবহার ব্যাপক; সুতরাং دِيْنُ اللّٰهِ، دِيْنُ الْاَنْبِيَاءِ، دِيْنُ زَيْدٍ সবই বলা বৈধ হবে। উল্লেখ্য ইমাম রাগেব (র.) مِلَّة শব্দকে নবীদের সাথে খাস এ দৃষ্টিকোণ থেকে করেছেন যে, মিল্লাত শুধুমাত্র আল্লাহর জীবনবিধানের নাম যা নবীগণের মাধ্যমে প্রেরণ করা হয়। নতুবা নবী ব্যতীত অন্যদের প্রতি এর ইযাফত আয়াতের মধ্যে হয়েছে।

اِتَّبَعْتَ : **তুমি অনুসরণ করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى فعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

اَهْوَاءَ : **কামনা-বাসনাসমূহ; খেয়াল-খুশিসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে هَوًى অর্থ– অবৈধ বাসনা।

আয়াত : ১২১

تِلَاوَتِهٖ : **তার তেলাওয়াত; তার পাঠ করা**। تِلَاوَةٌ আসমানি কিতাবের অনুসরণ এবং মেনে চলার জন্য নির্দিষ্ট। যা কখনও তা পাঠ করার দ্বারা বা তার আদেশ নিষেধ, উৎসাহ ও ভীতি প্রদর্শন ইত্যাদি হৃদয়ঙ্গম করার সুযোগকে বলা হয়। তেলাওয়াত এবং কেরাত এবং মধ্যে সামান্য পার্থক্য রয়েছে – تِلَاوَةٌ قِرَاءَةٌ থেকে খাস। তাই যে কোনো تِلَاوَةٌ -কে قِرَاءَةٌ বলা হবে; কিন্তু যে কোনো قِرَاءَةٌ -কে تِلَاوَةٌ বলা হবে না। এ কারণেই تَلَوْتُ رُقْعَتَكَ (আমি চিরকুট তিলাওয়াত করেছি) বলা যায় না; বরং কুরআনের জন্য تِلَاوَةٌ শব্দ ব্যবহার হবে। কারণ যখন তা পাঠ করা হবে তখন তার অনুসরণ ওয়াজিব হয়ে যায়। কুরআনের আয়াত– وَاتَّبَعُوْا مَا تَتْلُوا الشَّيٰطِيْنُ (তারা পিছনে পড়েছে ঐ জিনিসের যা তেলাওয়াত করে শয়তানরা) এ আয়াতে শয়তানের পাঠকে তেলাওয়াত বলা হয়েছে, কারণ তাদের ধারণা ছিল যে তারা আল্লাহর কিতাব তেলাওয়াত করছে। تِلَاوَةٌ শব্দ যখন আল্লাহর দিকে সম্পৃক্ত করা হয় তখন তার অর্থ হবে– অবতীর্ণ করা। যেমন– ذٰلِكَ نَتْلُوْهُ عَلَيْكَ مِنَ الْاٰيٰتِ وَالذِّكْرِ الْحَكِيْمِ (হে মুহাম্মদ! আমি তোমার উপর আয়াতসমূহ ও প্রজ্ঞাময় উপদেশ অবতীর্ণ করেছি।)

اَلْخٰسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ وَ الْخُسْرُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ১২২

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– স্মরণ করা।

نِعْمَتِىْ : **আমার নিয়ামত; আমার অনুগ্রহ**। نِعْمَةٌ ইসমে মুযাফ; ى যমীর মুযাফ ইলাইহি।

اَنْعَمْتُ : **আমি পুরস্কৃত করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার اَلْاِنْعَامُ অর্থ– পুরস্কৃত করা।

আয়াত : ১২৩

اِتَّقُوْا : **তোমরা ভয় কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা।

لَا تَجْزِىْ : **উপকারে আসবে না; কাজে আসবে না।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– কাজে আসা; যথেষ্ট হওয়া; প্রতিদান দেওয়া।

نَفْسٌ : **প্রাণ; ব্যক্তি।** ইসম, নাকেরা। মারফূ'। শব্দটি একবচন, বহুবচনে اَنْفُسٌ এবং نُفُوْسٌ

لَا يُقْبَلُ : **তা গৃহীত হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلْقَبُوْلُ অর্থ– গ্রহণ করা; কবুল করা।

عَدْلٌ : **ফিদিয়া; প্রতিদান; বদলা; দ্রব্য বিনিময়।** মুক্তিপণ; সৎ ব্যক্তি; সত্য; ইনসাফ; ন্যায়বিচার। নুজহাতুল কুলূবে রয়েছে, عَدْلٌ অর্থ– পণ; মুক্তিপণ; ফিদিয়া। যেমন– لَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ এবং وَاِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ لَا يُؤْخَذُ مِنْهَا (যদি তারা মুক্তিপণ দেয় তবুও তা গ্রহণ করা হবে না।) عَدْل সমতা ও সমান অর্থেও আসে। যেমন – اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا (অথবা সেটার সমান রোজা) (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৮ দ্রষ্টব্য)

شَفَاعَةٌ : **সুপারিশ করা।** মাসদার, বাব فَتَحَ ; মাওলানা শাহ ইসমাঈল শহীদ (র.) তাঁর বিখ্যাত تَقْوِيَةُ الْاِيْمَانِ গ্রন্থে شَفَاعَةٌ সম্পর্কে সন্তোষজনক আলোচনা করেছেন, যা পাঠকদের সম্মুখে তুলে ধরা হলো। তিনি বলেন, কান খুলে শুনে রাখা উচিত যে, অধিকাংশ লোক নবী ও ওলীগণের সুপারিশের মিথ্যা আশায় প্রবঞ্চিত হচ্ছে এবং তার ভুল অর্থ বুঝে আল্লাহকে ভুলে গেছে। সুতরাং شَفَاعَةٌ বা সুপারিশের হাকিকত বুঝা উচিত। শুনে রাখুন! দুনিয়াতে সুপারিশ তিন প্রকার–

১. شَفَاعَةُ وَجَاهَتْ বা সম্মানি ব্যক্তির শাফাআত। যেমন মনে করুন! বাদশার নিকট কোনো চোরের চুরি প্রমাণিত হয়ে গেছে। বাদশার ইচ্ছা তাকে শাস্তি দেওয়া; কিন্তু মন্ত্রী বা আমির চোরকে রক্ষা করার জন্য সুপারিশ করছে। বাদশা মন্ত্রীকে সন্তুষ্ট করার জন্য তাকে ক্ষমা করে দিয়ে শাস্তি দেওয়া থেকে বিরত রইলেন। এ ধরনের সুপারিশ আল্লাহর দরবারে কখনো চলবে না। আর যে ব্যক্তি কোনো নবী, ওলী, ইমাম, শহীদ, কোনো ফেরেশতা বা পীরকে এ ধরনের সুপারিশকারী মনে করবে সে খাঁটি মুশরিক ও চরম অজ্ঞ। সে আল্লাহর মহত্ত্ব ও বড়ত্ব কিছুই বুঝেনি।

২. শাফাআতে মুহাব্বাত। অর্থাৎ শাহজাদী, রাণী বা বাদশার কোনো প্রেমিকার সুপারিশে উক্ত চোরকে বাদশা ক্ষমা করে দিয়ে তাকে শাস্তি দেওয়া থেকে বিরত রইলেন। তাদের মহব্বতে সুপারিশ কবুল করে নিলেন। কিন্তু এ ধরনের সুপারিশও আল্লাহর দরবারে চলবে না। যদি কেউ কাউকে এ ধরনের সুপারিশকারী মনে করে তাহলে সে তদ্রূপই মুশরিক ও অজ্ঞ।

৩. শাফাআত بِالاِذْن বা আল্লাহর অনুমতিক্রমে সুপারিশ। যেমন চোরের চুরি প্রমাণিত হয়েছে, কিন্তু সে কোনো পেশাদার চোর নয়। ভুলক্রমে চুরি সংঘটিত হয়ে গেছে, এজন্য বাদশার কাছে অনুতপ্ত হয়ে দিনরাত কান্নাকাটি করছে আর তার কাছে ক্ষমা প্রার্থনা করছে। তার এ অবস্থা দেখে তার প্রতি বাদশার দয়া হলো। তাই কাউকে বললেন, তুমি সুপারিশ করলে তাকে ক্ষমা করে দেওয়া হবে। এ ধরনের সুপারিশ আল্লাহর দরবারে চলবে। কুরআন হাদীসে যে সুপারিশের কথা বলা হয় তা এ প্রকার। যেমন, আল্লাহ তা'আলা ইরশাদ করেন مَنْ ذَا الَّذِىْ يَشْفَعُ عِنْدَهٗ اِلَّا بِاِذْنِهٖ -কে সে, যে তার অনুমতি ব্যতীত তার নিকট সুপারিশ করবে?

وَلَا يُنْصَرُوْنَ : **তারা সাহায্যপ্রাপ্ত হবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

আয়াত : ১২৪

اِبْتَلٰى : **সে পরীক্ষা নিয়েছে; সে পরীক্ষা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْاِبْتِلَاءُ অর্থ– পরীক্ষা

নেওয়া। পরীক্ষার দুটি উদ্দেশ্য থাকে। প্রথমত পরীক্ষক ঐ ব্যক্তির যোগ্যতা যাচাই করতে চান। দ্বিতীয়ত তার যোগ্যতা সম্পর্কে পরীক্ষক পূর্ণরূপে অবহিত; কিন্তু অন্যকে তার সম্পর্কে জানানো উদ্দেশ্য থাকে। পবিত্র কুরআনে اِبْتِلَاءٌ -এর সম্পর্ক যখন আল্লাহর দিকে করা হয় তখন দ্বিতীয় অর্থ উদ্দেশ্য হয়। হযরত ইবরাহীম (আ.)-কে যে বিষয়গুলোর পরীক্ষা নেওয়া হয়েছিল তা কী ছিল সে সম্পর্কে মতামত রয়েছে। যেমন কারো কারো মতে তা ছিল শরিয়তের কয়েকটি বিধান, যেমন হজের আহকাম, খতনা, মিসওয়াক ইত্যাদি। তিনি সেগুলো একনিষ্ঠভাবে পালন করেন যার কারণে তাঁকে লোকদের নেতা বানানো হয়েছে। আবার কারো কারো মতে সেগুলো হলো, নমরুদের দ্বারা আগুনে নিক্ষিপ্ত হওয়া, পুত্রকে জবাই করা, জন্মভূমি ত্যাগ করা। সাথে সাথে আল্লাহর পক্ষ থেকে অনেক বিধিবিধানও তাঁর উপর বর্তেছিল। তন্মধ্যে দশটি স্বভাবসুলভ। যেগুলো দৈহিক পরিষ্কার পরিচ্ছন্নতার সাথে সম্পৃক্ত। তিনি তার পালনকর্তার নির্দেশ অনুযায়ী আমল করেন। (তাফসীরে মা'আরিফুল কুরআন) ভিন্নমতে তাঁকে মানবজাতির নেতৃত্বের (اِمَامًا) দায়িত্ব প্রদান করে পরীক্ষা করা হয়েছিল। –(ইবনে কাছীর)

اِبْرَاهِيْمَ : **বিশিষ্ট নবী হযরত ইবরাহীম** (আ.)। আমাদের নবী মুহাম্মদ ﷺ -এর পূর্বপুরুষ। তিনি ব্যতীত সকল নবীগণ থেকে শ্রেষ্ঠ। এ কারণেই নামাজে তাশাহহুদের ভিতর তাঁর উপর দরূদ পাঠ করা হয়। মি'রাজ সম্পর্কিত হাদীসে রয়েছে মুহাম্মদ ﷺ তাঁকে এমতাবস্থায় দেখতে পেয়েছিলেন যে, তিনি বায়তুল মামূরের সাথে হেলান দিয়ে বসে রয়েছেন। তিনি আমাদের নবীকে স্বাগত জানিয়েছিলেন مَرْحَبًا بِالْاِبْنِ الصَّالِحِ وَ النَّبِيِّ الصَّالِحِ বলে। সহীহ বুখারীতে হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত হয়েছে রাসূল ﷺ ইরশাদ করেছেন, কিয়ামতের দিন সর্বপ্রথম যাকে পোশাক পরিধান করানো হবে তিনি হলেন নবী হযরত ইবরাহীম (আ.)। তাঁর জন্ম হয়েছিল ব্যবিলন শহরে হযরত ঈসা (আ.)-এর জন্মের দুই হাজার বছর পূর্বে। ঐতিহাসিকগণের মতে তাঁর বংশধারা ষষ্ঠ পুরুষে গিয়ে হযরত নূহ (আ.)-এর পুত্র-সামের সাথে গিয়ে মিলিত হয়েছে। তাঁর দৈহিক গঠন সম্পর্কে রাসূল ﷺ বলেন– اَمَّا اِبْرَاهِيْمُ فَانْظُرُوْا اِلٰى صَاحِبِكُمْ (অর্থাৎ ইবরাহীমকে দেখতে হলে তোমাদের সাথি (অর্থাৎ আমাকে) দেখ।) তাঁর কওমের লোকেরা মূর্তির সাথে সাথে তারকার পূজাও করত। তিনি প্রেরিত হয়ে সর্বপ্রথম তাঁর পিতা আযরকে হকের দাওয়াত দেন, অতঃপর কওমের লোকদেরকে, অতঃপর তৎকালীন বাদশা নমরূদকে। নমরূদের সাথে বিতর্ক হয়, তিনি তাকে অকাট্য যুক্তি-প্রমাণ দ্বারা তাওহীদের দাওয়াত দিয়ে তাকে হতভম্ব করে দেন। কিন্তু তার স্ত্রী সারা ও ভাতিজা লূত ব্যতীত হতভাগারা তার উপর ঈমান আনেনি। অনন্তর তাঁকে সর্বপ্রকার কষ্ট দিতে থাকে। এক পর্যায়ে জালিমরা তাঁকে জ্বলন্ত আগুনে নিক্ষেপ করে। কিন্তু আল্লাহ তা'আলা কাফেরদেরকে অপদস্থ করে আগুনকে শান্তিদায়ক শীতল করে দেন। একটি মারফূ' হাদীসে বর্ণিত হয়েছে যখন তাঁকে আগুনে নিক্ষেপ করা হয়েছিল তখন তাঁর মুখে জারি ছিল– اَللّٰهُمَّ اِنَّكَ فِى السَّمَاءِ وَاحِدٌ وَاَنَا فِى الْاَرْضِ وَاحِدٌ اَعْبُدُكَ (হে আল্লাহ! আপনি আকাশে একা আর আমি জমিনে একা আপনার ইবাদত করছি।) অবশেষে নিরুপায় হয়ে দেশত্যাগ করেন, প্রথমে ফোরাত নদীর পশ্চিম তীরে একটি মহল্লায় যান। অল্পকিছুদিন পর সেখান থেকে চলে যান 'হারান' অতঃপর 'ফিলিস্তিন' তারপর 'নাবলুস' এবং সেখান থেকে তাবলীগ করতে করতে মিশর গিয়ে পৌঁছেন। তাঁর সফরসঙ্গী ছিলেন স্ত্রী সারা ও ভাতিজা লূত। এখানে মিশরের বাদশা তার কন্যা হাজেরাকে তাঁর সাথে বিবাহ দেন। তার গর্ভে হযরত ইসমাঈল (আ.)-এর জন্ম হয়। স্ত্রী সারার তার প্রতি ঈর্ষা হয়। তাই তিনি হযরত হাজেরা ও ইসমাইল (আ.) কে সাথে নিয়ে বর্তমান যেখানে কা'বা শরীফ অবস্থিত সেখানে চলে যান। এখানে একটি বড় বৃক্ষের নিচে জমজম কূপ যেখানে অবস্থিত তার উপরি অংশে তাদেরকে রেখে তিনি ফিলিস্তিন চলে যান। অবশ্য বরাবরই তিনি স্ত্রী হাজেরা ও পুত্র ইসমাঈলকে দেখতে মক্কায় আসতেন। ইতোমধ্যেই আল্লাহ

তা'আলা কা'বাগৃহ নির্মাণের নির্দেশ দিলেন। তিনি হযরত ইসমাঈল (আ.)-এর সাথে পরামর্শক্রমে পিতা-পুত্র উভয়ে মিলে কা'বাগৃহ নির্মাণ করেন। যখন হযরত ইবরাহীম (আ.)-এর বয়স ৭০ বছর তখন তাঁকে খতনার নির্দেশ প্রদান করা হয়। তিনি তা পালন করেন। তাঁর বয়স যখন ১০০ বছর তখন সারার গর্ভে হযরত ইসহাকের জন্ম হয়। ১৭৫ বছর বয়সে তাঁর মৃত্যু হয় এবং মদীনাতুল খলীলে তাঁকে সমাহিত করা হয়। তাঁর পয়গাম্বরসুলভ চরিত্রের কথা কুরআনের বহু স্থানে বর্ণিত হয়েছে। সম্মানিত ও বিশিষ্ট নবীদের মধ্যে তিনিও অন্তর্ভুক্ত। ইহুদি, খ্রিস্টান ও মুসলিম সকলে তাঁকে পয়গাম্বর ও ইমাম হিসেবে মান্য করে।

أَتَمَّهُنَّ : **তিনি (ইবরাহীম) এগুলো পূর্ণ করেন**। اتم সীগাহ ماضي معروف বহছ واحد مذكر غائب বাব إِفْعَالٌ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلْإِتْمَامُ অর্থ– পূর্ণ করা। هن যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

إِمَامًا : **নেতা; প্রধান; অনুসরণীয়; আদর্শ; পথপ্রদর্শক**। শব্দটি فعال -এর ওযনে ইসম। অর্থ হলো– مَنْ يُؤْتَمُّ بِهٖ (যার ইচ্ছা করা হয়।) আর অনুসরণীয় ব্যক্তি, নেতা ও পথপ্রদর্শকের ইচ্ছা করা হয় এজন্য তাঁকে ইমাম বলা হয়। মোটকথা যার অনুসরণ করা হয় তাকে ইমাম বলা হয়, চাই হকের ব্যাপারে অনুসরণ করা হোক বা না হকের ব্যাপারে অনুসরণ করা হোক, আর সে ব্যক্তি মানুষ হোক বা কোনো কিতাব ইত্যাদি হোক।

ذُرِّيَّةٌ : **সন্তানসন্ততি**। মূলত ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট বড় সকলের জন্যই তা ব্যবহৃত হয়। শব্দটি যদিও বহুবচন; কিন্তু একবচন, বহুবচন সবকিছুর জন্যই ব্যবহৃত হয়। শব্দটি একবচন, বহুবচনে ذُرِّيَّاتٌ ও ذَرَارِيُّ

لَا يَنَالُ : **প্রযোজ্য হবে না। পাবে না; পৌঁছবেনা**। সীগাহ مضارع منفي বহছ واحد مذكر غائب معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ى ـ ل) মাসদার اَلنَّيْلُ ও اَلْمَنَالُ অর্থ– পাওয়া; অর্জন করা।

عَهْدٌ : **অঙ্গীকার**। শব্দটি একবচন, বহুবচনে عُهُودٌ -

আয়াত : ১২৫

جَعَلْنَا : **আমি করেছি; আমি নির্ধারণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২২ দ্রষ্টব্য)

اَلْبَيْتَ : **ঘর; গৃহ**। মূলত بَيْتٌ বলা হয় এমন স্থানকে যেখানে মানুষ রাত্রি যাপন করে। কিন্তু কখনো কখনো রাত্রি যাপন না করলেও যে কোনো অবস্থানস্থলকে بَيْت বলা হয়, তা মাটির হোক বা চুন পাথরের তৈরি হোক। পবিত্র কুরআনে যেখানে শুধু بَيْت আসে সেখানে بَيْتُ اللّٰهِ উদ্দেশ্য হয়। اَلْبَيْتُ দ্বারা এখানে কা'বাগৃহ উদ্দেশ্য।

مَثَابَةً : (ظرف مكان বা স্থানাধিকরণ) **মিলনকেন্দ্র। প্রত্যাবর্তনস্থল**। কূপ থেকে পানি সংগ্রহ করার স্থান। কূপের পাড়। কূপে পানি জমা হওয়ার স্থান। আবার সাকী যেখানে দাঁড়িয়ে পানি পান করায় তাকেও مَثَابَةٌ বলা হয়। (কামূস, আকরাবুল মাওয়ারিদ) এখানে مَثَابَةٌ দ্বারা প্রথম অর্থই উদ্দেশ্য। –(খাযেন, মাদারিক, আবুসসাউদ)

مَثَابَةٌ -এর মূলবর্ণ হলো ثَوْبٌ ; আর ثَوْبٌ অর্থ হলো মূল অবস্থার দিকে ফিরে আসা বা কোনো কাজের আসল উদ্দেশ্যের দিকে ফিরে আসা যা পূর্ব থেকেই চিন্তা করে রাখা হয়েছিল। কা'বাকে مَثَابَةٌ বলার কারণ হলো, কা'বাগৃহ নির্মাণের উপকারিতা যা নির্মাণ এবং নির্মাণের নির্দেশের পূর্বেই চিন্তা করে রাখা হয়েছিল তা ছিল এই যে, লোকেরা তাকে ইবাদতের কেন্দ্রবিন্দু বানাবে, তার অভিমুখী হবে এবং সেখানে সমবেত হবে, এ কারণেই তাকে مَثَابَةٌ বা প্রত্যাবর্তনস্থল বলা হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন যে, কারো কারো মতে এর আরেকটি কারণ হলো মানুষের আমলের ছওয়াব সেখানে লিখা হয়। ثَابَ يَثُوْبُ ثَوْبًا وَ ثَوْبَانًا যেখান থেকে গিয়েছিল সেখানে ফিরে আসা। ثَابَ النَّاسُ (লোকেরা সমবেত হয়েছে।) ثَابَ جِسْمُهُ ثَوْبَانًا (রোগ থেকে সুস্থ হওয়ার পর শরীর মোটাতাজা হয়েছে।) ثَابَ الْحَوْضُ ثَوْبًا (হাউজ পানি দ্বারা ভরতে শুরু করেছে।) এ সকল উদাহরণে প্রত্যাবর্তনের অর্থ বিদ্যমান।

أَمْنًا : **নিরাপত্তার স্থান**। মাসদার, বাব سَمِعَ ; মূলবর্ণ (ا ـ م ـ ن) অর্থ– প্রশান্তি লাভ করা, নিরাপত্তা দেওয়া, নিরাপদ হওয়া।

اِتَّخِذُوا : **তোমরা গ্রহণ কর; তোমরা বানাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ বানানো; গ্রহণ করা; পরিণত করা।

مَقَامِ اِبْرَاهِيمَ : **হযরত ইবরাহীম (আ.)-এর দাঁড়ানোর স্থান**। মাকামে ইবরাহীম। হযরত ইবরাহীম (আ.) যে পাথরের উপর দাঁড়িয়ে কা'বাগৃহ নির্মাণ করেছিলেন তাকে মাকামে ইবরাহীম বলা হয়। –(জালালাইন)

مُصَلًّى : **সালাতের স্থান**। সীগাহ واحد مذكر বহছ اسم ظرف مكان বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّصْلِيَةُ অর্থ– নামাজ পাড়া।

عَهِدْنَا : **আমি আদেশ দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ه ـ د) মাসদার اَلْعَهْدُ অর্থ– আদেশ দেওয়া।

اِسْمٰعِيلَ : **বিশিষ্ট নবী হযরত ইসমাঈল (আ.)**। তিনি আল্লাহর সত্য নবী ও রাসূল ছিলেন। পবিত্র কুরআনে তাঁকে صَادِقُ الْوَعْدِ (অঙ্গীকার পূর্ণকারী) বলে অভিহিত করা হয়েছে। তিনি হযরত হাজেরার গর্ভে হযরত ইবরাহীম (আ.)-এর বড় সন্তান ছিলেন। হযরত ইবরাহীম (আ.) একটি নেককার সন্তানের জন্য আল্লাহর দরবারে দোয়া করেছিলেন। আল্লাহ তা'আলা فَبَشَّرْنٰهُ بِغُلَامٍ حَلِيْمٍ বলে তাঁর দোয়া কবুল হওয়ার সুসংবাদ প্রদান করেন। নবী মুহাম্মাদুর রাসূলুল্লাহ ﷺ তাঁর বংশোদ্ভূত। اِسْمٰعِيْلُ অনারবী নাম। যা اِسْمَعْ ও اِيْلُ এ দুটি বাক্যের সমন্বয়ে গঠিত হয়েছে। ইবরানী ভাষায় যার অর্থ– "হে আল্লাহ আমার দোয়া কবুল কর"। বর্ণিত আছে, এ শব্দ দ্বারাই তিনি সন্তান লাভের জন্য আল্লাহর দরবারে দোয়া করতেন। দোয়া কবুল হওয়ার পর এ শব্দটিকেই তিনি সন্তানের নাম হিসেবে নির্বাচন করেন। কারো কারো মত হলো اِسْمٰعِيْلُ আরবি শব্দ। যার অর্থ– আল্লাহর অনুগত। মোটকথা শব্দটি غير منصرف হওয়ার কারণ হলো علميت ও عجمه। হযরত ইসমাঈল (আ.)-এর উপাধি ছিল "ذَبِيْحُ اللّٰهِ" হযরত ইবরাহীম (আ.) আল্লাহ তা'আলার নির্দেশে তাঁকে কুরবানি করার জন্য নিয়ে গিয়েছিলেন। গলায় ছুরিও চালিয়েছিলেন; কিন্তু আল্লাহর পক্ষ থেকে ছুরির প্রতি কাটার অনুমতি ছিল না। তাই আপ্রাণ চেষ্টা সত্ত্বেও ছুরি দ্বারা তাকে জবাই করা সম্ভব হয়নি। যখন পরীক্ষা হয়ে গেল, তখন আল্লাহ তা'আলা জান্নাত থেকে একটি প্রাণী প্রেরণ করেন। পরে হযরত ইবরাহীম (আ.) সেটা জবাই করেন। হযরত ইসমাঈল (আ.)-এর বরকতে আল্লাহ তা'আলা মক্কায় যমযম কূপ চালু করেন। যার পানি দ্বারা গোটা পৃথিবীর মুসলমান আজ পর্যন্ত তৃপ্ত হচ্ছে এবং মুসিলম উম্মাহর ইবাদতের প্রাণকেন্দ্র বায়তুল্লাহর নির্মাণে তিনি তাঁর পিতার সহযোগিতা করেছিলেন। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, রাসূল ﷺ হযরত হুসাইন (রা.)-কে এই দোয়া পড়ে ফুঁক দিতেন এবং বলতেন, তোমাদের পিতা হযরত ইবরাহীম (আ.) স্বীয় পুত্র ইসমাঈল (আ.)-এর জন্য এ দোয়া পড়ে ফুঁক দিতেন। দোয়াটি হলো–اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَامَّةٍ হযরত ইসমাঈল (আ.)-এর ঘটনাবলি পবিত্র কুরআনের সূরা সাফফাতে বর্ণিত হয়েছে এবং বিস্তারিত ইতিহাস গ্রন্থে দেখা যেতে পারে।

طَهِّرَا : **যে তোমরা পবিত্র করবে**। طَهِّرَا সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ– পবিত্র করা।

اَلطَّائِفِيْنَ : **তওয়াফকারীগণ**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ و ـ ف) মাসদার اَلطَّوَافُ অর্থ– প্রদক্ষিণ করা; তওয়াফ করা।

اَلْعٰكِفِيْنَ : **ই'তিকাফকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ك ـ ف) মাসদার اَلْعُكُوْفُ অর্থ– অবস্থান করা।

اَلرُّكَّعِ : **রুকূ'কারীগণ**। শব্দটি বহুবচন, একবচনে رَاكِعٌ বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার اَلرُّكُوْعُ অর্থ– রুকূ' করা।

اَلسُّجُوْدِ : **সেজদাকারীগণ**। শব্দটি বহুবচন, একবচনে سَاجِدٌ বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা।

আয়াত : ১২৬

بَلَدًا : **শহর**। শব্দটি একবচন, বহুবচনে بُلْدَانٌ -

اُرْزُقْ : **তুমি জীবিকা প্রদান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر - ز - ق) মাসদার اَلرِّزْقُ অর্থ— জীবিকা প্রদান করা।

اَهْلَه : **তার অধিবাসীদের**। اَهْلَ মুযাফ ة যমীর মুযাফ ইলাইহি। اَهْلُ অর্থ— ওয়ালা, মালিক, বাসী। একই মতাদর্শ এবং একই বংশের ক্ষেত্রে, এক ঘর, এক শহর, একদেশে যারা বসবাস করে তাদেরকে اَهْلُ বলা হয়। কোনো বিশেষ পেশার লোকদেরকেও اَهْلُ বলা হয়।

اَلثَّمَرَاتِ : **ফলমূল**। শব্দটি বহুবচন, একবচন ثَمَرَةٌ -

اُمَتِّعُه : **আমি তাকে জীবনোপভোগ করতে দেব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف ; বাব تَفْعِيْل মূলবর্ণ (م - ت - ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ— উপকৃত করা। ة যমীর واحد مذكر غائب মাফউলে বিহী। এর মরজে مرجع পূর্বের আয়াতে উল্লেখিত من كفر -

اَضْطَرُّ : **আমি বাধ্য করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ض - ر - ر) মাসদার اَلْاِضْطِرَارُ অর্থ— বাধ্য করা; নিরুপায় করা।

اَلْمَصِيْرُ : (ظرف مكان **বা স্থানাধিকরণ**) **প্রত্যাবর্তনস্থল; ঠিকানা**। বাব ضَرَبَ মূলবর্ণ (ص - ى - ر) মাসদার اَلصَّيْرُ وَالصَّيْرُوْرَةُ وَالْمَصِيْرُ অর্থ— এক অবস্থা হতে অন্য অবস্থার দিকে ফিরে যাওয়া।

আয়াত : ১২৭

يَرْفَعُ : **সে উত্তোলন করছিল; তুলতেছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر - ف - ع) মাসদার اَلرَّفْعُ অর্থ— উঠানো।

اَلْقَوَاعِدَ : **প্রাচীর; ভিত্তি**। বহুবচন, একবচন قَاعِدَةٌ -

تَقَبَّلْ : **তুমি গ্রহণ কর**। **তুমি কবুল কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق - ب - ل) মাসদার اَلتَّقَبُّلُ অর্থ— গ্রহণ করা; কবুল করা।

اَلسَّمِيْعُ : **সর্বশ্রোতা**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ অর্থ— শোনা; শ্রবণ করা।

আয়াত : ১২৮

رَبَّنَا : **আমাদের প্রতিপালক**। رَبَّ মুযাফ; نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। ইসম হলে অর্থ হবে প্রতিপালক; লালনপালনকারী। رَبٌّ শব্দটি একবচন, বহুবচনে اَرْبَابٌ আবার رَبٌّ বাব نَصَرَ -এর মাসদার। অর্থ— প্রতিপালন করা। অতঃপর মুবালাগার জন্য عدل -এর ন্যায় وصف স্বরূপ ব্যবহার হতে থাকে। আবার কারো কারো মতে بر -এর ন্যায় সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন— رَبٌّ হলো মাসদার, যা اسم فاعل -এর অর্থে রূপকার্থে ব্যবহৃত হয়। تربية তথা লালনপালনের সংজ্ঞায় ইমাম রাগেব (র.) বলেন— هُوَ اِنْشَاءُ الشَّيْءِ حَالًا فَحَالًا اِلٰى حَدِّ التَّمَامِ (অর্থাৎ কোনো বস্তুকে তার সমস্ত মঙ্গলামঙ্গলের প্রতি লক্ষ্য রেখে ধীরে ধীরে বা পর্যায়ক্রমে সামনে এগিয়ে নিয়ে উন্নতির চরম শিখরে পৌঁছানো।) তিনি আরো বলেন, رَبٌّ শব্দটি সাধারণভাবে আল্লাহ ব্যতীত অন্য কারো জন্য ব্যবহার করা বৈধ নয়। যেমন আল্লাহর বাণী—وَلَا يَأْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا আর ইযাফতসহ আল্লাহ এবং গায়রুল্লাহ উভয়ের জন্যই ব্যবহার হতে পারে। যেমন—رَبُّ الْعٰلَمِيْنَ، رَبُّكُمْ وَ- اُذْكُرْنِيْ عِنْدَ رَبِّكَ فَاَنْسٰهُ এবং رَبُّ اٰبَائِكُمُ الْاَوَّلِيْنَ الشَّيْطٰنُ ذِكْرَ رَبِّهٖ ، اِرْجِعْ اِلٰى رَبِّكَ ইত্যাদি।

اِجْعَلْنَا : **আমাদেরকে বানাও**। اِجْعَلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج - ع - ل) অর্থ— করা; বানানো। نا যমীর মাফউল।

مُسْلِمَيْنِ : **দুজন অনুগত মুসলমান**। সীগাহ تثنية مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س - ل - م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ— মুসলমান হওয়া; অনুগত হওয়া।

ذُرِّيَّتِنَا : **আমাদের বংশধর**। ذُرِّيَّةٌ মুযাফ; نَا যমীর মুযাফ ইলাইহি। শব্দটি একবচন, বহুবচনে ذُرِّيَّاتٌ -

اَرِنَا : **আমাদেরকে দেখাও**। ار সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَاءَةُ মূলবর্ণ (ر - أ - ى) অর্থ— দেখানো। نَا যমীর جمع متكلم মাফউলে বিহী।

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী; অপরাজেয়।** শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فعيل-এর ওজনে مبالغة-এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে এটি কয়েক অর্থে ব্যবহৃত হতে পারে। عَزِيْزٌ হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। –(রাগেব) আল্লামা হালীমী (র.)-এর মতে عَزِيْزٌ হলো এমন সত্তা যার পর্যন্ত পৌঁছা সম্ভব হয় না এবং কোনো অসমীচীন বিষয়ের প্রভাব তার উপর সম্ভব নয়। কেননা আরবি ভাষায় عَزِيْزٌ বলার উদ্দেশ্য হলো তার প্রাচীনতার স্বীকারোক্তি এমনভাবে প্রদান করা যে, এটা সর্বদা চলে আসছে, যাতে সামান্যতম পরিবর্তনেরও সুযোগ নেই। কেউ কেউ এর অর্থ করেছেন, তিনি এত জবরদস্ত যাকে কেউ পরাজিত করতে পারে না। আবার কেউ অর্থ করেছেন, তিনি এত শক্তিশালী যার কারণে তিনি সকলের উপর প্রাধান্য বিস্তার করেন। আবার কেউ বলেন, عَزِيْزٌ এমন সত্তা যার কোনো দৃষ্টান্ত নেই। عَزِيْزٌ আরবি ভাষায় عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ– সুদৃঢ় হওয়া। আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে , তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্ত কাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। এটি আবার মিশর ও সাবেক গ্রীক সম্রাটের উপাধিবিশেষ। যেমন কুরআনে রয়েছে– يَا اَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا الضُّرُّ (হে আযীয! (বাদশা) আমাদের উপর দুর্ভিক্ষ নেমে এসেছে।)

اَلْحَكِيْمُ : **প্রজ্ঞাময়।** বাব كَرُمَ থেকে মুবালাগার সীগাহ। আল্লাহর তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা তিনিই প্রকৃত প্রজ্ঞাময়।

আয়াত : ১৩০

يَرْغَبُ : **সে বিমুখ হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر . غ . ب) মাসদার اَلرَّغْبَةُ অর্থ– উৎসাহ প্রদর্শন করা। এর সেলা عَنْ হলে অর্থ হবে– বিমুখ হওয়া, মুখ ফিরিয়ে নেওয়া।

مِلَّةٌ : **ধর্মাদর্শ; দীন।** শব্দটি একবচন, বহুবচনে مِلَلٌ ; دِيْنٌ-এর ন্যায় مِلَّةٌ ও আল্লাহর এমন জীবন বিধানের নাম যা আল্লাহ তাঁর বান্দাদের জন্য প্রবর্তন করেছেন, যেন মানুষ তদনুযায়ী চলে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে এবং এ জীবনবিধান নবীগণের মাধ্যমে মানুষ পর্যন্ত পৌঁছিয়েছেন। مِلَّةٌ ও دِيْنٌ-এর মাঝে পার্থক্য হলো, مِلَّةٌ শব্দটির ইযাফত সর্বদা নবীগণের

مَنَاسِكَنَا : **আমাদের ইবাদতের নিয়ম-পদ্ধতি।** مَنَاسِكَ ইসমে যরফ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। مَنَاسِكُ-এর ব্যাখ্যা জালালাইনে করা হয়েছে– اَىْ شَرَائِعَ عِبَادَتِنَا اَوْ حَجِّنَا অর্থাৎ হজ বা ইবাদতের নিয়ম-পদ্ধতি। শব্দটি বহুবচন, একবচনে مَنْسَكٌ

আয়াত : ১২৯

اِبْعَثْ : **আপনি প্রেরণ করুন।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب . ع . ث) অর্থ– প্রেরণ করা; পাঠানো। মূলত بَعْثٌ অর্থ– প্রেরণ করা এবং উঠিয়ে দাঁড় করানো। কিন্তু ইঙ্গিত ও আনুষঙ্গিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। উদাহরণত উটের জন্য بَعْثٌ শব্দ এলে অর্থ হবে– উটকে উঠানো ও তাকে হাঁকানো। মৃতদের জন্য ব্যবহৃত হলে অর্থ হবে– পুনর্জীবিত হওয়া এবং হাশর। রাসূলদের সম্পর্কে ব্যবহৃত হলে অর্থ হবে– প্রেরণ করা। উল্লেখ্য بَعْثٌ দু প্রকার। প্রথম প্রকার হলো এর نسبت মানুষের দিকে হবে। যেমন কেউ কাউকে প্রেরণ করা; রওয়ানা করা। দ্বিতীয় প্রকার হলো এর نسبت আল্লাহর দিকে হবে। যেমন বস্তুসমূহকে অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা। মৃতদেরকে জীবিত করা। অবশ্য এ গুণটি কখনো তিনি মানুষকেও দান করেছেন। যেমন হযরত ঈসা (আ.) মৃতকে জীবিত করতে পারতেন।

يَتْلُوْا : **তারা তেলাওয়াত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ل . و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; আবৃত্তি করা।

حِكْمَةَ : **প্রজ্ঞা; হিকমত; জ্ঞান; বুদ্ধি।** ইলম ও বুদ্ধি দ্বারা সত্যকে জানার নাম হলো হিকমত। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহর হিকমত দ্বারা উদ্দেশ্য হলো বস্তুসমূহকে জানা এবং তাকে অতি সঠিক পদ্ধতিতে উদ্ভাবন করা। আর মানুষের হিকমত হলো সৃষ্টিবস্তুকে জানা এবং সৎকর্ম সম্পাদন করা। وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ এখানে হিকমত দ্বারা এ গুণটিই উদ্দেশ্য। আর وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ দ্বারা উদ্দেশ্য হলো নবুয়তির জ্ঞান। শব্দটি একবচন, বহুবচনে حكم

يُزَكِّيْهِمْ : **তিনি (মুহাম্মদ ﷺ) তাদেরকে (কুফর ও শিরক থেকে) পবিত্র করবেন।** يُزَكِّىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز . ك . و) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ– পবিত্রকরণ।

দিকে হয়, নবী ব্যতীত অন্য কারো প্রতি এর ইযাফত হয় না, এমন কি আল্লাহর দিকেও হয় না। এ কারণেই مِلَّتِىْ অথবা مِلَّةُ زَيْدٍ বা مِلَّةُ اللّٰهِ বলা যাবে না। পক্ষান্তরে دِيْنٌ -এর ব্যবহার ব্যাপক; সুতরাং دِيْنُ اللّٰهِ، دِيْنُ الْاَنْبِيَاءِ، دِيْنُ زَيْدٍ সবই বলা বৈধ হবে। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত নং ১২০ দ্রষ্টব্য)

سَفِهَ : **সে নিজেকে নির্বোধ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلسَّفَهُ মূলবর্ণ (س ـ ف ـ ه) অর্থ- নির্বোধ করা; বোকা বানানো।

اِصْطَفَيْنٰهُ : **আমি তাকে নির্বাচিত করেছি।** اِصْطَفَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِفَاءُ মূলবর্ণ (ص ـ ف ـ و) অর্থ- নির্বাচিত করা; মনোনীত করা। ه যমীর মাফউলেবিহী।

আয়াত : ১৩২

وَصّٰى : **সে নির্দেশ দিয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْصِيَةُ মূলবর্ণ (و ـ ص ـ ى) অর্থ- অসিয়ত করা, নির্দেশ দেওয়া।

يَعْقُوْبُ : **বিশিষ্ট নবী হযরত ইয়াকূব (আ.)।** তাঁর পিতার নাম হযরত ইসহাক (আ.) এবং দাদা হযরত ইবরাহীম (আ.)। ইবরানী (হিব্রু) ভাষায় তাঁর নাম ইসরাঈল ছিল। তিনি কেনানের বাসিন্দা ছিলেন এবং হযরত ইবরাহীম (আ.)-এর শরিয়তের অনুসারী ছিলেন। তাঁর ভাইয়ের নাম ঈস বা ঈসু ছিল। তাঁর বংশে আল্লাহ প্রচুর বরকত দান করেছিলেন। সকল ইহুদি ও খ্রিস্টানগণ তাঁরই বংশোদ্ভূত এবং ইসরাইলী সকল নবীগণও তাঁরই বংশোদ্ভূত। হযরত ইয়াকূব (আ.)-এর পরবর্তী কোনো নবীর বংশে এত নবী আসেনি, যত নবী তাঁর বংশে এসেছেন।

اِصْطَفٰى : **সে মনোনীত করেছে, সে চয়ন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِفَاءُ মূলবর্ণ (ص ـ ف ـ و) অর্থ- মনোনীত করা, বাছাই করা, পছন্দ করা। বাব اِفْتِعَالٌ -এর تاء -কে ط দ্বারাপরিবর্তন করা হয়েছে।

لَا تَمُوْتُنَّ : **তোমরা কখনো মৃত্যুবরণ করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মৃত্যুবরণ করা।

আয়াত : ১৩৩

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ- ইবাদত করা।

نَعْبُدُ : **আমরা ইবাদত করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ- ইবাদত করা।

اِسْحٰقَ : **বিশিষ্ট নবী হযরত ইসহাক (আ.)।** বিবি সারার গর্ভে হযরত ইবরাহীম (আ.)-এর সন্তান ও আল্লাহর প্রেরিত সত্য নবী ছিলেন। আল্লাহর নৈকট্যশীল ফেরেশতারা তাঁর জন্মের সুসংবাদ নিয়ে ঐ সময় এসেছিলেন যখন তিনি হযরত লূত (আ.)-এর সম্প্রদায়কে আজাবের সংবাদ দিতে যাচ্ছিলেন। তখন হযরত সারা (আ.) বৃদ্ধা ও বন্ধ্যায় পরিণত হয়ে গিয়েছিলেন। এদিকে হযরত ইবরাহীম (আ.)ও বৃদ্ধ হয়ে গিয়েছিলেন। পবিত্র কুরআনে সূরা হূদ, সূরা ইবরাহীম ও সূরা আযযারিয়াতে ফেরেশতাদের আগমন ও তার সুসংবাদ প্রদানের ঘটনা বিশদভাবে বর্ণিত হয়েছে। যেমন- ইরশাদ হচ্ছে فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ وَمِنْ وَّرَاءِ اِسْحٰقَ يَعْقُوْبَ সহীহ বুখারী বাবে اَمْ كُنْتُمْ شُهَدَاءَ اِذْ حَضَرَ يَعْقُوْبَ الْمَوْتُ -এ হযরত ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত মারফূ' হাদীসে তাঁকে كَرِيْمُ ابْنُ الْكَرِيْمِ নামে অভিহিত করা হয়েছে। علميت ও عجمة হওয়ার কারণে শব্দটি غير منصرف -

আয়াত : ১৩৪

اُمَّةٌ : **১. জাতি; সম্প্রদায়।** ২. জনসাধারণ; জনগণ। ৩. বংশ; প্রজন্ম। ৪. যাবতীয় উত্তম গুণাবলির ধারক মানুষ। পবিত্র কুরআনে রয়েছে- "اِنَّ اِبْرٰهِيْمَ كَانَ اُمَّةً قَانِتًا لِّلّٰهِ حَنِيْفًا" ৫. ধর্ম; মতবাদ; মতাদর্শ। যেমন- "اِنَّا وَجَدْنَا اٰبَاءَنَا عَلٰى اُمَّةٍ" ৬. পদ্ধতি; পন্থা; পথ। ৭. সময়; মুহূর্ত; ক্ষণ। পবিত্র কুরআনে

রয়েছে- "وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ" ৮. দেহের গঠন; দেহের উচ্চতা। ৯. গোত্র; পরিবার; সন্তানসন্ততি। আখফাশ বলেন, اُمَّةٌ শব্দটি শব্দগতভাবে একবচন; কিন্তু অর্থগতভাবে বহুবচন। ইবনে দাস্তুরিয়া বলেন, যেখানেই اُمَّةٌ অর্থ সময় হবে তখন তার মুযাফ উহ্য থাকবে এবং মুযাফ ইলাইহি মুযাফের স্থলবর্তী হবে। যেমন- وَلَئِنْ اَخَّرْنَا الخ এখানে আসল ইবারত হবে- اِلٰى زَمَنٍ اُمَّةٍ مَّعْدُوْدَةٍ

قَدْ خَلَتْ : **তা অতীত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخُلُوُّ ـ اَلْخَلْوَةُ ـ اَلْخَلَاءُ অর্থ- অতিবাহিত হওয়া; গত হওয়া।

كَسَبَتْ : **সে উপার্জন করেছে; অর্জন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা; অর্জন করা।

لَا تُسْئَلُوْنَ : **তোমরা জিজ্ঞাসিত হবে না। তোমাদেরকে প্রশ্ন করা হবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

كَانُوْا يَعْمَلُوْنَ : **তারা আমল করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- আমল করা; কাজ করা।

আয়াত : ১৩৫

هُوْدًا : **ইহুদি জাতি। হযরত মূসা (আ.) -এর অনুসারী**। শব্দটি একবচন, বহুবচনে يَهُوْد ; এ শব্দটি বাব نَصَرَ -এর هَوْد মাসদার থেকে গঠিত হয়েছে। যার অর্থ হলো সঠিক পথে ফিরে আসা, অনুতপ্ত হওয়া। যেহেতু এরা গো-বৎস্য পূজা থেকে অনুতপ্ত হয়ে সঠিক পথে ফিরে এসেছে তাই এদেরকে ইহুদি বলা হয়।

نَصٰرٰى : **খ্রিস্টান। হযরত ঈসা (আ.)-এর অনুসারীদেরকে নাসারা বলা হয়**। শব্দটি বহুবচন, এর একবচন হলো نَصْرَانَةٌ وَ نَصْرَانٌ তবে এর শেষে সর্বদা يَاءُ نسبتى আসে এবং সর্বদা نَصْرَانِىٌّ বলা হয়। তাই نَصَارٰى মূলত نَصَارَانِىٌّ -এর বহুবচন। নামকরণের কারণ সম্ভবত এই যে, হযরত ঈসা (আ.)-এর অনুসারী হাওয়ারীরা انصار الله বলেছিল। সুতরাং যারাই হযরত ঈসা (আ.)-এর ধর্ম গ্রহণ করত তারা হযরত ঈসা (আ.)-এর انصار তথা সাহায্যকারী হয়ে গেল এবং তাদেরকে نصارى বলা হতে থাকে। (কামূস, মুফরাদাত) অথবা نصرانى শব্দটি نصران -এর দিকে সম্পৃক্ত। نصران হলো একটি জনপদের নাম। তারা সেখানকার অধিবাসী ছিল বলে তাদেরকে نصرانى বলা হয়। -(কামূস ও মাদারিক)

تَهْتَدُوْا : **তোমরা সঠিক পথ পাবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- সঠিক পথ পাওয়া; হেদায়েত পাওয়া। تَهْتَدُوْا মূলত تَهْتَدُوْنَ ছিল। جواب امر -এর কারণে হালাতে জযমে হয়েছে তাই نون جمع পড়ে গেছে।

مِلَّةَ : **ধর্মাদর্শ। দীন**। বহুবচন مِلَلٌ ; دِيْن -এর ন্যায় مِلَّةٌ -ও আল্লাহর এমন জীবনবিধানের নাম যা আল্লাহ তাঁর বান্দাদের জন্য জারি করেছেন, যেন মানুষ তদনুযায়ী চলে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে এবং এ জীবনবিধান নবীগণের মাধ্যমে মানুষ পর্যন্ত পৌঁছিয়েছেন। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২০ দ্র.)

حَنِيْفًا : **একনিষ্ঠ; একদিক অবলম্বনকারী**। حَنْف থেকে উদ্‌গত। যার অর্থ পথভ্রষ্টতা থেকে দৃঢ়তার দিকে আকৃষ্ট হওয়া। فَعِيْل -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। যে সকল বাতিল পথ বর্জন করে এক সত্য পথ অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়। শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) বলেন, যে কিবলামুখী হয়, হজ করে, খতনা করে, ফরজ গোসল করে মোটকথা যে ইবরাহীমের শরিয়ত অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়।

আয়াত : ১৩৬

اِبْرَاهِيْم : **নবী হযরত ইবরাহীম (আ.)**। তাঁর সংক্ষিপ্ত আলোচনা সূরা বাক্বারা, আয়াত : ১২৪ দ্র.।

اِسْمٰعِيْلَ : **নবী হযরত ইসমাঈল (আ.)**। তাঁর সংক্ষিপ্ত আলোচনা সূরা বাক্বারা, আয়াত : ১২৭ দ্র.।

إِسْحٰقَ : **নবী হযরত ইসহাক** (আ.)। তাঁর সংক্ষিপ্ত আলোচনা সূরা বাক্বারা, আয়াত : ১৩৩ দ্রষ্টব্য।

يَعْقُوْبَ : **নবী হযরত ইয়াকূব** (আ.)। তাঁর সংক্ষিপ্ত আলোচনা সূরা বাক্বারা, আয়াত : ১৩২ দ্রষ্টব্য।

اَلْاَسْبَاطِ : **বংশধরগণ!** এটি অধিকাংশ সময় দৌহিত্র বা কন্যার-কন্যাদের ব্যাপারে ব্যবহার হয়। শব্দটি বহুবচন, একবচনে سِبْطٌ، سَبْطٌ ইহুদিদের জন্য ব্যবহৃত হয়, যেমন আরবদের জন্য قَبِيْلَةٌ ব্যবহৃত হয়।

مُوْسٰى : **নবী হযরত মূসা** (আ.)। তাঁর সংক্ষিপ্ত আলোচনা এ সূরা বাক্বারা আয়াত : ৫১ দ্রষ্টব্য।

عِيْسٰى : **নবী হযরত ঈসা** (আ.)। আল্লাহ তাঁকে সত্য নবী ও রাসূল করে পাঠিয়েছিলেন। হযরত মারইয়াম (আ.)-এর গর্ভে তাঁকে আল্লাহ তা'আলা পিতা ছাড়া সৃষ্টি করেছিলেন এবং অনেক মু'জিযা দান করেছিলেন। যেমন শ্বেত রোগীকে ভালো করা, জন্মান্ধের চোখ হাত বুলিয়ে দিলে সে ভালো হয়ে যাওয়া। তিনি মৃতদেরকেও জীবিত করতে পারতেন। তাঁর প্রধান শত্রু ছিল ইহুদিরা। তাই তারা তাকে হত্যা করতে চাইত। একপর্যায়ে যখন তারা হত্যা করতে উদ্যত হয়েছিল তখন আল্লাহ তা'আলা ফেরেশতার মাধ্যমে তাকে আকাশে উঠিয়ে নেন। তিনি আকাশে জীবিত আছেন এবং কিয়ামতের পূর্বমুহূর্তে দুনিয়াতে আগমন করবেন। দাজ্জালকে হত্যা করবেন। ইহুদিবাদ ও খ্রিস্টবাদ নির্মূল করবেন। শেষ নবী হযরত মুহাম্মদ ﷺ-এর শরিয়ত অনুযায়ী আমল করবেন এবং তাঁর দীনের দাওয়াত দিবেন।

اَلنَّبِيُّوْنَ : **নবীগণ**। শব্দটি বহুবচন, একবচনে نَبِيٌّ; সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। হালতে রফা'।

لَا نُفَرِّقُ : **আমি পার্থক্য করি না**। সীগাহ جمع متكلم বহছ مضارع منفى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف . ر . ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– পার্থক্য করা।

আয়াত : ১৩৭

اِهْتَدَوْا : **তারা হেদায়েত পেয়েছে**। শুরুতে اِنْ শর্তের কারণে মুযারের অর্থ হবে। (তারা হেদায়েত পাবে) সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه . د . ى) মাসদার اَلْاِهْتِدَاءُ যার মূল অর্থ হলো– স্বেচ্ছায় চেষ্টা করে সঠিক পথ ধরা এবং হেদায়েত পাওয়া। আভিধানিকভাবে যদিও هَدْىٌ ও هِدَايَةٌ-এর মাঝে কোনো পার্থক্য নেই; কিন্তু هُدًى -কে আল্লাহ তা'আলা নিজ অনুগ্রহে হেদায়েত দানের জন্য ব্যবহার করেছেন। আর اِهْتِدَاءٌ ঐ হেদায়েতের জন্য যা বান্দা চেষ্টা করে অবলম্বন করার ইচ্ছা করে। দুনিয়াবি বিষয়ে হোক বা পরকালীন বিষয়ে হোক। যেমন– اِلَّا الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيْعُوْنَ حِيْلَةً وَّلَا يَهْتَدُوْنَ سَبِيْلًا (যে সমস্ত পুরুষ মহিলা অসামর্থ্য, না তারা কোনো কৌশল অবলম্বন করতে পারে, না পথ ধরতে পারে তারা ব্যতীত) এ আয়াতে اِهْتِدَاءٌ ব্যবহার করা হয়েছে দুনিয়াবী বিষয়ে পথ পাওয়ার জন্য। তবে اِهْتَدَوْا শব্দটি যেখানে পবিত্র কুরআনে ব্যবহার হয়েছে সেখানে পরকালীন বিষয়ে হেদায়েত পাওয়া উদ্দেশ্য। اِهْتِدَاءٌ শব্দটি কখনো হেদায়েত তলব করা, তার জন্য চেষ্টা করা বা হেদায়েতপ্রাপ্ত ব্যক্তির অনুসরণ করার জন্যও ব্যবহৃত হয়।

شِقَاقٍ : **বিরুদ্ধভাবাপন্ন**। বিরুদ্ধাচরণ, মোকাবিলা, বিপরীত, বন্ধুর পক্ষ ত্যাগ করে অন্যের দলে যোগ দেওয়া। এটি বাবে مُفَاعَلَةٌ-এর মাসদার। আল্লামা আবূ হাইয়ান উন্দুলূসী 'আল বাহরুল মুহীতে' লিখেছেন যে, شِقَاقٌ টি شَاقَّةٌ-এর মাসদার। যেমনিভাবে ضَارَبَ ضِرَابًا وَ خَالَفَ خِلَافًا বলা হয়। যার অর্থ হলো শত্রুতা পোষণ করা; বিরোধিতা করা। যা মূলত شَقٌّ থেকে নির্গত। অর্থাৎ এ এক দিকে এবং ও আরেক দিকে। شَقٌّ অর্থ– দিক। যেমন কবি বলেন–

اِذَا مَا بَكٰى مِنْ خَلْفِهَا انْحَرَفَتْ لَهٗ
بِشِقٍّ وَ شِقٍّ عِنْدَنَا لَمْ يُحَوَّلٗ

(যখন সন্তান তার পিঠের উপর বসে কান্নাকাটি করে তখন সে একদিক থেকে তার দিকে ঘুরে যায় এবং তার একদিক আমাদের দিকে থাকে, যা পরিবর্তন হয় না।) আবার কেউ বলেছেন, এটি مَشَقَّةٌ থেকে নির্গত হয়েছে। কেননা দুজনের মধ্যে উভয়েই এ কামনা করছে যে, অপরজনের জন্য তা কষ্টকর হোক।

فَسَيَكْفِيْكَهُمْ : **তিনিই তাদের জন্য যথেষ্ট**। فا – جزائية , كَ প্রথম মাফঊল, هُمْ যমীর দ্বিতীয়

أَعْمَالُنَا : **আমাদের আমল; আমাদের কর্ম**। أَعْمَالٌ মুযাফ نَا যমীর মুযাফ ইলাইহি।

مُخْلِصُوْنَ : **একনিষ্ঠগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اَلْإِخْلَاصُ অর্থ− একনিষ্ঠ হওয়া। নিষ্ঠার সাথে আল্লাহর ইবাদত করা। ইবনে যুবায়ের (রা.) বলেন, إِخْلَاصٌ অর্থ− মানুষ তার ধর্মে নিষ্ঠাবান হবে, আল্লাহ ছাড়া কাউকে অংশীদার করবে না এবং আল্লাহ তা'আলার জন্য সৎকর্ম করবে, লোক দেখানোর জন্য নয়। −(মাযহারী)

আয়াত : ১৪০

تَقُوْلُوْنَ : **তোমরা বলছ, তোমরা বলবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ− বলা।

كَتَمَ : **সে গোপন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ− গোপন করা।

আয়াত : ১৪১

قَدْ خَلَتْ : **তা অতীত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخُلُوُّ وَالْخَلْوَةُ অর্থ− অতিক্রম করা।

كَسَبَتْ : **সে উপার্জন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ− উপার্জন করা; অর্জন করা।

لَا تُسْئَلُوْنَ : **তোমরা জিজ্ঞাসিত হবে না; তোমাদের কাছে প্রশ্ন করা হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ− প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

كَانُوْا يَعْمَلُوْنَ : **তারা করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ− আমল করা; কাজ করা।

يَكْفِىْ : সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ى) মাসদার اَلْكِفَايَةُ অর্থ− যথেষ্ট হওয়া। মাফউল।

اَلسَّمِيْعُ : **সর্বশ্রোতা**। সীগাহ واحد বহছ صفت مشبه আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১৩৮

صِبْغَةَ اللّٰهِ : **আল্লাহর রং**। রঙের ধরন ও অবস্থাকে صِبْغَة বলা হয়। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.)-এর মতে صِبْغَةٌ দ্বারা আল্লাহর দীন উদ্দেশ্য। দীনের সাথে صِبْغَةٌ-এর সামঞ্জস্য হলো এভাবে যে, যেভাবে রঙের প্রভাব কাপড়ের উপর পড়ে তদ্রূপভাবে দীনদারের উপর দীনের প্রভাব প্রকাশ পায়। অথবা যেমনিভাবে কাপড়ের রং থাকে তদ্রূপভাবে দীনদারের জন্যও দীন আবশ্যক যা তার থেকে পৃথক হতে পারে না। শাহ আব্দুল কাদির দেহলভী (র.) এ আয়াতের তাফসীর প্রসঙ্গে লিখেছেন যে, খ্রিস্টানদের প্রথা ছিল কেউ তাদের ধর্ম গ্রহণ করলে তাকে একপ্রকার হলুদ রং দ্বারা তাকে তার কাপড়সহ রঞ্জিত করে তাকে ধর্মে দীক্ষিত করত। এখানে এ ধরনের রীতির অসারতা প্রতিপন্ন করার জন্য আল্লাহর রঙ (صِبْغَةٌ) অর্থাৎ আল্লাহর দীন গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়েছে। অনুষ্ঠানের মধ্যে নয়, একনিষ্ঠভাবে আল্লাহর দীন গ্রহণ করাতেই সফলতা নিহিত।

أَحْسَنُ : **অতি উত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْحُسْنُ অর্থ− সুন্দর হওয়া।

عٰبِدُوْنَ : **ইবাদতকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ− ইবাদত করা। অধিকাংশ মুফাসসির عَابِدٌ-এর তাফসীর করেছেন خَادِمُوْنَ দ্বারা। অর্থাৎ সেবাদানকারীগণ।

আয়াত : ১৩৯

أَتُحَاجُّوْنَنَا : **তোমরা কি আমাদের সাথে বিতর্কে লিপ্ত হতে চাও?** أ হামযায়ে ইসতিফহাম। تُحَاجُّوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ− পরস্পর বিতর্কে লিপ্ত হওয়া। نَا যমীর মাফউলেবিহী।

২য় পারা

আয়াত : ১৪২

سَيَقُوْلُ : **অচিরেই বলবে**। يَقُوْلُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। سين ফে'লে মুযারে" -কে নিকট ভবিষ্যতের অর্থের জন্য সুনির্দিষ্ট করে দেয়।

اَلسُّفَهَاءُ : **নির্বোধগণ**। শব্দটি বহুবচন একবচন– سَفِيْهٌ ; এখানে নির্বোধ বলতে ইহুদি ও মুশরিকরা উদ্দেশ্য।

وَلّٰهُمْ : **তাদেরকে ফিরিয়েছে**। وَلّٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; পৃষ্ঠপ্রদর্শন করে পালানো।

قِبْلَة : **কিবলা**; কা'বার দিক যা নামাজে সামনে থাকে। সম্মুখস্থ দিক। যেমন বলা হয়– اَيْنَ قِبْلَتُكَ তোমার রোখ কোন দিকে? যা মুখের সামনে থাকে তাকেও কিবলা বলা হয়। নামাজি ব্যক্তির সামনের দিকে কাবা থাকে তাই তাকে কিবলা বলা হয়। (বিস্তারিত সূরা ইউনূস, আয়াত : ৮৭ দ্রষ্টব্য)

اَلْمَشْرِقُ : **পূর্ব**। **সূর্যোদয়ের দিক**। সীগাহ واحد বহছ اسم ظرف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ر ـ ق) মাসদার اَلشُّرُوْقُ অর্থ– সূর্যোদয় হওয়া; উজ্জ্বল হওয়া। বিদীর্ণ হওয়া; ফেটে যাওয়া। বাব سَمِعَ থেকে অর্থ– ফেটে যাওয়া; লাল হওয়া। দুর্বল হওয়া।

اَلْمَغْرِبُ : **পশ্চিম**। সূর্যাস্তের দিক। সীগাহ واحد বহছ اسم ظرف বাব نَصَرَ মাসদার اَلْغُرُوْبُ অর্থ– সূর্যাস্ত যাওয়া।

يَهْدِيْ : **হেদায়েত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– হেদায়েত করা। সঠিক পথ দেখানো।

يَشَاءُ : **সে ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ أ ـ ي) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

صِرَاطٍ : **পথ; রাস্তা**। বহুবচন صُرُطٌ ও صُرْطٌ আসে। সোজা ও সরল পথকে صِرَاطٌ বলা হয়। উল্লেখ্য صِرَاطٌ মূলত سِرَاطٌ ছিল। ص কে س দ্বারা পরিবর্তন করা হয়েছে। এটি উদ্‌গত হয়েছে سَرَطْتُ الطَّعَامُ থেকে, অর্থাৎ খাবার গলাধঃকরণ করা; গিলে ফেলা। পথচারী যেন পথকে গিলে ফেলে অথবা পথ পথচারীকে গিলে ফেলে। আরবিতে একটি প্রবাদ রয়েছে– قَتَلَ اَرْضًا عَالِمُهَا وَقَتَلَتْ اَرْضٌ جَاهِلَهَا যে পথ চিনে সে পথকে হত্যা (নিঃশেষ) করে ফেলে। আর যে চিনে না পথ তাকে হত্যা করে ফেলে।

مُسْتَقِيْم : **সরল; সোজা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– অটল অবিচল থাকা।

আয়াত : ১৪৩

جَعَلْنٰكُمْ : **আমি তোমাদেরকে বানিয়েছি**। جَعَلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো। كُمْ যমীর মাফউল।

اُمَّةً وَّسَطًا : **মধ্যপন্থি জাতি**। এমন সম্প্রদায় যাদের মধ্যে আকীদা ও আমল সর্বদিক থেকে মধ্য পন্থা রয়েছে।

উম্মত দল, জামাত, সম্প্রদায়। শব্দটি একবচন, বহুবচন اُمَمٌ। (সূরা বাক্বারা, আয়াত : ১৩৪ দ্রষ্টব্য)

شُهَدَاءَ : **সাক্ষীগণ**। একবচনে– شَهِيْدٌ ; কিয়ামতের দিন পূর্বেকার যুগের উম্মতেরা তাদের নবীর দাওয়াত ও তাবলীগের কথা অস্বীকার করবে। তখন আল্লাহ তা'আলা নবীগণকে বলবেন, তোমরা তোমাদের তাবলীগ করার দলিল পেশ কর! তখন উক্ত নবীগণ উম্মতে মুহাম্মদীকে পেশ করবে। তারা সাক্ষ্য দিবে যে, নবীগণ তাঁদের দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন। তখন তারা বলবে, তোমরা নবীগণের তাবলীগের কথা জানলে কিভাবে? উম্মতে মুহাম্মদী উত্তরে বলবে, আমাদের নিকট তাদের অবস্থা ও ঘটনাবলি সম্পর্কিত যাবতীয় বিষয় একজন সত্য নবী ও আল্লাহর কুরআন সরবরাহ করেছে। এরপর রাসূলুল্লাহ ﷺ উপস্থিত হয়ে স্বীয় উম্মতগণের কথা সমর্থন করে বলবেন, তারা যা কিছু বলেছে সত্য বলেছে। –(বায়যাভী)

يَتَّبِعُ : **সে অনুসরণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

اَلرَّسُوْلَ : **রাসূল**। নবী। বহুবচন رُسُلٌ রাসূল বলা হয় যাকে আল্লাহ তা'আলা বান্দাদের পর্যন্ত তাঁর বাণী পৌছানোর জন্য নির্বাচিত করেছিলেন এবং নতুন শরিয়ত দান করেছিলেন। رَسُوْلٌ খাস আর নবী হলো عَامٌ ; অর্থাৎ প্রত্যেক রাসূলই নবী; কিন্তু প্রত্যেক নবীই রাসূল নন। নবী হলেন যাকে আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের কাছে তাঁর বাণী পৌছানোর জন্য মনোনীত করেছেন এবং নতুন শরিয়ত দান করেছেন অথবা পূর্বের শরিয়তকে ঠিক রাখার জন্য প্রেরিত হয়েছিলেন।

شَهِيْدًا : **সাক্ষী; স্বীকারকারী**। এটি فَعِيْلٌ -এর ওজনে, فَاعِلٌ -এর অর্থে -এর مبالغة -এর ওজনসমূহের একটি ওজন। شَهِيْدٌ ; شَاهِدٌ তথা সাক্ষী আবার প্রত্যক্ষদর্শীর অর্থেও ব্যবহৃত হয়। 'নিহায়া' গ্রন্থে উল্লেখ আছে– আল্লাহর নামসমূহের একেকটি নামের একেকটি বৈশিষ্ট্য রয়েছে। যথা– اُمُوْرٌ ظَاهِرَةٌ তথা প্রকাশ্য বিষয়ের দিকে সম্পৃক্ত করা হলে তখন আল্লাহ তা'আলা شَهِيْدٌ আর যখন اُمُوْرٌ بَاطِنَةٌ তথা অভ্যন্তরীণ বিষয়ে চিন্তা করা হয় তখন তিনি خَبِيْرٌ ; উল্লেখ্য شَهِيْدٌ অর্থ এটাও যে তিনি কিয়ামত দিবসে মাখলূকের উপর সাক্ষী হবেন।

يَنْقَلِبُ : **সে ফিরে যায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ– ফিরে যাওয়া; পরিবর্তন হওয়া।

عَلٰى عَقِبَيْهِ : **উল্টো পায়ে**। পিছনের দিকে। عَقِبَيْهِ এখানে তারকীবে ইযাফী হয়েছে। মূলত عَقِبَيْنِ ছিল। তাছনিয়ার নূন ইযাফতের কারণে পড়ে গেছে। عَقِبٌ অর্থ– গোড়ালী। পায়ের পিছনের অংশ। বহুবচনে– اَعْقَابٌ

لَكَبِيْرَةً : **কঠিন, বড়ই দুরূহ**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচনে كَبَائِرُ অর্থ– বড়, ভারি, সাইজে বড়।

لِيُضِيْعَ : **ব্যর্থ করার জন্য, নষ্ট করার জন্য**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ى ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ– নষ্ট করা; ধ্বংস করা।

رَءُوْفٌ : **অত্যন্ত দয়ার্দ্র**। এটি فَعُوْلٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

رَّحِيْمٌ : **পরম দয়ালু**। فَعِيْلٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। যা رَحْمَةٌ থেকে নির্গত হয়েছে। বহুবচনে– رُحَمَاءُ ; এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি, যা গায়রুল্লাহর জন্যও ব্যবহৃত হয়। রাসূল ﷺ -কে পবিত্র কুরআনে رَؤُوْفٌ رَّحِيْمٌ বলা হয়েছে। হযরত ইবনুল মুবারক (র.) বলেন– رَحْمَانٌ হলো এমন সত্তা, যার কাছে প্রার্থনা করা হলে তিনি দান করেন, আর رَحِيْمٌ হলো এমন সত্তা যার প্রার্থনা করা না হলে তিনি রাগান্বিত হন।

আয়াত : ১৪৪

قَدْ نَرٰى : **আমি লক্ষ্য করি**। আমি দেখি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

تَقَلُّبَ : **পরিবর্তন হওয়া; ওঠানামা করা**। এটি বাবে تَفَعُّل -এর মাসদার।

اَلسَّمَاءِ : **আকাশ; আসমান**। মেঘ; বৃষ্টি। ইমাম রাগেব (র.) তাঁর বিখ্যাত মুফরাদাতুল কুরআনে লিখেছেন যে, বস্তুর উপরিভাগ নিচের ভাগের তুলনায় سَمَاءٌ ; কেউ কেউ বলেছেন, সকল سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং নিচেরটি উপরটির তুলনায় اَرْض তবে سَمَاءً عَلِيًّا এর ব্যতিক্রম। কারণ তা কারো তুলনায় اَرْض নয়। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১৯ দ্র.)

لَنُوَلِّيَنَّكَ : **অবশ্যই আমি আপনার দিক পরিবর্তন করে দিব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوْلِيَةُ ; كَ যমীর মাফউলে বিহী। এ আয়াতে تَوْلِيَةٌ দ্বারা কিবলা পরিবর্তন করা উদ্দেশ্য, যা বদর যুদ্ধের দুই মাস পূর্বে রজব মাসে সূর্য হেলে যাওয়ার পরে আসরের নামাজরত অবস্থায় হয়েছিল। এর পূর্বে ষোল বা সতের মাস পর্যন্ত হুযূর ﷺ বায়তুল মুকাদ্দাসের দিকে ফিরে নামাজ পড়েছিলেন। মুজাহিদের বর্ণনা অনুযায়ী জানা যায় যে, তখন তিনি বাবে সালামার মসজিদে সাহাবায়ে কেরামের যোহরের নামাজের ইমামতি করছিলেন এবং দু রাকাত আদায় করে ফেলেছিলেন।

تَرْضٰهَا : **তুমি তা পছন্দ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ و) মাসদার اَلرِّضٰى অর্থ- রাজি হওয়া; সন্তুষ্ট হওয়া।

وَلِّ : **তুমি ফিরাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ- মুখ ফিরানো।

شَطْرَ : দিক। এটি ইসম। যখন এ অর্থে আসে তখন তা হতে فعل ব্যবহার হয় না। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) লিখেছেন যে, ভাষাবিদগণের মতে شَطْر ইসমে মুশতারাক। যা দুটি অর্থের জন্য ব্যবহৃত হয়। ১. অর্ধেক। ২. দিক। সামনে।

اَلْحَرَامِ : **সম্মানিত, হারাম, নিষিদ্ধ**। একবচন, বহুবচনে حرم আল্লাহর বাধ্য-বাধকতা, জোরপূর্বক বাধা প্রদান, সকলের দিক হতে বাধা অথবা শরিয়তের বাধা। কুরআনের বাণী-وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ আমি ধাত্রীদের দুগ্ধ তার জন্য হারাম করেছি। এটা আল্লাহর পক্ষ হতে বাধ্যবাধকতার দৃষ্টান্ত। জোরপূর্বক বাধ্য করার উপমা ঐ দুটি হতে কাফেরদেরকে বঞ্চিত করেছেন। সম্মানার্থে যা হারাম করেছেন, যেমন, নিকটাত্মীয়দের সঙ্গে বিবাহ ইত্যাদি। সম্মানিত মাসসমূহ, মসজিদসমূহ। مَشْعَرُ এবং بَيْتُ الْحَرَامْ اَلْحَرَامِ এগুলো এ পর্যায়ে।

وَلُّوْا : **তোমরা মুখ ফিরাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ- মুখ ফিরানো।

وُجُوْهَ : **মুখসমূহ**। একবচন وَجْهٌ চেহারা।

اُوْتُوْا : **তাদেরকে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- দান করা।

আয়াত : ১৪৫

اَتَيْتَ : **তুমি দিয়েছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- আসা।

تَبِعُوْا : **তারা আনুগত্য করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلتَّبْعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা।

تَابِعِ : **অনুগত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلتَّبْعُ অর্থ- অনুসরণ করা।

قِبْلَتَهُمْ : **তাদের কিবলা**। قبلة মুযাফ; هم যমীর মুযাফ ইলাইহি।

اِتَّبَعْتَ : **তুমি অনুসরণ করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা।

اَهْوَائَهُمْ : **তাদের খেয়াল-খুশির**। **প্রবৃত্তির**। اَهْوَاءُ মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচন- هَوًى

আয়াত : ১৪৬

يَعْرِفُوْنَهُ : **তারা (আহলে কিতাবগণ) তাঁকে (রাসূলুল্লাহ) চিনে**। সীগাহ جمع مذكر غائب يَعْرِفُوْنَ বহছ مضارع معروف ; ةُ যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْعِرْفَانُ ও اَلْمَعْرِفَةُ অর্থ- চিনা; জানা।

اَبْنَاءَ : **সন্তানগণ**। শব্দটি বহুবচন, একবচন- اِبْنٌ অর্থ- সন্তান; ছেলে।

لَيَكْتُمُوْنَ : **অবশ্যই তারা গোপন করে**। لام তাকীদের জন্য। يَكْتُمُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ- গোপন করা।

يَعْلَمُوْنَ : **তারা জানে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা। অবগত হওয়া।

আয়াত : ১৪৭

اَلْحَقُّ : **সত্য। হক**। এর মূল অর্থ হলো সামঞ্জস্যতা। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। যথা- ১. ঐ সত্তার জন্য যিনি প্রজ্ঞার চাহিদা অনুযায়ী বস্তুসমূহকে আবিষ্কার করেন। আল্লাহ তা'আলাকে এ কারণেই حَقٌّ বলা হয়। যেমন-وَرُدُّوْا اِلَى اللّٰهِ مَوْلٰهُمُ الْحَقِّ (তারা আল্লাহর দিকে ফিরে যাবে যিনি তাদের সত্য ও প্রকৃত মালিক।) ২. প্রজ্ঞার চাহিদা অনুযায়ী প্রস্তুতকৃত বস্তু। যেমন-مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ (আল্লাহ এটা প্রজ্ঞার চাহিদা অনুযায়ী সৃষ্টি করেছেন।) ৩.

কোনো বস্তু সম্পর্কে যথোপযুক্ত ধারণা রাখা। যেমন- فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ (অতঃপর আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছায় ঈমানদারদের জন্য এমন সত্য বিষয়ের পথ প্রদর্শন করেছেন যে বিষয়ে তারা ঝগড়ায় লিপ্ত ছিল)। ৪. যে কথা বা কাজ যেমন, যে পরিমাণ ও যে সময় হওয়া আবশ্যক তেমন হওয়া। যেমন- لٰكِنْ حَقَّ الْقَوْلُ مِنِّىْ لَاَمْلَئَنَّ جَهَنَّمَ (কিন্তু এটা আমার পক্ষ থেকে প্রমাণিত হয়েছে যে, আমি জাহান্নামকে পূর্ণ করব)। উল্লেখ্য وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَاءَهُمْ এ আয়াতে حَقٌّ দ্বারা আল্লাহ তা'আলার সত্তা এবং হিকমতের চাহিদা অনুযায়ী হুকুম উভয়টিই উদ্দেশ্য হতে পারে। তাছাড়া حَقٌّ শব্দের ব্যবহার لَازِمٌ ও وَاجِبٌ এবং জায়েজ অর্থের জন্য ব্যবহার হতে পারে। যেমন- وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِيْنَ এবং وَكَذٰلِكَ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ

لَا تَكُوْنَنَّ : **তুমি কখনও হয়ো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া।

اَلْمُمْتَرِيْنَ : **সন্দিহানগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِمْتِرَاءُ অর্থ- সন্দিহান হওয়া; সন্দেহ পোষণ করা।

আয়াত : ১৪৮

وِجْهَةٌ : **দিক, কিবলা**। মাসদার, اسم مكان ; স্থানসূচক বিশেষ্য। ঐ দিক যে দিকে মুখ করা হয়।

مُوَلِّيْهَا : **সে তার প্রতি মুখকারী**। مُوَلِّىْ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تفعيل মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ- মুখ ফিরানো। অভিমুখী হওয়া। ها যমীর মাফঊল।

اِسْتَبِقُوْا : **তোমরা প্রতিযোগিতা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার اَلْاِسْتِبَاقُ অর্থ- প্রতিযোগিতা করা। দৌড়ানো; আগে যাওয়ার প্রতিযোগিতা করা।

اَلْخَيْرَاتِ : **সৎকর্মসমূহ**। শব্দটি বহুবচন, একবচন- خَيْرٌ

تَكُوْنُوْا : **তোমরা হও**। তোমরা হবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ- হওয়া।

يَأْتِ : **সে আসে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা।

قَدِيْرٌ : **সর্বশক্তিবান**। সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। যিনি প্রজ্ঞা অনুযায়ী যা ইচ্ছা তাই করেন তাকে قَدِيْرٌ বলা হয়। এ কারণেই আল্লাহ ব্যতীত অন্য সৃষ্টিকে قَدِيْرٌ বলা যাবে না। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২০ দ্র.)

আয়াত : ১৪৯

خَرَجْتَ : **তুমি বের হয়েছো**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

غَافِلٍ : **অসচেতন**। **অনবহিত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْغَفْلَةُ অর্থ- অসতর্ক থাকা।

تَعْمَلُوْنَ : **তোমরা কাজ কর বা করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- আমল করা; কাজ করা।

আয়াত : ১৫০

نِعْمَتِىْ : **আমার নিয়ামত। আমার অনুগ্রহ**। نِعْمَةٌ ইসম মুযাফ; ى যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ১৫১

يُزَكِّيْكُمْ : **তিনি তোমাদেরকে পবিত্র করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ ي) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্রকরণ। আত্মশুদ্ধিকরণ।

اَلْحِكْمَةَ : **প্রজ্ঞা**। হিকমত; জ্ঞান; বুদ্ধি। ইলম ও বুদ্ধি দ্বারা সত্যকে জানার নাম হলো হিকমত। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহর হিকমত দ্বারা উদ্দেশ্য হলো বস্তুসমূহকে জানা এবং তাকে অতি সঠিক পদ্ধতিতে উদ্ভাবন করা। আর মানুষের হিকমত হলো সৃষ্টবস্তুকে জানা এবং সৎকর্ম সম্পাদন করা। وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ এখানে হিকমত দ্বারা এ গুণটিই উদ্দেশ্য। আর وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ দ্বারা উদ্দেশ্য হলো নবুয়তির জ্ঞান।

আয়াত : ১৫২

اُذْكُرُوْنِىْ : **তোমরা আমাকে স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر امر حاضر معروف বহছ نَصَرَ বাব মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা। এ আয়াতে বান্দাদেরকে আল্লাহর স্মরণ করতে বলা হয়েছে। বান্দাদের জন্য আল্লাহকে স্মরণ করার অর্থ হলো নামাজ পড়া, তার পবিত্রতা ঘোষণা করা, তাসবীহ পাঠ করা এবং তার আনুগত্য করা।

اَذْكُرْكُمْ : **আমি তোমাদেরকে স্মরণ করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা। كُمْ যমীর মাফঊল। এ আয়াতে আল্লাহ তা'আলা তাঁর বান্দাদেরকে স্মরণ করার সুসংবাদ প্রদান করছেন। আল্লাহ তা'আলা তাঁর বান্দাদের স্মরণ করার অর্থ হচ্ছে আল্লাহ তা'আলা তাকে স্মরণ করার ছওয়াব প্রদান করবেন। অথবা তিনি বাস্তবিকই স্মরণকারী বান্দাকে স্মরণ করেন। যেমন হাদীসে কুদসীতে রয়েছে, যে বান্দা আমাকে তার অন্তরে স্মরণ করে, আমি তাকে আমার অন্তরে স্মরণ করি। –(জালালাইন)

اُشْكُرُوْا : **তোমরা কৃতজ্ঞ হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلشُّكْرُ মূলবর্ণ (ش ـ ك ـ ر) অর্থ– কৃতজ্ঞ হওয়া।

আয়াত : ১৫৩

اِسْتَعِيْنُوْا : **তোমরা সাহায্য প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব استفعال মূলবর্ণ (ع ـ و ـ ن) মাসদার اَلْاِسْتِعَانَةُ অর্থ– সাহায্য প্রার্থনা করা।

بِالصَّبْرِ وَالصَّلٰوةِ : **ধৈর্য ও সালাতের মাধ্যমে**। صَبْرٌ বাব ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (ص ـ ب ـ ر) ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন, صَبْرٌ অর্থ হলো জ্ঞান-বুদ্ধি ও শরিয়তের চাহিদা অনুযায়ী নিজের মনকে বিরত রাখা। অথবা জ্ঞান-বুদ্ধি ও শরিয়ত যা থেকে আত্মাকে বিরত রাখা কামনা করে তা থেকে বিরত রাখা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৫ দ্র.)

اَلصَّلٰوةُ : **সালাত; নামাজ**। দোয়া; রহমত। পবিত্রাবস্থায় কেবলামুখী হয়ে তাকবীরে তাহরীমা, কিয়াম, কেরাত, রুকূ', সেজদা ও শেষ বৈঠক আদায় করাকে ইসলামি শরিয়তের পরিভাষায় صَلٰوةٌ বলা হয়। (বিস্তাতির সূরা বাক্বারা, আয়াত : ৪৫ দ্র.)

اَلصّٰبِرِيْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা। সবর করা।

আয়াত : ১৫৪

اَمْوَاتٌ : **মৃতগণ**। বহুবচন, একবচন– مَيِّتٌ

اَحْيَاءٌ : **জীবিতগণ**। বহুবচন, একবচন– حَىٌّ

لا تشعرون : **তোমরা উপলব্ধি করতে পার না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– উপলব্ধি করা; অনুধাবন করা।

আয়াত : ১৫৫

لَنَبْلُوَنَّكُمْ : **আমি তোমাদেরকে অবশ্যই পরীক্ষা করব**। لَنَبْلُوَنَّ সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف كُمْ; যমীর جمع مذكر حاضر মাফঊলে বিহী। বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبَلَاءُ অর্থ– পরীক্ষা করা।

اَلْخَوْفُ : **ভয়; ভীতি; আশঙ্কা**। বাব سَمِعَ -এর মাসদার।

اَلْجُوْعُ : **ক্ষুধা**।

نَقْصٍ : **ক্ষয়ক্ষতি, স্বল্পতা**। মাসদার বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ص) অর্থ–হ্রাস করা, কম করা, বিপদ, ধ্বংস করা, দুর্ঘটনা ঘটানো।

আয়াত : ১৫৬

اِذَا اَصَابَتْهُمْ : **যদি তাদের উপর আপতিত হয়**। اِذَا হরফে শর্ত। اَصَابَتْ সীগাহ وَاحِدْ مُؤَنَّثْ غَائِبْ বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা; লাগা। আরোপিত হওয়া।

مُصِيْبَةٌ : **বিপদ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– আপতিত হওয়া; এসে পড়া। বহুবচনে– مَصَائِبُ বিপদাপদ।

رَاجِعُوْنَ : **প্রত্যাবর্তনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرَّجْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ১৫৮

اَلصَّفَا وَ الْمَرْوَةَ : **দুটি প্রসিদ্ধ পাহাড়ের নাম, যা মক্কা মুকাররমার মসজিদে হারামের নিকটবর্তী অবস্থিত।** যেখানে তওয়াফের পর সাঈ করা হয়। ইমাম বগভী (র.) লিখেছেন যে, صَفَا শব্দটি صَفَاةٌ-এর বহুবচন। صَفَاةٌ বলা হয় এমন শক্ত পাথরকে যা স্বচ্ছ ও সমতল হয়। আর مَرْوَةٌ বলা হয় কোমল পাথরকে। مَرْوَةٌ এর বহুবচন হলো مَرْوَاتٌ এবং جمع كثرة হলো مَرْوٌ

شَعَائِرِ اللّٰهِ : **আল্লাহ তা'আলার নিদর্শনাবলি।** অর্থাৎ এমন বস্তু যা আল্লাহ তা'আলা স্বীয় বান্দাদের জন্য দাসত্বের চিহ্ন স্বরূপ সাব্যস্ত করেছেন। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) লিখেছেন– شَعَائِرُ বহুবচন, অধিকাংশ ওলামায়ে কেরামের মতে এটা شَعِيْرَةٌ-এর বহুবচন, তবে ইবনে ফারেস (র.) -এর মতে شِعَارَةٌ -এর বহুবচন। ইমাম আবূ বকর জাসসাস রাযী (র.) বলেন, অভিধানবিদদের মতে شَعَائِرُ টি شَعِيْرَةٌ-এর বহুবচন। شَعِيْرَةٌ এমন বস্তুকে বলা হয় যার জন্য তা নির্ধারণ করা হয়েছে। যেমন اَشْعَارُ بَدَنٍ অর্থ হলো তোমরা তার শরীরে এমন চিহ্ন এঁকে দাও যা দ্বারা বুঝা যায় যে, এটা কুরবানির পশু। এ কারণেই شَعَائِرُ হজের বিধিবিধানের যাবতীয় নিদর্শনকে বলা হয়। যেমন শয়তানকে পাথর নিক্ষেপ করা, সাফা মারওয়ায় সাঈ করা ইত্যাদি। হযরত আতা (র.)-এর কাছে شَعَائِرُ اللّٰهِ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, তা হলো حُرُمَاتُ اللّٰهِ অর্থাৎ আল্লাহর যাবতীয় নির্দেশ পালন করা এবং যা তিনি নিষেধ করেছেন তা হতে বিরত থাকা। হযরত শরীক (র.) وَمَنْ يُّعَظِّمْ شَعَائِرَ اللّٰهِ আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো কুরবানির পশু মোটাতাজা করা। হযরত মুজাহিদ, ইবনে আব্বাস, ইকরিমা প্রমুখ থেকেও এ ধরনের তাফসীর বর্ণিত হয়েছে। হযরত হাসান বসরী (র.) বলেন– شَعَائِرُ দ্বারা دِيْنُ اللّٰهِ উদ্দেশ্য। আর সূরা মায়িদার আয়াত لَا تُحِلُّوْا شَعَائِرَ اللّٰهِ (তোমরা আল্লাহর নিদর্শনাবলিকে অবমাননা করো না) এখানে شَعَائِرُ اللّٰهِ দ্বারা দীনের যাবতীয় নিদর্শনাবলি উদ্দেশ্য। অর্থাৎ যাবতীয় ফরজ কাজসমূহ এবং ঐ সমস্ত জিনিস যা তিনি আমাদেরকে বলেছেন যে, এর সীমালজ্ঘন করা যাবে না। এ সমস্ত অর্থই এর দ্বারা উদ্দেশ্য হতে পারে।

حَجَّ : **সে হজ করেছে।** (এখানে অর্থ হচ্ছে যে হজ করে) সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح - ج - ج) মাসদার اَلْحَجُّ অর্থ– ইচ্ছা করা; হজ করা। হজের সময় হজের নিয়তে ইহরাম বেঁধে বায়তুল্লাহ শরীফ তওয়াফ, উকূফে আরাফাহ, উকূফে মুজদালাফাহ, সাফা-মারওয়ায় সাঈ করা, রমীয়ে জিমার ইত্যাদি কার্য সম্পাদন করাকে শরিয়তের পরিভাষায় হজ বলা হয়।

اِعْتَمَرَ : **সে ওমরা করেছে।** (এখানে অর্থ হচ্ছে যে ওমরা করে) সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع - م - ر) মাসদার اَلْاِعْتِمَارُ অর্থ– ওমরা করা। ওমরার নিয়তে ইহরাম বেঁধে বায়তুল্লাহ শরীফ তওয়াফ করা, সাফা-মারওয়ায় সাঈ করা, এরপর মাথা মুণ্ডন করা বা চুল ছাটাকে শরিয়তের পরিভাষায় ওমরা বলা হয়।

جُنَاحَ : **পাপ; গুনাহ।** جُنُوْحٌ থেকে চয়িত। যার অর্থ হলো একদিকে ঝুঁকে পড়া। এ কারণেই যে গুনাহ মানুষকে সত্য থেকে ফিরিয়ে অন্য দিকে ঝুঁকিয়ে দেয় তাকে جُنَاحٌ বলা হয়। অতঃপর যে কোনো গুনাহকেই جُنَاحٌ নামে অভিহিত করা হয়।

اَنْ يَّطَّوَّفَ : **সে সাফা-মারওয়ার মধ্যে সা'ঈ করে; সাফা-মারওয়ার মাঝখানে তওয়াফ করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف মূলবর্ণ (ط - و - ف) বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّطَوُّفُ অর্থ– তাওয়াফ করা; প্রদক্ষিণ করা। يَطَّوَّفَ মূলত يَتَطَوَّفَ ছিল। تَاءٌ কে طَاءٌ -দ্বারা পরিবর্তন করে- طَاءٌ -এর মধ্যে ইদগাম করা হয়েছে। আর اَنْ টি হলো মাসদারিয়া।

مَنْ تَطَوَّعَ : **যে স্বতঃস্ফূর্তভাবে সৎকর্ম করে।** تَطَوَّعَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ط - و - ع) মাসদার اَلتَّطَوُّعُ অর্থ– স্বতঃস্ফূর্তভাবে কোনো কাজ করা; স্বেচ্ছাশ্রম করা। নফল কাজ করা।

আয়াত : ১৫৯

اَلْبَيِّنٰتِ : **স্পষ্ট দলিলসমূহ।** বহুবচন, একবচন– بَيِّنَةٌ

يَلْعَنُهُمْ : **তাদেরকে অভিসম্পাত দিবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ل - ع - ن) মাসদার اَللَّعْنَةُ অর্থ– অভিশাপ দেওয়া; লা'নত করা।

اَللّٰعِنُوْنَ : **লা'নতকারীগণ; অভিসম্পাতকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اَللَّعْنُ অভিশাপ করা; লা'নত করা। লা'নত যদি আল্লাহ তা'আলা করেন তখন অর্থ হবে– রহমত থেকে দূর করা, শাস্তি দেওয়া। আর যদি মানুষ লা'নত করে তখন অর্থ হবে– অভিশাপ করা; বদদোয়া করা। –(রাগেব) গালি দেওয়া; ধাক্কা দিয়ে দূরে সরিয়ে দেওয়া। –(কামূস)

আয়াত : ১৬০

اَصْلَحُوْا : **তারা সংশোধন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

بَيَّنُوْا : **স্পষ্ট করে বর্ণনা করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْيِيْنُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা।

اَتُوْبُ عَلَيْهِمْ : **আমি তাদের তওবা কবুল করি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; تَابَ -এর সেলা عَلٰى হলে অর্থ হয়– তওবা কবুল করা।

اَلتَّوَّابُ : **অধিক তওবা কবুলকারী।** تَوْبَةٌ মাসদার থেকে فعال -এর ওজনে মুবালাগার সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) আল্লাহর একটি গুণবাচক নাম।

اَلرَّحِيْمُ : **পরম দয়ালু।** رَحْمَةٌ মাসদার থেকে فَعِيْل -এর ওজনে মুবালাগার সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) এটি আল্লাহর একটি গুণবাচক নাম।

আয়াত : ১৬১

اَجْمَعِيْنَ : **সকল, সবাই।** বহুবচন, একবচনে– اَجْمَعُ এটি তাকীদের জন্য ব্যবহৃত হয়।

আয়াত : ১৬২

لَا يُخَفَّفُ : **লঘু করা হবে না; হালকা করা হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّخْفِيْفُ মূলবর্ণ (خ ـ ف ـ ف) অর্থ– লঘু করা; হালকা করা। হ্রাস করা।

لَا هُمْ يُنْظَرُوْنَ : **তাদেরকে বিরাম দেওয়া হবে না।** لَا يُنْظَرُوْنَ তাদেরকে অবকাশ দেওয়া হবে না। সীগাহ جمع مذكر غائب বহছ منفى مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। ছাড়া দেওয়া।

আয়াত : ১৬৩

اِلٰهٌ : **উপাস্য। মাবুদ; ইলাহ।** فِعَالٌ -এর ওজনে مَأْلُوْهٌ অর্থে। যে কোনো সম্প্রদায়ের নিকট যার ইবাদত করা হয় তাকেই ইলাহ বলা হয়, তা সত্য হোক বা বাতিল হোক। একবচন, বহুবচন اٰلِهَةٌ

আয়াত : ১৬৪

خَلْقِ : **সৃষ্টি করা।** এর মাসদার. বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ– সৃষ্টি করা; আবিষ্কার করা।

اَلْفُلْكِ : **নৌকা; নৌযান।** পুং ও স্ত্রী, একবচন ও বহুবচন সর্বক্ষেত্রে তা একই রকম।

بَثَّ : **তিনি ছড়িয়ে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ث ـ ث) মাসদার اَلْبَثُّ অর্থ– ছড়ানো; বিক্ষিপ্ত করা।

دَابَّةٍ : **বিচরণকারী; প্রাণী।** সীগাহ واحد مؤنث বহছ اسم فَاعِل ; তবে এটি مذكر ও مؤنث উভয়টির জন্য ব্যবহৃত হয়। وَحْدَةٌ টি تَاءْ -এর জন্য। বহুবচনে– دَوَابٌّ ; যদিও পরিভাষায় এটি ঘোড়ার জন্য নির্দিষ্ট; কিন্তু সকল প্রাণীর জন্যই ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে যে دَابَّةٌ শব্দটি এসেছে তা সকল প্রাণীকেই অন্তর্ভুক্ত করে। তবে আয়াত–وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِّنَ الْاَرْضِ تُكَلِّمُهُمْ اَنَّ النَّاسَ كَانُوْا بِاٰيٰتِنَا لَا يُوْقِنُوْنَ এ আয়াতে যে دَابَّةٌ -এর কথা এসেছে এর দ্বারা বিশেষ একপ্রকার প্রাণী উদ্দেশ্য যা কিয়ামতের পূর্বমুহূর্তে মক্কার নিকটবর্তী পাহাড় সাফা থেকে নির্গত হবে। হঠাৎ করে উক্ত পাহাড় বিদীর্ণ হয়ে যাবে। সেখান থেকে উক্ত প্রাণী বের হয়ে মানুষের সাথে কথা বলবে এবং কে খাঁটি মুমিন আর কে খাঁটি কাফের তা চিহ্নিত করে দিবে।

تَصْرِيْفِ الرِّيٰحِ : **বায়ুর দিক পরিবর্তন হওয়া।** تَصْرِيْفٌ বাব تَفْعِيْل -এর মাসদার। মূলবর্ণ (ص ـ ر ـ ف) অর্থ– পরিবর্তন হওয়া।

اَلرِّيٰحُ : বাতাস; বায়ু। বহুবচন, একবচন– رِيْحٌ

اَلسَّحَابِ : **মেঘমালা।** سَحَابٌ মেঘকে বলা হয়; তাতে পানি থাকুক বা না থাকুক। কখনও سَحَابٌ বলে

রূপকার্থে ছায়া ও অন্ধকার উদ্দেশ্য হয়। যেমন- مَوْجٌ مِنْ فَوْقِهِ مَوْجٌ مِنْ فَوْقِهِ سَحَابٌ (যাকে আচ্ছন্ন করে তরঙ্গের উপর তরঙ্গ, যার ঊর্ধ্বে মেঘপুঞ্জ) এখানে سَحَابٌ দ্বারা অন্ধকার উদ্দেশ্য। মূলত শব্দটি سُحُبٌ থেকে উৎপন্ন। যার অর্থ- টানা; আকর্ষণ করা। কারণ বাতাস তাকে টেনে নিয়ে চলে, অথবা এজন্য যে, তা পানি টেনে নিয়ে আসে। আরবি ভাষার ইমাম আসমায়ী 'কিতাবুসসাহাবে' লিখেছেন যে, سَحَابٌ হলো اسم جنس جمعى যার একবচন سَحَابَةٌ ; যা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ আবার একবচন ও বহুবচন সর্বক্ষেত্রে ব্যবহৃত হয়। ফরিদ ওজদি লিখেছেন, শব্দগতভাবে তার সিফাত مفرد আসে যেমন আল্লাহর বাণী- وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ (আকাশ ও জমিনের মাঝে ঝুলন্ত মেঘমালা যা তার নির্দেশের অনুগত) কিন্তু অর্থগতভাবে বহুবচনও আনা হয়। যেমন- وَيُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ (এবং বহন করে ভারি মেঘমালা) পুংলিঙ্গের উদাহরণ وَالسَّحَابِ الْمُسَخَّرِ আর স্ত্রীলিঙ্গের উদাহরণ হলো حَتّٰى إِذَا أَقَلَّتْ سَحَابًا ثِقَالًا ; এর বহুবচন হলো سُحُبٌ ; লিসানুল আরবে আছে, সঙ্গত হলো سُحُبٌ শব্দটি سَحَابٌ -এর বহুবচন, যা سَحَابَةٌ -এর বহুবচন। সুতরাং سُحُبٌ হলো جمع الجمع

اَلْمُسَخَّرِ : **অনুগত; বাধ্যগত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ বশীভূত করা। অধীনস্ত করা।

اَنْدَادًا : **অংশীদার বা সমকক্ষরূপে**। একবচনে نِدٌّ ; যা কোনো কিছুর সত্তা ও মূল উপাদানে অংশীদার হয় তাকে نِدٌّ বলা হয়। مِثْل ও نِدٌّ -এর মাঝে পার্থক্য হলো مِثْل হলো আম বা ব্যাপক এবং نِدٌّ হলো খাস বা নির্দিষ্ট। مِثْل -এর ব্যবহার সকল প্রকার অংশগ্রহণের জন্য হয়ে থাকে। কিন্তু ند -এর ব্যবহার শুধুমাত্র সত্তাগতভাবে অংশগ্রহণের ক্ষেত্রে হয়ে থাকে।

يُحِبُّوْنَهُمْ : **তারা তাদেরকে ভালোবাসে**। يُحِبُّوْنَ সীগাহ جَمْعُ مُذَكَّرٍ غَائِبٌ বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاَحْبَابُ অর্থ- ভালোবাসা; বন্ধু মনে করা।

اَشَدُّ : **সুদৃঢ়; অধিক শক্ত**। شِدَّةٌ থেকে ইসমে তাফযীল। কঠোর। شَدَّ হতে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। شَدِيْدٌ কৃপণ অর্থেও ব্যবহার হয়। যেমন- اِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ (মানুষ সম্পদের ভালোবাসার কারণে অবশ্যই কৃপণ)

আয়াত : ১৬৬

تَبَرَّاَ : **দায়মুক্ত হবে**। দায়িত্ব অস্বীকার করবে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ر ـ ء) মাসদার تَبَرِّىٌّ দায়মুক্ত হওয়া; দায়িত্ব অস্বীকার করা।

اُتُّبِعُوْا : **অনুসৃতগণ**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা।

تَقَطَّعَتْ : **ছিন্ন হয়ে যাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلتَّقَطُّعُ অর্থ- ছিন্ন হওয়া। কর্তিত হওয়া। টুকরা টুকরা হওয়া।

اَلْاَسْبَابُ : **বন্ধন; সম্পর্ক; উপকরণ; কারণসমূহ**। বহুবচন, একবচন- سَبَبٌ

আয়াত : ১৬৭

كَرَّةً : كَرٌّ **অর্থ কোনো দিকে বেঁকে যাওয়া; ঝুঁকে যাওয়া; প্রত্যাবর্তন করা**। (রাগেব) كَرٌّ -এর পরে ة টি وَحدت -এর জন্য। যার অর্থ হলো একবার; সুতরাং كَرَّةً -এর অর্থ হলো একবার প্রত্যাবর্তন করা। শত্রুর উপর (ফিরে এসে) একবার আক্রমণ করা। -(তাজুল 'আরূস) আয়াতে উদ্দেশ্য হলো পরকাল থেকে পুনরায় দুনিয়ায় ফিরে আসা।

حَسَرَاتٍ : **পরিতাপ; অনুশোচনা**। বহুবচন, একবচন- حَسْرَةٌ

خَارِجِيْنَ : **বাইরে আগমনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

আয়াত : ১৬৮

حَلٰلًا طَيِّبًا : বৈধ ও পবিত্র। حَلَالٌ শব্দটি মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ل ـ ل)।

اَلطَّيِّبُ : সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ বাব ضَرَبَ ; মূলবর্ণ (ط ـ ى ـ ب)

لَا تَتَّبِعُوْا : **তোমরা অনুসরণ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা; অনুকরণ করা।

আয়াত : ১৬৯

اَلسُّوْءِ : **মন্দ**। খারাপ; অন্যায়; দোষ; পাপ। একবচন, বহুবচন- اَسْوَاءُ

اَلْفَحْشَاءِ : **অশ্লীল কার্যাদি**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل -এর واحد مذكر -এর সীগাহরূহ হলো فحش অর্থ- অশ্লীল কর্ম। এমন কথা বা কাজ যার মন্দত্ব স্পষ্ট এবং তা শুনলে বা করলে মন্দ অনুভব হয়। -(তাজ) কৃপণতা। -(কামূস) পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। শরিয়তে নিষিদ্ধ এমন কথা বা কাজ। কৃপণতা; যাকাত না দেওয়া; নির্লজ্জতা; ব্যভিচার; জেনা; মন্দ বিষয়। -(সুয়ূতী ও মহল্লী)

আয়াত : ১৭০

اَلْفَيْنَا : **আমরা পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْفَاءُ অর্থ- পাওয়া; দেখতে পাওয়া।

আয়াত : ১৭১

يَنْعِقُ : **ডাকে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ ও ضَرَبَ মূলবর্ণ (ن ـ ع ـ ق) মাসদার اَلنَّعْقُ - اَلنَّعِيْقُ - اَلنُّعَاقُ অর্থ- ডাকা; ডাক দেওয়া; চিৎকার করা।

صُمٌّ : **বধির; যার শ্রবণশক্তি রহিত হয়েছে**। বহুবচন, একবচনে- اَصَمُّ

بُكْمٌ : **মূক; বোবা**। এটি اَبْكَمُ -এর বহুবচন।

عُمْىٌ : **অন্ধ; দৃষ্টি প্রতিবন্ধী**। اَعْمٰى -এর বহুবচন। اَعْمٰى -এর ব্যবহার চোখের অন্ধ এবং অন্তরের অন্ধ হওয়া উভয় অর্থের জন্যই হয়। পবিত্র কুরআনে যেখানেই অন্ধদের তিরস্কার করা হয়েছে সেখানে অন্তরের অন্ধ হওয়া উদ্দেশ্য। ইমাম রাগেব (র.) লিখেছেন- وَنَحْشُرُهُمْ يَوْمَ الْقِيَامَةِ عَلٰى وُجُوْهِهِمْ عُمْيًا وَّبُكْمًا وَّصُمًّا তাদেরকে আমি কিয়ামতের দিন অন্ধ, মূক ও বধির করে উঠাবো। এখানে উভয় অন্ধত্ব উদ্দেশ্য হতে পারে।

আয়াত : ১৭৩

اَلْمَيْتَةَ : **মৃত জন্তু**।

اَلدَّمَ : **রক্ত**। (জবাই করার পর ধমনী ও শিরা হতে নির্গত প্রবহমান রক্ত, যা হারাম ও নাপাক) دَمٌ মূলত دمى অথবা دمو ছিল। শেষের বর্ণটি ফেলে দেওয়া হয়েছে।

اَلْخِنْزِيْرِ : **শূকর**। একবচন, বহুবচন- خَنَازِيْرُ

اُهِلَّ : **উচ্চারিত হয়েছে**। ডাকা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ا ـ ه ـ ل) মাসদার اَلْاِهْلَالُ যার প্রকৃত অর্থ হলো নতুন চাঁদ দেখার সময় সজোরে চিৎকার করা। পরবর্তীতে যে কোনো আওয়াজের জন্য তা ব্যবহৃত হতে থাকে। যেমন প্রসবকালীন নবজাতকের ক্রন্দন করা, হাজী সাহেবানদের লাব্বাইক বলাকেও اِهْلَالٌ বলা হয়। এখানে অর্থ হলো নাম ধরে ডাকা; চিৎকার করা, স্মরণ করা। সুতরাং যে পশুকেই আল্লাহ ব্যতীত অন্য কারো নামে মানত করা হবে, চাই তা মূর্তি, জিন, পীর সাহেব, কোনো পয়গাম্বর, কোনো স্থানই হোক এবং এ নিয়তে জবাই করা হয় যে, এর দ্বারা তার সন্তুষ্টি অর্জন হবে এবং তার প্রয়োজন পূরণ হবে, তাহলে সে পশু হারাম হয়ে যাবে এবং مَا اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ -এর অন্তর্ভুক্ত হয়ে যাবে। যে এমন করবে সে মুশরিক হয়ে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে যাবে। যদিও জবাই করার সময় বিসমিল্লাহ বলা হয়।

اُضْطُرَّ : **অনন্যোপায় হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلْاِضْطِرَارُ অর্থ- বাধ্য হওয়া; নিরুপায় হওয়া; অসহায় হওয়া।

بَاغٍ : **অবাধ্যতাকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অন্যায় করা।

عَادٍ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْعَدْوُ ও اَلْعُدْوَانُ অর্থ- সীমালঙ্ঘন করা।

আয়াত : ১৭৪

يَشْتَرُوْنَ : **তারা বিনিময় গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ- বিনিময় গ্রহণ করা; ক্রয় করা।

ثَمَنًا قَلِيلًا : **তুচ্ছ মূল্য। স্বল্পমূল্য।** ثَمَنٌ অর্থ- মূল্য। বহুবচন اَثْمَانٌ ; قَلِيْل অর্থ- কম। এখানে ثَمَنًا قَلِيْلًا বা তুচ্ছমূল্য দ্বারা দুনিয়ার আসবাবপত্র উদ্দেশ্য; যা পরকালের তুলনায় অত্যন্ত তুচ্ছ ও নগণ্য।

لَا يُزَكِّيْهِمْ : **তিনি তাদেরকে পবিত্র করবেন না।** لا منفى مضارع বহছ واحد مذكر غائب সীগাহ يزكى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ و) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্রকরণ।

আয়াত : ১৭৫

اِشْتَرَوْا : **তারা ক্রয় করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ي) মাসদার اَلْاِشْتِرَاءُ ক্রয় করা। অবলম্বন করা; গ্রহণ করা। -(বায়যাভী) এখানে অর্থ হবে- এ সমস্ত লোক হেদায়েত বর্জন করে পথভ্রষ্টতাকে গ্রহণ করেছে। হেদায়েত বাদ দিয়ে পথভ্রষ্টতা গ্রহণ করা যেন হেদায়েতের পরিবর্তে পথভ্রষ্টতাকে ক্রয় করারই নামান্তর। এ কারণেই আয়াতের মধ্যে اِشْتِرَاءُ শব্দ ব্যবহার করা হয়েছে।

اَلضَّلَالَةَ : **ভ্রান্তি; পথভ্রষ্টতা;** গোমরাহী। বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ- পথভ্রষ্টতা। আল্লামা জামাল কারশী লিখেছেন- ضَلَالٌ অর্থ- ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়- ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ (পানি এত হ্রাস পেয়েছে যে দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৬ দ্র.)

مَا اَصْبَرَهُمْ : **তারা কতইনা ধৈর্যশীল।** এটি اَلصَّبْرُ মাসদার থেকে اِفْعَالٌ -এর ওজনে مَا اَفْعَلَهُمْ -এর সীগাহ। تَعَجُّبٌ

اَلنَّار : **আগুন।** জাহান্নামের আগুন উদ্দেশ্য। একবচন, বহুবচন- نِيْرَانٌ

আয়াত : ১৭৬

شِقَاقٍ : **রুদ্ধভাবাপন্ন।** বিরুদ্ধাচরণ, মোকাবিলা, বিপরীত, বন্ধুর পক্ষ ত্যাগ করে অন্যের দলে যোগ দেওয়া। এটি বাব مفاعلة -এর মাসদার। আল্লামা আবূ হাইয়ান উন্দুলুসী (র.) 'আল বাহরুল মুহীতে' লিখেছেন যে, شِقَاقٌ টি شَاقَّةٌ -এর মাসদার। যেমনিভাবে ضَارَبَ ضِرَابًا وَ خَالَفَ خِلَافًا বলা হয়। যার অর্থ হলো শত্রুতা পোষণ করা; বিরোধিতা করা। যা মূলত شَقّ থেকে নির্গত। অর্থাৎ এ এক দিকে এবং ও আরেক দিকে। شَقّ অর্থ- দিক। যেমন কবি বলেন-

اِذَا مَا بَكَى مِنْ خَلْفِهَا انْحَرَفَتْ لَهُ ۞ بِشَقٍّ وَ شِقٍّ عِنْدَنَا لَمْ يُحَوَّلْ

(যখন সন্তান তার পিঠের উপর বসে কান্নাকাটি করে তখন সে একদিক থেকে তার দিকে ঘুরে যায় এবং তার একদিক আমাদের দিকে থাকে, যা পরিবর্তন হয় না।) আবার কেউ বলেছেন, এটি مُشَقَّةٌ থেকে নির্গত হয়েছে। কেননা দুজনের মধ্যে উভয়েই এই কামনা করছে যে, অপরজনের জন্য তা কষ্টকর হোক।

আয়াত : ১৭৭

اَلْبِرَّ : **পুণ্য।** সৎকর্ম। মাসদার যার বহুবচন আসে না। বিশ্বাসগত ও আমলগত উভয় প্রকার পুণ্য بِرٌّ -এর অন্তর্ভুক্ত।

اَلْمَلَائِكَةِ : **ফেরেশতাগণ।** আল্লাহর তা'আলার সৃষ্টি নূরানী মাখলূক, যারা সর্বদা আল্লাহ তা'আলার আনুগত্যে লেগে আছে। একবচনে- اَلْمَلَكُ শব্দটি اسم جنس বা مفرد উভয়ই হতে পারে। مَلَكٌ মূলত الوكة ছিল। এর উৎসমূল مألك অথবা مَأْلَكٌ (অর্থাৎ ميم কে যদি মূল অক্ষর ধরা হয় তখন উৎস হবে প্রথমটি। আর যদি ميم কে অতিরিক্ত ধরা হয় তখন উৎস হবে দ্বিতীয়টি।) প্রথম হামযা ও লামের স্থানকে পরিবর্তন করে مألك -কে ملاك বানানো হয়েছে। অতঃপর হামযাকে সহজ করণার্থে ফেলে দিয়ে ملك করা হয়েছে। -(বগভী) (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৩০ দ্র.)

اَلنَّبِيِّيْنَ : **নবীগণ।** বহুবচন, একবচন نَبِيٌّ ; নবী বলা হয় যাকে আল্লাহ তা'আলার বাণী বান্দা পর্যন্ত পৌছানোর জন্য স্বয়ং আল্লাহ তা'আলা মনোনীত করেছেন এবং নতুন শরিয়ত দিয়েছেন অথবা পূর্ববর্তী শরিয়তকে ঠিক রাখার জন্য প্রেরণ করেছেন। نَبِىْ হলেন عام আর রাসূল হলো خاص । রাসূল বলা হয় যাকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দান করেছেন।

ذَوِى الْقُرْبٰى : **আত্মীয়-স্বজন।** ذُوْ অর্থ- ওয়ালা। এর বহুবচন ذَوُوْنَ আর হালতে নসব ও জরে ذَوِيْنَ আসে। এখানে বহুবচনের নূন ইযাফতের কারণে পড়ে গেছে।

اَلْقُرْبٰى : **আত্মীয়তা**। নৈকট্য। এটি ইসমে মাসদার।

اَلْيَتٰمٰى : **এতিমগণ**। একবচনে– يَتِيْمٌ অর্থ– এতিম। যে নাবালক সন্তানের পিতা মারা গেছে তাকে এতিম বলা হয়।

اَلْمَسٰكِيْنَ : **অভাবগ্রস্তগণ**। একবচন مِسْكِيْنٌ ; যার কাছে কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়। আর যার কাছে সম্পদ আছে; কিন্তু নেসাব পরিমাণ নেই তাকে ফকির বলা হয়।

اِبْنَ السَّبِيْلِ : **পথিক; পর্যটক**। সফরাবস্থায় যার কাছে প্রয়োজন পূরণ করার মতো সম্পদ নেই। কারো কারো মতে اِبْنُ السَّبِيْلِ দ্বারা অতিথি উদ্দেশ্য। –(মাযহারী)

فِى الرِّقَابِ : **দাসমুক্তির জন্য**। رَقَبَةٌ-এর اَلرِّقَابُ হলো বহুবচন। যার প্রকৃত অর্থ হলো গর্দান। পরবর্তীতে পূর্ণ দেহের নামে পরিণত হয়ে যায়। পরিভাষায় দাস-দাসীদের জন্য ব্যবহৃত হয়। এখানে عَبْد مُكَاتَبٌ (চুক্তিবদ্ধ গোলাম) বা বন্দী উদ্দেশ্য। –(মাযহারী) মূল ইবারত হলো فِىْ تَخْلِيْصِ الرِّقَابِ أَوْ فِىْ فَكِّ الرِّقَابِ এতে মুযাফ উহ্য রয়েছে।

اَلْمُوْفُوْنَ : **পূর্ণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْاِيْفَاءُ অর্থ– পূর্ণ করা।

عَهْدِهِمْ : **তাদের অঙ্গীকার**। عَهْد মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি একবচন, বহুবচন– عُهُوْدٌ অর্থ– প্রতিশ্রুতি; অঙ্গীকার।

اَلصّٰبِرِيْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা। এখানে مَدْح হিসেবে মানসূব হয়েছে। মূল ইবারত হলো– اَمْدَحُ الصّٰبِرِيْنَ-

اَلْبَاْسَاءِ : **অর্থ-সংকট**। **কঠোরতা; দারিদ্র্য**। اَلْبُؤْس থেকে উদ্‌গত।

اَلضَّرَّاءِ : **দুঃখ-ক্লেশ**। **সঙ্কীর্ণতা; রোগ; ব্যাধি; বিপদ**। এটি ইসম, যা نَعْمَاءُ ও سَرَّاءُ -এর বিপরীতার্থক শব্দ। উল্লেখ্য যে, ضَرَّاءُ ও بَأْسَاءُ উভয়টি হলো স্ত্রীলিঙ্গ। এর কোনো পুংলিঙ্গ আসে না। ফাররা এর মতে اَضَرَّ ও اَبْؤُس ব্যবহার করাও জায়েজ আছে।

حِيْنَ الْبَأْسِ : **যুদ্ধের সময়**।

আয়াত : ১৭৮

اَلْقِصَاصُ : **কিসাস;** এর শাব্দিক অর্থ হলো সমপরিমাণ বা অনুরূপ। অর্থাৎ অন্যের প্রতি যতটুকু জুলুম করা হয়েছে, তার সমপরিমাণ প্রতিশোধ গ্রহণ তার পক্ষে জায়েজ। এর চেয়ে বেশিকিছু করা জায়েজ নয়। শরিয়তের পরিভাষায় কিসাস হলো হত্যা এবং আঘাতের সে শাস্তি, যা সমতা ও পরিমাণের প্রতি লক্ষ্য রেখে বিধান করা হয়। –(মা'আরিফুল কুরআন) এটি বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। মূলবর্ণ (ق ـ ص ـ ص)

اَلْقَتْلٰى : **নিহত ব্যক্তি**। বহুবচন, একবচন– قَتِيْل -

اَلْحُرُّ : **স্বাধীন; আজাদ**। একবচন, বহুবচন– اَحْرَارٌ -

اَلْعَبْدُ : **দাস;** বান্দা; গোলাম। তাজুল আরূসে আছে– عَبْد বলা হয় মানুষকে চাই সে স্বাধীন হোক বা দাস। মোটকথা সৃষ্টিকর্তার প্রতিপালিত যে কোনো ব্যক্তিই عَبْد ; ইবনে খরম লিখেছেন– عَبْد শব্দটি পুরুষ মহিলা উভয়ের জন্য ব্যবহৃত হয়। এর অনেকগুলো বহুবচন আছে তন্মধ্যে عِبَادٌ ও اَعْبُدٌ، عَبِيْدٌ، এ কয়টি হলো প্রসিদ্ধ। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন عَبْد -এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। যথা–

১. শরিয়তের বিধান অনুযায়ী দাস। এদের ক্রয়-বিক্রয় বৈধ। যেমন اَلْعَبْدُ بِالْعَبْدِ গোলামের বিনিময়ে গোলাম। এবং عَبْدًا مَمْلُوْكًا لَا يَقْدِرُ عَلٰى شَىْءٍ (একজন মালিকানাধীন গোলাম, যার কোনো জিনিসের উপর অধিকার নেই।)

২. عَبْدٌ بِالْاِيْجَادِ : অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করা হয়েছে এ হিসেবে দাস। এমন عَبْد বা দাস আল্লাহ তা'আলা ব্যতীত আর কারো হতে পারে না। اِنْ كُلُّ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ اِلَّا اٰتِى الرَّحْمٰنِ عَبْدًا (আকাশ ও পৃথিবীতে এমন কেউ নেই যে, আল্লাহর বান্দা বা দাস না হয়ে আসতে পারে)।

৩. عَبْدٌ بِالْعِبَادَةِ وَالْخِدْمَةِ : ইবাদত ও সেবার মাধ্যমে গোলামে পরিণত হয়েছে। এটা দুধরনের হয়ে থাকে। যথা–

ক. عَبْدُ اللّٰهِ : আল্লাহর খাঁটি বান্দা। এ ধরনের বান্দার কথা কুরআনের নিম্নোক্ত আয়াতসমূহে বলা হয়েছে– اِنَّهٗ كَانَ عَبْدًا شَكُوْرًا (নিশ্চয় তিনি ছিলেন কৃতজ্ঞ বান্দা) نَزَّلَ الْفُرْقَانَ عَلٰى عَبْدِهٖ (তিনি ফুরকান নাজিল করেছেন তাঁর বান্দার উপর) اَنْزَلَ عَلٰى عَبْدِهٖ

اَلْكِتَابَ (তিনি তাঁর বান্দার উপর কিতাব নাজিল করেছেন) كُوْنُوْا عِبَادًا لِّىْ (তোমরা আমার খাঁটি বান্দা হয়ে যাও)

খ. عَبْدُ الدُّنْيَا : এরা দুনিয়া ও টাকার গোলাম। দুনিয়া ও দুনিয়ার সম্পদের দাসে পরিণত হয়েছে। দুনিয়াই এদের কাছে বড়। এদের সম্পর্কে রাসূল ﷺ বলেছেন– تَعِسَ عَبْدُ الدِّرْهَمِ، تَعِسَ عَبْدُ الدِّيْنَارِ (ধ্বংস হোক দিরহাম ও দিনারের গোলাম) এদের সম্পর্কে এটা বলা যেতে পারে যে, এরা আল্লাহর বান্দা নয়; বরং টাকার গোলাম। কাজী শওকানী (র.) লিখেছেন– عَبْد শব্দটি تَعْبد থেকে উদ্‌গত হয়েছে। যার অর্থ হলো বিনয়াবনত হওয়া। ইমাম বাগভী (র.) লিখেছেন– عَبْد কে عَبْد বলাই হয় তাদের বিনয়াবনত হওয়ার কারণে।

اَلْاُنْثٰى : **নারী; মহিলা।**

عُفِىَ : **ক্ষমা প্রদর্শন করা হয়। মাফ করা হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ– ক্ষমা করা।

اِتِّبَاعٌ : **অনুসরণ করা।** এটি বাব اِفْتِعَالٌ-এর মাসদার। এখানে উদ্দেশ্য হলো চাওয়া।

بِالْمَعْرُوْفِ : **ন্যায়সঙ্গতভাবে।** معروف সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ অর্থ– উত্তম কর্ম করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত এবং অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চিনা। معروف এমন আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ, সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ; তাহলে مَعْرُوْفٌ এমন বস্তু যা যেকোনো জ্ঞানী ও শরিয়তের পাবন্দ ব্যক্তি চিনে ও তা স্বীকার করে। আর مُنْكَرٌ হলো এমন বস্তু যাকে কোনো জ্ঞানী ব্যক্তি চিনে না এবং তাকে ঘৃণা করে।

اِعْتَدٰى : **সে সীমালঙ্ঘন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِدَاءُ মূলবর্ণ (ع ـ د ـ و) অর্থ– সীমালঙ্ঘন করা।

اَلْاَلْبَابِ : **বোধসম্পন্ন ব্যক্তিগণ।** বহুবচন, একবচন– لُبٌّ।

আয়াত : ১৮০

كُتِبَ : **ফরজ করা হয়েছে; লিখা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب), মাসদার اَلْكَتْبُ، اَلْكِتَابُ ও اَلْكِتَابَةُ অর্থ– লিপিবদ্ধ করা; লিখা। ফরজ করা। মু'জামুল কুরআনের লেখক এবং ইমাম রাগেব (র.) লিখেছেন যে, كُتِبَ-এর আসল অর্থ হলো জমা করা এবং দু টুকরা চামড়া মিলিয়ে সেলাই করা। দ্বিতীয় পর্যায়ে এর অর্থ হয়– অক্ষরসমূহকে মিলিয়ে একটিকে অপরটির সাথে জোড়া দেওয়া। যেহেতু হরফসমূহকে লেখা জমানো, নকশা করা ও কাগজে সংযুক্ত করা ব্যতীত সম্ভব হয় না, তাই তৃতীয় পর্যায়ে এর অর্থ হয়েছে– জমানো; নকশা করা; আবশ্যক করা। আর আল্লাহর বিধান, ওহী, তাকদীর এবং ফরজসমূহও যেহেতু অটল, নির্ধারিত, প্রমাণিত ও অবিনশ্বর তাই চতুর্থ পর্যায়ে كُتِبَ অর্থ হয়েছে– আল্লাহ কোনো কিছুর নির্দেশ প্রদান করা; ওহী প্রেরণ করা, নির্ধারণ করা, ওয়াজিব করা ও ফরজ করা। আর বিধানকে ফরজ বা ওয়াজিবকারী তার দৃঢ় সংকল্পকে প্রকাশ করে তাই পঞ্চম পর্যায়ে এর অর্থ হয়েছে– দৃঢ় সংকল্প করা।

تَرَكَ : **সে বর্জন করেছে; সে রেখে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা।

خَيْرًا : **কল্যাণ; উত্তম।** এখানে অর্থ হলো– সম্পদ।

اَلْوَصِيَّةُ : **অসিয়ত করা।** এটি বাবে سَمِعَ-এর মাসদার। মৃত ব্যক্তি মৃত্যুর পূর্বে সম্পত্তি বণ্টনের নির্দেশ দানকে অসিয়ত বলা হয়। যেমন মৃত ব্যক্তি জীবদ্দশায় বলে গেল– "আমার সম্পত্তির এত অংশ বা অমুক অংশ অমুককে দিবে।" এক তৃতীয়াংশ সম্পত্তির অধিক অসিয়ত করা শরিয়ত সম্মত নয়।

اَلْاَقْرَبِيْنَ : **নিকটাত্মীয়গণ।** এটি اَقْرَبُ-এর বহুবচন। মারফূ অবস্থায় اَقْرَبُوْنَ।

حَقًّا : **কর্তব্য।** মাসদার (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৪৭ দ্র.)

اُولِى الْاَلْبَابِ : **বোধসম্পন্ন ব্যক্তিগণ।** ذُوْ হচ্ছে اُولِىْ-এর কিয়াস পরিপন্থি বহুবচন, নসব অবস্থায়। কিয়াস অনুযায়ী ذَوُوْنَ আসে।

مُوْصٍ : **অসিয়তকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ص ـ ى) মাসদার اَلْاِيْصَاءُ অর্থ– অসিয়ত করা।

جَنَفًا : **পক্ষপাতিত্ব**। এটি বাবে سَمِعَ -এর মাসদার। اَلْجَنَفُ অর্থ- দ্বারা উদ্দেশ্য হলো ভুলবশত অসিয়তের নিয়মনীতির বিপরীত করা। বিচারে পক্ষাবলম্বন করা। اِثْمًا : **অন্যায় করা**। জেনেশুনে অসিয়তের নিয়ম-নীতির বিপরীত করা।

আয়াত : ১৮৩

اَلصِّيَامُ : **সিয়াম; রোজা**। বাবে نَصَرَ -এর মাসদার। বিরত থাকা। শরিয়তের পরিভাষায় রোজার নিয়তে সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও স্ত্রী-সঙ্গম থেকে বিরত থাকাকে সিয়াম বলা হয়।

আয়াত : ১৮৪

مَعْدُوْدٰتٍ : **গণনাকৃত; গনা (ক'দিন)**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْعَدُّ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ- গণনা করা।

مَرِيْضًا : **পীড়িত; অসুস্থ; রোগী**। এটি সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ।

يُطِيْقُوْنَهٗ : **তাদের জন্য এটা অত্যধিক কষ্টকর হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ق) মাসদার اَلْاِطَاقَةُ; এর অর্থ সম্পর্কে দু ধরনের মতামত রয়েছে। ১. রোজা রাখতে সক্ষম হওয়া। অর্থাৎ যারা রোজা রাখতে সক্ষম তারা যদি রোজা ভেঙ্গে ফেলে তাহলে তারা ফিদইয়া দিবে। (এটা ইসলামের প্রথম যুগের জন্য বিধান ছিল) ২. অধিকাংশ মুফাসসিরগণের মতে এখানে لا উহ্য রয়েছে। অর্থাৎ যারা রোজা রাখতে সক্ষম নয় তারা ফিদইয়া দিবে। কিন্তু শায়খ ইবনে জারীর (র.) লিখেছেন- يُطِيْقُوْنَ অর্থ হলো اَطَاقَ فُلَانٌ -এর ন্যায়। اِطَاقٌ -এর মধ্যে বাব اِفْعَالٌ -এর হামযা سلب مأخذ -এর জন্য। সে হিসেবে اَطَاقَ فُلَانٌ অর্থ হবে- অমুকের মধ্যে সামর্থ্য নেই। এ সুরতে يُطِيْقُوْنَ অর্থ হবে- তারা রোজা রাখার সামর্থ্য রাখে না। (বার্ধক্য, দুর্বলতা, রোগ-ব্যাধি ইত্যাদি যে কোনো কারণেই হোক) এ সুরত গ্রহণ করলে لا উহ্য ধরার কোনো প্রয়োজন নেই। -(রূহুল মা'আনী, তাফসীরে আহমদী) হযরত ইবনে ওমর এবং সালামা বিন আকওয়া' (রা.) বলেন, ইসলামের শুরু যুগে লোকেরা রোজা রাখতে অভ্যস্ত ছিল না, তাই রোজা রাখা কষ্টসাধ্য ছিল। তাদের জন্য অবকাশ দেওয়া হয়েছিল; সম্ভব হলে রোজা রাখবে আর রাখতে না পারলে ফিদইয়া দিয়ে দিবে। পরবর্তীতে فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ আয়াত দ্বারা এ অবকাশ রহিত করে রোজা রাখা বাধ্যতামূলক করে দেওয়া হয়েছে। এ উক্তি অনুযায়ী আয়াত মানসূখ হয়ে যাবে। হযরত কাতাদা (র.) বলেন- يُطِيْقُوْنَ দ্বারা বৃদ্ধ লোকেরা উদ্দেশ্য ছিল, যাদের পক্ষে রোজা রাখা অতি কষ্টকর ছিল। তাদের জন্য অবকাশ ছিল ইচ্ছা করলে রোজা রাখবে নতুবা রোজার ফিদইয়া দিয়ে দিবে। কিন্তু فَمَنْ شَهِدَ مِنْكُمْ الخ .. আয়াত দ্বারা এ ধরনের বৃদ্ধদের অবকাশও রহিত করা হয়েছে। হযরত হাসান বসরী (র.) বলেন يُطِيْقُوْنَ দ্বারা উদ্দেশ্য ছিল ঐ সমস্ত লোক যারা বাহ্যত অসুস্থ ছিল; কিন্তু তাদের রোজা রাখার সামর্থ্য ছিল, তাদের জন্য রোজা না রাখার অবকাশ ছিল, কিন্তু পরে فَمَنْ شَهِدَ الخ আয়াত দ্বারা সে অবকাশও রহিত করা হয়েছে। -(মা'আলিমুত্তানযীল)

فِدْيَةٌ : **ফিদইয়া। মুক্তিপণ**। একবচন, বহুবচন- فِدْيَاتٌ -একটি রোজার ফিদইয়া অর্ধ সা' গম অথবা তার মূল্য। আমাদের দেশে প্রচলিত আশি তোলার সের হিসেবে অর্ধ সা' সমান এক সের সাড়ে বার ছটাক হয়। এই পরিমাণ গম মিসকিনকে দান করে দিলেই একটি রোজার ফিদইয়া আদায় হয়ে যায়।

طَعَامٌ : **খাদ্য; আহার্য**। একবচন, বহুবচন- اَطْعِمَةٌ -

مِسْكِيْنٍ : **অভাবগ্রস্ত**। যার কাছে কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়। একবচন, বহুবচন- مَسَاكِيْنُ -

تَطَوَّعَ : **স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করা। নফল হিসেবে করা**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلتَّطَوُّعُ অর্থ- নফল কাজ করা। স্বতঃস্ফূর্তভাবে কাজ করা।

আয়াত : ১৮৫

رَمَضَانَ : **রমজান**। আরবি নবম মাসের নাম, যে মাসে রোজা রাখা হয়। হযরত মুজাহিদ (র.) বলেন- رَمَضَانُ আল্লাহর নামসমূহের একটি। যেমন বলা হয়- شَهْرُ اللّٰهِ অদ্রূপ বলা হয়- شَهْرُ رَمَضَانَ ; তবে সঠিক কথা হলো এটি মাসের নাম। رَمَضَانٌ মাসদার বাব سَمِعَ। যার অর্থ হলো জ্বলা, দগ্ধ হওয়া।

অতঃপর তা মাসের নাম রাখা হয়েছে। মাসের নাম رَمَضَانٌ রাখার কারণ হলো এ মাসে ক্ষুধা তৃষ্ণার জ্বালায় দগ্ধ হতে হয়। অথবা এ জন্য যে, এর দ্বারা গুনাহসমূহ জ্বলে যায়। অথবা এ জন্য যে, যে মাসে এ মাসের নামকরণ করা হয় তখন প্রচণ্ড গরম ছিল।

مَنْ شَهِدَ : **যার সম্মুখে উপস্থিত হয়**। সীগাহ واحد مذكر বহছ ماضى معروف غائب বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া। উপস্থিত হওয়া।

عِدَّةٌ : **সংখ্যা। গণনা; শুমার**। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) তাফসীরে কাবীরে লিখেছেন– عِدَّةٌ শব্দটি عد থেকে مَعْدُوْدَةٌ অর্থে ব্যবহৃত। এ কারণেই মানুষের গণা দলকে عِدَّةٌ বলা হয়। মহিলাদের ইদ্দতও এ থেকেই হয়েছে। অর্থাৎ তাদের গণা দিনসমূহ। ইমাম রাগেব ইস্ফাহানি (র.) লিখেছেন– عِدَّةٌ অর্থ গণনাকৃত বস্তু। যেমন– عَدَدٌ এখানে عِدَّةٌ শব্দটি مَا جَعَلْنَا عِدَّتَهُمْ অর্থে এসেছে। আর 'ইদ্দত' দ্বারা উদ্দেশ্য হলো মহিলাদের ইদ্দত। অর্থাৎ যে দিনসমূহ অতিক্রান্ত হলে তাদেরকে বিয়ে করা হালাল হয়ে যায়। মহিলাদের ইদ্দতকেও عِدَّةٌ বলা হয় অর্থাৎ তালাক হলে বা স্বামী মারা গেলে যে ক'দিন পর তার জন্য বিবাহ হালাল হয়, সে দিনগুলোকে عِدَّةٌ বলা হয়। মহিলাদের তালাকের পর তিন হায়েয অথবা গর্ভবতী হলে গর্ভপাত হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে অন্য বিবাহের জন্য। স্বামী মারা গেলে স্বামীর মৃত্যুর জন্য শোক পালনের দিনগুলোকেও عِدَّةٌ বলা হয়।

اَلْيُسْرَ : **সহজতা; সহজ**। এটি বাব ضَرَبَ-এর মাসদার অর্থ– কোমল হওয়া, সহজ হওয়া।

اَلْعُسْرَ : **ক্লেশকর; কষ্টকর। কঠোরতা; সঙ্কীর্ণতা**। যা يُسْر-এর বিপরীত। বাব كَرُمَ ও سَمِعَ-এর মাসদার। দরিদ্রতায়ও যেহেতু কষ্ট-ক্লেশ বিদ্যমান তাই সে অর্থেও তা ব্যবহৃত হয়।

لِتُكْمِلُوْا : **যেন তোমরা পূর্ণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ م ـ ل) মাসদার اَلتَّكْمِيْلُ অর্থ– পূর্ণ করা।

لِتُكَبِّرُوْا : **যেন তোমরা মহিমা ঘোষণা কর**, শ্রেষ্ঠত্ব বর্ণনা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلتَّكْبِيْرُ অর্থ– অহংকার করা। মহিমা ঘোষণা করা, শ্রেষ্ঠত্ব বর্ণনা করা।

قَرِيْبٌ : **নিকটে**। সীগাহ واحد বহছ صفت مشبه বহুবচনের ক্ষেত্রেই এর ব্যবহার হয়, مؤنث-এর জন্যও ব্যবহার হয়। আয়াতে কারীমা– اِنَّ رَحْمَةَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ এখানে رَحْمَةٌ শব্দটি مؤنث হওয়া সত্ত্বেও قَرِيْبٌ-কে مذكر আনা হয়েছে।

اُجِيْبُ : **আমি সাড়া দেই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া।

دَعْوَةَ : **আহ্বান; ডাক**। বাব نَصَرَ-এর মাসদার। ডাকা; আহ্বান করা।

الدَّاعِ : **আহ্বানকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা। মূলত اَلدَّاعِىْ ছিল। এখানে কুরআনের রসমে খত অনুযায়ী ياء-কে বিলুপ্ত করে যের অবশিষ্ট রাখা হয়েছে।

فَلْيَسْتَجِيْبُوْا : **সুতরাং তারা যেন আমার ডাকে সাড়া দেয়**। فاء হরফে আত্ফ। لِيَسْتَجِيْبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ امرغائب معروف বাব استفعال মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ– সাড়া দেওয়া; জবাব দেওয়া।

يَرْشُدُوْنَ : **তারা সঠিক পথে চলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلرُّشْدُ মূলবর্ণ (ر ـ ش ـ د) অর্থ– সঠিক পথে চলা।

আয়াত : ১৮৭

اُحِلَّ : **বৈধ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ل ـ ل). মাসদার اَلْاِحْلَالُ অর্থ– হালাল করা, বৈধ করা।

اَلرَّفَثُ : **স্ত্রী সম্ভোগ**। মহিলাদের সাথে বেপর্দা হওয়া; মহিলাদের প্রতি আসক্ত হওয়া। মাসদার, বাব نَصَرَ। অর্থ হলো– অশ্লীল কথা বলা ও সহবাস করা। কাজী বায়যাভী (র.) رَفَثٌ-এর সংজ্ঞায় লিখেছেন– هُوَ اَلْاِفْصَاحُ بِمَا يَجِبُ اَنْ يُكَنّٰى عَنْهُ অর্থৎ, যা ইঙ্গিতে বলা আবশ্যক তা স্পষ্ট করে বর্ণনা করা। তিনি বলেন– رَفَثٌ-এর ইঙ্গিতার্থ হলো স্ত্রী সহবাস। কেননা সহবাস رَفَثٌ থেকে খালি থাকে না। বিখ্যাত

ভাষাবিদ জুযাজ (র.) বলেন- اَلرَّفَثُ كَلِمَةٌ جَامِعَةٌ لِكُلِّ مَا يُرِيْدُهُ الرِّجَالُ مِنَ النِّسَاءِ ; পুরুষেরা মহিলাদের কাছ থেকে যা কিছু কামনা করে رفث তার সবকিছুকে অন্তর্ভুক্ত করে। ইমাম রাগেব (র.) বলেন, স্ত্রী সহবাস বা যা সহবাসের প্রতি উদ্বুদ্ধ করে এমন সবকিছুকেই رَفَثٌ বলা হয়, যা বর্ণনা করা অশ্লীলতা মনে করা হয়। সুতরাং اُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ اِلٰى نِسَآئِكُمْ (তোমাদের জন্য হালাল করা হয়েছে রমজানের রাত্রে স্ত্রীদের সাথে বেপর্দা হওয়া) এখানে স্ত্রীসহবাস উদ্দেশ্য। আর فَلَا رَفَثَ وَلَا فُسُوْقَ এ আয়াতে স্ত্রীসহবাস বা সহবাসের উপকরণ উভয়টিই উদ্দেশ্য হতে পারে। হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ, হাসান বসরী, ইবনে ওমর, মুজাহিদ, কাতাদা, ইকরিমা ও ইবরাহীম নাখয়ী (র.) প্রমুখের মতে رَفَثٌ দ্বারা স্ত্রী সহবাসই উদ্দেশ্য। অপর একদল ওলামায়ে কেরামের মতে- رَفَثٌ দ্বারা যে কোনো অশ্লীল বাক্য ও কথা উদ্দেশ্য। হযরত আতা (র.) বলেন, ইহরাম অবস্থায় স্ত্রীকে এ কথা বলা যে, তুমি ইহরাম খুললে তোমার সাথে সহবাস করব এটা رَفَثٌ হবে।

لِبَاسٌ : **পোশাক**। পরিধেয় বস্তুকে لِبَاسٌ ও لُبْسٌ বলা হয়। হযরত রবী বিন আনাস বলেন, স্ত্রীরা হলো বিছানা আর তোমরা হলে লেপ। আবূ উবায়দা বলেন, স্ত্রীরা তোমাদের পোশাক, বিছানা ও লুঙ্গি। মহিলা ও পুরুষকে পোশাক বলার কারণ ৩টি। যথা-

১. যা মানুষের মন্দত্বকে গোপন করে, এর উপর পর্দা ঢেলে দেয় এবং মন্দত্ব থেকে আড়াল হয়ে যায় তাকেই لِبَاسٌ বলা হয়। স্বামী-স্ত্রীও একে অপরের জন্য অনিষ্টতা থেকে বাধাপ্রদান এবং আড়াল হওয়ার উপকরণ হয় তাই তাদেরকে একে অপরের বা لِبَاسٌ পোশাক বলা হয়েছে। -(রাগেব)

বিবস্ত্র অবস্থায় উভয়ে মিলিত হয়, একই কাপড়ে জড়িয়ে পড়ে। তাই যেন প্রত্যেকে একে অপরের পোশাকে পরিণত হয়ে যায়।

স্ত্রী স্বামীর জন্য এবং স্বামী স্ত্রীর জন্য প্রশান্তির কারণ। لِبَاسٌ বা পোশাকও প্রশান্তি ও আরামের কারণ। তাই পবিত্র কুরআনে তাদের একে অপরের জন্য পোশাক তথা প্রশান্তির কারণ বলা হয়েছে। যেমন আল্লাহ তা'আলা বলেছেন- وَجَعَلَ بَيْنَهَا لِيَسْكُنَ اِلَيْهَا (আল্লাহ তা'আলা আদমের সত্তা থেকেই তার জোড়া বানিয়েছেন যেন তার দ্বারা প্রশান্তি লাভ করতে পারে।) -(মা'আলিম) শেষের উক্তিটি অধিক যুক্তিযুক্ত, পছন্দনীয় ও দলিলভিত্তিক। যদিও উপরের দুটিও সহীহ।

كُنْتُمْ تَخْتَانُوْنَ : **তোমরা খেয়ানত করছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ و ـ ن) মাসদার اَلْاِخْتِيَانُ অর্থ- বিশ্বাসঘাতকতা করা; খেয়ানত করা।

بَاشِرُوْهُنَّ : **তোমরা তাদের সঙ্গে সঙ্গত হও**, মেলামেশা কর। সীগাহ جمع مذكرحاضر بَاشِرُوْا বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْمُبَاشَرَةُ অর্থ- সঙ্গম করা, সঙ্গত হওয়া। এখানে مُبَاشَرَةٌ অর্থ- যৌন-মিলন।

اِبْتَغُوْا : **তোমরা অন্বেষণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ي) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ- অন্বেষণ করা; তালাশ করা।

يَتَبَيَّنَ : **পৃথক হয়ে যায়, তা প্রকাশ হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلتَّبَيُّنُ অর্থ- প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া।

اَلْخَيْطُ الْاَبْيَضُ : **শুভ্র আলোক রেখা; প্রভাতের প্রথম স্পষ্ট আলো**। এখানে خَيْطُ الْاَبْيَضُ দ্বারা সুবহে সাদিক উদ্দেশ্য। যেমন বুখারী ও মুসলিমের বর্ণনায় এসেছে, নবী করীম ﷺ বলেন- اِنَّمَا ذٰلِكَ بَيَاضُ النَّهَارِ وَسَوَادُ اللَّيْلِ অর্থাৎ خَيْطُ الْاَبْيَضُ দ্বারা প্রভাতের স্পষ্ট আলো এবং خَيْطُ الْاَسْوَدِ দ্বারা রাতের অন্ধকার উদ্দেশ্য।

اَلْخَيْطُ الْاَسْوَدُ : **কৃষ্ণরেখা;** প্রভাতের প্রথম স্পষ্ট আলোর পূর্ববর্তী অস্পষ্ট আলো। রাতের অন্ধকার।

عٰكِفُوْنَ : **এতেকাফকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ك ـ ف) মাসদার اَلْعُكُوْفُ অর্থ- অবস্থান করা।

حُدُوْدُ : **সীমারেখা**। বহুবচন, একবচন حَدٌّ অর্থ- সীমা। দু বস্তুর মধ্যবর্তী সীমা।

আয়াত : ১৮৮

بِالْبَاطِلِ : **অন্যায়ভাবে**। ب হরফেজার; بَاطِلٌ সীগাহ واحد مذكر اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْبُطْلَانُ অর্থ– ভুল কথা বলা, অসত্য কথা বলা, মিথ্যা, সত্যের বিপরীত। প্রত্যেক এমন কথা বা কাজ যা ভিত্তিহীন, তাকে بَاطِلٌ বলা হয়। কথার দৃষ্টান্ত যেমন– لِمَا تَلْبِسُوْنَ الْحَقَّ بِالْبَاطِلِ (কেন তোমরা মিথ্যাকে সত্যের সাথে জড়িয়ে দাও?) কাজের দৃষ্টান্ত যেমন– وَحَبِطَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ (তারা যা করেছে তা বাতিল হয়ে গেছে।)

تُدْلُوْا بِهَا : **তোমরা এটা নিয়ে যেয়ো না; তোমরা পেশ করো না; তোমরা পৌঁছিও না**। এটি لَا تَأْكُلُوْا -এর উপর আতফ হয়েছে, তাই এর তরজমা نهى হিসেবে করা হয়েছে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ل ـ و) মাসদার اَلْاِدْلَاءُ অর্থ– বালতি উঠানো। তবে ইমাম বায়হাকী (র.) তাজুল মাসাদিরে এর অর্থ লিখেছেন, বালতি কূপে ফেলা। এ হিসেবে রূপকার্থে এর অর্থ করা হয় কোনো কিছু পৌঁছানো; বা কোনো কিছু নিক্ষেপ করা।

اَلْحُكَّامِ: **বিচারকগণ**। শাসকগণ। বহুবচন, একবচন– حَاكِمٌ

فَرِيْقٌ : **জমাত; দল**। একবচন, বহুবচন– فِرَقٌ و اَفْرِقَةٌ -

আয়াত : ১৮৯

يَسْئَلُوْنَكَ : **তারা তোমাকে প্রশ্ন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسُّوَالُ মূলবর্ণ (س ـ ء ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা; জানতে চাওয়া। ك যমীর মাফঊলে বিহী।

اَلْاَهِلَّةِ : **নতুন চাঁদ; নবচন্দ্র**। বহুবচন, একবচন– هِلَالٌ ; মাসের প্রথমদিকের সাত রাত এবং ছাব্বিশ থেকে মাসের শেষ রাত পর্যন্ত চাঁদকে هِلَالٌ বলা হয়। চৌদ্দ তারিখের রাতের চাঁদকে بَدْرٌ বলা হয়। এ ছাড়া অন্য সকল রাতের চাঁদকে قَمَرٌ বলা হয়। -(মু'জামুল ওয়াসীত)

مَوَاقِيْتُ : **সময়-নির্দেশক**। বহুবচন, একবচন– مِيْقَاتٌ বহছ اسم اله কালের কল্পিত দৈর্ঘ্যকে বলা হয় وَقْتٌ , যা কোনো কাজের জন্য নির্ধারিত হয়ে থাকে। وَقْتٌ এটি বাবে ضَرَبَ -এর মাসদার। অর্থ– সময় নির্ধারিত করা। বাব تَفْعِيْلٌ থেকে اَلتَّوْقِيْتُ অর্থ– সময় প্রকাশ করা। مِيْقَاتٌ কোনো কাজ শুরু করার স্থান। যেমন হজের মিকাত, ইহরামের মিকাত। কোনো কাজ শুরু করার জন্য যে সময় নির্ধারিত করা হয় তাকে মিকাত বলা হয়।

لَيْسَ : **নেই, নয়**। فعل ناقص যা মুবতাদাকে رفع এবং خبر কে নসব প্রদান করে।

ظُهُوْرِهَا : **এর পশ্চাৎদিক। পৃষ্ঠসমূহ**। ظُهُوْرِ মুযাফ; هَا যমীর তার মুযাফ ইলাইহি।

اِتَّقٰى : **সে আল্লাহভীতি অবলম্বন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্ক থাকা; তাকওয়া অর্জন করা।

আয়াত : ১৯০

لَا تَعْتَدُوْا : **তোমরা সীমালজ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালজ্ঘন করা; বাড়াবাড়ি করা।

مُعْتَدِيْنَ : **সীমালজ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মাজরূর। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালজ্ঘন করা।

আয়াত : ১৯১

حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ : **যেখানেই তোমরা তাদেরকে পাও**। حيث যরফে মাকান বা কালাধিকরণ। ثَقِفْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ث ـ ق ـ ف) মাসদার اَلثَّقْفُ অর্থ– পাওয়া; সফল হওয়া।

اَلْفِتْنَةَ : **ফিতনা; বিশৃঙ্খলা; অরাজকতা**। একবচন, বহুবচন فِتَنٌ ; এখানে ফিতনা দ্বারা মক্কার কাফেরদের শিরক ও কুফরের উপর অটল থাকা এবং মুসলমানদেরকে ইবাদত হতে বাধা প্রদান করা উদ্দেশ্য। –(মা'আরিফুল কুরআন)

يُقَاتِلُوْا : **তারা যুদ্ধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْقِتَالُ ও اَلْمُقَاتَلَةُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– পরস্পর যুদ্ধ করা।

أَشَدُّ : **গুরুতর; জঘন্য; কঠিন**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل

جَزَاءُ : **প্রতিফল, বিনিময়, প্রতিদান, বদলা**। এটি বাব ضَرَبَ-এর মাসদার মূলবর্ণ (ج ـ ز ـ ى) জিনস ناقص يائى অর্থ– বদলা দেওয়া, শাস্তি দেওয়া। পুরস্কৃত করা।

আয়াত : ১৯২

اِنْتَهَوْا : **তারা বিরত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– বিরত থাকা; নিষেধ করা।

আয়াত : ১৯৩

عُدْوَانَ : **জুলুম; অত্যাচার; বাড়াবাড়ি**। মাসদার বাব نصر। এর অর্থ হলো فَلَا جَزَاءَ ظُلْمٍ اِلَّا عَلَى الظَّالِمِيْنَ (জুলুম -এর শাস্তি কেবলমাত্র জালিমদের উপর আরোপিত হবে।)

আয়াত : ১৯৪

اَلْحُرُمَاتُ : **যার পবিত্রতা অলঙ্ঘনীয়; সম্মানযোগ্য বস্তু**। বহুবচন, একবচন– حُرْمَةٌ ; اَلْحُرُمَاتُ قِصَاصٌ অর্থ– হলো মক্কার কাফেররা যদি সম্মানিত মাসসমূহের সম্মান করে এবং তোমাদের সাথে যুদ্ধ না করে, তাহলে তোমরাও তাদের সাথে যুদ্ধ করো না; আর যদি তারা যুদ্ধ চালিয়ে যায় তাহলে তোমাদের জন্যও যুদ্ধ করার অনুমতি রয়েছে।

مَنِ اعْتَدٰى : **যারা আক্রমণ করে**। اِعْتَدٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা; আক্রমণ করা।

فَاعْتَدُوْا : **তাহলে তোমরাও আক্রমণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– আক্রমণ করা; বাড়াবাড়ি করা। আয়াতের মর্মার্থ হচ্ছে, যদি মক্কার কাফেররা সম্মানিত মাসে তোমাদের উপর আক্রমণ করে অর্থাৎ সম্মানিত মাসসমূহের সম্মান না করে তাহলে তোমরাও তাদের উপর আক্রমণ কর; তাদের সাথে যুদ্ধ চালিয়ে যাও। এখানে মুসলমানদের ক্ষেত্রেও اِعْتِدَاءٌ শব্দটির ব্যবহার রূপকার্থে হয়েছে। অন্যথায় আক্রমণের জবাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। বস্তুত اِعْتِدَاءٌ (বাড়াবাড়ি) -এর উপর আক্রমণের প্রয়োগ করা যায় না।

আয়াত : ১৯৫

اَنْفِقُوْا : **তোমরা ব্যয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افعال মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

لَا تُلْقُوْا : **তোমরা নিক্ষেপ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ঢেলে দেওয়া।

اَلتَّهْلُكَةِ : **ধ্বংস। ধ্বংসের মধ্যে ফেলা**। এটি বাব ضَرَبَ-এর মাসদার।

আয়াত : ১৯৬

اَتِمُّوْا : **তোমরা পূর্ণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلْاِتْمَامُ অর্থ– পূর্ণ করা।

اُحْصِرْتُمْ : **তোমরা বাধাপ্রাপ্ত হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْصَارُ মূলবর্ণ (ح ـ ص ـ ر) অর্থ– বাধাগ্রস্ত করা; বাধা দেওয়া।

مَا اسْتَيْسَرَ : **যা সহজলভ্য হয়**। اِسْتَيْسَرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ى ـ س ـ ر) মাসদার اَلْاِسْتِيْسَارُ অর্থ– সহজলভ্য হওয়া।

هَدْى : **কুরবানির জন্তু যা সম্মানিত মাসে হেরেমে জবাই করার জন্য প্রেরণ করা হয়**। একবচন, বহুবচন– هَدَايَا

لَا تَحْلِقُوْا : **তোমরা (মাথা) মুণ্ডন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ل ـ ق) মাসদার حَلْقٌ অর্থ– মুণ্ডন করা।

يَبْلُغَ : **সে পৌঁছবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা; উপনীত হওয়া; সাবালক হওয়া।

مَحِلَّهٗ : **তার স্থানে**। مَحَلٌّ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি।

اَذًى : **কষ্ট; ক্লেশ; যন্ত্রণা**।

فِدْيَةٌ : **ফিদইয়া। মুক্তিপণ**। একটি রোজার ফিদইয়া অর্ধ সা' গম অথবা তার মূল্য। আমাদের দেশে প্রচলিত আশি তোলার সের হিসেবে অর্ধ সা' সমান এক সের সাড়ে বার ছটাক হয়। এই পরিমাণ মিসকিনকে দান করে দিলেই একটি রোজার ফি'দইয়া আদায় হয়ে যায়। একবচন, বহুবচন- فِدْيَاتٌ

صَدَقَةٌ : **সদকা; দান**। ইমাম রাগেব (র.) লিখেছেন, মানুষ স্বীয় সম্পদ থেকে যা ইবাদতস্বরূপ দান করে যেমন জাকাত ইত্যাদি তাই সদকা। কিন্তু সদকা মূলত নফল দানের জন্য ব্যবহৃত হয়, আর জাকাত ওয়াজিব দানের জন্য। তবে কখনও ওয়াজিব দান তথা জাকাতকেও সদকা বলা হয়। যেমন- اِنَّمَا الصَّدَقَاتُ لِلْفُقَرَاءِ। এখানে দুটি বিষয় উল্লেখ্য, প্রথমত ওলামায়ে কেরামের সর্বসম্মত সিদ্ধান্ত হচ্ছে, জাকাত নবীগণের উপর ফরজ ছিল না। কারণ তারা তাদের সম্পদ যথাস্থানে ব্যয় করে দিতেন এবং তাদের কোনো গুনাহও ছিল না যে, তা দ্বারা গুনাহ মাফ হবে। দ্বিতীয়ত জাকাতের সম্পদ খাওয়া আমাদের নবী এবং তার বংশ বনূ হাশেমের উপর হালাল ছিল না। অন্য নবীগণের উপর হালাল ছিল কিনা? সে ব্যাপারে দুটি মত পাওয়া যায়। কেউ বলেন, তাদের জন্য হালাল ছিল না; বরং তাদের নিকটাত্মীয়দের জন্য হালাল ছিল। আরেক দলের মতে, তাদের জন্যও হালাল ছিল না।

نُسُكٍ : **কুরবানি**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ- কুরবানি করা। এখানে বকরি জবাই করা উদ্দেশ্য।

اَمِنْتُمْ : **তোমরা নিরাপদ হয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (ا ـ م ـ ن) অর্থ- নিরাপদ হওয়া।

تَمَتَّعَ: **লাভবান হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ ; অর্থ- লাভবান হওয়া; উপকৃত হওয়া। উল্লেখ্য, এখানে تَمَتُّعٌ দ্বারা পারিভাষিক تَمَتُّعٌ উদ্দেশ্য, শরয়ী تَمَتُّعٌ উদ্দেশ্য নয়।

اَلْعُمْرَةَ : **ওমরা**। ইহরাম বেঁধে বায়তুল্লাহ শরীফ তওয়াফ করা, সাফা-মারওয়ায় সাঈ করা এবং মাথা মুণ্ডন বা চুল ছাটাকে শরিয়তের পরিভাষায় ওমরা বলে। ওমরা বছরের যে কোনো সময় করা যায়। সামর্থ্য থাকলে জীবনে একবার করা সুন্নাতে মুয়াক্কাদা।

لَمْ يَجِدْ : **সে পায়নি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া।

رَجَعْتُمْ : **তোমরা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

كَامِلَةٌ : **পূর্ণ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ م ـ ل) মাসদার اَلْكَمَالُ অর্থ- পূর্ণ হওয়া; পূর্ণাঙ্গ হওয়া। এখানে উদ্দেশ্য হলো কুরবানির পর বাড়ি ফিরে পূর্ণ দশটি রোজা রাখতে হবে।

لَمْ يَكُنْ : **সে হয়নি**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ- হওয়া।

حَاضِرِىْ : **উপস্থিত**। শব্দটি মূলত حَاضِرِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। لَمْ يَكُنْ -এর খবর হওয়াতে হালতে নসবে হয়েছে।

وَاتَّقُوْا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ- ভয় করা; সতর্ক হওয়া।

شَدِيْدٌ : **কঠিন; কঠোর; সুদৃঢ়**। বাব ضَرَبَ মাসদার اَلشِّدَّةُ মূলবর্ণ (ش ـ د ـ د) اَلشِّدَّةُ মাসদার থেকে فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। উল্লেখ্য شَدِيْدٌ অর্থ কৃপণও আসে। যেমন- وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ (মানুষ স্বীয় সম্পদের মহব্বতে কৃপণ) তখন তা مَشْدُوْدٌ অর্থে হবে। যেন তা বাঁধা রয়েছে। অথবা اسم فاعل অর্থেও হতে পারে। অর্থ- সে তার থলে বেঁধে রেখেছে।

اَلْعِقَابُ : **শাস্তি; প্রহার**। এটি মাসদার, বাব مفاعلة। শাস্তি দেওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন- عُقُوْبَةٌ

عِقَابٌ - مُعَاقَبَةٌ - عِقَابٌ তিনটি শব্দই শাস্তি প্রদানের জন্য নির্দিষ্ট। তবে আল্লামা আবু হেলাল আসকারী লিখেছেন যে, عَذَابٌ ও عِقَابٌ -এর মধ্যে পার্থক্য রয়েছে। যেমন عِقَابٌ হলো শাস্তির যোগ্য হওয়া। عِقَابٌ এ জন্যই বলা হয় যে, অপরাধী অপরাধের কারণে শাস্তির যোগ্য হয়েছে। আর عَذَابٌ শাস্তির যোগ্য হওয়া বা না হওয়া উভয়ের জন্যই হতে পারে। মূলত عِقَابٌ অর্থ- পিছনে হওয়া। বলা হয় عَقَبَ الثَّانِىْ الْاَوَّلَ (দ্বিতীয়টি প্রথমটির পিছনে হয়েছে।) এবং عَقَبَ اللَّيْلُ النَّهَارَ (রাত দিনের পিছনে হয়েছে।) এ হিসেবে عِقَابٌ এমন শাস্তিকে বলা হয় যা অপরাধের পরে হয়। তাই عِقَابٌ -এর অর্থ করা উচিত- পাপের প্রায়শ্চিত্ত।

আয়াত : ১৯৭

اَلْحَجُّ : হজ। এটি মাসদার, বাব نَصَرَ । অর্থ- হজ করা। حَجٌ অর্থ- সাক্ষাতের ইচ্ছা করা। শরিয়তের পরিভাষায় حَجٌ -এর নিয়তে প্রথমে ইহরাম বেঁধে নির্দিষ্ট সময়ে বায়তুল্লাহ শরীফ তওয়াফ করা এবং আরাফা, মুযদালিফা ও মীনায় অবস্থান করাকে হজ বলা হয়।

اَشْهُرٌ : মাসসমূহ। বহুবচন, একবচন- شَهْرٌ

مَعْلُوْمَاتٌ : সুনির্দিষ্ট। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

فَرَضَ : সে ফরজ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ض) মাসদার اَلْفَرْضُ অর্থ- ফরজ করা; ধার্য করা; জারি করা; আরোপ করা।

لَا رَفَثَ : স্ত্রী-সহবাস করো না। رَفَثٌ অর্থ- স্ত্রী সম্ভোগ। মহিলাদের সাথে বেপর্দা হওয়া; মহিলাদের প্রতি আসক্ত হওয়া। এটি মাসদার বাব نَصَرَ। অর্থ হলো অশ্লীল কথা বলা ও সহবাস করা। কাজী বায়যাভী (র.) رَفَثٌ -এর সংজ্ঞায় লিখেছেন- هُوَ الْاِفْصَاحُ بِمَا يَجِبُ اَنْ يُكْنٰى عَنْهُ (যা ইঙ্গিতে বলা আবশ্যক তা স্পষ্ট করে বর্ণনা করা।) তিনি বলেন, رَفَثٌ -এর ইঙ্গিতার্থ হলো স্ত্রী সহবাস। কেননা সহবাস رَفَثٌ থেকে খালি থাকে না। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১৮৭ দ্র.)

فُسُوْقٌ : অন্যায় আচরণ; কলহ বিবাদ। এটি ইসমে ফে'ল এবং বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- পাপকর্ম করা; অন্যায় আচরণ করা; অপকর্ম করা।

جِدَالٌ : ঝগড়া; বিবাদ। এটি মাসদার, বাব مُفَاعَلَةٌ । অর্থ- একে অপরের সাথে কলহ বিবাদ করা। একে অপরের উপর শ্রেষ্ঠত্ব প্রকাশ করার আলোচনা করা। বলা হয়- جُدِلَتِ الْحَبْلُ (রশিকে পেচানো।) কলহ-বিবাদেও যেহেতু কথার মারপেচ থাকে তাই ঝগড়াকে جِدَالٌ বলা হয়। কারও মতে جِدَالٌ অর্থ- কুস্তি লাগা ও প্রতিদ্বন্দ্বীকে ধরাশায়ী করা।

تَزَوَّدُوْا : তোমরা পাথেয়ের ব্যবস্থা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ز ـ و ـ د) মাসদার اَلتَّزَوُّدُ অর্থ- পাথেয় নেওয়া।

خَيْرَ الزَّادِ : সর্বোত্তম পাথেয়।

اَلتَّقْوٰى : আল্লাহভীতি। তাকওয়া; আত্মসংযম; পরহেজগারী। অভিধানে تَقْوٰى অর্থ হলো আত্মাকে আশঙ্কার বস্তু থেকে রক্ষা করা। তবে কখনও خَوْف -কে تَقْوٰى এবং تَقْوٰى -কে خَوْف বলা হয়। শরিয়তের পরিভাষায় আত্মাকে এমন বস্তু থেকে রক্ষা করা যা পাপের দিকে নিয়ে যায়। যা নিষিদ্ধ বস্তু থেকে বিরত থাকার দ্বারা অর্জন হয়। ওলামায়ে কেরাম বলেন, তাকওয়ার তিনটি স্তর রয়েছে। যথা- ১. اَدْنٰى (নিম্নস্তর।) তাকওয়ার সর্বনিম্ন স্তর হলো ঈমান গ্রহণ করা, যা দ্বারা জাহান্নামের চিরস্থায়ী শাস্তি থেকে রক্ষা পাওয়া যায়। ২. اَوْسَطْ (মধ্যম স্তর।) তাকওয়ার মধ্যম স্তর হলো এমন যে কোনো বস্তু বর্জন করা যা করা বা না করা মানুষকে গুনাহগার বানিয়ে দেয়। তাই সগীরা গুনাহ বারবার করা যাবে না এবং কবীরা গুনাহ থেকে সম্পূর্ণরূপে বিরত থাকতে হবে। ৩. اَعْلٰى (উচ্চস্তর।) তাকওয়ার সর্বোচ্চ স্তর হলো অন্তরকে এমন যে কোনো বস্তু থেকে বিরত রাখবে যা গায়রুল্লাহর প্রতি লিপ্ত করে দেয়। এটা তাকওয়ার প্রকৃত স্তর।

আয়াত : ১৯৮

جُنَاحٌ : পাপ; গুনাহ। جُنُوْحٌ থেকে চয়িত। যার অর্থ হলো একদিকে ঝুঁকে পড়া। এ কারণেই যে গুনাহ মানুষকে সত্য থেকে ফিরিয়ে অন্য দিকে ঝুঁকিয়ে দেয় তাকে

جُنَاحٌ বলা হয়। অতঃপর যে কোনো গুনাহকেই جُنَاحٌ নামে অভিহিত করা হয়।

تَبْتَغُوْا : **তোমরা সন্ধান করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ– সন্ধান করা; কামনা করা।

فَضْلاً : **অনুগ্রহ। কল্যাণ**।

اَفَضْتُمْ : **তোমরা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفَاضَةُ মূলবর্ণ (ف ـ ى ـ ض) অর্থ– প্রত্যাবর্তন করা। ঢেলে দেওয়া; প্রবাহিত করা।

عَرَفَاتٍ : **একটি প্রসিদ্ধ স্থানের নাম**, যেখানে ৯ই জিলহজ অবস্থান করা হজের গুরুত্বপূর্ণ রুকনসমূহের একটি। মিসবাহুল মুনীর গ্রন্থকারের মতে, স্থানটি মক্কা থেকে ৯ মাইল, আর কামূস গ্রন্থকারের মতে ১২ মাইল দূরত্বে অবস্থিত। আরাফাতের নামকরণের কারণ সম্পর্কে তাজুল আরূসে নিম্নোক্ত মতামত বর্ণনা করা হয়েছে–

১. জান্নাত থেকে বের হয়ে আসার পর হযরত আদম ও হাওয়া (আ.)-এর সর্বপ্রথম সাক্ষাৎ ও পরিচিতি এখানে হয়েছিল তাই এর নাম হয়ে যায় عَرَفَاتْ (আরাফাত।)

২. হযরত জিবরাঈল (আ.) যখন হযরত ইবরাহীম (আ.)-কে হজের বিধিবিধান শিক্ষা দিচ্ছিলেন তখন তিনি এই স্থানে হযরত ইবরাহীম (আ.)-কে সম্বোধন করে বলেছিলেন– اَعَرَفْتَ اَعَرَفْتَ (তুমি কি বুঝেছো? তুমি কি বুঝেছো?) তিনি তার উত্তরে বলেছিলেন عَرَفْتُ عَرَفْتُ (বুঝেছি, বুঝেছি।) ৩. লোকদের এখানে পরস্পর সাক্ষাৎ ও পরিচিতি হয়ে থাকে তাই এর নাম হয়েছে আরাফাত। ৪. দোয়া ও ইবাদতের দ্বারা লোকেরা আল্লাহর মারেফত অর্জন করতে পারে তাই এর নাম হয়েছে আরাফাত। একদল ওলামায়ে কেরামের মতে শব্দটি غَيْرُ مُنْصَرِفْ ; কারণ এর মধ্যে تَانِيْثْ ও عَلَمِيَّتْ বিদ্যমান। আর এ কারণেই এর শুরুতে الف لام আসে না। আর একদল বলেন, এটি غير منصرف ; কারণ এর মধ্যে منصرف হওয়ার দ্বিতীয় কারণটি তথা تانيث নেই। এর শেষে যে ت আছে তা جمع مؤنث -এর আলামত।

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা।

اَلْمَشْعَرِ الْحَرَامِ : **মাশ'আরে হারাম**। এটি একটি পাহাড়ের নাম, যা মুযদালিফাতে অবস্থিত। যেখানে হাজীগণ ১০ই জিলহজ্ব অবস্থান করেন। মুযদালিফায় অবস্থান করা ওয়াজিব। এ পাহাড়ের উপর অবস্থান করা উত্তম।

هَدَاكُمْ : **তোমাদেরকে হেদায়েত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা।

كُنْتُمْ : **তোমরা ছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَلضَّالِّيْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্ট হওয়া।

আয়াত : ১৯৯

اَفِيْضُوْا : **তোমরা প্রত্যাবর্তন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ى ـ ض) মাসদার اَلْاِفَاضَةُ অর্থ– প্রত্যাবর্তন করা।

اِسْتَغْفِرُوْا : **তোমরা ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা।

غَفُوْرٌ : **অত্যধিক ক্ষমাশীল**। মুবালাগার সীগাহ।

رَّحِيْمٌ : **পরম দয়ালু**। فعيل -এর ওজনে সিফাতের সীগাহ।

আয়াত : ২০০

قَضَيْتُمْ : فَاِذَا قَضَيْتُمْ : **যখন তোমরা সমাপ্ত করবে**। সীগাহ جمع مذكرحاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– আদায় করা; সম্পন্ন করা; সমাপ্ত করা।

مَنَاسِكَ : **হজের অনুষ্ঠানাদি**। বহুবচন, একবচন- منسك

فَاذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكرحاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা।

خَلَاقٍ : **অংশ**। নিজের স্বভাব ও চরিত্র দ্বারা মানুষ যে ফজিলত অর্জন করে তাকে خَلَاقٌ বলা হয়।

আয়াত : ২০১

يَقُوْلُ : **সে বলে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

اٰتِنَا : **আমাদেরকে দান করুন**। সীগাহ واحد مذكر غائب বহছ امر حاضر معروف ; نا যমীর جمع متكلم বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা।

حَسَنَةً : **কল্যাণ। সৌন্দর্য; ছওয়াব**। যে নিয়ামত মানুষের আত্মা, দেহ বা অবস্থা দ্বারা অর্জিত হয়ে তাকে আনন্দদান করে তাকে حَسَنَةٌ বলা হয়। এটি سَيِّئَةٌ -এর বিপরীত। উভয়টিই ইসমে জিন্‌স। যার মধ্যে অনেকগুলো প্রকার অন্তর্ভুক্ত রয়েছে। যেমন- وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُوْلُ هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কল্যাণ লাভ হয় তখন তারা বলে এটা আল্লাহর পক্ষ থেকে হয়েছে) এখানে حَسَنَةٌ দ্বারা ফসলের উৎকৃষ্টতা ও সফলতা উদ্দেশ্য। وَمَا اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ (তোমাদের কাছে যে সকল কল্যাণ পৌঁছে তা আল্লাহর পক্ষ থেকে) এখানে وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ দ্বারা ছওয়াব উদ্দেশ্য। আর سَيِّئَةٌ (আর যদি পৌঁছে অকল্যাণ) এখানে سَيِّئَةٌ দ্বারা সঙ্কীর্ণতা ও অকৃতকার্যতা উদ্দেশ্য।

قِنَا : **আমাদেরকে রক্ষা করুন**। ق সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف ; نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী। عَذَابَ النَّارِ দ্বিতীয় মাফঊল। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْوِقَايَةُ অর্থ- রক্ষা করা; হেফাজত করা।

আয়াত : ২০২

نَصِيْبٌ : **অংশ; প্রাপ্য**। ছওয়াব; পরকালের অংশ। সফলতা। রাজত্বের অংশ। মুসলমানদের বিপক্ষে কাফেরদের অর্জিত সাফল্য।

كَسَبُوْا : **তারা অর্জন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা। অর্জন করা।

سَرِيْعُ : **দ্রুত; অত্যন্ত তৎপর**। এটি বাব كَرُمَ -এর فاعل মাসদার سُرْعَةٌ থেকে فَعِيْلٌ -এর ওজনে فاعل অর্থে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। কামূসে রয়েছে, আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ বা দ্রুত হিসাব গ্রহণকারী হওয়ার অর্থ হলো তাঁর হিসাব গ্রহণ অবশ্যই হবে। অথবা তাঁর এক হিসাব অন্য হিসাব থেকে সরিয়ে বা এক বস্তু অন্য বস্তু থেকে সরিয়ে বিরত রাখবে না। অথবা তিনি যা ইচ্ছা করেন তা সম্পাদন হতে বিলম্ব লাগে না। কারণ আল্লাহ তা'আলার সকল কাজ যে কোনো ধরনের প্রচেষ্টা ও তদবীর ছাড়াই মুহূর্তের মধ্যেই সংঘটিত হয়ে যায়। তদ্রূপভাবে মানুষের পুনরুত্থানের পর কোনো ধরনের প্রতিবন্ধকতা ছাড়াই তিনি হিসাব গ্রহণ করবেন।

আয়াত : ২০৩

اَيَّامٍ مَّعْدُوْدَاتٍ : **নির্দিষ্ট সংখ্যক দিনগুলো**। গণা দিনসমূহ। اَيَّامٍ مَّعْدُوْدَاتٍ দ্বারা জিলহজ মাসের ১১, ১২, ১৩, তারিখ উদ্দেশ্য, যে তারিখে হজ (আরাফাহ ও মুযদালিফায় অবস্থান) থেকে অবসর হয়ে মিনায় অবস্থান করার বিধান রয়েছে। এ দিনগুলোতে শয়তানকে কঙ্কর নিক্ষেপের সময় ও প্রত্যেক নামাজের পর তাকবীর বলার নির্দেশ রয়েছে। এ ছাড়া এ দিনগুলোর অন্যান্য সময়েও তাকবীর অধিকহারে বলা উচিত।

تَعَجَّلَ : **সে তাড়াতাড়ি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلتَّعَجُّلُ অর্থ- তাড়াতাড়ি করা; তাড়াহুড়া করা; জলদি করা।

تَأَخَّرَ : **সে বিলম্ব করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلتَّاَخُّرُ অর্থ- বিলম্ব করা।

اِثْمٌ : **গুনাহ; পাপ; অপরাধ**। একবচন, বহুবচন- اٰثَامٌ

يُهْلِكَ : **সে ধ্বংস করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْإِهْلَاكُ অর্থ- ধ্বংস করা।

اَلْحَرْثَ : **শস্যক্ষেত্র।** এটি বাব نصر -এর মাসদার।

اَلنَّسْلَ : **বংশ।** এখানে উদ্দেশ্য হলো জীবজন্তু। একবচন, বহুবচন- اَنْسَالٌ

لَا يُحِبُّ : **সে ভালোবাসে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْإِحْبَابُ অর্থ- ভালোবাসা; মহব্বত করা।

আয়াত : ২০৬

اَخَذَتْهُ : **তাকে লিপ্ত করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; এখানে উদ্দেশ্য হলো লিপ্ত করা।

اَلْعِزَّةُ : **আত্মাভিমান; আত্ম-অহংকার।** সম্মান; মর্যাদা। বুজুর্গী; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। মাসদার, বাব ضَرَبَ। এটি ইসমরূপেও ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন- عِزَّةٌ এমন অবস্থাকে বলা হয় যা মানুষকে পরাজিত হওয়া থেকে রক্ষা করে। যেমন- وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ (সম্মান ও মর্যাদা হলো আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদের জন্য) سُبْحٰنَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ (পবিত্র তোমার প্রতিপালক, যিনি ইজ্জত ও সম্মানের মালিক) عِزَّةٌ দ্বারা কখনও অপদস্থতা ও নিন্দা ইত্যাদি উদ্দেশ্য হয়ে থাকে। যেমন- بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِىْ عِزَّةٍ وَّ شِقَاقٍ (কাফেররা মর্যাদার গরিমায় নিমজ্জিত) মূলত যে ইজ্জত ও মর্যাদা আল্লাহ, তাঁর রাসূল ও মুসলমানদের রয়েছে তা হলো চিরস্থায়ী ও বাস্তবিক, আর কাফেরদের যে ইজ্জত তা জোরপূর্বক, যা প্রকৃতপক্ষে ইজ্জত নয়; বরং তা হলো অপদস্থতা। কখনও ইঙ্গিতার্থে عِزَّةٌ দ্বারা আত্মাভিমান, আত্মগরিমা ইত্যাদি উদ্দেশ্য হয়ে থাকে। যেমন এ আয়াতে রয়েছে اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ (তাদের আত্মাভিমান তাদেরকে পাপানুষ্ঠানে লিপ্ত করে।)

اِتَّقٰى : **সে আল্লাহভীতি অবলম্বন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- সতর্ক থাকা; তাকওয়া অর্জন করা।

تُحْشَرُوْنَ : **তোমাদেরকে একত্র করা হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ- জমা করা; একত্র করা; সমবেত করা।

আয়াত : ২০৪

يُعْجِبُكَ : **তোমাকে চমৎকৃত করে।** يُعْجِبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْاِعْجَابُ অর্থ- বিমুগ্ধ করা; অবাক করা; আনন্দিত করা; চমৎকৃত করা। ك যমীর واحد مذكر حاضر মাফঊলে বিহী।

يُشْهِدُ : **সে সাক্ষী রাখে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلْاِشْهَادُ অর্থ- সাক্ষী রাখা।

اَلَدُّ الْخِصَامِ : **ভীষণ কলহপ্রিয়।** اَلَدُّ الْخِصَامِ দ্বারা উদ্দেশ্য হলো মুনাফিক আখনাস ইবনে শুরায়ক। সে কসম খেয়ে ঈমান ও ইসলামের ভালোবাসার দাবি করত। রাসূল ﷺ মজলিসে তাকে কাছে কাছে বসাতেন। الد সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ د ـ د) মাসদার اَللَّدُّ অর্থ- ঝগড়া করা।

خِصَامٌ : **ঝগড়া করা; কলহ বাঁধানো।** মাসদার, বাব مُفَاعَلَةٌ

আয়াত : ২০৫

تَوَلّٰى : **সে প্রস্থান করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা। ফিরে যাওয়া; পরিত্যাগ করা।

سَعٰى : **সে চেষ্টা করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ع ـ ى) মাসদার اَلسَّعْىُ অর্থ- চেষ্টা করা।

لِيُفْسِدَ : **অশান্তি সৃষ্টির জন্য।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِفْسَادُ মূলবর্ণ (ف ـ س ـ د) অর্থ- অশান্তি সৃষ্টি করা।

إِثْمٌ : **গুনাহ; পাপ**। একবচন, বহুবচন أَثَامٌ

حَسْبُهُ : **তার জন্য যথেষ্ট**।

بِئْسَ : **মন্দ ; নিকৃষ্ট**। بِئْسَ হলো فعل ذم বা নিন্দাজ্ঞাপক ক্রিয়া। যার گردان বা রূপান্তর ব্যবহার হয় না। بَئِسَ মূলত بئس ছিল। جمع -এর ওজনে। فاء كلمة -এর অনুসরণে তার عين كلمة কে যের দেওয়া হয়েছে। অতঃপর সহজিকরণার্থে عين كلمة কে সাকিন করা হয়েছে। بِئْسَ হয়ে গেছে।

اَلْمِهَادُ : **বিছানা**। এখানে বিশ্রামস্থল; ঠিকানা উদ্দেশ্য। একবচন, বহুবচন– مُهُدٌ

আয়াত : ২০৭

يَشْرِىْ : **সে বিক্রয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلشِّرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ– বিক্রয় করা। এখানে জীবন বিক্রয় করার দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর সন্তুষ্টির জন্য নিজের জীবন উৎসর্গ করা। আয়াতটি হযরত সুহাইব (রা.) সম্পর্কে অবতীর্ণ হয়েছে। যিনি মক্কার মুশরিকদের নির্যাতনে হিজরতে বাধ্য হয়েছিলেন। –(জালালাইন)

اِبْتِغَاءُ : **কামনায়; আশায়; লাভার্থে**। মাসদার, বাব اِفْتِعَالٌ ; এটা উত্তম উদ্দেশ্যে ব্যবহৃত হলে প্রশংসনীয়; নতুবা নিন্দনীয়।

مَرْضَاتِ : **সন্তুষ্টি**। এটি মাসদারে اسم مصدر ও ميمى ; অর্থ– পছন্দ করা; সন্তুষ্ট হওয়া; পছন্দনীয়তা। বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى অর্থ– রাজি হওয়া। رضوان ভীষণ সন্তুষ্টি। –(রাগেব) رِضًى সিফাতে মুশাব্বাহ। رَاضٍ ইসমে ফা'য়েল। مَرْضُوٌّ ও مَرْضِىٌّ ইসমে মাফউল। اَلْاِرْضَاءُ অর্থ– কাউকে রাজি করা। খুশি করার জন্য কিছু দেওয়া। اَلتَّرَاضِىْ অর্থ– পরস্পর রাজিখুশি হওয়া।

رَءُوْفٌ : **অত্যন্ত দয়ার্দ্র**। এটি মুবালাগার সীগাহ। বাব فَتَحَ ; اَلرَّأْفَةُ মাসদার থেকে فعول -এর ওজনে। এটি আল্লাহর তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ২০৮

তারা ঈমান এনেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা।

اُدْخُلُوْا : **তোমরা প্রবেশ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

اَلسِّلْمِ : **ইসলাম**। শব্দটি ইসম; পুং ও স্ত্রী উভয়ের জন্য ব্যবহৃত হয়।

كَافَّةً : **সর্বাত্মকভাবে; সম্পূর্ণরূপে**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বহুবচনে– كَافَّاتٌ বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ف) মাসদার اَلْكَفُّ অর্থ– প্রতিহত করা। অথবা ইসমে ফা'য়েল মুফরাদ مذكر ও মানসূব। تاء মুবালিগার আলামত। ব্যবহারে এটি সর্বদা মানসূব ও নাকেরা হয়ে থাকে।

لَا تَتَّبِعُوْا : **তোমরা অনুসরণ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

خُطُوَاتِ : **পদাঙ্কসমূহ; পদচিহ্নসমূহ**। বহুবচন, একবচন خُطْوَةٌ ; خُطْوَةٌ বলা হয় পায়ে হাঁটার সময় দু'পায়ের মধ্যবর্তী দূরত্বকে।

اَلشَّيْطَانِ : **শয়তান**। অবাধ্য; বিদ্রোহী। একবচন, বহুবচনে– شَيَاطِيْن

عَدُوٌّ : **শত্রু**। একবচন, বহুবচন– اَعْدَاءُ এটি فعول -এর ওজনে فاعل অর্থে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। কাজী শাওকানী (র.) লিখেছেন যে, عَدُوٌّ এটি صَدِيْقٌ (বন্ধু) -এর বিপরীত। অথবা এটি عدا بمعنى ظلم থেকে নির্গত হয়েছে। ذئب عدوان এমন নেকড়েকে বলা হয় যে মানুষের উপর জুলুম অত্যাচার করে। আর عُدْوَانٌ অর্থ– স্পষ্ট জুলুম করা। কেউ বলেছেন, এটি مجاوزت (সীমালঙ্ঘন) থেকে উদ্গত। যেমন عَدَاهُ অর্থ হলো جَاوَزَهٗ সীমালঙ্ঘন ও বাড়াবাড়ি করা। উভয় অর্থই কাছাকাছি কারণ জালিম তো সীমালঙ্ঘনই করে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

قُضِيَ : **মীমাংসা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ق - ض - ي) মাসদার اَلْقَضَاءُ অর্থ- মীমাংসা হওয়া।

اَلْاَمْرُ : **বিষয়। কাজ। অবস্থা; নির্দেশ।** امر শব্দটি সকল কর্ম ও কথার জন্য ব্যবহৃত হয়। যেমন اِلَيْهِ يَرْجِعُ الْاَمْرُ كُلُّهٗ (সকল কাজ তার প্রতিই প্রত্যাবর্তিত) এ সমস্ত স্থানে امر তাঁর ব্যাপক অর্থে ব্যবহৃত। তাছাড়া امر নির্দেশের অর্থে হওয়ার জন্য امر সীগাহ হওয়া আবশ্যক নয়; বরং ইশারা, ইঙ্গিত ও অন্যান্যভাবেও হতে পারে। যেমন- يٰاَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ এখানে স্বপ্নযোগে প্রাপ্ত বিষয়কে امر বলা হয়েছে। اَتٰى اَمْرُ اللّٰهِ এখানে اَمْر দ্বারা কিয়ামত উদ্দেশ্য।

تُرْجَعُ : **এটা প্রত্যাবর্তিত হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر - ج - ع) অর্থ- প্রত্যাবর্তন করা।

আয়াত : ২১১

كَمْ : **কত? কয়জন? কত পরিমাণ? কতখানি? কতটুকু?** كم দুই প্রকার। ১. استفهامية (প্রশ্নবোধক) কত পরিমাণ? কয়জন? কত দেরি? এর تميز সর্বদা মুফরাদ ও মানসূব হয়ে থাকে। কখনও উল্লেখ থাকে। যেমন- كَمْ دِرْهَمًا عِنْدَكَ তোমার কাছে কত দিরহাম আছে? আবার কখনও উহ্য থাকে। যেমন- كَمْ لَبِثْتَ মূলত হবে كَمْ زَمَانًا لَبِثْتَ (তুমি কত সময় অবস্থান করেছ?) ২. خبرية (সংবাদমূলক) যা পরিমাণের আধিক্য ও সংখ্যার আধিক্য প্রকাশ করে। এর تميز সর্বদা مجرور হয়ে থাকে। যেমন كَمْ قَرْيَةً اَهْلَكْنَاهَا (আমি অনেক জনপদকে ধ্বংস করে দিয়েছি।) কখনও تميز -এর পূর্বে مِنْ আসে। যেমন- كَمْ مِنْ قَرْيَةٍ اَهْلَكْنَاهَا

اٰتَيْنٰهُمْ : **আমি তাদেরকে দিয়েছি।** اٰتَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ ; هم যমীর মাফঊল। মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দেওয়া।

يُبَدِّلْ : **সে পরিবর্তন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب - د - ل) অর্থ- পরিবর্তন করা।

مُبِيْنٌ : **প্রকাশ্য; স্পষ্ট।** সীগাহ اسم فاعل واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب - ي - ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ- স্পষ্ট করে বর্ণনাকারী।

আয়াত : ২০৯

فَاِنْ زَلَلْتُمْ : **অতএব যদি তোমাদের পদস্খলন ঘটে।** زَلَلْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز - ل - ل) মাসদার اَلزَّلُّ - اَلزَّلُوْلُ - اَلزَّلَلُ অর্থ- পদস্খলন হওয়া; বিমুখ হওয়া।

جَاءَتْكُمْ : **তোমাদের কাছে এসেছে।** جَاءَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف ; كُمْ যমীর মাফঊল। বাব ضَرَبَ মূলবর্ণ (ج - ي - أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ- আসা; আনা।

اَلْبَيِّنٰتُ : **সুস্পষ্ট নিদর্শন।** বহুবচন, একবচনে- بَيِّنَةٌ ; এখানে কুরআন উদ্দেশ্য।

عَزِيْزٌ : **পরাক্রমশালী; অপরাজেয়।** শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। عَزِيْز হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। -(রাগেব) এটি عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ- সুদৃঢ় হওয়া। আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে, তিনি তাঁর পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্তকাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। (বিস্তারিত সূরা তাওবা আয়াত : ১২৯ দ্রষ্টব্য)

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়।** فَعِيْلٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। বাব كَرُمَ মাসদার اَلْحِكْمَةُ অর্থ- প্রজ্ঞাবান হওয়া; জ্ঞানী হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ২১০

يَنْظُرُوْنَ : **তারা প্রতীক্ষায় রয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مُضَارِعْ مَعْرُوْف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن - ظ - ر) অর্থ- প্রতীক্ষা করা; দেখা।

ظُلَلٍ : **ছায়া।** বহুবচন, একবচনে- ظِلَّةٌ -

غَمَامٍ : **মেঘমালা।** বহুবচন, একবচনে- غَمَامَةٌ -

আয়াত : ২১২

زُيِّنَ : **সুশোভিত করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ– সুসজ্জিত করা; সুশোভিত করা।

يَسْخَرُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسُّخْرِيَّةُ، اَلسُّخْرُ، اَلسَّخَرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– উপহাস করা; ঠাট্টা-বিদ্রূপ করা।

يَرْزُقُ : **তিনি রিজিক দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ– রিজিক দেওয়া; জীবিকা প্রদান করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

আয়াত : ২১৩

بَعَثَ : **তিনি প্রেরণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

مُبَشِّرِيْنَ : **সুসংবাদদাতাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ প্রদান করা।

مُنْذِرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ। সতর্ককারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

لِيَحْكُمَ : **যেন তিনি মীমাংসা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ– মীমাংসা করা; রায় দেওয়া।

اِخْتَلَفُوْا : **তারা মতবিরোধ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতবিরোধ করা; বিরোধিতা করা। মতানৈক্য করা।

بَغْيًا : **বিদ্বেষবশত**। بَغْىٌ বাব ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাফউল হওয়ার কারণে মানসূব হয়েছে। অর্থ– অবাধ্যতা করা। জুলুম করা।

يَهْدِىْ : **সরল পথে পরিচালিত করেন। হেদায়েত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথ প্রদর্শন করা; সঠিক পথে পরিচালিত করা।

আয়াত : ২১৪

اَمْ : **কী?** এটি হরফে আতফ, যা প্রশ্নবোধকের অর্থে ব্যবহৃত হয়। আবার কখনো بَلْ অর্থেও ব্যবহৃত হয়। আল্লামা সুয়ূতী (র.)-এর মতে এখানে بَلْ অর্থে হয়েছে। কখনও প্রশ্নবোধক হামযার অর্থে আসে, আবার কখনও অতিরিক্তও আসে।

حَسِبْتُمْ : **তোমরা মনে করেছ; তোমরা ধারণা করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحَسْبُ অর্থ– মনে করা; ধারণা করা।

خَلَوْا : **যারা অতীত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخَلَاءُ اَلْخُلُوُّ، اَلْخَلْوُ অর্থ– নিভৃতে মিলিত হওয়া, অতীত হওয়া।

مَسَّتْهُمْ : **তাদেরকে স্পর্শ করেছে**। مَسَّتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسِيْسُ ও اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; পৌঁছা; আপতিত হওয়া। هم যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

اَلْبَأْسَاءُ : **দারিদ্র্য; অনটন; অভাব। বিপদ**। শব্দটি مؤنث ; এর কোনো مذكر নেই। তবে ফাররা বলেন, এর বহুবচন اَبْؤُسٌ আনা জায়েজ আছে।

اَلضَّرَّاءُ : **কষ্ট; কঠোরতা; সংকীর্ণতা; অভাব; অনটন। রোগ; ব্যাধি। বিপদ**। এটি ইসম, যা نَعْمَاءُ ও سَرَّاءُ -এর বিপরীত। এটিও مؤنث যার কোনো مذكر নেই। তবে যদি বহুবচন اَضُرٌّ আনা হয় তাহলে তা জায়েজ হবে।

زُلْزِلُوْا : তারা কম্পিত হয়েছিল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব فَعْلَلَةٌ মূলবর্ণ (ز ـ ل ـ ز ـ ل) মাসদার اَلزَّلْزَلَةُ অর্থ- কম্পিত করা; কাঁপানো।

আয়াত : ২১৫

يَسْئَلُوْنَكَ : তারা আপনাকে প্রশ্ন করে। يَسْئَلُوْنَ সীগাহ جمع مذكر غائب ; واحد ك যমীর মাফউলে বিহী। বহছ مضارع مذكر حاضر معروف বাব فَتَحَ ; মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রশ্ন করা।

يُنْفِقُوْنَ : তারা ব্যয় করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা; খরচ করা।

اَلْيَتٰمٰى : এতিমগণ। এটি সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। একবচনে- يَتِيْمٌ ; এমন নাবালক শিশু যার পিতা মারা গেছে তাকে এতিম বলা হয়।

اَلْمَسٰكِيْنِ : মিসকীন; অভাবগ্রস্ত। একবচনে- مِسْكِيْنٌ ; যার কোনো সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

اِبْنَ السَّبِيْلِ : মুসাফির। (শাব্দিক অর্থ রাস্তার ছেলে) মুসাফির যেহেতু রাস্তায় রাস্তায় থাকে তাই তাকে اِبْنُ السَّبِيْلِ বা পথিক বলা হয়।

আয়াত : ২১৬

كُتِبَ : ফরজ করা হয়েছে; লিখা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ ب), মাসদার اَلْكَتْبُ، اَلْكِتَابُ ও اَلْكِتَابَةُ অর্থ- লিপিবদ্ধ করা; লিখা। ফরজ করা। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১৮০ দ্রষ্টব্য)

اَلْقِتَالُ : যুদ্ধ করা। এটি বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। এর আরেকটি মাসদার হলো اَلْمُقَاتَلَةُ অর্থ- পরস্পর যুদ্ধ করা।

كُرْهٌ : অপছন্দনীয়; অপ্রিয়। বাব سَمِعَ -এর মাসদার। অর্থ- অপছন্দনীয় হওয়া; ঘৃণিত হওয়া। বাব سَمِعَ থেকে হলে متعدى যার মাফউল প্রয়োজন হয়। অর্থ- অপছন্দ করেছে। আর বাব نَصَرَ থেকে হলে لازم ; অর্থ- অপছন্দ হয়েছে। كره ও كره উভয়টি সমার্থক। অপছন্দনীয়তা। অথবা উভয়ের মাঝে পার্থক্য হলো- যা অন্তর পছন্দ করে না এবং বাহিরের চাপ ব্যতীত এমনিতেই যে অপছন্দনীয় বস্তু মানুষ সহ্য করছে এমন অপছন্দনীয়তাকে كره বলা হয়। আর যদি বাহ্যিক চাপে বাধ্য হয়ে অপছন্দনীয় বস্তুকে সহ্য করে, তাহলে এমন অপছন্দনীয়তাকে كره বলা হয়। মোটকথা জালিমের জুলুম দ্বারা كره সৃষ্টি হয় আর অন্তরের ঘৃণা থেকে كره হয়।

تَكْرَهُوْا : তোমরা অপছন্দ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ থেকে মাসদার كُرْهٌ ও كَرَاهَةٌ অর্থ- অপছন্দ করা। ঘৃণা করা। বাবে كَرُمَ থেকে মাসদার اَلْكُرْهُ - اَلْكَرَاهَةُ - اَلْكَرَاهِيَةُ ; অর্থ- অপছন্দনীয় হওয়া। খারাপ মনে হওয়া। শুরুতে ان আসার কারণে جمع -এর নূন পড়ে গেছে।

تُحِبُّوْا : তোমরা ভালোবাসো। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْبَابُ মূলবর্ণ (ح ـ ب ـ ب) অর্থ- ভালোবাসা; মহব্বত করা। শুরুতে ان আসার কারণে جَمْع -এর নূন পড়ে গেছে।

شَرٌّ : অকল্যাণকর, মন্দ। একবচন, বহুবচন- شُرُوْرٌ

আয়াত : ২১৭

اَلشَّهْرُ الْحَرَامُ : পবিত্র মাস; সম্মানিত মাস। সম্মানিত বা পবিত্র মাসসমূহ চারটি। যথা- ১. জিলকদ। ২. জিলহজ। ৩. মহররম। ৪. রজব। ইসলামের প্রাথমিক যুগে এ মাসগুলোতে যুদ্ধ-বিগ্রহ করা হারাম ছিল। যাকে মুসলিম, কাফের সকলেই সম্মান প্রদর্শন করত। বর্তমান যুগে এ হুকুম রহিত হয়ে গেছে। সুতরাং ওলামায়ে কেরামের সর্বসম্মত সিদ্ধান্ত হলো যে কোনো মাসে ইসলামি জিহাদ করা যেতে পারে।

صَدٌّ : বাধাপ্রদান করা; প্রতিরোধ করা; বিরত রাখা। এটি মাসদার, বাব نَصَرَ।

اِخْرَاجٌ : বহিষ্কার করা। এটি মাসদার, বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج)

اَلْفِتْنَةُ : ফিতনা। বিশৃঙ্খলা; অরাজকতা। এর দ্বারা কুফরি ও শিরক উদ্দেশ্য। -(জালালাইন) একবচন, বহুবচন فِتَنٌ

يَرْجُوْنَ : তারা কামনা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلرَّجَاءُ অর্থ- প্রত্যাশা করা; কামনা করা।

غَفُوْرٌ : অত্যধিক ক্ষমাশীল। এটি মুবালাগার সীগাহ।

আয়াত : ২১৯

اَلْخَمْرِ : মদ। আঙ্গুরের তৈরি মদ। মূলত আঙ্গুরের কাঁচা পানি যা নেশাকর হয়েছে তাকে خَمْرٌ বলা হয়। কিন্তু রূপকার্থে যে কোনো নেশাকর বস্তুকে خَمْرٌ বলা হয়। শব্দটি হয়ত اِخْتِمَارٌ থেকে নির্গত হয়েছে, যার অর্থ হলো গাঁজ (ফেনা) উঠা। এতেও যেহেতু গাঁজ উঠে তাই এর নাম خَمْرٌ রাখা হয়েছে। অথবা এটি مُخَامَرَةٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো লুকানো; গোপন করা। মদ পান করলেও যেহেতু জ্ঞান লোপ পায় তাই এর নাম خَمْرٌ রাখা হয়েছে।

اَلْمَيْسِرِ : জুয়া; জুয়া খেলা। এটি ইসম ও মাসদার। যা مَيْسَرٌ হতে গঠিত। অর্থ- সহজ। জুয়া খেলায় সহজে সম্পদ হস্তগত হয় তাই জুয়াকে مَيْسِرٌ বলা হয়।

اِثْمٌ : পাপ; গুনাহ। একবচন, বহুবচন- اٰثَامٌ

كَبِيْرٌ : বড়; বৃহৎ। এটি সিফাতের সীগাহ।

مَنَافِعُ : উপকারসমূহ। বহুবচন, একবচন- مَنْفَعَةٌ

نَفْعِهِمَا : তাদের উপকার। نَفْعٌ মুযাফ, هُمَا যমীর মুযাফ ইলাইহি। এটি মাসদার, বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) অর্থ- উপকার করা; উপকারী হওয়া।

اَلْعَفْوَ : উদ্বৃত্ত; যা নিজ খরচ হতে বেঁচে যায়। -(শায়খুল হিন্দ) **যা প্রয়োজনের অতিরিক্ত।** -(জালালাইন) যতটুকু সহজ হয়। -(বয়ানুল কুরআন) যে সম্পদ নিজ প্রয়োজনের অতিরিক্ত, আয়াতে তা ব্যয় করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, এ হুকুম জাকাতের বিধানের পূর্বে ছিল। জাকাতের আয়াত দ্বারা এ বিধান রহিত হয়ে গেছে।

يُبَيِّنُ : সে বর্ণনা করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- স্পষ্ট করে বর্ণনা করা।

لَا يَزَالُوْنَ : তারা সর্বদা থাকবে। নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যাবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع **معروف منفى** এটি **فعل ناقص**

يُقَاتِلُوْنَكُمْ : তারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اَلْمُقَاتَلَةُ ও مُفَاعَلَةٌ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقِتَالُ অর্থ- পরস্পর যুদ্ধ করা।

يَرُدُّوْكُمْ : তারা তোমাদেরকে ফিরিয়ে দিবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ- ফিরিয়ে দেওয়া।

اِسْتَطَاعُوْا : তারা সক্ষম হবে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব استفعال মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সক্ষম হওয়া।

يَرْتَدِدْ : সে ধর্মান্তরিত হয়। স্বধর্মত্যাগ করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلْاِرْتِدَادُ অর্থ- ধর্মান্তরিত হওয়া; মুরতাদ হওয়া।

حَبِطَتْ : নষ্ট হয়েছে; নিষ্ফল হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ ; অর্থ- নষ্ট হওয়া; নিষ্ফল হওয়া; বিফল হওয়া। মাসদার الحبوط -ও আসে। এটি **فعل ماضى** হওয়া সত্ত্বেও جواب شرط হওয়ার কারণে مستقبل -এর অর্থ দিবে। অর্থাৎ বিফল হয়ে যাবে।

আয়াত : ২১৮

هَاجَرُوْا : হিজরত করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ- পরস্পর হিজরত করা; স্বদেশত্যাগ করা।

جَاهَدُوْا : তারা জিহাদ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ ه ـ د) মাসদার اَلْمُجَاهَدَةُ অর্থ- পরস্পর জিহাদ করা।

تَتَفَكَّرُوْنَ : **তোমরা চিন্তা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ك ـ ر) মাসদার اَلتَّفَكُّرُ অর্থ– চিন্তা করা; গবেষণা করা।

আয়াত : ২২০

يَسْئَلُوْنَكَ : **তারা আপনাকে প্রশ্ন করে।** يَسْئَلُوْنَ সীগাহ جمع مذكر غائب ; ك যমীর واحد مذكر মাফঊলে বিহী। বহছ مضارع معروف حاضر বাব فَتَحَ ; মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা।

اِصْلَاحٌ : **অর্থ– সংস্কার।** সংশোধন। মাসদার, বাব اِفْعَالٌ অর্থ– সংস্কার করা; সংশোধন করা; মেরামত করা।

تُخَالِطُوْهُمْ : **তোমরা তাদের সাথে মিলিত থাক।** تُخَالِطُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (خ ـ ل ـ ط) মাসদার اَلْمُخَالَطَةُ অর্থ– সংমিশ্রণ হওয়া; পরস্পর মিলেমিশে থাকা। মূলত تُخَالِطُوْنَ ছিল; শুরুতে ان شرطية আসার কারণে জযম অবস্থায় جمع -এর নূন পড়ে গেছে। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

اَلْمُفْسِدُ : **অনিষ্টকারী; বিনষ্টকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– নষ্ট করা; ধ্বংস করা।

اَلْمُصْلِحُ : **সংস্কারক। সংশোধনকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংস্কার করা; সংশোধন করা।

شَاءَ : **সে ইচ্ছা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

لَاَعْنَتَكُمْ : **তিনি অবশ্যই তোমাদেরকে কষ্টে ফেলবেন।** শুরুর لام টি তাকীদের জন্য। اَعْنَتَ সীগাহ واحد مؤنث غائب বাব اِفْعَالٌ বহছ ماضي معروف মূলবর্ণ (ع ـ ن ـ ت) মাসদার اَلْاِعْنَاتُ অর্থ– কষ্টে ফেলা। দুর্ভোগে ফেলা।

عَزِيْزٌ : **পরাক্রমশালী; অপরাজেয়।** শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। عَزِيْزٌ হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। –(রাগেব) আল্লামা হালীমি (র.)-এর মতে عَزِيْزٌ হলো এমন সত্তা যার পর্যন্ত পৌঁছা সম্ভব হয় না। عَزِيْزٌ আরবি ভাষায় عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ– সুদৃঢ় হওয়া। আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে , তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্তকাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই।

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়।** এটি আল্লাহর তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা প্রকৃত প্রজ্ঞাময় তিনিই।

আয়াত : ২২১

لَا تَنْكِحُوْا : **তোমরা বিবাহ করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব فَتَحَ, ضَرَبَ মূলবর্ণ (ن ـ ك ـ ح) মাসদার اَلنِّكَاحُ অর্থ– বিয়ে করা। সহবাস করা।

مُشْرِكَاتٌ : **মুশরিক নারীগণ।** সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শিরক করা; অংশীদার সাব্যস্ত করা।

وَلَوْ اَعْجَبَتْكُمْ : **যদিও সে তোমাদেরকে মুগ্ধ করে।** لَوْ হরফে শর্ত। اَعْجَبَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْاِعْجَابُ অর্থ– মুগ্ধ করা; বিস্মিত করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফঊলে বিহী।

يَدْعُوْنَ : **তারা আহ্বান করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– আহ্বান করা; ডাকা।

يَتَذَكَّرُوْنَ : **তারা উপদেশ গ্রহণ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা।

আয়াত : ২২২

يَسْئَلُوْنَكَ : **তারা আপনার কাছে প্রশ্ন করে।** আপনার কাছে জানতে চায়। يَسْئَلُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلسُّوَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া। ك যমীর মাফউলে বিহী।

اَلْمَحِيْض : ظرف زمان **(মহিলাদের) রজঃস্রাবের সময়।** অথবা ظرف مكان রজঃস্রাবের স্থান। অথবা مصدر ; হায়েয বা ঋতুস্রাব আসা। অথবা حَيْض অর্থে। হায়েয এমন রক্তকে বলা হয় যা বিশেষ সময়ে বিশেষ অবস্থায় সুস্থ, যুবতী ও অগর্ভবতী মহিলার জরায়ু থেকে নির্গত হয়। হায়েযের কম সময় তিনদিন এবং অধিক সময় দশদিন। যদি তিন দিনের কম এবং দশদিনের চেয়ে অধিক হয় তাহলে তা اِسْتِحَاضَةٌ বা অসুস্থতাজনিত রক্তস্রাব বলা হয়।

اَذًى : **ক্লেশ। কষ্ট।** এমন ক্ষতি যা প্রাণবিশিষ্টের রূহ বা শরীরে পৌঁছে তাকে اَذًى বলা হয়, তা পার্থিব হোক বা পরকালীন। পবিত্র কুরআনে হায়েয অবস্থায় সহবাস করাকে যে اَذًى বলা হয়েছে তা হয়ত শরিয়তের দৃষ্টিকোণ থেকে অর্থাৎ শরিয়ত তাকে ক্ষতিকর মনে করেছে। অথবা চিকিৎসাবিজ্ঞানের আলোকে বলা হয়েছে। অর্থাৎ চিকিৎসকগণ তাকে ক্ষতিকর মনে করে।

اِعْتَزِلُوْا : **তোমরা বর্জন করবে; পৃথক থাকবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِزَالُ মূলবর্ণ (ع ـ ز ـ ل) অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পৃথক থাকা।

اَلنِّسَاۤءُ : **মহিলা; স্ত্রী।** বহুবচন, একবচন– اِمْرَأَةٌ

لَا تَقْرَبُوْهُنَّ : **তোমরা (হায়েযের সময় সঙ্গমের জন্য) তাদের নিকটবর্তী হয়ো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব سَمِعَ ও كَرُمَ মাসদার اَلْقُرْبُ ও اَلْقُرْبَانُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

يَطْهُرْنَ : **তারা পবিত্র হয়।** সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব نصر ও كرم মাসদার اَلطَّهَارَةُ ও اَلطُّهْرُ মূলবর্ণ (ط ـ ه ـ ر) অর্থ– পবিত্র হওয়া।

تَطَهَّرْنَ : **তারা উত্তমরূপে পবিত্র হবে; পরিশুদ্ধ হবে।** সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّطَهُّرُ মূলবর্ণ (ط ـ ه ـ ر) অর্থ– উত্তমরূপে পবিত্র হওয়া; পরিশুদ্ধ হওয়া।

فَأْتُوْهُنَّ : **অতঃপর তোমরা তাদের কাছে গমন কর।** (সঙ্গম কর) فاء হরফে আতফ। اِئْتُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاۤءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা; গমন করা। এখানে অর্থ হবে– স্ত্রী সঙ্গম করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

يُحِبُّ : **সে ভালোবাসে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা; মহব্বত করা।

اَلتَّوَّابِيْنَ : **অধিক তওবাকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبُ ও اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; প্রত্যাবর্তন করা; পাপ কাজ হতে ফিরে আসা।

اَلْمُتَطَهِّرِيْنَ : **পবিত্রতা অর্জনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও كَرُمَ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلطَّهَارَةُ ও اَلطُّهْرُ অর্থ– পবিত্র হওয়া; পরিশুদ্ধ হওয়া।

আয়াত : ২২৩

حَرْثٌ : **শস্যক্ষেত্র; ক্ষেত।** এটি মাসদার, বাব ضَرَبَ। অর্থ– বীজ বপন করা ও চাষাবাদ করা। এ আয়াতে উপমাস্বরূপ স্ত্রীদেরকে ক্ষেত বলা হয়েছে। যেমনিভাবে জমিতে বীজ বপন করলে তা থেকে ফসল হয় তেমনিভাবে জরায়ুতে বীর্য স্থিত হলে তা থেকে সন্তান সৃষ্টি হয়।

اَنّٰى : **যেভাবে, যেদিক দিয়ে।** اسم ظرف স্থান বা সময়। সময় বোঝালে مَتٰى (কখন অর্থ হবে। আর স্থান বোঝালে اَيْنَ (কোথায়) অর্থ হবে। যদি প্রশ্নবোধক হয় তবে كَيْفَ (কিভাবে) অর্থ হবে।

قَدِّمُوْا : **তোমরা অগ্রে প্রেরণ কর।** সীগাহ جمع مذكر غائب বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق ـ د ـ م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ– অগ্রে প্রেরণ করা; আগে পাঠানো।

اَنْفُس : **আত্মাসমূহ;** প্রাণসমূহ। বহুবচন, একবচনে– نَفْسٌ -

مُّلٰقُوْهُ : **তার সাথে সাক্ষাৎকারীগণ**। সীগাহ جمع مذكر اسم فاعل سالم বহছ مُفَاعَلَةٌ বাব اَلْمُلَاقَاةُ মাসদার মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– পরস্পর সাক্ষাৎ করা।

بَشِّرِ : **সুসংবাদ প্রদান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْشِيْرُ মূলবর্ণ (ب ـ ش ـ ر) অর্থ– সুসংবাদ প্রদান করা।

আয়াত : ২২৪

لَا تَجْعَلُوْا : **তোমরা বানিও না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– বানানো; করা।

عُرْضَةً : **নিশানা; আড়াল**। আল্লামা মাহমূদ আলূসী 'রূহুল মা'আনীতে লিখেছেন যে, عُرْضَةً যা فُعْلَةً -এর ওজনে এসেছে তা مفعول অর্থে ব্যবহৃত হয়েছে। এখানে বাব عَرَضَ الشَّيْئَ থেকে ضَرَبَ অথবা نَصَرَ অর্থ হলো جَعَلَهُ مُعْتَرِضًا (তাকে আড়াল বানিয়েছে।) অথবা عُرْضَةً لِلْبَيْعِ عَرْضًا থেকে এসেছে যা বাব ضَرَبَ থেকে ব্যবহৃত হয়। যার অর্থ হলো কোনো কিছুকে বিক্রয়ের জন্য প্রদর্শন করা। আল্লামা ইবনুল আরাবী (র.) 'আহকামুল কুরআনে' লিখেছেন, ع ـ ر ـ ض মূলবর্ণের শব্দ আরবি ভাষায় বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। কিন্তু সব অর্থের ভাবার্থ হলো বিরত রাখা; বাধাপ্রদান করা। কারণ যা আড়াল হয় তা বাধাপ্রদানকারী হয়। যেমন আকাশে যে মেঘ ছেয়ে যায় তাকে এ কারণেই عَارِضٌ বলা হয় যে, তা আকাশ, চাঁদ ও সূর্য ইত্যাদি দেখা থেকে বাধা প্রদানকারী হয়। এখানে আয়াতের দুটি তাফসীর হতে পারে। ১. সৎকর্ম না করার ব্যাপারে কসম খেয়ো না। ২. কথায় কথায় কসম খেয়ো না।

اَيْمَانِ : **কসমসমূহ**। বহুবচন, একবচন يَمِيْنٌ। يَمِيْنٌ শব্দের প্রকৃত অর্থ হলো ডান হাত। চুক্তিকারী ও মিত্ররা একের হাতের উপর অপরের হাত রাখে, তা থেকেই এর অর্থ হয়েছে– শপথ; কসম।

اَنْ تَبَرُّوْا : **যে, তোমরা সৎকর্ম করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْبِرُّ মূলবর্ণ (ب ـ ر ـ ر) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা। ان -এর কারণে নসব অবস্থায় নূন পড়ে গেছে। আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) বলেন, এখানে لِاَنْ لَا উহ্য আছে। মূল ইবারত হবে– اَلَّا تَبَرُّوْا نفى –(জালালাইন)

تَتَّقُوْا : **তোমরা আত্মসংযম করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– আত্মসংযম করা; তাকওয়া অবলম্বন করা।

تُصْلِحُوْا : **তোমরা শান্তি স্থাপন করবে**। তোমরা সংশোধন করবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

আয়াত : ২২৫

لَا يُؤَاخِذُكُمْ : **তোমাদেরকে দায়ী করবেন না। তোমাদেরকে ধরবেন না**। لَا يُؤَاخِذُ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাবে مُفَاعَلَةٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْمُؤَاخَذَةُ অর্থ– ধরা; পাকড়াও করা। كم যমীর جمع مذكر حاضر মাফঊলে বিহী।

بِاللَّغْوِ فِىْٓ اَيْمَانِكُمْ : **তোমাদের অর্থহীন শপথের জন্য**। اَللَّغْوُ অর্থ হলো অনর্থক; অর্থহীন। يَمِيْنٌ لَغْوٌ হলো অর্থহীন শপথ, যা অনিচ্ছাকৃতভাবে মুখ থেকে বের হয়, অথবা অতীতের কোনো বিষয়ের উপর নিজের ধারণাকে সঠিক মনে করে কসম খাওয়া, অথচ বাস্তবে এর পরিপন্থি অবস্থা প্রকাশ হলো। এ উভয় অবস্থায় এর হুকুম হলো এতে, কাফফারা বা গুনাহ কিছুই হবে না।

كَسَبَتْ قُلُوْبُكُمْ : **তোমাদের অন্তর যা সংকল্প করেছে**। كَسَبَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ– উপার্জন করা; আয় করা। এখানে উদ্দেশ্য হলো সংকল্প করা। –(জালালাইন)

قُلُوْبُكُمْ : এখানে قُلُوْبُ মুযাফ আর كُمْ মুযাফ ইলাইহি। قُلُوْبٌ শব্দটি বহুবচন, একবচন قَلْبٌ অর্থ– অন্তর, হৃদয়।

حَلِيْمٌ : **ধৈর্যশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ ل ـ م) মাসদার اَلْحِلْمُ অর্থ– ধৈর্যধারণ করা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ২২৬

يُؤْلُوْنَ : **তারা স্ত্রী-গমন না করার শপথ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلْاِيْلَاءُ অর্থ– স্ত্রী-গমন না করার শপথ করা। চার মাস বা তদূর্ধ সময়ে এরূপ সঙ্গত না হওয়ার শপথ করাকে শরিয়তের পরিভাষায় ايلاء বলা হয়। শপথ অনুযায়ী চার মাসের মধ্যে স্ত্রীর সাথে সঙ্গত না হলে চার মাস অতিবাহিত হওয়ামাত্রই তালাক প্রদান ছাড়াই এক তালাকে 'বাইন' হয়ে যাবে। চার মাসের মধ্যে সঙ্গত হলে শপথ ভঙ্গের কাফ্ফারা দিতে হবে, তালাক হবে না।

تَرَبُّصُ : **অপেক্ষা করা।** এটি মাসদার, বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص)

اَشْهُرٍ : **মাস।** বহুবচন, একবচনে– شَهْرٌ -

فَاِنْ فَاءُوْا : **তারপর তারা যদি প্রত্যাবর্তন করে।** (অর্থাৎ চার মাসের মধ্যে শপথ ভঙ্গ করে স্ত্রীর সাথে সঙ্গত হয়) فَاءُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ي ـ أ) মাসদার اَلْفَيْئُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ২২৭

عَزَمُوْا : **দৃঢ় সংকল্প করে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ م) মাসদার اَلْعَزْمُ অর্থ– দৃঢ় সংকল্প করা।

আয়াত : ২২৮

اَلْمُطَلَّقَاتُ : **তালাকপ্রাপ্তা নারীগণ।** সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلتَّطْلِيْقُ অর্থ– তালাক প্রদান করা।

يَتَرَبَّصْنَ : **তারা প্রতীক্ষায় থাকবে।** সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر ـ ب ـ ص) অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষায় থাকা।

ثَلَاثَةَ قُرُوْءٍ : **তিন রজঃস্রাবকাল।** قُرُوْءٌ শব্দটি বহুবচন, একবচনে– قَرْءٌ ; এর অর্থ সম্পর্কে ইমামগণের মাঝে মতবিরোধ রয়েছে। ইমাম আবূ হানীফা (র.)-এর মতে এখানে قُرُوْءٌ রজঃস্রাব অর্থে এসেছে। আর ইমাম শাফেয়ী (র.) বলেন, এখানে قُرُوْءٌ তহুর তথা রজঃস্রাব থেকে পবিত্র হওয়ার অর্থে এসেছে।

لَا يَحِلُّ : **তাদের জন্য হালাল হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْحَلَالُ অর্থ– হালাল হওয়া; বৈধ হওয়া।

اَنْ يَّكْتُمْنَ : **যে সে গোপন করবে।** অর্থাৎ গোপন করা। يكتمن সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ– গোপন করা। লুকানো।

اَرْحَامِ : **গর্ভাশয়। জরায়ু।** বহুবচন, একবচনে– رِحْمٌ

بُعُوْلَتُهُنَّ : **তাদের স্বামীগণ; পতিগণ।** بُعُوْلَةٌ শব্দটি বহুবচন, একবচনে– بَعْل ; মূলত بَعْل অর্থ– স্বামী। স্বামীর যেহেতু স্ত্রীর উপর শ্রেষ্ঠত্ব রয়েছে তাই তাকে بَعْل বলা হয়। কারণ আরবিতে যার অন্যের উপর শ্রেষ্ঠত্ব রয়েছে তাকেই بَعْل বলা হয়। যেমন আরবগণ তাদের দেবতাদেরকে যাদের দ্বারা (তাদের ধারণামতে) আল্লাহর নৈকট্য অর্জন করা যায় তাকে بَعْل বলে থাকে। কারণ তাকে তারা নিজেদের চেয়ে শ্রেষ্ঠ মনে করে থাকে। আবার بَعْل অর্থ– মালিক; প্রভু ইত্যাদিও হয়ে থাকে।

اَحَقُّ بِرَدِّهِنَّ : **তাদেরকে পুনঃগ্রহণে তাদের স্বামীগণ অধিক হকদার।** اَحَقُّ সীগাহ واحد বহছ اسم تفضيل

بِرَدِّهِنَّ : **তাদের পুনঃগ্রহণে।** با হরফে জর رَدِّ মুযাফ, هُنَّ যমীর মুযাফ ইলাইহি। رَدٌّ মাসদার। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) অর্থ– ফিরিয়ে নেওয়া।

اَنْ اَرَادُوْا : **যদি তারা ইচ্ছা করে।** اَرَادُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

اِصْلَاحًا : **আপস-নিষ্পত্তি করা। সংশোধন করা।** এটি মাসদার, বাব اِفْعَالٌ।

بِالْمَعْرُوْفِ : **ন্যায়সঙ্গতভাবে।** معروف সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ মূলবর্ণ (ع ـ ر ـ ف) অর্থ– উত্তম কাজ করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত এবং অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চেনা। معروف এমন

আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ; তাহলে مَعْرُوْفٌ এমন বস্তু যা যে কোনো জ্ঞানী ও শরিয়তের পাবন্দ ব্যাক্তি চিনে ও তা স্বীকার করে। আর مُنْكَرٌ হলো এমন বস্তু যাকে কোনো জ্ঞানী ব্যক্তি চিনে না এবং তাকে ঘৃণা করে।

لِلرِّجَالِ : **পুরুষদের জন্য**। رِجَالٌ বহুবচন, একবচন- رَجُلٌ

دَرَجَةٌ : **মর্যাদা**। একবচন, বহুবচন- دَرَجَاتٌ

عَزِيْزٌ : **মহা পরাক্রমশালী**(সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্র.)।

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়**। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম। حِكْمَةٌ থেকে فَعِيْل -এর ওজনে সীগাহে মুবালাগাহ واحد مذكر। বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- প্রজ্ঞাময় হওয়া।

আয়াত : ২২৯

اَلطَّلَاقُ : **তালাক**। বাব نَصَرَ -এর মাসদার। স্বীয় স্ত্রীকে বিবাহ থেকে পৃথক করা; বিবাহের বন্ধন ছিন্ন করা।

اِمْسَاكٌ : **থামিয়ে রাখা; আটকে রাখা**। বাব اِفْعَالٌ -এর মাসদার। মূলবর্ণ (م ـ س ـ ك) এখানে اِمْسَاكٌ দ্বারা উদ্দেশ্য হলো, দুই তালাক প্রদানের পর ইদ্দতের সময়সীমার মধ্যে ফিরিয়ে নিয়ে স্ত্রীকে রেখে দেওয়া।

تَسْرِيْحٌ : **মুক্ত করে দেওয়া। বের করে দেওয়া; বিদায় করে দেওয়া; ছেড়ে দেওয়া**। মাসদার, বাব تَفْعِيْلٌ। মূলবর্ণ (س ـ ر ـ ح) মূলত سَرْحٌ এর অর্থ- পশুকে ঘাসে চরানো। অতঃপর এটি ব্যাপকার্থে سَرْحٌ চরতে পাঠানোর অর্থে ব্যবহৃত হতে থাকে। যেমন وَلَكُمْ فِيْهَا جَمَالٌ حِيْنَ تُرِيْحُوْنَ وَحِيْنَ تَسْرَحُوْنَ (তার মধ্যে তোমাদের সৌন্দর্য রয়েছে, যখন সন্ধ্যাবেলা চরিয়ে আন এবং চরতে পাঠাও) سَرْحٌ -এর ব্যবহার এ অর্থেই হয়ে যায়। অতঃপর পশুর تَسْرِيْحٌ থেকে যে কোনো কিছুকে প্রেরণ করা ছেড়ে দেওয়া অর্থে ব্যবহার হতে থাকে। এখানে উদ্দেশ্য হলো এক অথবা দুই তালাকে রাজঈর পর স্ত্রীর সাথে ইদ্দতের মধ্যে স্ত্রীকে ফিরিয়ে না নিয়ে সে অবস্থায় ছেড়ে রাখা। তালাকে رَجْعِىٌّ এর পর ইদ্দতের মধ্যে ফিরিয়ে না নিলে 'বাইন তালাক' পতিত হয় এবং সম্পূর্ণরূপে বিবাহ ছিন্ন হয়ে যায়। পুনরায় স্ত্রীকে ফিরিয়ে নেওয়ার অধিকার থাকে না।

بِاِحْسَانٍ : **সদয়ভাবে**। মাসদার বাব اِفْعَالٌ। اِحْسَانٌ দু অর্থের জন্য ব্যবহৃত হয়। ১. অন্যের সাথে কল্যাণ করা। ২. অন্যের উত্তম কথা জানা এবং সৎকর্ম পরিচালনা করা।

تَاْخُذُوْا : **তোমরা গ্রহণ করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; নেওয়া; গ্রহণ করা।

اٰتَيْتُمُوْهُنَّ : **তোমরা তাদেরকে (যা) প্রদান করেছ** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা; দেওয়া। هُنَّ যমীর মাফউলে বিহী।

يَخَافَا : **তারা উভয়ে আশঙ্কা করে**। সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- আশঙ্কা করা; ভয় করা।

يُقِيْمَا : **তারা উভয়ে রক্ষা করবে; কায়েম করে**। সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- প্রতিষ্ঠা করা; কায়েম করা।

اِفْتَدَتْ : **সে মুক্তিপণ দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ د ـ ى) মাসদার اَلْاِفْتِدَاءُ অর্থ- নিজেকে মুক্ত করার জন্য ফিদইয়া দেওয়া; মুক্তিপণ দেওয়া। অর্থাৎ যদি স্ত্রী তালাক নেওয়ার জন্য মাল দিয়ে خُلَعْ করতে চায়, তাহলে স্বামীর জন্য তা গ্রহণ করা এবং স্ত্রীর জন্য তা দেওয়াতে কোনো গুনাহ নেই।

حُدُوْدُ اللّٰهِ : **আল্লাহর সীমারেখা**। একবচনে- حَدٌّ ; হদ এমন আড়াল ও প্রতিবন্ধককে বলা হয় যা দুটি বস্তুকে পরস্পর মিলিত হওয়া থেকে বিরত রাখে। حُدُوْدُ اللّٰهِ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর বিধিবিধান।

لَا تَعْتَدُوْهَا : **তোমরা তা লঙ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ- সীমালঙ্ঘন করা। অর্থাৎ আল্লাহর বিধিবিধানের অবাধ্যতা করা।

يَتَعَدَّ : **সে সীমালঙ্ঘন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و)

মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ- সীমালঙ্ঘন করা। মূলত يَتَعَدّٰى ছিল; শুরুতে مَن شرطية- এর কারণে হালতে জযমে হওয়ার দরুন শেষের ى পড়ে গেছে।

আয়াত : ২৩০

طَلَّقَهَا : **সে তাকে তালাক প্রদান করেছে।** طَلَّقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلتَّطْلِيْقُ অর্থ- তালাক প্রদান করা। ها যমীর মাফউলে বিহী।

لَا تَحِلُّ : **হালাল হবে না।** সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْحَلَالُ ও اَلْحَلُّ অর্থ- হালাল হওয়া; বৈধ হওয়া।

تَنْكِحَ : **সে বিবাহ করবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ك ـ ح) মাসদার اَلنِّكَاحُ অর্থ- বিবাহ করা।

يَتَرَاجَعَا : **তাদের পুনঃবিবাহে আবদ্ধ হওয়া।** সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- ফিরে আসা।

اَنْ يُقِيْمَا : **তারা উভয়ে রক্ষা করবে; কায়েম করবে।** সীগাহ تثنية مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- প্রতিষ্ঠা করা; কায়েম করা।

يُبَيِّنُهَا : **সে স্পষ্টভাবে বর্ণনা করে।** يُبَيِّنُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- সুস্পষ্টভাবে বর্ণনা করা।

يَعْلَمُوْنَ : **তারা জানে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ২৩১

بَلَغْنَ : **তারা পৌছে।** সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ- পৌছা।

اَجَلَهُنَّ : **তাদের ইদ্দত; সময়সীমা।** اَجَل মুযাফ; هُنَّ যমীর মুযাফ ইলাইহি।

سَرِّحُوْهُنَّ : **তোমরা তাদেরকে মুক্ত করে দাও। ছেড়ে দাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ر ـ ح) মাসদার اَلتَّسْرِيْحُ (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ২২৯ দ্রষ্টব্য) هن যমীর মাফউলে বিহী।

لَا تُمْسِكُوْهُنَّ : **তোমরা তাদেরকে আটকে রাখবে না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلْاِمْسَاكُ অর্থ- আটকে রাখা। هُنَّ যমীর মাফউলে বিহী।

ضِرَارًا : **ক্ষতিসাধন করে।** এটি মাসদার বাব مُفَاعَلَةٌ। মাফউলে লাহু হওয়ার কারণে মানসূব হয়েছে।

لَا تَتَّخِذُوْا : **তোমরা বানিও না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- বানানো; করা।

اٰيَاتِ اللّٰهِ : **আল্লাহর বিধানসমূহ।** আল্লাহর নিদর্শন। اٰيَاتٌ বহুবচন, একবচনে- اٰيَةٌ অর্থ- আয়াত; নিদর্শন; বিধান।

هُزُوًا : **ঠাট্টা-তামাশার বস্তু।** এটি মাসদার, বাব نَصَرَ ; এখানে مَهْزُوٌّ তথা مفعول অর্থে ব্যবহৃত হয়েছে।

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা।

اَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা।

يَعِظُكُمْ : **তিনি তোমাদেরকে উপদেশ দেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْعِظَةُ ও اَلْوَعْظُ অর্থ- উপদেশ প্রদান করা।

اِتَّقُوْا : **তোমরা ভয় কর। সংযত হও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; সংযত হওয়া।

اِعْلَمُوْا : **তোমরা জেনে রাখ।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ২৩২

طَلَّقْتُمْ : **তোমরা তালাক প্রদান করেছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلتَّطْلِيْقُ অর্থ– স্ত্রীকে তালাক প্রদান করা।

لَا تَعْضُلُوْهُنَّ : **তোমরা বাধা প্রদান করো না**। لَا نَهْى বহছ جمع مذكر حاضر সীগাহ تَعْضُلُوْا حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ض ـ ل) মাসদার اَلْعَضْلُ অর্থ– বাধাপ্রদান করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

اِذَا تَرَاضَوْا : **যদি তারা পরস্পর সম্মত হয়**। اِذَا হরফে শর্ত। تَرَاضَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلْ মূলবর্ণ (ر ـ ض ـ ى) মাসদার اَلتَّرَاضِيْ অর্থ– পরস্পর সম্মত হওয়া; রাজি হওয়া।

يُوْعَظُ : **উপদেশ দেওয়া হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْوَعْظُ অর্থ– উপদেশ দেওয়া।

اَزْكٰى : **অধিক পবিত্র**; শুদ্ধতম। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ك ـ و) মাসদার زَكَاء অর্থ– পবিত্র হওয়া, বৃদ্ধি পাওয়া।

اَطْهَرُ : **পবিত্রতম**। অধিক পবিত্র। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার طَهَارَةٌ অর্থ– পবিত্র হওয়া, নিষ্কলুষ হওয়া।

আয়াত : ২৩৩

اَلْوَالِدَاتُ : **জননীগণ**। বহুবচন, একবচন– وَالِدَةٌ ;

يُرْضِعْنَ : **তারা স্তন্য পান করাবে**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْضَاعُ মূলবর্ণ (ر ـ ض ـ ع) অর্থ– দুধ পান করানো। يُرْضِعْنَ ফে'লে মুযারে' হলেও অর্থগতভাবে امر হবে। –(জালালাইন)

حَوْلَيْنِ كَامِلَيْنِ : **পূর্ণ দুই বৎসর**। حَوْلَيْنِ এটি حَوْلٌ-এর দ্বিবচন। كَامِلَيْنِ এটি كَامِلٌ-এর দ্বিবচন। তাকিদের জন্য আনা হয়েছে।

يُتِمَّ : **সে পূর্ণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلْاِتْمَامُ অর্থ– পূর্ণ করা।

اَلرَّضَاعَةَ : **স্তন্যপান করানো**।

اَلْمَوْلُوْدِ لَهٗ : **ঐ ব্যক্তি যার সন্তান [জনক]**। এখানে اَلْمَوْلُوْدُ لَهٗ দ্বারা পিতা উদ্দেশ্য; اَلْمَوْلُوْدُ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ د) মাসদার اَلْوِلَادَةُ অর্থ– জন্ম দেওয়া। সন্তান প্রসব করা।

رِزْقُهُنَّ : **তাদের জীবিকা দেওয়া**। رِزْقٌ জীবিকা; খাবার। একবচন, বহুবচন– اَرْزَاقٌ

كِسْوَتُهُنَّ : **তাদের পোশাক**। একবচন, বহুবচন– كِسًى ; هُنَّ যমীর মুযাফ ইলাইহি। মারজা' اَلْوَالِدَاتُ

تُكَلَّفُ : **কার্যভার দেওয়া হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْلِيْفُ মূলবর্ণ (ك ـ ل ـ ف) অর্থ– কার্যভার দেওয়া; দায়িত্ব দেওয়া।

وُسْعَهَا : **তার সাধ্যাতীত**। وَسْعٌ ইসম, মুযাফ, هَا যমীর মুযাফ ইলাইহি।

اَرَدْتُّمْ : **তোমরা ইচ্ছা করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

لَا تُضَارَّ : **ক্ষতিগ্রস্ত করা হবে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نهى مجهول বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَارَّةُ ও اَلضِّرَارُ মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ– পরস্পর কষ্ট দেওয়া; উত্যক্ত করা। শব্দটি মূলত لا تضارر জযম অবস্থায় ছিল। প্রথম ر টি ইদগামের কারণে আর দ্বিতীয় ر টি لاءِ نهى-এর কারণে সাকিন হয়ে গেছে। এরপর দুই সাকিন একত্র হওয়ার শেষ হরফে সবচেয়ে সহজ হরকত যবর প্রদান করা হয়েছে।

اَلْوَارِثِ : **উত্তরাধিকার**। **ওয়ারিশ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْوِرَاثَةُ অর্থ– উত্তরাধিকার হওয়া।

اِنْ اَرَادَ : **যদি সে ইচ্ছা করে**। اَرَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

فِصَالًا : **দুধ ছাড়ানো**। **স্তন্য পান বন্ধ রাখা**। এটি মাসদার, বাব مُفَاعَلَةٌ।

تَشَاوُرٍ : **পরস্পর পরামর্শ করা**। মাসদার, বাব تَفَاعُلْ।

تَسْتَرْضِعُوْا : **তোমরা স্তন্য পান করাতে চাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف اِسْتِفْعَالْ বাব اَلْاِسْتِرْضَاعُ মাসদার মূলবর্ণ (ر ـ ض ـ ع) অর্থ- স্তন্য পান করাতে চাওয়া।

اِذَا سَلَّمْتُمْ : **যদি তোমরা অর্পণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلتَّسْلِيْمُ অর্থ- অর্পণ করা; সোপর্দ করা।

আয়াত : ২৩৪

يُتَوَفَّوْنَ : **মৃত্যুমুখে পতিত হয়।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفَعُّلْ মাসদার اَلتَّوَفِّىْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- মৃত্যু দান করা।

يَذَرُوْنَ : **তারা রেখে যায়।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ- রেখে যাওয়া; ছেড়ে যাওয়া।

اَزْوَاجً : **স্ত্রীগণ।** বহুবচন একবচন- زَوْجٌ অর্থ- স্বামী, স্ত্রী, জোড়া; প্রকার ইত্যাদি। আল্লামা আহমদ আলী মিসবাহুল মুনীরে লিখেছেন যে, زَوْجٌ হলো এমন আকৃতি যার উপমা বা দৃষ্টান্ত রয়েছে। যেমন- বিভিন্ন প্রকার ও রং। অথবা যার কোনো বিপরীত বস্তু থাকে। যেমন- শুষ্ক ও আর্দ্র; নর ও মাদি; নারী-পুরুষ; রাত ও দিন, মিষ্টি ও তিক্ততা। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৩৫ দ্রষ্টব্য)

يَتَرَبَّصْنَ : **তারা প্রতীক্ষায় থাকবে।** সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر ـ ب ـ ص) অর্থ- প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

আয়াত : ২৩৫

عَرَّضْتُمْ : **তোমরা ইঙ্গিতে বলেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْرِيْضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ- ইঙ্গিতে বলা।

خِطْبَةِ : **বিবাহের প্রস্তাব** দেওয়া। বাব نَصَرَ-এর মাসদার।

اَلنِّسَاءِ : **স্ত্রীগণ;** মহিলাগণ। বহুবচন, একবচন- اِمْرَأَةٌ

اَكْنَنْتُمْ : **তোমরা গোপন রেখেছো।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِكْنَانُ মূলবর্ণ (ك ـ ن ـ ن) অর্থ- গোপন রাখা।

سَتَذْكُرُوْنَهُنَّ : **তোমরা অবশ্যই তাদের সাথে আলোচনা করবে।** سين তাকিদের জন্য। تَذْكُرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- আলোচনা করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

لَا تُوَاعِدُوْا : **তোমরা তাদের সাথে অঙ্গীকার করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْمُوَاعَدَةُ অর্থ- পরস্পর অঙ্গীকার করা।

سِرًّا : **গোপনে।** একবচন, বহুবচন- اَسْرَارً এখানে سِرٌّ দ্বারা বিবাহ উদ্দেশ্য। -(জালালাইন)

لَا تَعْزِمُوْا : **তোমরা দৃঢ় সংকল্প করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ م) মাসদার اَلْعَزْمُ অর্থ- সংকল্প করা; ইচ্ছা করা।

يَبْلُغَ : **সে পৌঁছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ- পৌঁছা। এখানে অর্থ- সম্পন্ন হওয়া।

اَلْكِتٰبَ : **নির্দিষ্ট সময়;** এখানে ইদ্দত উদ্দেশ্য অর্থাৎ মৃত্যু জনিত ইদ্দত চার মাস দশ দিন। -(মাযহারী)

فَاحْذَرُوْهُ : **সুতরাং তোমরা তাঁকে ভয় কর।** اِحْذَرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ অর্থ- সতর্ক থাকা; ভয় করা।

আয়াত : ২৩৬

لَمْ تَمَسُّوْهُنَّ : **তোমরা তাদেরকে স্পর্শ করনি। তোমরা তাদের সাথে সহবাস করনি।** لَمْ تَمَسُّوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف نفى جحد بلم বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ- স্পর্শ করা; ছোঁয়া; সহবাস করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ ; مُحْسِنٌ অর্থ- কর্তব্যের চেয়ে অধিক আদায়কারী; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টিকারী। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৮ দ্রষ্টব্য)

আয়াত : ২৩৭

تَمَسُّوْهُنَّ : تَمَسُّوْا : **তোমরা তাদেরকে স্পর্শ করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার المس অর্থ- স্পর্শ করা; ছোঁয়া; স্ত্রী সঙ্গম করা।

فَرَضْتُمْ : **তোমরা ধার্য করেছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْفَرْضُ মূলবর্ণ (ف ـ ر ـ ض) অর্থ- ধার্য করা; নির্ধারণ করা।

فَرِيْضَةً : মোহরানা; মহর। সীগাহ واحد مؤنث বহছ সিফাতে মুশাব্বাহ। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২৩৬ দ্রষ্টব্য)

يَعْفُوْنَ : **তারা মাফ করে দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ- ক্ষমা করা; মাফ করা।

عُقْدَةُ : **বন্ধন; আক্দ; গিরা; বাধা; তোতলামি; বাঁধ**। ইমাম রাগেব (র.) লিখেছেন, বিয়ে, প্রতিজ্ঞা ইত্যাদিতে যে চুক্তি হয় তার নাম عُقْدَةٌ , কুরআনের বাণী- لَا تَعْزِمُوْا عُقْدَةَ النِّكَاحِ (তোমরা বিয়ের আকদের ইচ্ছা করো না।) আবার عَقِدَ لِسَانُهُ -এর অর্থ হলো- তার জিহ্বায় গিরা লাগিয়ে দেওয়া হয়েছে। فِىْ لِسَانِهٖ عُقْدَةٌ (তার জিহ্বায় তোতলামি আছে।) যেমন আল্লাহর বাণী- وَاحْلُلْ عُقْدَةً مِنْ لِسَانِىْ (অর্থাৎ, আমার জবানের গিরা (জড়তা) খুলে দিন।)

اَلْفَضْلَ : **সদাশয়তা, উদারতা**। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৪৭ দ্রষ্টব্য)

لَا تَنْسَوُا : **তোমরা বিস্মৃত হয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

تَفْرِضُوْا : **তোমরা মহর ধার্য করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْفَرْضُ মূলবর্ণ (ف ـ ر ـ ض) অর্থ- ধার্য করা। এটি لَمْ -এর উপর আতফ হয়েছে। তাই এর পূর্বে تَمَسُّوْهُنَّ উহ্য রয়েছে। তাই এতে لم -এর অর্থ- مَاضى منفى করা হবে।

فَرِيْضَةً : **মোহরানা; মহর**। সীগাহ واحد مؤنث বহছ সিফাতে মুশাব্বাহ। মূলবর্ণ (ف ـ ر ـ ض) মাসদার اَلْفَرْضُ অর্থ- ধার্য করা, নির্ধারণ করা। এখানে এটি اسم مفعول -এর অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থ- ধার্যকৃত, নির্ধারিত। مفعول مطلق হওয়ার কারণে فَرِيْضَةً শব্দটি منصوب হয়েছে। এখানে فَرِيْضَةً দ্বারা মহর উদ্দেশ্য। -(জালালাইন)

مَتِّعُوْهُنَّ : **তোমরা তাদের সংস্থানের ব্যবস্থা কর। তোমরা তাদেরকে খরচ দাও**। مَتِّعُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ- উপকার করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী। অর্থাৎ যে স্ত্রীর সাথে সহবাস হয়নি এবং মহরও ধার্য হয়নি, এমতাবস্থায় তাকে তালাক দিলে তাদেরকে মুত'আ দিতে হবে। ইমাম আবূ হানীফা (র.) -এর নিকট কমপক্ষে এক জোড়া কাপড় স্বামীর সাধ্যানুসারে। কেউ বলেন, স্ত্রীর মর্যাদা অনুযায়ী এক জোড়া কাপড়। ইমাম শাফেয়ী (র.) বলেন, তা বিচারক নির্ধারণ করে দিবেন।

اَلْمُوْسِعِ : **সচ্ছল ব্যক্তি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلْاِيْسَاعُ অর্থ- ধনী হওয়া।

اَلْمُقْتِرِ : **অসচ্ছল ব্যক্তি; দরিদ্র ব্যক্তি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْتَارُ মূলবর্ণ (ق ـ ت ـ ر) অর্থ- অসচ্ছল হওয়া; দরিদ্র হওয়া।

قَدَرُهٗ : **তার সামর্থ্যানুযায়ী**। قَدَرٌ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি। قَدَرٌ শব্দটি এ আয়াতে দু'বার এসেছে। প্রথমটির মারজি' اَلْمُوْسِعُ এবং দ্বিতীয়টির মারজি' اَلْمُقْتِرُ

اَلْفَضْلَ بَيْنَكُمْ : **নিজেদের মধ্যকার সদাশয়তা**। اَلْفَضْلُ অর্থ– অনুগ্রহ; সদাশয়তা; দয়া। فَضْل -এর আরো অনেক অর্থ রয়েছে। যেমন, শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব। জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য। দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৪৭ দ্রষ্টব্য)

بَصِيْر : **সম্যক দ্রষ্টা**। বাব كَرُمَ -এর بَصَرَ থেকে فَعِيْل -এর ওজনে মুবালাগার সীগাহ।

আয়াত : ২৩৮

حَافِظُوْا : **তোমরা যত্নবান হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح . ف . ظ) মাসদার اَلْمُحَافَظَةُ অর্থ– সংরক্ষণ করা; যত্নবান হওয়া।

اَلصَّلَوٰتِ : **সালাত; নামাজ**। বহুবচন, একবচন– صَلٰوةٌ

اَلصَّلٰوةُ الْوُسْطٰى : **মধ্যবর্তী নামাজ**। মধ্যবর্তী নামাজ দ্বারা কোন নামাজ উদ্দেশ্য সে সম্পর্কে শাহ আব্দুল কাদির মূযিহুল কুরআনে লিখেছেন যে, মধ্যবর্তী নামাজ হলো আসরের নামাজ। কারণ তা দিন ও রাতের মধ্যে অবস্থিত। সহীহ হাদীসসমূহে এর তাফসীর আসরের নামাজ দ্বারা করা হয়েছে। যেমন– তিরমিযীতে হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ, সামুরা হতে ইবনে জারীর আবূ হুরায়রা ও আবূ মালেক আশ'আরীর সনদে রাসূল ﷺ থেকে হাদীস বর্ণনা করেছেন صَلٰوةُ الْوُسْطٰى صَلٰوةُ الْعَصْرِ (মধ্যবর্তী নামাজ হলো আসরের নামাজ) ইমাম আবূ হানীফা এবং ইমাম আহমদ (র.) -এর ও এই মত। তবে এ নামাজের নির্ধারণ সম্পর্কে ওলামায়ে কেরামের অনেকগুলো মতামত রয়েছে। হাফেয ইবনে হাজার আসকালানী (র.) ফতহুল বারীতে বিশটি মত বর্ণনা করেছেন। কারো কারো মতে, জোহরের নামাজ, কারো মতে মাগরিবের নামাজ, কারো মতে ইশার নামাজ ইত্যাদি। তবে সঠিক মত হলো আসরের নামাজ।

وُسْطٰى : **মধ্যবর্তী**। এটি اَوْسَطُ -এর مؤنث এবং اسم تفضيل -এর সীগাহ।

قُوْمُوْا : **তোমরা দাঁড়াও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق . و . م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

قٰنِتِيْنَ : **বিনীতভাবে। নীরবতার সাথে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق . ن . ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– আনুগত্য করা; বিনয়ী হওয়া। قُنُوْتٌ -এর আরেক অর্থ হলো নীরব থাকা। যেমন– হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ ও যায়েদ ইবনে আরকাম (রা.) এই অর্থই করেছেন। যায়েদ ইবনে আরকাম (রা.) আরো বলেন, আমরা প্রথমে নামাজের মধ্যে কথাবার্তা বলতাম। পরবর্তীতে এ আয়াত অবতীর্ণ হওয়ার পর আমাদেরকে নামাজে কথাবার্তা বলতে নিষেধ করা হয়েছে। –(বুখারী ও মুসলিম)

আয়াত : ২৩৯

رِجَالًا : **পদচারীগণ**। বহুবচন, একবচন, رَاجِلٌ ; অর্থ– যে পায়ে হেঁটে চলে। حال হওয়ার কারণে মানসূব হয়েছে।

رُكْبَانًا : **আরোহীগণ**। বহুবচন, একবচন– رَاكِبٌ অর্থ– আরোহী। حال হওয়ার কারণে মানসূব হয়েছে।

আয়াত : ২৪০

يُتَوَفَّوْنَ : **তারা মৃত্যুমুখে পতিত হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّيْ মূলবর্ণ (و . ف . ى) অর্থ– মারা যাওয়া; মৃত্যুবরণ করা।

يَذَرُوْنَ : **তারা রেখে যায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و . ذ . ر) মাসদার اَلْوَذَرُ অর্থ– রেখে যাওয়া; ছেড়ে যাওয়া।

وَصِيَّةً : **অসিয়ত**। এটি বাবে سَمِعَ -এর মাসদার। মৃত ব্যক্তির মৃত্যুর পূর্বমুহূর্তের নির্দেশ যা সে কিছু লোক সম্পর্কে করে যায় তাকে অসিয়ত বলে। যেমন সে বলল, আমার সম্পদ থেকে অমুক সম্পদ অমুককে দিবে, বা অমুক অংশ অমুককে দিবে। সর্বোচ্চ এক তৃতীয়াংশ পরিমাণ অসিয়ত করা যেতে পারে। এর অধিক সম্পদের অসিয়ত করা শরিয়তসম্মত নয়।

اَلْحَوْلَ : **এক বৎসর**। এটি মাসদার বাব نصر অর্থ- পাল্টে যাওয়া, পরিবর্তন হওয়া। যেহেতু বছর পরিবর্তন হতে থাকে, তাই বছরকে حَوْلٌ বলা হয়।

خَرَجْنَ : **তারা বের হয়**। সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

আয়াত : ২৪১

لِلْمُطَلَّقَاتِ : **তালাকপ্রাপ্তাগণকে**। لام হরফে জার। اسم مفعول বহছ جمع مؤنث সীগাহ مُطَلَّقَاتٌ বাব تفعيل মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلتَّطْلِيْقُ অর্থ- তালাক দেওয়া।

مَتَاعٌ : **উপভোগের বস্তু**। ভরণ-পোষণ। ইসম, মারফূ, নাকেরা। বহুবচন- اَمْتِعَةٌ ; নির্দিষ্ট এবং দীর্ঘ সময়ের জন্য ফায়দা ভোগ করা, ঐ সকল সামগ্রী যা কাজে আসে, যা হতে ফায়দা পাওয়া যায়। উপকৃত হওয়া যায়। مُتْعَةٌ অর্থ- উপকৃত হওয়া; নির্দিষ্ট সময়ের জন্য বিবাহ।

بِالْمَعْرُوْفِ : **ন্যায়সঙ্গতভাবে**। مَعْرُوْفٌ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ অর্থ- উত্তম কর্ম করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত এবং অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চেনা। مَعْرُوْفٌ এমন আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ;

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- আল্লাহভীতি অর্জন করা; তাকওয়া অর্জন করা।

يُبَيِّنُ : **সে বর্ণনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- স্পষ্টভাবে বর্ণনা করা।

تَعْقِلُوْنَ : **তোমরা বুঝ; তোমরা অনুধাবন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ- বুঝা; অনুধাবন করা। عَقْلٌ বলা হয়- مَا بِهِ يَتَمَيَّزُ الْحَسَنُ مِنَ الْقَبِيْحِ ، وَالْخَيْرُ مِنَ الشَّرِّ ، وَالْحَقُّ مِنَ الْبَاطِلِ . অর্থাৎ আক্‌ল বলা হয় যা দ্বারা সৌন্দর্য-অসৌন্দর্য, ভালো-মন্দ ও সত্য-মিথ্যার মাঝে তারতম্য করা হয়। -(আল মু'জামুল ওয়াসীত) আবার কারো মাতে, عَقْلٌ এমন শক্তিকে বলা হয় যা ইলমকে কবুল করার জন্য প্রস্তুত করে। আবার এ শক্তি দ্বারা অর্জিত বস্তুকেও আক্‌ল বলা হয়। তাই হযরত আলী (র.) বলেছেন- اَلْعَقْلُ عَقْلَانِ . مَطْبُوْعٌ وَمَسْمُوْعٌ وَلَا يَنْفَعُ مَسْمُوْعٌ اِذَا لَمْ يَكُ مَطْبُوْعٌ كَمَا لَا يَنْفَعُ ضَوْءُ الشَّمْسِ وَضَوْءُ الْعَيْنِ مَمْنُوْعٌ (আক্‌ল দু প্রকার। স্বভাবগত আক্‌ল আর শ্রবণলব্ধ আক্‌ল। আর স্বভাবগত আক্‌ল না থাকলে শ্রবণলব্ধ আক্‌ল কোনো কাজে আসে না, যেমন চোখের দৃষ্টিশক্তি না থাকলে সূর্যের আলো কোনো কাজে আসে না।) প্রথম প্রকারের সমর্থনে রয়েছে রাসূল ﷺ-এর বাণী- مَا خَلَقَ اللّٰهُ خَلْقًا اَكْرَمَ عَلَيْهِ مِنَ الْعَقْلِ আর দ্বিতীয় প্রকারের সমর্থনেও রয়েছে অপর হাদীস- مَا كَسَبَ اَحَدٌ شَيْئًا اَفْضَلَ مِنْ عَقْلٍ يَهْدِيْهِ اِلٰى هُدًى اَوْ يَرُدُّهُ عَنْ رَدًى . উল্লেখ্য যে, পবিত্র কুরআনের যেখানেই عَقْلٌ না হওয়ার কারণে আল্লাহ কাফেরদের নিন্দা করেছেন, সেখানেই দ্বিতীয় অর্থ উদ্দেশ্য। যেমন- وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِيْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَاءً وَ نِدَاءً صُمٌّ بُكْمٌ عُمْيٌ فَهُمْ لَا يَعْقِلُوْنَ ; আর যেখানে عَقْلٌ না থাকার কারণে বান্দা থেকে শরিয়তের বিধিবিধান রহিত করা হয়েছে সেখানে প্রথম অর্থই উদ্দেশ্য।

আয়াত : ২৪৩

اُلُوْفٌ : **হাজার হাজার, সহস্র**। বহুবচন, একবচন اَلْفٌ

حَذَرَ : **ভয়, ডর**। এটি মাসদার, বাব ضَرَبَ অর্থ- ভয় করা, বিরত হওয়া।

مُوْتُوْا : **তোমাদের মৃত্যু হোক! তোমরা মরে যাও !** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মরে যাওয়া; মৃত্যুবরণ করা।

أَحْيَاهُمْ : **তিনি তাদেরকে জীবিত করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবিত করা; জীবন দান করা। যমীর هُمْ جمع مذكر غائب মাফঊল বিহী। অর্থ– তাদের নবী হযরত যুলকিফল (আ.)-এর দোয়ার বরকতে আল্লাহ তাদেরকে পুনরায় জীবিত করে দিলেন। –(জালালাইন)

لَا يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা প্রকাশ করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব نصر মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা।

আয়াত : ২৪৪

قَاتِلُوْا : **তোমরা যুদ্ধ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مفاعلة মাসদার اَلْمُقَاتَلَةُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– পরস্পর যুদ্ধ করা।

اِعْلَمُوْا : **তোমরা জেনে রাখ।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ২৪৫

يُقْرِضُ : **সে ঋণ দিবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ر ـ ض) মাসদার اَلْقَرْضُ অর্থ– ঋণ দেওয়া।

قَرْضًا حَسَنًا : **করযে হাসানা; উত্তম ঋণ।** করযে হাসানা বলা হয় এমন ঋণকে যা একমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য দেওয়া হয়, যা ফিরিয়ে নেওয়ার ইচ্ছা থাকে না, তার প্রতিদানের ইচ্ছাও থাকে না এবং দানের পর খোঁটাও দেওয়া হয় না।

يُضٰعِفُهٗ : **তিনি তা বৃদ্ধি করে দেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَاعَفَةُ মূলবর্ণ (ض ـ ع ـ ف) অর্থ– বহুগুণ বৃদ্ধি করা।

يَقْبِضُ : **তিনি সংকুচিত করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَبْضُ মূলবর্ণ (ق ـ ب ـ ض) অর্থ– সংকুচিত করা।

يَبْسُطُ : **তিনি সম্প্রসারিত করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ– সম্প্রসারিত করা।

আয়াত : ২৪৬

اَلْمَلَأُ : **নেতা; দলপ্রধান; জাতির সর্দার; জাতির উত্তম ব্যক্তি।** শব্দটি اسم جمع ; শব্দের হিসেবে এর কোনো একবচন নেই। তবে املا ওজনেও এর বহুবচন ব্যবহৃত হয়ে থাকে।

اِبْعَثْ : **আপনি প্রেরণ করুন।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– প্রেরণ করা; পাঠানো। মূলত بَعْثٌ অর্থ– প্রেরণ করা এবং উঠিয়ে দাঁড় করানো। কিন্তু ইঙ্গিত ও আনুষঙ্গিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। উদাহরণত উটের জন্য بَعْثٌ শব্দ এলে অর্থ হবে– উটকে উঠানো ও তাকে হাঁকানো। মৃতদের জন্য ব্যবহৃত হলে অর্থ হবে– পুনর্জীবিত হওয়া এবং হাশর। রাসূলদের সম্পর্কে ব্যবহৃত হলে অর্থ হবে– প্রেরণ করা। উল্লেখ্য بَعْثٌ দু প্রকার। প্রথম প্রকার হলো এর نسبت মানুষের দিকে হবে। যেমন কেউ কাউকে প্রেরণ করা; রওয়ানা করা। দ্বিতীয় প্রকার হলো এর نسبت আল্লাহর দিকে হবে। যেমন বস্তুসমূহকে অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা। মৃতদেরকে জীবিত করা। অবশ্য এ গুণটি কখনো তিনি মানুষকেও দান করেছেন। যেমন হযরত ঈসা (আ.) মৃতকে জীবিত করতে পারতেন।

مَلِكً : **বাদশাহ। রাজা।** এখানে হযরত তালূত (আ.) উদ্দেশ। বহুবচন مُلُوْكٌ -

فَهَلْ عَسَيْتُمْ : **এটা তো হবে না, এমন সম্ভাবনা নেই।** فا হরফে আত্ফ। هَلْ প্রশ্নবোধক অব্যয়। عَسَيْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ فِىْ عُلُوْمِ الْقُرْاٰنِ -এ লিখেছেন, عَسٰى হলো فعل جامد এবং غير منصرف ; এ কারণেই একদলের দাবি হলো যে, এটি হরফ। যার অর্থ হলো পছন্দনীয় বিষয়ে আশা করা এবং অপছন্দনীয় বিষয়ে আশঙ্কা করা। উভয় অর্থই এ আয়াতের মধ্যে বিদ্যমান। عَسٰٓى اَنْ تَكْرَهُوْا شَيْئًا وَّهُوَ خَيْرٌ لَّكُمْ وَعَسٰٓى اَنْ تُحِبُّوْا شَيْئًا وَّهُوَ شَرٌّ لَّكُمْ (আশা করা যায়, কোনো বস্তু তোমাদের কাছে মন্দ মনে হলেও বাস্তবে তা উত্তম। আর আশঙ্কা রয়েছে যে, কোনো বস্তুকে তোমরা উত্তম মনে করছ অথচ তা তোমাদের জন্য মন্দ।) ইবনে

ফারেস লিখেছেন- عَسٰى নিকট অর্থের জন্য ব্যবহৃত হয়। যেমন- قُلْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ رَدِفَ لَكُمْ বলুন! দূরে নয়, হয়তো তার পিছু পিছুই তোমাদের জন্য আসতে পারে। তাফসীরে কাশশাফের সূরা তাহরীমে রয়েছে- عَسٰى শব্দটি আল্লাহর পক্ষ থেকে স্বীয় বান্দাদেরকে আশান্বিত করার জন্য আসে। এর কারণ দুটি। প্রথমত ক্ষমতাধর বাদশাদের নিয়ম হলো তারা একিন ও দৃঢ়তার ক্ষেত্রেও জবাব لَعَلَّ ও عَسٰى দ্বারা দিয়ে থাকেন। দ্বিতীয়ত বান্দাদেরকে এ কথা শিক্ষা দেওয়া যে, তারা যেন ভয় ও আশার মধ্যে থাকে। ইমাম রাগেব ইসফাহানী (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- عَسٰى অর্থ -طَمْعٌ و تَرَجِّىْ তথা প্রত্যাশা ও আকাঙ্ক্ষা। তিনি বলেন, অনেক মুফাসসির কুরআনে এর তাফসীর করেছেন- জরুরি ও আবশ্যক। তারা বলেন, আল্লাহ তা'আলার ব্যাপারে প্রত্যাশা ও আকাঙ্ক্ষা সঠিক নয়। মূলত তাদের এ কথাটি সঠিক নয়। কারণ আল্লাহ যে عَسٰى উল্লেখ করেছেন তা এ জন্য যে, মানুষ আল্লাহর কাছে প্রত্যাশা করবে। এটা নয় যে, আল্লাহ তা'আলা প্রত্যাশা করবেন। সুতরাং عَسٰى رَبُّكُمْ اَنْ يُّهْلِكَ عَدُوَّكُمْ -এর অর্থ হলো তোমরা আল্লাহর কাছে আশা রাখো যে, তিনি তোমাদের শত্রুদেরকে ধ্বংস করে দিবেন।

قَدْ اُخْرِجْنَا : **আমাদেরকে বের করা হয়েছে।** সীগাহ جمع متكلم বহছ ماضى قريب বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা; বহিষ্কার করা।

مِنْ دِيَارِنَا : **আমাদের আবাসভূমি থেকে।** دِيَارٌ বহুবচন, একবচন- دَارٌ অর্থ- ঘর।

اَبْنَائِنَا : **আমাদের সন্তান-সন্ততি।** বহুবচন, একবচন- اِبْنٌ

تَوَلَّوْا : **পৃষ্ঠ প্রদর্শন করেছে। বিমুখ হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- পৃষ্ঠ প্রদর্শন করা; বিমুখ হওয়া।

عَلِيْمٌ : **সবিশেষ অবহিত।** সীগাহ اسم واحد مذكر বহছ اسم فاعل مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা; অবহিত হওয়া।

আয়াত : ২৪৭

قَدْ بَعَثَ : **তিনি প্রেরণ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فتح মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ- প্রেরণ করা।

طَالُوْتَ : **তালূত।** বনী ইসরাইলের একজন সৌভাগ্যবান ও সৎ বাদশার নাম। যিনি হযরত দাঊদ (আ.)-এর প্রাথমিক যুগে ছিলেন এবং শামবীল (আ.) -এর যুগে জালুত নামে এক বাদশাহ বনী ইসরাইলের উপর চড়াও হয়েছিল। তখন আল্লাহ তা'আলা তালূত নামে একজনকে বনী ইসরাইলদের বাদশাহ নিযুক্ত করেন। তিনি জ্ঞানে-গুণে দেহ-সৌষ্ঠবে অদ্বিতীয় ছিলেন। তিনি বনী ইসরাইলদের সাথে একাত্ম হয়ে জালুতের বিরুদ্ধে যুদ্ধ করেন। আল্লাহ তা'আলা তালূতকে বিজয় দান করেন। পবিত্র কুরআনের সূরা বাকারায় তার ঘটনা বিস্তারিতভাবে বর্ণিত হয়েছে। বুখারী শরীফের বিভিন্ন রেওয়ায়েতে হযরত বারা ইবনে আযেব (রা.) থেকে বর্ণিত রয়েছে যে, আমরা মুহাম্মদ (স.)-এর সাথীরা বলতাম যে, বদরের যুদ্ধে অংশগ্রহণকারীদের সংখ্যা ছিল তালূতের ঐ সমস্ত সাথীদের সমপরিমাণ যারা তার সাথে নদী পার হয়েছিল। তাদের সংখ্যা তিনশত দশ এর চেয়ে কিছু অধিক ছিল। -(সহীহ বুখারী : কিতাবুল মাগাযী, بَابُ عِدَّةِ اَصْحَابِ بَدْرٍ)

শব্দটি অনারবি নাম এবং মারেফা। এ কারণেই তা غير منصرف এবং এটি طُوْلٌ থেকে উদ্‌গত নয়। যেমন اِسْحٰق শব্দটি سحق থেকে উদ্‌গত নয়। তবে আল্লামা যমখশারী (র.) বলেন, মানুষের ধারণা যে, এটি طُوْلٌ থেকে مشتق হয়েছে। কেননা তাকে بَسْطَةً فِى الْجِسْمِ বলা হয়েছে।

سَعَةً : **ঐশ্বর্য, সচ্ছলতা।** এটি বাব سَمِعَ -এর মাসদার মূলবর্ণ (و ـ س ـ ع) জিনস مثال واوى ; এর ة টি واو -এর পরিবর্তে এসেছে। زِنَةٌ ও عِدَةٌ -এর ন্যায় শুরু থেকে واو কে বিলুপ্ত করে তার শেষে تا আনা হয়েছে। ইমাম রাগেব (র.) লিখেছেন- سَعَةٌ -এর ব্যবহার جَوْدَةٌ ও قَدرة -এর ন্যায় স্থান, অবস্থা এবং কর্মের জন্যও হয়ে থাকে। স্থানের অর্থে যেমন- اِنَّ اَرْضِىْ وَاسِعَةٌ (আমার ভূমি প্রশস্ত।) অবস্থা ও প্রাচুর্যের অর্থে যেমন- لِيُنْفِقْ ذُوْ سَعَةٍ مِنْ سَعَتِهٖ (যার প্রাচুর্য আছে সে যেন তার প্রাচুর্য অনুযায়ী ব্যয়

করে।) আয়াতে কারীমা- وَمَنْ يُّهَاجِرْ فِيْ سَبِيْلِ اللّٰهِ يَجِدْ فِى الْاَرْضِ مُرَاغَمًا كَثِيْرَةً وَسَعَةً এখানে سَعَةً বা প্রশস্ততার তাফসীর প্রসঙ্গে হযরত ইবনে আব্বাস (রা.), রবী, যাহহাক (র.) প্রমুখ থেকে বর্ণিত রয়েছে যে, এখানে রিজিকের প্রশস্ততা উদ্দেশ্য। হযরত কাতাদা (র.) বলেন, দীন প্রচার ও প্রকাশের সামর্থ্য উদ্দেশ্য। কেননা তারা মুশরিকদের পক্ষ থেকে দীনের ব্যাপারে ভীষণ সঙ্কীর্ণতায় ছিলেন, দীন প্রচার করতে পারতেন না।

اِصْطَفٰى : **তিনি মনোনীত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِفَاءُ মূলবর্ণ (ص . ف . و) অর্থ- মনোনীত করা; নির্বাচন করা।

بَسْطَةً : **সমৃদ্ধ**। মাসদার, বাব نَصَرَ অর্থ- প্রশস্ত করা।

اَلْجِسْمِ : **দেহ, শরীর**। একবচন, বহুবচন اَجْسَامٌ

يُؤْتِىْ : **তিনি দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ . ت . ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা; দেওয়া।

مُلْكَ : **রাজত্ব**।

وَاسِعٌ : **প্রাচুর্যময়**। সুপ্রশস্ত। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (و . س . ع) মাসদার اَلسَّعَةُ অর্থ- প্রশস্ত হওয়া; প্রাচুর্যময় হওয়া।

عَلِيْمٌ : **প্রজ্ঞাময়**। এটি علم মাসদার হতে فَعِيْلٌ -এর ওজনে مُبَالَغَةٌ -এর সীগাহ।

আয়াত : ২৪৮

اَلتَّابُوْتُ : **সিন্দুক**। বহুবচনে- تَوَابِيْتُ বনী ইসরাইলদের মধ্যে একটি সিন্দুক পূর্ব থেকেই ছিল, তা বংশানুক্রমে চলে আসছিল। তাতে হযরত মূসা (আ.) ও অন্যান্য নবীগণের পরিত্যক্ত কিছু বরকতময় বস্তুসামগ্রী রক্ষিত ছিল। বনী ইসরাইলরা যুদ্ধের সময় এ সিন্দুকটিকে সামনে রাখত, আল্লাহ তা'আলা এর বরকতে তাদেরকে বিজয়ী করতেন। জালুত বনী ইসরাইলদেরকে পরাজিত করে এ সিন্দুকটি নিয়ে গিয়েছিল। কিন্তু আল্লাহ যখন এ সিন্দুক ফিরিয়ে দেওয়ার ইচ্ছা করলেন, তখন অবস্থা এই দাঁড়ালো যে, কাফেররা যেখানেই সিন্দুকটি রাখে, সেখানেই মহামারী ও অন্যান্য বিপদাপদ দেখা দেয়। এমনিভাবে পাঁচটি শহর ধ্বংস হয়ে যায়। অবশেষে অতিষ্ঠ হয়ে দু'টি গরুর উপর সেটি উঠিয়ে তারা গরু দুটিকে হাঁকিয়ে দিল। ফেরেশতাগণ গরুগুলোকে তাড়া করে এনে তালূতের রাজ্যের দরজায় পৌঁছে দিয়ে যায়। বনী ইসরাইলরা এ নিদর্শন দেখে তালূতের রাজত্বের প্রতি আস্থা স্থাপন করল এবং তালূত জালূতের উপর আক্রমণ পরিচালনা করলেন।

سَكِيْنَةٌ : **চিত্ত-প্রশান্তি; সান্ত্বনা**। سكون থেকে فَعِيْلَةٌ -এর ওজনে মাসদার যা ইসমের স্থলে ব্যবহৃত হয়েছে। সাইয়েদ মুরতাজা যুবাইদি লিখেছেন যে, سَكِيْنَةٌ হলো এমন প্রশান্তি যা আল্লাহ তা'আলা মুমিন বান্দার অন্তরে তখন অবতীর্ণ করেন যখন তারা ভীষণ বিপদে আক্রান্ত থাকে। এরপর তার উপর যা কিছুই আসে সে তা থেকে ঘাবড়ে যায় না। সেটা তার জন্য ঈমানের প্রবৃদ্ধি, একিনের শক্তি এবং দৃঢ়তাকে আবশ্যক করে দেয়। এ কারণেই আল্লাহ তা'আলা يَوْمُ الْغَارِ، يَوْمُ حُنَيْنٍ ইত্যাদির ভয়াবহ পরিস্থিতিতে سَكِيْنَةٌ বা চিত্ত-প্রশান্তি অবতীর্ণ করার সংবাদ প্রদান করেছেন। উল্লেখ্য পবিত্র কুরআনের ছয় স্থানে سَكِيْنَةٌ শব্দটি ব্যবহৃত হয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.)-এর বর্ণনামতে এ স্থানটি ব্যতীত বাকি সব স্থানেই এর অর্থ হলো চিত্ত প্রশান্তি ও সান্ত্বনা। এ স্থানে কী উদ্দেশ্য সে ব্যাপারে অনেকগুলো মতামত থাকলেও সঠিক মত হলো এখানেও একই অর্থ উদ্দেশ্য। অর্থাৎ চিত্ত প্রশান্তি।

بَقِيَّةٌ : **অবশিষ্টাংশ**। بَقَاءٌ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। এখানে উদ্দেশ্য হলো হযরত মূসা ও হযরত হারূন (আ.)-এর পরিত্যক্ত বস্তু। এগুলো হলো, তাওরাতের দুটি ফলক, ফলকের কয়েকটি টুকরা, হযরত মূসা (আ.)-এর লাঠি, এক জোড়া জুতা, হযরত হারূন (আ.)-এর লাঠি, পাগড়ি ও পরিমাণ নির্ণয়ের পাত্র।

تَرَكَ : **সে ছেড়ে গেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ر . ك) মাসদার اَلتَّرْكُ অর্থ- বর্জন করা; ছেড়ে যাওয়া; ত্যাগ করা।

اٰلُ : **জ্ঞাতি; গোত্রের লোকজন; পরিবার পরিজন; অনুসারীগণ, বন্ধুবান্ধব**। اٰلْ মূলত কী ছিল? সে সম্পর্কে মতবিরোধ রয়েছে। কারো মত হলো এটি মূলত اَهْلٌ ছিল। هَاءٌ কে হামযা দ্বারা পরিবর্তন করার

পর দুই হামযা একত্র হওয়ার কারণে দ্বিতীয় হামযাকে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে, এভাবে آل হয়ে গেছে। তারা এর تصغير বলেন أُهَيْلٌ ; অন্যান্য ওলামায়ে কেরামের মতে آل মূলত اول ছিল। যার অর্থ- প্রত্যাবর্তন করা। ওয়াও কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে, তাই آل হয়ে গেছে। আর যে ব্যক্তি আত্মীয়তা ও নৈকট্যের কারণে কারো দিকে প্রত্যাবর্তন করে তাকে آل বলা হয়। তারা এর تصغير বলেন أُوَيْلٌ ; (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৪৯ দ্রষ্টব্য)

تَحْمِلُهُ : **সে তা বহন করে।** تَحْمِلُ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ মূলবর্ণ (ح . م . ل) অর্থ- বহন করা। ه যমীর মাফউল। এর মারজি' হলো تَابُوْتُ واحد مذكر غائب

আয়াত : ২৪৯

فَصَلَ : **সে বের হয়েছে; সে পৃথক হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف . ص . ل) মাসদার اَلْفَصْلُ অর্থ- বের হওয়া; পৃথক হওয়া।

اَلْجُنُوْدُ: **সৈন্যবাহিনী।** বহুবচন, একবচনে- جُنْدٌ

مُبْتَلِيْكُمْ : **তোমাদেরকে পরীক্ষাকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل ; كم যমীর جمع مذكر حاضر মুযাফ ইলাইহি। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب . ل . و) মাসদার اَلْاِبْتِلَاءُ অর্থ- পরীক্ষা করা।

نَهَرٍ : **নদী।** একবচন, বহুবচন- اَنْهُرٌ ও اَنْهَارٌ

مَنْ لَمْ يَطْعَمْهُ : **যে ব্যক্তি এর স্বাদ গ্রহণ করবে না। যে তা পান করবে না।** لَمْ يَطْعَمْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف نفى جحد بلم বাব سَمِعَ মূলবর্ণ (ط . ع . م) মাসদার اَلطَّعْمُ অর্থ- স্বাদ আস্বাদন করা। এখানে অর্থ- পান করা। ه যমীর মাফউলে বিহী।

اِغْتَرَفَ : **সে এক কোষ পানি হাতে নিবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (غ . ر . ف) মাসদার اَلْاِغْتِرَافُ অর্থ- অঞ্জলি বা কোষ ভরে পানি নেওয়া।

فَشَرِبُوْا : **অতঃপর তারা পান করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش . ر . ب) মাসদার اَلشُّرْبُ অর্থ- পান করা।

جَاوَزَهُ : **সে অতিক্রম করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج . و . ز) মাসদার اَلْمُجَاوَزَةُ অর্থ- অতিক্রম করা।

اَلَّذِيْنَ يَظُنُّوْنَ : **যাদের প্রত্যয় রয়েছে।** يَظُنُّوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ . ن . ن) মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা; প্রত্যয় করা; একিন করা।

مُلٰقُوْا : **সাক্ষাৎকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مفاعلة মূলবর্ণ (ل . ق . ي) মাসদার اَلْمُلَاقَةُ অর্থ- সাক্ষাৎ করা। مُلَاقُوْا মূলত مُلَاقُوْنَ ছিল। ইযাফত হওয়ার কারণে নূন পড়ে গেছে।

فِئَةٍ : **দল; গ্রুপ।** একবচন, বহুবচন- فِئَاتٌ

قَلِيْلَةٍ : **ক্ষুদ্র; ছোট।** একবচন, বহুবচন قَلِيْلَاتٌ ও قَلَائِلُ

غَلَبَتْ : **সে পরাভূত করেছে। সে বিজয়ী হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ . ل . ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ- বিজয়ী হওয়া।

اَلصّٰبِرِيْنَ : **ধৈর্যশীলগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص . ب . ر) মাসদার اَلصَّبْرُ অর্থ- ধৈর্য ধারণ করা।

আয়াত : ২৫০

بَرَزُوْا : **তারা সম্মুখীন হয়েছে। তারা বের হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب . ر . ز) মাসদার اَلْبُرُوْزُ অর্থ- বের হওয়া; প্রকাশ পাওয়া; সম্মুখীন হওয়া।

جَالُوْتَ : **একজন কাফের বাদশার নাম।** এটি অনারবি শব্দ এবং নাম হওয়ার কারণে غير منصرف ; রোম সাগরের উপকূলে মিশর ও ফিলিস্তিনের মধ্যবর্তী আমালিকা সম্প্রদায় যেখানে বসবাস করত সেখানে তার বাস ছিল। সে ভীষণ ক্ষমতাবান ও শক্তিমত্তার অধিকারী ছিল। হযরত মূসা (আ.)-এর ইন্তেকালের

পর যখন বনী ইসরাঈলের আমল আখলাক নষ্ট হয়ে যায় এবং দীনদারীতে ভাটা পড়ে তখন এই জালিম বাদশাহ তাদের উপর চড়াও হয়, অনেক শহর ছিনিয়ে নেয় এবং লুট-তরাজ ও হত্যাকাণ্ড ঘটায়। তাওরাতকে ধ্বংস করে ফেলে, সম্মানিত ব্যক্তিবর্গ ও নেতাদেরকে গ্রেফতার করে তার সাথে নিয়ে যায়। অবশেষে কিছু লোক বায়তুল মুকাদ্দাসে জড়ো হয়ে তাদের নবীর কাছে আবেদন করল, আল্লাহ যেন কোনো একজন বাদশাহ আমাদের উপর নিযুক্ত করে দেন, তিনি তাকে পরাভূত করবেন। অবশেষে তালূতকে তাদের বাদশা নিযুক্ত করা হয়। তালূতের নেতৃত্বে বনী ইসরাইলের ৩১৩ জনের ক্ষুদ্র একটি দল নিয়ে তিনি জালূতের সাথে যুদ্ধে লিপ্ত হন। জালূত নিজে যুদ্ধে অংশগ্রহণ করে। অবশেষে হযরত দাঊদ (আ.)-এর হাতে সে মারা যায়। তৎকালীন নবী হযরত শামবীল (আ.)-এর তিরোধানের পর আল্লাহ তা'আলা হযরত দাঊদ (আ.) কে নবুয়ত ও রাজত্ব উভয়টি দান করেন।

أَفْرِغْ عَلَيْنَا : **তুমি আমাদের উপর ঢেলে দাও।** أَفْرِغْ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব إِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ غ) মাসদার اَلْإِفْرَاغُ অর্থ- ঢেলে দেওয়া; প্রবাহিত করা।

ثَبِّتْ أَقْدَامَنَا : **আমাদের পা-সমূহ অবিচলিত রাখুন।** ثَبِّتْ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ث ـ ب ـ ت) মাসদার اَلتَّثْبِيْتُ অর্থ- অটল থাকা; অবিচল থাকা।

أَقْدَامَنَا : **আমাদের পা।** أَقْدَامْ মুযাফ نَا যমীর মুযাফ ইলাইহি। أَقْدَامٌ বহুবচন, একবচন- قَدَمٌ অর্থ- পা; পদ।

আয়াত : ২৫১

فَهَزَمُوهُمْ : **অতঃপর তারা তাদেরকে পরাভূত করল।** هَزَمُوْا সীগাহ ماضى معروف বহছ جمع مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ ز ـ م) মাসদার اَلْهَزْمُ অর্থ- পরাজিত করা। هم যমীর মাফঊলে বিহী।

قَتَلَ : **সে হত্যা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ- হত্যা করা।

دَاوُدُ : **হযরত দাঊদ (আ.)।** বিশিষ্ট রাসূল ছিলেন যার উপর যাবূর অবতীর্ণ হয়েছিল। دَاوُدُ অনারবী শব্দ। عجمة ও علمية হওয়ার কারণে غير منصرف ; তিনি হযরত ইবরাহীম (আ.)-এর বংশধরদের একজন এবং বনি ইসরাইলদের নবী ছিলেন। একই সাথে তিনি নবী-রাসূল এবং বাদশাও ছিলেন। এ কারণেই পবিত্র কুরআনে তাঁকে খলীফা বলা হয়েছে। পবিত্র কুরআনে তাঁকে এবং হযরত আদম (আ.) -কে ব্যতীত আর কাউকে খলীফা বলা হয়নি। যাবূর তেলাওয়াত তার জন্য এত সহজ করে দেওয়া হয়েছিল যে, তিনি লোকদেরকে ঘোড়ার জিন বাঁধার নির্দেশ দিতেন এবং জিন বাঁধা হওয়ার পূর্বেই তার যাবূর তেলাওয়াত সমাপ্ত হয়ে যেত। -(বুখারী)
বাদশা হওয়া সত্ত্বেও তিনি নিজের হাতে কামাই করে খেতেন। বুখারীতে একটি হাদীসে রাসূল ﷺ বলেন, আল্লাহর নিকট সর্বাধিক প্রিয় রোজা এবং নামাজ হলো হযরত দাঊদ (আ.) -এর রোজা এবং নামাজ। তিনি একদিন রোজা রাখতেন এবং একদিন রোজা ভাঙ্গতেন। আর রাতের এক তৃতীয়াংশ তাহাজ্জুদ নামাজে কাটাতেন। যাবূর কিতাব তিনি এত সুমধুর কণ্ঠে তেলাওয়াত করতেন যে, তেলাওয়াতের সময় তার চতুর্দিকে পশু-পাখি ও পাহাড় ঝুঁকে পড়ত এবং আল্লাহর জিকিরে লিপ্ত হয়ে যেত। আল্লাহ তা'আলা লোহাকে তার জন্য কোমল করে দিয়েছিলেন। তিনি যেভাবে চাইতেন, সেভাবে তিনি লোহাকে ব্যবহার করতেন। উল্লেখ্য যে, কিছু কিছু ইসরাইলী রেওয়ায়েতে হযরত দাঊদ (আ.) ও তাঁর স্ত্রী সম্পর্কে যে আপত্তিকর ঘটনা বর্ণিত রয়েছে তার কোনো ভিত্তি নেই; বরং কোনো কোনো অসচেতন মুফাসসির তাদের তাফসীরেও তা লিখে দিয়েছেন। এগুলো সম্পূর্ণ মিথ্যা ও মনগড়া কাহিনী।

آتَاهُ : **তিনি তাকে দান করেছেন।** آتَى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- দান করা। ه যমীর মাফঊল।

اَلْحِكْمَةَ : **প্রজ্ঞা; হিকমত; জ্ঞান; বুদ্ধি।** ইলম ও বুদ্ধি দ্বারা সত্যকে জানার নাম হলো হিকমত। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহর হিকমত দ্বারা উদ্দেশ্য হলো

বস্তুসমূহকে জানা এবং তাকে অতি সঠিক পদ্ধতিতে উদ্ভাবন করা। আর মানুষের হিকমত হলো সৃষ্টবস্তুকে জানা এবং সৎকর্ম সম্পাদন করা। وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ আয়াতে হিকমত দ্বারা এ গুণটিই উদ্দেশ্য। আর وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ দ্বারা উদ্দেশ্য হলো নবুয়তের জ্ঞান।

عَلَّمَهُ : **সে তাকে শিক্ষা দিয়েছে।** عَلَّمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার, اَلتَّعْلِيْمُ অর্থ- শিক্ষা দেওয়া।

دَفْعُ : **প্রতিহত করা।** এটি মাসদার বাব فَتَحَ ।

لَفَسَدَتْ : **তা নষ্ট হয়ে যাবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْفَسَادُ অর্থ- নষ্ট হওয়া; বিকৃত হওয়া।

لٰكِنَّ : **কিন্তু।** শব্দটি মূলত لَاكِنْ ছিল। (লেখার ক্ষেত্রে আলিফকে বিলুপ্ত করা হয়েছে, উচ্চারণের ক্ষেত্রে নয়) যা দুপ্রকার। ১. যাকে مثقلة থেকে مخففه বানানো হয়েছে। একে حرف ابتداء বলা হয়। এটি কোনো আমল করে না এবং جمله اسمية و فعلية উভয়ের উপর প্রবিষ্ট হয়। ২. যা গঠনগতভাবে مخففه সুতরাং যদি তার পরে বাক্য থাকে তাহলে এটি حرف ابتداء হিসেবে গণ্য হয় এবং শুধুমাত্র استدراك -এর অর্থ প্রদান করে। (عاطفة হয় না) এর ব্যবহার واو -এর সাথেও হয়ে থাকে। যেমন- "وَلٰكِنْ كَانُوْا هُمُ الظّٰلِمُوْنَ". আবার واو ব্যতীতও ব্যবহৃত হয়, তখন যদি তারপরে مفرد হয় তাহলে এটি দুটি শর্তে عاطفة হবে। ১. এর পূর্বে نفى বা نهى হবে। যেমন- مَا قَامَ زَيْدٌ لٰكِنْ عَمْرٌو আর যদি قَامَ زَيْدٌ বলা হয় এবং তার পরে لٰكِنْ আনা হয় তখন তাকে حرف ابتداء মেনে নিয়ে তার পরে বাক্য এনে বলা হবে- لٰكِنْ عَمْرٌو لَمْ يَقُمْ ২. واو-এর সাথে মিলিত হবে না। এটিই হলো অধিকাংশ নাহুবিদদের মত। এটি হরফ, যা ইসিমকে রফা' এবং خبر -কে নসব প্রদান করে এবং استدراك -এর অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ তার পূর্ববর্তী হুকুমের পরিপন্থি হুকুম প্রমাণিত করে। সুতরাং তার পূর্বে এমন একটি বাক্য আনা আবশ্যক যা তার পরবর্তীর বিপরীত হয়। যেমন- مَا هٰذَا شَاعِرًا لٰكِنَّهُ كَاتِبٌ. অথবা তার বিপরীত হবে। যেমন- مَا هٰذَا اَبْيَضُ لٰكِنَّهُ اَسْوَدُ. কখনো استدراك -এর জন্য ব্যবহৃত হয়। যেমন- مَا زَيْدٌ شُجَاعًا لٰكِنَّهُ كَرِيْمٌ : বীরত্ব ও অনুগ্রহ সাধারণত উভয়টি মিলিত হয়ে থাকে, তাই বীরত্বের অস্বীকার দ্বারা দয়া বা অনুগ্রহের অস্বীকৃতির সন্দেহ সৃষ্টি হচ্ছিল তাই لٰكِنَّهُ كَرِيْمٌ বলে সেই সন্দেহের অপনোদন করা হয়েছে।

এটি تاكيد -এর জন্য এসে থাকে। যেমন- لَوْ جَاءَنِىْ لَاَكْرَمْتُهُ لٰكِنَّهُ لَمْ يَجِئْ.

এ রকমও বলা হয়েছে যে, তা ان -এর ন্যায় সর্বদা تاكيد -এর জন্যই ব্যবহৃত হয়।

শব্দটির حقيقت কী? এসম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। কেউ বলেছেন, এটি بسيط তথা একক শব্দ; مركب বা যৌগিক শব্দ নয়। কিন্তু বিশিষ্ট নাহুবিদ فراء বলেছেন যে, এটি لٰكن ও ان দ্বারা গঠিত যুক্ত শব্দ। সেক্ষেত্রে ان -এর হামযাকে সহজীকরণের জন্য বিলুপ্ত করা হয়েছে এবং একটি নূন অপর নূনের মধ্যে ইদগাম হয়ে গেছে। কখনো এর اسم -কে বিলুপ্তও করা হয়। যেমন মুতানাব্বির পঙক্তি-

وَمَا كُنْتَ مِمَّنْ يَدْخُلُ الْعِشْقُ قَلْبَهُ
وَلٰكِنْ مَنْ يَبْصُرُ جَفُوْنَكَ يَعْشَقُ

(সূত্র : আল কামূসুল ওয়াহিদ)

আয়াত : ২৫২

نَتْلُوْهَا : **আমি তা পাঠ করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা।

مُرْسَلِيْنَ : **রাসূলগণ। প্রেরিতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা। হালতে جر -এ হওয়ার কারণে مُرْسَلِيْنَ হয়েছে। নতুবা مُرْسَلُوْنَ হবে।

৩য় পারা

আয়াত : ২৫৩

تِلْكَ الرُّسُلُ : **এই রাসূলগণ।** تِلْكَ ইসমে ইশারা هٰذِهٖ অর্থে। যা দূরবর্তী واحد مؤنث -এর জন্য গঠন করা হয়েছে এবং এর مُشَارٌ اِلَيْهِ হলো اَلرُّسُلُ ; এর দ্বারা ইশারা করা হয়েছে ঐ সমস্ত রাসূলগণের প্রতি যার আলোচনা اِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ -এর মধ্যে করা হয়েছে। رُسُلٌ বহুবচন, একবচনে- رَسُولٌ ;রাসূল বলা হয় এমন পয়গাম্বরকে যাকে নতুন শরিয়ত দিয়ে মানুষের হেদায়েতের জন্য প্রেরণ করা হয়েছে।

فَضَّلْنَا : **আমি শ্রেষ্ঠত্ব দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ض ـ ل) মাসদার اَلتَّفْضِيْلُ অর্থ- শ্রেষ্ঠত্ব দেওয়া; মর্যাদা দেওয়া।

كَلَّمَ : **কথা বলেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ অর্থ- কথা বলা।

رَفَعَ : **তিনি উঠিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ- উত্তোলন করা; উঠানো।

اٰتَيْنَا : **আমি দান করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা।

اَيَّدْنٰهُ : **আমি তাকে শক্তিশালী করেছি; সাহায্য করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ي ـ د) মাসদার تَايِيْدٌ ; ه যমীর মাফঊলে বিহী।

رُوْحٌ : **আত্মা।** رُوْحٌ একবচন, বহুবচনে- اَرْوَاحٌ ; আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) লিখেছেন رُوْحٌ শব্দটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। ১. اَمْر নির্দেশ। যেমন- قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّىْ ২. ওহী বা প্রত্যাদেশ। যেমন- يُنَزِّلُ الْمَلٰٓئِكَةَ بِالرُّوْحِ (ফেরেশতা ওহী নিয়ে অবতীর্ণ হয়) ৩. কুরআন। যেমন- اَوْحَيْنَآ اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا (আমি আপনার প্রতি ওহির মাধ্যমে কুরআন পাঠিয়েছি।) ৪. অনুগ্রহ; রহমত। যেমন- وَاَيَّدَنَا بِرُوْحٍ مِّنْهُ (নিজ অনুগ্রহ দ্বারা তাকে সহযোগিতা করেছি।) ৫. হায়াত; জীবন। যেমন- فَرَوْحٌ وَّرَيْحَانٌ (জীবন ও জীবিকা রয়েছে।) ৬. হযরত জিবরাঈল (আ.)। যেমন- نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ (তা অবতীর্ণ করেছে জিবরাঈল।) ৭. একজন মহাসম্মানিত ফেরেশতা। যেমন- يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ (যেদিন রূহ নামীয় ফেরেশতা দাঁড়াবে।) ৮. বিশেষ একদল ফেরেশতা। যেমন- تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا সে রাতে একদল ফেরেশতা এবং তার বিশেষ বাহিনী অবতরণ করে। ৯. আত্মা; প্রাণ। যেমন- وَيَسْئَلُوْنَكَ عَنِ الرُّوْحِ তারা আপনার কাছে আত্মা সম্পর্কে প্রশ্ন করে।

اَلْقُدُسِ : **পবিত্র; পবিত্র হওয়া।** এটি اِسْمِ فِعْل ও মাসদার। আয়াতে সিফাতের সীগাহ অর্থাৎ مُقَدَّسٌ অর্থে ব্যবহৃত হয়েছে। شِدَّتِ لُزُوْم -এর কারণে মাউসূফকে সিফাতের দিকে মুযাফ করে দেওয়া হয়েছে। লিসানুল আরবে পরিচ্ছন্নতা, পবিত্রতা ও কল্যাণের অর্থ করা হয়েছে। তাজুল আরূসে রহমত ও অনুগ্রহ অর্থ করা হয়েছে।

رُوْحِ الْقُدُسِ দ্বারা কী উদ্দেশ্য? সে সম্পর্কে কয়েকটি মতামত রয়েছে। যথা- ১. হযরত রবী বলেন- رُوْحٌ দ্বারা ঐ রূহ উদ্দেশ্য যা হযরত ঈসা (আ.) -এর মধ্যে ফুঁকে দেওয়া হয়েছিল। আর قُدُسٌ দ্বারা উদ্দেশ্য আল্লাহ; এখানে রূহ -এর ইযাফত নিজের দিকে করেছেন সম্মানার্থে। যেমন بَيْتُ اللّٰهِ ، نَاقَةُ اللّٰهِ ইত্যাদি। ২. কাতাদা, সুদ্দী, ইবনে আবি হাতিম, আব্দুল্লাহ ইবনে মাসঊদ, কুরতুবী, ইমাম বুখারী ও যাহ্হাকের কওল হলো رُوْحِ الْقُدُسِ দ্বারা হযরত জিবরাঈল (আ.) উদ্দেশ্য। তাঁকে কুদ্স বা পবিত্র এ জন্য বলা হয় যে, তিনি কখনও কোনো গুনাহে লিপ্ত হননি। ৩. হযরত ইবনে আব্বাস (রা.) ও সাঈদ ইবনে জুবায়েরের অভিমত হলো رُوْحِ الْقُدُسِ হলো আল্লাহর اِسْمِ اَعْظَمْ যা দ্বারা হযরত ঈসা (আ.) মৃতদেরকে জীবিত করতেন এবং লোকদেরকে অলৌকিক বস্তু দেখাতেন।

مَا اقْتَتَلَ : সে যুদ্ধ করেনি। যুদ্ধ করত না। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف منفى বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِتَالُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ- পরস্পর যুদ্ধ-বিগ্রহ করা।

اَلْبَيِّنٰتُ : স্পষ্ট প্রমাণাদি। বহুবচন, একবচন- بَيِّنَةٌ

اِخْتَلَفُوْا : তারা মতভেদ করছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ- মতবিরোধ করা; মতভেদ করা; মতানৈক্য করা।

مَنْ كَفَرَ : কতক কুফরি করেছে। مَنْ মাউসূলাহ, كَفَرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ- কুফরি করা; অবাধ্যতা করা; অস্বীকার করা; লুকানো; গোপন করা।

يُرِيْدُ : সে ইচ্ছা করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ- ইচ্ছা করা।

আয়াত : ২৫৪

اَنْفِقُوْا : তোমরা ব্যয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ- ব্যয় করা; খরচ করা।

رَزَقْنَاكُمْ : আমি তোমাদেরকে জীবিকা প্রদান করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف ; كُمْ যমীর جمع مذكر حاضر মাফউল। বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ- রিজিক দেওয়া।

خُلَّةٌ : বন্ধুত্ব। এ অর্থে শব্দটি সর্বলিঙ্গ ও বচনে ব্যবহৃত হয়।

شَفَاعَةٌ : সুপারিশ। মাসদার বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ف ـ ع) সুপারিশ করা।

আয়াত : ২৫৫

اَلْحَىُّ : চিরঞ্জীব। আল্লাহ তা'আলার বরকতময় নামসমূহের একটি। বাব نَصَرَ ; حَيَاةٌ মাসদার থেকে صفة مشبة -এর সীগাহ।

اَلْقَيُّوْمُ : সর্বসত্তার ধারক। বাব نَصَرَ ; মাসদার قِيَامٌ থেকে مُبَالَغَة -এর সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

لَا تَأْخُذُهٗ : তাকে স্পর্শ করে না। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা। স্পর্শ করা।

سِنَةٌ : তন্দ্রা। মাসদার, বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ن) অর্থ- তন্দ্রা যাওয়া; ঝিমানো।

يَشْفَعُ : তিনি সুপারিশ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ف ـ ع) মাসদার اَلشَّفَاعَةُ অর্থ- সুপারিশ করা।

لَا يُحِيْطُوْنَ : তারা আয়ত্ত করতে পারে না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ- বেষ্টন করা।

وَسِعَ : পরিব্যাপ্ত। অর্থাৎ আল্লাহর কুরসী এত বড় যে, এটি সকল আসমান ও জমিনকে পরিবেষ্টন করে রেখেছে। -(বয়ানুল কুরআন) সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ অর্থ- ব্যাপ্ত হওয়া; বেষ্টন করা।

كُرْسِيُّهٗ : তার কুরসী। كُرْسِيُّ মুযাফ; هٗ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন كَرَاسِيُّ ; কুরসী দ্বারা কী উদ্দেশ্য? সে সম্পর্কে নিম্নোক্ত মতভেদ রয়েছে-

১. আল্লামা ইবনে তাইমিয়া ও ইবনুল কাইয়্যিম (র.) প্রমুখের মতে, কুরসী حَقِيْقِىْ অর্থে ব্যবহৃত। অর্থাৎ বসার চেয়ার। তবে ধরন, আকৃতি ইত্যাদি জানা নেই। মোটকথা আল্লাহর জন্য যেমন উপযোগী তেমনই।
২. কারো কারো মতে, এর দ্বারা ইনসাফ, রাজত্ব ও হুকুমত উদ্দেশ্য। আল্লাহ তা'আলার রাজত্ব আকাশ-জমিন ও এতদুভয়ের মাঝে যা কিছু আছে, সবকিছুর উপর পরিব্যাপ্ত।
৩. আবার কারো কারো মতে, কুরসী দ্বারা عِلْم উদ্দেশ্য। আল্লাহর জ্ঞান সাত আসমান ও জমিনসমূহ এবং এতদুভয়ের মাঝে যা কিছু আছে সবকিছুকে বেষ্টন করে আছে।
৪. কোনো কোনো মুসফাসিরীনের মতে جِسْم مُحِيْط (বেষ্টনকারী দেহ) উদ্দেশ্য যার মধ্যে সমগ্র পৃথিবী পরিব্যাপ্ত। হাদীস শরীফে আছে, এ সাত আসমান আল্লাহর কুরসীর তুলনায় এমন যেমন সাতটি দিরহাম একটি ঢালের মধ্যে রেখে দেওয়া হয়েছে। (জালালাইন)

لَا يَؤُدُهُ : **তাকে ক্লান্ত করে না**। সীগাহ واحد مذكر غائب; مضارع منفى বহছ واحد مذكر غائب ه যমীর মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ و ـ د) মাসদার اَلْاَوْدُ অর্থ– ক্লান্ত করা; পরিশ্রান্ত করা।

حِفْظُهُمَا : **(আসমান ও জমিনের) রক্ষণাবেক্ষণ**। حِفْظٌ মুযাফ; هُمَا যমীর মুযাফ ইলাইহি।

اَلْعَلِىُّ : **মহান**। **উচ্চ মর্যাদাসম্পন্ন**। সীগাহ واحد مذكر বহছ সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মাসদার اَلْعُلُوُّ অর্থ– বড় হওয়া; মহান হওয়া। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

اَلْعَظِيْمُ : **শ্রেষ্ঠ**। **বড়; সম্মানিত**। সীগাহ واحد مذكر বহছ صفة مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ع ـ ظ ـ م) এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ২৫৬

لَا اِكْرَاهَ : **জোর-জবরদস্তি নেই**। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَاهُ মূলবর্ণ (ك ـ ر ـ ه) অর্থ– বাধ্য করা। এর সেলাহ্ عَلٰى আসলে অর্থ হয় বাধ্য করা; বল প্রয়োগ করা।

تَبَيَّنَ : **প্রকাশিত হওয়া**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلتَّبَيُّنُ অর্থ– স্পষ্ট হওয়া; প্রকাশিত হওয়া।

اَلرُّشْدُ : **হেদায়েত**। বাব نَصَرَ -এর মাসদার। সঠিক পথ পাওয়া; হেদায়েত পাওয়া।

اَلْغَىِّ : **বিভ্রান্ত**। বাব ضَرَبَ মাসদার اَلْغَىُّ ও اَلْغَوَايَةُ অর্থ– বিভ্রান্ত করা; পথভ্রষ্ট করা। বাব تَفْعِيْل থেকেও আসে। অর্থ– বিভ্রান্ত করা।

اَلطَّاغُوْتُ : **শয়তান; তাগুত**। বাধাপ্রদানকারী। মূর্তি; প্রতিমা। ভ্রান্ত উপাস্য। অবাধ্য; ভীষণ বিদ্রোহী। বিশৃঙ্খলাকারী। অবৈধ নেতৃত্বের দাবিদার। তাগুত দ্বারা কী উদ্দেশ্য? ইমাম ফখরুদ্দিন রাযী (র.) এ ব্যাপারে মুফাসসিরগণের পাঁচটি মতামত বর্ণনা করেছেন। ১. হযরত ওমর, মুজাহিদ ও কাতাদা (র.) এর অর্থ শয়তান বলেছেন। ২. সাঈদ ইবনে জুবাইর বলেছেন, গণক। ৩. আবুল আলিয়ার মতে তাগুত অর্থ– জাদুকর। ৪. কতিপয় মুফাসসিরের মতে মূর্তি উদ্দেশ্য। ৫. অবাধ্য জিন ও মানুষ এবং যে কোনো সীমালঙ্ঘনকারী এর দ্বারা উদ্দেশ্য। আমার মতে, এ ব্যাপারে সঠিক কথা হলো এই যে, এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর বিধান লঙ্ঘনকারী, আল্লাহর নাফরমানিতে সীমালঙ্ঘনকারী এবং আল্লাহকে বাদ দিয়ে যাকে পূজা করা হয়, চাই তাকে পূজা করতে বাধ্য করা হোক বা না হোক, চাই পূজাকারী তাকে স্বেচ্ছায় পূজা করুক, সেই উপাস্য মানুষ হোক বা শয়তান, পাথর হোক বা মূর্তি, বা অন্য কোনো কিছু হোক। طَاغُوْت সর্বলিঙ্গ ও বচনে একই রকমে ব্যবহৃত।

اِسْتَمْسَكَ : **সে দৃঢ়ভাবে ধারণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلْاِسْتِمْسَاكُ অর্থ– দৃঢ়ভাবে ধরা।

اَلْعُرْوَةِ الْوُثْقٰى : **হাতল**। **বৃত্ত; কড়া; যা ধরা হয়**। عُرْوَةٌ বহুবচন عُرًى ইমাম ফখরুদ্দিন রাযী (র.) اَلْوُثْقٰى -এর তাফসীরে লিখেছেন যে, এখানে شَيْءٌ مَعْقُوْل (বুদ্ধিগত বস্তু) কে شَيْءٌ مَحْسُوْس (অনুভবযোগ্য বস্তু)-এর সাথে তুলনা করা হয়েছে। কেননা যে কোনো কিছুকে আটকাতে চায় সে তার হাতল বা কড়াকে ধরে। অদ্রূপভাবে যে দীনকে ধরতে চায় সে তার দলিল-প্রমাণকে বুঝে যা তাকে সে পথে পথপ্রদর্শন করে। ইসলামের দলিল যেহেতু সর্বাধিক দৃঢ় ও স্পষ্ট তাই তাকে عُرْوَةِ الْوُثْقٰى বলা হয়েছে। ইমাম কুরতুবী (র.) আহকামুল কুরআনে লিখেছেন যে, এ আয়াতের তাফসীর প্রসঙ্গে মুফাসসিরদের বিভিন্ন উক্তি রয়েছে। মুজাহিদ (র.) বলেন– عُرْوَة দ্বারা উদ্দেশ্য হলো ঈমান। সুদ্দী (র.) বলেন, ইসলাম। হযরত ইবনে আব্বাস, সাঈদ ইবনে জুবাইরও যাহহাক বলেন– لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ উদ্দেশ্য। আবার হযরত আনাস (রা.) থেকে এর দ্বারা উদ্দেশ্য حُبٌّ فِى اللّٰهِ وَ بُغْضٌ فِى اللّٰهِ (আল্লাহর জন্য মহব্বত করা, আল্লাহর জন্য শত্রুতা পোষণ করা) বর্ণিত হয়েছে।

اِنْفِصَامَ : **ভেঙ্গে যাওয়া**। এটি বাব اِنْفِعَالٌ -এর মাসদার।

আয়াত : ২৫৭

وَلِىُّ : **সাহায্যকারী**। **অভিভাবক**। সুহৃদ। বাব ضَرَبَ ; সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। মাসদার اَلْوِلَايَةُ অর্থ– অভিভাবক হওয়া; সাহায্য করা।

يُخْرِجُهُمْ : **তিনি তাদেরকে বের করেন।** يُخْرِجُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা। جمع مذكر غائب যমীর هُمْ মাফঊল বিহী।

اَلظُّلُمٰتِ : **অন্ধকারসমূহ। ঘন অন্ধকার।** বহুবচন, একবচন– ظُلْمَةٌ ; আলোর অবিদ্যমানতাকে ظُلْمَةٌ বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, কখনও মূর্খতা, শিরক ও ফিস্‌ককে ظُلْمَةٌ বলা হয়। যেমনিভাবে এগুলোর বিপরীত عِلْم، اِيْمَان وَ عَمَل صَالِح কে نُوْر বলা হয়। আল্লামা ওয়াকেদী (র.) বলেন, যেখানেই ظُلُمَاتٌ এবং نُوْر উল্লেখ করা হয়েছে, এর দ্বারা যথাক্রমে কুফর, এবং ঈমান উদ্দেশ্য। তবে সূরা আন'আমের আয়াত وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّوْرَ এ নিয়মের বহির্ভূত। এখানে যথাক্রমে রাত ও দিন উদ্দেশ্য। –(তাফসীরে মাযহারী)

اَلنُّوْر : **আলো।** একবচন, বহুবচন اَنْوَارٌ ;

اَلطَّاغُوْتُ : **(সূরা বাক্বারা, আয়াত : ২৫৬ দ্রষ্টব্য)**

আয়াত : ২৫৮

حَاجَّ : **সে বিতর্কে লিপ্ত হয়েছিল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

اٰتٰهُ : **সে দিয়েছে।** সীগাহ واحد مذكر غائب ; যমীর ه واحد مذكر غائب মাফঊল। বহছ ماضي معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া।

يُحْيِ : **তিনি জীবিত করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ي ـ ي) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবিতকরণ।

يُمِيْتُ : **তিনি মৃত্যু দান করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِمَاتَةُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ– মৃত্যু দান করা। জীবন হরণ করা।

بُهِتَ : **সে কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব كَرُمَ ও سَمِعَ ; কিংকর্তব্যবিমূঢ় হওয়া। হতভম্ব হওয়া; হতবাক হওয়া; নিরুত্তর হওয়া।

আয়াত : ২৫৯

كَالَّذِيْ مَرَّ : **ঐ ব্যক্তি যে চলে গেছে বা অতিক্রান্ত হয়েছে।** এখানে كَ টি অতিরিক্ত এবং اَلَّذِيْ ইসমে মাউসূল। مَرَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ر ـ ر) মাসদার اَلْمُرُوْرُ معروف অর্থ– অতিক্রম করা। হযরত আলী (র.) বলেন, এখানে অতিক্রামকারী ব্যক্তি হলেন হযরত উযাইর (আ.) –(তাফসীরে রূহুল মা'আনী)

قَرْيَةٍ : **নগর; জনপদ।** বহুবচন قُرًى ; এখানে জনপদ দ্বারা বায়তুল মুকাদ্দাসের জনপদ উদ্দেশ্য। –(জালালাইন)

خَاوِيَةٌ : **ধ্বংসস্তুপে পরিণত।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل মূলবর্ণ (خ ـ و ـ ى) মাসদার اَلْخَوَاءُ অর্থ– ধ্বংস হওয়া। ধসে পড়া।

عُرُوْشِهَا : **তার ছাদ বা মাচানের উপর।** عُرُوْشٌ বহুবচন, একবচনে– عَرْشٌ ছাদ; মাচা। هَا যমীর واحد مؤنث غائب -এর মারজা' قَرْيَةٍ

يُحْيِ : **তিনি জীবিত করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ي ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবিত করা; জীবন দান করা। সজীব করা।

اَمَاتَ : **তিনি মৃত্যু ঘটিয়েছেন। তিনি মৃত্যু দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْاِمَاتَةُ অর্থ– মৃত্যু দান করা।

بَعَثَ : **তিনি পুনরুত্থিত করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– প্রেরণ করা; পুনরুত্থিত করা।

لَبِثْتَ : **তুমি অবস্থান করেছ।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللُّبْثُ অর্থ– অবস্থান করা।

لَمْ يَتَسَنَّهْ : **যা নষ্ট হয়নি। অবিকৃত রয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ نفي جحد بلم در فعل مستقبل معروف ; বাব تَفَعُّلٌ মূলবর্ণ (س ـ ن ـ ه) মাসদার اَلتَّسَنُّهُ অর্থ– দুর্গন্ধযুক্ত হওয়া; পচে যাওয়া; নষ্ট হওয়া।

لِيَطْمَئِنَّ : **চিত্ত প্রশান্তির জন্য**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعِلَّالٌ মাসদার اَلْاِطْمِئْنَانُ মূলবর্ণ (ط ـ م ـ ن) অর্থ– প্রশান্তি লাভ করা।

فَخُذْ : **তুমি ধর**। خذ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা।

فَصُرْهُنَّ : **অতঃপর তুমি তাদেরকে বশীভূত কর**। فَا ، হরফে আতফ। صُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف মূলবর্ণ (ص ـ و ـ ر) মাসদার اَلصَّوْرُ অর্থ– ঝুঁকানো; বশীভূত করা। هُنَّ যমীর جمع مؤنث غائب মাফউলে বিহী।

جَبَلٍ : **পাহাড়**। একবচন, বহুবচন– جِبَالٌ

اُدْعُهُنَّ : **তুমি তাদেরকে ডাক**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

يَأْتِيْنَكَ : **তারা তোমার কাছে আসবে**। يأتين সীগাহ جمع مؤنث غائب বহছ ماضي معروف বাব افعال মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। ك যমীর واحد مذكر حاضر মাফউলে বিহী।

سَعْيًا : **দ্রুতগতিতে; দৌড়ে**। কামূসে سَعْيٌ-এর অর্থ লিখা হয়েছে– ইচ্ছা করা; কাজ করা; হাঁটা; চলা; দৌড়ানো; উপার্জন করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– سَعْىٌ অর্থ হলো مَشْىٌ سَرِيْعٌ অর্থৎ, দ্রুতগতিতে চলা, যা عدو (দৌড়ানো) থেকে কম। আবার কোনো কোনো ক্ষেত্রে চেষ্টার অর্থেও ব্যবহৃত হয়। ভালো বা মন্দ যে কোনো প্রচেষ্টা হতে পারে, তবে ভালো প্রচেষ্টার জন্যই এর ব্যবহার অধিক হয়ে থাকে।

আয়াত : ২৬১

يُنْفِقُوْنَ : **তারা ব্যয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা।

حَبَّةٍ : **শস্যবীজ; দানা**। একবচন, বহুবচন– حُبُوْبٌ

اَنْبَتَتْ : **উৎপাদন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– উৎপাদন করা।

اُنْظُرْ : **তুমি দৃষ্টিপাত কর; লক্ষ্য কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– লক্ষ্য করা; দেখা।

لِنَجْعَلَكَ : **তোমাকে করব। আমরা বানাই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

اَلْعِظَامِ : **অস্থি, হাড়**। বহুবচন, একবচনে– عَظْمٌ

نُنْشِزُهَا : **আমি সেগুলোকে সংযোজিত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ن ـ ش ـ ز) মাসদার اَلْاِنْشَازُ অর্থ– সংযোজন করা; জোড়া লাগানো। هَا যমীর এর মারজি' العظام বা হাড়।

نَكْسُوْهَا : **আমি তা ঢেকে দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ س ـ و) মাসদার كَسْوٌ পরিধান করানো। ها যমীর واحد مؤنث غائب মাফউল। এর মারজি' হলো عِظَامِ

قَدِيْرٌ : **সর্বশক্তিমান**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। যিনি প্রজ্ঞা অনুযায়ী যা ইচ্ছা তাই করেন তাকে قَدِيْرٌ বলা হয়। এ কারণেই আল্লাহ ব্যতীত অন্য সৃষ্টিকে قَدِيْرٌ বলা যাবে না। অবশ্য قَادِرٌ হলো عَامٌّ ; আল্লামা আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ-এর ব্যাখ্যায় লিখেছেন– قادر তাকে বলা হয় যিনি ইচ্ছা করলে করেন, ইচ্ছা না করলে করেন না। আর قَدِيْرٌ হলেন যিনি প্রজ্ঞা ও চাহিদা অনুযায়ী যা ইচ্ছা করেন তাই করেন। আল্লাহ ব্যতীত কারো জন্য قَدِيْرٌ খুবই কম ব্যবহার হয়। (রূহুল মা'আনী) আল্লাহ ব্যতীত অন্য কারো সিফাতে قَدِيْرٌ শব্দের প্রয়োগ খুবই কম।

দ্বন্দ্বের সমাধান : আল্লামা আলূসী (র.) যে বলেছেন قَدِيْرٌ শব্দের ব্যবহার غَيْرُ اللّٰهِ-এর জন্য হয়ে থাকে তবে তা খুবই কম"– তিনি তা বলেছেন আরবি ভাষা হিসেবে। আর ইমাম রাগেব (র.) যে বলেছেন "এর ব্যবহার মোটেই হয় না" তা বলেছেন শরিয়তের পরিভাষা হিসেবে। সুতরাং উভয়ের মাঝে কোনো দ্বন্দ্ব নেই।

আয়াত : ২৬০

اَرِنِىْ : **আমাকে দেখাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ– দেখানো। نِىْ নূনে বেকায়া মাফউলে বিহী।

سَنَابِلَ : **শীষসমূহ**। বহুবচন, একবচন- سُنْبُلٌ

يُضٰعِفُ : **তিনি বৃদ্ধি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَاعَفَةُ মূলবর্ণ (ض ـ ع ـ ف) অর্থ- বৃদ্ধি করা।

وَاسِعٌ : **প্রাচুর্যময়; প্রজ্ঞাময়**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ অর্থ- প্রাচুর্যময় হওয়া; প্রশস্ত হওয়া।

عَلِيْمٌ : **সর্বজ্ঞ; প্রজ্ঞাময়**। সীগাহ واحد مذكر বহছ মুবালাগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ২৬২

يُتْبِعُوْنَ : **তারা পিছনে পড়ে। আনুগত্য করে; অনুসরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ- পিছনে চলা; অনুসরণ করা।

مَنًّا : **খোঁটা দেওয়া; উপকার করে তা বলে বেড়ানো**। এটি বাব نَصَرَ -এর মাসদার।

اَذًى : **ক্লেশ। কষ্ট**। এমন ক্ষতি যা প্রাণবিশিষ্টের রূহ বা শরীরে পৌঁছে তাকে اَذًى বলা হয়, তা পার্থিব হোক বা পরকালীন। পবিত্র কুরআনে হায়েয অবস্থায় সহবাস করাকে যে اَذًى বলা হয়েছে তা হয়ত শরিয়তের দৃষ্টিকোণ থেকে অর্থাৎ শরিয়ত তাকে ক্ষতিকর মনে করেছে। অথবা চিকিৎসাবিজ্ঞানের আলোকে বলা হয়েছে। অর্থাৎ চিকিৎসকগণ তাকে ক্ষতিকর মনে করে।

يَحْزَنُوْنَ : **তারা দুঃখিত হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- বিষণ্ন হওয়া; দুঃখিত হওয়া।

আয়াত : ২৬৩

مَعْرُوْفٌ : **ন্যায়সঙ্গত**। معروف সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ উত্তম কর্ম সম্পাদন করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত এবং অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চেনা। مَعْرُوْفٌ এমন আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ;

مَغْفِرَةٌ : **ক্ষমা করা**। এটি বাব ضَرَبَ -এর মাসদার।

يَتْبَعُهَا : **সে তার পিছনে চলে। সে তার পিছনে পড়ে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلتَّبَعُ অর্থ- পিছনে থাকা; অনুসরণ করা।

غَنِيٌّ : **অভাবমুক্ত; ধনী**। সীগাহ واحد مذكر ; বহছ সিফাতে মুশাব্বাহ। একবচন, বহুবচন- اَغْنِيَاءُ ; غِنًا হলো ইসমে ফে'ল। ইমাম রাগেব (র.) লিখেছেন- غنا -এর তিনটি অর্থ রয়েছে। যথা- ১. সম্পূর্ণরূপে মুখাপেক্ষিতাহীন ও অভাবমুক্ত হওয়া; এমন غَنِىٌّ আল্লাহ ব্যতীত আর কেউ নেই। ২. অল্প অভাবগ্রস্ত হওয়া; অল্পেতুষ্ট হওয়া। এ গুণটি যে কোনো قَانِعٌ তথা অল্পেতুষ্ট ব্যক্তিরই হতে পারে। وَوَجَدَكَ عَائِلًا فَاَغْنٰى আয়াতে এ প্রকার غِنًا -ই উদ্দেশ্য। অর্থ- হে নবী! আমি আপনাকে অভাবগ্রস্ত পেয়ে তুষ্ট বানিয়ে দিয়েছি। ৩. সম্পদশালী হওয়া।

حَلِيْمٌ : **পরম সহনশীল**। সীগাহ واحد مذكر ; اَلْحِلْمُ মাসদার থেকে মুবালাগার সীগাহ। বাবে كَرُمَ মূলবর্ণ (ح ـ ل ـ م) এটি আল্লাহর তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ২৬৪

لَا تُبْطِلُوْا : **তোমরা নষ্ট করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব افعال মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْاِبْطَالُ অর্থ- নষ্ট করা।

صَدَقَاتِ : **দানসমূহ। সদকাসমূহ**। বহুবচন, একবচনে- صَدَقَةٌ ; ছওয়াবের নিয়তে আল্লাহর রাস্তায় ব্যয় করাকে সদকা বলা হয়।

يُنْفِقُ : **সে ব্যয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা।

رِئَاءَ : **লোক দেখানোর জন্য; আত্মপ্রদর্শন করা**। এটি মাসদার, বাব مُفَاعَلَةٌ। লৌকিকতা করা; আত্মপ্রদর্শন করা; কপটতা করা। এটি তারকীবে مَفْعُوْلٌ لَهٗ অথবা حَالٌ হয়েছে।

صَفْوَانٍ : **মসৃণ পাথর**। বহুবচন, একবচন- صَفْوَانَةٌ

تُرَابٌ : **মাটি; মৃত্তিকা**।

اَصَابَهٗ : **তার কাছে পৌঁছে**। اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব افعال মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা; আপতিত হওয়া।

وَابِلٌ : **প্রবল বৃষ্টি; মুষলধার বৃষ্টি।**

صَلْدًا : **পরিষ্কার পাথর**। একবচন, বহুবচন– اَصْلَادٌ

لَا يَقْدِرُوْنَ : **তারা সক্ষম নয়; তারা কাজে লাগাতে পারে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقُدْرَةُ অর্থ– সক্ষম হওয়া; কাজে লাগানো।

كَسَبُوْا : **তারা উপার্জন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা।

لَا يَهْدِىْ : **তিনি হেদায়েত করেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সঠিক রাস্তা দেখানো।

আয়াত : ২৬৫

يُنْفِقُوْنَ : **তারা ব্যয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা; খরচ করা।

اِبْتِغَاءَ : **প্রত্যাশা করা; আশা করা**। এটি মাসদার, বাব افتعال। মূলবর্ণ (ب ـ غ ـ ى)

مَرْضَاتِ : **সন্তুষ্টি**। এটি اسم مصدر ও مصدر ميمى ; অর্থ– পছন্দ করা; রাজি হওয়া; পছন্দনীয়তা। বাব سَمِعَ মাসদার اَلرِّضَا অর্থ– রাজি হওয়া। তারকীবে **مفعول له** হওয়ার কারণে তা মানসূব হয়েছে।

تَثْبِيْتًا : **বলিষ্ঠ করা। বহাল রাখা**। এটি বাব تَفْعِيْل -এর মাসদার।

رَبْوَةٍ : **উচ্চ ভূমি; টিলা**। একবচন, বহুবচন– رُبًى

اٰتَتْ : **সে দিয়েছে**। (এখানে অর্থ জন্মানো) সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া।

اُكُلَهَا : **তার ফলমূল**। اُكُلٌ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি।

ضِعْفَيْنِ : **দ্বিগুণ**। দ্বিবচন, হালতে নসব। একবচনে– ضِعْفٌ ; বহুবচন– اَضْعَافٌ

طَلٌّ : **লঘু বৃষ্টি। ছোট ছোট ফোঁটার বৃষ্টি**। একবচন, বহুবচন– طِلَالٌ ও طُلَلٌ

আয়াত : ২৬৬

اَيَوَدُّ : **সে কি চায়?** أ হামযায়ে ইসতিফহাম। يَوَدُّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوِدَادُ - اَلْوُدُّ - اَلْمَوَدَّةُ অর্থ– কামনা করা; চাওয়া।

نَخِيْلٍ : **খেজুর গাছ**। বহুবচন, একবচন– نَخْلَةٌ

اَعْنَابٍ : **আঙ্গুর**। বহুবচন, একবচন– عِنَبٌ

تَجْرِىْ : **এটা প্রবাহিত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ي) মাসদার اَلْجَرْىُ ও اَلْجَرَيَانُ অর্থ– প্রবাহিত হওয়া।

اَلثَّمَرَاتِ : **ফলমূল**। বহুবচন, একবচন– ثَمَرَةٌ

اَصَابَهُ : **তার কাছে পৌঁছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা; আপতিত হওয়া।

اَلْكِبَرُ : **বার্ধক্য**।

ذُرِّيَّةٌ : **সন্তান-সন্তুতি**। মূলত ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট বড় সকলের জন্যই তা ব্যবহৃত হয়। শব্দটি যদিও একবচন; কিন্তু একবচন, বহুবচন সবকিছুর জন্যই ব্যবহৃত হয়। বহুবচনে– ذُرِّيَّاتٌ ও ذَرَارِىُّ

ضُعَفَاءُ : **দুর্বল**। বহুবচন, একবচন– ضَعِيْفٌ ; এখানে দুর্বল সন্তান দ্বারা উদ্দেশ্য হলো যারা উপার্জন করতে সক্ষম নয়।

اِعْصَارٌ : **ঘূর্ণিবায়ু; টর্নোডো**। প্রচণ্ড বাতাস যা ধুলাবালি উড়িয়ে খুঁটির ন্যায় আকাশের দিকে উঁচু করে ফেলে তাকে اِعْصَارٌ বলা হয়।

اِحْتَرَقَتْ : **সে জ্বলে যায়**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ح ـ ر ـ ق) মাসদার اَلْاِحْتِرَاقُ অর্থ– জ্বলে যাওয়া।

تَتَفَكَّرُوْنَ : **তোমরা অনুধাবন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ (ف ـ ك ـ ر) অর্থ– অনুধাবন করা; বুঝা।

আয়াত : ২৬৭

أٰمَنُوْا : তারা ঈমান এনেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ - م - ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; ঈমান আনা।

اَنْفِقُوْا : তোমরা ব্যয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افعال মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن - ف - ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

طَيِّبَاتٍ : উৎকৃষ্ট বস্তুসমূহ। বহুবচন, একবচন– طَيِّبَةٌ।

كَسَبْتُمْ : তোমরা উপার্জন করেছো। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك - س - ب) অর্থ– উপার্জন করা।

اَخْرَجْنَا : আমি বের করি। আমি উৎপাদন করি। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ - ر - ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা।

لَا تَيَمَّمُوْا : তোমরা সংকল্প করো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ي - م - م) মাসদার اَلتَّيَمُّمُ অর্থ– মনস্থ করা; সংকল্প করা; ইচ্ছা করা।

بِاٰخِذِيْهِ : তোমরা তা ধারণকারী। بَاءٌ হরফে জার। اٰخِذِيْ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি। বাব نَصَرَ মূলবর্ণ (أ - خ - ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; গ্রহণ করা; নেওয়া। اٰخِذِيْ মূলত اٰخِذِيْنَ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে।

اَنْ تُغْمِضُوْا : তোমরা চক্ষু বন্ধ করে থাক। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ - م - ض) মাসদার اَلْاِغْمَاضُ অর্থ– চক্ষু বন্ধ করে থাকা। দেখেও না দেখা। تُغْمِضُوْا মূলত تُغْمِضُوْنَ ছিল; اَنْ -এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

اِعْلَمُوْا : তোমরা জেনে রাখ। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - ل - م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

غَنِيٌّ : অভাবমুক্ত; ধনী। সীগাহ واحد مذكر ; বহছ সিফাতে মুশাব্বাহ। একবচন, বহুবচন– اَغْنِيَاءُ ; غِنًا হলো ইসমে ফে'ল। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৩ দ্রষ্টব্য]

حَمِيْدٌ : প্রশংসিত। فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব سَمِعَ ; মূলবর্ণ (ح - م - د) মাসদার اَلْحَمْدُ অর্থ– প্রশংসা করা। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ২৬৮

يَعِدُكُمْ : সে তোমাদেরকে ভয় দেখায়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و - ع - د) মাসদার اَلْوَعْدُ অর্থ– ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো। অঙ্গীকার করা।

اَلْفَقْرَ : দারিদ্র্য। এটি ইসমে ফে'ল ও মাসদার। অর্থ– সঙ্কীর্ণতা; অভাবগ্রস্ততা; দরিদ্র হওয়া; মুখাপেক্ষী হওয়া। প্রফেসর আব্দুর রউফ লিখেছেন, পরিবার পরিজনের জন্য যথেষ্ট হয় এমন পরিমাণ জীবিকা থাকলে এবং এর অতিরিক্ত না থাকলে তাকে فَقِيْر বলা হয়। এতটুকু পরিমাণ না থাকলে তাকে মিসকীন বলা হয়। মূলত فَقِيْر ঐ ব্যক্তিকে বলা হত যার فِقَارُ الظَّهْرِ (মেরুদণ্ডের হাড়) ভেঙ্গে গেছে তাকে। অতঃপর ব্যাপকার্থে যে কোনো দুর্বল ব্যক্তিকে বলা হতে থাকে। এর অর্থকে আরো অধিক ব্যাপক করে ঐ ব্যক্তিকে বলতে শুরু করা হয় যার কাছে অতিরিক্ত জীবিকা নেই। ইমাম রাগেব (র.) লিখেছেন– فَقْر শব্দের ব্যবহার তিনভাবে হয়ে থাকে। যথা–

১. প্রয়োজনের পরিমাণ জীবিকা না হওয়া।
২. শুধুমাত্র প্রয়োজনের পরিমাণ জীবিকা হওয়া; অতিরিক্ত না হওয়া। اِنْ يَكُوْنُوْا فُقَرَاءَ يُغْنِهِمُ اللّٰهُ مِنْ فَضْلِه আয়াত দ্বারা তাই উদ্দেশ্য।
৩. فَقْرُ النَّفْسِ আত্মার দিক থেকে দরিদ্র। তার যতই সম্পদ থাকুক আত্মা আরো অধিক কামনা করে।
৪. আল্লাহর দিকে মুখাপেক্ষী। এমন দারিদ্র্য যে কোনো ব্যক্তি, যে কোনো প্রাণী এমন কি পৃথিবীর যে কোনো বস্তুরই হয়ে থাকে। সবকিছুই আল্লাহর মুখাপেক্ষী। এ আয়াতে رَبِّ اِنِّيْ لِمَا اَنْزَلْتَ اِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ এ অর্থই উদ্দেশ্য। –(আল মুফরাদাত)

يَاْمُرُكُمْ : সে তোমাদেরকে নির্দেশ দেয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ - م - ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া। كُمْ যমীর মাফউল।

اَلْفَحْشَاءِ : **অশ্লীলতা**। সীগাহ اسم واحد مؤنث বহছ تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ف ـ ح ـ ش) মাসদার اَلْفُحْشُ অর্থ– অশ্লীলতা করা; কার্পণ্য করা।

আয়াত : ২৬৯

يُؤْتِيْ : **সে দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া; দান করা।

اَلْحِكْمَةَ : **প্রজ্ঞা; হিকমত; জ্ঞান; বুদ্ধি**। ইলম ও বুদ্ধি দ্বারা সত্যকে জানার নাম হলো হিকমত। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহর হিকমত দ্বারা উদ্দেশ্য হলো বস্তুসমূহকে জানা এবং তাকে অতি সঠিক পদ্ধতিতে উদ্ভাবন করা। আর মানুষের হিকমত হলো সৃষ্টবস্তুকে জানা এবং সৎকর্ম সম্পাদন করা। وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ আয়াতে হিকমত দ্বারা এ গুণটিই উদ্দেশ্য। আর وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ দ্বারা উদ্দেশ্য হলো নবুয়তের জ্ঞান।

اُوْتِيَ : **তাকে দেওয়া হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

خَيْرًا كَثِيْرًا : **প্রভূত কল্যাণ**। خَيْرٌ : সর্বোত্তম; সর্বশ্রেষ্ঠ। কল্যাণকর কাজ; যা সকলের কাছে পছন্দনীয়। যেমন জ্ঞান, ন্যায় পরায়ণতা; অনুগ্রহ ও উপকারী বস্তু। شَرٌّ হলো এর বিপরীতার্থক শব্দ। خَيْرٌ দু প্রকার। ১. خَيْر مُطْلَقٌ বা সাধারণ কল্যাণ। যা সর্বাবস্থায় সকলের নিকট পছন্দনীয়। যেমন– জান্নাত। ২. خَيْر مُقَيَّدٌ বা শর্তযুক্ত কল্যাণ। যা একজনের জন্য কল্যাণকর; কিন্তু অপরজনের জন্য তা অকল্যাণকর। যেমন– সম্পদ। উদাহরণত যায়েদের জন্য তা কল্যাণকর; কিন্তু আমরের জন্য তা অকল্যাণকর। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য)

كَثِيْرًا : **প্রচুর**। এটি সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব كَرُمَ শব্দটি مفرد কিন্তু এতে অর্থগত আধিক্য রয়েছে। এ কারণে এটি مفرد -ও جمع উভয়টিরই সিফাত হতে পারে।

يَذَّكَّرُ : **সে শিক্ষাগ্রহণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلْاِذَّكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা। يَذَّكَّرُ মূলত يَتَذَكَّرُ ছিল। تاء কে ذال দ্বারা পরিবর্তন করার পর ذال কে ذال -এর মধ্যে ইদগাম করে দেওয়া হয়েছে এবং শুরুতে همزه وصل বৃদ্ধি করা হয়েছে।

اُولُوا الْاَلْبَابِ : **বোধশক্তিসম্পন্নগণ**। اُولُوا শব্দটি কিয়াসের পরিপন্থি পদ্ধতিতে ذُوْ -এর বহুবচন। اَلْاَلْبَابِ বহুবচন, একবচন– لُبٌّ অর্থ– জ্ঞান।

আয়াত : ২৭০

اَنْفَقْتُمْ : **তোমরা ব্যয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা; খরচ করা।

نَذَرْتُمْ : **তোমরা মানত কর**। সীগাহ جمع مذكر حاضر বাব نَصَرَ মাসদার اَلنَّذْرُ অর্থ– মানত করা।

اَلظَّالِمِيْنَ : **জালিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা।

اَنْصَارٍ : **সাহায্যকারীগণ**। বহুবচন, একবচন نَصِيْرٌ

اِنْ تُبْدُوْا : **যদি তোমরা প্রকাশ করে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ ء) মাসদার اَلْاِبْدَاءُ অর্থ– প্রকাশ করা। تُبْدُوْا মূলত تُبْدُوْنَ ছিল। ان شرطية -এর কারণে নূন পড়ে গেছে।

فَنِعِمَّا هِيَ : **তাহলে তা ভালো**। فَا হরফে আতফ। نِعِمَّا هِيَ মূলত نِعْمَ مَا هِيَ ছিল। نِعْمَ ফে'লে মাদাহ। এর মধ্যে উহ্য যমীর مُمَيَّزْ; مَا নাকেরা মাওসূফাহ। اَشْيَاء এর অর্থে; تَمْيِيْز তার مُمَيَّزْ -এর সাথে মিলে فَاعِلْ হয়েছে। هِيَ যমীর মারফূ' মুনফাসিল مَخْصُوْصٌ بِالْمَدْحِ ; এখন فِعْل تَمْيِيْز তার فَاعِلْ এবং مَخْصُوْصٌ بِالْمَدْحِ -এর সাথে মিলে جَوَاب شَرْط হয়েছে।

تُخْفُوْهَا : **তোমরা গোপন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– গোপন করা। هَا যমীরে মাফঊল। মূলত تُخْفُوْنَ ছিল। ইযাফতের কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

تُؤْتُوهَا : **তুমি তা (অভাবগ্রস্তদেরকে) দান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব إفعال মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার الْإِيتَاءُ অর্থ- দান করা। দেওয়া।

اَلْفُقَرَاءُ : **দরিদ্রগণ**। فَقِيْرٌ -এর বহুবচন। পরিবার পরিজনের জন্য যথেষ্ট হয় এমন পরিমাণ জীবিকা থাকলে এবং এর অতিরিক্ত না থাকলে তাকে فقير বলা হয়। এতটুকু পরিমাণ না থাকলে তাকে মিসকিন বলা হয়। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২৬৮ দ্রষ্টব্য)

يُكَفِّرُ : **তিনি মোচন করে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْفِيْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- মোচন করা; ক্ষমা করা।

سَيِّاٰتِكُمْ : **তোমাদের পাপসমূহ**। বহুবচন, একবচন- سَيِّئَةٌ

تَعْمَلُوْنَ : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ- আমল করা।

আয়াত : ২৭২

هُدٰهُمْ : **তাদের হেদায়েতের (দায়িত্ব)**। هُدٰى মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি।

يَهْدِىْ : **তিনি সৎপথে পরিচালিত করেন**। সীগাহ واحد ضَرَبَ বাব مضارع معروف বহছ مذكر غائب মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- হেদায়েত; সৎপথ প্রাপ্তি।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) মাসদার المشيئة অর্থ- ইচ্ছা করা; চাওয়া।

تُنْفِقُوْنَ : **তোমরা ব্যয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা।

يُوَفَّ : **পুরাপুরিভাবে প্রদান করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْفِيَةُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- পুরাপুরি দান করা।

لَا تُظْلَمُوْنَ : **তোমাদের প্রতি অন্যায় করা হবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلْاِظْلَامُ অর্থ- অন্যায় করা।

আয়াত : ২৭৩

اُحْصِرُوْا : **তারা বাধাগ্রস্ত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ر) মাসদার اَلْاِحْصَارُ অর্থ- বাধাগ্রস্ত করা। আটকে রাখা।

لَا يَسْتَطِيْعُوْنَ : **তারা সক্ষম নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সক্ষম হওয়া; সামর্থ্য রাখা।

ضَرْبًا : **যাত্রা করা, ভ্রমণ করা**। এটি মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মূলত ضَرْبٌ অর্থ- কোনো বস্তুকে অপর বস্তুর উপর স্থাপন করা। এর যেহেতু অনেকগুলো সুরত হতে পারে সে হিসেবে বিভিন্ন অবস্থায় এর বিভিন্ন অর্থ হতে পারে। কোথাও প্রহার করা; বর্ণনা করা; আবার কোথাও ঢেলে দেওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে সে অনুযায়ী এর অনুবাদ হওয়া আবশ্যক। তবে মূল অর্থের প্রতি লক্ষ্য রাখতে হবে। যেহেতু চলার সময় ভূমিতে পা পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ -এর মধ্যে ضَرَبَ অর্থ হবে ভূমিতে চলা। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৬০ দ্র.)

يَحْسَبُهُمْ : **তারা তাদেরকে ধারণা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحِسْبَانُ অর্থ- ধারণা করা; মনে করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

اَغْنِيَاءَ : **ধনী; অভাবমুক্ত; বিত্তশালী**। একবচন- غَنِىٌّ

اَلتَّعَفُّفُ : **যাচঞা না করা; প্রার্থনা না করা; না চাওয়া**। এটা বাব تَفَعُّلٌ -এর মাসদার।

تَعْرِفُهُمْ : **তুমি তাদেরকে চিনতে পারবে**। تعريف সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سمع মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْعُرْفُ ; অর্থ- চিনা। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊল।

سِيْمٰهُمْ : **তাদের লক্ষণ**। তাদের নিদর্শন। سِيْمَا অর্থ- চিহ্ন; আলামত। শব্দটি মূলত وَسْمٰى ছিল। وَاوْ কে প্রথম বর্ণের স্থান হতে দ্বিতীয় বর্ণের স্থানে রাখা হয়েছে। তাই سِوْمٰى হয়েছে। অতঃপর وَاوْ সাকিন তার পূর্ববর্তী অক্ষর مَكْسُوْر তাই وَاوْ কে يَاء দ্বারা পরিবর্তন করা হয়েছে। سِيْمَا হয়েছে।

لَا يَسْئَلُوْنَ : তারা যাচ্ঞা করে না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; প্রার্থনা করা; যাচ্ঞা করা।

اِلْحَافًا : নাছোড় হয়ে; কাকুতি মিনতি করে। এটা বাব اِفْعَالٌ-এর মাসদার। মূলবর্ণ (ل ـ ح ـ ف)

আয়াত : ২৭৪

يُنْفِقُوْنَ : তারা ব্যয় করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার الانفاق অর্থ– ব্যয় করা।

اَلَّيْلُ : রাত। ইসমে জিন্স। لَيْلَةٌ একবচন এবং لَيَالِيْ ও لَيَايِلُ বহুবচন।

اَلنَّهَارُ : দিন। ইসমে জিন্স মা'রেফা। কোনো কোনো ভাষাবিদগণ نَهَارٌ-এর বহুবচন اَنْهُرٌ و نُهُرٌ বলেছেন। সম্ভবত তাদের দৃষ্টিতে نَهَارٌ ইসমে মুফরাদ।

سِرًّا : গোপনে। অপ্রকাশ্যে।

عَلَانِيَةً : প্রকাশ্যে।

لَا خَوْفٌ عَلَيْهِمْ : তাদের কোনো ভয় নেই। خَوْفٌ বাবে سَمِعَ-এর মাসদার।

لَا هُمْ يَحْزَنُوْنَ : না তারা চিন্তিত হবে। يَحْزَنُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سمع মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার حُزْنٌ বিষণ্ন হওয়া; চিন্তিত হওয়া। বিপদ আসার পরে আপতিত হয় এমন চিন্তাকে حُزْنٌ বলা হয়।

আয়াত : ২৭৫

يَأْكُلُوْنَ : তারা ভক্ষণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– খাওয়া; আহার করা।

لَا يَقُوْمُوْنَ : তারা দণ্ডায়মান হয় না। তারা দাঁড়ায় না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

يَتَخَبَّطُهُ : সে তাকে উন্মাদ বানিয়ে দেয়। يَتَخَبَّطُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (خ ـ ب ـ ط) মাসদার اَلتَّخَبُّطُ অর্থ– উন্মাদ বানানো। ه যমীর মাফউলে বিহী।

اَلْمَسُّ : স্পর্শ করা; ছোঁয়া।

اَحَلَّ اللّٰهُ : আল্লাহ হালাল করেছেন। اَحَلَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْاِحْلَالُ অর্থ– হালাল করা; বৈধ করা।

اَلْبَيْعَ : ক্রয়-বিক্রয়। লেনদেন। পণ্য দিয়ে মূল্য গ্রহণ করাকে بَيْعٌ বলা হয়। আর মূল্য দিয়ে পণ্য গ্রহণ করাকে شِرَاء বলা হয়। তবে কখনো কখনো بَيْعٌ টি شِرَاء অর্থে আবার কখনও شِرَاء টি بَيْع অর্থে ব্যবহৃত হয়।

حَرَّمَ : তিনি হারাম করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা; বৈধ করা।

اَلرِّبٰوا : সুদ। ইমাম রাগেব (র.) লিখেছেন, মূলধনের উপর যা অতিরিক্ত হয় তাকে رِبَا বলা হয়। হাফেয ইবনে হাজার আসকালানী (র.) লিখেছেন– رِبَا-এর মূল অর্থ হলো বৃদ্ধি, যা মূল বস্তুর মধ্যেও হতে পারে, যেমন اِهْتَزَّتْ وَرَبَتْ ; অথবা পরিবর্তে হবে। যেমন– দুই টাকার বদলায় এক টাকা। হযরত শাহ ওয়ালিউল্লাহ (র.) লিখেছেন– رِبَا এমন ঋণকে বলা হয় যা এ শর্তে হয় যে, ঋণগ্রহীতা যা নিয়েছে তার চেয়ে অধিক বা তদপেক্ষা উত্তমটি দিবে। رِبٰوا শব্দটি পবিত্র কুরআনে بَاء-এর পরে وَاوْ যোগে লিখা হয়েছে। কিন্তু মাত্র একস্থানে সূরা রূমে باء-এর পরে اَلِفْ লিখা হয়েছে। সুদ শুধুমাত্র টাকা বা মুদ্রার ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়; বরং যে কোনো ক্ষেত্রে হতে পারে। গম, আটা, চাউল, ধান ইত্যাদি যে কোনো ক্ষেত্রে যে পরিমাণ ঋণ দিবে তদপেক্ষা অধিক পরিশোধ করতে হলে অতিরিক্ত পরিমাণটি হবে সুদ।

جَاءَهٗ : সে এসেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ي ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা।

مَوْعِظَةٌ : উপদেশ। মাসদার, বাব ضرب।

فَانْتَهٰى : **সে বিরত হয়েছে**। সীগাহ واحد مذكر ماضى معروف বাব اِفْتِعَالٌ বহছ غائب মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– বিরত থাকা; নিষেধ করা।

مَا سَلَفَ : **যা অতীতে হয়েছে**। ما ইসমে মাওসূল। سَلَفَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ل ـ ف) মাসদার اَلسَّلَفُ অর্থ– অতীত হওয়া; গত হওয়া।

وَمَنْ عَادَ : **আর যে পুনরায় আরম্ভ করবে। যে ফিরে আসে**। عَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ– কোনো কাজ থেকে সরে যাওয়ার পর পুনরায় তা আরম্ভ করা। عَادَ মূলত عَوَدَ ছিল। وَاوْ হরকতবিশিষ্ট এবং এর পূর্বের অক্ষর যবর হয়েছে তাই وَاوْ কে اَلِفْ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

خٰلِدُوْنَ : **চিরস্থায়ীগণ**। যারা সর্বদা বিরাজমান। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْخُلُوْدُ মূলবর্ণ (خ ـ ل ـ د) অর্থ– স্থায়ী হওয়া; ধ্বংস হওয়া থেকে রক্ষা পাওয়া।

আয়াত : ২৭৬

يَمْحَقُ : **তিনি নিশ্চিহ্ন করে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ح ـ ق) মাসদার اَلْمَحْقُ অর্থ– নিশ্চিহ্ন করা।

يُرْبِى : **তিনি বৃদ্ধি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ب ـ و) মাসদার اَلْاِرْبَاءُ অর্থ– বৃদ্ধি করা।

لَا يُحِبُّ : **তিনি ভালোবাসেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা।

كَفَّارٍ : **অধিক কুফরিকারী; চরম অকৃতজ্ঞ**। বাব نَصَرَ -এর اَلْكُفْرُ মাসদার থেকে মুবালাগার সীগাহ।

اَثِيْمٍ : **পাপী**। বাব سَمِعَ -এর اِثْمٌ মাসদার হতে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ।

আয়াত : ২৭৭

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; ঈমান আনা; বিশ্বাস করা।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– সৎকার্য করা; আমল করা।

اَقَامُوْا : **তারা কায়েম করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– দাঁড় করানো; কায়েম করা।

اٰتَوُا : **তারা দিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া। দান করা।

يَحْزَنُوْنَ : **তারা চিন্তা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– চিন্তা করা।

আয়াত : ২৭৮

اِتَّقُوْا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা। সতর্ক হওয়া।

ذَرُوْا : **তোমরা বর্জন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضرمعروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া। এ অর্থে مضارع – امر ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

مَا بَقِىَ : **যা বকেয়া আছে**। مَا ইসমে মাউসূল। بَقِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) মাসদার اَلْبَقَاءُ অর্থ– অবশিষ্ট থাকা; বকেয়া থাকা।

اَلرِّبٰوا : **সুদ**। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২৭৫ দ্র.]

আয়াত : ২৭৯

فَاْذَنُوْا : **তবে জেনে রাখ**। فَاء জাযাইয়্যাহ। اِئْذَنُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব

سَمِعَ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ- অনুমতি দেওয়া। اَذِنَ لَهُ فِى الشَّىْءِ (জানা।) اَذِنَ بِالشَّىْءِ (অনুমতি দেওয়া।)

بِحَرْبٍ : **যুদ্ধের। একবচন,** বহুবচন- حُرُوْبٌ

اِنْ تُبْتُمْ : **যদি তোমরা তওবা কর।** اِنْ হরফে শর্ত। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف تبتم বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- তওবা করা; প্রত্যাবর্তন করা।

رُؤُوْسُ اَمْوَالِكُمْ : **তোমাদের মূলধন।** رُؤُوْسُ মুযাফ اَمْوَالِ মুযাফ ইলাইহি মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। اَمْوَالُ বহুবচন, একবচনে- مَالٌ অর্থ- সম্পদ; ধন।

لَا تَظْلِمُوْنَ : **তোমরা অত্যাচার করবে না।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- অত্যাচার করা।

لَا تُظْلَمُوْنَ : **তোমরা অত্যাচারিত হবে না।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- অত্যাচার করা।

আয়াত : ২৮০

ذُوْ : **ওয়ালা; বিশিষ্ট; মালিক।** এটি اَسْمَاءِ سِتَّة -এর একটি। যা সর্বদা اِسْمِ ظَاهِرْ -এর দিকে মুযাফ হয়ে ব্যবহৃত হয়। যমীরের দিকে মুযাফ হয় না। ذُوْ এবং صَاحِبٌ একই অর্থবোধক। তবে ذُوْ -এর দ্বারা ইযাফত অধিক অলংকারপূর্ণ হয় এবং অধিক সম্মান বুঝায়। যেমন সূরা আম্বিয়ায় বলা হয়েছে- ذَا النُّوْنِ (মাছওয়ালা) এখানে ذَا -এর ইযাফত করা হয়েছে نُوْن -এর দিকে। আর সূরা নূনে বলা হয়েছে وَلَا تَكُنْ كَصَاحِبِ الْحُوْتِ (তোমরা মাছওয়ালার ন্যায় হয়ো না) উভয়টির অর্থ একই; কিন্তু দুই স্থানে দুই ভিন্ন অবস্থার প্রতি ইঙ্গিত করা হয়েছে এবং উভয়টির মাঝে অনেক ব্যবধান রয়েছে। ذَا দ্বারা ইযাফত যেখানে করা হয়েছে সেখানে প্রশংসা উদ্দেশ্য। আর صَاحِبٌ দ্বারা ইযাফত যেখানে করা হয়েছে সেখানে তাঁর অনুসরণ না করতে বলার স্থানে ব্যবহার করা হয়েছে। যা প্রসংশনীয় স্থান নয়। তাছাড়া نُوْن এবং حُوْت -এর মধ্যে نُوْن অধিক সম্মানিত। তাই তার দিকে ইযাফতের জন্য ذَا ব্যবহার করা হয়েছে।

عُسْرَةٍ : **অভাব-অনটন; কষ্ট; চরম দারিদ্র্য। কপর্দকহীনতা।** আল্লামা শওকানী (র.) লিখেছেন- اَلْعُسْرَةُ ضَيْقُ الْحَالِ مِنْ جِهَةِ عَدَمِ الْمَالِ ; সম্পদ না হওয়ার কারণে অবস্থা সংকীর্ণ হওয়াকে عُسْرَةٌ বলা হয়। আর سَاعَةُ الْعُسْرَةِ অর্থ- সঙ্কটময় মুহূর্ত; সঙ্কটকাল। (তাবুক যুদ্ধের সময়)। বিপদের সময় এবং অভাবের সময়। তাবুকের যুদ্ধের সময়কে سَاعَةُ الْعُسْرَةِ বলা হয়েছে। কারণ তখন একদিকে ছিল অভাব অনটন এবং অন্যদিকে অত্যন্ত গরম। আবার সফরও ছিল দীর্ঘ। দুজন সৈনিক একটি খেজুর খেয়ে জীবন ধারণ করেছেন। কখনও কখনও কয়েকজন সৈনিক কেবল একটি খেজুর চুষতেন। একজন চুষে অন্যজনকে দিতেন। কখনও উটের ঝুলি হতে পানি বের করে পান করেছিলেন। অন্যদিকে উটের সংখ্যাও ছিল কম। কয়েকজন মিলে পালা করে একটি উটে সওয়ার হতেন। এ যুদ্ধকে বলা হয় غَزْوَةُ الْعُسْرَةِ এবং সৈনিকদেরকে বলা হয় جَيْشُ الْعُسْرَةِ ৯ম হিজরির রজব মাসে এই যুদ্ধ সংঘটিত হয়েছিল।

فَنَظِرَةٌ : **অবকাশ দেওয়া বিধেয়।**

مَيْسَرَةٍ : **সচ্ছলতা; ধনাঢ্যতা।** এটি ইসম।

اَنْ تَصَدَّقُوْا : **তোমরা সদকা কর।** اَنْ মাসদারিয়্যাহ। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف তَصَدَّقُوْا বাব تَفَعُّلْ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصَدُّقُ অর্থ- সদকা করা; দান করা; ক্ষমা করা। تَصَدَّقُوْا মূলত تَتَصَدَّقُوْنَ ছিল। সহজীকরণের জন্য শুরুতে تاء কে হযফ করা হয়েছে এবং ان ناصبة -এর কারণে শেষের নূনটি পড়ে গেছে।

اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ : **যদি তোমরা জান।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ২৮১

اِتَّقُوْا : **তোমরা ভয় কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; সতর্ক হওয়া।

تُرْجَعُوْنَ : **তোমরা প্রত্যানীত হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

تُوَفّٰى : **তাকে পুরাপুরি প্রদান করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (و - ف - ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ- পুরাপুরি দেওয়া।

আয়াত : ২৮২

تَدَايَنْتُمْ : **তোমরা পরস্পর ঋণের কারবার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (د - ى - ن) মাসদার اَلتَّدَايُنُ অর্থ- পরস্পর ঋণের লেনদেন করা।

اَجَلٍ : **সময়; নির্ধারিত সময়**। মৃত্যুকেও اَجَلٌ বলা হয়। একবচন, বহুবচন- اٰجَالٌ

مُسَمًّى : **নির্ধারিত; নির্ধারণকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س - م - ي) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ- নামকরণ করা; নির্ধারণ করা। নাম রাখার দ্বারা বস্তু নির্ধারিত হয়ে যায় তাই مُسَمًّى অর্থ করা হয়- নির্ধারিত।

اُكْتُبُوْهُ : **তোমরা তা লিখে রাখ**। اُكْتُبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك - ت - ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ- লিখা; লিপিবদ্ধ করা। ه যমীর মাফঊলে বিহী।

بِالْعَدْلِ : **ন্যায্যভাবে, ন্যায়সঙ্গতভাবে**। بَا হরফে জর। عَدْل -এর অনেকগুলো অর্থ রয়েছে। ন্যায়পরায়ণতা; ইনসাফ। ফিদইয়া; প্রতিদান; বদলা। মুক্তিপণ; সৎ ব্যক্তি; সত্য; ইনসাফ; ন্যায়বিচার। নুজহাতুল কুলূবে রয়েছে, عَدْل অর্থ- পণ; মুক্তিপণ; ফিদইয়া। যেমন- وَاِنْ تَعْدِلْ كُلَّ عَدْلٍ لَا يُؤْخَذْ مِنْهَا এবং لَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ (যদি তারা মুক্তিপণ দেয় তবুও তা গ্রহণ করা হবে না।) عَدْل সমতা ও সমান অর্থেও আসে। যেমন- اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا (অথবা সমান তাদের রোজা) ইমাম রাগেব (র.) লিখেছেন, عَدَالَةٌ وَ مُعَادَلَةٌ এমন শব্দ যা সমতার অর্থে ব্যবহৃত হয়। এর ব্যবহার এমন বস্তুর জন্য হয় যা অন্তদৃষ্টি দ্বারা উপলব্ধি করা যায়। যেমন বিধিবিধান ইত্যাদি। কুরআনের আয়াত اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا এ অর্থেই ব্যবহৃত হয়েছে। আর عَدْلٌ وَ عَدِيْلٌ -এর ব্যবহার এমন বস্তুর জন্য হয়ে থাকে যা অনুভূতিশক্তি দ্বারা অনুধাবন করা যায়। যেমন- ওজন, গণনা ও পরিমাপকৃত বস্তু। মোটকথা عَدْل অর্থ হলো সম্পূর্ণরূপে সমান হওয়া। কুরআনের আয়াত- اِنَّ اللّٰهَ يَاْمُرُ بِالْعَدْلِ وَالْاِحْسَانِ (নিশ্চয় আল্লাহ নির্দেশ প্রদান করছেন ন্যায়বিচার এবং অনুগ্রহ করতে।) এখানে عَدْل দ্বারা উদ্দেশ্য হলো সমান প্রতিদান দেওয়া। সৎকর্মের প্রতিদান সৎকর্ম অনুযায়ী এবং মন্দকর্মের প্রতিদান মন্দের অনুযায়ী। আর اِحْسَانٌ অর্থ হলো সৎকর্মের প্রতিদান হবে অধিক আর মন্দকর্মের প্রতিদান হবে কম।

সে যেন অস্বীকার না করে। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব فَتَحَ মূলবর্ণ (أ - ب - و) মাসদার اَلْاِبَاءُ অর্থ- অস্বীকার করা।

فَلْيَكْتُبْ : **সে যেন লিখে নেয়**। فاء হরফে আতফ। لِيَكْتُبْ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك - ت - ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ- লিখা।

وَلْيُمْلِلْ : **এবং সে যেন লিখিয়ে নেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْلَاءُ অর্থ- লিখিয়ে নেওয়া।

وَلْيَتَّقِ : **এবং যেন সে ভয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و - ق - ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা।

لَا يَبْخَسْ : **সে যেন হ্রাস না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب - خ - س) মাসদার اَلْبَخْسُ অর্থ- হ্রাস করা; কমানো।

سَفِيْهًا : নির্বোধ। একবচন, বহুবচন سُفَهَاءُ; মাসদার اَلسَّفَهُ বাব سَمِعَ অর্থ- নির্বোধ হওয়া।

لَا يَسْتَطِيْعُ : **সে সক্ষম নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط - و - ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সক্ষম হওয়া।

اِسْتَشْهِدُوْا : **তোমরা সাক্ষী বানাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ش - ه - د) মাসদার اَلْاِسْتِشْهَادُ অর্থ- সাক্ষী বানানো।

تُدِيْرُوْنَهَا : **তোমরা তাকে ঘুরাও**। تُدِيْرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِدَارَةُ মূলবর্ণ (د ـ و ـ ر) অর্থ- ঘুরানো। ها যমীর واحد مؤنث غائب মাফউল।

تَبَايَعْتُمْ : **তোমরা পরস্পর ক্রয়-বিক্রয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّبَايُعُ মূলবর্ণ (ب ـ ي ـ ع) অর্থ- পরস্পর ক্রয়-বিক্রয় করা।

لَا يُضَارَّ : **তাকে ক্ষতিগ্রস্ত করো না**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَارَّةُ মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ- একে অপরকে ক্ষতিগ্রস্ত করা; কষ্ট দেওয়া। لَا يُضَارَّ মূলত لَا يُضَارِرْ ছিল। একই জিনসের দুটি হরফ একত্র হওয়ার কারণে رَاء-কে رَاء-এর মাঝে ইদগাম করে اَخَفُّ الْحَرَكَاتِ হিসেবে শেষে যবর দেওয়ার ফলে لَا يُضَارَّ হয়েছে।

شَهِيْدٌ : **সাক্ষী; স্বীকারকারী**। এটি فَعِيْلٌ-এর ওজনে, فَاعِلٌ-এর অর্থে مُبَالَغَة-এর ওজনসমূহের একটি ওজন। شَاهِدٌ এবং شَهِيْدٌ তথা সাক্ষী শব্দটি প্রত্যক্ষদর্শীর অর্থেও ব্যবহৃত হয়। 'নিহায়া' গ্রন্থে উল্লেখ আছে- আল্লাহর নামসমূহের একেকটি নামের একেকটি বৈশিষ্ট্য রয়েছে। যথা اُمُوْر ظَاهِرَة তথা প্রকাশ্য বিষয়ের দিকে সম্পৃক্ত করা হলে তখন আল্লাহ তা'আলা شَهِيْدٌ আর যখন اُمُوْر بَاطِنَة তথা অভ্যন্তরীণ বিষয়ে চিন্তা করা হয় তখন তিনি خَبِيْرٌ; উল্লেখ্য شَهِيْدٌ অর্থ এটাও যে তিনি কিয়ামত দিবসে মাখলূকের উপর সাক্ষী হবেন।

আয়াত : ২৮৩

لَمْ تَجِدُوْا : **তোমরা না পাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى تاكيد بلم درفعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া।

رِهٰنٌ : **বন্ধক**। **বন্ধককৃত বস্তু**। একবচনে- رَهْنٌ ; رَهْنٌ এখানে مَرْهُوْنٌ অর্থে ব্যবহৃত হয়েছে।

مَقْبُوْضَةٌ : **হস্তান্তরকৃত বস্তু**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ق ـ ب ـ ض) মাসদার اَلْقَبْضُ অর্থ- কব্জা করা। করায়ত্ত করা।

تَرْضَوْنَ : **তোমরা পছন্দ কর। রাজি হও।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى মূলবর্ণ (ر ـ ض ـ ى) অর্থ- পছন্দ করা; রাজি হওয়া।

اَلشُّهَدَاءِ : **সাক্ষীগণ**। বহুবচন, একবচন- شَهِيْدٌ

تَضِلَّ : **সে বিস্মৃত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ ও سَمِعَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ- বিপথগামী হওয়া। রাস্তা হারিয়ে ফেলা।

تُذَكِّرَ : **সে স্মরণ করিয়ে দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّذْكِيْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- স্মরণ করিয়ে দেওয়া।

دُعُوْا : **তাদেরকে ডাকা হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ- ডাকা; আহ্বান করা।

لَا تَسْئَمُوْا : **তোমরা অলসতা করো না**। তোমরা বিরক্ত হয়ো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ م) মাসদার اَلسَّآمَةُ অর্থ- অলসতা করা; বিরক্ত হওয়া।

اَقْسَطُ : **অধিক ন্যায়সঙ্গত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ س ـ ط) মাসদার اَلْقِسْطُ অর্থ- ইনসাফ করা; ন্যায় বিচার করা।

اَقْوَمُ : **দৃঢ়তর**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (ق ـ و ـ م) বাব نَصَرَ মাসদার اَلْقِيَامُ অর্থ- সোজা দাঁড়ানো; সোজা হওয়া; সঠিক হওয়া।

اَدْنٰى : **অধিক নিকটতর**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ- নিকটবর্তী হওয়া।

لَا تَرْتَابُوْا : **তোমরা সন্দেহ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلْاِرْتِيَابُ অর্থ- সন্দেহ পোষণ করা।

تِجَارَةً : **ব্যবসা**। এটি মাসদার, বাব نَصَرَ।

حَاضِرَةً : **উপস্থিত; নগদ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ ـ نَصَرَ মূলবর্ণ (ح ـ ض ـ ر) মাসদার اَلْحُضُوْرُ অর্থ- উপস্থিত হওয়া।

فَلْيُؤَدِّ : সে যেন প্রত্যার্পণ করে। সীগাহ واحد مذكر تَفْعِيْل বাব امر غائب معروف বহছ غائب মূলবর্ণ (أ ـ د ـ ى) মাসদার اَلتَّادِيَةُ অর্থ- আদায় করা; প্রত্যার্পণ করা।

اُؤْتُمِنَ : যা আমানত রাখা হয়েছে। আমানতকৃত বস্তু। সীগাহ ماضى مجهول বহছ واحد مذكر غائب বাবে اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْتِمَانُ অর্থ- আস্থা রাখা; বিশ্বাস করা।

اَلشَّهَادَةَ : সাক্ষ্য। বহুবচনে- شَهَادَاتٌ ; শব্দটি যদিও বাব سَمِعَ -এর মাসদার, কিন্তু ইসম হিসেবেও ব্যবহৃত হয়। আরেকটি মাসদার হলো شُهُوْدٌ যার অর্থ- উপস্থিত হওয়া; সম্মুখে হওয়া। দৃষ্টির মধ্যে থাকা। দৃষ্টি চাই চাক্ষুস হোক বা অন্তর্দৃষ্টি হোক।

আয়াত : ২৮৪

اِنْ تُبْدُوْا : তোমরা প্রকাশ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْبَدْءُ মূলবর্ণ (ب ـ د ـ أ) অর্থ- প্রকাশ করা। تُبْدُوْا মূলত تُبْدُوْنَ ছিল। اِنْ -এর কারণে জযম অবস্থায় শেষের নূন পড়ে গেছে। শুরুতে اِنْ شَرْطِيَّة আসার কারণে تُخْفُوْنَ -এর نُوْن পড়ে গেছে। ه যমীর وَاحِدْ مذكر غائب মাফউলে বিহী।

تُخْفُوْهُ : তোমরা তা গোপন রাখ। تُخْفُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِخْفَاءُ অর্থ- গোপন রাখা।

يُحَاسِبْكُمْ : তিনি তোমাদের হিসাব গ্রহণ করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف يُحَاسِبُ বাব مُفَاعَلَة মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْمُحَاسَبَةُ অর্থ- হিসাব নেওয়া। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

يَغْفِرُ : তিনি ক্ষমা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ- ক্ষমা করা।

يُعَذِّبُ : তিনি শাস্তি প্রদান করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ- শাস্তি প্রদান করা।

قَدِيْرٌ : সর্বশক্তিমান। এটি সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। قَدِيْرٌ তাকেই বলা হয় যিনি প্রজ্ঞা অনুযায়ী যা ইচ্ছা করেন তাই করেন। এ কারণেই আল্লাহ ব্যতীত কাউকে قَدِيْرٌ বলা যাবে না। তবে قَادِرٌ সকলকে বলা যাবে। -(মুফরাদাতুল কুরআন)

আল্লামা আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ -এর ব্যাখ্যায় লিখেছেন- قَادِرٌ তাকে বলা হয় যিনি ইচ্ছা করলে করেন; ইচ্ছা না করলে করেন না। আর قَدِيْرٌ হলেন যিনি প্রজ্ঞা ও চাহিদা অনুযায়ী যা ইচ্ছা করেন তাই করেন। আল্লাহ ব্যতীত কারো জন্য قَدِيْرٌ শব্দটি খুবই কম ব্যবহার হয়। -(রূহুল মা'আনী)

আয়াত : ২৮৫

مَلٰٓئِكَةِ : ফেরেশতাগণ। একবচন, اَلْمَلَكُ শব্দটি مفرد বা اسم جنس উভয়ই হতে পারে। مَلَكٌ মূলত مَأْلَكٌ ছিল। এর উৎসমূল مَأْلَكٌ অথবা اَلُوْكَةٌ (অর্থাৎ ميم কে যদি মূল অক্ষর ধরা হয় তখন উৎস হবে প্রথমটি। আর যদি مِيْم কে অতিরিক্ত ধরা হয় তখন উৎস হবে দ্বিতীয়টি।) প্রথম হামযা ও লামের স্থানকে পরিবর্তন করে مَأْلَكٌ -কে- مَلْأَكٌ বানানো হয়েছে। অতঃপর হামযাকে সহজ করণার্থে ফেলে দিয়ে مَلَكٌ করা-হয়েছে। -(বগভী)

কতক বিশেষজ্ঞগণের মতে দুনিয়ার বিভিন্ন ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ফেরেশতাদেরকে مَلَكٌ বলা হয়। যেমন জনসাধারণের (রাষ্ট্র পরিচালনার) দায়িত্বে নিয়োজিত ব্যক্তিকে مَلِكٌ বলা হয়। এ ধরনের ফেরেশতাদেরকেই কুরআনের ভাষায় مُدَبِّرَاتٌ (ব্যবস্থাপক) বলা হয়েছে। মূলত ফেরেশতাদের সাধারণ জামাতকে مَلٰٓئِكَة বলা হয়, আর مَلَكٌ বলা হয় مَلٰٓئِكَة -এর মধ্য থেকে বিশেষ ও স্বতন্ত্র দলকে, যারা বিশ্বের কোনো দায়িত্বে নিয়োজিত রয়েছে। -(আল মুফরাদাত)

আল্লামা বায়যাভী (র.) লিখেছেন, مَلٰٓئِكَة শব্দটির উৎসমূল اَلُوْكَةٌ ; مَلَاكٌ অথবা اَلُوْكَةٌ অর্থ হলো বার্তা পৌছানো। আর مَلَاكٌ অর্থ হলো রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা। যেহেতু مَلٰٓئِكَة বা ফেরেশতাগণ

আল্লাহর বিধিবিধানকে বিশ্বাবাসীর সকলের কাছে পৌঁছে দেন এবং সৃষ্টি ও স্রষ্টার মাঝে মাধ্যম হয়ে থাকেন, তদুপরি ফেরেশতাদের উপর বিশ্বের ব্যবস্থাপনার দায়িত্ব নিয়োজিত তাই তাদেরকে مَلَائِكَة বলা যথোপযুক্ত হয়েছে। -(বায়যাভী : وَاِذْ قُلْنَا لِلْمَلَائِكَةِ -এর তাফসীর প্রসঙ্গ)

لَا نُفَرِّقُ : **আমি পার্থক্য করি না।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْرِيْقُ মূলবর্ণ (ف ـ ر ـ ق) অর্থ- পার্থক্য করা।

غُفْرَانَكَ : **আপনার ক্ষমা।** فِعْل مَحْذُوْف-এর কারণে غُفْرَانَكَ মাসদারটি مَنْصُوْب হয়েছে। মূল ইবারত হলো نَسْئَلُكَ غُفْرَانَكَ (আমরা আপনার কাছে ক্ষমা প্রার্থনা করি।) -(জালালাইন) غُفْرَانٌ মাসদার মুযাফ, ك যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ২৮৬

لَا يُكَلِّفُ : **তিনি কাউকে কোনো কষ্টদায়ক দায়িত্ব অর্পণ করেন না।** তিনি বাধ্য করেন না। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব تَفْعِيْل মাসদার تَكْلِيْفٌ মূলবর্ণ (ك ـ ل ـ ف) বাধ্য করা; দায়িত্ব অর্পণ করা।

وُسْعَهَا : **তার সাধ্যাতীত।** وُسْعٌ ইসম, মুযাফ, ها যমীর মুযাফ ইলাইহি।

لَا تُؤَاخِذْنَا : **আমাকে পাকড়াও করবেন না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُؤَاخَذَةُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- পাকড়াও করা; ধরা। نا যমীর মাফঊল।

اِنْ نَسِيْنَا : **যদি আমরা বিস্মৃত হই।** اِنْ হরফে শর্ত। نَسِيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ء) অর্থ- বিস্তৃত হওয়া; ভুলে যাওয়া।

اَوْ اَخْطَأْنَا : **অথবা আমরা ভুল করি।** اَخْطَأْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِخْطَاءُ মূলবর্ণ (خ ـ ط ـ ء) অর্থ- ভুল করা।

لَا تَحْمِلْ : **আপনি চাপিয়ে দিবেন না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ- বহন করা। চাপিয়ে দেওয়া।

اِصْرًا : **ভারি বোঝা।** اِصْرٌ এমন বোঝাকে বলা হয় যা বহন করা কষ্টকর। এখানে উদ্দেশ্য কঠিন কাজ।

لَا تُحَمِّلْنَا : **আমাদের বহন করাবেন না।** تُحَمِّلْ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْمِيْلُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ- বহন করানো। চাপিয়ে দেওয়া। نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী।

طَاقَةَ : শক্তি; ক্ষমতা। ঐ পরিমাণ শক্তি যা থাকলে কঠিন কাজ করা সম্ভবপর হয় তাকে طَاقَةٌ বলা হয়।

আপনি ক্ষমা করুন। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعَفْوُ মূলবর্ণ (ع ـ ف ـ و) অর্থ- ক্ষমা করা।

আপনি ক্ষমা করুন; মাফ করুন। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ- ক্ষমা করা।

আমাদের প্রতি দয়া করুন। اِرْحَمْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سمع মাসদার اَلرَّحْمَةُ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ- অনুগ্রহ করা; দয়া করা। نَا যমীর جَمْع مُتَكَلِّم মাফঊলে বিহী।

مَوْلٰنَا : **আমাদের অভিভাবক।** مَوْلٰى মুযাফ; نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি ; مَوْلٰى অর্থ- পৃষ্ঠপোষক; অভিভাবক। বহুবচনে- مَوَالِىْ

اُنْصُرْنَا : **আমাদেরকে সাহায্য করুন।** اُنْصُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ মূলবর্ণ (ن ـ ص ـ ر) অর্থ- সাহায্য করা। نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী।

اَلْكَافِرِيْنَ : **কাফেরগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ- লুকানো; গোপন করা।

সূরা আলে ইমরান : মদীনায় অবতীর্ণ

আয়াত : ২০০, রুকূ' : ২০

আয়াত : ১

الٓمٓ : **আলিফ – লাম – মীম**। এটিসহ অনেকগুলো সূরার প্রারম্ভে যে বিচ্ছিন্ন বর্ণ দ্বারা গঠিত এক একটি বাক্য উল্লিখিত হয়েছে সেগুলোকে কুরআনের পরিভাষায় 'হুরূফে মুকাত্তা'আত' বলা হয়। এ অক্ষরগুলোর প্রত্যেকটিকে পৃথক পৃথকভাবে সাকিন পড়া হয়। যথা– اَلِفْ . لَامْ . مِيْمْ (আলিফ – লাম – মীম)। কোনো কোনো তাফসীরকার এ হরফগুলোকে সংশ্লিষ্ট সূরার নাম বলে অভিহিত করেছেন। আবার কেউ কেউ বলেছেন যে, এগুলো আল্লাহর নামের তত্ত্ববিশেষ।

অধিকাংশ সাহাবী, তাবেয়ী, এবং আলেমের মধ্যে সর্বাধিক প্রচলিত মত হচ্ছে যে, হুরূফে মুকাত্তা'আতগুলো এমনি রহস্যপূর্ণ যার মর্ম ও মাহাত্ম্য একমাত্র আল্লাহ তা'আলাই জানেন। অন্য কাউকেও এ বিষয়ে জ্ঞান দান করা হয়নি।

এ প্রসঙ্গে ইমাম কুরতুবী (র.) লিখেছেন, হযরত আবূ বকর সিদ্দীক, ওমর, উসমান গনী, আলী, ইবনে মাসউদ (রা.) প্রমুখ সাহাবীগণ এ সম্বন্ধে অভিমত পোষণ করেন যে, এগুলো আল্লাহ তা'আলার রহস্যজনিত বিষয় এবং তার পক্ষ থেকেই অবতীর্ণ। এ বিশ্বাস রেখে এগুলোর তেলাওয়াত করতে হবে। কিন্তু এগুলোর রহস্য উদ্ধারের ব্যাপারে এবং তত্ত্ব সংগ্রহে আমাদের ব্যস্ত হওয়া উচিত নয়। তবে কোনো কোনো আলেম ও বিশেষজ্ঞগণ এ শব্দগুলোর যে অর্থ বর্ণনা করেছেন, সেগুলোকে ভুল প্রতিপন্ন করাও উচিত হবে না। কেননা তারা উপমাস্থলে এবং এগুলোকে সহজবোধ্য করার উদ্দেশ্যেই এসব অর্থ বর্ণনা করেছেন।

আয়াত : ২

اَلْحَيُّ : **চিরঞ্জীব**। সীগাহ واحد مذكر ; সিফাতে মুশাব্বাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ح – ى – ى) মাসদার اَلْحَيَاةُ অর্থ– জীবিত থাকা। বেঁচে থাকা। আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

اَلْقَيُّوْمُ : **সর্বসত্তার ধারক**। সীগাহ واحد مذكر ; মুবালাগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো। এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ৩

نَزَّلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنْزِيْلُ অবতীর্ণ করা।

مُصَدِّقًا : **সত্যসহ**। সত্যায়নকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– সত্যায়ন করা। حَالٌ হওয়ার কারণে মানসূব হয়েছে।

اَلتَّوْرَاةَ : **তাওরাত**। আসমানি কিতাব, যা হযরত মূসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল। আল্লামা যামাখশারী (র.) লিখেছেন– تَوْرَاةٌ ও اِنْجِيْل দুটিই অনারবী শব্দ। মূলত শব্দটি وَرَى الزَّنْد থেকে مُشْتَقّ হয়েছে। যার অর্থ হলো চকমকি কাঠি জ্বলে উঠেছে। আবার اَوْرَيْتُهُ اَنَا আমি তাকে প্রজ্বলিত করেছি। উভয়ভাবেই ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী– اَفَرَاَيْتُمُ النَّارَ الَّتِىْ تُوْرُوْنَ ; ثُلَاثِىْ থেকে মূলবর্ণ হলো وَرَىٰ যা লাযেম, আর رُبَاعِىْ থেকে মূলবর্ণ اَوْرٰى যা মুতা'আদ্দী। আল্লাহ বলেন فَالْمُوْرِيٰتِ قَدْحًا শপথ পাথর ঝেড়ে আগুন নির্গতকারীর। যেহেতু তাওরাত কিতাব হলো এমন নূর বা আলো যা দ্বারা মানুষ বিপথগামিতা থেকে সঠিক পথের সন্ধান পায় তাই এর নামকরণ করা হয়েছে তাওরাত। যেমন আল্লাহ বলেন– وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى وَهٰرُوْنَ الْفُرْقَانَ وَضِيَاۤءً

اَلْاِنْجِيْلَ : **ইঞ্জিল**। আসমানি গ্রন্থ, যা হযরত ঈসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল।

আয়াত : ৪

هُدًى : **পথপ্রদর্শন করা। হেদায়েত করা**। هُدًى মাসদার তবে اسم فاعل তথা هَادِىْ অর্থে ব্যবহৃত হয়েছে। যার অর্থ– পথপ্রদর্শনকারী। বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى)

اَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা।

اَلْفُرْقَانَ : **সত্য-মিথ্যার মধ্যে পার্থক্যকারী**। মাসদার, তবে اسم فاعل তথা فَارِقٌ অর্থে ব্যবহৃত হয়েছে। মূলবর্ণ (ف ـ ر ـ ق)

عَزِيْزٌ : **পরাক্রমশালী; অপরাজেয়, জবরদস্ত, শক্তিশালী**। শব্দটি عِـزَّةٌ থেকে উদ্ভূত فَعِـيْـلٌ -এর ওজনে مُبَالَغَة-এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে এটি কয়েক অর্থে ব্যবহৃত হতে পারে। عَزِيْزٌ হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। (রাগেব) আল্লামা হালীমি (র.)-এর মতে– عَزِيْزٌ হলো এমন সত্তা যার পর্যন্ত পৌঁছা সম্ভব হয় না এবং কোনো অসমীচীন বিষয়ের প্রভাব তার উপর সম্ভব নয়। কেননা আরবি ভাষায় عَزِيْزٌ বলার উদ্দেশ্য হলো তার প্রাচীনতার স্বীকারোক্তি এমনভাবে প্রদান করা যে, সর্বদা চলে আসছে, যাতে সামান্যতম পরিবর্তনেরও সুযোগ নেই। কেউ কেউ এর অর্থ করেছেন, তিনি এত জবরদস্ত যাকে কেউ পরাজিত করতে পারে না। আবার কেউ কেউ অর্থ করেছেন, তিনি এত শক্তিশালী যার কারণে তিনি সকলের উপর প্রাধান্য বিস্তার করেন। আবার কেউ বলেছেন– عَزِيْزٌ এমন সত্তা যার কোনো দৃষ্টান্ত নেই। عَزِيْزٌ আরবি ভাষায় عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ– সুদৃঢ় হওয়া। মূলবর্ণ (ع – ز – ز) আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে , তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্তকাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। যেমন কুরআনে রয়েছে هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ -তিনি বড় প্রজ্ঞাময়। এটি আবার মিশর ও সাবেক গ্রীক সম্রাটের উপাধি বিশেষ। যেমন কুরআনে রয়েছে– يا ايها العزيز مسنا (হে বাদশা! আমাদের উপর দুর্ভিক্ষ নেমে এসেছে।)

ذُو انْتِقَامٍ : **প্রতিশোধ গ্রহণকারী**। ذُوْ মুযাফ اِنْتِقَام মুযাফ ইলাইহি। বাব افتعال -এর মাসদার মূলবর্ণ (ن ـ ق ـ م) অর্থ– প্রতিশোধ গ্রহণ করা।

আয়াত : ৫

لَا يَخْفٰى : **লুক্কায়িত নয়; গোপন নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِخْفَاءُ অর্থ– গোপন করা; লুকানো।

আয়াত : ৬

يُصَوِّرُكُمْ : **তিনি তোমাদের আকৃতি গঠন করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ و ـ ر) মাসদার اَلتَّصْوِيْرُ অর্থ– আকৃতি গঠন করা; ছবি অংকন করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

اَلْاَرْحَامِ : **মাতৃগর্ভ**। জরায়ু। رِحْمٌ -এর বহুবচন। মায়ের উদরের যে অংশে বাচ্চা হয়। আত্মীয়তার অর্থেও ব্যবহৃত হয়। কারণ আত্মীয়-স্বজন একই জরায়ু থেকে সৃষ্টি হয়।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা। চাওয়া।

اَلْعَزِيْزُ : **(সূরা আলে ইমরান, আয়াত : ৪ দ্রষ্টব্য)**

اَلْحَكِيْمُ : **প্রজ্ঞাময়**। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা তিনিই প্রকৃত প্রজ্ঞাময়।

আয়াত : ৭

مُحْكَمٰتٌ : **সুদৃঢ়; অকাট্য**। সীগাহ جمع مؤنث سالم বহছ اسم مفعول একবচন مُحْكَمَةٌ মাসদার اِحْكَامٌ বাব اِفْعَالٌ অর্থ– পাকা করা; সুদৃঢ় করা। مُحْكَمٌ আরবি ভাষার নিয়মাবলি সম্পর্কে সম্যক জ্ঞাত ব্যক্তি যেসব আয়াতের অর্থ সুস্পষ্টরূপে বুঝতে পারে, সেসব আয়াতকে মুহকামাত বলা হয়। আর এরূপ ব্যক্তি যে সব আয়াতের অর্থ স্পষ্টরূপে বুঝতে সক্ষম না হয়, সেসব আয়াতকে মুতাশাবিহাত বলা হয়।
–(মাযহারী, ২য় খণ্ড)

اُمُّ الْكِتٰبِ : **কিতাবের মূল**। উপরে বর্ণিত মুহকাম আয়াতকে উম্মুল কিতাব বলা হয়। (মাযহারী) অথবা উম্মুল কিতাব দ্বারা ঐ সমস্ত আয়াত উদ্দেশ্য যার উপর আহকামের ভিত্তি। –(জালালাইন)

مُتَشٰبِهٰتٌ : **সাদৃশ্যপূর্ণ; অস্পষ্ট**। সীগাহ جمع مؤنث سالم বহছ اسم فاعل মূলবর্ণ (ش ـ ب ـ ه) মাসদার اَلتَّشَابُهُ অর্থ– সাদৃশ্য হওয়া বাব تَفَاعُلٌ। কুরআনের কিছু আয়াত মুতাশাবিহ হওয়ার অর্থ কী? সে সম্পর্কে ইমাম রাগেব (র.) লিখেছেন যে, যে সমস্ত আয়াতের তাফসীর শাব্দিক বা অর্থগত দৃশ্যতার কারণে জটিল হয় সেগুলোকে মুতাশাবিহ বলা হয়।

ফুকাহায়ে কেরামের মতে যদি বাহ্যিকভাবে উদ্দেশ্য বুঝতে না পারা যায় তাকে মুতাশাবিহ বলা হবে। আবুল বাকা (রা.) বলেছেন– إِنَّ الْمُحْكَمَ هُوَ الَّذِىْ لَا يَحْتَمِلُ مِنَ التَّاوِيْلِ اِلَّا وَجْهًا وَاحِدًا لِاَنَّ الْمُحْكَمَ هُوَ الْمُتْقَنُ মুহকাম ঐ সমস্ত আয়াতকে বলা হয় যার শুধুমাত্র একটি অর্থ হয় অন্য কোনো অর্থের সম্ভাবনা থাকে না। কেননা مُحْكَمْ শব্দ مُتْقَنْ -এর সমার্থক। আর মুতাশাবিহ ঐ সমস্ত আয়াতকে বলা হয় যার মধ্যে অনেকগুলো অর্থ হওয়ার সম্ভাবনা থাকে। যার কারণে বক্তার কথা শ্রোতাকে বুঝতে কষ্ট হয়। উল্লেখ্য মুতাশাবিহ তিন প্রকার। ১. শব্দগত সাদৃশ্য। যেমন لَيْسَ كَمِثْلِهِ شَيْئٌ، يَدُ اللّٰهِ فَوْقَ اَيْدِيْهِمْ ইত্যাদি আয়াতসমূহ। ২. অর্থগত সাদৃশ্যতা। যেমন আল্লাহ তা'আলার গুণাবলি সম্পর্কিত আয়াতসমূহ। ৩. শব্দ ও অর্থ উভয় ধরনের সাদৃশ্য। যেমন اُقْتُلُوا الْمُشْرِكِيْنَ، فَانْكِحُوْا مَا طَابَ لَكُمْ، اِتَّقُوا اللّٰهَ حَقَّ تُقَاتِهِ، وَ اتَّقُوا اللّٰهَ مَا اسْتَطَعْتُمْ ইত্যাদি।

زَيْغٌ : **বক্রতা; সত্য-লঙ্ঘনের প্রবণতা**। বাব ضَرَبَ মাসদার اَلزَّيْغُ। মূলবর্ণ (ز ـ ى ـ غ) অর্থ– ভ্রষ্টতা, বক্রতা, বিচ্যুতি, ভ্রান্তি, সংশয়।

فَيَتَّبِعُوْنَ : **তারা অনুসরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

تَشَابَهَ : **এটা সাদৃশ্য হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلْ মূলবর্ণ (ش ـ ب ـ ه) মাসদার اَلتَّشَابُهُ অর্থ– সদৃশ হওয়া।

اِبْتِغَاءَ : **অন্বেষণ করা। তালাশ করা**। বাব اِفْتِعَال মাসদার اَلْاِبْتِغَاءُ। মূলবর্ণ (ب ـ غ ـ ى)

تَاوِيْلِهِ : **তার ব্যাখ্যা**। বাব تَفْعِيْل -এর মাসদার। মূলবর্ণ (أ ـ و ـ ل) ; ه যমীর واحد مذكر غائب ; এর মারজি' مُتَشَابِهْ

اَلرَّاسِخُوْنَ فِى الْعِلْمِ : **জ্ঞানে সুগভীর সকল**। رَاسِخُوْنَ সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ س ـ خ) মাসদার اَلرُّسُوْخُ অর্থ– সুদৃঢ় হওয়া; মজবুত হওয়া; পাকা হওয়া।

يَقُوْلُوْنَ : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

يَذَّكَّرُ : **সে উপদেশ গ্রহণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা। يَذَّكَّرُ মূলত يَتَذَكَّرُ ছিল। ذَالْ কে تَاء এর মধ্যে ইদগাম করে শুরুতে হামযায়ে ওসল আনা হয়েছে।

اُولُو الْاَلْبَابِ : **জ্ঞানীগণ। বোধশক্তি সম্পন্নগণ**। اُولُو শব্দটি খেলাফে কেয়াস ذُوْ -এর বহুবচন। আর اَلْبَابِ শব্দটি لُبٌّ -এর বহুবচন।

আয়াত : ৮

لَا تُزِغْ : **তুমি লঙ্ঘন করো না; বাঁকা করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَال মূলবর্ণ (ز ـ ى ـ غ) মাসদার اَلْاِزَاغَةُ অর্থ– বাঁকা করা; লঙ্ঘন করা।

هَدَيْتَنَا : **তুমি আমাদেরকে সরল পথ প্রদর্শন করেছো** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সরল পথ প্রদর্শন করা। نَا যমীর جمع متكلم মাফঊলেবিহী।

هَبْ لَنَا : **আমাদেরকে দান করুন**। هب সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ه ـ ب) মাসদার اَلْهِبَةُ ও اَلْوَهْبُ অর্থ– দান করা, বখশিশ দেওয়া, উপহার দেওয়া।

اَلْوَهَّابُ : **মহাদাতা। অধিক দানকারী**। এটি বাব فَتَحَ -এর মাসদার وَهْبٌ হতে مُبَالَغَة -এর সীগাহ। আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ৯

جَامِعُ : **একত্রে সমাবেশকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ج ـ م ـ ع) বাব فَتَحَ মাসদার اَلْجَمْعُ অর্থ– একত্র করা; জমা করা। সমবেত করা।

لَا يُخْلِفُ : **তিনি ব্যতিক্রম করেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَال মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ– খেলাফ করা; ব্যতিক্রম করা; বিরোধিতা করা।

اَلْمِيْعَادَ : **ওয়াদা; অঙ্গীকার; প্রতিশ্রুতি**। একবচন, বহুবচন مَوَاعِيْدُ

আয়াত : ১০

لَنْ تُغْنِيَ : **তা কাজে আসবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن درفعل مستقبل বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার معروف اَلْاِغْنَاءُ অর্থ– কাজে আসা; উপকারে আসা।

اَمْوَالُهُمْ : **তাদের ধনৈশ্বর্য**। اَمْوَالٌ শব্দটি مَالٌ -এর বহুবচন। মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি।

اَوْلَادُهُمْ : **তাদের সন্তানগণ**। اَوْلَادٌ শব্দটি وَلَدٌ -এর বহুবচন। মুযাফ: هُمْ যমীর মুযাফ ইলাইহি।

وَقُوْدٌ : **ইন্ধন**। যা দ্বারা আগুন জ্বালানো হয়।

আয়াত : ১১

دَاْبِ : **অভ্যাস। অবস্থা; রসম, রেওয়াজ; প্রথা**। এমন চির অভ্যাস যার উপর সর্বদা থাকা হয়। বাব فَتَحَ -এর মাসদার। মূলবর্ণ (د ـ أ ـ ب) যার অর্থ লাগাতার কোনো কাজে লেগে থাকা ও কষ্ট সহ্য করা। এ কারণেই এর অর্থ করা হয় অভ্যাস।

كَذَّبُوْا : **তারা মিথ্যা মনে করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّكْذِيْبُ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা। মিথ্যা মনে করা।

شَدِيْدُ : **কঠিন; কঠোর; সুদৃঢ়**। বাব ضَرَبَ মাসদার اَلشِّدَّةُ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার شِدَّةٌ থেকে فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। উল্লেখ্য شَدِيْدٌ অর্থ কৃপণও আসে। যেমন– وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ (মানুষ স্বীয় সম্পদের মহব্বতে কৃপণ) তখন তা مَشْدُوْدٌ অর্থে হবে। যেন তা বাঁধা রয়েছে। অথবা اِسْمُ فَاعِلٍ অর্থেও হতে পারে। অর্থাৎ সে তার থলে বেঁধে রেখেছে।

اَلْعِقَابِ : **শাস্তি**। বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। শাস্তি দেওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন عُقُوْبَةٌ – عِقَابٌ – مُعَاقَبَةٌ তিনটি শব্দই শাস্তি প্রদানের জন্য নির্দিষ্ট। তবে আল্লামা আবূ হেলাল আসকারী (র.) লিখেছেন যে, عَذَابٌ ও عِقَابٌ -এর মধ্যে পার্থক্য রয়েছে। যেমন عِقَابٌ হলো শাস্তির যোগ্য হওয়া। عِقَابٌ এ জন্যই বলা হয় যে, অপরাধী অপরাধের কারণে শাস্তির যোগ্য হয়েছে। আর عذاب শাস্তির যোগ্য হওয়া বা না হওয়া উভয়ের জন্যই হতে পারে। মূলত عِقَابٌ অর্থ পিছনে হওয়া। বলা হয় عَقَبَ الثَّانِى الْاَوَّلَ দ্বিতীয়টি প্রথমটির পিছনে হয়েছে। এবং عَقَبَ اللَّيْلُ النَّهَارَ রাত দিনের পিছনে হয়েছে। এ হিসেবে عِقَابٌ এমন শাস্তিকে বলা হয়, যা অপরাধের পরে হয়। তাই عِقَابٌ -এর অর্থ করা উচিত শাস্তির পরিণতি।

আয়াত : ১২

تُغْلَبُوْنَ : **তোমরা পরাজিত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول মূলবর্ণ (غ ـ ل ـ ب) বাব ضَرَبَ মাসদার اَلْغَلَبَةُ অর্থ– প্রাধান্য লাভ করা। বিজয়ী হওয়া।

تُحْشَرُوْنَ : **তোমাদেরকে সমবেত করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার الحشر অর্থ– জমা করা; সমবেত করা।

اَلْمِهَادُ : **ঠিকানা, আবাসস্থল**। একবচন, বহুবচন اَمْهِدَةٌ

আয়াত : ১৩

فِئَتَيْنِ : **দুটি দল; গ্রুপ**। দ্বিচন, বহুবচন فِئَاتٌ একবচনে فِئَةٌ পরস্পর একে অপরকে সাহায্য সহযোগিতা করে এমন দলকে فِئَةٌ বলা হয়।

اِلْتَقَتَا : **তারা দুজন পরস্পর সম্মুখীন হয়েছে**। সীগাহ تثنية مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْتِقَاءُ অর্থ– পরস্পর সম্মুখীন হওয়া; প্রতিদ্বন্দ্বী হওয়া।

تُقَاتِلُ : **সে যুদ্ধ করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْمُقَاتَلَةُ অর্থ– পরস্পর যুদ্ধ করা।

يَرَوْنَهُمْ : **তারা (কাফেররা) তাদেরকে (মুসলমানদেরকে) দেখছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

رَأْىَ الْعَيْنِ : **চোখের দেখায়**। رَأْىَ মুযাফ الْعَيْنِ মুযাফ ইলাইহি। رَأْىَ মাসদার, বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) জিনস মুরাক্কাব مهموز عين ও ناقص يائى অর্থ– দেখা, প্রত্যক্ষ করা

يُؤَيِّدُ : **তিনি শক্তিশালী করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّائِيْدُ মূলবর্ণ (أ ـ ى ـ د) অর্থ- শক্তিশালী করা; সমর্থন করা।

عِبْرَةً : **উপদেশ; শিক্ষা**। একবচন, বহুবচন عِبَرٌ

لِاُولِى الْاَبْصَارِ : **অন্তর্দৃষ্টি সম্পন্ন লোকদের জন্য**। শব্দটি বহুবচন, এর কোনো একবচন নেই। কেউ কেউ বলেন, নিয়ম বহির্ভূতভাবে ذُوْ -এর বহুবচন। রফা' অবস্থায় اُولُوْ এবং নসব এবং জর অবস্থায় اُولِى হয়ে থাকে।

اَلْاَبْصَارِ : **শব্দটি বহুবচন;** একবচন بَصَرٌ **অর্থ- দৃষ্টি; চোখ**। এখানে অন্তর্দৃষ্টি উদ্দেশ্য।

আয়াত : ১৪

زُيِّنَ : **সুশোভিত করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ(ز ـ ى ـ ن) অর্থ- সুশোভিত করা; সজ্জিত করা।

اَلشَّهَوٰتِ : **আসক্তি; প্রবৃত্তি; কামনা; বাসনা**। বহুবচন, একবচনে شَهْوَةٌ বাব نَصَرَ ও سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন, যে জিনিসের প্রতি তোমার আসক্তি হয় তার প্রতি লালসা করাকে شَهْوَةٌ বলা হয়। কখনো যার কামনা করা হয় তাকেও شَهْوَةٌ বলা হয়, আবার লালসার শক্তিকেও شَهْوَةٌ বলা হয়।

اَلنِّسَاءِ : **নারীগণ**। স্ত্রী, আত্মীয়া, মুসলিম নারী, পরিচারিকা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। نِسَاءٌ، نِسْوَةٌ، نِسْوَانٌ، এগুলো বহুবচনের সীগাহ, একবচন হলো مَرْءَةٌ ও اِمْرَأَةٌ; শাব্দিক অর্থ নারী; কিন্তু অবস্থার পরিপ্রেক্ষিতে কোথাও স্ত্রী, কোথাও আত্মীয়া বা পরিচারিকা ইত্যাদি হয়ে থাকে।

اَلْبَنِيْنَ : **সন্তান-সন্ততি**। শব্দটি বহুবচন, একবচনে اِبْنٌ অর্থ- পুত্র, ছেলে, রফা' অবস্থায় بَنُوْنَ এবং সব ও জার অবস্থায় بَنِيْنَ হবে।

اَلْقَنَاطِيْرِ : **স্তূপ; প্রচুর সম্পদ**। বহুবচন, একবচনে-قِنْطَارٌ; শব্দটির শাব্দিক গঠন দ্বারা বুঝা যায় যে, এর অর্থ উচ্চতা হওয়া উচিত। কারণ বড় সেতু, বা উঁচু ইমারতকে قَنْطَرَةٌ বলা হয়। (কামূস) সম্পদকে একস্থানে স্তূপ দিলে তাও উঁচু হয়ে যায় এ কারণেই قِنْطَارٌ অর্থ প্রচুর সম্পদ হয়েছে। কিন্তু প্রচুর সম্পদের পরিমাণ কী? সে সম্পর্কে ওলামায়ে কেরামের বিভিন্ন ধরনের মতামত রয়েছে। যেমন ৪০ আউকিয়া বা হাজার আউকিয়া স্বর্ণ, অথবা হাজার দিনার বা বারোশত দিনার, বা সত্তর হাজার দিনার, আশি হাজার দিনার, ইত্যাদি বিভিন্ন মতামত প্রাচীনকালে বর্ণিত ছিল। সাম্প্রতিক ১০০ রিত্‌ল ওজনকে قِنْطَارٌ বলা হয়। (মু'জাম) ওলামায়ে কেরাম আয়াতের তাফসীর করেছেন প্রচুর সম্পদ।

اَلْمُقَنْطَرَةِ : **স্তূপীকৃত; রাশিকৃত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব فَعْلَلَةٌ মাসদার اَلْقَنْطَرَةُ অর্থ- একত্র করা, স্তূপ করা।

اَلْخَيْلِ : **অশ্ব**। একবচন, বহুবচন خُيُوْلٌ

اَلْمُسَوَّمَةِ : **চিহ্নিত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ(و ـ س ـ م) মাসদার اَلتَّسْوِيْمُ অর্থ- চিহ্নিত করা; চিহ্ন দেওয়া।

اَلْاَنْعَامِ : **গবাদি পশু। চতুষ্পদ জন্তু**। ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদি পশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবে না যতক্ষণ না তার মধ্যে উট অন্তর্ভুক্ত হবে। এটা نَعَمٌ -এর বহুবচন, যার অর্থ মূলত উট; কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষকেও রূপকার্থে اَنْعَامٌ বলা হয়। আরবদের নিকট উট খুবই উন্নতমানের নিয়ামত তাই তাকে اَنْعَامٌ বলা হয়।

مَتَاعُ : সম্পদ, ভোগের সামগ্রী আসবাবপত্র। শব্দটি একবচন, বহুবচনে اَمْتِعَةٌ। মূলবর্ণ (م - ت - ع)

حُسْنُ الْمَاٰبِ : **উত্তম আশ্রয়স্থল**। اَلْمَاٰبُ এটি মাসদার আবার اِسْم زَمَان وَ مَكَان -ও হতে পারে। অর্থাৎ প্রত্যাবর্তন করা; প্রত্যাবর্তনের সময়, প্রত্যাবর্তনস্থল। ইমাম রাগেব (র.) বলেন- اَوْبٌ শব্দটি ইচ্ছাশক্তি সম্পন্ন প্রাণীর জন্য ব্যবহৃত হয়। আর رُجُوْعٌ -এর জন্য ইচ্ছার প্রয়োজন নেই। এখানে প্রত্যাবর্তনস্থল দ্বারা উদ্দেশ্য হলো জান্নাত। -(খাযেন, জালালাইন)

আয়াত : ১৫

أَؤُنَبِّئُكُمْ : **আমি কি তোমাদেরকে সংবাদ দিব? أ** হামযায়ে ইসতিফহাম। اُنَبِّئُ সীগাহ واحد متكلم ; বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْبِئَةُ মূলবর্ণ(ن ـ ب ـ أ) অর্থ- সংবাদ প্রদান করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

اِتَّقَوْا : **তারা তাকওয়া অবলম্বন করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– তাকওয়া অবলম্বন করা; ভয় করা।

جَنّٰتٌ : **জান্নাতসমূহ; উদ্যানসমূহ**। جَنَّةٌ -এর বহুবচন। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, আল্লাহ বহুবচনের সীগাহ ব্যবহার করেছেন, কারণ জান্নাত ৮টি। যথা– ১. জান্নাতুল ফিরদাউস, ২. জান্নাতে আদ্‌ন, ৩. জান্নাতুন নাঈম, ৪. দারুল খুল্‌দ, ৫. জান্নাতুল মাওয়া, ৬. দারুসসালাম, ৭. দারুল কারার, ৮. দারুল মাকাম।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرْىُ ও اَلْجَرْيَانُ অর্থ– প্রবাহিত হওয়া।

اَلْاَنْهَارُ : **নদীসমূহ**। বহুবচন, একবচন نَهَرٌ

خٰلِدِيْنَ : **চিরস্থায়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– চিরস্থায়ী হওয়া। خُلُوْدٌ বলা হয় কোনো কিছু ধ্বংস হওয়া থেকে রক্ষা পাওয়া এবং মূল অবস্থায় বহাল থাকা।

اَزْوَاجٌ : **শব্দটি বহুবচন**, একবচনে, زَوْجٌ ; **অর্থ– সঙ্গিনী** زوج শব্দটি দ্ব্যর্থবোধক শব্দ তথা স্বামী-স্ত্রী উভয়ের জন্য ব্যবহার হয়।

مُطَهَّرَةٌ : **পবিত্র; যাকে পবিত্র করা হয়েছে**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّطْهِيْرُ মূলবর্ণ (ط ـ ه ـ ر) অর্থ– পবিত্রকরণ। طَهَارَةٌ দু'ভাবে হয়। দৈহিক এবং আত্মিক। এখানে مُطَهَّرَةٌ অর্থ– প্রত্যেক নারী সুলভ দৈহিক এবং আত্মিক অপবিত্রতা থেকে পবিত্র করা হয়েছে যাকে।

رِضْوَانٌ : **সন্তুষ্টি**। বাব سَمِعَ মাসদার اَلرِّضٰى । মূলবর্ণ (ر ـ ض ـ ى)

بَصِيْرٌ : **সম্যক দ্রষ্টা**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নাম। একবচন, বহুবচন بُصَرَاءُ

اَلْعِبَادِ : **বান্দাগণ**। বহুবচন, একবচন عَبْدٌ

আয়াত : ১৬

يَقُوْلُوْنَ : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার القول অর্থ– বলা।

اٰمَنَّا : **আমরা ঈমান এনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা। বিশ্বাস স্থাপন করা।

اِغْفِرْ : **তুমি ক্ষমা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা।

ذُنُوْبَنَا : **আমাদের পাপসমূহ**। ذُنُوْبٌ মুযাফ, نَا যমীরে جمع متكلم মুযাফ ইলাইহি।

قِنَا : **আমাদেরকে রক্ষা করুন**। قِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف ; বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْوِقَايَةُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা। نَا যমীরে جمع متكلم মাফউলে বিহী। عَذَابَ النَّارِ, মুযাফ ও মুযাফ ইলাইহি মিলে দ্বিতীয় মাফউল।

আয়াত : ১৮

اَلصّٰبِرِيْنَ : **ধৈর্যধারণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

اَلصّٰدِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা; সত্যবাদী হওয়া। একবচনে صَادِقٌ অর্থ– সত্যবাদী।

اَلْقٰنِتِيْنَ : **বিনীতভাবে। নীরবতার সাথে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– আনুগত্য করা; বিনয়ী হওয়া। একবচনে قَانِتٌ অর্থ– আনুগত্যকারী। قُنُوْتٌ -এর আরেক অর্থ হলো নীরব থাকা। যেমন হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ ও যায়েদ ইবনে আরকাম (রা.) এই অর্থই করেছেন। যায়েদ ইবনে আরকাম (রা.) আরো বলেন, আমরা প্রথমে নামাজের মধ্যে কথাবার্তা বলতাম। পরবর্তীতে এ আয়াত অবতীর্ণ হওয়ার পর আমাদেরকে নামাজে কথাবার্তা বলতে নিষেধ করা হয়েছে। –(বুখারী ও মুসলিম)

اَلْمُنْفِقِيْنَ : ব্যয়কারীগণ। সীগাহ اسم جمع مذكر বহছ اَلْاِنْفَاقُ বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার فاعل অর্থ– ব্যয় করা। একবচনে مُنْفِقٌ অর্থ– ব্যয়কারী।

اَلْمُسْتَغْفِرِيْنَ : ক্ষমা প্রার্থনাকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (غ ـ ف ـ ر) বাব استفعال মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা। একবচনে مُسْتَغْفِرٌ অর্থ– ক্ষমা প্রার্থনাকারী।

اَلْاَسْحَارِ : শব্দটি বহুবচন, একবচনে سِحْرٌ অর্থ– শেষ রাত্র। ভোরের সময়সমূহ।

আয়াত : ১৮

شَهِدَ : তিনি সাক্ষ্য দেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া।

اُولُوا الْعِلْمِ : জ্ঞানীগণ। এখানে উদ্দেশ্য নবী ও মুমিনগণ। اُولُوْ শব্দটি ذُوْ-এর বহুবচন।

قَائِمًا : দণ্ডায়মান। সীগাহ اسم فاعل واحد مذكر বহছ বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

بِالْقِسْطِ : ন্যায়পরায়ণতার সাথে; ইনসাফের সাথে। بَا হরফে জর। اَلْقِسْطُ এটি এমন ইসমে মাসদার যা থেকে কোনো فِعْل উদ্ভূত হয় না। শব্দটি একবচন, বহুবচনে اَقْسَاطٌ অর্থ– অংশ, ভাগ, পরিমাণ, দাড়িপাল্লা, ঋণের কিস্তি। বাব نَصَرَ ও ضَرَبَ-এর মাসদার, মূলবর্ণ (ق – س – ط)। আর এর অর্থ অন্যায় করা; অবিচার করা। বিপরীতার্থক শব্দ।

اَلْعَزِيْزُ : পরাক্রমশালী; অপরাজেয়। শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ-এর ওজনে مُبَالَغَة-এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে عزيز হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। –(রাগেব)

اَلْحَكِيْمُ : প্রজ্ঞাময়। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা তিনিই প্রকৃত প্রজ্ঞাময়।

আয়াত : ১৯

اَلْاِسْلَامُ : ইসলাম। বাব اِفْعَالٌ-এর মাসদার। মূলবর্ণ (س ل ـ م) আনুগত্য করা; মুসলমান হওয়া। আল্লাহর নিকট আত্মসমর্পণ করা এবং তার অনুগত হওয়া। এ অর্থের দিক দিয়ে প্রত্যেক পয়গাম্বরের আমলে যারা তার প্রতি বিশ্বাস স্থাপন করেছে এবং তাদের আনীত বিধি-বিধানের আনুগত্য করেছে, তারা সবাই মুসলমান ও মুসলিম নামে অভিহিত হওয়ার যোগ্য ছিল এবং তাদের ধর্মও ছিল ইসলাম। এ অর্থের দিকে লক্ষ্য করেই হযরত ইবরাহীম (আ.) নিজেকে ও নিজ উম্মতকে 'উম্মতে মুসলিমা' বলেছিলেন– رَبَّنَا وَاجْعَلْنَا مُسْلِمَيْنِ لَكَ وَمِنْ ذُرِّيَّتِنَا اُمَّةً مُّسْلِمَةً لَّكَ মোটকথা প্রত্যেক পয়গাম্বরের আমলে তাঁর আনীত দীনই ছিল দীনে ইসলাম এবং আল্লাহর কাছে গ্রহণযোগ্য। পরে এগুলো একের পর এক রহিত হয়েছে এবং পরিশেষে দীনে মুহাম্মদীই 'ইসলাম' নামে অভিহিত হয়েছে– যা কিয়ামত পর্যন্ত কায়েম থাকবে। –(মা'আরিফুল কুরআন)

শরিয়ত অনুযায়ী اِسْلَامْ দু'প্রকার–

১. অন্তরে বিশ্বাস থাকুক বা না থাকুক, জান-মালের হেফাজতের জন্য মুখে ইসলাম প্রকাশ করা। যেমন– আল্লাহ তা'আলা বলেন, قَالَتِ الْاَعْرَابُ اٰمَنَّا قُلْ لَّمْ تُؤْمِنُوْا وَلٰكِنْ قُوْلُوْا اَسْلَمْنَا (গ্রাম্য লোকেরা বলল, আমরা ঈমান এনেছি। আপনি বলুন, তোমরা ঈমান আননি বরং তোমরা বল, আমরা মুসলমান হয়েছি।) এখানে এ অর্থেই اِسْلَامْ শব্দটি ব্যবহার করা হয়েছে।
২. বাহ্যিকভাবে স্বীকার করুক বা না করুক অন্তরে বিশ্বাস করা। যেমন– আল্লাহ তা'আলা বলেন, وَمَنْ يُّؤْمِنْ بِاٰيٰتِنَا فَهُمْ مُّسْلِمُوْنَ (যারা আমার নিদর্শনের প্রতি বিশ্বাস করে তারা মুসলমান।) এখানে ঈমানকে اِسْلَامْ বলা হয়েছে।

اِخْتَلَفَ : সে মতবিরোধ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

اُوْتُوْا : তাদেরকে দেওয়া হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া, দান করা।

جَاءَهُمْ : সে তাদের কাছে এসেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج ـ ى ـ ء) অর্থ– আসা। هُمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

بَغْيًا : **বিদ্বেষবশত বা হঠকারিতাবশত**। বাব ضَرَبَ মাসদার اَلْبَغْيُ। মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– বিদ্রোহ করা, অবাধ্যতা করা।

يَكْفُرْ : **সে কুফরি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; গোপন করা; লুকানো।

سَرِيْعُ : **দ্রুততাকারী; জলদিকারী**। বাব كَرُمَ-এর মাসদার سُرْعَةٌ থেকে فَعِيْلٌ-এর ওজনে فَاعِلٌ অর্থে সিফাতে মুশাব্বাহর -এর সীগাহ। মূলবর্ণ (س ـ ر ـ ع) আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ হওয়ার অর্থ হলো তাঁর হিসাব অবশ্যই সংঘটিত হবে। অথবা এক হিসাব অন্য হিসাব থেকে এবং এক বস্তু অন্য বস্তু থেকে সরিয়ে নিজের দিকে মশগুল করতে পারে না। অথবা তার কাজ দ্রুত প্রকাশ পায় এবং তিনি যা ইচ্ছা করেন তাতে কোনো বিলম্ব হয় না। সুতরাং সমগ্র সৃষ্টজীব পুনর্জীবন লাভের পর আল্লাহ তা'আলা এক মুহূর্তের মধ্যেই হিসাব নিয়ে নিবেন। তিনি হলেন أَسْرَعُ الْحَاسِبِيْنَ
ইমাম রাগেব (র.) লিখেছেন যে, اِنَّ اللّٰهَ سَرِيْعُ الْحِسَابِ، وَسَرِيْعُ الْعِقَابِ কথাগুলোর অর্থ হলো– এ দিকে ইশারা করা যে, اِنَّمَا اَمْرُهٗ اِذَا اَرَادَ شَيْئًا اَنْ يَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ (তিনি কোনো কিছুর ইচ্ছা করলে তাকে বলেন হয়ে যাও; তখনই তা হয়ে যায়।)

আয়াত : ২০

حَاجُّوْكَ : **তারা তোমার সাথে বিতর্কে লিপ্ত হয়**। সীগাহ جمع مذكر غائب ; واحد مذكر حاضر যমীর ك মাফঊলে বিহী। বহছ ماضي مطلق معروف বাব مفاعلة মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

اَسْلَمْتُ : **আমি আত্মসমর্পণ করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضي مطلق معروف বাব افعال মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আনুগত্য করা; আত্মসমর্পণ করা; ইসলাম গ্রহণ করা।

اِتَّبَعَنِ : **আমার আনুগত্য করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা। اِتَّبَعَنِ মূলত اِتَّبَعَنِىْ ছিল। يَاءُ مُتَكَلِّمٌ কে বিলুপ্ত করা হয়েছে।

اَلْاُمِّيِّيْنَ : **নিরক্ষরগণ**। বহুবচন, একবচনে اُمِّيٌّ এখানে উম্মী দ্বারা মক্কার মুশরিকরা উদ্দেশ্য।

أَأَسْلَمْتُمْ : **তোমরাও কি আত্মসমর্পণ করেছ;? তোমরাও কি অনুগত হয়েছ?** أ হামযায়ে ইসতিফহাম। اَسْلَمْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব افعال মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আত্মসমর্পণ করা; অনুগত হওয়া।

اَسْلَمُوْا : **তারা আত্মসমর্পণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مطلق معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আত্মসমর্পণ করা; আনুগত্য করা; অনুগত হওয়া।

اِهْتَدَوْا : **তারা সঠিক পথ পেয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مطلق معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ– সৎপথ প্রাপ্ত হওয়া; হেদায়েত পাওয়া।

تَوَلَّوْا : **তারা মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مطلق معروف বাব تفعل মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

اَلْبَلٰغُ : **প্রচার করা, পৌছে দেওয়া**। বাব نَصَرَ মাসদার اَلْبُلُوْغُ। মূলবর্ণ (ب ـ ل ـ غ)

আয়াত : ২১

يَقْتُلُوْنَ : **তারা হত্যা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা।

يَأْمُرُوْنَ : **তারা নির্দেশ প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

بَشِّرْهُمْ : **তুমি তাদেরকে সুসংবাদ শুনিয়ে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া। মানুষের বৈশিষ্ট্য হলো যখন তার কাছে কোনো আনন্দদায়ক সংবাদ পৌছে তখন আনন্দের আতিশয্যে তার দেহের রক্ত সঞ্চালন বৃদ্ধি পায়। এ কারণেই এমন সংবাদ শুনানো যা শুনে

মানুষের চেহারায় আনন্দ ও প্রফুল্লতার চিহ্ন প্রকাশ পায় তাকে تَبْشِيْر বলা হয়। উল্লেখ্য যে, تَبْشِيْر শব্দের মাঝে অধিক হারে সুসংবাদ প্রদানের অর্থ বিদ্যমান। তবে কখনো ক্রোধের বহিঃপ্রকাশ এবং তিরস্কার ও উপহাসস্বরূপ এর ব্যবহার দুঃখজনক, মর্মবেদনামূলক ও মন্দ সংবাদ শুনানোর ক্ষেত্রেও হয়ে থাকে। এ অর্থে এর ব্যবহার اِسْتِعَارَه হিসেবে হবে। সুতরাং এখানে تَبْشِيْر বলে اِنْذَار উদ্দেশ্য।

আয়াত : ২২

حَبِطَتْ : **নিষ্ফল হয়েছে; নষ্ট হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ অর্থ- নিষ্ফল হওয়া; বিনষ্ট হওয়া।

اَعْمَالُهُمْ : **তাদের কার্যাবলি; তাদের আমল**। اَعْمَالُ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি। শব্দটি বহুবচন, একবচনে عَمَلٌ অর্থ- কর্ম; শ্রম। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- عَمَلٌ এমন কাজকে বলা হয় যা কোনো প্রাণবিশিষ্ট থেকে স্বেচ্ছায় সংঘটিত হয়। যা فِعْل থেকে اَخَصّ ; কেননা فِعْل -এর নিসবত কখনও জীবজন্তুর দিকেও করা হয় যাদের দ্বারা অনিচ্ছায় কার্য সংঘটিত হয়। আবার কখনো জড় পদার্থের দিকেও فِعْل -এর নিসবত করা হয়। কিন্তু عَمَلٌ -এর নিসবত তাদের দিকে খুবই কম হয়ে থাকে। তাছাড়া عَمَلٌ -এর ব্যবহার ভালো-মন্দ উভয় প্রকারের জন্যও হয়ে থাকে।

نَاصِرِيْنَ : **সাহায্যকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা।

আয়াত : ২৩

اُوْتُوْا : **তাদেরকে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- দেওয়া দান করা।

نَصِيْبًا : **অংশ**। **হিস্যা**। পবিত্র কুরআনে نَصِيْبٌ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন, তাওরাতের জ্ঞানের অংশ; মিরাশের অংশ; মানুষের মধ্য থেকে যে দল শয়তানের অনুসারী। জাহান্নামের শাস্তি ও কষ্টের একাংশ। এখানে তাওরাতের জ্ঞানের অংশ উদ্দেশ্য।

يُدْعَوْنَ : **তারা আহ্বান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার الدعاء অর্থ- আহ্বান করা; ডাকা।

يَتَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নেয়; সে পৃষ্ঠপ্রদর্শন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تفعل মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىُ অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া।

فَرِيْقٌ : **দল; জমাত**। মানুষের দল বা গ্রুপ। فِرْقَةٌ অর্থও দল, তবে فِرْقَةٌ (দল) فَرِيْقٌ থেকে বড় হয়ে থাকে। একবচন, বহুবচন اَفْرِقَةٌ و فُرُوْقٌ

مُعْرِضُوْنَ : **পরাঙ্মুখগণ**। সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ এর صِلَةٌ যদি عَنْ আসে তাহলে অর্থ হয় বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া; পৃষ্ঠ প্রদর্শন করা। যেমন- وَمَنْ اَعْرَضَ عَنْ ذِكْرِىْ "যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়।" অধিক ব্যবহারের ফলে عَنْ ব্যতীতও বিমুখ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

আয়াত : ২৪

لَنْ تَمَسَّنَا : **আমাদেরকে কখনই স্পর্শ করবে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسِيْسُ ও اَلْمَسُّ অর্থ- স্পর্শ করা; ছোঁয়া। نَا যমীর جمع متكلم মাফউলে বিহী।

مَعْدُوْدٰتٍ : **গণনাকৃত**। **গণা; গণা কদিন**। সীগাহ واحدمذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلْعَدُّ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ- গণনা করা।

غَرَّهُمْ : **সে তাদেরকে প্রবঞ্চিত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার اَلْغُرُوْرُ প্রতারণা করা; ধোঁকা দেওয়া। هُمْ যমীর جمع مذكر غائب মাফউল বিহী।

يَفْتَرُوْنَ : **তারা মিথ্যা উদ্ভাবন করেছে; মিথ্যাচার করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ- মিথ্যাচার করা; অপবাদ দেওয়া।

আয়াত : ২৫

وُفِّيَتْ : **পরিপূর্ণভাবে দেওয়া হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْفِيَةُ মূলবর্ণ (و ـ ف ـ ى) পুরোপুরি দেওয়া।

كَسَبَتْ : **সে অর্জন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ অর্থ– মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্জন করা। কামাই করা, লাভ করা।

لَا يُظْلَمُوْنَ : **তাদের প্রতি অবিচার করা হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা, অবিচার করা।

আয়াত : ২৬

تُؤْتِىْ : **তুমি প্রদান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা, দেওয়া।

اَلْمُلْكَ : **রাজত্ব; কর্তৃত্ব; ক্ষমতা**। বহুবচনে مَمَالِيْكُ

تَنْزِعُ : **তুমি কেড়ে নাও; ছিনিয়ে নাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلنَّزْعُ অর্থ– কেড়ে নেওয়া; ছিনিয়ে নেওয়া।

تُعِزُّ : **তুমি সম্মান দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ز ـ ز) মাসদার اَلْاِعْزَازُ অর্থ– সম্মান প্রদান করা; সম্মানিত করা।

تُذِلُّ : **তুমি অপদস্থ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ ـ ل ـ ل) মাসদার اَلْاِذْلَالُ অর্থ– হীন করা; অপদস্থ করা।

আয়াত : ২৭

تُوْلِجُ : **তুমি প্রবেশ করাও; পরিণত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ل ـ ج) মাসদার اَلْاِيْلَاجُ অর্থ– প্রবেশ করানো; পরিণত করা।

اَلنَّهَارِ : **দিবস। ইসমে জিন্‌স, মারেফা, মাজরূর**। কোনো কোনো ভাষাবিদ نَهَارٌ-এর বহুবচন اَنْهُرٌ و نُهُرٌ লিখেছেন, সম্ভবত তাদের মতে نَهَارٌ ইসমে মুফরাদ।

اَللَّيْلِ : **রাত, রজনী**। ইসমে জিনস, মারেফা, মানসূব। একবচনে لَيْلَةٌ যেমন– تَمْرَةٌ (কামূস)।

تُخْرِجُ : **তুমি আবির্ভাব ঘটাও; তুমি বের কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفعال মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; স্থানচ্যুত করা, অপসারণ করা।

اَلْحَىَّ : **জীবন্ত**। একবচন, বহুবচন اَلْاَحْيَاءُ

اَلْمَيِّتَ : **মৃত**। একবচন, বহুবচন, مَيِّتُوْنَ ও مَوْتٰى

تَرْزُقُ : **তুমি জীবনোপকরণ দান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা প্রদান করা।

আয়াত : ২৮

لَا يَتَّخِذْ : **সে যেন গ্রহণ না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– গ্রহণ করা; লাভ করা, দখল করা।

اَوْلِيَاءَ : **বন্ধু। সাহায্যকারী**। শব্দটি বহুবচন, একবচনে وَلِىٌّ

تَتَّقُوْا : **তোমরা সতর্কতা অবলম্বন কর; তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সতর্কতা অবলম্বন করা; পরিহার করা; সংযত হওয়া। কখনো কখনো বাব ضَرَبَ থেকে تُقًى মাসদার ও ব্যবহার হয়। অর্থ বেঁচে থাকা, হেফাজত করা। تَتَّقُوْا মূলত تَتَّقُوْنَ ছিল। শুরুতে اِنْ আসার কারণে নূন পড়ে গেছে।

تُقٰةً : **আত্মরক্ষা**। মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– বিরত থাকা, আত্মরক্ষা করা।

يُحَذِّرُكُمْ : **তিনি সাবধান করছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلتَّحْذِيْرُ অর্থ– ভয় প্রদর্শন করা, সাবধান করা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

اَلْمَصِيْرُ : **প্রাত্যাবর্তনস্থল**। ظَرْف مَكَان ও মাসদার। মূলবর্ণ (ص ـ ى ـ ر) অর্থ– প্রত্যাবর্তনস্থল; ঠিকানা; নিবাস। কখনো কখনো صَارَ- يَصِيْرُ বাব ضَرَبَ থেকে ও ব্যবহার হয়। অর্থ– এ আস্থা হতে অন্য আস্থার দিকে ফিরে যাওয়া।

আয়াত : ২৯

تُخْفُوْا : তোমরা গোপন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِخْفَاءُ অর্থ- লুকানো; গোপন করা। تُخْفُوْا মূলত تُخْفُوْنَ ছিল। শর্তের اَنْ শুরুতে আসার কারণে ن পড়ে গেছে।

صُدُوْرِكُمْ : তোমাদের অন্তর। বহুবচন, একবচন صَدْرٌ অর্থ- সিনা; বক্ষ। كُمْ যমীর মুযাফ ইলাইহি।

تُبْدُوْهُ : তোমরা তা প্রকাশ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ أ) মাসদার اَلْاِبْدَاءُ ; اَنْ تُخْفُوْا -এর উপর আত্ফ হয়েছে তাই اَنْ -এর কারণে ن পড়ে গেছে। ه যমীর মাফউল।

يَعْلَمُ : তিনি জানেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

আয়াত : ৩০

تَجِدُ : সে পাবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوَجْدُ ও اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া। উল্লেখ্য পাওয়া কয়েকভাবে হতে পারে। ১. স্পর্শ করা, আস্বাদন করা, ঘ্রাণ নেওয়া ও দর্শন দ্বারা কোনো কিছু অনুভব করা। বলা হয় আমি তার কোমলতা, স্বাদ, সুঘ্রাণ বা আকৃতি পেয়েছি, অর্থাৎ স্পর্শ করে, আস্বাদন করে, ঘ্রাণ নিয়ে বা দেখে তা উপলব্ধি করেছি। ২. বাতেনী অদৃশ্যভাবে অনুভব করা ও প্রভাবিত হওয়া। যেমন খুশি বা দুঃখ অনুভব করা। বলা হয় আমি দুঃখ পেয়েছি। ৩. জ্ঞান দ্বারা কোনো কিছুর ইলম অর্জন করা। যেমন আল্লাহর জাত, সিফাত এবং নবীদের নবুওয়াতি পাওয়া। অর্থাৎ এ সমস্ত জিনিসের মারেফাত অর্জন করা। এ তিনটিই মানুষের জন্য ব্যবহৃত হয়। যদি মানুষ কোনো কিছু পায় তখন তার অর্থ এই হয়। কিন্তু আল্লাহ তা'আলা যদি কোনো কিছু পান তখন তার পাওয়া একটু ভিন্ন ধরনের। সেখানে না জাহেরী বা বাতেনী অনুভব করা হয়, আর না জ্ঞান ও চিন্তা ইত্যাদি সেখানে থাকে। তাই সেখানে ক্ষমতার অর্থে ব্যবহার হবে।

مَا عَمِلَتْ : সে যা করে। ما ইসমে মাউসূল। عملت সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা।

مُحْضَرًا : বিদ্যমান; উপস্থিত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মূলবর্ণ (ح ـ ض ـ ر) বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْضَارُ অর্থ- উপস্থিত করা; হাজির করা।

تَوَدُّ : সে কামনা করে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوُدُّ অর্থ- কামনা করা; চাওয়া; আশা করা।

اَمَدًا بَعِيْدًا : দূর ব্যবধান। اَمَدٌ শব্দটি একবচন অর্থ- মেয়াদকাল, সময়, সীমা, দূরত্ব; ব্যবধান; পরিধি। বহুবচন اٰمَادٌ। উল্লেখ্য اَبَدٌ ও اَمَدٌ উভয়টি কাছাকাছি অর্থবোধক শব্দ। পার্থক্য শুধু এতটুকু যে, اَبَدٌ অনির্দিষ্ট ও অসীম কালের জন্য ব্যবহৃত হয় আর اَمَدٌ সীমিত; কিন্তু অনির্দিষ্ট কালের জন্য ব্যবহৃত হয়। তবে اَمَد كَذَا বলে তাকেও নির্দিষ্ট করা যায়। আবার اَمَد ও اَبَدًا -এর মাঝে পার্থক্য হলো اَمَد -এর ব্যবহার হয় শুধুমাত্র غَايَتْ তথা বস্তুর মেয়াদ শেষ হওয়ার দিক থেকে আর اَبَدًا শব্দটি শুরু ও শেষ উভয়টি বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

يُحَذِّرُكُمْ : তিনি তোমাদেরকে সাবধান করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلتَّحْذِيْرُ অর্থ- সতর্ক করা; সাবধান করা; ভয় দেখানো। كُمْ যমীর মাফঊলে বিহী।

رَءُوْفٌ : অত্যন্ত দয়ার্দ্র। বাব فَتَحَ মাসদার اَلرَّأْفَةُ থেকে فَعُوْلٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। অর্থ- অত্যন্ত দয়ালু, অত্যন্ত মেহেরবান।

আয়াত : ৩১

قُلْ : তুমি বল। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

تُحِبُّوْنَ : তোমরা ভালোবাস। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ- ভালোবাসা; মহব্বত করা; প্রেম করা।

فَاتَّبِعُوْنِىْ : **তাহলে তোমরা আমার অনুসরণ কর।** فا হরফে জাযাইয়্যাহ। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; نون وقاية ও ইয়ায়ে মুতাকাল্লিম মাফউলে বিহী।

يُحْبِبْكُمْ : **তিনি তোমাদেরকে ভালোবাসবেন।** يُحْبِبُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা; মহব্বত করা। كُمْ যমীরটি মাফউলেবিহী।

আয়াত : ৩২

اَطِيْعُوْا : **তোমরা অনুগত হও। আনুগত্য কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা, মান্য করা।

فَاِنْ تَوَلَّوْا : **আর যদি তারা মুখ ফিরিয়ে নেয়।** تَوَلَّوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা।

আয়াত : ৩৩

اِصْطَفٰى : **তিনি মনোনীত করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِفَاءُ অর্থ– মনোনীত করা, নির্বাচিত করা।

আয়াত : ৩৪

ذُرِّيَّةً : **সন্তান-সন্ততি।** মূলত ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট বড় সকলের জন্যই তা ব্যবহৃত হয়। শব্দটি যদিও একবচন; কিন্তু একবচন, বহুবচন সবকিছুর জন্যই ব্যবহৃত হয়। বহুবচনে– ذُرِّيَّاتٌ ও ذَرَارِىْ

আয়াত : ৩৫

اِمْرَاَتُ عِمْرَانَ : **ইমরানের স্ত্রী।** তিনি হযরত মারইয়াম (আ.)-এর মাতা এবং হযরত ঈসা (আ.)-এর নানী ছিলেন। তাঁর নাম হান্নাহ। শব্দটি ইবরানী। হযরত আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত আছে, হযরত হান্নাহ মারইয়াম (আ.)-কে প্রসব করেছেন এবং হযরত মারইয়াম (আ.) হযরত ঈসা (আ.)-কে প্রসব করেছেন। মে'রাজের প্রসিদ্ধ হাদীসে রাসূল ﷺ হযরত ইয়াহইয়া ও হযরত মারইয়াম (আ.) পরস্পরকে খালাতো ভাই বোন বলে সম্বোধন করেছেন। এ দ্বারা বুঝা যায় যে, তিনি হযরত ইয়াহইয়া (আ.) -এর খালা ছিলেন। তিনি একজন সৎ ও ধর্মপরায়ণ নারী ছিলেন। তিনি আল্লাহর কাছে একটি পুত্র সন্তানের জন্য দোয়া করেছিলেন। আল্লাহ তাকে একটি কন্যা সন্তান দান করেন। আর এ কন্যা সন্তানই হলেন হযরত মারইয়াম (আ.)।

نَذَرْتُ : **আমি মানত করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلنَّذْرُ অর্থ– মানত করা, মানত মানা।

مُحَرَّرًا : **আজাদকৃত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ ر) মাসদার اَلتَّحْرِيْرُ অর্থ– আজাদ করা; মুক্ত করা।

فَتَقَبَّلْ : **সুতরাং তুমি কবুল কর।** تَقَبَّلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلتَّقَبُّلُ অর্থ– কবুল করা; গ্রহণ করা।

আয়াত : ৩৬

وَضَعْتُ : **সে প্রসব করেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– প্রসব করা; রাখা।

وَضْعٌ -এর একাধিক অর্থ হতে পারে।

১. নিচে নামিয়ে রাখা। যেমন– وَضَعَ الْحَمْلَ (সে বোঝা নিচে নামিয়ে রাখল)।
২. সন্তান প্রসব করা। যেমন– وَضَعْتُهَا (আমি তাকে প্রসব করেছি)।
৩. সৃষ্টিকরা। যেমন– وَضَعَ الْاَرْضَ (আল্লাহ জমিন সৃষ্টি করেছেন)।
৪. কায়েম করা, স্থাপন করা। যেমন– اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ (নিশ্চয় প্রথম ঘর যা মানুষের জন্য স্থাপন করা হয়েছে)।

سَمَّيْتُهَا : **আমি তার নাম রেখেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নামকরণ করা। নাম রাখা। هَا যমীর واحد مؤنث غائب মাফউলে বিহী।

مَرْيَمَ : **মারইয়াম**। এটি সুরিয়ানী শব্দ। যার অর্থ- সেবিকা; পরিচারিকা। -(কাশশাফ) তাঁর মায়ের নাম ছিল হাননাহ এবং পিতার নাম ইমরান। তাঁর নবী হওয়ার ব্যাপারে মতবিরোধ রয়েছে। আহলে সুন্নাত ওয়াল জামাতের আকিদা মতে কোনো মহিলা নবী হননি। তবে শৈশবকাল থেকেই তাঁর কারামত প্রকাশ পাওয়া ও তাঁর ওলী হওয়ার ব্যাপারে কারো কোনো দ্বিমত নেই। শিশুকালে তাঁকে জান্নাতের ফল সরবরাহ করা হতো। সঠিক মত অনুযায়ী তিনি ছিলেন চিরকুমারী। তার গর্ভেই আল্লাহ তা'আলা পিতা ছাড়া হযরত ঈসা (আ.) -কে জন্ম দেন।

أُعِيذُهَا : **আমি তার জন্য তোমার আশ্রয় প্রার্থনা করছি।** সীগাহ **مضارع معروف** বহছ **واحد متكلم** বাব **إِفْعَالٌ** মূলবর্ণ (ع - و - ذ) মাসদার **اَلْإِعَاذَةُ** অর্থ- আশ্রয় প্রার্থনা করা। **هَا** যমীর **واحد مؤنث غائب** মাফঊলে বিহী।

اَلرَّجِيْمِ : **অভিশপ্ত, বিতাড়িত**। সীগাহ **واحد** বহছ **اسم فاعل** বাব **نَصَرَ** মূলবর্ণ (ر - ج - م) মাসদার **اَلرَّجْمُ** অর্থ- পাথর নিক্ষেপ করা, প্রস্তরাঘাত করা। রূপকার্থে- অপবাদ দেওয়া; অনুমান করে কথা বলা।

আয়াত : ৩৭

تَقَبَّلَهَا : **তিনি তাকে কবুল করলেন**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضي معروف** বাব **تَفَعُّلٌ** মূলবর্ণ (ق - ب - ل) মাসদার **اَلتَّقَبُّلُ** অর্থ- কবুল করা; গ্রহণ করা। **هَا** যমীর **واحد مؤنث غائب** মাফঊলে বিহী।

قَبُوْلٍ : **কবুল করা; গ্রহণ করা**। বাব **سَمِعَ**-এর মাসদার। পছন্দনীয়তার সাথে গ্রহণ করা। এ অর্থ অনুযায়ী পূর্ব দিক থেকে প্রবাহিত বাতাসকেও **قَبُوْلٌ** বলা হয়। তবে এখানে প্রথম অর্থই উদ্দেশ্য। সম্মুখ দিক থেকে নেওয়া দ্বারা পছন্দনীয়তাকে বুঝায়। আর পিছন দিক থেকে নেওয়া অপছন্দনীয়তাকে বুঝায়। এ কারণেই **قَبُوْلٌ** অর্থ- পছন্দনীয়তার সাথে গ্রহণ করা।

أَنْبَتَهَا : **তিনি তাকে লালন-পালন করেন**। তাকে বৃদ্ধি করেন। সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضي مطلق معروف** বাব **إِفْعَالٌ** মূলবর্ণ (ن - ب - ت) মাসদার **اَلْإِنْبَاتُ** অর্থ- প্রতিপালন করা; লালন-পালন করা; বৃদ্ধি করা। **إِنْبَاتٌ**-এর ব্যবহার প্রাণী ও উদ্ভিদ উভয় প্রকারের উৎপাদনের ক্ষেত্রেই হয়ে থাকে।

حَسَنًا : **ভালোভাবে, উত্তমরূপে**। সীগাহ **واحد** বহছ **صفت مشبه** বাব **كَرُمَ** মূলবর্ণ (ح - س - ن) মাসদার **اَلْحُسْنُ** অর্থ- খুশি এবং পছন্দের বস্তুকে **حَسَنٌ** বলা হয়। তা তিন প্রকার: ১. যা বিবেকের কাছে সুন্দর। ২. নিজের কাছে সুন্দর। ৩. যা অনুভূতির কাছে সুন্দর এবং উত্তম। **نَبَاتًا حَسَنًا** অর্থ- উত্তম রূপে লালন-পালন করলেন। এখানে **صِفَتْ** ও **مَوْصُوْف** মিলে **مَفْعُوْل مُطْلَق** হয়েছে।

كَفَّلَهَا : **তাকে তার (যাকারিয়ার) তত্ত্বাবধানে দিলেন।** সীগাহ **واحد مذكر غائب** বহছ **ماضى مطلق معروف** বাব **تَفْعِيْل** মূলবর্ণ (ك - ف - ل) মাসদার **اَلتَّكْفِيْلُ** অর্থ- তত্ত্বাবধায়ক হওয়া। **هَا** যমীর **واحد مؤنث غائب** মাফঊলে বিহী।

اَلْمِحْرَابَ : **কক্ষ; মসজিদের মিহরাব; ঘরের সবচেয়ে উত্তম ও সম্মুখের স্থান**। বহুবচনে **محاريب**; মসজিদের মিহরাবও যেহেতু সবচেয়ে উত্তম এবং তা সম্মুখে হয়ে থাকে তাই তাকে মিহরাব বলা হয়। অথবা তা শয়তান ও নফসের সাথে যুদ্ধ করারও স্থান অথবা মিহরাবে উপবিষ্ট ব্যক্তি যাবতীয় দুনিয়াবি চিন্তা, পেরেশানি ও কর্মব্যস্ততা থেকে পালিয়ে একাগ্র হয়ে সেখানে বসে তাই তাকে মিহরাব বলা হয়। -(মু'জাম)

يَرْزُقُ : **তিনি রিজিক প্রদান করেন**। সীগাহ **واحد مذكر غائب** বহছ **مضارع معروف** বাব **نَصَرَ** মাসদার **اَلرِّزْقُ** মূলবর্ণ (ر - ز - ق) অর্থ- জীবনোপকরণ দেওয়া; রিজিক দেওয়া।

আয়াত : ৩৮

هُنَالِكَ : **তখন**। এটা ইসমে যরফ **زمان** ও **مكان** উভয়টি ব্যবহার হয়। অর্থ- এই স্থান, এই সময়।

قَائِمٌ : **দণ্ডায়মান**, সীগাহ **واحدمذكر** বহছ **اسم فاعل** বাব **نَصَرَ** মাসদার **اَلْقِيَامُ** মূলবর্ণ (ق - و - م) অর্থ- দণ্ডায়মান হওয়া, প্রতিষ্ঠিত হওয়া।

دَعَا : **তিনি প্রার্থনা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (د - ع - و) মাসদার اَلدُّعَاءُ অর্থ- প্রার্থনা করা; ডাকা; আহ্বান করা।

زَكَرِيَّا : **বিশিষ্ট নবী হযরত যাকারিয়া** (আ.)। বনী ইসরাইলদের নবীগণের মধ্যে তিনি অত্যন্ত সম্মানিত নবী ছিলেন। তিনি হযরত ইয়াহইয়া (আ.) -এর পিতা ছিলেন। হযরত ঈসা (আ.)-এর মাতা হযরত মারইয়াম (আ.)-এর তত্ত্বাবধানের দায়িত্ব তারই উপর ন্যস্ত ছিল, কারণ তিনি তার খালু ছিলেন। মুসনাদে আহমদ, মুসলিম ও ইবনে মাজায় হযরত আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত হয়েছে, রাসূল ﷺ বলেছেন, হযরত যাকারিয়া (আ.) কাঠমিস্ত্রি ছিলেন। এটি অনারবী শব্দ তাই عَلَمِيَّة ও عُجْمَه -এর কারণে غير منصرف

هَبْ : **তুমি দান কর।** সীগাহ امر واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (و - ه - ب) মাসদার الهبة অর্থ- দান করা; বখশিশ করা।

طَيِّبَةً : **সৎ; পবিত্র।** সীগাহ صفة واحد مؤنث বহছ صفة مشبه বাব ضرب মাসদার মূলবর্ণ (ط - ى - ب) اَلطِّيْبَةُ অর্থ- শ্রেষ্ঠত্ব; মহত্ব; সদগুণ।

আয়াত : ৩৯

نَادَتْهُ : **তিনি তাকে আহ্বান করলেন।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ن - د - ى) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ- ডাকা; আহ্বান করা।

يُبَشِّرُكَ : **তিনি তোমাকে সুসংবাদ প্রদান করছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب - ش - ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ- সুসংবাদ প্রদান করা। ك যমীর মাফঊলে বিহী।

يَحْيٰى : **হযরত ইয়াহইয়া** (আ.)। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مثبت বাব سَمِعَ মাসদার اَلْحَيَاةُ মূলবর্ণ (ح - ى - ى) অর্থ- জীবিত থাকে। হযরত মারইয়াম (আ.)-এর খালাতো ভাই এবং হযরত যাকারিয়া (আ.)-এর পুত্র, বিশিষ্ট নবী যিনি হযরত যাকারিয়া (আ.)-এর বার্ধক্যের সময় শুধুমাত্র আল্লাহর অনুগ্রহে বাহ্যিক উপকরণ ব্যতিরেকেই অলৌকিকভাবে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর এ নাম আল্লাহ তা'আলা নিজেই রেখেছেন এবং বলেছেন ইতঃপূর্বে আমি এ নাম আর কারো রাখিনি।

مُصَدِّقًا : **সমর্থক; সত্যায়নকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ص - د - ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ- সত্যায়ন করা; সমর্থন করা।

حَصُوْرًا : **স্ত্রী-বিরাগী।** حَصْرٌ থেকে فَعُوْلٌ -এর ওজনে مُبَالَغَة -এর সীগাহ। যে স্ত্রীর কাছে গমন করে না। স্ত্রী থেকে দূরে থাকাটা চাই নপুংসকতাহেতু বা সংযমহেতু যে কোনো কারণেই হোক তাকে حَصُوْر বলা হয়। আয়াতে দ্বিতীয় অর্থ উদ্দেশ্য। কারণ এখানে প্রশংসার স্থলে বলা হয়েছে।

আয়াত : ৪০

غُلَامٌ : **শব্দটি একবচন, অর্থ- বালক; পুত্র; যুবক।** বহুবচন غِلْمَانٌ (রাগেব ও রাযী) বহুবচন- اَغْلِمَةٌ وَغِلْمَةٌ -ও আসে। -(কামূস) হযরত খিযির ও মূসা (আ.) -এর ঘটনায় غُلَامٌ দ্বারা যুবক উদ্দেশ্য। (রাযী)

بَلَغَنِيَ : **আমার কাছে পৌঁছেছে।** بَلَغَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْبُلُوْغُ মূলবর্ণ (ب - ل - غ) পৌঁছা; আসা। نِىْ মাফঊলেবিহী।

اَلْكِبَرُ : **বার্ধক্য।** ইসমে মাসদার। অর্থ- বয়স বেশি হওয়া।

عَاقِرٌ : **বন্ধ্যা নারী।** বহুবচন عُقُرٌ ও عَوَاقِرُ

আয়াত : ৪১

اِجْعَلْ لِّيْ : **আমার জন্য বানাও; আমাকে দাও।** اِجْعَلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج - ع - ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো। لِىْ মাফঊলে বিহী।

اٰيَةً : **নিদর্শন; চিহ্ন।** একবচন, বহুবচন اٰيَاتٌ

أَنْ لَا تُكَلِّمَ : **যে তুমি কথা বলবে না**। لَا تُكَلِّمَ সীগাহ مضارع معروف منفى বহছ واحد مذكر حاضر বাব تَفْعِيل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ অর্থ- কথা বলা।

رَمْزًا : **ইঙ্গিত; ইশারা**। বহুবচন رُمُوْزٌ ইমাম রাগেব (র.) লিখেছেন- رَمْزٌ অর্থ- ঠোঁট দ্বারা ইশারা করা। তাছাড়া ইঙ্গিতের ন্যায় যে কোনো কথাকেও رَمْز বলা হয়। বাব نَصَرَ থেকে মাসদার হলে অর্থ হবে- ইঙ্গিত করা, ইশারা করা।

اُذْكُرْ : **তুমি স্মরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা, ইশারা করা।

سَبِّحْ : **পবিত্রতা ঘোষণা কর; তাসবীহ পাঠ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيل মূলবর্ণ (س ـ ب ـ ح) মাসদার اَلتَّسْبِيْحُ অর্থ- পবিত্রতা বর্ণনা করা।

اَلْعَشِيِّ : **সন্ধ্যা; রাতের প্রথম অংশ**। একবচন- عَشِيَّةٌ বহুবচন عَشَايَا

اَلْاِبْكَارِ : **প্রভাত**। প্রত্যুষ। দিনের প্রথম অংশ। এটি বাব اِفْعَال -এর মাসদার। অর্থ- সকালে আসা। মূলবর্ণ (ب - ك - ر)

আয়াত : ৪২

اِصْطَفٰكِ : **তিনি তোমাকে মনোনীত করেছেন**। اِصْطَفٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ص ـ ف ـ و) মাসদার اَلْاِصْطِفَاءُ অর্থ- মনোনীত করা; পছন্দ করা। ك যমীর মাফউলে বিহী।

طَهَّرَكِ : **তিনি তোমাকে পবিত্র করেছেন**। طَهَّرَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ অর্থ- পবিত্র করা। ك যমীর মাফউলে বিহী। এখানে সম্বোধিত হলেন হযরত মারইয়াম (আ.) তাই مؤنث -এর যমীর আনা হয়েছে।

আয়াত : ৪৩

اُقْنُتِىْ : **তুমি অনুগত হও**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ- ইবাদত করা; অনুগত হওয়া।

اُسْجُدِىْ : **তুমি সেজদা কর**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ- সেজদা করা। ইবাদত করা।

اِرْكَعِىْ : **তুমি রুকূ' কর**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ك ـ ع) মাসদার الركوع অর্থ- রুকু করা।

আয়াত : ৪৪

اَنْبَاءِ : **সংবাদসমূহ**। এটি نَبَأٌ -এর বহুবচন। যা দ্বারা বড় ধরনের উপকার, দৃঢ় বিশ্বাস ও প্রবল ধারণা অর্জিত হয় তাকে نَبَأٌ বলা হয়। যেমন আল্লাহ ও রাসূল (স.) থেকে বর্ণিত সংবাদসমূহ ইত্যাদি। আর যে সংবাদে এ বিষয়সমূহ থাকে না তাকে نَبَأٌ বলা হয় না। কেননা কোনো সংবাদ যতক্ষণ পর্যন্ত তা মিথ্যার সম্ভাবনা থেকে মুক্ত না হবে ততক্ষণ পর্যন্ত তা نَبَأٌ বলার উপযুক্ত নয়।

نُوْحِيْهِ : **আমি তার প্রতি ওহী প্রেরণ করছি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ- ওহী প্রেরণ করা; ওহী দ্বারা অবহিত করা।

يُلْقُوْنَ : **তারা নিক্ষেপ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার الالقاء অর্থ- নিক্ষেপ করা; ঢেলে দেওয়া।

اَقْلَامَهُمْ : **তাদের কলম**। اَقْلَامٌ শব্দটি قَلَمٌ -এর বহুবচন, اَقْلَامَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি।

يَكْفُلُ : **সে তত্ত্বাবধান করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ ও كَرُمَ মাসদার اَلْكُفُوْلُ - اَلْكَفْلُ - اَلْكَفَالَةُ মূলবর্ণ (ك ـ ف ـ ل) অর্থ- তত্ত্বাবধায়ক হওয়া; লালন পালন করা।

يَخْتَصِمُوْنَ : **তারা ঝগড়া করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِخْتِصَامُ মূলবর্ণ (خ ـ ص ـ م) অর্থ- ঝগড়া করা।

আয়াত : ৪৫

كَلِمَةٍ : **একটি কালিমা, একটি কবিতাকেও** كَلِمَة **বলা হয়**। كَلَامٌ ও পূর্ণ কাসিদাকেও كَلِمَة বলা হয়।

আবার كَلِمَةً - حَرْف ও فِعْل-اِسْم -কেও বলা হয়। শেষোক্তটির বহুবচন كَلِمٌ এবং প্রথমোক্তটির বহুবচন আসে كَلِمَاتٌ -(কামূস) এখানে كَلِمَةً দ্বারা হযরত ঈসা (আ.)-এর জন্মের দিকে ইঙ্গিত করা হয়েছে। তাঁকে كَلِمَةً বলার কারণ হলো যেহেতু তাকে পিতা ব্যতীত কেবলমাত্র كُنْ শব্দ দ্বারা সৃষ্টি করা হয়েছে। তাই তাকে كَلِمَةُ اللّٰهِ বলা হয়। তাছাড়া যখন তিনি দুগ্ধপোষ্য শিশু তখনো তিনি কথা বলেছিলেন। এটাও তাকে كَلِمَةُ اللّٰهِ বলার কারণ।

مَسِيْحُ : **হযরত ঈসা ইবনে মারইয়ামের নাম**। শব্দটি ইবরানী ভাষায় مَسِيْحًا ছিল। যার অর্থ- বরকতময়। -(রূহুল মা'আনী) ইমাম রাগেব (র.) লিখেছেন মূলত مَمْسُوحًا ছিল অথবা مَسِيْح ; অর্থ হলো- যে হাত বুলায়। রোগীর উপর হাত বুলিয়ে হযরত ঈসা (আ.) রোগীকে রোগমুক্ত করতেন- তাই এ অর্থে তাকে মাসীহ বলা হতো। -(আল-কুরআনুল কারীম ই. ফা. বা.)

وَجِيْهًا : **সম্মানিত**। **বাব** كَرُمَ -এর মাসদার اَلْوَجَاهَةُ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। মূলবর্ণ (و - ج - ه)

مُقَرَّبِيْنَ : **সান্নিধ্যপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ق - ر - ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ- নিকটবর্তী করা।

আয়াত : ৪৬

اَلْمَهْدِ : **দোলনা**। দোলনায় হওয়ার অর্থ হলো স্তন্যপানের সময়। মাতৃক্রোড়ে থাকা অবস্থায়। একবচন, বহুবচন مُهُوْدٌ

كَهْلًا : **পরিণত বয়সে**। পৌঢ়ত্বে। মধ্য বয়সে। كَهْل বলা হয় মধ্যবয়সী ব্যক্তিকে যার কিছু চুল সাদা হয়েছে। কারো কারো মতে ৩০ বা ৩৪ থেকে ৫০ বছর বয়সের লোককে كَهْل বলা হয়। একবচন, বহুবচন كُهُوْلٌ - كَهْلُوْنَ - كِهَالٌ - كَهْلَانَ ও كُهَّلٌ ব্যবহার হয়।

اَلصّٰلِحِيْنَ : **পুণ্যবানগণ**। সৎকর্মপরায়ণ ব্যক্তিবর্গ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ ও فَتَحَ মূলবর্ণ (ص - ل - ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ- সৎ কর্মপরায়ণ হওয়া।

আয়াত : ৪৭

لَمْ يَمْسَسْنِيْ : **আমাকে স্পর্শ করেনি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفي جحد بلم বাব سَمِعَ মূলবর্ণ (م - س - س) মাসদার اَلْمَسُّ ও اَلْمَسِيْسُ অর্থ- স্পর্শ করা; ছোঁয়া। نِيْ মাফউলে বিহী।

بَشَرٌ : **মানুষ**। মূলত ত্বকের বহিরাবরণকে بَشَرَةٌ বলা হয়। আর ভিতরের আবরণকে বলা হয় اُدْمَةٌ ; শব্দটি একবচন, বহুবচনে بَشَرٌ ও اَبْشَارٌ ; মানুষকে بَشَرٌ এ জন্যই বলা হয় যে, অন্যান্য প্রাণীর ত্বক লোম দ্বারা আচ্ছাদিত থাকে; কিন্তু মানুষের ত্বক আনাবৃত থাকে। একবচন ও বহুবচন উভয়ের জন্যই بَشَرٌ শব্দটি ব্যবহার হয়, তবে দ্বিবচনের ক্ষেত্রে بَشَرَيْنِ ব্যবহার হয়।

يَخْلُقُ : **তিনি সৃষ্টি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাবে نَصَرَ মূলবর্ণ (خ - ل - ق) মাসদার اَلْخَلْقُ অর্থ- সৃষ্টি করা।

اِذَا قَضٰى : **যখন তিনি স্থির করেন**। قضى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق - ض - ى) মাসদার اَلْقَضَاءُ কথায় বা কাজে, মানুষ বা আল্লাহ তা'আলা, মোটকথা ফয়সালা করা; মীমাংসা করা; স্থির করা। কোনো বিষয় সম্পর্কে চূড়ান্ত সংকল্প, নির্দেশ বা কার্যকে সমাপ্ত করা অবশ্যই এর অর্থের মধ্যে থাকবে। صِلَةٌ -এর বিভিন্নতার কারণে এর অর্থও বিভিন্ন হয়ে থাকে। বানানো; পূর্ণ করা; সংকল্প করা; ফয়সালা; মীমাংসা করা; নির্দেশ জারি করা; আদেশ দেওয়া; নির্ধারণ করা; ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করা; সম্পর্ক ছিন্ন করা; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা, এ সমস্ত অর্থে পবিত্র কুরআনে قَضَاء -এর ব্যবহার হয়েছে। এখানে স্থির করা উদ্দেশ্য।

আয়াত : ৪৮

يُعَلِّمُهُ : **তিনি শিক্ষা দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْلِيْمُ মূলবর্ণ (ع - ل - م) অর্থ- শিক্ষা দেওয়া। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ৪৯

اَلطِّيْنِ : **কর্দম; মাটি**। কাদা ও পানির মিশ্রণ, ঘোলা পানি, মাটি থেকে পানি চলে গেলে যা থাকে তাকে طِيْن বলা হয়।

هَيْئَةِ : **আকৃতি; সুরত**। هَيْئٌ هَيْئَ পানাহারের জন্য ডাকা। هَيْئَتٌ সুরত, অবস্থা। رَجُلٌ هَيِّئٌ সুন্দর চেহারার লোক। বাব ضَرَبَ- فَتَحَ থেকে আসে। هَاءَ لَهُ সে এ কাজের জন্য এমনভাবে প্রস্তুত হয়েছে যার চিত্র অংকন করেছে। বাব كَرُمَ থেকে هَاءَ (সে সুন্দর হয়ে গেছে।) বাব تَفْعِيْل থেকে تَهَيَّأَ لَكَ (তোমার জন্য সে প্রস্তুত হয়ে গেছে।)

اَنْفُخُ : **আমি ফুৎকার দিব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلْاِنْفَاخُ অর্থ– ফুৎকার দেওয়া।

اُبْرِئُ : **আমি নিরাময় করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ر ـ أ) মাসদার اَلْاِبْرَاءُ অর্থ– সুস্থ করা; নিরাময় করা; আরোগ্য করা।

اَلْاَكْمَهَ : **জন্মান্ধ**। শব্দটি একবচন, বহুবচন كُمْهٌ

اَلْاَبْرَصَ : **কুষ্ঠ রোগী**। শব্দটি একবচন, বহুবচনে بُرْصٌ

اُحْيِ : **আমি জীবন্ত করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ জীবন্ত করা; জীবন দান করা।

اَلْمَوْتٰى : **মৃত**। বহুবচন, একবচনে ميت

اُنَبِّئُكُمْ : **আমি তোমাদেরকে বলে দেই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْبِيْئُ অর্থ– মূলবর্ণ (ن ـ ب ـ أ) সংবাদ দেওয়া; অবহিত করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

مَا تَأْكُلُوْنَ : **যা তোমরা আহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; খাওয়া।

وَمَا تَدَّخِرُوْنَ : **এবং যা মওজুদ কর; যা সঞ্চয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ر) মাসদার اَلْاِدِّخَارُ অর্থ– সঞ্চয় করা; মওজুদ করা; গুদামজাত করা। اِدِّخَارٌ মূলত اِذْتِخَارٌ ছিল। বাবে اِفْتِعَالٌ- এর تَاءٌ কে دَالٌ দ্বারা পরিবর্তন করা হয়েছে। তারপর ذَالٌ কে دَالٌ দ্বারা পরিবর্তন করে একটিকে অন্যটির মাঝে ইদগাম করা হয়েছে, ফলে اِدِّخَارٌ হয়ে গেছে।

আয়াত : ৫০

اُحِلَّ : **হালাল করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْاِحْلَالُ অর্থ– হালাল করা; বৈধ করা।

حُرِّمَ : **হারাম করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা; অবৈধ করা; নিষিদ্ধ করা।

جِئْتُكُمْ : **আমি তোমাদের নিকট এসেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضي مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئُ অর্থ– আগমন করা, আসা। كُمْ যমীর মাফঊলে বিহী।

فَاتَّقُوْا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افعال মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; সংযত হওয়া।

اَطِيْعُوْنِ : **তোমরা আমার অনুসরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; অনুসরণ করা। اَطِيْعُوْنِ মূলত اَطِيْعُوْنِيْ ছিল। যমীর ইয়ায়ে মুতাকাল্লিমকে বিলুপ্ত করা হয়েছে।

আয়াত : ৫১

فَاعْبُدُوْهُ : **সুতরাং তোমরা তাঁর ইবাদত কর**। فَا হরফে আতফ। اُعْبُدُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা।

مُسْتَقِيْمٌ : **সরল; সোজা; সঠিক, ন্যায় সম্মত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ق ـ و ـ م) বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সঠিক হওয়া; সোজা হওয়া; সোজা হয়ে দাঁড়ানো।

আয়াত : ৫২

أَحَسَّ : **সে উপলব্ধি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَاسُ মূলবর্ণ(ح ـ س ـ س) অর্থ– অনুভব করা; উপলব্ধি করা।

حَوَارِيُّوْنَ : **হাওয়ারীগণ; বিশেষ অনুসারীগণ**। একবচন حَوَارِىْ যা حُوَرٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো ধবধবে সাদা। এরা ছিল হযরত ঈসা (আ.) -এর বিশেষ অনুসারী। এদের পোশাক সাদা ছিল তাই এদেরকে حَوَارِىْ বলা হতো। –(সহীহ বুখারী) যাহহাক (র.) থেকে বর্ণিত একটি রেওয়ায়েতে আছে, নাবতী ভাষায় حَوَارِىٌّ অর্থ– ধোপা। এ মতানুযায়ী এরা ধোপার কাজ করত বলে এদেরকে হাওয়ারী বলা হয়। কাতাদার রেওয়ায়েতে আছে, হাওয়ারী তাদেরকে বলা হয়, যাদের মধ্যে রাজ্য পরিচালনার যোগ্যতা রয়েছে এবং এর আরেক অর্থ হলো মন্ত্রী। তিরমিযীতে ইবনে উয়াইনা (র.) থেকে حَوَارِىْ অর্থ সাহায্যকারী বর্ণিত হয়েছে। শাহ আব্দুল কাদির (র.) মুযিহুল কুরআনে লিখেছেন, হযরত ঈসা (আ.) এর বারোজন সঙ্গীর উপাধি ছিল حَوَارِىْ ; তন্মধ্য হতে সর্বপ্রথম যে দুজন তাঁর অনুসারী হয়েছিল তারা ছিল ধোপা। তিনি তাদেরকে বললেন, তোমারা কাপড় আর কি ধৌত করবে, এসো আমি তোমাদেরকে অন্তর ধৌত করা শিখিয়ে দিব। তারা তাঁর অনুসারী হয়ে গেল। এভাবে এটা সকলেরই উপাধিতে পরিণত হয়ে যায়।

اَنْصَارُ : **সাহায্যকারীগণ**। نَاصِرٌ ও نَصِيْرٌ -এর বহুবচন। এখানে اَنْصَارُ -এর শুরুতে دِيْن মুযাফ উহ্য রয়েছে। মূলত হবে اَنْصَارُ دِيْنِ اللّٰهِ আল্লারহ দীনের সাহায্যকারী। পবিত্র কুরআনের যেখানেই মুহাজির ও আনসারের কথা উল্লেখ হয়েছে সেখানে আনসার দ্বারা মদিনার আনসারগণ উদ্দেশ্য। যারা নবী কারীম ﷺ -এর সাহায্য করার বদৌলতে এ উপাধি অর্জন করেছিলেন।

আয়াত : ৫৩

اِتَّبَعْنَا : **আমরা অনুসরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ(ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা, অনুগত হওয়া।

فَاكْتُبْنَا : **আমাদের কে অন্তর্ভুক্ত করুন**। তালিকাভুক্ত করুন। اُكْتُبْ সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك – ت – ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ– লেখা। লিপিবদ্ধ করা, অন্তর্ভুক্ত করা, নির্ধারিত করা। نَا যমীরটি মাফঊলে বিহী।

شَاهِدِيْنَ : **সাক্ষ্যদানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ(ش ـ ه ـ د) মাসদার اَلشُّهُوْدُ ও اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া; সত্যায়ন করা। এখানে شَهَادَةٌ দ্বারা রাসূল ﷺ -এর যবানে মুবারক অথবা হযরত জিবরাঈল (আ.) উদ্দেশ্য, যিনি প্রকাশ হয়ে বারাবার সাক্ষ্য দিয়েছেন।

আয়াত : ৫৪

مَكَرُوْا : **তারা চক্রান্ত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ(م ـ ك ـ ر) অর্থ– চক্রান্ত করা; প্রতারণা করা, কৌশল করা, প্রবঞ্চনা করা।

اَلْمَاكِرِيْنَ : خَيْرُ الْمَاكِرِيْنَ : **কৌশলীদের শ্রেষ্ঠ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نصر মূলবর্ণ(م ـ ك ـ ر) মাসদার اَلْمَكْرُ অর্থ– প্রবঞ্চনা; ছলনা; গোপন পরিকল্পনা (ভালো কিংবা মন্দ) وَمَكَرَ اللّٰهُ। অর্থ হবে– প্রতারণার শাস্তি প্রদান করা। কোনো কোনো মুফাসসির বলেন, আল্লাহর مَكْر হলো কাফেরদেরকে ঢিল দেওয়া ও তাদের অপকৌশল বানচাল করে দেওয়া।

আয়াত : ৫৫

مُتَوَفِّيْكَ : **আমি তোমার সময় কে পূর্ণ করছি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّىْ মূলবর্ণ(و ـ ف ـ ى) অর্থ– পুরাপুরি নেওয়া। –(কামূস) পূর্ণ অধিকার আদায় করা কব্জ। ওলামায়ে কেরাম বলেছেন, এখানে تَوَفِّىْ অর্থ হবে– কব্জ করা; আয়ত্তে নেওয়া। কব্জা করা দ্বারা কী উদ্দেশ্য? কারো কারো মতে সশরীরে রূহ কব্জ করা। কারো মত হলো শুধু রূহ কব্জ করা অর্থাৎ মৃত্যু দান করা। আবার কারো মত হলো ঘুম পাড়ানো। হযরত রবী বিন আনাস (র.) -এর মতে এর অর্থ হবে ঘুম পাড়ানো। অর্থাৎ আমি তোমাকে

ঘুম পাড়িয়ে দিব, অতঃপর নিদ্রাবস্থায় আকাশে উঠিয়ে নিব। এ তাফসীরের সপক্ষে দলিল হলো আল্লাহ তা'আলার বাণী وَهُوَ الَّذِىْ يَتَوَفّٰكُمْ بِاللَّيْلِ আল্লাহ তা'আলা রাত্রিবেলা তোমাদেরকে নিদ্রা দান করেন। হযরত রবী (র.) বলেন, বাস্তবেও এরকমই হয়েছে। প্রথমে তাঁকে নিদ্রা দেওয়া হয়েছে অতঃপর আকাশে উঠানো হয়েছে। –(মা'আলিম) উল্লেখ্য এখানে مُتَوَفِّيْكَ وَ رَافِعُكَ উভয়টি যদিও ইসমে ফা'য়েলের সীগাহ কিন্তু মুযারের অর্থে ব্যবহৃত হবে। মূল ইবারত হবে এরকম– اِنِّىْ رَافِعُكَ اِلَىَّ ثُمَّ مُتَوَفِّيْكَ আমি তোমাকে আমার কাছে উঠিয়ে এনে তোমাকে মৃত্যু দান করব। মূলত হযরত ঈসা (আ.) -কে আকাশে উঠিয়ে নেওয়া হয়েছে, অতঃপর কিয়ামতপূর্ব মুহূর্তে দুনিয়ায় প্রেরণ করে তাকে মৃত্যু দেওয়া হবে। সুতরাং এখানে متوفيك অর্থ– মৃত্যু দেওয়া নয়, বরং উদ্দেশ্য হলো শরীরসহ রূহ কব্‌জ করা। ইমাম রাযী (র.) তাফসীরে কাবীরে এর ব্যাখ্যা করেছেন– اِنِّىْ مُتَوَفِّيْكَ اَىْ اِنِّىْ مُتَمِّمُ عُمُرَكَ فَحِيْنَئِذٍ اَتَوَفَّاكَ فَلَا اَتْرُكُهُمْ حَتّٰى يَقْتُلُوْكَ الخ ... অর্থাৎ. আমি তোমার বয়স পূর্ণ করব, অতঃপর মৃত্যু দান করব। কাফেরদের দ্বারা তোমাকে নিহত হতে দিব না। সকল মুফাসসির ও মুহাদ্দিসগণের সর্বসম্মত সিদ্ধান্ত হলো হযরত ঈসা (আ.) কিয়ামতের পূর্বমুহূর্তে দুনিয়াতে আগমন করবেন। হাদীসে রয়েছে, তিনি দুনিয়াতে আগমন করবেন, দাজ্জালকে হত্যা করবেন, অতঃপর তাঁকে মৃত্যু দেওয়া হবে।

رَافِعُكَ : **আমি তোমাকে উত্তোলন করছি। তোমাকে উঠিয়ে নিব**। সীগাহ اسم فاعل واحد مذكر বহছ বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ– উত্তোলন করা; উঠানো। এটি যদিও ইসমে ফায়িলের সীগাহ তবে মুযারের অর্থে ব্যবহৃত হয়েছে। ك যমীরটি মাফঊলে বিহী।

جَاعِلُ : **সৃষ্টিকারী; তৈরিকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো। –(বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২২ দ্রষ্টব্য)।

مُطَهِّرُكَ : **তোমাকে পবিত্রকারী। তোমাকে পবিত্র করছি**। সীগাহ اسم فاعل واحد مذكر বহছ বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطْهِيْرُ পবিত্র করা। ك যমীরটি মাফঊলে বিহী। ইহুদিরা হযরত ঈসা (আ.) -কে হত্যা করার ষড়যন্ত্র করেছিল। আল্লাহ তা'আলা হযরত ঈসা (আ.) কে এ ষড়যন্ত্র থেকে রক্ষা করে আসমানে তুলে নিয়েছিলেন। طَهَّرَ يُطَهِّرُ অর্থ– পবিত্র করা। এ স্থলে হযরত ঈসা (আ.) -কে তাঁর বিরুদ্ধবাদীদের কবল হতে মুক্ত করা উদ্দেশ্য।

اِتَّبَعُوْكَ : **তারা তোমার অনুসরণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

مَرْجِعُكُمْ : **তোমাদের প্রত্যাবর্তন**। বাব ضَرَبَ-এর মাসদার ও মুযাফ। كُمْ যমীর مُضَافٌ اِلَيْهِ ; مُتَعَدِّىْ থেকে মাসদার হবে اَلرَّجْعُ আর لَازِمْ থেকে হলে মাসদার হবে اَلرُّجُوْعُ ; আর مَرْجِعٌ মাসদারটি شَاذٌ বা দুর্লভ। –(কামূস) رُجُوْعٌ -এর আসল অর্থ– হলো সূচনাস্থলের দিকে পুনঃ প্রত্যাবর্তন করা। সকল মানুষ আল্লাহর কাছ থেকে এসেছে তাদেরকে আবার সেখানেই ফিরে যেতে হবে বা ফিরিয়ে নেওয়া হবে।

اَحْكُمُ : **আমি মীমাংসা করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– মীমাংসা করা; ফয়সালা করা।

تَخْتَلِفُوْنَ : **তোমরা মতবিরোধ করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

আয়াত : ৫৬

اُعَذِّبُهُمْ : **আমি তাদেরকে শাস্তি দিব**। اُعَذِّبُ সীগাহ واحد متكلم ; هم যমীর মাফঊলে বিহী। বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ– শাস্তি প্রদান করা।

شَدِيْدٌ : **কঠোর**। شَدٌّ হতে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। কৃপণ অর্থেও شَدِيْدٌ ব্যবহার হয়। যেমন – وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ (মানুষ সম্পদের ভালোবাসার কারণে অবশ্যই কৃপণ)

نَاصِرِيْنَ : **সাহায্যকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা। একবচনে نَاصِرٌ অর্থ- সাহায্যকারী।

আয়াত : ৫৭

فَيُوَفِّيْهِمْ : **তাদেরকে পুরাপুরিভাবে প্রতিফল দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ- পুরোপুরি দান করা। هُمْ যমীর মাফউলে বিহী।

أُجُوْرَهُمْ : **তাদের প্রতিফল**। বহুবচন, একবচন أَجْرٌ ; أُجُوْرَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। মুযাফ মুযাফ ইলাইহি মিলে يُوَفِّيْ-এর দ্বিতীয় মাফউল।

لَا يُحِبُّ : **তিনি পছন্দ করেন না; তিনি ভালোবাসেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَال মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ- ভালোবাসা; পছন্দ করা।

الظّٰلِمِيْنَ : **জালিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- অত্যাচার করা। একবচন ظَالِمٌ অর্থ- অত্যাচারী।

আয়াত : ৫৮

نَتْلُوْهُ : **এটা আমি তেলাওয়াত করি**। সীগাহ جمع متكلم ; ه যমীর মাফউলে বিহী। বহছ نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ তেলাওয়াত করা; পাঠ করা।

اَلذِّكْرِ الْحَكِيْمِ : **সারগর্ভ বাণী**। اَلذِّكْرِ বাবে نَصَرَ-এর মাসদার। اَلْحَكِيْمِ সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحِكْمَةُ অর্থ- প্রজ্ঞাবান হওয়া, প্রজ্ঞাপূর্ণ হওয়া।

আয়াত : ৫৯

خَلَقَهٗ : **তিনি সৃষ্টি করেছেন**। خَلَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ- সৃষ্টি করা। ه যমীর واحد مذكر غائب মাফউলে বিহী।

تُرَابٌ : **মাটি**। মৃত্তিকা; মৃৎ। জমি।

كُنْ : **হও। হয়ে যাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া।

আয়াত : ৬০

مُمْتَرِيْنَ : **সংশয়বাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (م ـ ر ـ ى) মাসদার اَلْاِمْتِرَاءُ অর্থ- সন্দেহ পোষণ করা।

আয়াত : ৬১

مَنْ حَاجَّكَ : **যে তোমার সাথে তর্ক করে**। সীগাহ واحد مذكر غائب ; ك যমীর واحد مذكر حاضر মাফউলে বিহী। বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُحَاجَّةُ মূলবর্ণ (ح ـ ج ـ ج) অর্থ- পরস্পর বিতর্ক করা। ঝগড়া বিবাদ করা।

تَعَالَوْا : **তোমরা এসো**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلتَّعَالِ অর্থ- আসা। এ অর্থে শুধুমাত্র فعل امر ব্যবহৃত হয়।

نَدْعُ : **আমরা আহবান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ- আহ্বান করা; ডাকা।

نَبْتَهِلْ : **আমরা বিনীত আবেদন করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِبْتِهَالُ মূলবর্ণ (ب ـ ه ـ ل) অর্থ- অনুনয়-বিনয় করা; অভিশাপ দেওয়া।

اَلْكٰذِبِيْنَ : **মিথ্যাবাদীরা**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْكِذْبُ অর্থ- মিথ্যা বলা, মিথ্যা হওয়া। মিথ্যা মনে করা মূলবর্ণ (ك - ذ - ب) একবচন كَاذِبٌ অর্থ- মিথ্যাবাদী।

আয়াত : ৬২

اَلْقَصَصُ : **বৃত্তান্ত; ঘটনা**। قِصَّةٌ-এর বহুবচন।

حَقٌّ : **সত্য**। **হক**। এর মূল অর্থ হলো সামঞ্জস্যতা। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। ১. ঐ সত্তার জন্য যিনি

প্রজ্ঞার চাহিদা অনুযায়ী বস্তুসমূহকে আবিষ্কার করেন। আল্লাহ তা'আলাকে এ কারণেই حَقّ বলা হয়। যেমন–وَرُدُّوْا اِلَى اللّٰهِ مَوْلٰهُمُ الْحَقِّ তারা আল্লাহর দিকে ফিরে যাবে যিনি তাদের সত্য ও প্রকৃত মালিক। ২. প্রজ্ঞার চাহিদা অনুযায়ী প্রস্তুতকৃত বস্তু। যেমন–مَا خَلَقَ اللّٰهُ ذٰلِكَ اِلَّا بِالْحَقِّ আল্লাহ এটা প্রজ্ঞার চাহিদা অনুযায়ী সৃষ্টি করেছেন। ৩. কোনো বস্তু সম্পর্কে যথোপযুক্ত ধারণা রাখা। যেমন–فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ অতঃপর আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছায় ঈমানদারদের জন্য এমন সত্য বিষয়ের পথ প্রদর্শন করেছেন যে বিষয়ে তারা ঝগড়ায় লিপ্ত ছিল। ৪. যে কথা বা কাজ যেমন, যে পরিমাণ ও যে সময় হওয়া আবশ্যক তেমন হওয়া। যেমন لٰكِنْ حَقَّ الْقَوْلُ مِنِّىْ لَاَمْلَئَنَّ– جَهَنَّمَ (কিন্তু এটা আমার পক্ষ থেকে প্রমাণিত হয়েছে যে, আমি জাহান্নামকে পূর্ণ করব।)

উল্লেখ্য حَقّ এ وَلَوِ اتَّبَعَ الْحَقُّ اَهْوَاۤءَهُمْ আয়াতে দ্বারা আল্লাহ তা'আলার সত্তা এবং হিকমতের চাহিদা অনুযায়ী হুকুম উভয়টিই উদ্দেশ্য হতে পারে। তাছাড়া حَقّ শব্দের ব্যবহার لَازِمْ ও وَاجِبْ এবং জায়েজ অর্থের জন্য ব্যবহার হতে পারে। যেমন– وَكَانَ حَقًّا عَلَيْنَا وَكَذٰلِكَ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ এবং نَصْرُ الْمُؤْمِنِيْنَ

اِلٰهٍ : **উপাস্য, মাবুদ, ইলাহ**। একবচন, বহুবচনে اٰلِهَةٌ যে কোনো ধর্মের লোকেরা যার উপাসনা করে তাকে اِلٰهٌ বলা হয়।

আয়াত : ৬৩

تَوَلَّوْا : **তারা মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া।

اَلْمُفْسِدِيْنَ : **ফ্যাসাদকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ف ـ س ـ د) বাব اِفْعَالْ মাসদার اَلْاِفْسَادُ অর্থ– ফ্যাসাদ করা; বিশৃঙ্খলা করা।

আয়াত : ৬৪

سَوَاءٍ : **উভয়ই সমান**। এটি ইসমে মাসদার اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় পক্ষ থেকে পরিপূর্ণ সমান হওয়া। এর দ্বি-বচন বানানো হয়; কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী (র.) ইতকানে লিখেছেন– سَوَاءٌ টি قَصْر হয়ে مُسْتَوِىْ তথা সমান অর্থে যের যোগে থাকে। যেমন مَكَانًا سُوًى স্থানটি সমতল অর্থাৎ পরিচ্ছন্ন। আর যবরযোগে যেমন–سَوَاءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ তাদেরকে ভীতি প্রদর্শন কর বা না কর উভয়ই সমান। আবার যবরযোগে মধ্যবর্তীর অর্থের জন্যও আসে। যেমন فِىْ سَوَاۤءِ الْجَحِيْمِ জাহান্নামের মধ্যখানে। আবার পূর্ণ অর্থেও ব্যবহার হয়েছে তখনও তা যবরযোগে হবে। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَاۤءً لِّلسَّاۤئِلِيْنَ চারদিনে পূর্ণ হয়েছে। এবং وَاهْدِنَا اِلٰى سَوَاۤءِ الصِّرَاطِ আমাদেরকে পূর্ণ রাস্তা বলে দিন। পবিত্র কুরআনে এটি غَيْر অর্থে ব্যবহৃত হয়নি, তবে কেউ কেউ বলেছেন, এ অর্থেও এসেছে। যেমন আল বুরহানে فَقَدْ ضَلَّ سَوَاۤءَ السَّبِيْلِ -এর এ অর্থই করা হয়েছে। তবে এ কথাটি সঠিক নয়।

لَا نَعْبُدَ : **আমরা ইবাদত করব না**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف منفى বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

لَا نُشْرِكَ : **আমরা শিরক করব না**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف منفى বাব اِفْعَالْ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

لَا يَتَّخِذَ : **সে বানাবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো।

اَرْبَابًا : **রব, প্রতিপালক; লালনপালনকারী**। শব্দটি বহুবচন, একবচনে رَبٌّ আবার رَبٌّ বাবে نَصَرَ -এর মাসদার। যেমন– اَلرَّبُّ অর্থ– প্রতিপালন করা। অতঃপর মুবালাগার জন্য عَدْل -এর ন্যায় وَصْف স্বরূপ ব্যবহার হতে থাকে। আবার কারো কারো মতে بَرٌّ -এর ন্যায় সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন, رَبّ হলো মাসদার, যা اِسْم فَاعِلْ -এর অর্থে রূপকার্থে ব্যবহৃত হয়। –(বিস্তারিত সূরা ফাতিহা, আয়াত : ১ দ্রষ্টব্য)

اِشْهَدُوْا : **তোমরা সাক্ষী থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া। সাক্ষী হওয়া।

আয়াত : ৬৫

لِمَ تُحَاجُّوْنَ : **কেন তোমরা তর্ক কর?** تُحَاجُّوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– তর্ক-বিতর্ক করা।

اَلتَّوْرَاةُ : **তাওরাত**। আসমানি কিতাব যা হযরত মূসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল। (বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৩ দ্রষ্টব্য)

اِنْجِيْلُ : **ইনজিল**। আসমানি কিতাব যা হযরত ঈসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল।

اَفَلَا تَعْقِلُوْنَ : **তোমরা কি বুঝ না?** أ প্রশ্নবোধক শব্দ لَا مضارع সীগাহ جمع مذكر حاضر বহছ تَعْقِلُوْنَ (ع - ق - ل) মূলবর্ণ ضَرَبَ বাব معروف منفى মাসদার اَلْعَقْلُ অর্থ– বুদ্ধিমান হওয়া জ্ঞানী হওয়া।

আয়াত : ৬৬

حَاجَجْتُمْ : **তোমরা তর্ক করেছো**। বিবাদ করেছো। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْمُحَاجَّةُ অর্থ– পরস্পর তর্ক-বিতর্ক করা।

لِمَ تُحَاجُّوْنَ : **তোমরা কেন তর্ক করছ ?** لِمَ প্রশ্নবোধক। مضارع সীগাহ جمع مذكر حاضر বহছ تُحَاجُّوْنَ বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার معروف اَلْمُحَاجَّةُ অর্থ– পরস্পর বিতর্কে লিপ্ত হওয়া।

আয়াত : ৬৭

يَهُوْدِيًّا : **ইহুদি জাতি**। হযরত মূসা (আ.)-এর অনুসারীগণ। বহুবচন يَهُوْدٌ ; এ শব্দটি বাব نَصَرَ-এর هَوْدٌ মাসদার থেকে গঠিত হয়েছে। যার অর্থ হলো সঠিক পথে ফিরে আসা, অনুতপ্ত হওয়া। যেহেতু এরা গো-বৎস্য পূজা থেকে অনুতপ্ত হয়ে সঠিক পথে ফিরে এসেছে তাই এদেরকে ইহুদি বলা হয়।

نَصْرَانِيًّا : **খ্রিস্টান**। হযরত ঈসা(আ.)-এর অনুসারীদেরকে নাসারা বলা হয়। শব্দটি বহুবচন, এর একবচন হলো نَصْرَانَةٌ وَ نَصْرَانٌ তবে এর শেষে সর্বদা يَائ نِسْبَتِى আসে এবং সর্বদা نَصْرَانِىٌّ বলা হয়। তাই نَصَارٰى মূলত نَصَارَانِىٌّ -এর বহুবচন। নামকরণের কারণ সম্ভবত এই যে, হযরত ঈসা (আ.)-এর অনুসারী হাওয়ারীরা اَنْصَارُ اللّٰهِ বলেছিল। সুতরাং যারাই হযরত ঈসা (আ.) -এর ধর্ম গ্রহণ করত তারা হযরত ঈসা (আ.) -এর اَنْصَارٌ তথা সাহায্যকারী হয়ে গেল এবং তখন থেকেই তাদেরকে نَصَارٰى বলা হতে থাকে। –(কামূস, মুফরাদাত) অথবা نَصْرَانِىٌّ শব্দটি نَصْرَانٌ -এর দিকে সম্পৃক্ত। نَصْرَانٌ হলো একটি জনপদের নাম। তারা সেখানকার অধিবাসী ছিল বলে তাদেরকে نَصْرَانِىٌّ বলা হয়। –(কামূস ও মাদারিক)

حَنِيْفًا : **একনিষ্ঠ**। একদিক অবলম্বনকারী। حَنَفٌ থেকে উদ্গত। যার অর্থ পথভ্রষ্টতা থেকে দৃঢ়তার দিকে আকৃষ্ট হওয়া। فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। যে ব্যক্তি সকল বাতিল পথ বর্জন করে এক সত্য পথ অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়। শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) বলেন, যে কিবলামুখী হয়, হজ করে, খতনা করে, ফরজ গোসল করে। মোটকথা যে হযরত ইবরাহীম (আ.) -এর শরিয়ত অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়।

مُسْلِمًا : **আত্মসমর্পণকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س - ل - م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আত্মসমর্পণ, বশ্যতা স্বীকার, ইসলাম গ্রহণ, শেষ নবী হযরত মোহাম্মদ ﷺ -এর অনুসারীদের মুসলিম বা মুসলমান বলা হয়।

আয়াত : ৬৮

اَوْلٰى : **ঘনিষ্ঠতম, অধিক বৈশিষ্ট্য রক্ষাকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মাসদার اَلْوَلِىُّ মূলবর্ণ (و ـ ل ـ ى) জিনস لفيف مفروق অর্থ– নিকটবর্তী হওয়া। পরপর লাগাতার যা ঘটে। এর সেলা لام হলে অর্থ হয়– ধমক দেওয়া। এ ক্ষেত্রে اَوْلٰى لَهُمْ অনিষ্ট বা খারাপের খুব নিকটে অর্থ হয়। (তাদের জন্য খুব খারাপ।)

আয়াত : ৬৯

وَدَّتْ : **সে চায়; কামনা করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْمَوَدَّةُ - اَلْوِدَادُ - اَلْوُدُّ অর্থ– চাওয়া; কামনা করা; ইচ্ছা করা।

طَآئِفَةٌ : **একদল; জমাত; গ্রুপ**। বহুবচন طَوَائِفُ যা طَوْفٌ মাসদার থেকে ইসমে ফা'য়েলের واحد مؤنث -এর সীগাহ। আল্লামা আইনী (র.) عُمْدَةُ الْقَارِئ গ্রন্থে এবং গ্রন্থকার স্বীয়গ্রন্থে বলেন- اَلطَّائِفَةُ مِنَ الشَّئِ الْقِطْعَةُ (অভিধানে طَائِفَة বলা হয় যে কোনো বস্তুর টুকরা বা খণ্ডকে।)

সে অর্থেই পবিত্র কুরআনের আয়াত-وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِنَ الْمُؤْمِنِيْنَ ; হযরত ইবনে আব্বাস (রা.) -এর মতে, এক ও একের অধিক লোককে طَائِفَة বলা হয়। মুজাহিদ (র.) বলেন, এক থেকে হাজার লোকের দলকে طَائِفَة বলা হয়। হযরত আতা (র.) বলেন, কমপক্ষে দুজন লোককে طَائِفَة বলা হয়। ইমাম শাফেয়ী প্রমুখ কুরআনের বিভিন্ন আয়াতের বিশ্লেষণে এর বিভিন্ন অর্থ করেছেন। যেমন- فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَائِفَةٌ এ আয়াতে এক বা একের অধিক উদ্দেশ্য। অন্য আয়াত وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ এখানে طَائِفَة দ্বারা কমপক্ষে চারজন উদ্দেশ্য। আবার فَلْتَقُمْ طَائِفَةٌ مِّنْهُمْ مَّعَكَ এখানে কমপক্ষে তিনজন উদ্দেশ্য। মূলত قَرَائِنْ -এর কারণে এ সমস্ত পার্থক্য করেছেন।

مَا يُضِلُّوْنَ : **তারা বিপথগামী করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ- পথভ্রষ্ট করা; বিপথগামী করা।

مَا يَشْعُرُوْنَ : **তারা উপলব্ধি করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ- বুঝা; উপলব্ধি করা।

আয়াত : ৭১

تَلْبِسُوْنَ : **তোমরা মিশ্রিত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَللَّبْسُ মূলবর্ণ (ل ـ ب ـ س) অর্থ- গোপন করা; সংমিশ্রণ করা।

تَكْتُمُوْنَ : **তোমরা গোপন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتْمَانُ মূলবর্ণ (ك ـ ت ـ م) অর্থ- গোপন করা।

আয়াত ৭২

اٰمِنُوْا : **তোমরা ঈমান আন**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- বিশ্বাস স্থাপন করা; ঈমান আনা।

اُنْزِلَ : **অবতীর্ণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা।

وَجْهَ النَّهَارِ : **দিনের প্রারম্ভে; প্রথমাংশে**। وَجْهَ মুযাফ اَلنَّهَارِ মুযাফ ইলাইহি। وَجْهٌ একবচন, বহুবচনে وُجُوْهٌ অর্থ- চেহারা, দিক, প্রতি, আল্লাহর সত্তা, আল্লাহর সন্তুষ্টি ইত্যাদি। যেমন- আল্লাহ তা'আলার বাণী كُلُّ شَئٍ هَالِكٌ اِلَّا وَجْهَهٗ অর্থাৎ, আল্লাহর সত্তা ব্যতীত প্রত্যেক বস্তুই ধ্বংসশীল।

اُكْفُرُوْا : **তোমরা প্রত্যাখ্যান কর; অস্বীকার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ কুফরি করা; অস্বীকার করা।

يَرْجِعُوْنَ: **তারা ফিরবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ ও اَلرَّجْعُ ফিরে আসা; প্রত্যাবর্তন করা।

আয়াত : ৭৩

لَا تُؤْمِنُوْا : **তোমরা বিশ্বাস করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- বিশ্বাস স্থাপন করা; ঈমান আনা।

تَبِعَ : **সে অনুসরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মাসদার اَلتَّبَعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা।

مَا اُوْتِيْتُمْ : **যা তোমাদেরকে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দেওয়া দান করা। "مَا" ইসমে মাউসূল "اُوْتِيْتُمْ" তার সেলাহ।

يُحَاجُّوْكُمْ : **তারা তোমাদেরকে (যুক্তিতে) পরাভূত করবে**। يُحَاجُّوْ সীগাহ جمع مذكر غائب বহছ

মাসদার يحاجو বাব مفاعلة মূলবর্ণ (ح ـ ج ـ ج) مضارع معروف মাসদার المحاجة। বিতর্কে লিপ্ত হওয়া। يحاجو মূলত يحاجون ছিল। শুরুতে ان -এর কারণে نون পড়ে গেছে। كم যমীরটি মাফঊলে বিহী।

يَدٌ : **হাত, অধিকার**। একবচন, বহুবচন أَيْدِىْ অর্থ- ক্ষমতা, প্রাধান্য, রাজ্য, কর্তৃত্ব; হস্তক্ষেপ, বাধা, রবকত, বদান্যতা, উপকার, শক্তি ইত্যাদি।

يُؤْتِيْهِ : **তিনি দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِيْتَاءُ অর্থ- দেওয়া দান করা। ه যমীর মাফঊলে বিহী।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشَاءَةُ ও اَلْمَشِيْئَةُ - اَلشَّيْئُ অর্থ- ইচ্ছা করা; চাওয়া।

আয়াত : ৭৪

يَخْتَصُّ : **তিনি বিশেষ করে বেছে নেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ص ـ ص) মাসদার اَلْاِخْتِصَاصُ অর্থ- খাস করা; বিশেষভাবে নির্দিষ্ট করা; মনোনীত করা।

আয়াত : ৭৫

تَأْمَنْهُ : **তোমরা আমানত রাখ**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- আমানত রাখা। ه যমীর واحد مذكر غائب মাফঊলে বিহী।

قِنْطَارٍ : **বিপুল সম্পদ**। একবচন, বহুবচন قَنَاطِيْرُ অর্থ- স্তুপ; প্রচুর সম্পদ। -[সূরা আলে ইমরান, আয়াত : ১৪ দ্র.]

لَا يُؤَدِّهِ: **সে ফেরত দিবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব تَفْعِيْل মাসদার اَلتَّأْدِيَةُ অর্থ- আদায় করা; ফেরত দেওয়া। يُؤَدِّ মূলত يُؤَدِّىُ ছিল। جواب شرط -এর কারণে يَاء পড়ে গেছে। ه যমীর -এর মারজি' قِنْطَارٍ

مَا دُمْتَ: **তুমি যতক্ষণ অবস্থান কর**। دُمْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ و ـ م) জিনস اجوف واوى মাসদার اَلدَّوَامُ অর্থ- স্থায়ী থাকা; চলমান থাকা।

أُمِّيِّيْنَ : **নিরক্ষরগণ**। এখানে আরবের মুশরিকরা উদ্দেশ্য। -(জালালাইন) একবচন أُمِّىٌّ ; যে পড়তে ও লিখতে পারে না তাকে উম্মী বলা হয়। আল্লামা যাজ্জাজ (র.) লিখেছেন, আরব জাতির গুণে গুণান্বিত ব্যক্তিকে উম্মী বলা হয়, পড়ালেখা না জানা তাদের বিশেষ গুণ ছিল। পবিত্র কুরআনে রাসূল ﷺ -কে اَلنَّبِىُّ الْاُمِّىُّ বলা হয়েছে। অর্থাৎ নবীকে উম্মী তথা পড়ালেখা না জানা বলা হয়েছে। এ বলার দ্বারা প্রথমত কুরআনের অলৌকিকত্ব প্রমাণ করা হয়েছে, দ্বিতীয়ত রাসূল ﷺ -এর এই মু'জিযার দিকেও ইশারা করা হয়েছে যে, তিনি একজন উম্মী হওয়া সত্ত্বেও সর্বোচ্চ শিক্ষার গুণে তিনি গুণান্বিত। এ দৃষ্টিকোণ থেকে উম্মী হওয়া রাসূল ﷺ -এর জন্য প্রশংসনীয়; কিন্তু অন্যান্যদের জন্য নিন্দনীয়। যেমনিভাবে অহংকারের গুণটি আল্লাহর জন্য প্রশংসনীয়; কিন্তু বান্দার জন্য নিন্দনীয়।

আয়াত : ৭৬

أَوْفَى : **সে পূর্ণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْإِيْفَاءُ অর্থ- পূর্ণ করা।

بِعَهْدِهِ : **তার অঙ্গীকার**। একবচন, বহুবচন عُهُوْدٌ ; পরস্পরের আলোচনার মাধ্যমে সম্পাদিত চুক্তিকে عَهْد বলা হয়।

اِتَّقَى : **সে তাকওয়া অবলম্বন করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- আল্লাহভীতি অবলম্বন করা।

আয়াত : ৭৭

يَشْتَرُوْنَ : **তারা বিক্রি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ- ক্রয় বিক্রয় করা। এখানে রাসূল ﷺ -এর উপর ঈমান আনা ও আমানত রক্ষা করা উদ্দেশ্য।

لَا يُكَلِّمُهُمْ : **তিনি তাদের সাথে কথা বলবেন না**। لَا يُكَلِّمُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ কথা বলা। هُمْ যমীর মাফঊলে বিহী।

لَا يَنْظُرُ : **তিনি তাকাবেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব نصر মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– দৃষ্টিপাত করা, তাকানো।

لَا يُزَكِّيْهِمْ : **তিনি তাদেরকে পরিশুদ্ধ করবেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ز ـ ك ـ و) মাসদার اَلتَّزْكِيَةُ পরিশুদ্ধ করা; পবিত্র করা; বৃদ্ধি করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

اَلِيْمٌ : **মর্মন্তুদ, যন্ত্রণাকর, দুঃখজনক**। فَعِيْلٌ -এর ওজনে فَاعِلٌ অর্থে।

আয়াত : ৭৯

بَشَرٌ : **মানুষ**। মূলত ত্বকের বহিরাবরণকে بَشَرَةٌ বলা হয়। আর ভিতরের আবরণকে বলা হয় اَدَمَةٌ ; শব্দটি একবচন, বহুবচনে بَشَرٌ ও اَبْشَارٌ মানুষকে এ بَشَرٌ জন্যই বলা হয় যে, অন্যান্য প্রাণীর ত্বক লোম দ্বারা আচ্ছাদিত থাকে কিন্তু মানুষের ত্বক আনাবৃত থাকে। একবচন ও বহুবচন উভয়ের জন্যই بَشَرٌ ব্যবহার হয়, তবে দ্বিচনের ক্ষেত্রে بَشَرَيْنِ ব্যবহার হয়।

اَلْحُكْمُ : **হিকমত, জ্ঞান, প্রজ্ঞা, রাজত্ব**। এটি মাসদার, বাব نَصَرَ

رَبَّٰنِيِّيْنَ : **আল্লাহওয়ালাগণ**। শব্দটি বহুবচন, একবচন رَبَّانِىٌّ ; رَبَّانِىٌّ সম্পর্কে কারো কারো মত হলো এটা رَبٌّ মাসদার-এর দিকে সম্পৃক্ত। আর রব্বানী হলো যে ইলমের পরিচর্যা করে। কারো কারো মত হলো رَبٌّ মাসদারের দিকেই নিসবত, তবে অর্থ হলো ঐ ব্যক্তি যে ইলম দ্বারা নিজেকে তারবিয়্যাত করে। কারো কারো মত হলো رَبٌّ তথা আল্লাহর দিকে নিসবত। তখন অর্থ হবে আল্লাহওয়ালা। যেমন اِلٰهِىٌّ আর رَبَّانِىٌّ -এর মধ্যে نُوْنْ বৃদ্ধি হয়েছে, لِحْيَانِىٌّ وَ ; جِسْمَانِىٌّ -এর ন্যায়। হযরত আলী (রা.) বলেন– اَنَا رَبَّانِىُّ هٰذِهِ الْاُمَّةِ (আমি এ উম্মতের রব্বানী।) আবার কারো কারো মত হলো رَبَّانِىٌّ মূলত সুরিয়ানী শব্দ। আর এটিই হলো অধিক নির্ভরযোগ্য কথা। কারণ এর ব্যবহার আরবদের মধ্যে খুবই কম।

كُنْتُمْ تُعَلِّمُوْنَ : **তোমরা শিক্ষা দান করছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দান করা।

كُنْتُمْ تَدْرُسُوْنَ : **তোমরা অধ্যয়ন করছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ر ـ س) মাসদার اَلدَّرْسُ অর্থ– অধ্যয়ন করা; শিক্ষাগ্রহণ করা।

আয়াত : ৮০

لَا يَأْمُرَكُمْ : **সে তোমাদেরকে নির্দেশ দেয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা।

تَتَّخِذُوْا : **তোমরা গ্রহণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– গ্রহণ করা; লওয়া।

اَرْبَابًا : **প্রতিপালক**। رَبٌّ -এর বহুবচন। رَبٌّ শব্দের ব্যবহার যখন ইযাফতবিহীন হয় তখন তা শুধুমাত্র আল্লাহর সত্তার জন্য ব্যবহৃত হয়। সে হিসেবে এর বহুবচন হয় না। পবিত্র কুরআনে শব্দটির ব্যবহার কাফেরদের ধারণা অনুযায়ী করা হয়েছে।

আয়াত : ৮১

اَخَذَ : **তিনি গ্রহণ করেছিলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; গ্রহণ করা, নেওয়া।

مِيْثَاقَ : **অঙ্গীকার, প্রতিজ্ঞা** প্রতিশ্রুতি। اسم ظرف মুযাফ।

اَلنَّبِيِّيْنَ : **নবীগণ**। বহুবচন, একবচনে نَبِىٌّ ; আল্লাহর মনোনীত ঐ সমস্ত পুণ্যবান বান্দা যাঁদেরকে মানুষের কাছে তাঁর পয়গাম পৌঁছানোর জন্য তিনি নির্ধারণ করেছেন। নবী ও রাসূলের মধ্যে পার্থক্য রয়েছে। রাসূল বলা হয় যাকে নতুন শরিয়ত প্রদান করা হয়েছে। আর নবীকে নতুন শরিয়ত দেওয়া হতেও পারে অথবা পূর্বের শরিয়তকে অক্ষুণ্ন রাখার জন্যও প্রেরণ করা হতে পারে। সে হিসেবে প্রত্যেক রাসূলই নবী তবে প্রত্যেক নবী রাসূল নন।

جَآءَكُمْ : **তোমাদের কাছে এসেছে**। جَآءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئُ অর্থ– আসা। كُمْ যমীর মাফঊলে বিহী।

رَسُوْلٌ : **দূত, বার্তা বাহক, রাসূল**। পয়গম্বর; একবচন, বহুবচন رُسُلٌ রাসূল আল্লাহ্ তা'আলা র সেই পুণ্যবান বান্দা, যাকে তিনি মানুষের কাছে তার বাণী পৌঁছানোর জন্য মনোনীত করেছেন এবং নতুন শরিয়ত দান করেছেন।

لَتُؤْمِنُنَّ : **তোমরা অবশ্যই ঈমান আনবে**। সীগাহ جمع لام تاكيد با نون تاكيد ثقيلة مذكر حاضر বহছ বাবে اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ জিনস مهموز فا অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

لَتَنْصُرُنَّهٗ : **অবশ্যই তোমরা তাকে সাহায্য করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة বাবে نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

اَقْرَرْتُمْ : **তোমরা স্বীকার করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْرَارُ মূলবর্ণ (ق ـ ر ـ ر) অর্থ– স্বীকার করা, সমর্থন করা, সত্যায়ন করা।

اِصْرِىْ : **আমার প্রতিশ্রুতি**। اِصْرِ মুযাফ ىْ যমীর মুযাফ ইলাইহি। اِصْرٌ অর্থ– ভারি বোঝা। যেহেতু অঙ্গীকারের দায়িত্ব মানুষের উপর বোঝা হয়ে থাকে এ কারণে اِصْرٌ অঙ্গীকারের অর্থেও ব্যবহৃত হয়।

اَقْرَرْنَا : **আমরা স্বীকার করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসদার اَلْاِقْرَارُ অর্থ– স্বীকার করা।

فَاشْهَدُوْا : **তোমরা সাক্ষী থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষী থাকা।

আয়াত : ৮২

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া।

اَلْفَاسِقُوْنَ : **ফাসিকগণ**। সীগাহ اسم فاعل جمع مذكر বহছ বাব نَصَرَ وَ كَرُمَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ وَ الْفُسُوْقُ অন্যায় করা; পাপকর্ম করা; সঠিকতা থেকে বেরিয়ে যাওয়া। এর শাব্দিক অর্থ হলো– খেজুর তার খোসা থেকে বেরিয়ে আসা। –(কামূস) পরিভাষায় শরিয়তের সীমারেখা থেকে বের হওয়া এবং কবিরা গুনাহে লিপ্ত হওয়াকে فِسْق বলা হয়।

আয়াত : ৮৩

يَبْغُوْنَ : **তারা চায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ– চাওয়া; কামনা করা।

اَسْلَمَ : **সে আত্মসমর্পণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– ইসলাম গ্রহণ করা, আত্মসমর্পণ করা, বশ্যতা স্বীকার করা।

طَوْعًا : **স্বেচ্ছায়**। বাব نَصَرَ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلطَّاعَةُ অর্থ– অনুগত হওয়া। এটি اسم فاعل অর্থে حَالٌ হয়েছে।

كَرْهًا : **অনিচ্ছায়**। বাব سَمِعَ মাসদার اَلْكَرَاهَةُ অর্থ– ঘৃণা করা, অপছন্দ করা। মূলবর্ণ (ك ـ ر ـ ه)। যা اسم فاعل(كَارِهِيْنَ) এর অর্থে حال হয়েছে।

আয়াত : ৮৪

اٰمَنَّا : **আমরা ঈমান এনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

اُنْزِلَ : **অবতীর্ণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা।

اَلْاَسْبَاطِ : **শব্দটি বহুবচন, অর্থ– বংশধরগণ**। একবচনে سَبْطٌ। যার অর্থ পৌত্র ও নাতী। তবে পৌত্র অর্থে অধিক ব্যবহার হয়। اَسْبَاطُ بَنِىْ বা اَسْبَاط يَهُوْد অথবা اِسْرَائِيْلَ বলা হলে তখন অর্থ হয় একই দাদার সন্তানসন্ততি।

لَا نُفَرِّقُ : **আমরা পার্থক্য করি না**। সীগাহ جمع متكلم বহছ مضارع منفى বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– পার্থক্য করা। তারতম্য করা।

আয়াত : ৮৫

يَبْتَغِ : **সে চায়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ- চাওয়া; কামনা করা। يَبْتَغِ মূলত يَبْتَغِىْ ছিল। শুরুতে مَنْ আসার কারণে ى পড়ে গেছে।

اَلْخٰسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرُ ও اَلْخُسْرَانُ অর্থ- ক্ষতিগ্রস্ত হওয়া, ধ্বংস হওয়া, লোকসান দেওয়া।

আয়াত : ৮৬

جَاءَهُمْ : **তাদের কাছে এসেছে।** جاء সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئُ অর্থ- আসা। هُمْ যমীর মাফঊল।

اَلْبَيِّنٰتُ : **স্পষ্ট নিদর্শন। শব্দটি** بَيِّنَةٌ-এর বহুবচন।

لَا يَهْدِىْ : **তিনি সৎপথে পরিচালিত করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- সৎপথে পরিচালিত করা।

আয়াত : ৮৮

لَا يُخَفَّفُ : **লঘু করা হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى মূলবর্ণ (خ ـ ف ـ ف) বাব تَفْعِيْل মাসদার اَلتَّخْفِيْفُ অর্থ- লঘু করা; হালকা করা।

وَلَا هُمْ يُنْظَرُوْنَ : **এবং তাদেরকে বিরাম দেওয়া হবে না।** لَا يُنْظَرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْظَارُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। هم যমীরটি তাকীদের জন্য নেওয়া হয়েছে।

আয়াত : ৮৯

تَابُوْا : **তারা তওবা করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ (ت ـ و ـ ب) অর্থ- তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া। তওবা কবুল করা। এটা مُتَعَدِّىْ ও لَازِمْ উভয়ভাবে ব্যবহৃত হয়। تَوْبَةٌ-এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবী (র.) বলেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ। অর্থাৎ, পাপকর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা। তাওবা কবুল হওয়ার তিনটি শর্ত। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩৮ দ্রষ্টব্য)

اَصْلَحُوْا : **তারা (নিজেদেরকে) সংশোধন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ- সংশোধন করা; সংস্কার করা।

اِزْدَادُوْا : **তারা বৃদ্ধি পেয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার الازدياد অর্থ- বৃদ্ধি পাওয়া। اِزْدِيَادٌ মূলত اِزْتِيَادٌ ছিল। اِفْتِعَالٌ-এর تَاء কে دَالٌ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

لَنْ يُقْبَلَ : **তা কখনো কবুল করা হবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلْقَبُوْلُ অর্থ- গ্রহণ করা; কবুল করা।

আয়াত : ৯১

مَاتُوْا : **তারা মৃত্যুবরণ করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মারা যাওয়া, মৃত্যুবরণ করা।

مِلْءُ : **ভর্তি; পূর্ণ।** এটি বাবে فَتَحَ-এর মাসদার।

اَلْاَرْضِ : শব্দটি একবচন অর্থ- জমিন, বহুবচনে اَرْضُوْنَ

اِفْتَدٰى : **বিনিময়স্বরূপ প্রদান করা। ফিদইয়া প্রদান করা।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ د ـ ى) মাসদার اَلْاِفْتِدَاءُ অর্থ- ফিদইয়া দেওয়া; মুক্তিপণ দেওয়া।

نٰصِرِيْنَ : **সাহায্যকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ن ـ ص ـ ر) বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ অর্থ- সাহায্য করা।

চতুর্থ পারা

আয়াত : ৯২

لَنْ تَنَالُوْا : **তোমরা কখনো লাভ করতে পারবে না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ى ـ ل) মাসদার اَلنَّيْلُ অর্থ– পাওয়া; অর্জন করা।

اَلْبِرَّ : **পুণ্য; নেকী।** আকীদা ও আমল উভয় প্রকারের পুণ্যই بِرٌّ -এর অন্তর্ভুক্ত। যেমন– মহান আল্লাহ তা'আলা ঘোষণা করেন, لَيْسَ الْبِرَّ اَنْ تُوَلُّوْا وُجُوْهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ অর্থাৎ তোমাদের চেহারা সমূহকে পূর্ব বা পশ্চিম দিকে ফেরানোর মধ্যে কোনো নেকী নেই।

تُنْفِقُوْا : **তোমরা ব্যয় কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার الانفاق অর্থ– ব্যয় করা; খরচ করা। শুরুতে حَتّٰى আসার কারণে جَمْع -এর نُوْن পড়ে গেছে।

تُحِبُّوْنَ : **তোমরা ভালোবাস। তোমরা পছন্দ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব افعال মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা; মহব্বত করা।

عَلِيْمٌ : **সবিশেষ জ্ঞানী।** عَلِمَ থেকে فَعِيْلٌ -এর ওযনে মুবালাগার সীগাহ। একবচন, বহুবচন علماء

আয়াত : ৯৩

حِلًّا : **হালাল।** এটি বাব ضرب -এর মাসদার। মাসদারী অর্থ– হালাল হওয়া।

حَرَّمَ : **সে হারাম করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা, নিষিদ্ধ করা।

تُنَزَّلَ : **অবতীর্ণ হলো।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنَزُّلُ অর্থ– অবতীর্ণ হওয়া।

فَاْتُوْا : **তোমরা নিয়ে এসো।** فَاء হরফ আতফ اِئْتُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা, যাওয়া, আপতিত হওয়া, এনে দেওয়া। এর صِلَة যদি بَاء হয় তাহলে তার অর্থ হয়– নিয়ে আসা।

فَاتْلُوْهَا : **তোমরা তেলাওয়াত কর।** فا হরফে আত্‌ফ। اُتْلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; অধ্যয়ন করা। هَا যমীরে মাফঊল -এর مَرْجِعْ তাওরাত।

আয়াত : ৯৪

اِفْتَرٰى : **সে মিথ্যা সৃষ্টি করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যা সৃষ্টি করা; অপবাদ দেওয়া।

اَلظّٰلِمُوْنَ : **জালিমগণ, অত্যাচারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা। একবচনে ظَالِمٌ অর্থ– জালিম, অত্যাচারী।

আয়াত : ৯৫

صَدَقَ : **সে সত্য বলেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা।

اِتَّبِعُوْا : **তোমরা অনুসরণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افتعال মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা, আনুগত্য করা।

مِلَّةَ : **ধর্মাদর্শ। দীন।** বহুবচন مِلَلٌ ; دِيْنٌ -এর ন্যায় مِلَّةٌ ও আল্লাহর এমন জীবনবিধানের নাম যা আল্লাহ তার বান্দাদের জন্য জারি করেছেন, যেন মানুষ তদনুযায়ী চলে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে এবং এ জীবনবিধান নবীগণের মাধ্যমে মানুষ পর্যন্ত পৌঁছিয়েছেন।

مِلَّةٌ ও دِيْنٌ -এর মাঝে পার্থক্য হলো, مِلَّةٌ শব্দটির ইযাফত সর্বদা নবীগণের দিকে হয়, নবী ব্যতীত অন্য কারো প্রতি এর ইযাফত হয় না, এমন কি আল্লাহর দিকেও হয় না। এ কারণেই مِلَّةُ زَيْد বা مِلَّةُ اللّٰه অথবা مِلَّتِيْ বলা যাবে না। পক্ষান্তরে دِيْنٌ -এর ব্যবহার ব্যাপক; সুতরাং دِيْنُ اللّٰهِ، دِيْنُ الْاَنْبِيَاءِ، دِيْنُ زَيْدٍ সবই বলা বৈধ হবে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২০ দ্রষ্টব্য।)

حَنِيْفًا : **একনিষ্ঠ**। (সূরা আলে ইমরান, আয়াত : ৬৭ নং আয়াত দ্রষ্টব্য)

اَلْمُشْرِكِيْنَ : **মুশরিকগণ; অংশীদারকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ(ش ـ ر ـ ك) অর্থ– শিরক করা, শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৯৬

وُضِعَ : **প্রতিষ্ঠিত হয়েছিল; গঠন করা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ(و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– গঠন করা; নির্মাণ করা।

بَكَّةَ : **মক্কা। বাক্কা**। মুজাহিদ (র.) বলেন بَكَّةَ হলো মক্কার অপর নাম। مِيْم – بَاء দ্বারা পরিবর্তন হয়ে গেছে। কারো কারো মতে মক্কার অভ্যন্তরের নাম بَكَّةَ। কারো মতে, মসজিদের নাম। আবার কারো মতে مَطَافٌ তথা তওয়াফের স্থানের নাম। শব্দটি تَبَاكَ থেকে গঠিত। যার অর্থ হলো اِزْدِحَامٌ বা ভিড়। যেহেতু সেখানে তওয়াফের জন্য লোকেরা ভিড় করে তাই তাকে মক্কা বলা হয়। কারো কারো মতে بك থেকে গৃহীত হয়েছে। যার অর্থ হলো বিদীর্ণ করা ও বিকৃত করা। যারা এখানে নাস্তিকতার বিস্তার এবং জুলুম করতে চায় তাদের গর্দান কেটে ফেলা হয়, এ কারণে মক্কাকে বাক্কা বলা হয়।

مُبٰرَكًا : **বরকতময়**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ(ب ـ ر ـ ك) মাসদার اَلْمُبَارَكَةُ; অর্থ– আল্লাহর পক্ষ থেকে কল্যাণের অস্বাভাবিক উপস্থাপন এমন পন্থায় হওয়া যা অনুভূত নয় এবং বাহ্যিকতা দ্বারা অনুধাবন করা যায় না তাকে বরকত বলা হয়। আল্লাহর পক্ষ থেকে যে স্থানে কল্যাণ অনুভূতিহীন রাস্তা দ্বারা অবতীর্ণ হয় সে স্থানও বরকতময় এবং যে কিতাবে হয় তাও বরকতময়, যে বস্তুতে হয় তাও বরকতময়। আল্লাহ তা'আলা বরকতময় হওয়ার অর্থ হলো শুধুমাত্র কল্যাণ দান করা। অর্থাৎ আল্লাহ এত অধিক কল্যাণের ধারক যে, সমগ্র বিশ্বকে অনুভূত, অনুভূতিহীন, জাহের, বাতেন, ইলমী, আমলী সকল প্রকার কল্যাণ তিনি দান করেন।

هُدًى : **দিশারী**। **বাব** ضَرَبَ -এর মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– হেদায়েত করা, পরিচালিত করা। কিন্তু এখানে اسم فاعل -এর অর্থে ব্যবহার হয়েছে অর্থ– দিশারী, পথপ্রদর্শক।

আয়াত : ৯৭

اٰيٰتٌ : **নিদর্শনাবলি**। বহুবচন, একবচন اٰيَةٌ অর্থ– নিদর্শন।

بَيِّنٰتٌ : **প্রকাশ্য দলিল, স্পষ্ট-প্রমাণ**। শব্দটি বহুবচন, একবচনে بَيِّنَةٌ

مَقَامُ اِبْرٰهِيْمَ : **মাকামে ইবরাহীম**। যেখানে দাঁড়িয়ে হযরত ইবরাহীম (আ.) কা'বা শরীফ নির্মাণ করেছিলেন তাকে মাকামে ইবরাহীম বলা হয়। –(জালালাইন) مَقَامٌ শব্দটি ظَرْف مَكَان যা قِيَامٌ মাসদার হতে গঠিত হয়েছে। বাব نَصَرَ মাসদার اَلْقِيَامُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– দাঁড়ানো।

حِجُّ : **হজ**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– হজ করা, ইচ্ছা করা। حِجٌّ -এর আভিধানিক অর্থ– সাক্ষাতের ইচ্ছা করা। শরিয়তের পরিভাষায় حَجّ -এর নিয়তে প্রথমে ইহরাম বেঁধে নির্দিষ্ট সময়ে বায়তুল্লাহ শরীফ তওয়াফ করা এবং আরাফা, মুযদালিফা ও মীনায় অবস্থান করাকে হজ বলা হয়।

اِسْتَطَاعَ : **সে সক্ষম হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব استفعال মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া।

كَفَرَ : **সে কুফরি করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অস্বীকার করা; অর্থাৎ ইসলাম, রিসালাত, কিয়ামত, আল্লাহ তা'আলার একত্ববাদ, তার গুণাবলি ও দীনের ফরজসমূহের অনিবার্যতাকে অস্বীকার করা। كُفْر শব্দের শাব্দিক অর্থ হলো কোনো বস্তুকে লুকানো; গোপন করা। এ কারণেই রাতকে كَافِرٌ বলা হয়, কারণ তা মানুষসহ সকল

বস্তুকে লুকিয়ে রাখে। কৃষককেও كَافِرْ বলা হয়, কারণ সে বীজকে মাটির নিচে লুকিয়ে রাখে। আর নিয়ামত অস্বীকার করা ও অকৃতজ্ঞতাকে كُفْرَان نِعْمَتْ বলা হয়, কারণ তা নিয়ামতকে লুকিয়ে রাখার নামান্তর। এ দৃষ্টিকোণ থেকেই একত্ববাদ, শরিয়ত ও নবুয়তকে অস্বীকার করা ও তার সত্যায়ন প্রকাশ না করাকে كفر বলা হয়। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬ দ্রষ্টব্য)

غَنِىٌّ : **অভাবমুক্ত; ধনী**। সীগাহ واحد مذكر ; বহছ সিফাতে মুশাব্বাহ। বহুবচন اَغْنِيَاءُ ; غِنَا হলো ইসমে ফে'ল। ইমাম রাগেব (র.) লিখেছেন, غِنَاء -এর তিনটি অর্থ রয়েছে। ১. সম্পূর্ণরূপে মুখাপেক্ষিতাহীন ও অভাবমুক্ত হওয়া; এমন غَنِىٌّ আল্লাহ ব্যতীত আর কেউ নেই। ২. অল্প অভাবগ্রস্ত হওয়া; অল্পে তুষ্ট হওয়া। এ গুণটি যে কোনো قَانِع তথা অল্পে তুষ্ট ব্যক্তিরই হতে পারে। আয়াত وَوَجَدَكَ عَائِلًا فَاَغْنٰى এখানে এ প্রকার غِنَا -ই উদ্দেশ্য। অর্থ "হে নবী! আমি আপনাকে অভাবগ্রস্ত পেয়ে তুষ্ট বানিয়ে দিয়েছি।" ৩. সম্পদশালী হওয়া, ধনী হওয়া।

আয়াত : ৯৮

شَهِيْدٌ : **সাক্ষী; স্বীকারকারী**। এটি فَعِيْلٌ-এর ওযনে, فَاعِلٌ -এর অর্থে مُبَالَغَة -এর ওযনসমূহের একটি ওযন। شَهِيْدٌ শব্দটি شَاهِدٌ তথা সাক্ষী এবং প্রত্যক্ষদর্শীর অর্থেও ব্যবহৃত হয়। আল্লামা মুবারাক ইবনে আছীর জাযরী (র.) 'নিহায়া' গ্রন্থে উল্লেখ করেছেন– আল্লাহর নামসমূহের একেকটি নামের একেকটি বৈশিষ্ট্য রয়েছে। যথা– اُمُوْر ظَاهِرَة তথা প্রকাশ্য বিষয়ের দিকে সম্পৃক্ত করা হলে তখন আল্লাহ তা'আলা شَهِيْدٌ ; আর যখন اُمُوْر بَاطِنَة তথা অভ্যন্তরীণ বিষয়ে চিন্তা করা হয় তখন তিনি خبير ; উল্লেখ্য شَهِيْدٌ অর্থ এটাও যে তিনি কিয়ামত দিবসে মাখলূকের উপর সাক্ষী হবেন।

تَعْمَلُوْنَ : **তোমরা আমল করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; কাজ করা।

আয়াত : ৯৯

تَصُدُّوْنَ : **তোমরা বাধাপ্রদান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلصَّدُّ মূলবর্ণ(ص ـ د ـ د) অর্থ– বাধাপ্রদান করা।

سَبِيْل : রাস্তা, পথ, পদ্ধতি, পন্থা, উপায়। শব্দটি একবচন, বহুবচনে سُبُلٌ অর্থ– রাস্তাসমূহ, একাধিক রাস্তা, শব্দটি কুরআন শরীফে سَبِيْلًا ও سَبِيْلٌ উভয়ভাবেই ব্যবহার হয়েছে। اِبْنُ السَّبِيْل অর্থ– মুসাফির, পথিক।

تَبْغُوْنَهَا : **তোমরা এতে অন্বেষণ কর**। সীগাহ جمع ضَرَبَ বাব مضارع معروف বহছ مذكر حاضر মূলবর্ণ(ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অন্বেষণ করা; তালাশ করা। هَا যমীর মাফঊলে বিহী।

عِوَجًا : **বক্রতা**। এটি বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– বাঁকা হওয়া। মূলবর্ণ (ع ـ و ـ ج)

بِغَافِلٍ : **অনবহিত**। غَافِلٍ সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব نَصَرَ মূলবর্ণ(غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلُ অর্থ– অনবহিত হওয়া, অসতর্ক থাকা, ভুলে থাকা, উপেক্ষা করা। بَاء হরফে জার, غَافِلٍ -মরজরূর।

আয়াত : ১০০

تُطِيْعُوْا : **তোমরা আনুগত্য কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ(ط ـ و ـ ع) অর্থ– আনুগত্য করা।

يَرُدُّوْكُمْ : **তারা তোমাদেরকে ফিরিয়ে দিবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– ফিরিয়ে দেওয়া। يَرُدُّوْا মূলত يَرُدُّوْنَ ছিল। جَوَاب شَرْط এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে। كُمْ যমীর মাফঊলে বিহী।

আয়াত : ১০১

تَكْفُرُوْنَ : **তোমরা কুফরি কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; অধ্যয়ন করা।

تُتْلٰى : **তেলাওয়াত করা হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; অধ্যয়ন করা।

عَلَيْكُمْ : **তোমাদের উপর**। عَلٰى হরফে জার; كُمْ যমীর মাজরূর।

يَعْتَصِمْ : وَمَنْ يَعْتَصِمْ : যে দৃঢ়ভাবে অবলম্বন করবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব افتعال মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْاِعْتِصَامُ অর্থ– দৃঢ়ভাবে ধারণ করা; অবলম্বন করা। مَنْ হরফে শর্ত।

هُدِيَ : সে সৎপথে পরিচালিত হবে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সরল পথে পরিচালিত হওয়া। হেদায়েত পাওয়া।

আয়াত : ১০২

اِتَّقُوا اللّٰهَ : তোমরা আল্লাহকে ভয় কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; সংযত হওয়া।

حَقَّ تُقٰتِهٖ : যথার্থভাবে ভয় কর; যেমন ভয় করা উচিত তেমন ভয় কর। যথার্থভাবে ভয় করা প্রসঙ্গে রাসূল ﷺ নিজে বলেন– حَقَّ تُقَاتِهٖ هُوَ اَنْ يُّطَاعَ فَلَا يُعْصٰى وَيُذْكَرَ فَلَا يُنْسٰى وَيُشْكَرَ فَلَا يُكْفَرُ অর্থাৎ, যথার্থ তাকওয়া হচ্ছে প্রত্যেক কাজে তার আনুগত্য করা, অবাধ্যতা না করা; সর্বদা তাঁকে স্মরণ করা, বিস্মৃত না হওয়া; তাঁর কৃতজ্ঞতা আদায় করা, অকৃতজ্ঞ না হওয়া। –(জালালাইন)

لَا تَمُوْتُنَّ : তোমরা মৃত্যুবরণ করো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي معروف بانون ثقيلة বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ– মৃত্যুবরণ করা।

مُسْلِمُوْنَ : আত্মসমর্পণকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل একবচন اَلْمُسْلِمُ অর্থ– অনুগত; মুসলিম।

আয়াত : ১০৩

اِعْتَصِمُوْا : তোমরা দৃঢ়ভাবে ধারণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْاِعْتِصَامُ অর্থ– দৃঢ়ভাবে ধারণ করা।

حَبْلِ اللّٰهِ : আল্লাহর রজ্জু। حَبْلِ -মুযাফ اللّٰهِ মুযাফ ইলাইহি। حَبْلٌ -এর মূল অর্থ– রজ্জু বা রশি। তবে রূপকার্থে অঙ্গীকার, প্রতিশ্রুতি ইত্যাদি অর্থেও ব্যবহৃত হয়। এখানে حَبْلٌ দ্বারা উদ্দেশ্য হলো কুরআন। হযরত ইবনে মাসউদ (রা.) থেকে বর্ণিত রয়েছে, রাসূল ﷺ বলেছেন– كِتَابُ اللّٰهِ هُوَ حَبْلُ اللّٰهِ الْمَمْدُوْدُ مِنَ السَّمَاءِ اِلَى الْاَرْضِ অর্থাৎ আল্লাহর কিতাব হলো আল্লাহর রশি, যা আসমান থেকে জমিন পর্যন্ত বিস্তৃত। –(তাফসীরে ইবনে কাছীর)

جَمِيْعًا : সকলে। جَمْعٌ থেকে নির্গত, مَجْمُوْعٌ অর্থে ব্যবহৃত। শব্দটি جَمِيْعٌ ও جَمِيْعًا উভয়ভাবে পবিত্র কুরআনের বহুস্থানে ব্যবহৃত হয়েছে।

لَا تَفَرَّقُوْا : তোমরা বিচ্ছিন্ন হয়ো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفي حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার التفرق অর্থ– বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া। لَا تَفَرَّقُوْا মূলত لَا تَتَفَرَّقُوْا ছিল। সহজের জন্য একটি تَاء কে ফেলে দেওয়া হয়েছে।

اُذْكُرُوْا : তোমা স্মরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার الذكر অর্থ– স্মরণ করা।

اَعْدَاءً : শত্রুগণ। বহুবচন, একবচন عَدُوٌّ অর্থ– শত্রু

اَلَّفَ : তিনি প্রীতির সঞ্চার করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّاْلِيْفُ মূলবর্ণ (أ ـ ل ـ ف) অর্থ– প্রীতির সঞ্চার করা; কারো অন্তরে মমতা ঢেলে দেওয়া; ভালোবাসা সৃষ্টি করা।

اَصْبَحْتُمْ : তোমরা হয়ে গেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– হওয়া। এটি اَفْعَالُ نَاقِصَة -এর অন্তর্ভুক্ত।

পরস্পর ভাই হয়ে গেলে। শব্দটি বহুবচন, একবচন اخ অর্থ– ভাই।

شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ : অগ্নিকুণ্ডের প্রান্তে। شَفَا অর্থ– প্রান্ত; তবে এ শব্দটি সাধারণত ধ্বংসের প্রান্তে বুঝাতে ব্যবহৃত হয়। একবচন, বহুবচন اَشْفَاءٌ ; حُفْرَةٍ : গর্ত; একবচন, বহুবচন حُفَرٌ

أَنْقَذَكُمْ : **তিনি তোমাদেরকে রক্ষা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ق ـ ذ) মাসদার انقاذ রক্ষা করা; মুক্তি দেওয়া। كُمْ যমীর মাফঊলে বিহী।

يُبَيِّنُ : **তিনি স্পষ্টভাবে বিবৃত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা।

تَهْتَدُوْنَ : **তোমরা সৎপথ প্রাপ্ত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– সৎপথ প্রাপ্ত হওয়া; হেদায়েত পাওয়া।

আয়াত : ১০৪

يَدْعُوْنَ : **তারা আহ্বান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدُّعَاءُ ও اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– আহ্বান করা; ডাকা।

يَأْمُرُوْنَ : **তারা নির্দেশ দিবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া।

بِالْمَعْرُوْفِ : **ন্যায়সঙ্গভাবে, সৎকাজের**। معروف সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ মূলবর্ণ (ع ـ ر ـ ف) উত্তম কর্ম করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত, অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চিনা। مَعْرُوْف এমন আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ; তাহলে مَعْرُوْف এমন বস্তু যা যে কোনো জ্ঞানী ও শরিয়তের পাবন্দ ব্যক্তি চিনে ও তা স্বীকার করে। আর مُنْكَر হলো এমন বস্তু যাকে কোনো জ্ঞানী ব্যক্তি চিনে না এবং তাকে ঘৃণা করে।

يَنْهَوْنَ : **তারা নিষেধ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْيُ অর্থ– নিষেধ করা। বাধাপ্রদান করা; বিরত রাখা।

اَلْمُنْكَرِ : **অসৎ কার্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– এমন কথা বা কাজ যা সুস্থ বিবেক মন্দ মনে করে এবং শরিয়ত যাকে নিষিদ্ধ করেছে।

اَلْمُفْلِحُوْنَ : **সফলকামগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফলকাম হওয়া; সফলতা অর্জন করা। পবিত্র কুরআনে مُفْلِحُوْنَ শব্দটি পরকালীন সাফল্য লাভকারীদের জন্য ব্যবহৃত হয়েছে। তবে একটি স্থানে اَفْلَحَ শব্দটি পার্থিব সফলতার ক্ষেত্রে ব্যবহৃত হয়েছে। তাও সেটি আল্লাহর নিজের বাণী নয়; বরং অন্যের উক্তি তিনি বর্ণনা করেছেন। যেমন–

قَدْ اَفْلَحَ الْيَوْمَ مَنِ اسْتَعْلٰى

আয়াত : ১০৫

تَفَرَّقُوْا : **তারা বিচ্ছিন্ন হয়ে গেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفَرُّقُ অর্থ– বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

اِخْتَلَفُوْا : **তারা পরস্পর মতান্তর সৃষ্টি করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতান্তর করা; মতবিরোধ করা, মতভেদ করা, মতপার্থক্য করা।

اَلْبَيِّنٰتُ : **স্পষ্ট নিদর্শনসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে بَيِّنَةٌ অর্থ– সুস্পষ্ট প্রমাণ, সুস্পষ্ট নিদর্শন।

আয়াত : ১০৬

تَبْيَضُّ : **উজ্জ্বল হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعِلَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ض) মাসদার اَلْاِبْيِضَاضُ অর্থ– উজ্জ্বল হওয়া।

وُجُوْهٌ : চেহারা সমূহ। শব্দটি বহুবচন, একবচনে وجه অর্থ– চেহারা, আকৃতি।

اِسْوَدَّتْ : **কালো হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعِلَالٌ মূলবর্ণ (س ـ و ـ د) মাসদার اَلْاِسْوِدَادُ অর্থ– কালো হওয়া।

ذُوْقُوْا : **তোমরা আস্বাদন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذَّوْقُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদন করা।

আয়াত : ১০৭

لِيُمَحِّصَ : **যেন তিনি পরিশোধন করেন**। এখানে لام তা'লীলের জন্য। يُمَحِّصُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّمْحِيْصُ মূলবর্ণ (م ـ ح ـ ص) অর্থ- পরিশোধন করা; পরিচ্ছন্ন করা; পবিত্র করা। لام تعليل -এর কারণে মানসূব হয়েছে।

আয়াত : ১৫৫

تَوَلَّوْا : **তারা পৃষ্ঠপ্রদর্শন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّل মাসদার اَلتَّوَلِّى মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; পালিয়ে যাওয়া।

اِلْتَقَى : **তারা পরস্পর মিলিত হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْتِقَاءُ অর্থ- পরস্পর মিলিত হওয়া; পরস্পর যুদ্ধে লিপ্ত হওয়া।

اَلْجَمْعٰنِ : **দুটি দল**। দুটি গ্রুপ। এটি جَمْعٌ -এর দ্বিবচন। বহুবচন- جُمُوْعٌ

اِسْتَزَلَّهُمْ : **তাদের পদস্খলন ঘটিয়েছে**। اِسْتَزَلَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ز ـ ل ـ ل) মাসদার اَلْاِسْتِزْلَالُ অর্থ- পদস্খলিত করা; বিভ্রান্ত করা। هم যমীরে منصوب متصل।

আয়াত : ১৫৬

اِذَا ضَرَبُوْا فِى الْاَرْضِ : যখন তারা দেশে দেশে সফর করে। ضَرَبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ- মারা; প্রহার করা। মূলত ضَرَبَ অর্থ- কোনো বস্তুকে অপর বস্তুর উপর স্থাপন করা। এর যেহেতু অনেকগুলো সুরত হতে পারে সে হিসেবে বিভিন্ন অবস্থায় এর বিভিন্ন অর্থ হতে পারে। কোথাও প্রহার করা; বর্ণনা করা; আবার কোথাও ঢেলে দেওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে সে অনুযায়ী এর তরজমা হওয়া আবশ্যক। তবে মূল অর্থের প্রতি লক্ষ্য রাখতে হবে। যেহেতু চলার সময় ভূমিতে পা পড়ে তাই ضَرَبَ فِى الْاَرْضِ -এর মধ্যে ضَرْبٌ অর্থ হবে- ভূমিতে চলা; বিচরণ করা। কোনো কিছুকে এভাবে বর্ণনা করা যে, তার প্রভাব অন্যের উপর পড়ে তার নাম হলো ضَرْبُ الْمَثَلِ ; তাই যখন مِثْل -এর সাথে ضَرْب ব্যবহার হয় তখন অর্থ হয়- বর্ণনা করা। কুরআনের আয়াত- فَاضْرِبْ لَهُمْ طَرِيْقًا فِى الْبَحْرِ يَبَسًا (তুমি তাদের জন্য সমুদ্রে শুষ্ক রাস্তা তৈরি করে দাও) এ আয়াতে যেহেতু طَرِيْق (রাস্তা) কে بَحْر (সমুদ্রের) উপর স্থাপন করা হচ্ছে তাই এখানে اِضْرِبْ অর্থ হবে- তৈরি করা; নির্মাণ করা।

غُزًّى : **যোদ্ধা; যুদ্ধে লিপ্তগণ**। বহুবচন, একবচন غَازٍ ، غَازِى

مَا مَاتُوْا : **তারা মরত না**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى منفى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَوْتُ মূলবর্ণ (م ـ و ـ ت) অর্থ- মারা যাওয়া।

حَسْرَةً : **অনুশোচনা; আক্ষেপ**। এটি বাব ضَرَبَ -এর মাসদার।

بِمَا تَعْمَلُوْنَ : **তোমরা যা কর**। ما ইসমে মাউসূল। تَعْمَلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- করা।

আয়াত : ১৫৭

يَجْمَعُوْنَ : **তারা জমা করে**। সীগাহ। جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْجَمْعُ মূলবর্ণ (ج ـ م ـ ع) অর্থ- জমা করা; সংগ্রহ করা, একত্রিত করা।

আয়াত : ১৫৮

لَئِنْ مُّتُّمْ : **যদি তোমাদের মৃত্যু হয়**। مُتُّمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ- মারা যাওয়া।

تُحْشَرُوْنَ : **তোমাদেরকে একত্র করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ- জমা করা; একত্র করা।

আয়াত : ১৫৯

لِنْتَ : **তুমি কোমল-হৃদয় হয়েছিলে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَللِّيْنُ মূলবর্ণ (ل ـ ى ـ ن) অর্থ- কোমল-হৃদয় হওয়া; নম্র হওয়া।

فَظًّا : **রূঢ়; রুক্ষ; কর্কশ**। শব্দের মূল অর্থ হলো অন্ত্রের ভিতরের দুর্গন্ধময় পানি। –(মু'জামুল কুরআন, মুফরাদাত)

غَلِيْظَ الْقَلْبِ : **কঠোরচিত্ত। দুশ্চরিত্র।** غَلِيْظَ মুযাফ (নসব অবস্থায়) اَلْقَلْبِ মুযাফ ইলাইহি। غَلِيْظ - غِلْظَةٌ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। শব্দটি একবচন, বহুবচন– غِلَاظٌ

لَانْفَضُّوْا : **তারা সরে পড়ত।** لام مفتوح তাকিদের জন্য। انْفَضُّوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْفِضَاضُ মূলবর্ণ (ف ـ ض ـ ض) অর্থ– বিচ্ছিন্ন হওয়া; সরে পড়া।

شَاوِرْهُمْ : **তুমি তাদের সঙ্গে পরামর্শ কর।** شَاوِرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ش ـ و ـ ر) মাসদার اَلْمُشَاوَرَةُ অর্থ– পরামর্শ করা।

فَاِذَا عَزَمْتَ : **অতঃপর যখন তুমি দৃঢ় সংকল্প করবে।** فاء হরফে আত্‌ফ। اذا হরফে শর্ত। عَزَمْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ م) মাসদার اَلْعَزْمُ অর্থ– দৃঢ় সংকল্প করা।

اَلْمُتَوَكِّلِيْنَ : **নির্ভরকারীগণ; ভরসাকারীগণ।** সীগাহ جمع مذكر سالم বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ১৬০

غَالِبَ : **বিজয়ী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া।

اِنْ يَّخْذُلْكُمْ : **যদি তিনি সাহায্য না করেন।** ان হরফে শর্ত। يَخْذُلْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف مجزوم বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ذ ـ ل) মাসদার اَلْخَذْلُ ، اَلْخُذْلَانُ অর্থ– সাহায্যের সময় সাহায্যের প্রত্যাশী ব্যক্তির সাহায্য বর্জন করে তার থেকে বিচ্ছিন্ন হয়ে যাওয়া। ان شرطية -এর কারণে مجزوم হয়েছে।

আয়াত : ১৬১

مَنْ يَّغْلُلْ : **যে ব্যক্তি গোপন করবে; যে খেয়ানত করবে।** مَنْ মাউসূলাহ। يَغْلُلْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْغُلُوْلُ মূলবর্ণ (غ ـ ل ـ ل) এর মূল অর্থ হলো গনিতের সম্পদে খেয়ানত করা। পরবর্তীতে যে কোনো খেয়ানতের জন্য তা ব্যবহৃত হতে থাকে। –(তাজ)

تُوَفّٰى : **পূর্ণ মাত্রায় দেওয়া হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّوْفِيَةُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– পূর্ণ পরিণাম দেওয়া। মৃত্যু দান করা।

আয়াত : ১৬২

مَنْ بَاءَ : **যে উপযোগী হয়।** باء সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْبَوْءُ মূলবর্ণ (ب ـ و ـ ء)-এর صلة যদি اِلٰى হয় তখন অর্থ হয়– প্রত্যাবর্তন করা। আর যদি صلة با হয় তখন অর্থ হয়– প্রত্যাবর্তন করানো।

سَخَطٌ : **ক্রোধ; রাগ।** এটি বাব سَمِعَ -এর মাসদার।

جَهَنَّمُ : **জাহান্নাম, দোজখ; দোজখের একটি নাম।**

আয়াত : ১৬৩

دَرَجٰتٌ : **স্তরসমূহ; মর্যাদা।** বহুবচন, একবচন دَرَجَةٌ

بِمَا يَعْمَلُوْنَ : **তারা যা করে।** ما **ইসমে মাউসূল।** يَعْمَلُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কর্ম করা।

আয়াত : ১৬৪

لَقَدْ مَنَّ اللّٰهُ : **আল্লাহ অবশ্যই অনুগ্রহ করেছেন।** قَدْ ماضى قريب। مَنَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ن ـ ن) মাসদার اَلْمَنُّ অর্থ– অনুগ্রহ করা; খোঁটা দেওয়া; উপকার করে তা বলে বেড়ানো।

بَعَثَ : **তিনি প্রেরণ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

يُزَكِّيهِمْ : তিনি তাদেরকে পরিশোধন করেন। يُزَكِّي সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্র করা; পরিশোধন করা। هم যমীরে منصوب متصل।

আয়াত ১৬৬

اِلْتَقَى : তারা পরস্পর মিলিত হয়েছিল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْتِقَاءُ অর্থ- পরস্পর মিলিত হওয়া; পরস্পর যুদ্ধে লিপ্ত হওয়া।

الْجَمْعَنِ : দুটি দল; দুটি গ্রুপ। এটি جَمْع -এর দ্বিবচন; বহুবচন جَمْعُوْنَ

আয়াত : ১৬৭

نَافَقُوا : তারা কপটতা করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلنِّفَاقُ ও اَلْمُنَافَقَةُ অর্থ- কপটতা; মুনাফেকী; দ্বিমুখিতা করা; দুদিক অবলম্বন করা। نِفَاقٌ কুরআনের পরিভাষায় ঐ দুদিক অবলম্বন করার নাম, যে প্রকাশ্যে মুখে ঈমানদার হওয়ার দাবি করে এবং লোক দেখানোর জন্য নামাজও আদায়; করে, কিন্তু অন্তরে কাফের থেকে যায় এবং ইসলামের বিপরীত বিশ্বাস রাখে। এ ধরনের কাজকে نِفَاقٌ বলা হয়। যে এমন কাজ করে তাকে বলা হয় مُنَافِقٌ বা কপট।

تَعَالَوا : তোমরা এসো। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلتَّعَالِىُّ অর্থ- আসা। এ অর্থে শুধুমাত্র فعل امر ব্যবহৃত হয়।

يَكْتُمُونَ : তারা গোপন করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ- গোপন করা।

আয়াত : ১৬৮

لَوْ اَطَاعُونَا : যদি তারা আমাদের কথা মতো চলে। لَوْ হরফে শর্ত। اَطَاعُوا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার الاطاعة অর্থ- আনুগত্য করা। মান্য করা। نَا যমীরে منصوب متصل।

فَادْرَءُوا : সুতরাং তোমরা রক্ষা কর। فاء হরফে আতফ। ادرءوا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (د ـ ر ـ ء) মাসদার اَلدَّرْأُ অর্থ- রক্ষা করা; দূর করা; বিদূরিত করা।

আয়াত : ১৬৯

اَمْوَاتًا : মৃতগণ। বহুবচন, একবচন مَيِّتٌ

اَحْيَاءٌ : জীবিত। বহুবচন, একবচন حَيٌّ

তারা জীবিকাপ্রাপ্ত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ- জীবিকা প্রদান করা; রিজিক দেওয়া।

আয়াত : ১৭০

فَرِحِيْنَ : আনন্দিত। শব্দটি বহুবচন, একবচনে فَرِحٌ ; বাবে سَمِعَ -এর মাসদার। খুশি হওয়া; আনন্দিত হওয়া। ভালো কাজে বা নিন্দনীয় কাজে খুশি হওয়াকে فَرْحٌ বলা হয়।

يَسْتَبْشِرُونَ : তারা আনন্দিত হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر)। মাসদার اَلْاِسْتِبْشَارُ অর্থ- আনন্দিত হওয়া।

لَمْ يَلْحَقُوا : তারা মিলিত হয়নি। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم درفعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ح ـ ق) মাসদার اَللُّحُوقُ অর্থ- মিলা; সংযুক্ত হওয়া।

يَحْزَنُونَ : তারা দুঃখিত হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- বিষণ্ন হওয়া; দুঃখিত হওয়া।

আয়াত : ১৭১

لَا يُضِيْعُ : সে নষ্ট করে না। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ى ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ- নষ্ট করা।

আয়াত : ১৭২

اِسْتَجَابُوْا : **তারা ডাকে সাড়া দিয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ- ডাকে সাড়া দেওয়া।

اَصَابَهُمُ الْقَرْحُ : **তারা আঘাতপ্রাপ্ত হয়েছে।** اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ- পৌঁছা; লাগা; আরোপিত হওয়া।

قَرْحٌ : **আঘাত; ক্ষত।** (বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ১৪০ দ্রষ্টব্য।)

আয়াত : ১৭৩

حَسْبُنَا اللّٰهُ : আল্লাহ আমাদের জন্য যথেষ্ট। حَسْبٌ বাবে سَمِعَ-এর মাসদার অর্থ- যথেষ্ট হওয়া। نَا হলো ضمير مجرور باضافت

اَلْوَكِيْلُ : **কর্মবিধায়ক; তত্ত্বাবধায়ক; জিম্মাদার।** وَكْلٌ মাসদার থেকে فَعِيْل ওযনে সিফাতে মুশাব্বাহ; বাব ضَرَبَ মাসদার اَلْوَكْلُ ; ইমাম রাগেব (র.) বলেন- كَفِيْلٌ ও وَكِيْلٌ -এর মাঝে সম্পর্ক হলো كَفِيْل শব্দটি وَكِيْل থেকে عام বা ব্যাপক। কেননা وَكِيْل-এর জন্য দায়িত্বশীল হওয়া আবশ্যক নয়। সে শুধু মালিকের প্রতিনিধি হয়। আর كَفِيْل হলো عَامٌ ; সুতরাং প্রত্যেক كَفِيْل উকিলও হতে পারে আবার كَفِيْل ও।

আয়াত : ১৭৪

فَانْقَلَبُوْا : **তারপর তারা ফিরে এলো।** فاء হরফে আতফ। اِنْقَلَبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ- পরিবর্তন হওয়া; প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

رِضْوَانَ : **সন্তুষ্টি।** এটি বাব سَمِعَ -এর মাসদার। পবিত্র কুরআনের যত স্থানে رِضْوَانٌ ব্যবহার হয়েছে সর্বস্থানেই এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর সন্তুষ্টি।

আয়াত : ১৭৫

يُخَوِّفُ : **সে ভয় দেখায়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلتَّخْوِيْفُ অর্থ- ভীতি প্রদর্শন করা।

خَافُوْا : **তোমরা ভয় কর।** সীগাহ جمع مذكرحاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- ভয় করা।

আয়াত : ১৭৬

يُسَارِعُوْنَ : **তারা প্রতিযোগিতা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (س ـ ر ـ ع) মাসদার اَلْمُسَارَعَةُ অর্থ- পরস্পর প্রতিযোগিতা করা।

حَظًّا : **অংশ।** নির্দিষ্ট অংশকে حَظٌّ বলা হয়। শব্দটি একবচন, বহুবচন حُظُوْظٌ

আয়াত : ১৭৮

لَا يَحْسَبَنَّ : **তারা কখনো ধারণা করবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف بانون বাব حَسِبَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার ثقيلة اَلْحِسْبَانُ অর্থ- ধারণা করা।

نُمْلِىْ : **আমি অবকাশ দেই।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ ل ـ ى) মাসদার اَلْاِمْلَاءُ অর্থ- অবকাশ দেওয়া।

لِيَزْدَادُوْا : **যেন তাদের পাপ বৃদ্ধি পায়।** لام টি لام كى ; সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلْاِزْدِيَادُ অর্থ- বৃদ্ধি পাওয়া।

اِثْمًا : **পাপ; গুনাহ।** একবচন, বহুবচন اٰثَامٌ

عَذَابٌ : **শাস্তি; ভীষণ শাস্তি।** ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- عَذَابٌ অর্থ ভীষণ কষ্ট দেওয়া। তবে শব্দটির مَأْخَذْ ও উৎস কী? সে সম্পর্কে মতভেদ রয়েছে। কারো কারো মতে এটি عَذَبَ الرَّجُلُ فَهُوَ عَاذِبٌ وَ عَذُوْبٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ হলো- পানাহার ও শয়ন পরিহার করা। সুতরাং تَعْذِيْبٌ অর্থ হলো- মানুষকে ক্ষুধার্ত ও অনিদ্রায় রাখতে বাধ্য করা। কিন্তু এ ব্যাপারে চমৎকার কথা বলেছেন শায়খ আবূ তায়্যিব ফাসী। তিনি বলেন- عَذَابٌ শব্দটি আরবি ভাষায় عَذْبٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ- বাধাপ্রদান করা; বিরত রাখা। সে হিসেবে عَذَبْتُهُ عَنْهُ অর্থ- আমি তাকে এ

থেকে বিরত রেখেছি। আর عَذَبَ عَذُوْبًا অর্থ- সে বিরত হয়ে গেছে। মিষ্টি পানিকে عَذْبٌ এ জন্য বলা হয় যে, তা পিপাসাকে বাধাগ্রস্ত করে; বিরত রাখে। আর عَذَابٌ (শাস্তি) কে আজাব এ জন্য বলা হয় যে, তা শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে পুনরায় সে ধরনের অপরাধে লিপ্ত হওয়াকে বাধা দেয়; এমনকি সে অন্যকেও বিরত রাখে।

مُهِيْنٌ : **লাঞ্ছনাদায়ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ- অপদস্থ করা; লাঞ্ছিত করা।

আয়াত : ১৭৯

لِيَذَرَ : **ছেড়ে দেওয়া; বর্জন করা**। শুরুতে لام جحد আসার কারণে হালতে নসবে হয়েছে। يَذَرُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْوَذْرُ অর্থ- ছেড়ে দেওয়া।

يَمِيْزَ : **তিনি পৃথক করবেন; তারতম্য করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ى ـ ز) মাসদার اَلْمَيْزُ অর্থ- পৃথক করা। এখানে فعل مضارع টি حتى দ্বারা মানসূব হয়েছে। উল্লেখ্য এ আয়াতে اَلْخَبِيْثُ দ্বারা মুনাফিক এবং اَلطَّيِّبُ দ্বারা মুমিন উদ্দেশ্য। -(তাফসীরে জালালাইন)

اَلطَّيِّبِ : **উত্তম; ভালো**। طَابَ يَطِيْبُ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বহুবচন طَيِّبَاتٌ ; ইমাম রাগেব (র.) বলেন- طَيِّبٌ এমন বস্তুকে বলা হয় যা দ্বারা ইন্দ্র স্বাদ অনুভব করে এবং মন প্রফুল্ল হয়। طَعَامٌ طَيِّبٌ শরিয়তে এমন খাদ্যকে বলা হয় যা বৈধভাবে, বৈধ পরিমাণে বৈধ স্থান থেকে অর্জন করা হয়। কারণ যে খাবার এমন হবে তা বর্তমানে এবং ভবিষ্যতেও طَيِّبٌ-ই থাকবে। নিকৃষ্ট হবে না। নতুবা বর্তমানে যদিও طَيِّبٌ থাকে ; কিন্তু পরবর্তীতে তা ক্ষতিকর হয়ে যাবে। এ অর্থেই আল্লাহ্ বলেন- كُلُوْا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنٰكُمْ ; فَكُلُوْا مِمَّا رَزَقْنٰكُمْ حَلٰلًا طَيِّبًا ইত্যাদি।

لِيُطْلِعَكُمْ : **যেন তিনি তোমাদেরকে অবহিত করে দেন**। لام তা'লীলের জন্য। يُطْلِعُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطْلَاعُ মূলবর্ণ (ط ـ ل ـ ع) অর্থ- অবহিতকরণ।

يَجْتَبِيْ : **তিনি মনোনীত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِبَاءُ মূলবর্ণ (ج ـ ب ـ ى) ও (ج ـ ب ـ و) অর্থ- মনোনীত করা; নির্বাচন করা।

আয়াত : ১৮০

يَبْخَلُوْنَ : **তারা কৃপণতা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ خ ـ ل) মাসদার اَلْبُخْلُ অর্থ- কৃপণতা করা। বাব اِفْعَالٌ হতে اَبْخَالٌ অর্থ- কাউকে কৃপণ পাওয়া। বাব تَفْعِيْلٌ হতে تَبْخِيْلٌ অর্থ- কৃপণ বলে আখ্যায়িত করা।

سَيُطَوَّقُوْنَ : **অচিরেই তাদের গলায় বেড়ি পরানো হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ط ـ و ـ ق) মাসদার اَلتَّطْوِيْقُ অর্থ- গলায় বেড়ি পরানো। বেড়ির ন্যায় তাদের গলায় পরানো হবে। সহীহ্ বুখারীতে এ সম্পর্কিত একটি হাদীস রয়েছে। হযরত আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত রাসূলে কারীম ﷺ ইরশাদ করেছেন, যাকে আল্লাহ তা'আলা ধন সম্পদ দান করেছেন সে যদি তার জাকাত আদায় না করে তাহলে তার সেই সম্পদ কিয়ামতের দিন বিষধর সাপের আকৃতি বানিয়ে তার গলায় ঝুলিয়ে দেওয়া হবে। সাপটি তাকে দংশন করতে থাকবে এবং বলতে থাকবে-اَنَا كَنْزُكَ اَنَا مَالُكَ (আমি তোমার সম্পদ; আমি তোমার ধন ভাণ্ডার।)

مِيْرَاثُ : **স্বত্বাধিকার**। এটি বাব حَسِبَ-এর মাসদার অর্থ- মালিকানা, উত্তরাধিকারীত্ব। মাসদার تُرَاثٌ-وِرَاثَةٌ- اِرْثٌ-ও আসে। اِرْثٌ-এর মূল অর্থ হলো ক্রয়-বিক্রয় ও হেবা বা দান ব্যতীত কারো পক্ষ হতে কোনো সম্পদের মালিকানা অন্যের নিকট পরিবর্তিত হওয়া। মৃতব্যক্তির সম্পদও কোনো প্রকার বিনিময় ছাড়া তার কাছ থেকে অন্যের নিকট চলে আসে, তাই মৃতব্যক্তির পরিত্যক্ত সম্পদ প্রাপ্তিকে مِيْرَاثٌ বলা হয়। এর আরো দুটি অর্থ রয়েছে। ১. বিনিময় ও পরিশ্রম ব্যতীত কোনো বস্তুর মালিক হওয়া। যেমন- اَلَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ যারা ফিরদাউসের উত্তরাধিকার হবে। এ ক্ষেত্রে একের সম্পদ অন্যের কাছে আসে

না; বরং হাতবদল ব্যতীত মালিকানা লাভ হয়। ২. ইলম ও কিতাবেরওয়ারিশ হওয়া। যেমন- اِنَّ الْعُلَمَاءَ وَرَثَةُ الْاَنْبِيَاءِ / وَاَوْرَثْنَا الْكِتَابَ

আয়াত : ১৮১

لَقَدْ سَمِعَ : **তিনি অবশ্যই শুনেছেন**। لَم তাকীদের জন্য। قَدْ سَمِعَ সীগাহ বহছ واحد مذكر غائب মাসদার (س - م - ع) মূলবর্ণ سَمِعَ বাব ماضى قريب معروف মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা।

عَذَابَ الْحَرِيْقِ : **দহন যন্ত্রণা। আগুনের শাস্তি।**

عَذَابَ : **(সূরা আলে ইমরান, আয়াত : ১৭৮ দ্রষ্টব্য।)**

اَلْحَرِيْقِ : **আগুন; প্রজ্বলনকারী; জ্বলন্ত।** حَرِّق থেকে فَعِيْل -এর ওযনে সিফাতে মুশাব্বাহর সীগাহ। যা فاعل ও مفعول উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। এখানে فاعل অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১৮২

قَدَّمَتْ اَيْدِيْكُمْ : **যা তোমাদের হাত পূর্বে প্রেরণ করেছে।** অর্থাৎ তোমাদের কৃতকর্মের ফল। قَدَّمَتْ সীগাহ বহছ واحد مؤنث غائب ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق - د - م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ- অগ্রে প্রেরণ করা; অগ্রে করা।

ظَلَّامٍ : **অত্যাচারী; জালিম।** সীগাহ বহছ واحد اسم مبالغة বাব ضَرَبَ মূলবর্ণ (ظ - ل - م) মাসদার اَلظُّلْمُ অর্থ- অত্যাচার করা; জুলুম করা।

আয়াত : ১৮৩

عَهِدَ اِلَيْنَا : **আমাদেরকে আদেশ দিয়েছেন; আমাদের কাছ থেকে অঙ্গীকার নিয়েছেন।** عَهِدَ সীগাহ বহছ واحد مذكر غائب ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَهْدُ মূলবর্ণ (ع - ه - د) অর্থ- অঙ্গীকার নেওয়া।

قُرْبَانٍ : **কুরবানি।** قُرْبَانٌ অভিধানে এমন বস্তুকে বলা হয় যা আল্লাহর নৈকট্য অর্জনের মাধ্যম হয়। (প্রাণী, প্রাণহীন বস্তু বা সৎকর্ম- যে কোনো কিছুই হতে পারে) ইসলামি শরিয়তের পরিভাষায় এমন জন্তুকে বলা হয় যা আল্লাহর নৈকট্য অর্জনের জন্য জবাই করা হয়। শব্দটি একবচনে, বহুবচনে قَرَابِيْنَ -(রাগেব) উল্লেখ্য প্রাচীনকালে বনী ইসরাইলের কোনো নবীর সময় এই মু'জিযা প্রকাশ পেত যে, প্রাণী অথবা প্রাণহীন বস্তু আল্লাহর নামে কোনো ময়দানে অথবা কোনো পাহাড়ের উপর রেখে দেওয়া হতো। তারপর আকাশ থেকে একটি আগুনের টুকরা এসে তাকে জ্বালিয়ে ভস্ম বানিয়ে দিলে মনে করা হতো যে তার কুরবানি আল্লাহর দরবারে কবুল হয়েছে।

تَأْكُلُ : **সে গ্রাস করবে।** সীগাহ বহছ واحد مؤنث غائب مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ - ك - ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- খাওয়া; গ্রাস করা।

আয়াত : ১৮৪

اَلْبَيِّنٰتِ : **স্পষ্ট নিদর্শন।** বহুবচন, একবচন- بَيِّنَةٌ অর্থ- দলিল, প্রমাণ, নিদর্শন।

اَلزُّبُرِ : **আসমানি সহীফা।** زُبُرٌ অর্থ- লৌহ ফলক; লোহার বড় বড় টুকরা। এটি زُبْرَةٌ -এর বহুবচন।

আয়াত : ১৮৫

تُوَفَّوْنَ : **তোমাদেরকে পুরাপুরি প্রদান করা হবে।** সীগাহ বহছ جمع مذكر حاضر مضارع مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (و - ف - ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ- পুরাপুরি দেওয়া।

زُحْزِحَ : **তাকে দূরে রাখা হবে; তাকে রক্ষা করা হবে।** সীগাহ বহছ واحد مذكر غائب ماضى مجهول বাব فَعْلَلَةٌ মূলবর্ণ (ز - ح - ز - ح) মাসদার اَلزَّحْزَحَةُ অর্থ- দূরে রাখা।

اَلْغُرُوْرِ : **ছলনাময়; প্রতারক; প্রবঞ্চক।** غَرَرٌ থেকে فعول -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। মিথ্যা আশা প্রদানকারী। -(মু'জাম) সম্পদ, দুনিয়া, প্রবৃত্তি বা শয়তান। নিহায়া গ্রন্থকার লিখেছেন, এর অর্থ- শয়তান। কারণ শয়তানই মানুষকে লাগাতার গুনাহে লিপ্ত রাখে এবং ক্ষমার প্রত্যাশী বানিয়ে রাখে। অর্থাৎ ক্ষমাপ্রাপ্তির আশাকে সামনে রেখে গুনাহে লিপ্ত করে রাখে।

আয়াত : ১৮৬

لَتُبْلَوُنَّ : **নিশ্চয় তোমাদের পরীক্ষা করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ و) মাসদার اَلْبَلَاءُ অর্থ- পরীক্ষা করা; বিপদগ্রস্ত করা। আল্লাহর পক্ষ থেকে পরীক্ষার উদ্দেশ্য হলো দৈহিকভাবে বা ধনসম্পদের উপর বিপদ আসা।

عَزْمِ الْاُمُوْرِ : **দৃঢ় সংকল্পের কাজ**। এখানে عَزْمٌ মাসদার, যা ইসমে মাফঊল مَعْزُوْمٌ-এর অর্থে ব্যবহৃত হয়েছে। সে মতে عَزْمُ الْاُمُوْرِ-এর ইবারত হবে مَعْزُوْمَاتُ مِنْ مَعْزُوْمَاتِهَا الَّتِىْ অর্থাৎ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ; الْاُمُوْرِ يَعْزِمُ عَلَيْهَا لِوُجُوْبِهَا -(তাফসীরে জালালাইন)

আয়াত : ১৮৭

لَتُبَيِّنُنَّهٗ : **তোমরা তা স্পষ্টভাবে প্রকাশ করবে**। لَتُبَيِّنُنَّ সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ى ـ ن) জিনস اجوف يائى মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- বর্ণনা করা। ه যমীর منصوب متصل ।

نَبَذُوْهُ : **তারা তা অগ্রাহ্য করেছে; নিক্ষেপ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ) মাসদার اَلنَّبْذُ অর্থ- নিক্ষেপ করা; অগ্রাহ্য করা। ه যমীরে منصوب متصل ।

وَرَاءَ ظُهُوْرِهِمْ : **তাদের পিঠের পিছনে**। আল্লামা বায়যাবী (র.) লিখেছেন- وَرَاءَ মূলত মাসদার যাকে ظرف হিসেবে ব্যবহার করা হয়। তার ইযাফত ফা'য়েলের দিকেও হয় আবার মাফঊলের দিকেও হয়। প্রথম সুরতে উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু, অর্থাৎ এমন বস্তু যার আড়ালে কোনো কিছু হয়। এ কথা স্পষ্ট যে, তখন তা আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। আর দ্বিতীয় সুরতে এর বিপরীত, অর্থাৎ লুক্কায়িত ব্যক্তি বা বস্তুটি আগে হবে এবং ঐ বস্তুটি হবে তার পিছনে। এ কারণেই وَرَاءَ অর্থ- আগে পিছনে উভয়ই হতে পারে। তবে কাযী বায়যাবী (র.) এ কথা বলেননি যে, وَرَاءَ অর্থ- ব্যতীত, ছাড়া, বিনে ইত্যাদি অর্থ কী করে হলো- সম্ভবত তা এভাবে যে, যা কোনো কিছুর বিনিময় ব্যতীত হয় তা হয়তো আগে হয় নতুবা পিছে হয়। ظُهُوْر পৃষ্ঠ; পিঠ। শব্দটি বহুবচন, একবচন ظَهْرٌ

ثَمَنًا قَلِيْلًا : **তুচ্ছমূল্যে**। ثَمَنٌ قَلِيْلٌ দ্বারা উদ্দেশ্য দুনিয়ার ধন সম্পদ, যা আখেরাতের নিয়ামতের তুলনায় খুবই নগণ্য। ثَمَنٌ অর্থ- মূল্য; বিনিময়। একবচন, বহুবচন اَثْمَانٌ

আয়াত : ১৮৮

لَا تَحْسَبَنَّ : **তুমি এরূপ কখনো মনে করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব حَسِبَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحَسْبُ ও اَلْحِسْبَانُ অর্থ- ধারণা করা; মনে করা।

اَتَوْا : **তারা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা; আগমন করা। এর সেলা ب এলে অর্থ হবে- নিয়ে আসা।

مَفَازَةٍ : **মুক্তির স্থান; সফলতার স্থান**। একবচন, বহুবচন- مَفَازَاتٌ

আয়াত : ১৯১

قِيَامًا : **দাঁড়ানো অবস্থায়**। বহুবচন, একবচন হলো- قَائِمٌ ; আবার এটি বাব نَصَرَ-এর মাসদারও। অর্থ- দণ্ডায়মান হওয়া; বসা থেকে উঠা।

قُعُوْدًا : **বসা অবস্থায়**। বাব نَصَرَ-এর মাসদার। এটি বিপরীতার্থক শব্দসমূহের একটি। অর্থাৎ বসা, উঠা উভয়ের জন্য ব্যবহৃত হয়। -(কামূস) جُلُوْسٌ বলা হয় সেজদা বা শোয়া থেকে উঠে বসাকে। আর قُعُوْدٌ বলা হয় দাঁড়ানো থেকে বসাকে। তবে কখনো একটিকে অপর অর্থের জন্য ব্যবহার করা হয়। -(তাজ ও মুনতাহাল আরব) আবার এটি قَاعِدٌ-এর বহুবচনও। -(আল মুফরাদাত) حال হওয়ার কারণে নসব অবস্থায় হয়েছে।

عَلٰى جُنُوْبِهِمْ : **পার্শ্বদেশের উপর শুয়ে**। جُنُوْبٌ বহুবচন, একবচনে- جَنْبٌ অর্থ- পার্শ্বদেশ। هُمْ যমীরে মাজরূরে বাইযাফত।

بَاطِلًا : নিরর্থক। বাতিল। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْبُطْلَانُ অর্থ– নিরর্থক হওয়া। শব্দটি একবচন, বহুবচন– اَبَاطِيْلُ

سُبْحٰنَكَ : তুমি পবিত্র। শব্দটির বিশ্লেষণে আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, سُبْحَانَ হলো মাসদার تَسْبِيْحٌ -এর অর্থে। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। نصب হওয়া এবং مفرد- হওয়া এর দিকে اضافت হওয়া তার জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন سُبْحٰنَ اللّٰهِ (আল্লাহ পবিত্র।) অথবা ইসমে যমীর হোক। যেমন– سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ (সন্তান হওয়া তাঁর জন্য শোভনীয় নয়।) سُبْحَانَكَ لَا عِلْمَ لَنَا আপনি পবিত্র, আমাদের জানা নেই। এটা ঐ সমস্ত মাসদারসমূহের একটি যাদের ফে'লকে মৃত ঘোষণা করা হয়েছে। (অর্থাৎ কখনো তা ব্যবহার করা হয়নি।) অবশ্য কিরমানী (র.) তাঁর عَجَائِبُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, এটা একটা আশ্চর্যজনক কথা যা مفصل -এ বর্ণনা করা হয়েছে যে, سُبْحَانَ শব্দটি سبح -এর মাসদার; যখন দোয়া ও জিকিরের জন্য আওয়াজ উঁচু করা হয়। তিনি তার স্বপক্ষে দলিলও পেশ করেছেন–

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلَبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَ كَبَّرُوْا اِهْلَالًا

অর্থাৎ, আল্লাহ তা'আলা তাগলীবের চেহারাগুলোকে বিকৃত করে দিক, যখনই হাজী সাহেবান স্বশব্দে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর বলে।

ইবনে আবী হাতেম (র.) হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে– سُبْحَانَ اللّٰهِ -এর অর্থ হলো আল্লাহ সত্তার যে কোনো দোষত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

আল্লামা মাজদুদ্দিন ফিরোজাবাদী কামূস গ্রন্থে سُبْحَانَ কে معرفة বলে উল্লেখ করেছেন। অর্থাৎ তার تَسْبِيْحٌ -এর علم جنس বানিয়ে দেন। যেমন برة (একটি গম) بر (গম) -এর علم جنس ; কামূস গ্রন্থাকার যে একে علم বলেছেন এটিই হলো সর্বসম্মত অভিমত। যেমন কাজী বায়যাভী (র.), আল্লামা যামাখশারী প্রমুখ, তারা এ কথাকে স্বীকৃতি দিয়েছেন।

আল্লামা যাজ্জাজ (র.) سُبْحٰنَ الَّذِىْٓ اَسْرٰى -এর তাফসীরে বলেছেন যে, এটা মাসদার হওয়া অর্থাৎ مفعول مطلق হওয়ার কারণে منصوب হয়েছে। এর ফে'ল উহ্য রয়েছে। তা হলো– اُسَبِّحُ اللّٰهَ سُبْحٰنَهٗ– تَسْبِيْحًا (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি) (শেখ মুহাম্মদ ফাসী বলেন,) অতঃপর سُبْحَانَ টি فعل -এর স্থলাভিষিক্ত হয়ে تَنْزِيْهٌ بَلِيْغٌ অর্থাৎ মুশরিকরা আল্লাহর উপর যে সমস্ত দোষত্রুটি আরোপ করে সেগুলো থেকে পবিত্রতার অর্থে ব্যবহার হতে শুরু করে।

উল্লেখ্য যে, ইমাম সুয়ূতী (র.) যে বলেছেন– سُبْحَانَ -এর فعل কে মৃত বলা হয়েছে এবং مفصل যিনি তার বিরোধিতা করে বলেছেন এর থেকে আসে। তবে সঠিক কথা হলো এর فعل আসাটাই গ্রহণযোগ্য কথা। যেমন ইবনে ইয়ায়িশ (র.) প্রমুখ এবং মুফাসসালের ব্যাখ্যাতাগণও তাই বলেছেন। ارباب افعال ও অন্যান্য আলেমগণ তার فعل ব্যবহার করেছেন। তারা বলেন যে, এই سبح তাশদীদবিহীন হবে। যেমন شَكَرَ شُكْرَانًا অপর দল এর فعل তাশদীদযুক্ত হওয়াকেও বৈধ বলেছেন। তবে তারা একথাও বলেছেন যে, এটা কিয়াস বহির্ভূত। কেননা এর কোনো দৃষ্টান্ত নেই। তবে প্রথমটি এর বিপরীত। কারণ তার অনেক দৃষ্টান্ত রয়েছে। যদিও তা কিয়াস পরিপন্থি অর্থাৎ কায়েদা অনুযায়ী নয়। –(তাজুল আরূস শরহে কামূস)

قِنَا : আমাদেরকে রক্ষা করুন। قِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْوِقَايَةُ ; মূলবর্ণ (و ـ ق ـ ى) نا যমীরে منصوب متصل।

আয়াত : ১৯২

قَدْ اَخْزَيْتَهٗ : তুমি নিশ্চয় তাকে হেয় করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى قريب معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْزَاءُ মূলবর্ণ (خ ـ ز ـ ى) অর্থ– হেয় করা; অপদস্থ করা। ہ যমীরে منصوب متصل।

اَنْصَارٌ : **সাহায্যকারী**। نَاصِرٌ ও نَصِيْرٌ-এর বহুবচন। এখানে اَنْصَارٌ-এর دِيْنٌ মুযাফ ইলাইহি উহ্য রয়েছে। মূলত হবে- اَنْصَارُ دِيْنِ اللّٰهِ আল্লাহর দীনের সাহায্যকারী। পবিত্র কুরআনের যেখানেই মুহাজির ও আনসারের কথা উল্লেখ হয়েছে সেখানে আনসার দ্বারা মদীনার আনসারগণ উদ্দেশ্য। যারা নবী করীম ﷺ-এর সাহায্য করার বদৌলতে এ উপাধি অর্জন করেছিলেন।

আয়াত : ১৯৩

كَفِّرْ عَنَّا : **আমাদের থেকে দূরীভূত করে দিন; মিটিয়ে দিন**। كَفِّرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلتَّكْفِيْرُ অর্থ- মিটিয়ে দেওয়া; নিশ্চিহ্ন করা। عَنَّا যমীর মাজরূরে মুত্তাসিল।

سَيِّاٰتِنَا : **আমাদের পাপসমূহকে**। سَيِّاٰتٌ বহুবচন, একবচন- سَيِّئَةٌ আর نَا হলো ضمير محرور باضافت।

تَوَفَّنَا : **আমাদেরকে মৃত্যু দিন**। সীগাহ تَوَفَّ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوَفِّىْ অর্থ- পূর্ণ করা; মৃত্যু দেওয়া। نَا যমীর منصوب متصل।

اَلْاَبْرَار : **সৎ কর্মপরায়ণগণ**। বহুবচন, একবচন- بَرٌّ

আয়াত : ১৯৪

اٰتِنَا : **আমাদের দান করুন**। اٰتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- দান করা। نَا যমীর منصوب متصل

لَا تُخْزِنَا : **আমাদেরকে হেয় করবেন না**। لَاتُخْزِ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ى) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ- হেয় করা; অপদস্থ করো। نا যমীর منصوب متصل।

لَا تُخْلِفُ : **তুমি ভঙ্গ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع منفى বাব افعال মাসদার اَلْاِخْلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ- ভঙ্গ করা; বিরোধিতা করা।

اَلْمِيْعَادَ : **অঙ্গীকার**। একবচন, বহুবচন مَوَاعِيْدُ

আয়াত : ১৯৫

اِسْتَجَابَ لَهُمْ : **তিনি তাদের ডাকে সাড়া দিয়েছেন**। اِسْتَجَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ- ডাকে সাড়া দেওয়া। لَهُمْ যমীর মাজরূরে মুত্তাসিল।

لَا اُضِيْعُ : **আমি বিফল করি না**। সীগাহ واحد متكلم বহছ مضارع منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ى ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ- নষ্ট করা।

هَاجَرُوْا : **তারা হিজরত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُهَاجَرَةُ মূলবর্ণ (ه ـ ج ـ ر) অর্থ- দেশত্যাগ করা; হিজরত করা।

اُوْذُوْا : **তাদেরকে কষ্ট দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ذ ـ ى) মাসদার اَلْاِيْذَاءُ অর্থ- কষ্ট দেওয়া।

আয়াত : ১৯৬

لَا يَغُرَّنَّكَ : **সে যেন তোমাকে বিভ্রান্ত না করে**। لَا يَغُرَّنَّ সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ر ـ ر) মাসদার بانون ثقيلة اَلْغُرُوْرُ অর্থ- বিভ্রান্ত করা; প্রবঞ্চনা করা। ك যমীর منصوب متصل।

تَقَلُّبُ : **দেশে দেশে অবাধ বিচরণ করা; দেশে দেশে ঘুরে বেড়ানো**। এটি বাব تَفَعُّلٌ-এর মাসদার।

আয়াত : ১৯৭

مَتَاعٌ قَلِيْلٌ : **স্বল্পকালীন ভোগ**। مَتَاعٌ : ভোগের সামগ্রী। যা দ্বারা উপকৃত হওয়া যায় অতঃপর তা ধ্বংস হয়ে যায়। ইসম, মারফূ', নাকেরা। শব্দটি একবচন, বহুবচনে اَمْتِعَةٌ ; যা দ্বারা নির্দিষ্ট সময় পর্যন্ত উপকৃত হওয়া যায়।

আয়াত : ১৯৮

لٰكِنْ : **কিন্তু**। শব্দটি মূলত لَاكِنْ ছিল। (লেখার ক্ষেত্রে আলিফকে বিলুপ্ত করা হয়েছে, উচ্চারণের ক্ষেত্রে নয়) لٰكِنْ দু'প্রকার। ১. যাকে مشقلة থেকে مخففه বানানো হয়েছে। একে حرف ابتداء বলা হয় এবং

এটি কোনো আমল করে না। আর جملہ اسمیۃ و فعلیۃ উভয়ের উপর প্রবিষ্ট হয়। ২. যা গঠনগতভাবে مخففہ সুতরাং যদি তারপরে বাক্য থাকে তাহলে এটি حرف ابتداء এবং শুধুমাত্র استدراک-এর অর্থ প্রদান করে। (عاطفۃ হয় না) এর ব্যবহার واو -এর সাথেও হয়ে থাকে। যেমন– "وَلٰكِنْ كَانُوْا هُمُ الظّٰلِمُوْنَ". আবার واو ব্যতীতও ব্যবহৃত হয়, তখন যদি তারপরে مفرد হয় তাহলে এটি দুটি শর্তে عاطفۃ হবে। ১. এর পূর্বে نفی বা نہی হবে। যেমন ঃ مَا قَامَ زَيْدٌ لٰكِنْ عَمْرٌو আর যদি قَامَ زَيْدٌ বলা হয় এবং তার পরে لٰكِنْ আনা হয় তখন তাকে حرف ابتداء মেনে নিয়ে তার পরে বাক্য এনে বলা হবে–لٰكِنْ عَمْرٌو لَمْ يَقُمْ ২. দ্বিতীয়ত واو -এর সাথে মিলিত হবে না। এটিই হলো অধিকাংশ নাহুবিদদের অভিমত। এটি ইসমকে রফা' এবং خبر কে নসব প্রদান করে এবং استدراک -এর অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ তার পূর্ববর্তীর হুকুমের পরিপন্থি হুকুম প্রমাণিত করে। সুতরাং তার পূর্বে এমন একটি বাক্য আনা আবশ্যক যা তার পরবর্তীর বিপরীত হয়। যেমন– مَا هٰذَا شَاعِرًا لٰكِنَّهُ كَاتِبٌ. অথবা তার বিপরীত হবে। যেমন– مَا هٰذَا اَبْيَضُ لٰكِنَّهُ اَسْوَدُ. কখনো استدراک -এর জন্য ব্যবহৃত হয়। যেমন– مَا زَيْدٌ شُجَاعًا لٰكِنَّهُ كَرِيْمٌ বীরত্ব ও অনুগ্রহ সাধারণত উভয়টি মিলিত হয়ে থাকে, তাই বীরত্বের অস্বীকার দ্বারা দয়া বা অনুগ্রহের অস্বীকৃতির সন্দেহ সৃষ্টি হচ্ছিল তাই لٰكِنَّهُ كَرِيْمٌ বলে সেই সন্দেহের অপনোদন করা হয়েছে।

এটি تاکید -এর জন্য এসে থাকে। যেমন–

لَوْ جَاءَنِيْ لَاَكْرَمْتُهُ لٰكِنَّهُ لَمْ يَجِئْ.

এ রকমও বলা হয়েছে যে, তা ان -এর ন্যায় সর্বদা تاکید -এর জন্যই ব্যবহৃত হয়।

শব্দটির حقیقت কী? এসম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। কেউ বলেছেন, এটি بَسِيْط তথা একক শব্দ; مرکب বা যৌগিক শব্দ নয়। কিন্তু বিশিষ্ট নাহুবিদ فراء বলেছেন যে, এটি لٰكِنْ ও ان দ্বারা যুক্ত শব্দ। সেক্ষেত্রে ان -এর হামযাকে সহজীকরণের জন্য বিলুপ্ত করা হয়েছে এবং একটি নূন অপর নূনের মধ্যে ইদগাম হয়ে গেছে। কখনো এর اسم কে বিলুপ্তও করা হয়। যেমন মুতানাব্বির পঙক্তি–

وَمَا كُنْتُ مِمَّنْ يَدْخُلُ الْعِشْقُ قَلْبَهُ
وَلٰكِنْ مَنْ يَبْصُرُ جُفُوْنَكَ يَعْشَقُ

نُزُلًا : **আতিথ্য**। আপ্যায়নের খাবার।

لِلْاَبْرَارِ : **সৎকর্মপরায়ণদের জন্য**। حرف جر- لام ; اَبْرَارٌ বহুবচন, একবচনে بر ও بار অর্থ– সৎ লোক; নেককার।

আয়াত : ১৯৯

اَهْلِ الْكِتٰبِ : **কিতাবীগণ; কিতাবওয়ালা; যাদেরকে আল্লাহর পক্ষ থেকে কিতাব দেওয়া হয়েছে।** কুরআন মাজীদে اَهْلُ الْكِتٰبِ দ্বারা ইহুদি ও নাসারাদেরকে বুঝানো হয়েছে।

خٰشِعِيْنَ : **ভয়কারীগণ**। সীগাহ جمع مذکر سالم বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ش ـ ع) মাসদার اَلْخُشُوْعُ অর্থ– ভয় করা। حال হওয়ার কারণে নসবের হালতে হয়েছে।

আয়াত : ২০০

صَابِرُوْا : **তোমরা ধৈর্যে প্রতিযোগিতা কর**। সীগাহ جمع مذکر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلْمُصَابَرَةُ অর্থ– পরস্পর ধৈর্যের প্রতিযোগিতা করা।

رَابِطُوْا : **তোমরা যুদ্ধের জন্য প্রস্তুত থাক। তোমরা লেগে থাক; তোমরা উদ্বুদ্ধ হও**। সীগাহ جمع مذکر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ ب ـ ط) মাসদার اَلرِّبَاطُ ও اَلْمُرَابَطَةُ যার অর্থ হলো প্রহরায় থাকা; যুদ্ধের জন্য প্রস্তুত থাকা। আল্লামা খাযেন বাগদাদী (র.) লিখেছেন যে, مُرَابَطَةٌ -এর মূল অর্থ হলো উভয় পক্ষ স্ব-স্ব অশ্ব এমনভাবে বাঁধা যে, উভয়পক্ষ যুদ্ধের জন্য প্রস্তুত রয়েছে। পরবর্তীতে সীমান্ত প্রহরায় নিয়োজিত ব্যক্তিকে مَرَابِطٌ বলা হতে থাকে। শরিয়তে مرابطت দু'প্রকার। ১. ইসলামি দেশের সীমান্ত প্রহরায় নিয়োজিত থাকা। ২. নিজের নফ্সের রক্ষণাবেক্ষণ তথা আত্মশুদ্ধি করা। এ কারণেই এক নামাজের পর অপর নামাজের জন্য অপেক্ষায় থাকাকে رِبَاطٌ বলা হয়েছে।

تُفْلِحُوْنَ : **তোমরা সফলকাম হতে পার**। সীগাহ جمع مذکر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফল হওয়া; কামিয়াব হওয়া।

সূরা নিসা : মদীনায় অবতীর্ণ

আয়াত : ১৭৬, রুকূ' : ২৪

আয়াত : ১

اِتَّقُوا : **তোমরা ভয় কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و . ق . ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা; সংযত হওয়া।

خَلَقَكُمْ : **তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন।** خَلَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ . ل . ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা। كُمْ যমীর منصوب متصل।

نَفْسٍ وَّاحِدَةٍ : **এক ব্যক্তি; এক প্রাণ।** نَفْسٌ আত্মা; প্রাণ; ব্যক্তি। শব্দটি একবচন, বহুবছন اَنْفُسٌ ও نُفُوْسٌ; وَاحِدٌ এক। এখানে উদ্দেশ্য হলো হযরত আদম (আ.)।

زَوْجَهَا : **তার স্ত্রী।** زَوْجٌ মুযাফ ও ها তার মুযাফ ইলাইহি। এর অর্থ– স্বামী, স্ত্রী, জোড়া; প্রকার ইত্যাদি। জওহারী (র.) বলেছেন, দুটি জোড় বস্তুকে زَوْجَانِ বলা হয়, আবার زَوْجٌ–ও বলা হয়। যেমন عِنْدِىْ زَوْجٌ نِعَالٌ অর্থ হবে– আমার দুটি জুতা আছে। আর যদি বলা হয়– عِنْدِىْ زَوْجَانِ نِعَالٌ তখন অর্থ হবে– চারটি জুতা আছে। ইবনে কুতাইবা, আবূ সাঈদ ও ইবনে ফারেস (র.) বলেছেন, একটিকেও زَوْجٌ বলা হয়। যেমন পবিত্র কুরআনে রয়েছে– مِنْ كُلٍّ زَوْجَيْنِ اِثْنَيْنِ এখানে زَوْجٌ দ্বারা একটি উদ্দেশ্য। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ৩৫ দ্রষ্টব্য)

بَثَّ : **তিনি ছড়িয়ে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب . ث . ث) মাসদার اَلْبَثُّ অর্থ– ছড়ানো; বিক্ষিপ্ত করা।

تَسَاءَلُوْنَ : **তোমরা একে অপরের নিকট যাচ্ঞা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س . ء . ل) মাসদার اَلتَّسَاءُلُ একে অপরের নিকট প্রার্থনা করা; চাওয়া। تَسَاءَلُوْنَ মূলত ছিল تَتَسَاءَلُوْنَ; একটি تاء কে تخفيف -এর জন্য বিলুপ্ত করা হয়েছে।

اَلْاَرْحَامَ : **আত্মীয়-স্বজন।** এটি বহুবচন, একবচন– رِحْمٌ

رَقِيْبًا : **তত্ত্বাবধায়ক; প্রহরী; রক্ষক; অবহিত; অপেক্ষমাণ।** رُقُوْبٌ থেকে فَعِيْلٌ -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) লিখেছেন– رَقِيْبٌ বলা হয় حَافِظٌ তথা রক্ষণাবেক্ষণকারীকে। কারণ হয়তো সে সংরক্ষিত ব্যক্তির গর্দানকে রক্ষা করে। অথবা এই জন্য যে, সে প্রহরার জন্য নিজের গর্দান উঠিয়ে রাখে। যা আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এটি যখন আল্লাহর সত্তার সিফাত হয় তখন তার অর্থ হয়– هُوَ الَّذِىْ لَا يَغْفَلُ عَمَّا خَلَقَ অর্থাৎ رَقِيْبٌ এমন সত্তা যিনি তার মাখলুক থেকে অসচেতন হন না। যাজ্জাজ (র.) বলেন– رَقِيْبٌ এমন প্রহরীকে বলা হয় যার থেকে কোনো কিছুই গোপন থাকে না। আল্লাহ বলেন– مَا يَلْفِظُ مِنْ قَوْلٍ اِلَّا لَدَيْهِ رَقِيْبٌ عَتِيْدٌ (মানুষ যে কথাই উচ্চারণ করে তার জন্য তৎপর প্রহরী তার নিকেটেই রয়েছে।)

আয়াত : ২

اَلْيَتٰمٰى : **এতিমগণ।** সিফাতের সীগাহ। যে অপ্রাপ্ত বয়স্ক সন্তানের পিতা মারা গেছে তাকে এতিম বলা হয়।

لَا تَتَبَدَّلُوا : **তোমরা বদল করবে না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ب . د . ل) মাসদার اَلتَّبَدُّلُ অর্থ– বদল করা।

اَلْخَبِيْثَ : **মন্দ; অপবিত্র বস্তু।** নিকৃষ্ট ও তুচ্ছ হওয়ার কারণে যা খারাপ লাগে তাকে خَبِيْثٌ বলা হয়। বস্তুটি ইন্দ্রিয় দ্বারা অনুভবযোগ্য হোক বা বুদ্ধি দ্বারা অনুভবযোগ্য হোক। এ কারণেই ভ্রান্ত আকিদা, মিথ্যা কথা ও অশ্লীলকর্ম– সবগুলো এর অন্তর্ভুক্ত। অর্থাৎ যার অভ্যন্তর খারাপ সে خَبِيْثٌ; শব্দটি خُبْثٌ ও خَبَاثَةٌ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। একবচন, বহুবচন خَبَثٌ – اَخْبَاثٌ ও خُبَثَةٌ

اَلطَّيِّبِ : **উত্তম; ভালো।** طَابَ يَطِيْبُ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। শব্দটি একবচন, বহুবচন طَيِّبَاتٌ; ইমাম রাগেব (র.) বলেন, طَيِّبٌ এমন বস্তুকে বলা হয় যা দ্বারা ইন্দ্র স্বাদ অনুভব করে এবং মন প্রফুল্ল হয়। طَعَامٌ طَيِّبٌ শরিয়তে এমন খাদ্যকে

বলা হয় যা বৈধভাবে, বৈধ পরিমাণে, বৈধ স্থান থেকে অর্জন করা হয়। কারণ যে খাবার এমন হবে তা বর্তমানে এবং ভবিষ্যতেও طَيِّبٌ -ই থাকবে। নিকৃষ্ট হবে না। নতুবা বর্তমানে যদিও طَيِّبٌ থাকে; কিন্তু পরবর্তীতে তা ক্ষতিকর হয়ে যাবে। এ অর্থেই আল্লাহ বলেন- كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنٰكُمْ; فَكُلُوا مِمَّا رَزَقْنٰكُمْ حَلٰلاً طَيِّبًا ইত্যাদি।

حُوْبًا : গুনাহ; বিপদ; পাপ। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- পাপিষ্ঠ হওয়া।

আয়াত : ৩

اِنْ خِفْتُمْ : যদি তোমরা আশঙ্কা কর। اِنْ হরফে শর্ত। خِفْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- ভয় করা, আশঙ্কা করা।

اَلَّا تُقْسِطُوْا : (এমন যদি হয় যে) তোমরা সুবিচার করতে পারবে না। لَا تُقْسِطُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف منفى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ س ـ ط) মাসদার اَلْاِقْسَاطُ ন্যায়বিচার করা। সুবিচার করা। اَلَّا تُقْسِطُوْا মূলত ছিল- اَنْ لَا تُقْسِطُوْا; প্রথম নূনকে লাম দ্বারা পরিবর্তন করে লামকে লামের মধ্যে ইদগাম করা হয়েছে। ان ناصبة -এর কারণে শেষের نون পড়ে গেছে।

مَا طَابَ لَكُمْ : তোমাদের জন্য যা ভালো লাগে। مَا মাউসূলাহ। طَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ ى ـ ب) মাসদার اَلطِّيْبُ অর্থ- ভালো লাগা; ভালো মনে করা। সুগন্ধি হওয়া।

مَثْنٰى : দুই। একবচন, বহুবচন مَثَانِىْ অর্থ- দুই দুই; উপত্যকার মোড়; ঘুরার স্থান; লাগাতার উপকার।

ثُلٰثَ : তিন। যা ثَلٰثَةً ثَلٰثَةً -এর সংক্ষিপ্তরূপ। عَدَدٌ تَحْقِيْقِىٌّ তিন তিন। একত্রে তিন।

رُبٰعَ : চার। عَدَدٌ تَحْقِيْقِىٌّ ; চার, চার; একত্রে চার।

اَلَّا تَعْدِلُوْا : ন্যায়বিচার করতে পারবে না। لَا تَعْدِلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ د ـ ل) মাসদার اَلْعَدْلُ অর্থ- ন্যায়বিচার করা, সুবিচার করা, সমতা রক্ষা করা। শব্দটি মূলত اَنْ لَا تَعْدِلُوْنَ ছিল। নূনকে লামের মধ্যে ইদগাম করা হয়েছে। এবং ان এর কারণে শেষের جمع نون পড়ে গেছে।

مَا مَلَكَتْ اَيْمَانُكُمْ : তোমাদের অধিকারভুক্ত দাসী, তোমাদের ডান হাত যার মালিক হয়েছে। مَا মাউসূলাহ। مَلَكَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ- মালিক হওয়া। اَيْمَانٌ বহুবচন, একবচনে يَمِيْنٌ যার প্রকৃত অর্থ হলো ডান হাত। চুক্তিকারী ও মিত্ররা একের হাতের উপর অপরের হাত রাখে, তা থেকেই এর অর্থ হয়েছে- শপথ; কসম। ডান হাত মালিক হওয়ার অর্থ হলো- দাস-দাসীর মালিক হওয়া।

اَدْنٰى : অধিকতর নিকটবর্তী; নিকৃষ্টতর বস্তু। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব نَصَرَ মাসদার اَلدُّنُوُّ মূলবর্ণ (د ـ ن ـ و) অর্থ- নিকটবর্তী হওয়া। اَلدَّنِىُّ অর্থ- নিকৃষ্ট হওয়া। اَدْنٰى শব্দটি যখন اَكْبَرُ -এর বিপরীতে আসে তখন অর্থ হবে (اَصْغَرُ) খুবই কম। অর্থাৎ অন্যের তুলনায় খুবই ছোট বা কম। যেমন- وَلَا اَدْنٰى مِنْ ذٰلِكَ وَلَا اَكْثَرَ (ওটা হতে কমও নয়, বেশিও নয়।) আর যখন خَيْرٌ -এর বিপরীতে আসে তখন اَرْذَلُ অর্থাৎ কম মর্যাদার অর্থে ব্যবহার হয়। যেমন- اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ (তোমরা কি উত্তমের বিপরীতে নিম্নমানেরটা নিতে চাও?) আর যখন اَقْصٰى বা দূরবর্তীর বিপরীতে আসে তখন اَدْنٰى তথা নিকটের অর্থে হবে। যেমন- ذٰلِكَ اَدْنٰى اَنْ يُّعْرَفْنَ (পরিচয়ের জন্য এটা অতি নিকটে।)

اَلَّا تَعُوْلُوْا : তোমরা পক্ষপাতিত্ব করবে না। لَا تَعُوْلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ ل) মাসদার اَلْعَوْلُ অর্থ- পক্ষপাতিত্ব করা। মূলত اَنْ لَا تَعُوْلُوْنَ ছিল। নূনটিকে লামের মধ্যে ইদগাম করা হয়েছে। ان نَاصِبَةٌ -এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

আয়াত : ৪

صَدُقٰتِهِنَّ : তাদের মহর। صَدُقٰتَ মুযাফ هُنَّ যমীর جمع مؤنث মুযাফ ইলাইহি। صَدُقٰتٌ বহুবচন, একবচন صَدُقَةٌ

نِحۡلَةً : **স্বতঃপ্রবৃত্ত হয়ে, সন্তুষ্ট চিত্তে**। মাসদার ও ইসম। বাব فَتَحَ থেকে, অর্থ− দান করা। نِحْلَةً অর্থ− দান। শব্দটি একবচন, বহুবচন نِحَلٌ

هَنِيْئًا : **স্বচ্ছন্দে**। বাব فَتَحَ، نَصَرَ و ضَرَبَ -এর মাসদার هَنْأٌ থেকে فَعِيْلٌ -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। একবচন ও বহুবচন উভয়ের জন্য ব্যবহৃত হয়।

مَرِيْئًا : **সুস্বাদু; মজাদার**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব كَرُمَ ، سَمِعَ ، فَتَحَ মাসদার اَلْمَرَاءَةُ সুস্বাদু হওয়া। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْرَاءُ অর্থ− খাবার সুস্বাদু বানানো। বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِمْرَاءُ অর্থ− সুস্বাদু পাওয়া।

আয়াত : ৫

اَلسُّفَهَاءَ : **নির্বোধগণ**। শব্দটি বহুবচন, একবচন سَفِيْهٌ এখানে নির্বোধ বলতে ইহুদি ও মুশরিকরা উদ্দেশ্য।

قِيَمًا : **উপজীবিকা**। বাঁচার উপকরণ। বাব نَصَرَ -এর মাসদার।

اُكْسُوْهُمْ : **তাদের গ্রাসাচ্ছদনের ব্যবস্থা করবে; তাদেরকে পরিধান করাবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْكَسْوُ মূলবর্ণ (ك ـ س ـ و) পরিধান করানো। هُمْ যমীর منصوب متصل।

আয়াত : ৬

اِبْتَلُوْا : **তোমরা পরীক্ষা কর; যাচাই কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْاِبْتِلَاءُ অর্থ− পরীক্ষা নেওয়া। পরীক্ষার দুটি উদ্দেশ্য থাকে। প্রথমত পরীক্ষক ঐ ব্যক্তির যোগ্যতা যাচাই করতে চান। দ্বিতীয়ত তার যোগ্যতা সম্পর্কে পরীক্ষক পূর্ণরূপে অবহিত; কিন্তু অন্যকে তার সম্পর্কে জানানো উদ্দেশ্য থাকে। পবিত্র কুরআনে اِبْتِلَاءٌ -এর সম্পর্ক যখন আল্লাহর দিকে করা হয় তখন দ্বিতীয় অর্থ উদ্দেশ্য হয়।

فَاِنْ اٰنَسْتُمْ : **যদি তোমরা তাদের মধ্যে অনুভব কর**। فاء হরফে আতফ। ان হরফে শর্ত। اٰنَسْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ن ـ س) মাসদার اَلْاِيْنَاسُ অর্থ− প্রত্যক্ষ করা; দেখা; অনুভব করা।

رُشْدًا : **বিবেক; ভালো-মন্দ বিচারের জ্ঞান**। বাব نَصَرَ -এর মাসদার। এ আয়াতে رُشْدٌ দ্বারা উদ্দেশ্য হলো দীন ও সম্পদের সঠিক ব্যবহারের যোগ্যতা। দীনের যোগ্যতা হলো এমন অশ্লীল ও গুনাহের কাজ থেকে বিরত থাকা যার দ্বারা তার ন্যায়পরায়ণতা রহিত হয়ে যায়। আর সম্পদের সঠিক ব্যবহারের যোগ্যতা দ্বারা উদ্দেশ্য হলো অপচয় না করা বা মালের লেনদেন করতে পারা। আয়াতের মর্ম হলো এতিমদের মধ্যে رُشْدٌ না দেখলে তাদের সম্পদ তাদেরকে অর্পণ করা যাবে না। ইমাম শাফেয়ী, ইমাম আবূ ইউসূফ ও ইমাম মুহাম্মদ (র.) -এর মত এটিই। তবে ইমাম আবূ হানীফা (র.) বলেন, তার বয়স ২৫ বছর হলে তার মধ্যে رشد না পাওয়া গেলেও তার সম্পদ তাকে অর্পণ করতে হবে।

اِدْفَعُوْا : **তোমরা ফিরিয়ে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلدَّفْعُ মূলবর্ণ (د ـ ف ـ ع) অর্থ− প্রতিহত করা; ফিরিয়ে দেওয়া।

لَا تَاْكُلُوْا : **তোমরা আহার করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ− খাওয়া, আহার করা।

اِسْرَافًا : **অপচয় করে**। **বাব** اِفْعَالٌ -এর মাসদার। حال হওয়ার কারণে مَنْصُوْبٌ হয়েছে।

بِدَارًا : **তড়িঘড়ি করে; তাড়াতাড়ি করে**। এটি বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। حَال হওয়ার কারণে منصوب হয়েছে।

اَنْ يَّكْبَرُوْا : **তারা বড় হয়ে যাবে; সাবালক হয়ে যাবে**। ان টি ناصبة ; يَكْبَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبَرُ অর্থ− বড় হওয়া। প্রাপ্তবয়স্ক হওয়া।

لِيَسْتَعْفِفْ : **যেন সে নিবৃত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعْفَافُ মূলবর্ণ (ع ـ ف ـ ف) অর্থ− নিবৃত করা।

حَسِيْبًا : **হিসাবগ্রহণকারী; হিসাবরক্ষক**। এটা فَعِيْلٌ -এর ওযনে فاعل -এর অর্থে। বাব سَمِعَ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। মাসদার اَلْحَسْبُ - اَلْحِسَابُ ও اَلْحُسْبَانُ আল্লাহর নাম হিসেবে

ব্যবহার হলে তার অর্থ হবে– হিসাব ব্যতীতই যিনি সবকিছু বুঝতে পারেন। যা বান্দা হিসাব করে বের করে তা তিনি হিসাব না করেই ফল ঘোষণা করতে পারেন। হিসাব শেষে হিসাব গ্রহণকারী বুঝতে পারে যে আল্লাহর হিসাব নির্ভুল। কারো মতে حسيب অর্থ– যথেষ্ট।

আয়াত : ৭

اَلرِّجَالِ : **পুরুষসকল**। এর অপর অর্থ হলো পদাতিক। প্রথম অর্থ হিসেবে এটি رَجُلٌ -এর বহুবচন। আর দ্বিতীয় অর্থ হিসেবে رَاجِلٌ -এর বহুবচন। رَاجِلٌ - رِجْلٌ থেকে গঠিত, যার অর্থ– পা। এ হিসেবেই পদচারীকেও رَاجِلٌ বলা হয়। উল্লেখ্য পুরুষ জিনের জন্যও এর ব্যবহার হয়ে থাকে। যেমন কুরআনে রয়েছে– وَانَّهُ كَانَ رِجَالٌ مِنَ الْاِنْسِ يَعُوْذُوْنَ بِرِجَالٍ مِّنَ الْجِنِّ (কতিপয় মানুষ কতিপয় জিনের শরণাপন্ন হতো)(رِجَالٌ -এর অর্থ পদাতিকও হয়ে থাকে। পবিত্র কুরআনে এটি দুস্থানে পদাতিক অর্থে ব্যবহৃত হয়েছে। ১. فَاِنْ خِفْتُمْ فَرِجَالًا اَوْ رُكْبَانًا ২. يَأْتُوكَ رِجَالًا (তারা পায়ে হেঁটে আপনার কাছে আসে)

نَصِيْبٌ : **অংশ; হিস্যা**। পবিত্র কুরআনে نَصِيْبٌ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন, তাওরাতের অংশ; মিরাশের অংশ; মানুষের মধ্য থেকে যে দল শয়তানের অনুসারী। জাহান্নামের শাস্তি ও কষ্টের একাংশ।

قَلَّ : **তা কম**। সীগাহ ماضى বহছ واحد مذكر غائب মাসদার اَلْقِلَّةُ মূলবর্ণ (ق ـ ل ـ ل) বাব ضَرَبَ معروف অর্থ– কম হওয়া; স্বল্পতা।

مَفْرُوْضًا : **নির্ধারিত**। সীগাহ اسم مفعول বহছ واحد مذكر মাসদার اَلْفَرْضُ মূলবর্ণ (ف ـ ر ـ ض) বাব ضَرَبَ অর্থ– নির্ধারণ হওয়া; ফরজ হওয়া; আবশ্যক হওয়া।

আয়াত : ৮

اَلْقِسْمَةَ : **বণ্টন করা**। এখানে উদ্দেশ্য হলো মিরাশ বণ্টনের সময়।

اَلْقُرْبٰى : **আত্মীয়-স্বজন। নিকটাত্মীয়**। (উত্তরাধিকারী নয় এমন আত্মীয়) মাসদার, বাব نَصَرَ হতে قَرَابَةٌ , বাব كَرُمَ হতে قُرْبٌ ও قُرْبَانٌ বাব سَمِعَ হতে قُرْبٌ অর্থ– নিকটবর্তী হওয়া।

আয়াত : ৯

ذُرِّيَّةً ضِعٰفًا : **অসহায় সন্তান**। দুর্বল সন্তান। ذُرِّيَّةٌ একবচন, বহুবচনে ذُرِّيَّاتٌ ; মূলত ছোট ছোট বালকদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট বড় সকলকেই ذُرِّيَّةٌ বলা হয়। শব্দটি যদিও একবচন কিন্তু বহুবচন ও একবচন সকলের জন্য ব্যবহৃত হয়। ضِعَافًا বহুবচন, একবচনে ضَعِيْفٌ অর্থ– দুর্বল; অসহায়।

তারা উদ্বিগ্ন হতো। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ(خ ـ و ـ ف) জিনস اجوف واوى মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা। আশঙ্কা করা।

قَوْلًا سَدِيْدًا : **সঙ্গত কথা। সঠিক কথা**। اَلْقَوْلُ বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– বলা। سَدِيْدًا অর্থ– সঠিক; সঙ্গত। فَعِيْلٌ -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ।

আয়াত : ১০

سَيَصْلَوْنَ : **অচিরেই তারা পৌঁছে যাবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ(و ـ ص ـ ل) মাসদার اَلْوَصْلُ অর্থ– পৌঁছা।

سَعِيْرًا : **জ্বলন্ত আগুন; জাহান্নাম**। سِعْرٌ থেকে গঠিত হয়েছে। যার অর্থ অগ্নি প্রজ্বলিত করা। فَعِيْلٌ -এর ওযনে مفعول অর্থে সিফাতের সীগাহ।

আয়াত : ১১

يُوْصِيْكُمْ : **তিনি তোমাদেরকে নির্দেশ প্রদান করছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(و ـ ص ـ ى) মাসদার اَلْاِيْصَاءُ অর্থ– উপদেশ দেওয়া; নির্দেশ প্রদান করা। كُمْ যমীরে منصوب متصل।

اَلذَّكَرِ : **নর**। এখানে পুত্র অর্থে ব্যবহৃত হয়েছে। শব্দটি একবচন, বহুবচনে ذُكُوْرٌ

حَظِّ : **অংশ**। এটি একবচন, বহুবচন– حُظُوْظٌ

الْاُنْثَيَيْنِ : **দুই কন্যা**। একবচন اُنْثٰى এবং বহুবচন اُنَاثٌ

فَإِنْ كُنَّ : অতঃপর যদি তাদের থাকে। এখানে ف হরফে আত্ফ এবং إِنْ হরফে শর্ত। كُنَّ সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া; থাকা।

ثُلُثَا : দুই তৃতীয়াংশ। ثُلُثَا মূলত ثُلُثَانِ ছিল। ইযাফতের কারণে تَثْنِيَةٌ -এর নূন পড়ে গেছে।

اَلسُّدُسُ : ষষ্ঠাংশ। শব্দটি একবচন, বহুবচনে– اَسْدَاسٌ

يُوْصِىْ : সে অসিয়ত করে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْصَاءُ মূলবর্ণ (و ـ ص ـ ى) অর্থ– অসিয়ত করা। নির্দেশ প্রদান করা।

دَيْنٍ : ঋণ। এটি একবচন, বহুবচন– دُيُوْنٌ

لَا تَدْرُوْنَ : তোমরা অবগত নওন তোমরা জান না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (د ـ ر ى) মাসদার اَلدِّرَايَةُ অর্থ– জানা; অবগত হওয়া।

আয়াত : ১২

اَزْوَاجٌ : সঙ্গিনী। শব্দটি বহুবচন, একবচন, زَوْجٌ ; زَوْجٌ শব্দটি স্বামী-স্ত্রী উভয়ের জন্য ব্যবহার হয়। জোড়া; প্রকার ইত্যাদি অর্থেও ব্যবহৃত হয়।

اَلرُّبُعُ : এক চতুর্থাংশ। একবচন, বহুবচন– اَرْبَاعٌ

اَلثُّمُنُ : এক অষ্টমাংশ। একবচন, বহুবচন– اَثْمَانٌ

كَلٰلَةً : যার ঊর্ধ্বতন কিংবা অধঃস্তন কোনো পুরুষ নেই। অর্থাৎ যার পিতা, দাদা, এবং ছেলে বা নাতী নেই।

مُضَارٍّ : ক্ষতিকর। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلْمُضَارَّةُ অর্থ– ক্ষতি করা।

আয়াত : ১৩

حُدُوْدُ : নির্ধারিত সীমা। শব্দটি বহুবচন, একবচন– حَدٌّ ; এমন প্রতিবন্ধক যা দুটি বস্তুকে পরস্পর মিলিত হতে বাধা প্রদান করে তাকে حَدٌّ বলা হয়। حُدُوْدُ اللّٰهِ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর বিধিবিধান।

مَنْ يُّطِعْ : যে আনুগত্য করে। مَنْ মাউসূলাহ। يُطِعْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা।

يُدْخِلْهُ : তাকে প্রবেশ করাবেন। يُدْخِلُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো। ه যমীর منصوب متصل ।

اَلْاَنْهٰرُ : নদীসমূহ। শব্দটি বহুবচন, একবচন نَهْرٌ

خٰلِدِيْنَ : চিরস্থায়ীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– চিরস্থায়ী হওয়া।

اَلْفَوْزُ : সাফল্য; সফলতা। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ و ـ ز) সফল হওয়া।

আয়াত : ১৪

يَعْصِ : সে অবাধ্য হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অবাধ্যতা করা। يَعْصِ মূলত يَعْصِىْ ছিল। مَنْ -এর কারণে জযমের হালতে শেষের يا ، পড়ে গেছে।

يَتَعَدَّ : সে সীমালঙ্ঘন করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلتَّعَدِّىْ অর্থ– জুলুম ও বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা। يَتَعَدَّ মূলত يَتَعَدّٰى ছিল। শুরুতে مَنْ -এর কারণে হালতে জযমে শেষের يا ، পড়ে গেছে।

حُدُوْدَ : নির্ধারিত সীমা; বিধানসমূহ। বহুবচন, একবচন حَدٌّ

عَذَابٌ : শাস্তি। ভীষণ শাস্তি। আল্লামা ফায়ুমী মিসবাহুল মুনীরে লিখেছেন– عَذَابٌ وَتَعْذِيْبٌ -এর আসল অর্থ হলো মারা; প্রহার করা। পরবর্তীতে দুঃখজনক শাস্তির জন্য ব্যবহার হতে থাকে এবং রূপকার্থে যে কোনো কষ্টকর কাজের জন্যও عَذَابٌ বলা হয়ে থাকে। যেমন বলা হয়– اَلسَّفَرُ قِطْعَةٌ مِنَ الْعَذَابِ (ভ্রমণ আজাবের এক টুকরা।) ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– عَذَابٌ অর্থ– ভীষণ কষ্ট দেওয়া। তবে শব্দটির مَاْخَذ ও উৎস কী? সে সম্পর্কে মতভেদ রয়েছে। কারো কারো মতে, এটি عَذَبَ الرَّجُلُ فَهُوَ عَاذِبٌ وَعَذُوْبٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ হলো পানাহার ও শয়ন পরিহার করা। সুতরাং تَعْذِيْبٌ অর্থ হলো মানুষকে ক্ষুধার্ত ও অনিদ্রায় রাখতে বাধ্য করা। আবার কেউ বলেছেন, এটি عَذْبٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো মিষ্ট

ও সুস্বাদু। সুতরাং أَزَلْتُ عَذْبَ عَذْبَتِهٖ অর্থ হবে حَيَاتِهٖ (আমি তার জীবনের স্বাদ বিনষ্ট করে দিয়েছি।) (سلب ماخذ হিসেবে) কিন্তু এ ব্যাপারে উৎকার কথা বলেছেন শায়খ আবূ তায়্যিব ফাসী। তিনি বলেন- عَذَابٌ আরবি ভাষায় عَذْب থেকে নির্গত হয়েছে। যার অর্থ বাধাপ্রদান করা; বিরত রাখা। সে হিসেবে عَذَبْتُهٗ عَنْهُ অর্থ- আমি তাকে এ থেকে বিরত রেখেছি। আর عَذَبَ عَذُوْبًا অর্থ- সে বিরত হয়ে গেছে। মিষ্টি পানিকে عَذْبٌ এ জন্য বলা হয় যে তা পিপাসাকে বাধাগ্রস্ত করে; বিরত রাখে। আর عَذَابٌ (শাস্তি) কে আজাব এ জন্য বলা হয় যে, তা শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে পুনরায় সে ধরনের অপরাধে লিপ্ত হওয়া কে বাধা দেয়। এমন কি সে অন্যকেও বিরত রাখে।

مُهِيْنٌ : **লাঞ্ছনাদায়ক**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ- অপদস্থ করা; লাঞ্ছিত করা।

আয়াত : ১৫

يَأْتِيْنَ : **তারা করে**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা। এর সেলা بـ এলে অর্থ হবে- নিয়ে যাওয়া; নিয়ে আসা।

اَلْفَاحِشَةَ : **অশ্লীল কাজ। নির্লজ্জতা**। এর দ্বারা উদ্দেশ্য হলো ব্যভিচার। শব্দটি একবচন, বহুবচন- فَوَاحِشُ

نِسَاءِ : **নারীগণ; স্ত্রীগণ**। এর একবচন, নিয়মের বিপরীত اِمْرَأَةٌ আসে।

اِسْتَشْهِدُوْا : **তোমার সাক্ষী বানাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلْاِسْتِشْهَادُ অর্থ- সাক্ষী হওয়া; সাক্ষী বানানো; সাক্ষী চাওয়া।

شَهِدُوْا : **তারা সাক্ষ্য দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ- সাক্ষ্য দেওয়া। উপস্থিত হওয়া।

اَمْسِكُوْهُنَّ : **তোমরা তাদেরকে অবরুদ্ধ করবে**। সীগাহ اَمْسِكُوْا বহছ جمع مذكر حاضر امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلْاِمْسَاكُ অর্থ- অবরুদ্ধ করা; আটকে রাখা। هن যমীর منصوب متصل।

اَلْبُيُوْتِ : **গৃহসমূহ**। শব্দটি বহুবচন, একবচন بَيْتٌ

يَتَوَفّٰهُنَّ : **তাদের মৃত্যু হয়**। يَتَوَفّٰى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّىْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- মৃত্যুদান করা; মৃত্যুবরণ করা। هُنَّ যমীর منصوب متصل।

سَبِيْلًا : **ব্যবস্থা**; পথ। একবচন, বহুবচন- سُبُلٌ

আয়াত : ১৬

فَاٰذُوْهُمَا : **তোমরা তাদের দুজনকে শাস্তি প্রদান কর**। فا হরফে আত্‌ফ। اٰذُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افعال মাসদার اَلْاِيْذَاءُ মূলবর্ণ (أ ـ ذ ـ ى) অর্থ- কষ্ট দেওয়া; শাস্তি দেওয়া। هُمَا যমীর منصوب متصل।

فَاِنْ تَابَا : **যদি তারা দুজন তওবা করে**। فا হরফে আতফ। اِنْ হরফে শর্ত। تَابَا সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ-(ت ـ و ـ ب) অর্থ- তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া। তওবা কবুল করা। এটা متعدى ও لازم উভয়ভাবে ব্যবহৃত হয়। تَوْبَةٌ-এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবি (র.) বলেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ অর্থাৎ পাপ- কর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা। তওবা কবুল হওয়ার তিনটি শর্ত। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৩৮ দ্রষ্টব্য)

اَصْلَحَا : **তারা উভয়ে সংশোধন করে**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ- সংশোধন করা; সংস্কার করা।

اَعْرِضُوْا : **তোমরা মুখ ফিরিয়ে নাও; বিরত থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া।

تَوَّابًا : **তওবা কবুলকারী**। বাব نَصَرَ থেকে مبالغة-এর সীগাহ। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

رَحِيمًا : **পরম দয়ালু**। **فعيل** -এর ওযনে মুবালাগার সীগাহ। বহুবচন رُحَمَاءُ ; মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– অনুগ্রহ করা; দয়া করা। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। তবে অন্যের জন্যও ব্যবহৃত হয়। যেমন নবী করীম ﷺ -এর সম্পর্কে পবিত্র কুরআনে বলা হয়েছে– رَؤُفٌ رَّحِيْمٌ ; তা ছাড়া رَجُلٌ رَحِيْمٌ ও বলা হয়। ইবনে মুবারক (র.) বলেন, رَحْمٰن ঐ সত্তা যখন তার কাছে চাওয়া হয় তখন তিনি দান করেন আর رَحِيْمٌ ঐ সত্তা যার কাছে না চাইলে তিনি ক্রুদ্ধ হন।

আয়াত : ১৭

اَلتَّوْبَةُ : **তওবা**। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া। তওবা কবুল করা। মূলবর্ণ–(ت ـ و ـ ب) এটা **متعدى** ও **لازم** উভয়ভাবে ব্যবহৃত হয়। যেমন– تَابَ اللّٰهُ عَلَى الْعَبْدِ (আল্লাহ বান্দার তওবা কবুল করেছেন।) تَابَ الْعَبْدُ (বান্দা তওবা করেছে)। ثُمَّ تَابَ عَلَيْهِ لِيَتُوْبُوْا (তারপর আল্লাহ তাদেরকে তওবা করার তৌফিক দান করলেন।) মোটকথা এর **صلة** যদি **على** আসে তখন এটি **متعدى** হবে এবং দয়াশীল হওয়া ও তওবার তাওফীক দেওয়ার অর্থ হবে। আর **على** ব্যতীত ব্যবহার হলে তখন তা **لازم** হবে, এবং অর্থ হবে– তওবা করা। تَوْبَةٌ -এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবি (র.) বলেন–مَعْنَى التَّوبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ অর্থাৎ, পাপকর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা। তওবা কবুল হওয়ার তিনটি শর্ত। **প্রথম শর্ত** হলো–"اَنْ يَقْلَعَ عَنِ الْمَعْصِيَةِ" (সেই গুনাহ থেকে বেঁচে থাকা।) গুনাহ করেই চলেছি এবং সাথে তওবা তওবা করছি এমন হলে চলবে না। সুতরাং গুনাহ সম্পূর্ণ ত্যাগ করেই তওবা করতে হবে। **দ্বিতীয় শর্ত হলো**– "اَنْ يَنْدَمَ عَلَيْهَا" (ঐ গুনাহের কারণে অনুতপ্ত হওয়া।) হায় কি করলাম, এমন দয়ালু আল্লাহর হক নষ্ট করলাম। এভাবে অনুতপ্ত হয়ে মহান আল্লাহর দরবারে কান্নাকাটি করা। তওবার **তৃতীয় শর্ত** – "اَنْ يَعْزِمَ عَزْمًا جَازِمًا اَنْ لَا يَعُوْدَ اِلَيْهَا اَبَدًا" (পরবর্তীতে সেই গুনাহের কাছেও যাবে না বলে দৃঢ় সংকল্প করা।)

اَلسُّوْءُ : **মন্দকাজ; পাপকাজ;**।

قَرِيْبٌ : **সত্বর; অবিলম্বে; নিকটে**। সীগাহ **واحد** বহছ **صفت مشبه** বহুবচনের ক্ষেত্রেই এর ব্যবহার হয়, **مؤنث** -এর জন্যও ব্যবহার হয়। আয়াতে কারীমা– اِنَّ رَحْمَةَ اللّٰهِ قَرِيْبٌ مِّنَ الْمُحْسِنِيْنَ এখানে رَحْمَةٌ শব্দটি **مؤنث** হওয়া সত্ত্বেও قَرِيْبٌ কে **مذكر** আনা হয়েছে।

عَلِيْمًا : **জ্ঞানময়; সর্বজ্ঞ; সর্বাধিক জ্ঞানী**। عِلْم হতে মুবালাগার সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। মানুষের ক্ষেত্রে عَلِيْمٌ শব্দ ব্যবহার হতে পারে। তবে পবিত্র কুরআনে عَلِيْمٌ শুধুমাত্র আল্লাহর জন্যই ব্যবহৃত হয়েছে।

حَكِيْمًا : **প্রজ্ঞাময়**। সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১৮

اَلسَّيِّئَاتِ : **মন্দ; খারাপ**। এখানে উদ্দেশ্য হচ্ছে শিরক। –(জালালাইন) এটি বহুবচন; একবচন سَيِّئَةٌ

اِذَا حَضَرَ : **যখন উপস্থিত হয়**। সীগাহ حَضَرَ **واحد مذكر غائب** বহছ **ماضى معروف** বাব نَصَرَ মাসদার اَلْحُضُوْرُ অর্থ– মূলবর্ণ (ح ـ ض ـ ر) উপস্থিত হওয়া; হাজির হওয়া।

تُبْتُ : **আমি তওবা করলাম**। সীগাহ **واحد متكلم** বহছ **ماضى معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; প্রত্যাবর্তন করা।

اَعْتَدْنَا : **আমি প্রস্তুত করেছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْتَادُ অর্থ– প্রস্তুত করা।

আয়াত : ১৯

اَنْ تَرِثُوْا : **তোমরা উত্তরাধিকার গণ্য করবে**। اَنْ নাসেবা। সীগাহ تَرِثُوْا **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ر ـ ث) মাসদার اَلْوِرَاثَةُ অর্থ– উত্তরাধিকার হওয়া।

كَرْهًا : **অনিচ্ছায়**। এটি বাব سَمِعَ -এর মাসদার। যা **اسم فاعل** -এর অর্থে حَالٌ হয়েছে।

لَا تَعْضُلُوْهُنَّ : **তোমরা তাদেরকে অবরুদ্ধ করে রেখো না**। সীগাহ **لا تعضلوا** **جمع مذكر حاضر** বহছ **نهى حاضر معروف** বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ض ـ ل) মাসদার اَلْعَضْلُ অর্থ– অবরুদ্ধ করা; আটকে রাখা। هُنَّ যমীরে **منصوب متصل**।

لِتَذْهَبُوْا : **যেন তোমরা নিয়ে যাবে।** لام كى ، ٹি- لام مضارع বহছ جمع مذكر حاضر সীগাহ تَذْهَبُوْا মাসদার اَلذَّهَابُ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) বাব فَتَحَ معروف অর্থ− যাওয়া; এর صلة ; باء এলে অর্থ হয় নিয়ে যাওয়া। যেমন− ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ (আল্লাহ তা'আলা তাদের আলো অপসারিত করলেন; আলো নিয়ে গেলেন।)

فَاحِشَةٍ : **অশ্লীল কাজ; মন্দ কাজ।** শব্দটি একবচন, বহুবচন− فَوَاحِشُ

مُبَيِّنَةٍ : **স্পষ্ট।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل মূলবর্ণ (ب ـ ى ـ ن) বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ− স্পষ্ট করা।

عَاشِرُوْهُنَّ : **তোমরা তাদের সাথে জীবন যাপন কর।** امر حاضر বহছ جمع مذكر حاضر সীগাহ عَاشِرُوْهُنَّ বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع ـ ش ـ ر) মাসদার معروف اَلْمُعَاشَرَةُ অর্থ− পরস্পর জীবন-যাপন করা। هُنَّ যমীরে منصوب متصل

عَاشِرُوْهُنَّ بِالْمَعْرُوْفِ -এর ব্যাখ্যায় ইমাম রাযী (র.) বলেন− আল্লাহ তা'আলা স্বামীদেরকে নির্দেশ প্রদান করছেন, তারা তাদের স্ত্রীদের সাথে উত্তম আচরণ করবে, তাদের মহর ও খোরপোষ উত্তমরূপে প্রদান করবে। যদি তাদের একাধিক স্ত্রী থাকে তাহলে পালা বণ্টনে কম-বেশি না করা, রূঢ় আচরণ ও পর নারীর প্রতি আকৃষ্ট হয়ে তাদেরকে কষ্ট না দেওয়া।

بِالْمَعْرُوْفِ : **ন্যায়সঙ্গতভাবে; সৎভাবে।** معروف সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْمَعْرِفَةُ ও اَلْعِرْفَانُ মূলবর্ণ (ع ـ ر ـ ف) অর্থ− উত্তম কর্ম করা। কোনো বস্তুকে চিহ্ন ও আলামত এবং অবস্থা ও বিভিন্ন উপাদান দ্বারা চেনা। مَعْرُوْفٌ এমন আমলকে বা কথাকে বলা হয় যার সৌন্দর্য বুদ্ধিগত বা শরিয়তগতভাবে প্রমাণিত। অর্থাৎ সৎকর্ম; উত্তম কথা। এর বিপরীত হলো مُنْكَرٌ ; তাহলে مَعْرُوْفٌ এমন বস্তু যা যে কোনো জ্ঞানী ও শরিয়তের পাবন্দ ব্যক্তি চিনে ও তা স্বীকার করে। আর مُنْكَرٌ হলো এমন বস্তু যাকে কোনো জ্ঞানী ব্যক্তি চিনে না এবং তাকে ঘৃণা করে।

كَرِهْتُمُوْهُنَّ : **তামরা তাদেরকে অপছন্দ কর।** ماضى বহছ جمع مذكر حاضر সীগাহ كَرِهْتُمُوْ বাব سَمِعَ معروف মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْكَرَاهَةُ অর্থ− অপছন্দ করা। هُنَّ যমীরে منصوب متصل।

আয়াত : ২০

اِنْ اَرَدْتُّمْ : **যদি তোমরা স্থির কর/ ইচ্ছা কর।** اِنْ হরফে শর্ত। اَرَدْتُّمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ− ইচ্ছা করা; কামনা করা।

اِسْتِبْدَالَ : **পরিবর্তন করতে চাও।** এক স্ত্রীর পরিবর্তে অপর স্ত্রী গ্রহণ করতে চাও। এটি বাব اِسْتِفْعَالٌ -এর মাসদার, মূলবর্ণ (ب ـ د ـ ل)

قِنْطَارًا : **বিপুল সম্পদ।** শব্দটি একবচন, বহুবচন قَنَاطِيْرُ স্তূপ; প্রচুর সম্পদ। قِنْطَارٌ; শব্দটির শাব্দিক গঠন দ্বারা বুঝে আসে যে, এর অর্থ উচ্চতা হওয়া উচিত। কারণ বড় সেতু, উঁচু ইমারতকে قَنْطَرَةٌ বলা হয়। −(কামূস) সম্পদকে একস্থানে স্তূপ দিলে তাও উঁচু হয়ে যায়, এ কারণেই قِنْطَارٌ অর্থ প্রচুর সম্পদ হয়েছে। কিন্তু প্রচুর সম্পদের পরিমাণ কী? সে সম্পর্কে ওলামায়ে কেরামের অনেক ধরনের মতামত রয়েছে। যেমন ৪০ আউকিয়া বা হাজার আউকিয়া স্বর্ণ, অথবা হাজার দিনার বা বারোশত দিনার বা সত্তর হাজার দিনার, আশি হাজার দিনার, ইত্যাদি বিভিন্ন মতামত প্রাচীনকালে বর্ণিত ছিল। সাম্প্রতিক ১০০ রিত্ল ওজনকে قِنْطَارٌ বলা হয়।− (মু'জাম) ওলামায়ে কেরাম উক্ত আয়াতে قِنْطَارٌ -এর তাফসীর করেছেন− প্রচুর সম্পদ।

بُهْتَانًا : **অপবাদ।** এটি বাব فَتَحَ -এর মাসদার। অর্থ− অপবাদ দেওয়া। কোনো ব্যক্তির এমন দোষ বর্ণনা করা যা তার মধ্যে নেই তাকে অপবাদ বলা হয়।

اِثْمًا مُّبِيْنًا : **প্রকাশ্য পাপাচরণ।** اِثْمٌ পাপ। শব্দটি একবচন, বহুবচন اٰثَامٌ ;

مُبِيْنٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ− বর্ণনা করা; স্পষ্ট করা; খুলে বলা।

আয়াত : ২১

أَفْضَى : **সে সঙ্গত হয়েছে**। নির্জনে মিলিত হয়েছে। সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ض ـ ى) মাসদার اَلْإِفْضَاءُ অর্থ- মিলিত হওয়া; সঙ্গত হওয়া; সহবাস করা।

مِيْثَاقًا غَلِيْظًا : **দৃঢ় প্রতিশ্রুতি**। مِيْثَاقٌ প্রতিশ্রুতি। শব্দটি একবচন, বহুবচন مَوَاثِيْقُ ; غَلِيْظٌ অর্থ- দৃঢ়; শব্দটি একবচন, বহুবচন- اَغْلَاظٌ

আয়াত : ২২

لَا تَنْكِحُوْا : **তোমরা বিবাহ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ ও فَتَحَ মূলবর্ণ (ن ـ ك ـ ح) মাসদার اَلنِّكَاحُ অর্থ- বিয়ে করা; সহবাস করা।

قَدْ سَلَفَ : **সে গত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মাসদার اَلسَّلَفُ মূলবর্ণ (س ـ ل ـ ف) অর্থ- গত হওয়া।

فَاحِشَةً : **অশ্লীল কাজ; মন্দ কাজ**। শব্দটি একবচন, বহুবচন- فَوَاحِشُ

مَقْتًا : **অসন্তুষ্টি; ঘৃণা**। **বাব** نَصَرَ -এর মাসদার। কোনো ব্যক্তিকে অশ্লীলকাজে লিপ্ত দেখে তাকে ঘৃণা করা। পিতার স্ত্রীকে বিয়ে করাকেও مَقْت বলা হয়।

আয়াত : ২৩

حُرِّمَتْ : **হারাম করা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ- হারাম করা।

اُمَّهٰتُكُمْ : **তোমাদের মাতাগণ**। اُمَّهَاتٌ-এর একবচন اُمٌّ অর্থ- মাতা; মা; আম্মা।

بَنٰتُكُمْ : **তোমাদের কন্যাগণ**। بَنَاتٌ বহুবচন, একবচন بِنْتٌ

اَخَوٰتُكُمْ :: **তোমাদের ভগ্নীগণ**। اَخَوَاتٌ বহুবচন, একবচন- اُخْتٌ অর্থ- বোন; ভগ্নী।

عَمّٰتُكُمْ : **তোমাদের ফুফুগণ**। عَمَّاتٌ বহুবচন; একবচন- عَمَّةٌ অর্থ- ফুফু।

خٰلٰتُكُمْ : **তোমাদের খালাগণ**। خَالَاتٌ বহুবচন, একবচন- خَالَةٌ অর্থ- খালা; মায়ের বোন।

بَنٰتُ الْاَخِ : **ভ্রাতুষ্পুত্রী; ভাতিজী**।

بَنٰتُ الْاُخْتِ : **ভাগিনেয়ী**। বোনের মেয়ে।

اَرْضَعْنَكُمْ : **তারা তোমাদেরকে স্তন্যদান করেছে**। اَرْضَعْنَ সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ض ـ ع) মাসদার اَلْاِرْضَاعُ অর্থ- স্তন্যদান করা; দুধ পান করানো। كُمْ হলো ضمير منصوب متصل

اُمَّهٰتُ نِسَآئِكُمْ : **তোমাদের শাশুড়ীগণ**। نِسَاءٌ-এর একবচন اِمْرَأَةٌ

رَبَآئِبُكُمْ : **স্ত্রীর পূর্ব স্বামীর কন্যা যে দ্বিতীয় স্বামীর ঘরে পালিত হচ্ছে**। رَبَائِبُ বহুবচন, একবচন- رَبِيْبَةٌ كُمْ হলো ضمير مجرور باضافة।

حُجُوْرِكُمْ : **তোমাদের অভিভাবকত্বে**। **তোমাদের কোলে**। حُجُوْرٌ শব্দটি حَجَرٌ-এর বহুবচন। যার অর্থ হলো রক্ষা করা; হেফাজত করা। কোলেও যেহেতু শিশুরা হেফাজতে থাকে এ জন্য মায়ের কোলকে حِجْر বলা হয়।

حَلَآئِلُ اَبْنَآئِكُمْ : **তোমাদের পুত্রের স্ত্রীগণ**। حَلَائِلُ বহুবচন, একবচন- حَلِيْلَةٌ

اَصْلَابِكُمْ : **তোমাদের ঔরস**। তোমাদের পৃষ্ঠদেশ। اَصْلَابٌ বহুবচন; একবচন- صُلْبٌ অর্থ- মেরুদণ্ড। كُمْ হলো ضمير مجرور باضافة।

غَفُوْرًا : **ক্ষমাশীল**। মোবালাগার সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

رَّحِيْمًا : **পরম দয়ালু**। فَعِيْل-এর ওযনে মুবালাগার সীগাহ। শব্দটি একবচন, বহুবচনে رُحَمَاءُ ; মাসদার اَلرَّحْمَةُ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ- অনুগ্রহ করা; দয়া করা। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। তবে অন্যের জন্যও ব্যবহৃত হয়। যেমন নবী করীম ﷺ -এর সম্পর্কে পবিত্র কুরআনে বলা হয়েছে- رَؤُفٌ رَحِيْمٌ ; তা ছাড়া رَجُلٌ رَحِيْمٌ -ও বলা হয়। ইবনে মুবারক (র.) বলেন, رحمن ঐ সত্তা যখন তার কাছে চাওয়া হয় তখন তিনি দান করেন আর رَحِيْمٌ ঐ সত্তা যার কাছে না চাইলে তিনি ক্রুদ্ধ হন।

পঞ্চম পারা

আয়াত : ২৪

اَلْمُحْصَنٰتُ : **সধবা স্ত্রীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ মু'জামুল কুরআন গ্রন্থকারের মতে সূরা নিসার প্রথম اَلْمُحْصَنٰتُ দ্বারা উদ্দেশ্য হলো স্বাধীন সতী নারী, কুমারী হোক বা না হোক। দ্বিতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো স্বামীবিশিষ্টা নারী, তৃতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো স্বাধীন কুমারী নারী। ছা'লাব বলেন, যে কোনো স্বাধীন সতী নারীকে مُحْصَنَةٌ ও مُحْصِنَةٌ বলা হয়। আর স্বামীবিশিষ্টাকে مُحْصَنَةٌ (ইসমে মাফউল) বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন- اَلْمُحْصَنَاتُ পবিত্র কুরআনের যেখানে حرمت-এর পরে এসেছে সেখানে স্বামীবিশিষ্টা নারী উদ্দেশ্য। এবং সেটা اسم مفعول-এর সীগাহ হবে। আর যদি حرمت-এর পরে না হয় সেখানে ইসমে ফা'য়েল, ইসমে মাফউল উভয়টিই জায়েজ আছে, স্বামীবিশিষ্টা হোক বা যে কোনো সতী নারী হোক। মূলত اِحْصَانٌ অর্থ হলো সংরক্ষণ করা। ব্যক্তিগত আভিজাত্য বা চারিত্রিক পবিত্রতার কারণে যদি কোনো নারী ব্যভিচার থেকে নিজেকে রক্ষা করে তাকে مُحْصَنَةٌ বলা হয়।

اُحِلَّ : **বৈধ করা হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْاِحْلَالُ অর্থ- হালাল করা; বৈধ করা। জিনস مضاعف

تَبْتَغُوْا : **তোমরা চাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ- চাওয়া; প্রত্যাশা করা।

مُحْصِنِيْنَ : **বিবাহ বন্ধনে আবদ্ধ করার জন্য**। সীগাহ جمع مذكر غائب বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ অর্থ- হেফাজত করা; সংরক্ষণ করা। এমন স্বামী যাদের স্ত্রী বা বাঁদি আছে তাদেরকে مُحْصِنٌ বলা হয়।

مُسَافِحِيْنَ : **ব্যভিচারী পুরুষগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (س ـ ف ـ ح) মাসদার اَلْمُسَافَحَةُ অর্থ- ব্যভিচার করা।

اِسْتَمْتَعْتُمْ : **তোমরা সম্ভোগ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِمْتَاعُ মূলবর্ণ (م ـ ت ـ ع) অর্থ- সম্ভোগ করা; উপভোগ করা; সহবাস করা।

اُجُوْرَهُنَّ : **তাদের মহর**। اُجُوْرٌ বহুবচন, একবচন اَجْرٌ বিনিময়; পারিশ্রমিক; এখানে উদ্দেশ্য হলো স্ত্রীর মহর।

فَرِيْضَةً : **মোহরানা। মহর**। সীগাহ واحد مؤنث বহছ সিফাতে মুশাব্বাহ। বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ض) মাসদার اَلْفَرْضُ অর্থ- ফরজ করা, ধার্য করার আরোপ করা।

جُنَاحَ : **পাপ; গুনাহ**। جُنُوْحٌ থেকে চয়িত। যার অর্থ হলো একদিকে ঝুঁকে পড়া। এ কারণেই যে গুনাহ মানুষকে সত্য থেকে ফিরিয়ে অন্য দিকে ঝুঁকিয়ে দেয় তাকে جُنَاحٌ বলা হয়। অতঃপর যে কোনো গুনাহকেই جُنَاحٌ নামে অভিহিত করা হয়।

تَرَاضَيْتُمْ : **তোমরা পরস্পর রাজি হয়ে গেলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ر ـ ض ـ ي) মাসদার اَلتَّرَاضِىْ অর্থ- পরস্পর সম্মত হওয়া।

عَلِيْمًا : **জ্ঞানময়; সর্বজ্ঞ; সর্বাধিক জ্ঞানী**। বাব سَمِعَ-এর মাসদার عِلْمٌ হতে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এটি মানুষের ক্ষেত্রে عَلِيْمٌ শব্দ ব্যবহার হতে পারে। তবে পবিত্র কুরআনে عَلِيْمٌ শুধুমাত্র আল্লাহর জন্যই ব্যবহৃত হয়েছে।

حَكِيْمًا : **প্রজ্ঞাময়**। বাব كَرُمَ-এর মাসদার حِكْمَةٌ থেকে মুবালাগা এর সীগাহ। মূলবর্ণ (ح ـ ك ـ م) এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ২৫

لَمْ يَسْتَطِعْ : **সে সামর্থ্য নয়**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সামর্থ্য হওয়া; সক্ষম হওয়া।

طَوْلًا : **ধন; দৌলত; সম্পদ ; সামর্থ্য**। বাব نَصَرَ -এর মাসদার। এটি দুভাবে ব্যবহৃত হয়। ১. দীর্ঘ ও শ্রেষ্ঠত্বে প্রবল হওয়া। ২. কারো সাথে অনুগ্রহ করা এবং তাকে পুরস্কার দেওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন যে, طَوْلٌ শব্দটি শ্রেষ্ঠত্ব ও অনুগ্রহের অর্থের জন্য নির্দিষ্ট হয়ে গেছে। যেমন- شَدِيْدُ الْعِقَابِ ذِى الطَّوْلِ (কঠিন শাস্তিদাতা, পুরস্কারদাতা।) وَمَنْ لَمْ يَسْتَطِعْ مِنْكُمْ طَوْلًا (আর যারা সামর্থ্য রাখে না) এ আয়াতে طَوْلًا দ্বারা উদ্দেশ্য হলো স্ত্রীর মোহরানা ও খোরপোষ।

اَلْمُحْصَنٰتُ : **স্বাধীনা নারী; সধবা নারী**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالْ মাসদার اَلْاِحْصَانُ মূলবর্ণ (ح ـ ص ـ ن) অর্থ- হেফাজত করা; সংরক্ষণ করা।

فَتَيٰتِكُمْ : **তোমাদের অধিকারভুক্ত দাসী**। فَتَيٰتٌ বহুবচন, একবচনে- فَتَاةٌ; হলো كم ضمير مجرور باضافة।

مُسٰفِحٰتٍ : **ব্যভিচারী নারীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اَلْمُفَاعَلَةُ মাসদার اَلْمُسَافَحَةُ মূলবর্ণ (س ـ ف ـ ح) অর্থ- পরস্পর ব্যভিচারে লিপ্ত হওয়া।

لَا مُتَّخِذٰتِ اَخْدَانٍ : **উপপতি গ্রহণকারিণী নয়**। مُتَّخِذَاتٌ সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْتِعَالْ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ- গ্রহণ করা; বানানো।

اَخْدَانٍ : উপপতি। বহুবচন, একবচনে خِدْنٌ অর্থ- বন্ধু, সহচর, (নারীর) ছেলে বন্ধু, উপপতি।

اِذَا اُحْصِنَّ : **যদি সে বিবাহিতা হয়**। اُحْصِنَّ সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالْ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ অর্থ- বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া। اِحْصَانٌ -এর আরও অনেকগুলো অর্থ রয়েছে। যেমন সতীত্ব; স্বাধীনতা; ইসলাম; বন্দী করে রাখা। তবে পবিত্র কুরআনে যেখানেই এর ব্যবহার হয়েছে সেখানে অর্থ হলো বিবাহ।

اَلْعَنَتَ : **ব্যভিচার**। বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক। আল্লামা ইবনুল আছীর (র.) -এর আরো কতিপয় অর্থ লিখেছেন। যথা- কষ্ট; ধ্বংস; গুনাহ; ত্রুটি। এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম বায়হাকী (র.) লিখেছেন- عَنَتٌ অর্থ- গুনাহগার হওয়া। এমন কোনো কাজে লিপ্ত হওয়া যা থেকে বেরিয়ে আসা সম্ভব নয়। কোনো কিছু দ্বারা হাড় ভেঙ্গে যাওয়া। তবে اَلْعَنَتَ مِنْكُمْ আয়াতে উদ্দেশ্য হলো ব্যভিচার; জেনা। ইমাম ইবনে জারীর তাবারী (র.) এ আয়াতের তাফসীরে লিখেছেন, এতদ্‌সংক্রান্ত সঠিক মত হলো এই যে, ذٰلِكَ لِمَنْ خَشِىَ الْعَنَتَ আয়াতে عَنَتٌ দ্বারা উদ্দেশ্য দীনি ও দৈহিক ক্ষতি। কেননা عَنَتٌ বলা হয় যা দ্বারা মানুষের ক্ষতি সাধন হয়। যেমন বলা হয়- عَنَتَ فُلَانٌ فَهُوَ يَعْنِتُ -এর ব্যবহার এমন কাজের ক্ষেত্রে হয়ে থাকে যা দ্বারা দীন বা দুনিয়াতে ক্ষতিকর হয়। এ অর্থেই আল্লাহ তা'আলা বলেছেন وَدُّوْا مَا عَنِتُّمْ (তোমাদের কষ্টে তারা খুশি) মোটকথা যারা এর অর্থ ব্যভিচার করেছেন তারা বলেন যে, ব্যভিচার হলো দীন বিষয়ক ক্ষতিকর কাজ। যারা এর অর্থ গুনাহ বলেছেন তারা বলেন, সকল গুনাহই তো দীনের জন্য ক্ষতিকর। আর যারা এর অর্থ শাস্তি তথা حَدّ করেছেন তারা বলেন- حَدّ দ্বারা শারীরিক ক্ষতি সাধিত হয়। সুতরাং তা عَنَتَ -এর অন্তর্ভুক্ত।

غَفُوْرٌ : **ক্ষমাশীল**। মুবালাগার সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

رَّحِيْمٌ : **পরম দয়ালু**। فَعِيْلٌ -এর ওযন মুবালাগার সীগাহ। বহুবচন رُحَمَاءُ ; মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ- অনুগ্রহ করা; দয়া করা। (বিস্তারিত সূরা নিসা, আয়াত : ২৩ দ্রষ্টব্য।)

আয়াত : ২৬

لِيُبَيِّنَ : **যেন তিনি স্পষ্টভাবে বিবৃত করেন**। لام টি لام كى يُبَيِّنَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ- স্পষ্ট করে বর্ণনা করা।

سُنَنَ : **রীতিনীতি। পন্থা;** শব্দটি বহুবচন, একবচন سُنَّةٌ ; এটি ইসম। ইমাম রাগেব (র.) লিখেছেন- سُنَّةُ النَّبِيِّ দ্বারা উদ্দেশ্য হলো এমন পন্থা যা নবী করীম ﷺ গ্রহণ করেছেন। আর سُنَّةُ اللّٰهِ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ তা'আলার প্রজ্ঞা, কৌশল ও হেকমতের নিয়ম এবং তার ইবাদতের তরিকা। যেমন- سُنَّةَ اللّٰهِ الَّتِي قَدْ خَلَتْ مِنْ قَبْلُ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللّٰهِ تَبْدِيْلًا (পূর্ব থেকে আল্লাহর যে নিয়ম চলে আসছে তুমি তাতে কোনো ব্যতিক্রম প্রত্যক্ষ করবে না।) অর্থাৎ, আল্লাহর বিধিবিধানের শাখাপ্রশাখায় বিভিন্নতা পরিলক্ষিত হলেও তার উদ্দেশ্য থাকে এক ও অভিন্ন। আর তা হলো ছওয়াব এবং নৈকট্য অর্জন করা। এ উদ্দেশ্যে কোনো পরিবর্তন হয় না।

আয়াত : ২৭

يَتَّبِعُوْنَ : **তারা অনুসরণ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ(ت - ب - ع) অর্থ- অনুসরণ করা।

اَلشَّهَوَاتِ : **কুপ্রবৃত্তি; আসক্তি; কামনা; বাসনা।** বাব سَمِعَ ও نَصَرَ -এর মাসদার এবং شَهْوَةٌ -এর বহুবচন। ইমাম রাগেব (র.) লিখেছেন, যে জিনিসের প্রতি তোমার আসক্তি হয় তার প্রতি লালসা করাকে شَهْوَةٌ বলা হয়। কখনো যার কামনা করা হয় তাকেও شَهْوَةٌ বলা হয়, আবার লালসার শক্তিকেও شَهْوَةٌ বলা হয়।

تَمِيْلُوْا : **তোমরা পথচ্যুত হবে। তোমরা আকৃষ্ট হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م - ى - ل) মাসদার اَلْمَيْلُ অর্থ- আকৃষ্ট হওয়া; ঝুঁকে পড়া।

مَيْلًا عَظِيْمًا : **ভীষণভাবে পথচ্যুত হওয়া।**

আয়াত : ২৮

يُخَفِّفَ : **তিনি লঘু করবেন; হালকা করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (خ - ف - ف) মাসদার اَلتَّخْفِيْفُ অর্থ- লঘু করা; হালকা করা; হ্রাস করা।

ضَعِيْفًا : **দুর্বলরূপে।** সীগাহ وَاحِدٌ বহছ صفت مشبه ; ضُعْفٌ হতে গঠিত। মানুষকে দুর্বল করে সৃষ্টি করা হয়েছে কথাটির অর্থ হলো মানুষের প্রয়োজন বেশি ; কিন্তু সে অনুপাতে তার শক্তি কম। কামূসে রয়েছে এ আয়াতের অর্থ হলো মানুষের আশা-আকাঙ্ক্ষা তাকে ঘুরায়।

আয়াত : ২৯

لَا تَأْكُلُوْا : **তোমরা গ্রাস করো না;** তোমরা খেয়ো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ(أ - ك - ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- আহার করা; খাওয়া; গ্রাস করা।

بِالْبَاطِلِ **অন্যায়ভাবে।** با - حرف جر , بَاطِلٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب - ط - ل) মাসদার اَلْبُطْلَانُ অর্থ- ভুল কথা বলা, অসত্য কথা বলা, মিথ্য, সত্যের বিপরীত। প্রত্যেক এমন কথা বা কাজ যা ভিত্তিহীন, তাকে بَاطِلٌ বলা হয়। কথার দৃষ্টান্ত যেমন- لِمَا تَلْبِسُوْنَ الْحَقَّ بِالْبَاطِلِ (কেন তোমরা মিথ্যাকে সত্যের সাথে জড়িয়ে দাও।) কাজের দৃষ্টান্ত যেমন- وَحَبِطَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ (তারা যা করেছে তা বাতিল হয়ে গেছে।)

تِجَارَةً : **ব্যবসা; বাণিজ্য।** বাব ضَرَبَ -এর মাসদার অর্থ- ব্যবসা করা।

تَرَاضٍ : **রাজি হয়ে। পরস্পর মতৈক্য হয়ে।** বাব تَفَاعُلٌ -এর মাসদার, মূলবর্ণ(ر - ض - ى) অর্থ- একে অপরের প্রতি সন্তুষ্ট থাকা।

لَا تَقْتُلُوْا : **তোমরা হত্যা করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ(ق - ت - ل) মাসদার اَلْقَتْلُ অর্থ- হত্যা করা।

اَنْفُسَ : **ব্যক্তি।** আত্মা; প্রাণ। বহুবচন, একবচন نَفْسٌ

আয়াত : ৩০

عُدْوَانًا : **সীমালঙ্ঘন করে;** জুলুম ও বাড়াবাড়ি করে। বাব نَصَرَ -এর মাসদার। ইমাম আবূ বকর আযীযী (র.) লিখেছেন, عُدْوَانٌ অর্থ হলো সীমালঙ্ঘন করা; জুলুম করা। আর فَلَا عُدْوَانَ اِلَّا عَلَى الظّٰلِمِيْنَ এর অর্থ হলো فَلَا جَزَاءَ ظُلْمٍ اِلَّا عَلٰى ظَالِمٍ অর্থাৎ জুলুমের বদলা একমাত্র জালিম থেকেই নেওয়া হবে। কতিপয় ওলামায়ে কেরামের মতে عُدْوَانٌ অর্থ হলো যোগ্যতা,

কাজ বা অবস্থা যে কোনো কিছুতে ভীষণভাবে সীমালঙ্ঘন করা। এ অর্থেই ব্যবহৃত হয়েছে আল্লাহর বাণী– وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ عُدْوَانًا وَّظُلْمًا فَسَوْفَ نُصْلِيْهِ نَارًا ۔

نُصْلِيْهِ : **আমি তাকে প্রবেশ করাব**। নُصْلِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالْ মাসদার الاصلاء মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ– পৌঁছানো। প্রবেশ করানো। ہ যমীরে منصوب متصل ।

يَسِيْرًا : **সহজ**। সীগাহ واحد বহছ صفت مشبه ; يُسْرٌ থেকে গঠিত।

আয়াত : ৩১

اِنْ تَجْتَنِبُوْا : **যদি তোমরা বিরত থাক**। اِنْ হরফে শর্ত। تَجْتَنِبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ج ـ ن ـ ب) মাসদার اَلْاِجْتِنَابُ অর্থ– পরিহার করা; বর্জন করা; বিরত থাকা।

كَبَائِرَ : **গুরুতর; বড় পাপ**। শব্দটি বহুবচন, একবচন كَبِيْرَةٌ বহছ صفت مشبه

تُنْهَوْنَ : **তোমাদেরকে নিষেধ করা হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ہ ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ– নিষেধ করা। বাধাপ্রদান করা; বিরত রাখা।

نُكَفِّرْ : **আমি মোচন করে দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْفِيْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– মোচন করা; ক্ষমা করা।

مُدْخَلًا كَرِيْمًا : **সম্মানজনক স্থান**। مُدْخَلًا বাব اِفْعَالْ থেকে ظرف مكان তাই অর্থ করা হয়েছে– স্থান। كَرِيْمًا বাব كَرُمَ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। অর্থ– সম্মানিত; উত্তম।

আয়াত : ৩২

لَا تَتَمَنَّوْا : **তোমরা লালসা করো না; আকাঙ্ক্ষা করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (م ـ ن ـ ى) মাসদার اَلتَّمَنِّىْ অর্থ– আকাঙ্ক্ষা করা; আশা করা।

فَضَّلَ : **তিনি শ্রেষ্ঠত্ব দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّفْضِيْلُ মূলবর্ণ (ف ـ ض ـ ل) অর্থ– শ্রেষ্ঠত্ব দেওয়া; মর্যাদা দেওয়া।

نَصِيْبٌ : **অংশ**। একবচন, বহুবচন اَنْصِبَةٌ ও نُصُبٌ

اِكْتَسَبُوْا : **তারা উপার্জন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْاِكْتِسَابُ অর্থ– উপার্জন করা।

আয়াত : ৩৩

مَوَالِىَ : **উত্তরাধিকারী**। শব্দটি বহুবচন, একবচন مَوْلٰى ঐ সমস্ত عَصَبَاتٌ যারা ذَوِى الْفُرُوْضِ থেকে বেঁচে যাওয়া সম্পদের উত্তরাধিকারী হয়, আর যদি মৃতব্যক্তির ذَوِى الْفُرُوْضِ না থাকে তাহলে সম্পূর্ণ সম্পদের মালিক হয়। –(বাগভী) مَوَالِىْ শব্দের আরো কয়েকটি অর্থ হতে পারে। যেমন চাচাতো ভাই। –(বাগভী) عَصَبَاتٌ –(মুজাহিদ) كَلَالَةٌ –(আবূ সালিহ) যে কোনো উত্তরাধিকারী। –(কালবী)

اَلْاَقْرَبُوْنَ : **নিকটাত্মীয়গণ**। اَقْرَبُ -এর বহুবচন। মাজরূর অবস্থায় اَقْرَبِيْنَ

عَقَدَتْ : **সে অঙ্গীকারাবদ্ধ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْدُ মূলবর্ণ (ع ـ ق ـ د) অর্থ– চুক্তি করা। বাঁধা।

شَهِيْدًا : **সাক্ষী; স্বীকারকারী**। এটি فَعِيْل -এর ওজনে, فاعل -এর অর্থে مبالغة -এর ওযনসমূহের একটি ওযন। شَاهِدْ ; شَهِيْدٌ তথা সাক্ষী আবার প্রত্যক্ষদর্শীর অর্থেও ব্যবহৃত হয়। 'নিহায়া' গ্রন্থে উল্লেখ আছে– আল্লাহর নামসমূহের এককেটি নামের এককেটি বৈশিষ্ট্য রয়েছে। যথা اُمُوْرٌ ظَاهِرَةٌ তথা প্রকাশ্য বিষয়ের দিকে সম্পৃক্ত করা হলে তখন আল্লাহ তা'আলা شَهِيْد আর যখন اُمُوْرٌ بَاطِنَةٌ তথা অভ্যন্তরীণ বিষয়ে চিন্তা করা হয় তখন তিনি خبير ; উল্লেখ্য যে, شَهِيْد অর্থ এটাও যে, তিনি কিয়ামত দিবসে মাখলূকের উপর সাক্ষী হবেন।

আয়াত : ৩৪

قَوَّامُوْنَ : **কর্তা; অভিভাবক**। বাব نَصَرَ-এর মাসদার اَلْقِيَام থেকে মুবালাগার সীগাহ। শব্দটি বহুবচন, একবচন قِوَام

صٰلِحٰتُ : **সাধ্বীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ ও نَصَرَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ– সৎকর্ম করা। পবিত্র কুরআনের কেবল এ স্থানে এটি সৎ নারীর অর্থে ব্যবহার হয়েছে। অন্য সব স্থানে সৎকর্ম, ভালো কাজ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে।

قٰنِتٰتٌ : **অনুগত মহিলাগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ن ـ ت) মাসদার اَلْقُنُوْتُ অর্থ– অনুগত হওয়া।

حٰفِظٰتٌ : **হফাজতকারিণীগণ; যত্নবান মহিলাগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) অর্থ– সংরক্ষণ করা; যত্নবান হওয়া; হেফাজত করা।

لِّلْغَيْبِ : **লোকচক্ষুর অন্তরালে; অবর্তমানে**। لام হরফে জার; اَلْغَيْبُ মাজরূর। এটি বাব ضَرَبَ-এর মাসদার মূলবর্ণ (غ ـ ى ـ ب) জিনস اجوف يائى গোপন হওয়া; অনুপস্থিত হওয়া; মানুষের জ্ঞান বুদ্ধি ও অনুভূতির উর্ধ্বে হওয়া। যা মানুষের অনুভূতি ও জ্ঞান-বুদ্ধির নাগালের বাইরে এবং নবীগণ অবহিতকরণ ব্যতীত জানা যায় না। নবীদের উপর যে ওহী আসে। অভ্যন্তর; বাতেন। غَيْبٌ শব্দের ব্যবহার পবিত্র কুরআনে এ সকল অর্থে ব্যবহৃত হয়েছে। এ শব্দটি পূর্ণ কুরআনে نكرة হিসেবে কোথাও ব্যবহৃত হয়নি। সর্বমোট ৪৯ স্থানে এসেছে এবং সর্বত্রই মা'রেফা হিসেবে ব্যবহৃত হয়েছে, কোথাও পেশযোগে, কোথাও যবরযোগে আবার কোথাও যেরযোগে। শুধুমাত্র একস্থানে যমীরের দিকে ইযাফত হয়েছে। অর্থাৎ غَيْبَهٗ বলা হয়েছে। আর বাকি ৪৮ স্থানে ال যোগে অথবা ইসমে জাহেরের দিকে ইযাফত অবস্থায় ব্যবহার হয়েছে। غَيْبٌ শব্দটি পবিত্র কুরআনে কোথায় কী অর্থে ব্যবহৃত হয়েছে? তা ইমাম রাগেবের ব্যাখ্যা অনুযায়ী তুলে ধরা হলো। ১. عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ (সূরা হাশর : ২২) যা তোমরা দেখ, জানো এবং যা তোমরা জানো না সবকিছু আল্লাহ জানেন। ২. اَطَّلَعَ الْغَيْبَ (মারইয়াম : ৭৮) যা দৃষ্টিসীমার উর্ধ্বে এবং যেখানে দৃষ্টি ও কল্পনা পর্যন্ত পৌঁছতে পারে না তারা কি সেগুলো উঁকি মেরে দেখে নিয়েছে, তাদের কি সেগুলোর ইলম হয়ে গেছে? ৩. قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ (নামল : ৬৫) যা মাখলূকের অনুভূতি ও জ্ঞানের নাগালের বাইরে সেগুলোকে আল্লাহ ব্যতীত আসমান ও জমিনের সমগ্র সৃষ্টির কেউ জানে না। ৪. وَمَا كَانَ اللّٰهُ لِيُطْلِعَكُمْ عَلَى الْغَيْبِ (আলে ইমরান : ১৭৯) এখানে غيب অর্থ– ওহী। অর্থাৎ আল্লাহ এমন নন যে, তিনি সরাসরি তোমাদের কাছে ওহী প্রেরণ করে জানিয়ে দিবেন। ৫. اِنَّكَ اَنْتَ عَلَّامُ الْغُيُوْبِ (মায়িদা : ১০৯) এটা বাস্তব ও সন্দেহাতীত কথা যে, যা মাখলূকের জ্ঞানের বাইরে তা আপনি সুন্দরভাবে অবগত। ৬. وَعِنْدَهٗ مَفَاتِحُ الْغَيْبِ (আন'আম : ৫৯) যে সমস্ত গোপন রহস্য তালাবদ্ধ রয়েছে এবং যে পর্যন্ত মানুষের জ্ঞান পৌঁছতে সক্ষম নয় আল্লাহর কাছেই রয়েছে তা খোলার চাবি। ৭. لَا يَعْلَمُهَا اِلَّا هُوَ-এর উদ্দেশ্যও একই। ৮. رَجْمًا بِالْغَيْبِ (কাহাফ : ২৩) না জেনে না দেখে তারা তীর চালায়। (অর্থাৎ আন্দাজে ও অনুমান করে কথা বলে) ৯. يُؤْمِنُوْنَ بِالْغَيْبِ (বাকারা : ২) যে সমস্ত বস্তুর সঠিক জ্ঞান ওহী ব্যতীত অর্জন করা সম্ভব নয়, অনুভূতি ও জ্ঞান যেখান পর্যন্ত পৌঁছতে পারে না, নবীগণ ওহীর মাধ্যমে সেগুলো সম্পর্কে অবহিত করেন। উদাহরণত আল্লাহর সত্তা, তার গুণাবলি, কিয়ামত, হাশর-নাশর, জান্নাত, জাহান্নাম, ইত্যাদি নবীগণ বলার দ্বারা তারা মানে ও বিশ্বাস করে। অথবা এর অর্থ এও হতে পারে যে, যখন তারা মুসলমানদের থেকে পৃথক ও দূরে থাকে কারো সম্মুখে থাকে না, তখনো তারা মুমিনই থাকে। অর্থাৎ তাদের ঈমান হলো একনিষ্ঠ, লৌকিক নয়। ১০. لِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ যা কিছু তোমাদের থেকে অদৃশ্য সেগুলোর ইলম আল্লাহরই আছে। অথবা আল্লাহই সেগুলোর সৃষ্টিকর্তা ও মালিক। ১১. حٰفِظٰتٌ لِّلْغَيْبِ (নিসা : ৩৪) তারা স্বামীর অনুপস্থিতিতে নিজেদের ইজ্জত, সতিত্ব ও স্বামীর সম্পদ রক্ষণাবেক্ষণ করে। অথবা غَيْبٌ দ্বারা উদ্দেশ্য গোপন অঙ্গসমূহ যা মানুষের সম্মুখে প্রকাশ

করা হয় না। ১২. مَنْ يَّخَافَهٗ بِالْغَيْبِ (মায়িদা : ৯৪) যারা নির্জনে আল্লাহকে ভয় করে। ১৩. لَمْ اَخُنْهُ بِالْغَيْبِ (ইউসূফ : ৫২) আমি তার অনুপস্থিতিতে তার আমানতের খেয়ানত করিনি। ১৪. فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖۤ اَحَدًا (জিন : ২৬) ওহীর সংবাদ নবী ব্যতীত কাউকে অবগত করান না। ১৫. وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَنِيْنٍ (তাকভীর : ২৪) আল্লাহর রাসূল ﷺ ওহীর বিষেয়ে কৃপণতা করেন না। অর্থাৎ আল্লাহর প্রেরিত ওহী গোপন রাখেন না। তা অবশ্যই তিনি সকলের কাছে পৌছে দেন। ১৬. ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ (আলে ইমরান : ৪৪) প্রাচীনকালের যেসব সংবাদ তোমাদের জানা ছিল না সেসব গোপন সংবাদের অন্তর্ভুক্ত সেগুলো। ১৭. وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيْنَ (ইউসূফ: ৮১) আমরা অদৃশ্য বিপদ থেকে রক্ষা করতে পারতাম না। অথবা ভবিষ্যতে যা ঘটবে সেই অনাগত গোপন বিষয়ের জ্ঞান আমাদের ছিলনা। উপরিউক্ত উদ্ধৃতিসমূহ দ্বারা এ কথা জানা গেল যে, غَيْبٌ শব্দটি ছয়টি অর্থে ব্যবহৃত হয়েছে :

১. غَيْبٌ এমন বস্তু যে পর্যন্ত অনুভূতি ও বাহ্যিক জ্ঞান পৌছতে অক্ষম। নবীগণ বর্ণনা না করলে সেগুলো সম্পর্কে কেউ অবগত হতে পারে না।
২. জন কোলাহল থেকে দূরে সরে গিয়ে নির্জন নিভৃতে কাটানো সময়।
৩. ওহী বা প্রত্যাদেশ।
৪. অতীতকালের কিছু ঘটনাবলি।
৫. ভবিষ্যতের কিছু বিষয়াদি ও ঘটনাবলি।
৬. গুপ্তাঙ্গ বা গুপ্ত বস্তু, যা প্রকাশ করা নিষেধ। কোনো আয়াতে যদি উপরিউক্ত অর্থসমূহ ব্যতীত অন্য কোনো অর্থে- غَيْبٌ শব্দটি ব্যবহৃত হয়, তাহলে তাতে কিছুটা চিন্তা-ভাবনা করে সেটাকে উপরিউক্ত কোনো একটি অর্থের মধ্যে প্রবিষ্ট করে দিতে হবে, যাতে নতুন কোনো অর্থের সৃষ্টি না হয়।

نُشُوْزَهُنَّ : **তাদের অবাধ্যতা**। نُشُوْزٌ বাব نَصَرَ ও ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (ن ـ ش ـ ز) هُنَّ হলো ضَمِيْر مجرور باضافة

عِظُوْهُنَّ : **তোমরা তাদেরকে সদুপদেশ দাও**। عِظُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْعِظَةُ ও اَلْوَعْظُ অর্থ- সদুপদেশ দেওয়া। هُنَّ যমীরে منصوب متصل

اُهْجُرُوْا : **তোমরা বর্জন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْهَجْرُ ও اَلْهِجْرَانُ অর্থ- ত্যাগ করা; বর্জন করা।

اَلْمَضَاجِعِ : **শয়নস্থান; নিবাস**। ظرف مكان ; এর অর্থ মৃত্যুস্থানও হয়। বহুবচন, একবচন مَضْجَعٌ

فَاِنْ اَطَعْنَكُمْ : **যদি তারা তোমাদের অনুগত হয়**। اِنْ হরফে শর্ত। সীগাহ اَطَعْنَ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) জিনস اجوف واوى মাসদার اَلْاِطَاعَةُ অর্থ- আনুগত্য করা।

لَا تَبْغُوْا : **তোমরা অন্বেষণ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ- অন্বেষণ করা; তালাশ করা।

عَلِيًّا كَبِيْرًا : **মহান, শ্রেষ্ঠ**। عَلِيًّا বাব نَصَرَ এবং كَبِيْرًا বাব كَرُمَ থেকে মুবালাগার সীগাহ। আল্লাহর দুটি গুণবাচক নাম।

আয়াত : ৩৫

شِقَاقَ : **বিরোধ**। বন্ধুর পক্ষ ত্যাগ করে অন্যের পক্ষ অবলম্বন করা। বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। اَلْبَحْرُ - এ রয়েছে যে, شِقَاقٌ হলো شَاقَّةٌ -এর اَلْمُحِيْطُ মাসদার। যার অর্থ হলো শত্রুতা পোষণ করা; বিরোধিতা করা। যার মূল হলো شِقٌّ ; যার অর্থ হলো দিক। কারো কারো মতে এটি مُشَقَّةٌ থেকে চয়িত। দু'জনের প্রত্যেকেই একটি বস্তুকে কামনা করছে যা অপরের জন্য কষ্টকর।

اِبْعَثُوْا : **তোমরা প্রেরণ কর; নিযুক্ত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ- প্রেরণ করা; পাঠানো। মূলত بَعْثٌ অর্থ- প্রেরণ করা এবং উঠিয়ে দাঁড় করানো। কিন্তু ইঙ্গিত ও আনুসঙ্গিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। উদাহরণত উটের জন্য بَعْثٌ শব্দ এলে অর্থ হবে- উটকে উঠানো ও তাকে হাঁকানো। মৃতদের জন্য ব্যবহৃত হলে অর্থ হবে- পুনর্জীবিত হওয়া এবং হাশর। রাসূলদের সম্পর্কে ব্যবহৃত হলে অর্থ হবে- প্রেরণ করা। উল্লেখ্য بعث দু প্রকার। প্রথম প্রকার হলো এর نسبت মানুষের দিকে হবে। যেমন কেউ কাউকে প্রেরণ

করা; রওয়ানা করা। দ্বিতীয় প্রকার হলো এর نسبت আল্লাহর দিকে হবে। যেমন বস্তুসমূহকে অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা। মৃতদেরকে জীবিত করা। অবশ্য এ গুণটি কখনো তিনি মানুষকেও দান করেছেন। যেমন হযরত ঈসা (আ.) মৃতকে জীবিত করতে পারতেন।

حَكَمًا : **সালিস; মীমাংসাকারী**। حَكَمٌ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। একবচন ও বহুবচন উভয়ের জন্য ব্যবহৃত হয়। বিশেষ মীমাংসাকারীকে حَكَمٌ বলা হয়। কারণ সে حَاكِمٌ থেকে অধিক বাগ্মী।

اِصْلَاحًا : **নিষ্পত্তি; সংশোধন**। এটি বাব اِفْعَالٌ-এর মাসদার। মূলবর্ণ (ص ـ ل ـ ح)

يُوَفِّقِ : **তিনি অনুকূল অবস্থা সৃষ্টি করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ق) মাসদার اَلتَّوْفِيْقُ অর্থ- সুযোগ দেওয়া; তৌফিক দেওয়া।

عَلِيْمًا : **জ্ঞানময়; সর্বজ্ঞ; সর্বাধিক জ্ঞানী**। বাব سَمِعَ -এর মাসদার اَلْعِلْمُ অর্থ- হতে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। মানুষের ক্ষেত্রে عَلِيْمٌ শব্দটি ব্যবহার হতে পারে। তবে পবিত্র কুরআনে عَلِيْمٌ শুধুমাত্র আল্লাহর জন্যই ব্যবহৃত হয়েছে।

خَبِيْرًا : **সবিশেষ অবহিত**। বাব كَرُمَ হতে মুবালাগার সীগাহ। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৩৬

ذِى الْقُرْبٰى : **নিকটাত্মীয়**।

اَلْيَتٰمٰى : **এতিমগণ**। বহুবচন, একবচন يَتِيْمٌ ; যে অপ্রাপ্ত বয়স্ক সন্তানের পিতা মারা গেছে তাকে এতিম বলা হয়।

اَلْمَسٰكِيْنِ : **অভাবগ্রস্ত**। বহুবচন, একবচন مِسْكِيْنٌ ; যার কোনো সম্পদ নেই তাকে مِسْكِيْن বলা হয়।

اَلْجَارِ ذِى الْقُرْبٰى : **নিকট-প্রতিবেশী**। اَلْجَار প্রতিবেশী। একবচন, বহুবচন جِيْرَانٌ

اَلْجَارِ الْجُنُبِ : **দূর-প্রতিবেশী; অনাত্মীয় প্রতিবেশী**।

اَلْجُنُبِ : **দূর; অনাত্মীয়; অপরিচিত**। جَنْبٌ থেকে فعل -এর ব্যবহার দুটি অর্থের জন্য হয়ে থাকে। ১. দূর করা; দূর হওয়া। ২. নিজের পার্শ্বে ঝুঁকা; আকৃষ্ট হওয়া। এখানে جَنْب প্রথম অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ দূর; একদিক। সর্বলিঙ্গ ও বচনে একই রকম। অপবিত্রকে جُنُبِىْ এ জন্য যে বলা হয় সে যতক্ষণ গোসল না করবে ততক্ষণ নামাজ ও মসজিদ থেকে দূরে থাকে।

اِبْنِ السَّبِيْلِ : **মুসাফির; পথিক; পর্যটক**। এর শাব্দিক অর্থ হলো রাস্তার ছেলে। মুসাফিররা রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ায় তাই তাদেরকে اِبْنُ السَّبِيْلِ বলা হয়।

مُخْتَالًا : **দাম্ভিক**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ى ـ ل) মাসদার اَلْاِخْتِيَالُ অর্থ- দাম্ভিকতা করা; অহংকার করা।

فَخُوْرًا : **অহংকারী**। বাব فَتَحَ -এর মাসদার اَلْفَخْرُ অর্থ- গর্ব করা, অহংকার করা। থেকে মুবালাগার সীগাহ।

আয়াত : ৩৭

يَبْخَلُوْنَ : **তারা কৃপণতা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ ও كَرُمَ ; মাসদার اَلْبُخْلُ অর্থ- কৃপণতা করা। ধন-সম্পদ যেখানে ব্যয় করা প্রয়োজন সেখানে ব্যয় না করাকে بُخْل বলা হয়। এর বিপরীতার্থক শব্দ হলো جَوْد তথা বদান্যতা। بُخْل বা কৃপণতা দু' প্রকার। প্রথমত নিজে যথাস্থানে সম্পদ ব্যয় না করা। দ্বিতীয়ত অন্যকেও ব্যয় করতে নিষেধ করা। এটা আরো অধিক তিরস্কৃত।

يَأْمُرُوْنَ : **তারা নির্দেশ প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ ـ م ـ ر) অর্থ- নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

يَكْتُمُوْنَ : **তারা গোপন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ت ـ م) মাসদার اَلْكِتْمَانُ অর্থ- গোপন করা।

اَعْتَدْنَا : **আমি প্রস্তুত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ت ـ د) মাসদার اَلْاِعْتَادُ অর্থ- প্রস্তুত করা।

عَذَابًا : **শাস্তি**। **ভীষণ শাস্তি**। আল্লামা ফায়ূমী মিসবাহুল মুনীরে লিখেছেন- عَذَابٌ وَ تَعْذِيْبٌ -এর আসল অর্থ

হলো মারা; প্রহার করা। পরবর্তীতে দুঃখজনক শাস্তির জন্য ব্যবহার হতে থাকে এবং রূপকার্থে যে কোনো কষ্টকর কাজের জন্যও عَذَابٌ বলা হয়ে থাকে। যেমন বলা হয়– اَلسَّفْرُ قِطْعَةٌ مِّنَ الْعَذَابِ (ভ্রমণ আজাবের এক টুকরা।) এ ব্যাপারে চমৎকার কথা বলেছেন শায়খ আবূ তায়্যিব ফাসী। তিনি বলেন– عَذَابٌ আরবি ভাষায় عَذْبٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ– বাধাপ্রদান করা; বিরত রাখা। সে হিসেবে عَذَّبْتُهٗ عَنْهُ অর্থ– আমি তাকে এ থেকে বিরত রেখেছি। এবং عَذَبَ عَذُوْبًا অর্থ– সে বিরত হয়ে গেছে। মিষ্টি পানিকে عَذْبٌ এ জন্য বলা হয় যে তা পিপাসাকে বাধাগ্রস্ত করে; বিরত রাখে। আর عَذَابٌ (শাস্তি) কে আজাব এ জন্য বলা হয় যে, তা শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে পুনরায় সে ধরনের অপরাধে লিপ্ত হওয়া কে বাধা দেয়। এমন কি সে অন্যকেও বিরত রাখে।

مُهِيْنًا : **লাঞ্ছনাদায়ক**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপদস্থ করা; লাঞ্ছিত করা।

আয়াত : ৩৮

يُنْفِقُوْنَ : **তারা (তা) ব্যয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

رِئَاءَ النَّاسِ : **মানুষকে দেখানোর জন্য; লৌকিকতার জন্য**। رِئَاءٌ অর্থ– লোক দেখানোর জন্য কোনো কাজ করা।

قَرِيْنًا : **সাথি; সঙ্গি**। একবচন, বহুবচন قُرَنَاءُ

আয়াত : ৪০

مِثْقَالَ : **পরিমাণ**। একবচন, বহুবচন مَثَاقِيْلُ একপ্রকার ওজনকেও مِثْقَالٌ বলা হয়, তবে এ আয়াতে প্রথম অর্থই উদ্দেশ্য।

ذَرَّةٍ : **অণু**। একবচন, বহুবচন– ذَرَّاتٌ

يُضٰعِفْ : **তিনি বৃদ্ধি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُضَاعَفَةُ মূলবর্ণ (ض ـ ع ـ ف) অর্থ– বৃদ্ধি করা।

اَجْرًا : **বিনিময়; পারিশ্রমিক**। একবচন, বহুবচন اُجُوْرٌ

عَظِيْمًا : **মহা; মহান; বড়; সম্মানিত**।

আয়াত : ৪১

اِذَا جِئْنَا : **যখন আমি উপস্থিত করব**। جِئْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئُ মূলবর্ণ (ج ـ ى ـ ء) অর্থ– আসা। এর صلة যদি باء হয় তখন অর্থ হয়– আনা।

اُمَّةٍ : ১.জাতি; সম্প্রদায়। ২. জনসাধারণ; জনগণ। ৩. বংশ; প্রজন্ম। ৪. যাবতীয় উত্তম গুণাবলির অধিকারী ব্যক্তি। পবিত্র কুরআনে রয়েছে– "اِنَّ اِبْرَاهِيْمَ كَانَ اُمَّةً قَانِتًا لِّلّٰهِ حَنِيْفًا"। ৫. ধর্ম; মতবাদ; মতাদর্শ। যেমন - "اِنَّا وَجَدْنَا اٰبَاءَنَا عَلٰى اُمَّةٍ" ৬. পদ্ধতি; পন্থা; পথ। ৭. সময়; মুহূর্ত; ক্ষণ। পবিত্র কুরআনে রয়েছে– "وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ" ৮. দেহের গঠন; দেহের উচ্চতা। ৯. গোত্র; পরিবার; সন্তানসন্ততি। আখফাশ বলেন– اُمَّةٌ শব্দটি শব্দগতভাবে একবচন; কিন্তু অর্থগতভাবে বহুবচন। ইবনে দাস্তুরিয়া বলেন, যেখানেই اُمَّةٌ অর্থ সময় হবে তখন তার মুযাফ উহ্য থাকবে এবং মুযাফ ইলাইহি মুযাফের স্থলবর্তী হবে। যেমন– وَلَئِنْ اَخَّرْنَا الخ ... এখানে আসল ইবারত হবে– اِلٰى زَمَنِ اُمَّةٍ مَّعْدُوْدَةٍ

شَهِيْدٍ : **সাক্ষী ; স্বীকারকারী**। (বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৯৮ দ্রষ্টব্য।)

আয়াত : ৪২

يَوْمَئِذٍ : **সেদিন**। يَوْمٌ শব্দটি اسم ظرف ; মুযাফ, اذ মুযাফ ইলাইহি।

يَوَدُّ : **সে কামনা করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার اَلْوُدُّ অর্থ– ভালোবাসা; কামনা করা; আশা করা।

عَصَوُا : **তারা অবাধ্য হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْعِصْيَانُ وَالْمَعْصِيَةُ ; عَصَوُا মূলত عَصَيُوْا ছিল। হরকতবিশিষ্ট ياء-এর পূর্বের অক্ষর যবর থাকায় ياء কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে। এবার দুই সাকিন একত্র হওয়ায় আলিফ বিলুপ্ত হয়ে যায়। তারপর তা عَصَوْا হয়।

لَوْ تُسَوّٰى : **যদি তা মিশে যেত। মিশে একাকার হয়ে যেত**। لو হরফে শর্ত। সীগাহ واحد مؤنث تُسَوّٰى বাব تَفْعِيْل বহছ مضارع مجهول غائب মূলবর্ণ (س ـ و ـ ى) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ− সমান করা; মিশিয়ে দেওয়া।

حَدِيْثًا : **কথা**। শব্দটি একবচন, বহুবচন اَحَادِيْثُ মানুষের কাছে যে কথা পৌঁছে তাকে حَدِيْثٌ বলা হয়।

আয়াত : ৪৩

لَا تَقْرَبُوْا : **তোমরা নিকটবর্তী হয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سمع ও كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبُ ও اَلْقُرْبَانُ অর্থ− নিকটবর্তী হওয়া।

سُكٰرٰى : **নেশাগ্রস্ত অবস্থায়; নেশাগ্রস্ত**। سُكْرٌ-এর বহুবচন।

جُنُبًا : **অপবিত্র অবস্থায়**। এমন অপবিত্র হওয়া যার দ্বারা গোসল ফরজ হয় তাকে جَنَبٌ বলা হয়। শব্দটি সর্বলিঙ্গ ও সর্ববচনে একই রকম ব্যবহৃত হয়।

عَابِرِىْ : **অতিক্রমকারীগণ; পথিকগণ; মুসাফিরগণ**। عَابِرِىْ মূলত عَابِرِيْنَ ছিল। عَابِرِىْ سَبِيْلٍ-এর মধ্যে سَبِيْل-এর দিকে ইযাফত হওয়ার কারণে বহুবচনের নূন পড়ে গেছে। এটি عَبْرٌ ও عُبُوْرٌ থেকে সীগাহ جمع مذكر বহছ اسم فاعل উক্ত আয়াতে عَابِرِىْ سَبِيْل দ্বারা কী উদ্দেশ্য সে ব্যাপারে দুটি মত রয়েছে। হযরত আব্দুল্লাহ ইবনে মাসঊদ (রা.), হাসান বসরী, ইবরাহীম নাখয়ী, ইকরিমা প্রমুখের মতে এর অর্থ হলো রাস্তা অতিক্রমকারী। এবং আয়াতে বর্ণিত اَلصَّلٰوةَ দ্বারা مَسَاجِدُ উদ্দেশ্য হবে। তখন অর্থ হবে− তোমরা অপবিত্র হলে গোসল না করে মসজিদে অবস্থান করো না, তবে মসজিদের ভিতর দিয়ে অতিক্রম করার প্রয়োজন হলে যাওয়া যাবে। দ্বিতীয় মতের প্রবক্তা হলেন হযরত আলী (র.)। তিনি বলেন عَابِرِىْ سَبِيْل অর্থ হলো মুসাফিরগণ। রাস্তা অতিক্রমকারীগণ। তাঁর মতে আয়াতের অর্থ হবে− জুনুবী হলে গোসল না করে নামাজ আদায় করা যাবে না, তবে যদি কেউ মুসাফির হয় তাহলে তায়াম্মুম করে নামাজ আদায় করা যাবে। এ তাফসীর অনুযায়ী জুনুবী ব্যক্তি মসজিদের ভিতর দিয়ে অতিক্রম করার অনুমতি নেই।

تَغْتَسِلُوْا : **তোমরা গোসল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِغْتِسَالُ মূলবর্ণ (غ ـ س ـ ل) অর্থ− গোসল করা।

فَامْسَحُوْا : **তোমরা মাসেহ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْمَسْحُ মূলবর্ণ (م ـ س ـ ح) অর্থ− মাসেহ করা; মুছে দেওয়া; হাত বুলানো।

مَرْضٰى : **পীড়িত; অসুস্থ; রুগ্ণ**। বহুবচন, একবচন مَرِيْضٌ

اَلْغَائِطِ : **শৌচস্থান ; নিম্নভূমি; প্রশস্ত ময়দান**। আরবরা শৌচকার্যের জন্য নিম্ন প্রশস্ত ভূমিকে ব্যবহার করত, তাই রূপকার্থে غَائِطٌ দ্বারা টয়লেট বা বাথরুম উদ্দেশ্য। −(মু'জামুল কুরআন)

اَوْ لٰمَسْتُمُ : **অথবা তোমরা নারী-সম্ভোগ কর**। لٰمَسْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ل ـ م ـ س) মাসদার اَلْمُلَامَسَةُ অর্থ− স্পর্শ করা; নারী-সম্ভোগ করা; সহবাস করা। لَمْسٌ অর্থ− স্পর্শ করা এবং সহবাস করা। আবার এর অর্থ তলব করাও হয়ে থাকে। যেমন কবি বলেন− وَاَلْمِسُهُ فَلَا اَجِدُهُ (আমি তাকে তালাশ করি ; কিন্তু পাই না।) আবার এর অর্থ ইচ্ছা করাও আছে। যেমন− وَاَنَّا لَمَسْنَا السَّمَاءَ (আমরা আকাশে পৌঁছার ইচ্ছা করেছি। −(রাগেব)

تَيَمَّمُوْا : **তোমরা তায়াম্মুম কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ى ـ م ـ م) মাসদার اَلتَّيَمُّمُ অর্থ− ইচ্ছা করা ; তায়াম্মুম করা।

صَعِيْدًا طَيِّبًا : **পবিত্র মাটি**।

عَفُوًّا غَفُوْرًا : **পাপ মোচনকারী, ক্ষমাশীল**। عَفُوٌّ বাব نَصَرَ থেকে فعول-এর ওজনে মুবালাগার জন্য ব্যবহৃত হয়েছে। আর غَفُوْرٌ বাব ضَرَبَ থেকে فعول-এর ওজনে مبالغة-এর সীগাহ। উভয়টি আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৪৪

يَشْتَرُوْنَ : **তারা ক্রয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ ى) অর্থ− ক্রয় করা; বিনিময় গ্রহণ করা।

اَلضَّلَالَةُ : **ভ্রান্তি; পথভ্রষ্টতা; গোমরাহী।** বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ– পথভ্রষ্টতা। আল্লামা জামাল কারশী লিখেছেন– ضَلَالٌ অর্থ– ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ (পানি এত হ্রাস পেয়েছে যে দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি।) আল্লাহর বাণী– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তো তাদের দুজন অর্থাৎ ইউসুফ ও তাঁর ভাইয়ের ভালোবাসায় পরাভূত। হযরত মূসা (আ.) বলেছিলেন– فَعَلْتُهَا اِذًا وَّاَنَا مِنَ الضَّالِّيْنَ (আমি এ কাজ তখন করেছি যখন আমি ধর্মীয় সাম্প্রদায়িকতায় পরাভূত ছিলাম।) আবার ধ্বংসের অর্থেও ব্যবহৃত হয়। ضَلَالٌ و ضَلَالَةٌ অর্থ– পথভ্রষ্টতা। যা رشاد-এর বিপরীতার্থক শব্দ। এটি বাব ضَرَبَ থেকে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী– قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَا اَضِلُّ عَلٰى نَفْسِىْ ; এটি হলো নজদবাসীদের ব্যবহার, এটিই অধিক বিশুদ্ধ। অবশ্য হেজাজবাসীদের ব্যবহার হলো বাব سَمِعَ থেকে। ইমাম রাগেব (র.) বলেন– ضَلَالٌ অর্থ– সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া এবং هِدَايَةٌ হলো ضَلَالَةٌ -এর বিপরীতার্থক শব্দ। যেমন আল্লাহর বাণী– فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ; এবং সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া যে কোনো ভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে, কম হোক বা অধিক সর্বাবস্থায় ضَلَالٌ –ই বলা হবে। ضَلَالٌ এ কারণেই নবীগণ ও কাফের উভয়ের দিকেই -এর নিসবত করা হয়েছে, যদিও উভয়ের ضَلَالٌ -এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ এবং তাঁর সন্তানরা বলেছিল– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত ইউসূফ (আ.) সম্পর্কিত আয়াতে রয়েছে– قَدْ شَغَفَهَا حُبًّا اِنَّا لَنَرٰهَا فِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত মূসা (আ.) বলেছিলেন– وَاَنَا مِنَ الضَّالِّيْنَ মোটকথা নবীদের ক্ষেত্রেও ضَلَالٌ শব্দের ব্যাবহার হয়েছে। অন্য এক সুরতে বলা যায় যে, ضَلَالٌ দু' প্রকার। ১. উলূমে নাযরিয়া তথা আল্লাহ তা'আলার মা'রিফাত ও তাঁর একত্ববাদে, নবুয়তের মারেফাত ইত্যাদিতে ضَلَالٌ হতে পারে। যেমন– আয়াতের মধ্যে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে– وَمَنْ يَّكْفُرْ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا ২. উলূমে আমালিয়্যাহ, তথা আহকামে শরীয়াহ ও ইবাদতের ক্ষেত্রে ضَلَالٌ

আয়াত : ৪৫

اَعْدَاءُ : **শত্রুগণ**। বহুবচন, একবচন– عَدُوٌّ

আয়াত : ৪৬

يُحَرِّفُوْنَ : **তারা বিকৃত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْفُ মূলবর্ণ (ح ـ ر ـ ف) অর্থ– বিকৃত করা; পরিবর্তন করা।

مُسْمَعٍ : **শ্রবণকৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلْاِسْمَاعُ অর্থ– শ্রবণ করানো; শোনানো।

رَاعِنَا : **আমাদের প্রতি লক্ষ্য রাখুন**। رَاعِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر ; نَا যমীরে منصوب متصل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ ع ـ ى) حاضر معروف মাসদার اَلْمُرَاعَاةُ অর্থ– একে অপরের প্রতি লক্ষ্য রাখা। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১০৪ দ্র.।)

لَيًّا بِاَلْسِنَتِهِمْ : **তারা নিজেদের জিহ্বা বিকৃত করে**। لَيًّا বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– ঘুরানো; বাঁকানো; বিকৃত করা।

اَلْسِنَةٌ শব্দটি لِسَانٌ -এর বহুবচন। অর্থ– জিহ্বা।

اَطَعْنَا : **আমরা মান্য করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; মান্য করা।

اَقْوَمَ : **অধিক সঙ্গত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দণ্ডায়মানতা; দাঁড়ানো অবস্থা; অবস্থান; বিদ্যমানতা।

আয়াত : ৪৭

مُصَدِّقًا : **সত্যায়নকারী; সমর্থক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ– সত্যায়ন করা; স্বীকৃতি দেওয়া; সমর্থন করা।

نَّطْمِسَ : **আমি বিকৃত করে দিব।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ م ـ س) মাসদার اَلطَّمْسُ অর্থ– বিকৃত করা।

نَرُدَّهَا : **আমি সেগুলোকে ফিরিয়ে দিব।** نَرُدَّ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার الرد মূলবর্ণ (ر ـ د ـ د) জিনস مضاعف অর্থ– ফিরিয়ে দেওয়া। هَا যমীর منصوب متصل

عَلَىٰ أَدْبَارِهَا : **তাদের পিছনের দিকে।** عَلَىٰ -حرف جر ; أَدْبَارُ বহুবচন, একবচন دُبُرٌ অর্থ– পিঠ; পিছনের অংশ; গুহ্যদার।

نَلْعَنَهُمْ : **আমি তাদেরকে লা'নত করব; অভিশাপ দিব।** نَلْعَنُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فتح মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اَللَّعْنُ ও اَللَّعْنَةُ অর্থ– অভিশাপ দেওয়া; কল্যাণ থেকে দূরে রাখা।

اَصْحٰبَ السَّبْتِ : **আসহাবুস সাব্তঃ শনিবার অমান্যকারীগণ।** اَصْحَابٌ শব্দটি صَاحِبٌ -এর বহুবচন। অর্থ– সাথী। এখানে ওয়ালা অর্থ হবে। اَصْحٰبَ السَّبْتِ দ্বারা উদ্দেশ্য হলো হযরত দাঊদ (আ.)-এর উম্মত আয়লাবাসী ইহুদিগণ। যাদের উপর আল্লাহর পক্ষ থেকে সপ্তাহের শনিবার দিন ইবাদত করার আদেশ দেওয়া হয়েছিল এবং ঐ দিন মৎস্য শিকার করা নিষেধ ছিল। কিন্তু তারা আল্লাহর আদেশ অমান্য করে মৎস্য শিকার করত। এ কারণে আল্লাহ তাদেরকে শাস্তিস্বরূপ বানরে পরিণত করে দেন। তিনদিন থাকার পর তারা সকলেই মারা যায়।

আয়াত : ৪৮

اِفْتَرٰى : **সে মিথ্যা সৃষ্টি করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যা সৃষ্টি করা; অপবাদ দেওয়া।

اِثْمًا : **পাপ; গুনাহ।** একবচন, বহুবচন اٰثَامٌ

আয়াত : ৪৯

يُزَكُّوْنَ : **তারা পবিত্র মনে করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّزْكِيَةُ মূলবর্ণ (ز ـ ك ـ ى) অর্থ– পবিত্র করা।

لَا يُظْلَمُوْنَ : **তাদের উপর জুলুম করা হবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

فَتِيْلًا : **সামান্য পরিমাণ; সূত্র পরিমাণ।** চিকন সুতা, রশি যা দুই আঙ্গুলে ধরে পাকানো হয়। খেজুর বীচির মধ্যকার ফাটলের সুতা বা আঁশকেও فَتِيْلٌ বলা হয়।

আয়াত : ৫০

يَفْتَرُوْنَ : **তারা মিথ্যা উদ্ভাবন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যাচার করা; মিথ্যা উদ্ভাবন করা।

اِثْمًا مُّبِيْنًا : **প্রকাশ্য পাপ।** اِثْمٌ পাপ; গুনাহ। শব্দটি একবচন, বহুবচন اٰثَامٌ ;

مُبِيْنٌ প্রকাশ্য; সুস্পষ্ট। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; স্পষ্ট করা।

আয়াত : ৫১

اَلْجِبْتِ : **প্রতিমা।** جِبْتٌ শব্দের অর্থ সম্পর্কে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। হযরত ওমর (রা.)-এর মতে جِبْتٌ অর্থ– জাদু। হযরত ইকরিমার মতে جِبْتٌ হাবশী ভাষায় শয়তানকে বলা হয়। সাঈদ ইবনে জুবাইর ও আবুল আলিয়ার মতে, জাদুকর। কাতাদার মতে, শয়তান। হযরত ইবনে আব্বাস (রা.) -এর মতে, প্রতিমা বা মূর্তি। ইমাম বগভী ও ইবনে সিরীনের মতে, গণক। ইমাম রাগেব ও আবূ উবাইদার মতে, আল্লাহ ব্যতীত যে কোনো উপাস্য, আল্লাহ ব্যতীত যাকে পূজা করা হয় তাকে جِبْتٌ বলা হয়। এ সংক্রান্ত বিষয়ে ইবনে জারীর তাবারীর সিদ্ধান্ত খুবই স্পষ্ট ও গ্রহণযোগ্য। তিনি বলেন– اِنَّ الْمُرَادَ بِالْجِبْتِ وَ الطَّاغُوْتِ جِنْس مَنْ كَانَ يَعْبُدُ مِنْ دُوْنِ اللّٰهِ سَوَاءٌ كَانَ صَنَمًا اَوْ شَيْطَانًا جِنِّيًا اَوْ اٰدَمِيًّا فَيَدْخُلُ فِيْهِ السَّاحِرُ وَالْكَاهِنُ وَ اللّٰهُ اَعْلَمُ (জিব্‌ত ও তাগুত দ্বারা উদ্দেশ্য হলো এমন সত্তা, আল্লাহ ব্যতীত যাদের উপাসনা করা হয়। চাই তা মূর্তি, প্রতিমা, শয়তান, জিন বা মানুষ হোক। সুতরাং এর মধ্যে জাদুকর ও গণকও অন্তর্ভুক্ত হয়ে যাবে)।

اَلطَّاغُوْتِ : **শয়তান; তাগুত**। বাধাপ্রদানকারী। মূর্তি; প্রতিমা। ভ্রান্ত উপাস্য। অবাধ্য; ভীষণ বিদ্রোহী। বিশৃঙ্খলাকারী। অবৈধ নেতৃত্বের দাবিদার। তাগুত দ্বারা কী উদ্দেশ্য? ইমাম ফখরুদ্দিন রাযী (র.) এ ব্যাপারে মুফাসসিরগণের পাঁচটি মতামত বর্ণনা করেছেন। ১. হযরত ওমর, মুজাহিদ ও কাতাদা -এর অর্থ শয়তান বলেছেন। ২. সাঈদ ইবনে জুবাইর বলেছেন, গণক। ৩. আবুল আলিয়ার মতে তাগুত অর্থ– জাদুকর। ৪. কতিপয় মুফাসসিরের মতে মূর্তি উদ্দেশ্য। ৫. অবাধ্য জিন ও মানুষ এবং যে কোনো সীমালঙ্ঘনকারী এর দ্বারা উদ্দেশ্য। আমার মতে এ ব্যাপারে সঠিক কথা হলো এই যে, এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর বিধান লঙ্ঘনকারী, আল্লাহর নাফরমানিতে সীমালঙ্ঘনকারী এবং আল্লাহকে বাদ দিয়ে যাকে পূজা করা হয়, চাই তাকে পূজা করতে বাধ্য করা হোক বা না হোক, অর্থাৎ, চাই পূজাকারী তাকে স্বেচ্ছায় পূজা করুক অন্যের প্ররোচনায় পূজা করুক, সেই উপাস্য মানুষ হোক বা শয়তান, পাথর হোক বা মূর্তি, বা অন্য কোনো কিছু হোক। طَاغُوْتٌ শব্দটি সর্বলিঙ্গ ও বচনে একই রকম ব্যবহৃত হয়।

আয়াত : ৫২

يَلْعَنِ : **তিনি লা'নত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فتح মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اَللَّعْنَةُ অর্থ– লা'নত করা; অভিসম্পাত করা।

نَصِيرًا : **সাহায্যকারী**। বাব نصر হতে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। মূলবর্ণ (ن ـ ص ـ ر)

আয়াত : ৫৩

نَقِيرًا : **কপর্দক**। সামান্য পরিমাণ বস্তু। ইসমে মানসূব। খেজুর বীচির উপরের হালকা আবরণকে نَقِيرٌ বলা হয়। এর দ্বারা উদ্দেশ্য হলো সামান্য বস্তু।

আয়াত : ৫৪

يَحْسُدُوْنَ : **তারা ঈর্ষা করে; হিংসায় মরে**। সীগাহ جمع مذكر غائب বাব نَصَرَ বহছ مضارع معروف মূলবর্ণ (ح ـ س ـ د) মাসদার اَلْحَسَدُ অর্থ– হিংসা করা; ঈর্ষা করা।

اَلْحِكْمَةَ : **প্রজ্ঞা; হেকমত; জ্ঞান; বুদ্ধি**। ইলম ও বুদ্ধি দ্বারা সত্যকে জানার নাম হলো হেকমত। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহর হেকমত দ্বারা উদ্দেশ্য হলো বস্তুসমূহকে জানা এবং তাকে অতি সঠিক পদ্ধতিতে উদ্ভাবন করা। আর মানুষের হেকমত হলো সৃষ্টবস্তুকে জানা এবং সৎকর্ম সম্পাদন করা। وَلَقَدْ اٰتَيْنَا لُقْمٰنَ الْحِكْمَةَ এখানে হেকমত দ্বারা এ গুণটিই উদ্দেশ্য। আর وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ দ্বারা উদ্দেশ্য হলো নবুয়তির জ্ঞান।

আয়াত : ৫৫

صَدَّ : **সে বিরত হয়েছে;** সে মুখ ফিরিয়ে নিয়েছে। সীগাহ واحد مذكر غائب বাব نَصَرَ বহছ ماضى معروف মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصُّدُوْدُ، اَلصَّدُّ অর্থ– বিরত হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

كَفٰى : **পর্যাপ্ত বা পরিমিত হয়েছে; যথেষ্ট হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বাব ضَرَبَ বহছ ماضى معروف মূলবর্ণ (ك ـ ف ـ ى) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– যথেষ্ট হওয়া; পর্যাপ্ত হওয়া; অন্য জিনিস থেকে মুখাপেক্ষিহীন করা। কখনো فاعل -এর উপর باء অতিরিক্ত বৃদ্ধি করে দেওয়া হয়। যেমন পবিত্র কুরআনে রয়েছে : "وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ـ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا"۔ এখানে اَللّٰه শব্দটি فاعل এবং وَكِيْلًا ও شَهِيْدًا শব্দদ্বয় তার تَمْيِيْز অর্থাৎ, আল্লাহ তা'আলার অভিভাবকত্ব ও সাক্ষ্য বান্দার জন্য যথেষ্ট, যা অন্য কারো অভিভাবকত্ব ও সাক্ষ্যকে মুখাপেক্ষিহীন করে দেয়।

سَعِيْرًا : **প্রজ্বলিত আগুন; জাহান্নাম**। فَعِيْل -এর ওযনে مفعول অর্থে سِعْر থেকে নির্গত। যার অর্থ– প্রজ্বলিত করা।

আয়াত : ৫৬

نُصْلِيْهِمْ : **আমি তাদেরকে দগ্ধ করব; আমি তাদেরকে অগ্নিতে নিক্ষেপ করব**। نُصْلِيْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاءُ মূলবর্ণ (ص ـ ل ـ ى) অর্থ– আগুনে নিক্ষেপ করা; আগুনে প্রবেশ করানো। تَصْلِيَةٌ অর্থ হলো আগুনে

নিক্ষেপ করা; লাঠি ইত্যাদি আগুনে সেঁকে সোজা করা। বাব ضَرَبَ থেকে اَلصَّلْىُ মাসদার অর্থ হলো– ভুনা করা; আগুনে জ্বালানো।

كُلَّمَا نَضِجَتْ : **যখন তা দগ্ধ হবে।** نَضِجَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ض ـ ج) মাসদার اَلنَّضْجُ অর্থ– পেকে যাওয়া; চামড়া পেকে যাওয়া অর্থ হলো জ্বলে যাওয়া। نَضِيْجٌ অর্থ পাকা ফল, খাবার বা কোনো কিছু। نَاضِجٌ অর্থ– রান্না করা গোশত; পাকা ফল।

بَدَّلْنَ : **আমি পরিবর্তন করব; নতুন করে সৃষ্টি করব।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ– পরিবর্তন করা। এক বস্তুকে অপর স্থানে রাখা। تَبْدِيْل শব্দের মাঝে عوض -এর তুলনায় অধিক ব্যাপকতা রয়েছে। কারণ عوض হলো এক বস্তুর পরিবর্তে অপর বস্তু হওয়া। কিন্তু تَبْدِيْل হলো নিছক পরিবর্তন করা।

جُلُوْدُ : **চর্ম; চামড়া।** বহুবচন, একবচন– جِلْدٌ

لِيَذُوْقُوا : **যেন তারা শাস্তি ভোগ করে, তারা আস্বাদন করে।** يَذُوْقُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

عَزِيْزٌ : **পরাক্রমশালী; অপরাজেয়।** শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ -এর ওযনে مبالغة -এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হতে পারে। عَزِيْزٌ হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। –(রাগেব) এটি عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ– সুদৃঢ় হওয়া। আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে, তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্তকাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ নং দ্রষ্টব্য)

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়।** বাব كَرُمَ থেকে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা প্রকৃত প্রজ্ঞাময় তিনিই।

আয়াত : ৫৭

خَسِرَ : **সে ক্ষতিগ্রস্ত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া, ধ্বংস হওয়া।

خُسْرَانًا : **ক্ষতি**। বাব سَمِعَ -এর মাসদার।

مُّبِيْنًا : **স্পষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– সুস্পষ্ট।

আয়াত : ১২০

غُرُوْرًا : **প্রতারণা**। বাব نَصَرَ -এর মাসদার।

আয়াত : ১২১

مَاْوٰى : **আশ্রয়স্থল**। একবচন, বহুবচন مَاٰوِىْ

جَهَنَّمَ : **জাহান্নাম**। জাহান্নামের একটি স্তরের নাম। আল্লাহর বিধান লঙ্ঘনকারীদের জন্য শাস্তির স্থান।

مَحِيْصًا : **নিষ্কৃতির স্থান;** আশ্রয়স্থল। বাব ظرف ; ضَرَبَ مكان মাসদার اَلْحَيْصُ

আয়াত : ১২২

جَنّٰتٍ : **জান্নাত; উদ্যান; বাগান**। বহুবচন, একবচন– جَنَّةٌ অর্থ– মৃত্যু পরবর্তী চির সুখের নিবাস।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مونث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَرْىُ ও اَلْجَرْيَانُ মূলবর্ণ (ج ـ ر ـ ى) অর্থ– প্রবাহিত হওয়া।

وَمَنْ اَصْدَقُ مِنَ اللّٰهِ قِيْلًا : **কে আল্লাহ অপেক্ষা কথায় অধিক সত্যবাদী?** قِيْلًا : ইসমে মাসদার। যা قَوْل -এরই সমার্থক শব্দ। কথা; বাক্য। (রাগেব) কোনো কোনো ভাষাবিদগণের মতে قَوْل ও قِيْل -এর মাঝে পার্থক্য রয়েছে। ১. قَوْل উত্তম কথার ক্ষেত্রে ব্যবহার হয়। আর قِيْل- قَالَ ও قَالَةٌ -এর ব্যবহার হয় মন্দ কথার ক্ষেত্রে। ২. قَوْل হলো মাসদার। আর قِيْل হলো ইসমে মাসদার। প্রবাদ রয়েছে– كَثُرَ الْقِيْلُ وَالْقَالُ কথা অনেকদূর গড়িয়েছে; কথা অনেক হয়েছে। কুরআনি ব্যবহারে উভয়ের মধ্যে কোনো পার্থক্য নেই। قِيْل -এর ব্যবহার উত্তম ক্ষেত্রেও হয়েছে। যেমন– اِلَّا قِيْلًا سَلٰمًا سَلٰمًا এবং اَقْوَمُ قِيْلًا ; এবং قَوْل ও ইসমে মাসদার হিসেবে। যেমন– قَوْلَ الْحَقِّ الَّذِىْ فِيْهِ تَمْتَرُوْنَ

আয়াত : ১২৩

اَمَانِيِّكُمْ : **তোমাদের খেয়াল-খুশি; আকাঙ্ক্ষা; আশা**। বহুবচন, একবচন اُمْنِيَّةٌ

يُجْزَ : **সে প্রতিফল পাবে**। সীগাহ واحد مذكر غائب বহছ– مضارع مجهول ; বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া।

আয়াত : ১২৪

اُنْثٰى : **নারী**। শব্দটি একবচন, বহুবচন اُنَاثٌ

لَا يُظْلَمُوْنَ : **তাদের উপর জুলুম করা হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

نَقِيْرًا : **কপর্দক**। সামান্য পরিমাণ বস্তু। ইসম, মানসূব। খেজুর বীচির উপরের হালকা আবরণকে نَقِيْرٌ বলা হয়। এর দ্বারা উদ্দেশ্য হলো সামান্য বস্তু।

আয়াত : ১২৫

اَسْلَمَ : **সে আত্মসমর্পণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْلَامُ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ– আত্মসমর্পণ করা; ইসলাম গ্রহণ করা।

مُحْسِنٌ : **সৎকর্মপরায়ণ ব্যক্তি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সৎ কাজ করা; ইহসান করা।

اِتَّبَعَ : **সে অনুসরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

مِلَّةَ : **ধর্মাদর্শ** ; দীন। শব্দটি একবচন, বহুবচন مِلَلٌ ; دِيْنٌ -এর ন্যায় مِلَّةٌ ও আল্লাহর এমন জীবনবিধানের নাম যা আল্লাহ তাঁর বান্দাদের জন্য জারি করেছেন, যেন মানুষ তদনুযায়ী চলে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে এবং এ জীবনবিধান নবীগণের মাধ্যমে মানুষ পর্যন্ত পৌঁছিয়েছেন। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩০ দ্রষ্টব্য)

حَنِيْفًا : **একনিষ্ঠ; একদিক অবলম্বনকারী**। حَنَف থেকে উদ্‌গত। যার অর্থ– পথভ্রষ্টতা থেকে দৃঢ়তার দিকে আকৃষ্ট হওয়া। فَعِيْل -এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। যে ব্যক্তি সকল বাতিল পথ বর্জন করে এক সত্য পথ অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়। শাহ ওয়ালিউল্লাহ মুহাদ্দিসে দেহলভী (র.) বলেন, যে কিবলামুখী হয়, হজ করে, খতনা করে, ফরজ গোসল করে মোটকথা যে হযরত ইবরাহীম (আ.)-এর শরিয়ত অবলম্বন করে তাকে حَنِيْف বলা হয়।

خَلِيلًا : **বন্ধুরূপে ; খাঁটি বন্ধু**। সীগাহ واحد বহছ صفت مشبه ঐ বন্ধু যার ভালোবাসা মনের গভীরে রয়েছে। (বিস্তারিত সূরা বনী ইসরাঈল, আয়াত : ৭৩ দ্র.)

আয়াত : ১২৬

مُحِيطًا : **বেষ্টনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح . و . ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা।

আয়াত : ১২৭

يَسْتَفْتُونَ : **তারা ব্যবস্থা জানতে চায়; ফতোয়া জানতে চায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব إِسْتِفْعَالٌ মূলবর্ণ (ف . ت . و) মাসদার اَلْاِسْتِفْتَاءُ অর্থ– ব্যবস্থা জানতে চাওয়া; ফতোয়া জিজ্ঞেস করা।

يُفْتِيكُمْ : **তিনি তোমাদেরকে ব্যবস্থা জানাচ্ছেন; তিনি ফতোয়া দিচ্ছেন**। يُفْتِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ف . ت . و) মাসদার اَلْاِفْتَاءُ অর্থ– ব্যবস্থা প্রদান করা; ফতোয়া দেওয়া।

يَتٰمٰى : **এতিম**। বহুবচন, একবচন يَتِيْمٌ অর্থ– এমন অপ্রাপ্ত বয়স্ক শিশু যার পিতা মারা গেছে।

لَا تُؤْتُونَهُنَّ : **তোমরা তাদেরকে প্রদান করো না**। لا نفى فعل تُؤْتُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ . ت . ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– প্রদান করা; আসা। هُنَّ যমীরে منصوب متصل

تَرْغَبُونَ : **তোমরা চাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر . غ . ب) মাসদার اَلرَّغْبَةُ অর্থ– উৎসাহ প্রদর্শন করা। এর সেলা عَنْ হলে অর্থ হবে–বিমুখ হওয়া, মুখ ফিরিয়ে নেওয়া।

اَلْمُسْتَضْعَفِينَ : **অসহায় ব্যক্তিবর্গ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِضْعَافُ মূলবর্ণ (ض . ع . ف) অর্থ– দুর্বল মনে করা।

اَلْقِسْطِ : **ন্যায়নীতি**; ইসনাফ করা; ন্যায়পরায়ণ হওয়া। এটি বাব نَصَرَ ও ضَرَبَ এর মাসদার। আর এর অর্থ অন্যায় করা; অবিচার করা। বিপরীতার্থক শব্দ।

আয়াত : ১২৮

خَافَتْ : **সে আশঙ্কা করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ . و . ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– আশঙ্কা করা; ভয় করা।

بَعْلِهَا : **তার স্বামী**; পতি। শব্দটি একবচন, বহুবচন– بُعُوْلٌ ; মূলত بَعْلٌ অর্থ– স্বামী। স্বামীর যেহেতু স্ত্রীর উপর শ্রেষ্ঠত্ব রয়েছে তাই আরবিতে যার অন্যের উপর শ্রেষ্ঠত্ব রয়েছে তাকেই بَعْلٌ বলা হয়। যেমন আরবগণ তাদের দেবতাদেরকে যাদের দ্বারা (তাদের ধারণামতে) আল্লাহর নৈকট্য অর্জন করা যায় তাকে بَعْلٌ বলে থাকে। কারণ তাকে তারা নিজেদের চেয়ে শ্রেষ্ঠ মনে করে থাকে। আবার بَعْلٌ অর্থ মালিক; প্রভু ইত্যাদিও হয়ে থাকে।

نُشُوزًا : **দুর্ব্যবহার**। মাসদার, মানসূব, নাকেরা। বাব ضَرَبَ ও نَصَرَ অর্থ– বাড়াবাড়ি করা; অবনিবনা হওয়া। স্বামীর পক্ষ থেকে نُشُوْزٌ অর্থ হবে– স্ত্রীকে হেয় মনে করে তার সঙ্গ পরিহার করে তাকে বিছানা পৃথক করে দেওয়া। ঘৃণার কারণে তার ব্যয় কমিয়ে দেওয়া। –(সুয়ূতী ও বগভী)

إِعْرَاضًا : **উপেক্ষা করা**। এটি বাব إِفْعَالٌ ; -এর মাসদার বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে রাখা।

يُصْلِحَا : **তারা আপস-নিষ্পত্তি করে; মীমাংসা করে**। সীগাহ تثنية مذكر غائب বহছ فعل مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ص . ل . ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংশোধন করা; পরিপাটি করা।

اَلشُّحَّ : **কৃপণতা; লালসা**। এটি ضَرَبَ ও نَصَرَ -এর মাসদার মূলবর্ণ (ش . ح . ح)। ইমাম রাগেব (র.) লিখেছেন– شُحٌّ এমন কৃপণতা যাতে লোভ আছে। তার সঠিক অর্থ– স্বার্থপরতা।

إِنْ تُحْسِنُوا : **যদি তোমরা সৎকর্মপরায়ণ হও**। إِنْ হরফে শর্ত। تُحْسِنُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح . س . ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সদ্ব্যবহার করা; সৎকর্ম করা।

আয়াত : ১২৯

لَنْ تَسْتَطِيْعُوْا : **তোমরা কখনই পারবেনা/সক্ষম হবে না।** সীগাহ جمع مذكرحاضر বহছ نفی تاکید بلن দরفعل مستقبل معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِطَاعَةُ মূলবর্ণ(ط . و . ع) অর্থ– সক্ষম হওয়া; সামর্থ্য রাখা।

اَنْ تَعْدِلُوْا : **সমান ব্যবহার করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার العدل মূলবর্ণ(ع . د . ل) অর্থ– ন্যায়বিচার করা; ইনসাফ করা। মূলত تَعْدِلُوْنَ ছিল। ان ناصبة -এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

وَلَوْ حَرَصْتُمْ : **যদিও তোমরা ইচ্ছা কর; কামনা কর।** لَوْ হরফে শর্ত حَرَصْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ ও نَصَرَ মাসদার اَلْحِرْصُ মূলবর্ণ(ح . ر . ص) অর্থ– লালসা করা; লোভ করা; ইচ্ছা করা।

لَا تَمِيْلُوْا : **তোমরা আকৃষ্ট হয়ো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م . ى . ل) মাসদার اَلْمَيْلُ অর্থ– আকৃষ্ট হওয়া; ঝুঁকে পড়া।

تَذَرُوْا : **তোমরা ছেড়ে রাখবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و . ذ . ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– ছেড়ে রাখা।

اَلْمُعَلَّقَةِ : **ঝুলন্ত।** সীগাহ اسم مفعول واحد مؤنث বহছ اَلتَّعْلِيْقُ বাব تَفْعِيْل মূলবর্ণ(ع . ل . ق) মাসদার অর্থ– ঝুলিয়ে রাখা। স্বামীর সোহাগ হতে বঞ্চিত অথচ বিধবাও নয় আবার তালাকপ্রাপ্তাও নয়।

আয়াত : ১৩০

اِنْ يَتَفَرَّقَا : **তারা বিচ্ছিন্ন হয়ে যায়। اِنْ হরফে শর্ত।** সীগাহ مضارع تثنيه مذكر غائب বহছ يَتَفَرَّقَا বাব تَفَعُّلٌ মূলবর্ণ(ف . ر . ق) মাসদার معروف التفرق অর্থ– বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

يُغْنِ اللهُ : **আল্লাহ তাদেরকে অভাবমুক্ত করবেন।** يُغْنِ সীগাহ مضارع معروف বহছ واحد مذكر غائب ناقص يائى জিনস (غ . ن . ي) মূলবর্ণ اِفْعَالٌ বাব মাসদার اَلْغِنَاءُ অর্থ– ধনি বানানো; অভাবমুক্ত করা; অমুখাপেক্ষী করা।

আয়াত : ১৩১

قَدْ وَصَّيْنَا : **অবশ্যই আমি উপদেশ দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى قريب معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(و . ص . ى) মাসদার اَلتَّوْصِيَةُ অর্থ– উপদেশ দেওয়া।

غَنِيًّا حَمِيْدًا : **অভাবমুক্ত, প্রশংসাভাজন।** উভয়টি বাব سَمِعَ থেকে মুবালাগার সীগাহ। উভয়টি আল্লাহ তা'আলার একটি গুণাবাচক নাম।

আয়াত : ১৩২

وَكِيْلًا : **উকিল; কার্য সম্পাদনকারী।** সীগাহ واحد مذكر সিফাতে মুশাব্বাহ। বাব ضَرَبَ ; এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ১৩৩

قَدِيْرًا : **সম্পূর্ণ সক্ষম।** সীগাহ واحد مذكر সিফাতে মুশাব্বাহ বাব ضَرَبَ মূলবর্ণ (ق . د . ر) মাসদার القدرة অর্থ– সক্ষম হওয়া। এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ১৩৪

سَمِيْعًا بَصِيْرًا : **সর্বশ্রোতা; সর্বদ্রষ্টা।** উভয়টি মুবালাগার সীগাহ। سَمِيْعٌ বাব سَمِعَ থেকে এবং بَصِيْرٌ বাব كَرُمَ থেকে ব্যবহৃত হয়। উভয়ইটিই আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ১৩৫

قَوَّامِيْنَ : **দৃঢ় প্রতিষ্ঠিত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل; قِيَامٌ মাসদার হতে মুবালাগার সীগাহ। শব্দটি বহুবচন, একবচন قَوَّامٌ বাব نَصَرَ মূলবর্ণ (ق . و . م)

بِالْقِسْطِ : **ন্যায়বিচারের সাথে।**

شُهَدَاءَ : **সাক্ষীগণ।** শব্দটি বহুবচন, একবচন شَهِيْدٌ কিয়ামতের দিন পূর্বেকার যুগের উম্মতেরা তাদের নবীর দাওয়াত ও তাবলীগের কথা অস্বীকার করবে।

তখন আল্লাহ তা'আলা নবীগণকে বলবেন তোমরা তোমাদের তাবলীগ করার দলিল পেশ কর। তখন উক্ত নবীগণ উম্মতে মুহাম্মদীকে পেশ করবে। তারা সাক্ষ্য দিবে যে নবীগণ তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন। তখন তারা বলবে, তোমরা নবীগণের তাবলীগের কথা জানলে কিভাবে? উম্মতে মুহাম্মদী উত্তরে বলবে, আমাদের নিকট তাদের অবস্থা ও ঘটনাবলি সম্পর্কিত যাবতীয় বিষয় একজন সত্য নবী ও আল্লাহর কুরআন সরবরাহ করেছে। এরপর রাসূলুল্লাহ (স.) উপস্থিত হয়ে স্বীয় উম্মতগণের কথা সমর্থন করে বলবেন তারা যা কিছু বলেছে সত্য বলেছে। –(বায়যাভী)

لَا تَتَّبِعُوْا : **তোমরা অনুসরণ করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

اَلْهَوٰى : **প্রবৃত্তি; কামনা-বাসনা; খেয়াল-খুশি।** শব্দটি একবচন, বহুবচন اَهْوَاءٌ

اَنْ تَلْوٗا : **যদি তোমরা পেচালো কথা বল। যদি তোমরা ঘুরিয়ে দাও।** ان হরফে শর্ত। تَلْوٗا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ ى ـ ى) মাসদার اَللَّيُّ অর্থ– রহস্য গোপন করা; কথা ঘুরিয়ে বলা। تَلْوٗا মূলত تَلْوُوْنَ ছিল। ان شرطية -এর কারণে হালতে জযমে বহুবচনের নূন পড়ে গেছে।

خَبِيْرًا : **সম্যক অবহিত।** বাব كَرُمَ -এর اَلْخَبَرُ মাসদার হতে مبالغة -এর সীগাহ।

আয়াত : ১৩৬

نَزَّلَ : **তিনি অবতীর্ণ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা।

আয়াত : ১৩৮

بَشِّرِ : **তুমি সুসংবাদ শুনিয়ে দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া। মানুষের বৈশিষ্ট্য হলো যখন তার কাছে কোনো আনন্দদায়ক সংবাদ পৌঁছে তখন আনন্দের আতিশয্যে তার দেহের রক্ত সঞ্চালন বৃদ্ধি পায়। এ কারণেই এমন সংবাদ শুনানো যা শুনে মানুষের চেহারায় আনন্দ ও প্রফুল্লতার চিহ্ন প্রকাশ পায় তাকে تَبْشِيْر বলা হয়। উল্লেখ্য যে, تَبْشِيْر শব্দের মাঝে অধিকহারে সুসংবাদ প্রদানের অর্থ বিদ্যমান। তবে কখনো ক্রোধের বহিঃপ্রকাশ এবং তিরস্কার ও উপহাসস্বরূপ এর ব্যবহার দুঃখজনক, মর্মবেদনামূলক ও মন্দ সংবাদ শুনানোর ক্ষেত্রেও হয়ে থাকে। এ অর্থে এর ব্যবহার اِسْتِعَارَةٌ হিসেবে হবে। যেমন কবি বলেছেন– تَحِيَّةُ بَيْنِهِمْ ضَرْبٌ وَجِيْعٌ (তাদের পরস্পরের সালাম হলো বেদনাদায়ক প্রহার)

আয়াত : ১৩৯

يَتَّخِذُوْنَ : **তারা গ্রহণ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব افتعال মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার الاتخاذ অর্থ– গ্রহণ করা; বানানো।

اَلْعِزَّةَ : **ইজ্জত; আত্মাভিমান; আত্ম-অহংকার।** সম্মান; মর্যাদা। বুযুর্গী; শ্রেষ্ঠত্ব। সৌভাগ্য। এটি বাব ضَرَبَ এর মাসদার। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ২০৬ দ্রষ্টব্য)

আয়াত : ১৪০

يُسْتَهْزَءُ : **সে উপহাস করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ ى) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

يَخُوْضُوْا : **তারা লিপ্ত হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ و ـ ض) মাসদার اَلْخَوْضُ অর্থ– লিপ্ত হওয়া।

আয়াত : ১৪১

يَتَرَبَّصُوْنَ : **তারা অপেক্ষা করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر ـ ب ـ ص) অর্থ– অপেক্ষা করা।

فَتْحٌ : **জয়; বিজয়।** বাব فَتَحَ -এর মাসদার।

نَصِيْبٌ : **অংশ।** একবচন, বহুবচন– نُصُبٌ ও اَنْصِبَةٌ

لَمْ نَسْتَحْوِذْ : **আমরা তোমাদেরকে পরিবেষ্টন করিনি।** সীগাহ نفی جحد بلم در فعل جمع متکلم বহছ مستقبل معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ذ) মাসদার اَلْاِسْتِحْوَاذُ অর্থ– পরিবেষ্টন করা।

نَمْنَعْكُمْ : **আমরা তোমাদেরকে রক্ষা করেছি।** نَمْنَعُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ن ـ ع) মাসদার اَلْمَنْعُ অর্থ– বাধা প্রদান করা; বিরত রাখা; রক্ষা করা। كُمْ যমীর منصوب متصل

আয়াত : ১৪২

يَخْدَعُوْنَ : **তারা প্রতারিত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُخَادَعَةُ মূলবর্ণ (خ ـ د ـ ع) অর্থ– একে অপরকে প্রতারণা করা।

خَادِعٌ : **প্রতারক; প্রবঞ্চক; ধোঁকাবাজ।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ د ـ ع) মাসদার اَلْخَدْعُ অর্থ– প্রতারণা করা; ধোঁকা দেওয়া।

كُسَالٰى : **শৈথিল্যের সাথে।** শৈথিল্য। বহুবচন, একবচন– كَسْلَانٌ ; যে কাজে ঢিলেমি করা উচিত নয় তাতে ঢিলেমি করাকে كَسْل বলা হয়। বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ (ك ـ س ـ ل)

يُرَاءُوْنَ : **তারা লোক দেখানো কাজ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ ء ـ ى) মাসদার اَلْمُرَاءَةُ ও اَلرِّئَاءُ অর্থ– প্রদর্শন করা।

আয়াত : ১৪৩

مُذَبْذَبِيْنَ : **দোদুল্যমান।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব بَعْثَرَةٌ মূলবর্ণ (ذ ـ ب ـ ذ ـ ب) মাসদার اَلذَّبْذَبَةُ অর্থ– দোদুল্যমান হওয়া।

আয়াত : ১৪৪

سُلْطٰنًا : **শক্তি; ক্ষমতা; দাপট।** সনদ; দলিল। রাজ্য। তাজুল আরূস গ্রন্থে উল্লেখ রয়েছে যে, سُلْطَانٌ অর্থ– দলিল, প্রমাণ ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে–لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطَانٍ (সনদ ব্যতীত তোমরা বের হতে পারবে না।) মুহাম্মদ ইবনে ইয়াযিদ বলেছেন যে, سُلْطَانٌ শব্দটি নির্গত হয়েছে سَلِطٌ থেকে। যার অর্থ– যয়তুন তেল। কারণ তা দ্বারা বাতি জ্বালিয়ে আলোকিত করা হয়। সুতরাং দলিলও এমন হওয়া আবশ্যক যা স্পষ্ট হবে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, পবিত্র কুরআনের যত স্থানে سُلْطَانٌ এসেছে তার অর্থ– দলিল, প্রমাণ ও সনদ।

مُّبِيْنًا : **সুস্পষ্ট।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَال মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করা; বর্ণনা করা।

আয়াত : ১৪৫

اَلدَّرْكِ الْاَسْفَلِ : **নিম্নতর স্তর।** دَرَجَةٌ অর্থ– স্তর, আবার دَرْكٌ অর্থও স্তর। তবে উভয়ের মধ্যে পার্থক্য হলো دَرَجَةٌ হলো উচ্চস্তর; আর دَرْك হলো নিম্নস্তর। শব্দটি একবচন, বহুবচন– دَرَكَاتٌ

আয়াত : ১৪৬

اَصْلَحُوْا : **তারা সংশোধন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংশোধন করা। সংস্কার করা।

اعْتَصَمُوْا : **তারা দৃঢ়হস্তে আঁকড়ে ধরেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْاِعْتِصَامُ অর্থ– আঁকড়ে ধরা।

اَخْلَصُوْا : **তারা একনিষ্ঠ করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اَلْاِخْلَاصُ অর্থ– একনিষ্ঠ করা; খাঁটি করা।

আয়াত : ১৪৭

شَكَرْتُمْ : **তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করেছো।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা।

شَاكِرًا : **কৃতজ্ঞ; পুরস্কারদাতা; ধন্যবাদ জ্ঞাপনকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা।

৬ষ্ঠ পারা

আয়াত : ১৪৮

لَا يُحِبُّ : **তিনি পছন্দ করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِحْبَابُ অর্থ– ভালোবাসা; পছন্দ করা।

اَلْجَهْرَ : **প্রচারণা।** প্রকাশ করা। এটি বাব فتح -এর মাসদার। মূলবর্ণ (ج ـ ه ـ ر)

আয়াত : ১৪৯

اِنْ تُبْدُوْا : **যদি তোমরা প্রকাশ্যে কর।** ان হরফে শর্ত সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ و) মাসদার اَلْاِبْدَاءُ অর্থ– প্রকাশ করা; সূচনা করা। تُبْدُوْنَ ছিল ; শুরুতে ان شرطية -এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

اَوْ تُخْفُوْهُ : **তোমরা যদি তা গোপনে কর।** او হরফে আত্‌ফ। تخفوا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ– গোপন করা। ه যমীর منصوب متصل

اَوْ تَعْفُوْا : **অথবা যদি তোমরা ক্ষমা কর।** او হরফে আত্‌ফ। تعفوا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نصر মাসদার اَلْعَفْوُ মূলবর্ণ (ع ـ ف ـ و) অর্থ– ক্ষমা করা।

عَفُوًّا : **দোষ মোচনকারী; ক্ষমাশীল।** সীগাহ واحد বহছ صفت مشبه অর্থ– যিনি খুব বেশি ক্ষমা করেন। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কারো মতে عفو শব্দটি عفت الريح الاثر থেকে গৃহীত। যার অর্থ– বাতাস চিহ্ন মুছে দিয়েছে।

আয়াত : ১৫০

اَنْ يُّفَرِّقُوْا : **তারা তারতম্য করে; পার্থক্য করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفْرِيْقُ অর্থ– পৃথক করা; বিচ্ছেদ সৃষ্টি করা।

حَقًّا : **প্রকৃত; সত্য; সুনিশ্চিত।** মাসদার, বাব ضرب মূলবর্ণ (ح ـ ق ـ ق) -এর মূল অর্থ হলো সামঞ্জস্যতা। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য)

مُهِيْنًا : **লাঞ্ছনাদায়ক।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ و ـ ن) মাসদার اَلْاِهَانَةُ অর্থ– অপদস্থ করা; লাঞ্ছিত করা।

আয়াত : ১৫২

اُجُوْرَهُمْ : **তাদের পুরস্কার; প্রতিদান।** اُجُوْرٌ বহুবচন, একবচন اَجْرٌ অর্থ– প্রতিদান; বদলা; পুরস্কার। هم যমীর مجرور باضافت

আয়াত : ১৫৩

مُوْسٰى : **হযরত মূসা (আ.)।** এটি ইসমে মা'রেফা। তিনি বনী ইসরাইলের প্রসিদ্ধ নবী ছিলেন। তাঁর মায়ের নাম ইউহানেছ ও পিতার নাম ইমরান। ইবরানী ভাষায় مو অর্থ– পানি, আর شى অর্থ– বৃক্ষ। আরবিতে شين কে سين দ্বারা পরিবর্তন করা হয়েছে। তাই موسى হয়ে গেছে। হযরত মূসা (আ.)-কে জন্মের পর কাঠের বাক্সে ভরে পানিতে নিক্ষেপ করা হয়েছিল, এজন্য তাকে مُوْسٰى বলা হয়। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫০ দ্রষ্টব্য)

اَرِنَا : **আমাদেরকে দেখাও।** ار সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افعال মাসদার الاراءة মূলবর্ণ (ر ـ ء ـ ى) অর্থ– দেখানো। نا যমীর منصوب متصل

جَهْرَةً : **প্রকাশ্যে।**

اَخَذَتْهُمْ : **সে তাদেরকে ধরেছে।** তাদের কাছে পৌঁছেছে। اخذت সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা। هم যমীর منصوب متصل।

اَلصَّعِقَةَ : **বজ্র**। একবচন, বহুবচন– صَوَاعِقُ

اَلْعِجْلَ : **গো-বৎস; বাছুর; গরুর বাচ্চা**। আল্লামা মাতরাজি (র.) লিখেছেন যে, জন্ম থেকে এক মাস পর্যন্ত গো-বৎসকে عجل বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানি (র.) লিখেছেন– عجل বাচ্চা গরুকে বলা হয়। এর স্ত্রীলিঙ্গ عجلة এবং বহুবচন عجول ; ইমাম আবূ মানসূর ছা'আলিবী (র.) লিখেছেন, বয়স হিসেবে গরুর জন্য তিনটি শব্দ ব্যবহৃত হয়। বাচ্চার জন্য عجل ; যুবকের জন্য شبوب এবং কম বয়স্কের জন্য فارض ।

سُلْطٰنًا : **প্রমাণ; সনদ; দলিল**। শক্তি; ক্ষমতা; দাপট। রাজ্য। (বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য)

رَفَعْنَا : **আমি উত্তোলন করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرَّفْعُ মূলবর্ণ (ر ـ ف ـ ع) অর্থ– উঠানো; উত্তোলন করা।

اَلطُّوْرَ : **পর্বত; পাহাড়**। সিনাই পর্বতের নাম। আরবিতে طُوْر অর্থ– পাহাড়। সুবিখ্যাত ভূগোল গ্রন্থ معجم البلدان -এ রয়েছে যে– وَالطُّوْرُ كَلَامُ الْعَرَبِ الْجَبَلُ وَقَالَ بَعْضُ اَهْلِ اللُّغَةِ لَا يُسَمّٰى طُوْرًا حَتّٰى يَكُوْنَ ذَا شَجَرٍ وَلَا يُقَالُ لِاَجْرَدٍ طُوْرٌ (ج، ٦، ص ـ ٦٧) আরবি ভাষায় طور পাহাড়কে বলা হয়। তবে কতিপয় ভাষাবিদগণ বর্ণনা করেছেন, যে পাহাড়ে বৃক্ষ না থাকে তাকে طُوْر বলা হবে না। তাই বৃক্ষ, লতাপাতাহীন খালি পাহাড়কে طُوْر বলা হয় না। ইবনে জারীর, আবূ হাতেম, ইবনে মারদুভিয়া প্রমুখ হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এ পার্থক্য বর্ণনা করে বলেছেন–اَلطُّوْرُ مَا اُنْبِتَ مِنَ الْجِبَالِ وَمَا لَمْ يُنْبِتْ فَلَيْسَ بِطُوْرٍ অর্থাৎ, যে পাহাড়ে গাছপালা জন্মায় তা হলো তূর, আর যাতে গাছপালা জন্মায়না তা তূর নয়। পবিত্র কুরআনে طُور -এর ব্যবহার এক নির্দিষ্ট পাহাড়ের জন্য করা হয়েছে। কারণ اَلطُّوْرُ -এর الف ও لام নির্দিষ্টতা বুঝানোর জন্য অর্থাৎ, যে পাহাড়টি মিশর ও মাদায়েনের মাঝে বিদ্যমান এবং যে পাহাড়ে হযরত মূসা (আ.)-এর সামনে আল্লাহ তাঁর তাজাল্লি প্রকাশ করেছিলেন এবং এ পহাড়েই তার সাথে নির্জনে কথাবার্তা বলেছিলেন। এ পাহাড়ে তিনি আল্লাহ তা'আলার সাথে গোপন কথাবার্তার জন্য চল্লিশ দিন ছিলেন এবং এ পাহাড়েই তাকে তাওরাত কিতাবের কাষ্ঠফলকগুলো দিয়ে তার সম্মান বৃদ্ধি করেছিলেন। এ পাহাড়কেই হযরত জিবরাঈল (আ.) উঠিয়ে বনী ইসরাঈলের মাথার উপর ধরেছিলেন। কুরআনের বিভিন্ন স্থানে এ ঘটনাসমূহের বিস্তারিত বর্ণনা রয়েছে। ইয়াকুত রুমী طُوْر পাহাড় সম্পর্কে নিম্নোক্ত পাহাড়গুলোর কথা বলেছেন। ১. কতিপয় আলেম বলেন– طُوْر হলো ঐ পাহাড় যা নাবলুসের উপর সুউচ্চ। সামারা গোত্র এতে হজ করত এবং ইহুদিরা একে ভীষণ সম্মান প্রদর্শন করত। ইহুদিদের ধারণায় এ পাহাড়েই হযরত ইবরাহীম (আ.)-এর প্রতি হযরত ইসমাইল (আ.)-কে কুরবানির নির্দেশ প্রদান করা হয়েছিল। ২. মিশরের নিকটবর্তী মাদায়েন নামক স্থানের পাহাড় যা তূর পাহাড় নামে পরিচিত। এটি সৎ ও নেককার ব্যক্তিদের বাসস্থান। এ পাহাড়ের মাটিকে কোনোভাবে ভাঙ্গলেই তার উপর 'আতীক' বৃক্ষের প্রতিচ্ছবি ফুটে উঠে। ৩. মিশরের উপরিভাগের একটি জনপদের নিকটবর্তী তূর নামক একটি পাহাড়কে তূর বলা হয়।

নামকরণের কারণ : হযরত ইসমাইল (আ.)-এর পুত্র يَطُوْرُ بْنُ اِسْمَاعِيْلَ -এর নামানুসারে এর নাম হয় তূর পাহাড়। ياء উচ্চারণে ভারি হওয়ার তা বিলুপ্ত হয়ে যায়। শুধু তাই নয়; বরং পূর্ণ শাম দেশই طور নামে অভিহিত ছিল।

اُدْخُلُوْا : **তোমরা প্রবেশ কর** । সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করা।

سُجَّدًا : **নত শিরে**। এটি বহুবচন, একবচন ساجد অর্থ– সেজদাকারী। বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা।

لَا تَعْدُوْا : **তোমরা সীমালঙ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْعُدْوَانُ অর্থ– সীমালঙ্ঘন করা।

مِيْثَاقًا : **দৃঢ় অঙ্গীকার**। একবচন, বহুবচন مواثيق ; মূলবর্ণ (و ـ ث ـ ق) মূলত مِوْثَاقٌ ছিল। واو সাকিনযুক্ত এবং এর পরের হরফ যেরযুক্ত, তাই واو কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে مِيْثَاق হয়েছে।

غَلِيْظًا : **দৃঢ়; কঠিন**। শব্দটি একবচন, বহুবচন غِلَاظٌ

আয়াত : ১৫৫

فَبِمَا نَقْضِهِمْ : **তাদের অঙ্গীকার ভঙ্গের জন্য।** ما মাউসূলাহ। نَقْضٌ মাসদার, মুযাফ। বাব نَصَرَ ; هم যমীর ضمير مجرور باضافت।

قُلُوبُنَا : **আমাদের হৃদয়।** قُلُوبٌ বহুবচন, একবচন– قلب - نا যমীর মাজরূর বাইযাফত।

غُلْفٌ : **আচ্ছাদিত।** শব্দটি বহুবচন, একবচন اغلف। যা আচ্ছাদনের মধ্যে থাকে তাকে اغلف বলা হয়। ইহুদিরা বলত আমাদের হৃদয় আচ্ছাদিত। তোমাদের উপদেশ আমাদের হৃদয়ে পৌঁছে না।

طَبَعَ : **তিনি মোহর করে দিয়েছেন।** সীগাহ واحد مذكرغائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبَاعَةُ - اَلطَّبْعُ ; মূলবর্ণ(ط ـ ب ـ ع) বন্ধ করে দেওয়া; সিল করে দেওয়া; খোদাই করা; কোনো বস্তুর আকৃতি দেওয়ার নাম طبع ধাতুমুদ্রার মধ্যে যেমন ছবি ইত্যাদি খোদাই করা হয়। طبع -এর অর্থ ختم হতে ব্যাপক এবং نقش -এর অর্থ হতে সীমিত। এ হিসেবে طبع অথবা طبيعة -এর অর্থ হলো আত্মার উপর কোনো কিছুর নকশা করে দেওয়া। তা জন্মগত বা অভ্যাসগত হতে পারে। জন্মগত যে ছাপ পড়ে সে ক্ষেত্রেই طبع -এর ব্যবহার বেশি হয়। কোনো কোনো আলেম নিম্নের দুটি আয়াতে طبع -এর অর্থ করেছেন– طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوبِهِمْ (আল্লাহ তা'আলা তাদের অন্তরের উপর নির্লজ্জতার ছাপ মেরে দেন। অর্থাৎ তাদের অন্তরকে ময়লাযুক্ত করে দিয়েছেন।)

আয়াত : ১৫৬

بُهْتَانًا عَظِيمًا : **গুরুতর অপবাদ।** بُهْتَانٌ অপবাদ, কারো মধ্যে যে দোষ নেই সে ব্যাপারে তাকে অভিযুক্ত করাকে بُهْتَانٌ বলা হয়। অথবা এমন স্পষ্ট মিথ্যা যা শুনে শ্রোতা হতভম্ব হয়ে যায় তাকে بهتان বলা হয়। ইহুদিরা হযরত ঈসা (আ.)-এর মাতাকে ব্যভিচারের অপবাদ দিয়েছিল। (নাউযুবিল্লাহ)

আয়াত : ১৫৭

مَا قَتَلُوا : **তারা হত্যা করেনি।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف منفى বাব نصر মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা।

مَا صَلَبُوا : **তারা ক্রুশবিদ্ধ করেনি।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف منفى বাব نَصَرَ মূলবর্ণ(ص ـ ل ـ ب) মাসদার اَلصَّلْبُ অর্থ– ক্রুশবিদ্ধ করা; শুলিতে চড়ানো।

شُبِّهَ : **বিভ্রম হয়েছিল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيلٌ মাসদার التشبيه। মূলবর্ণ (ش ـ ب ـ ه) অর্থ– বিভ্রম ঘটানো; সংশয়াবিষ্ট করা।

اِتِّبَاعَ : **অনুসরণ করা।** এটি বাব افتعال -এর মাসদার। মূলবর্ণ (ت ـ ب ـ ع)

اَلظَّنِّ : **জানতে পারা; ধারণা করা।** اِتِّبَاعَ মুযাফ, اَلظَّنِّ মুযাফ ইলাইহি। الظن -এটি বাব نصر -এর মাসদার। মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; জানা; বুঝা; অবিশ্বস্তভাবে কোনো কিছু জানা। দৃঢ় বিশ্বাসের সাথে জানা।

يَقِينًا : **নিশ্চিত সত্য।** ধারণা এবং অনুমানের বিপরীত কোনো কথাকে অভ্রান্ত মনে করে বিবেক শান্ত হয়ে যাওয়াকে يقين বলা হয়।

আয়াত : ১৫৮

رَفَعَ : **তিনি উঠিয়ে নিলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ف ـ ع) মাসদার اَلرَّفْعُ অর্থ– উত্তোলন করা।

لَيُؤْمِنَنَّ : **তারা বিশ্বাস করবেই; তারা অবশ্যই স্বীকার করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– বিশ্বাস করা; ঈমান আনা।

আয়াত : ১৬০

اَلَّذِيْنَ هَادُوْا : **যারা ইহুদি হয়েছে।** الذين ইসমে মাউসূল هادوا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ و ـ د) মাসদার الهود। অর্থ– ইহুদি হওয়া।

وَبِصَدِّهِمْ : **এবং তাদের বাধাপ্রদানের কারণে।** واو হরফে আতফ। باء হরফে যার صَدٌّ মাসদার, বাব نصر মূলবর্ণ (ص ـ د ـ د) অর্থ– বাধাপ্রদান করা; বিরত রাখা।

আয়াত : ১৬১

اَلرِّبٰوا : **সুদ**। ইমাম রাগেব (র.) লিখেছেন, মূলধনের উপর যা অতিরিক্ত হয় তাকে ربا বলা হয়। হাফেজ ইবনে হাজার আসকালানী (র.) লিখেছেন- ربا -এর মূল অর্থ হলো বৃদ্ধি, যা মূল বস্তুর মধ্যেও হতে পারে, যেমন- اِهْتَزَّتْ وَ رَبَتْ অথবা পরিবর্তে হবে। যেমন দুই টাকার বদলায় এক টাকা। হযরত শাহ ওয়ালিউল্লাহ (র.) লিখেছেন- ربا এমন ঋণকে বলা হয় যা এ শর্তে হয় যে, ঋণগ্রহীতা যা নিয়েছে তার চেয়ে অধিক বা তদপেক্ষা উত্তমটি দিবে। সুদ শুধুমাত্র টাকা বা মুদ্রার ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়; বরং যে কোনো ক্ষেত্রে হতে পারে। গম, আটা, চাউল, ধান ইত্যাদি যে কোনো ক্ষেত্রে যে পরিমাণ ঋণ দিবে তদুপেক্ষা অধিক পরিশোধ করতে হলে অতিরিক্ত পরিমাণটি হবে সুদ।

قَدْ نُهُوْا : **তাদেরকে নিষিদ্ধ করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى قريب مجهول বাব فتح মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ- নিষেধ করা।

اَعْتَدْنَا : **আমরা তৈরি করে রেখেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ت ـ د) মাসদার اَلْاِعْتَادُ অর্থ- প্রস্তুত করা; তৈরি করা।

আয়াত : ১৬২

رَاسِخُوْنَ فِى الْعِلْمِ : رَاسِخُوْنَ : **যারা জ্ঞানে সুগভীর**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ س ـ خ) মাসদার اَلرُّسُوْخُ অর্থ- সুদৃঢ় হওয়া; সুগভীর হওয়া।

اَلْمُقِيْمِيْنَ : **প্রতিষ্ঠাকারীগণ**। **আদায়কারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ- প্রতিষ্ঠা করা।

اَلْمُؤْتُوْنَ : **আদায়কারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা। আদায় করা।

سَنُؤْتِيْهِمْ : **আমি তাদেরকে দিব**। سنؤتى সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- প্রদান করা; দেওয়া। هم যমীর منصوب متصل

আয়াত : ১৬৩

نُوْحٍ : **হযরত নূহ** (আ.)। তাঁর পিতার নাম, মালেক। শব্দটি ইসমে মা'রিফা। মারফূ' ও মাজরূর। তিনি প্রাচীনতম ও প্রসিদ্ধ একজন নবী ও রাসূল। যিনি ৯৫০ বছরের অধিক হায়াত লাভ করেছিলেন। তাঁর বদদোয়ায় ইরাকে প্লাবন এসেছিল এতে তাঁর সঙ্গিসাথিগণ ব্যতীত সকলে ডুবে মারা গিয়েছিল। অতঃপর তাঁর বংশধর দ্বারা দুনিয়া আবাদ হয়েছিল। তাই তাকে দ্বিতীয় আদম বলা হয়। তাওরাতের বর্ণনামতে হযরত নূহ (আ.) আদম (আ.)-এর বংশের দশম পুরুষ। বংশের ক্রমধারা হলো- ১. আদম, ২. শীশ, ৩. আনূশ, ৪. কায়নান, ৫. মাহলায়েল, ৬. ইয়ারূ, ৭. ইদরিস, ৮. মুতাওয়াশশালিহ, ৯. লামিক, ১০. নূহ।

اِبْرٰهِيْمَ : **বিশিষ্ট নবী হযরত ইবরাহীম** (আ.)। আমাদের নবী হযরত মুহাম্মদ ﷺ -এর পূর্বপুরুষ। তিনি ব্যতীত সকল নবীগণ থেকে শ্রেষ্ঠ। এ কারণেই নামাজে তাশাহহুদের পর তাঁর উপর দরূদ পাঠ করা হয়। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১২৪ দ্রষ্টব্য)

اِسْمٰعِيْلَ : **বিশিষ্ট নবী হযরত ইসমাঈল** (আ.)। তিনি আল্লাহর সত্য নবী ও রাসূল ছিলেন। পবিত্র কুরআনে তাঁকে صَادِقُ الْوَعْدِ (অঙ্গীকার পূর্ণকারী) বলে অভিহিত করা হয়েছে। তিনি হযরত হাজেরার গর্ভে হযরত ইবরাহীম (আ.) -এর প্রথম সন্তান ছিলেন। হযরত ইবরাহীম (আ.) একটি নেককার সন্তানের জন্য আল্লাহর দরবারে দোয়া করেছিলেন। আল্লাহ তা'আলা فَبَشَّرْنٰهُ بِغُلٰمٍ حَلِيْمٍ বলে তাঁর দোয়া কবুল হওয়ার সুসংবাদ প্রদান করেন। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৭ দ্রষ্টব্য)

اِسْحٰقَ : **বিশিষ্ট নবী হযরত ইসহাক** (আ.)। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত: ১৩৩ দ্রষ্টব্য)

يَعْقُوْبَ : **বিশিষ্ট নবী হযরত ইয়াকূব** (আ.)। তার পিতার নাম ইসহাক (আ.)। এবং দাদা হযরত ইবরাহীম (আ.) ইবরানী (হিব্রু) ভাষায় তাঁর নাম ইসরাইল ছিল। তিনি কেনানের বাসিন্দা ছিলেন এবং হযরত ইবরাহীম (আ.) -এর শরিয়তের অনুসারী ছিলেন। তাঁর ভাইয়ের নাম ঈস বা ঈসু ছিল। তাঁর বংশে আল্লাহ প্রচুর বরকত দান করেছিলেন। সকল ইহুদি ও খ্রিস্টানগণ তাঁরই বংশোদ্ভূত এবং ইসরাইলী

সকল নবীগণও তাঁরই বংশোদ্ভূত হযরত ইয়াকূবের পরবর্তী কোনো নবীর বংশে এত নবী আসেননি, যত নবী তাঁর বংশে এসেছেন।

اَلْاَسْبَاطِ : **বংশধরগণ**। سِبْطٌ -এর বহুবচন। যার অর্থ– পৌত্র ও নাতী। তবে পৌত্র অর্থে অধিক ব্যবহার হয়। اَسْبَاطُ بَنِىْ اِسْرَائِيْلَ বা اَسْبَاط يَهُوْد বলা হলে তখন অর্থ হয়– একই দাদার সন্তান-সন্ততি।

عِيْسٰى : **নবী হযরত ঈসা (আ.)**। আল্লাহ তাকে সত্য নবীও রাসূল করে পাঠিয়েছিলেন। হযরত মারইয়াম (আ.)-এর গর্ভে তাঁকে আল্লাহ তা'আলা পিতা ছাড়া সৃষ্টি করেছিলেন এবং অনেক মু'জিযা দান করেছিলেন। যেমন– শ্বেত রোগীকে ভালো করা, জন্মান্ধের চোখে হাত বুলিয়ে দিলে সে ভালো হয়ে যাওয়া এবং মৃতদেরকে জীবিত করা। তাঁর প্রধান শত্রু ছিল ইহুদিরা। তাই তারা তাকে হত্যা করতে চাইত। এক পর্যায়ে যখন তারা হত্যা করতে উদ্যত হয়েছিল তখন আল্লাহ তা'আলা ফেরেশতার মাধ্যমে তাকে আকাশে উঠিয়ে নেন। তিনি আকাশে জীবিত আছেন এবং কিয়ামতের পূর্বমুহূর্তে দুনিয়াতে আগমন করবেন। দাজ্জালকে হত্যা করবেন। ইহুদিবাদ ও খ্রিস্টবাদ নির্মূল করবেন। শেষ নবী হযরত মুহাম্মদ ﷺ-এর শরিয়ত অনুযায়ী আমল করবেন এবং তার দীনের দাওয়াত দিবেন।

يُوْنُسَ : **নবী হযরত ইউনুস** (আ.)। তাঁর পিতার নাম মাত্তা। ইনি প্রসিদ্ধ ইসরাঈলী নবী ছিলেন। যার নামে ১১তম পারায় একটি সূরার নামকরণ করা হয়েছে। তাঁকে নিনুওয়া (ইরাকে) হেদায়েতের জন্য প্রেরণ করা হয়েছিল। হযরত ইউনুস (আ.)-এর এক লক্ষ বা এর চেয়ে বেশি দাওয়াতী উম্মত ছিল। (বিস্তারিত সূরা ইউনুস, আয়াত : ৯৮ দ্রষ্টব্য)

سُلَيْمَانَ : **নবী হযরত সুলাইমান (আ.)**। যিনি হযরত দাউদ (আ.)-এর সন্তান ছিলেন এবং তাঁর মৃত্যুর পর তিনি তাঁর স্থলবর্তী হন। আল্লাহ স্বীয় অনুগ্রহে তাঁর মাঝে নবুয়ত ও রাজত্বকে পূর্ণাঙ্গরূপে সমন্বয় করেছিলেন এবং তাঁকে এমন বাদশাহী দান করেছিলেন যা তাঁর পূর্বে ও পরে কাউকে দান করেন নি। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য)

دَاوٗدَ : **হযরত দাউদ (আ.)**। বিশিষ্ট রাসূল ছিলেন যার উপর যাবূর অবতীর্ণ হয়েছিল। داود অনারবী শব্দ। غير منصرف ; عُجْمَة ও عَلَمِيَّة হওয়ার কারণে তিনি হযরত ইবরাহীম (আ.) -এর বংশধরদের একজন এবং বনী-ইসরাইলদের নবী ছিলেন। একই সাথে তিনি নবী-রাসূল এবং বাদশাও ছিলেন। এ কারণেই পবিত্র কুরআনে তাঁকে খলীফা বলা হয়েছে। পবিত্র কুরআনে তাঁকে এবং আদম (আ.)-কে ব্যতীত আর কাউকে খলীফা বলা হয়নি। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১৫১ দ্রষ্টব্য)

زَبُوْرًا : **যাবূর**। আসমানি কিতাব যা হযরত দাউদ (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল। زبر থেকে নির্গত যার অর্থ– লেখা। فَعُوْلٌ -এর ওযনে مَفْعُوْلٌ অর্থে ব্যবহৃত হয়েছে। বহুবচন زبر ইমাম রাগেব ইস্ফাহানী (র.) লিখেছেন, যে কিতাবের লেখা অতি গাঢ়, তাকে زبر বলা হয়। কারো কারো মতে, যাবূর হলো আসমানি কিতাবসমূহের মধ্য হতে ঐ কিতাব যা বুঝা খুবই কঠিন। আল্লাহ বলেন–وَاِنَّهٗ لَفِىْ زُبُرِ الْاَوَّلِيْنَ, এবং جَاءُوْا بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ وَالْكِتٰبِ الْمُنِيْرِ (লিখিত এবং চমৎকার কিতাব) কারো কারো মতে যাবূর এমন কিতাব যার মধ্যে শুধুমাত্র জ্ঞান-বিজ্ঞানের বিষয় আছে, কিন্তু শরিয়তের কোনো বিষয় তাতে নেই। আর কিতাব হলো যার মধ্যে জ্ঞান-বিজ্ঞান ও শরিয়তের বিধিবিধানও আছে। হযরত দাউদ (আ.)-এর উপর যে যাবূর অবতীর্ণ হয়েছিল তাতে ১৫০ টি সূরা ছিল। যা শুধুমাত্র দোয়া, তাহমীদ, তামজীদ ও আল্লাহর প্রশংসায় পূর্ণ ছিল। যাতে হালাল-হারাম, ফরজ ও হদের কোনো বিধান ছিল না।

আয়াত : ১৬৪

مَنْ قَصَصْنٰهُمْ : **যাদের কথা আমি তোমাদেরকে বর্ণনা করেছি**। من মাউসূলাহ। قَصَصْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقَصَصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ– ঘটনা বা বৃত্তান্ত বর্ণনা করা। قص -এর সিলাহ العلى আসলে তার অর্থ হবে– ঘটনা বর্ণনা করা। যেমন এ আয়াতে হয়েছে। নতুবা এর অর্থ হবে– পদাঙ্ক অনুসরণ করা। আর কাহিনী বর্ণনাকারীও মূল কাহিনীর অনুসরণ করে থাকে। هم যমীর منصوب متصل

كَلَّمَ : **কথা বলেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْلِيْمُ মূলবর্ণ (ك ـ ل ـ م) অর্থ– কথা বলা।

আয়াত : ১৬৫

رُسُلًا : **রাসূলগণ**। একবচন رَسُوْلٌ ; আল্লাহ তা'আলার এমন পূত-পবিত্র বান্দা যাকে তিনি তাঁর পয়গাম পৌঁছানোর জন্য মনোনীত করেছেন এবং নতুন শরিয়ত দান করেছেন তাকে রাসূল বলা হয়।

مُبَشِّرِيْنَ : **সুসংবাদদাতাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ب . ش . ر) মাসদার التبشير অর্থ– সুসংবাদ প্রদান করা।

مُنْذِرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن . ذ . ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা। حال হওয়ার কারণে নসব অবস্থায় হয়েছে।

حُجَّةً : **অভিযোগ; ওজর; দলিল; প্রমাণ**। শব্দটি একবচন, বহুবচন حُجَجٌ

عَزِيْزًا : **পরাক্রমশালী; অপরাজেয়**। শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ-এর ওযনে مبالغة-এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। عزيز হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। –(রাগেব) কেউ কেউ এর অর্থ করেছেন– তিনি এত জবরদস্ত যাকে কেউ পরাজিত করতে পারে না। আবার কেউ অর্থ করেছেন– তিনি এত শক্তিশালী যার কারণে তিনি সকলের উপর প্রাধান্য বিস্তার করেন। আবার কেউ বলেন– عزيز এমন সত্তা যার কোনো দৃষ্টান্ত নেই। (বিস্তারিত সূরা বাক্বারা আয়াত : ১২৯ দ্র.)

حَكِيْمًا : **প্রজ্ঞাময়। বাব** كرم থেকে মুবালাগার সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। কেননা প্রকৃত প্রজ্ঞাময় তিনিই।

আয়াত : ১৬৭

ضَلَالًا : **পথভ্রষ্টতা; বিভ্রান্তি**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। আল্লামা জামাল কারশী (র.) লিখেছেন– ضلال অর্থ– ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ (পানি এত হ্রাস পেয়েছে যে দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি।) আল্লাহর বাণী– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তো তাদের দুজন অর্থাৎ ইউসুফ ও তাঁর ভাইয়ের ভালোবাসায় পরাভূত। হযরত মূসা (আ.) বলেছিলেন– فَعَلْتُهَا اِذًا وَّاَنَا مِنَ الضَّآلِّيْنَ (আমি এ কাজ তখন করেছি যখন আমি ধর্মীয় সাম্প্রদায়িকতায় পরাভূত ছিলাম।) আবার ধ্বংসের অর্থেও ব্যবহৃত হয়। ضَلَالٌ و ضَلَالَةٌ অর্থ– পথভ্রষ্টতা। যা رَشَادٌ-এর বিপরীতার্থক শব্দ। এটি বাব ضرب থেকে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী– قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَا اَضِلُّ عَلٰى نَفْسِىْ ; এটি হলো নজদবাসীদের ব্যবহার, এটিই অধিক বিশুদ্ধ। অবশ্য হেজাজবাসীদের ব্যবহার হলো বাব سمع থেকে। ইমাম রাগেব (র.) বলেন– ضلال অর্থ– সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া এবং هداية হলো ضلالة-এর বিপরীতার্থক শব্দ। যেমন আল্লাহর বাণী– فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا এবং সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া যে কোনোভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে, কম হোক বা অধিক, সর্বাবস্থায় ضلال-ই বলা হবে। এ কারণেই নবীগণ ও কাফের উভয়ের দিকেই ضلال-এর নিসবত করা হয়েছে, যদিও উভয়ের ضلال-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ; হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلٰلِكَ الْقَدِيْمِ এবং তার সন্তানরা বলেছিল– اِنَّ اَبَانَا لَفِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ; হযরত ইউসুফ (আ.) সম্পর্কিত আয়াতে রয়েছে– قَدْ شَغَفَهَا حُبًّا اِنَّا لَنَرٰهَا فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ; হযরত মূসা (আ.) বলেছিলেন– وَاَنَا مِنَ الضَّآلِّيْنَ মোটকথা নবীদের ক্ষেত্রেও ضلال শব্দের ব্যবহার হয়েছে। অন্য এক সুরতে বলা যায় যে, ضلال দু প্রকার। ১. উলূমে নাযরিয়া তথা আল্লাহ তা'আলার মা'রিফাত ও তাঁর একত্ববাদে, নবুয়তের মারেফাত ইত্যাদিতে ضلال হতে পারে। যেমন আয়াতের মধ্যে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে– وَمَنْ يَّكْفُرْ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ فَقَدْ ضَلَّ ضَلٰلًا بَعِيْدًا ২. উলূমে আমালিয়্যাহ, তথা আহকামে শরীয়াহ ও ইবাদতের ক্ষেত্রে ضلال

আয়াত : ১৬৮

طَرِيْقًا : **পথ; রাস্তা**। শব্দটি একবচন, বহুবচন طُرُقٌ

আয়াত : ১৬৯

يَسِيْرًا : **সহজ**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ى . س . ر) মাসদার اَلْيُسْرُ অর্থ– সহজ হওয়া; সহজ করা।

আয়াত : ১৭০

اِنْ تَكْفُرُوْا : **যদি তোমরা কুফরি কর; তোমরা অস্বীকার কর**। ان হরফে শর্ত। تَكْفُرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نصر মাসদার اَلْكُفْرُ وَ الْكُفْرَانُ মূলবর্ণ (ك . ف . ر) অর্থ- কুফরি করা; অকৃতজ্ঞতা প্রকাশ করা। মূলত تكفرون ছিল। جواب شرط হওয়ার কারণে নূন পড়ে গেছে।

আয়াত : ১৭১

لَا تَغْلُوْا : **তোমরা সীমালঙ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (غ . ل . و) মাসদার اَلْغُلُوُّ অর্থ- সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা।

دِيْن : **দীন; ধর্ম**। একবচন, বহুবচন اَدْيَانٌ

اَلْحَقَّ : **সত্য; প্রকৃত; সুনিশ্চিত**। মাসদার, এটি বাব ضرب-এর মাসদার। মূলবর্ণ (ح . ق . ق) এর মূল অর্থ হলো সামঞ্জস্যতা। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬ দ্রষ্টব্য)

اَلْمَسِيْحُ : **হযরত ঈসা ইবনে মারইয়ামের নাম**। শব্দটি ইবরানী ভাষায় مَسِيْحَا ছিল। যার অর্থ বরকতময়। (রূহুল মা'আনী) ইমাম রাগেব (র.) লিখেছেন, মূলত مَمْسُوْحًا ছিল। অথবা مَسِيْح অর্থ হলো- যে হাত বুলায়। রোগীর উপর হাত বুলিয়ে হযরত ঈসা (আ.) রোগীকে রোগমুক্ত করতেন এই অর্থে তাকে মাসীহ বলা হতো। -(আল-কুরআনুল কারীম, ই. ফা.বা.)

كَلِمَتُهٗ : **তাঁর কালিমা**। হযরত ঈসা (আ.)-কে আল্লাহর কালিমা বলা হয়। কারণ আল্লাহ তাঁকে পিতা ছাড়া كُنْ (হয়ে যাও) শব্দ দ্বারা সৃষ্টি করেছেন। كلمة একবচন, বহুবচন كَلِمَاتٌ, ه যমীর مجرور باضافت

اَلْقٰهَا : **তিনি তা প্রেরণ করেছিলেন; নিক্ষেপ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব افعال মূলবর্ণ (ل . ق . ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ- নিক্ষেপ করা। ফেলে দেওয়া; প্রেরণ করা।

رُوْحٌ : **আত্মা**। শব্দটি একবচন, বহুবচন اَرْوَاحٌ আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) লিখেছেন- رُوْحٌ শব্দটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। ১. امر নির্দেশ। যেমন- قُلِ الرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّىْ ২. ওহি বা প্রত্যাদেশ। যেমন- يُنَزِّلُ الْمَلٰئِكَةَ بِالرُّوْحِ (ফেরেশতা ওহী নিয়ে অবতীর্ণ হয়) ৩. কুরআন। যেমন- اِنَّا اَوْحَيْنَا اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا (আমি আপনার প্রতি কুরআন প্রেরণ করেছি ওহীর মাধ্যমে।) ৪. অনুগ্রহ; রহমত। যেমন- وَاَيَّدَهُمْ بِرُوْحٍ مِّنْهُ (নিজ অনুগ্রহ দ্বারা তাকে সহযোগিতা করেছি।) ৫. হায়াত; জীবন। যেমন- فَرَوْحٌ وَّرَيْحَانٌ (জীবন ও জীবিকা রয়েছে।) ৬. জিবরাইল। যেমন- نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ (তা অবতীর্ণ করেছে জিবরাইল।) ৭. একজন মহা সম্মানিত ফেরেশতা। যেমন- يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ (যে দিন রূহ নামীয় ফেরেশতা দাঁড়াবে।) ৮. বিশেষ একদল ফেরেশতা। যেমন- تَنَزَّلُ الْمَلٰئِكَةُ وَالرُّوْحُ فِيْهَا (সে রাতে একদল ফেরেশতা এবং তার বিশেষ বাহিনী অবতরণ করে।) ৯. আত্মা; প্রাণ। যেমন- وَيَسْئَلُوْنَكَ عَنِ الرُّوْحِ (আপনার কাছে আত্মা সম্পর্কে প্রশ্ন করে।) روح -এর حقيقت কী? এ সম্পর্কে হাফেজ ইবনে হাজার (র.) ফতহুল বারীতে চূড়ান্ত কথা লিখে দিয়েছেন। তিনি বলেন- ثَبَتَ عَنِ ابْنِ عَبَّاسٍ اَنَّهٗ كَانَ لَا يُفَسِّرُ الرُّوْحَ اَىْ لَا يُعَيِّنُ الْمُرَادَ بِهٖ অর্থাৎ, হযরত ইবনে আব্বাস (রা.) থেকে এ কথা প্রমাণিত রয়েছে যে, তিনি رُوْح -এর তাফসীর করতেন না অর্থাৎ তা নির্ধারণ করতেন না যে, এটাকেই রূহ বলে। হযরত জুনায়েদ (র.) বলেন- اَلرُّوْحُ شَيْءٌ اِسْتَاْثَرَ اللّٰهُ تَعَالٰى بِعِلْمِهٖ وَلَمْ يُطْلِعْ عَلَيْهِ اَحَدًا مِنْ خَلْقِهٖ فَلَا يَجُوْزُ لِاَحَدٍ الْبَحْثُ عَنْهُ بِاَكْثَرِ مِنْ اَنَّهٗ مَوْجُوْدٌ অর্থাৎ, রূহ এমন একটি বস্তু যার ইল্‌ম আল্লাহরই রয়েছে এবং মাখলূকদের মধ্য হতে কাউকে সে সম্পর্কে অবহিত করেননি। সুতরাং কারো জন্য এটা বৈধ হবে না, সে সম্পর্কে অনুসন্ধান ও গবেষণা চালানো। সর্বোপরি এতটুকু বলা যেতে পারে যে তা বিদ্যমান রয়েছে।

ثَلٰثَةٌ : **তিনের মধ্যে একজন**। খ্রিস্টানদের একদল তিন খোদার প্রবক্তা। ১. আল্লাহ, ২. হযরত ঈসা মসীহ। ৩. হযরত মারইয়াম। -(জালালাইন) এখানে ঐ তিনজনের একজন উদ্দেশ্য।

اِنْتَهُوْا : **তোমরা নিবৃত্ত হও; বিরত থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن . ه . ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ- নিষেধ করা; বিরত থাকা।

وَكِيْلًا : **অভিভাবক; কর্মবিধায়ক; কর্মবিধানকারী; উকিল**। এটি وَكْلٌ মাসদার হতে فَعِيْلٌ-এর ওযনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব ضَرَبَ ; এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ১৭২

لَنْ يَّسْتَنْكِفَ : **কখনো হেয় জ্ঞান করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ف) মাসদার اَلْاِسْتِنْكَافُ অর্থ– হেয় জ্ঞান করা; লজ্জবোধ করা।

اَلْمُقَرَّبُوْنَ : **ঘনিষ্ট; নৈকট্যশীল**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تفعيل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ– নিকটবর্তী করা।

يَسْتَكْبِرْ : **যে অহংকার করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব استفعال মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার الاستكبار অর্থ– অহংকার করা; বড়াই করা; গর্ব করা।

يَحْشُرُ : **তিনি সমবেত করবেন; একত্র করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نصر মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– জড়ো করা; সমবেত করা; একত্র করা।

আয়াত : ১৭৩

فَيُوَفِّيْهِمْ : **তাদেরকে পুরোপুরিভাবে প্রতিফল দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف يوفى বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পুরোপুরি দান করা। هم যমীর منصوب متصل।

اُجُوْرَهُمْ : **তাদের প্রতিফল**। শব্দটি বহুবচন, একবচন– اَجْرٌ; اُجُوْرُ মুযাফ هُمْ যমীর مجرور باضافت; মুযাফ ও মুযাফ ইলাইহি মিলে جوفى ফে'লের দ্বিতীয় মাফঊল।

يَزِيْدُ : **বৃদ্ধি করেন; অধিক করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ى ـ د) অর্থ– বৃদ্ধি করা।

اِسْتَنْكَفُوْا : **তারা হেয় জ্ঞান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِنْكَافُ মূলবর্ণ (ن ـ ك ـ ف) অর্থ– হেয় জ্ঞান করা; লজ্জবোধ করা।

আয়াত : ১৭৪

بُرْهَانٌ : **প্রমাণ; দলিল**। কারো কারো মতে, এটি بره يبره বাব سمع -এর মাসদার। যার অর্থ হলো সাদা ও উজ্জ্বল হওয়া। برهان এমন দলিল-প্রমাণকে বলা হয় যা সকল দলিল থেকে শক্তিশালী এবং সর্বদা ও সর্বাবস্থায় সত্য হয়। উল্লেখ্য যে, দলিল ৫ প্রকার। যথা– ১. যা সর্বদা সত্য হবে। ২. যা সর্বদা মিথ্যা হয়। ৩. যা সত্যের অধিক নিকটবর্তী। ৪. যা মিথ্যার অধিক নিকটবর্তী। ৫. যাতে সত্য ও মিথ্যা উভয়টি হওয়ার সম্ভাবনা সমান।

نُوْرًا مُّبِيْنًا : **স্পষ্ট জ্যোতি**। نُوْرًا অর্থ– আলো; জ্যোতি। শব্দটি একবচন, বহুবচন– اَنْوَارٌ; مُبِيْنٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل অর্থ– স্পষ্ট। বাব افعال মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার الابانة অর্থ– স্পষ্ট হওয়া। এখানে نُوْرًا مُّبِيْنًا তথা স্পষ্ট জ্যোতি দ্বারা আল কুরআন উদ্দেশ্য।

আয়াত : ১৭৫

اِعْتَصَمُوْا : **তারা দৃঢ় হস্তে আঁকড়ে ধরেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْاِعْتِصَامُ অর্থ– আঁকড়ে ধরা।

আয়াত : ১৭৬

يَسْتَفْتُوْنَكَ : **তারা তোমার নিকট ব্যবস্থা জানতে চায়; ফতোয়া চায়**। يستفتون সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِفْتَاءُ মূলবর্ণ (ف ـ ت ـ و) অর্থ– ব্যবস্থা জানতে চাওয়া; ফতোয়া চাওয়া। ك যমীর منصوب متصل।

يُفْتِيْكُمْ : **তিনি তোমাদেরকে ব্যবস্থা জানাচ্ছেন; ফতোয়া দিচ্ছেন**। يفتى সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ت ـ و) মাসদার اَلْاِفْتَاءُ অর্থ–ব্যবস্থা প্রদান করা; ফতোয়া দেওয়া। كم যমীর منصوب متصل

اَلْكَلٰلَةِ : **পিতা-মাতাহীন নিঃসন্তান ব্যক্তি**। যার ঊর্ধ্বতন কিংবা অধঃস্তন কোনো পুরুষ নেই। অর্থাৎ যার পিতা, দাদা, এবং ছেলে বা নাতী নেই। –(মাযহারী)

اِمْرَأٌ : **লোক**। পুরুষ। এর বহুবচন হয়না। المرأة স্ত্রীলোক।

حَظِّ : **অংশ**। একবচন, বহুবচন– حُظُوْظٌ

সূরা মায়িদা : মদীনায় অবতীর্ণ

আয়াত : ১২০, রুকূ' : ১৬

আয়াত : ১

أَوْفُوا : **তোমরা পূর্ণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (و . ف . ى) মাসদার الايفاء অর্থ– পূর্ণ করা।

اَلْعُقُوْدَ : **অঙ্গীকার; চুক্তি;** প্রতিশ্রুতি। বহুবচন, একবচন عقد

بَهِيْمَةُ الْاَنْعَامِ : **চতুষ্পদ জন্তু**। بهيمة মূলত এমন জন্তুকে বলা হয় যারা কথা বলতে পারে না। কেননা তাদের আওয়াজের মধ্যে অস্পষ্টতা রয়েছে। কিন্তু আরবদের পরিভাষায় হিংস্র প্রাণী ও পাখিকে بهيمة বলা হয়। বহুবচন– بَهَائِمُ

اَنْعَامِ : **গবাদি পশু**। একবচন– نَعَمٌ ; ভেড়া, বকরি, গরু, মহিষ ও উট ইত্যাদি প্রাণীকে আন'আম বলা হয়, তবে শর্ত হলো তার মধ্যে উট থাকতে হবে। আনআম অর্থ হলো উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষ ইত্যাদিকেও বলা হয়। উট আরবদের নিকট খুবই মূল্যবান নিয়ামত, তাই তাকে نعم বলা হয়।

مُحِلِّى : **হালালকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح . ل . ل) মাসদার الاحلال অর্থ– হালাল করা। مُحِلِّيْنَ মূলত مُحِلِّىْ ছিল। ইযাফতের কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

اَلصَّيْدِ : **শিকার। শিকার করা**। এটি মূলত صَادَ يَصِيْدُ -এর মাসদার। যার অর্থ– শিকার করা। আবার কখনও শিকারকৃত জন্তুকেও صيد বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, এ ক্ষেত্রে صيد শব্দটি এমন জন্তুর জন্য নির্দিষ্ট যা খাওয়া হয়।

حُرُمٌ : **ইহরামরত**। ইহরাম অবস্থায়। এটি حرام -এর বহুবচন। ইহরাম অবস্থায় যেহেতু অনেক কিছু থেকে বিরত থাকতে হয় তাই তাকে হারাম বলা হয়।

আয়াত : ২

لَا تُحِلُّوْا : **তোমরা হালাল করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِحْلَالُ মূলবর্ণ (ح . ل . ل) অর্থ– হালাল করা; বৈধ করা।

شَعَائِرَ اللّٰهِ : **আল্লাহ তা'আলার নিদর্শনাবলি**। অর্থাৎ এমন বস্তু যা আল্লাহ তা'আলা স্বীয় বান্দাদের জন্য দাসত্বের চিহ্ন স্বরূপ সাব্যস্ত করেছেন। ইমাম ফখরুদ্দিন রাযী (র.) লিখেছেন– شَعَائِرُ বহুবচন, অধিকাংশ ওলামায়ে কেরামের মতে এটা شَعِيْرَةٌ -এর বহুবচন, তবে ইবনে ফারেস (র.) -এর মতে এটি شَعَارَةٌ -এর বহুবচন। ইমাম আবূ বকর জাসসাস রাযী (র.) বলেন, অভিধানবিদদের মতে شَعَائِر টি شَعِيْرَةٌ -এর বহুবচন। شَعِيْرَةٌ এমন বস্তুকে বলা হয় যার জন্য তা নির্ধারণ করা হয়েছে। যেমন– أَشْعَار بَدَن অর্থ হলো তোমরা তার শরীরে এমন চিহ্ন এঁকে দাও যা দ্বারা বুঝা যায় যে, তা কুরবানির পশু। এ কারণেই বলা হয় شَعَائِرُ হজের বিধিবিধানের যাবতীয় নিদর্শনকে বলা হয়। যেমন শয়তানকে পাথর নিক্ষেপ করা, সাফা মারওয়ায় সাঈ করা ইত্যাদি। হযরত আতা (র.)-এর কাছে شَعَائِرُ اللّٰهِ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, তা হলো حُرُمَاتُ اللّٰهِ অর্থাৎ আল্লাহর যাবতীয় নির্দেশ পালন করা এবং যা তিনি নিষেধ করেছেন তা হতে বিরত থাকা। হযরত শরীক (র.) وَمَنْ يُعَظِّمْ شَعَائِرَ اللّٰهِ আয়াতের তাফসীর প্রসঙ্গে বলেন, এর দ্বারা উদ্দেশ্য হলো কুরবানির পশু মোটাতাজা করা। হযরত মুজাহিদ, ইবনে আব্বাস, ইকরিমা প্রমুখ থেকেও এ ধরনের তাফসীর বর্ণিত হয়েছে। হযরত হাসান বসরী (র.) বলেন– شَعَائِرُ اللّٰهِ দ্বারা دِيْن উদ্দেশ্য। আর সূরা মায়িদার আয়াত لَا تُحِلُّوْا شَعَائِرَ اللّٰهِ (তোমরা আল্লাহর নিদর্শনাবলিকে অবমাননা করো না) এখানে شَعَائِرُ اللّٰهِ দ্বারা দীনের যাবতীয় নিদর্শনাবলি উদ্দেশ্য। অর্থাৎ যাবতীয় ফরজ কাজসমূহ এবং ঐ সমস্ত জিনিস যা তিনি আমাদেরকে বলেছেন যে, এর সীমালঙ্ঘন করা যাবে না। এ সমস্ত অর্থই এর দ্বারা উদ্দেশ্য হতে পারে।

اَلشَّهْرَ الْحَرَامَ : **পবিত্র মাস; হারাম বা সম্মানিত মাস**। সম্মানিত মাস চারটি। যথা– যিলকদ, যিলহজ,

মহররম ও রজব। ইসলামের প্রথম যুগে এ চার মাসে কারো সাথে যুদ্ধ করা নিষিদ্ধ ছিল। পরবর্তীতে এ বিধান রহিত হয়ে গেছে।

اَلْهَدْىَ : **কুরবানির জন্য কাবায় প্রেরিত পশু**।

قَلَائِدَ : **গলায় হার/ মালাযুক্ত চিহ্নবিশিষ্ট পশু**। একবচন- قلادة

اٰمِّيْنَ الْبَيْتَ الْحَرَامَ : **পবিত্র গৃহ অভিমুখের যাত্রীগণ**।

اَلْبَيْتَ : **গৃহ; ঘর**। একবচন, বহুবচন- بُيُوتٌ

اَلْحَرَامَ : **সম্মানিত, হারাম, নিষিদ্ধ**। একবচন, বহুবচন حرم আল্লাহর বাধ্য-বাধকতা, জোরপূর্বক বাধা প্রদান, সকলের দিক হতে বাধা অথবা শরিয়তের বাধা। কুরআনের বাণী–وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ (আমি ধাত্রীদের দুগ্ধ তার জন্য হারাম করেছি।) এটা আল্লাহর পক্ষ হতে বাধ্যবাধকতার দৃষ্টান্ত। জোরপূর্বক বাধ্য করার উপমা ঐ দুটি হতে কাফেরদেরকে বঞ্চিত করেছেন। সম্মানার্থে যা হারাম করেছেন, যেমন– নিকটাত্মীয়দের সঙ্গে বিবাহ ইত্যাদি। সম্মানিত মাসসমূহ, মসজিদসমূহ। مَشْعَرٌ এবং بَيْتُ الْحَرَامِ الْحَرَامِ এগুলো এ পর্যায়ের।

اِذَا حَلَلْتُمْ : **যখন তোমরা ইহরামমুক্ত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَلَالُ মূলবর্ণ (ح ـ ل ـ ل) অর্থ– হালাল হওয়া।

اصْطَادُوْا : **তোমরা শিকার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِصْطِيَادُ মূলবর্ণ (ص ـ ى ـ د) অর্থ– শিকার করা।

لَا يَجْرِمَنَّكُمْ : **তোমাদেরকে যেন প্ররোচিত না করে**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْجُرْمُ অর্থ– প্ররোচিত করা।

شَنَاٰنُ : **বিদ্বেষ; শত্রুতা**। এটি বাব سَمِعَ -এর মাসদার বাব فَتَحَ থেকে اَلشَّنَاٰءَةُ - اَلشَّنَاٰنُ ও আসে। মূলবর্ণ (ش ـ ن ـ أ) জিনস مهموز لام শত্রুতা ও অসদাচরণের সাথে বিদ্বেষ পোষণ করা।

تَعْتَدُوْا : **তোমরা সীমালজ্ঘন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِدَاءُ মূলবর্ণ (ع ـ ت ـ د) অর্থ– সীমালজ্ঘন করা; বাড়াবাড়ি করা।

تَعَاوَنُوْا : **তোমরা পরস্পর সহযোগিতা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع ـ و ـ ن) মাসদার اَلتَّعَاوُنُ অর্থ– সহযোগিতা করা।

اَلْبِرِّ : **সৎ; ভালো**। এখানে بِرٌّ দ্বারা উদ্দেশ্য হলো মুহাম্মদ ﷺ ও আল্লাহর উপর ঈমান আনা। –(জালালাইন)

اَلتَّقْوٰى : **আল্লাহভীতি**। তাকওয়া; আত্মসংযম; পরহেজগারি। অভিধানে تَقْوٰى অর্থ হলো আত্মাকে আশঙ্কার বস্তু থেকে রক্ষা করা। তবে কখনও خَوْف কে تَقْوٰى এবং تَقْوٰى কে خَوْف বলা হয়। শরিয়তের পরিভাষায় তাকওয়া হচ্ছে– আত্মাকে এমন বস্তু থেকে রক্ষা করা যা পাপের দিকে নিয়ে যায়। যা নিষিদ্ধ বস্তু থেকে বিরত থাকার দ্বারা অর্জন হয়। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১৯৭ দ্রষ্টব্য)

اَلْعُدْوَانِ : **সীমালজ্ঘন**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অবিচার ও সীমালজ্ঘন করা।

اَلْعِقَابِ : **শাস্তি; প্রহার**। বাব مُفَاعَلَةٌ -এর মাসদার। শাস্তি দেওয়া। ইমাম রাগেব (র.) লিখেছেন–عُقُوْبَةٌ - مُعَاقَبَةٌ - عِقَابٌ তিনটি শব্দই শাস্তি প্রদানের জন্য নির্দিষ্ট। তবে আল্লামা আবূ হেলাল আসকারী লিখেছেন যে, عِقَابٌ ও عَذَابٌ -এর মধ্যে পার্থক্য রয়েছে। যেমন عِقَابٌ হলো শাস্তির যোগ্য হওয়া। عِقَابٌ এ জন্যই বলা হয় যে, অপরাধী অপরাধের কারণে শাস্তির যোগ্য হয়েছে। আর عَذَابٌ শাস্তির যোগ্য হওয়া বা না হওয়া উভয়ের জন্যই হতে পারে। মূলত عِقَابٌ অর্থ– পিছনে হওয়া। বলা হয়– عَقَبَ الثَّانِى الْاَوَّلَ (দ্বিতীয়টি প্রথমটির পিছনে হয়েছে।) এবং عَقَبَ اللَّيْلُ النَّهَارَ (রাত দিনের পিছনে হয়েছে)। এ হিসেবে عِقَابٌ এমন শাস্তিকে বলা হয় যা অপরাধের পরে হয়। তাই عِقَابٌ -এর অর্থ করা উচিত– পাপের প্রায়শ্চিত্ত।

আয়াত : ৩

اَلْمَيْتَةُ : **মৃত জীবজন্তু**। যা খাওয়া শরিয়তে নিষিদ্ধ করা হয়েছে।

اُهِلَّ : **আল্লাহর নাম ব্যতীত অপরের নামে জবাইকৃত পশু**। প্রকৃত অর্থ– উচ্চারিত হয়েছে। ডাকা হয়েছে।

সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব إفْعَال মূলবর্ণ (ا . ه . ل) মাসদার اهلال যার প্রকৃত অর্থ হলো নতুন চাঁদ দেখার সময় সজোরে চিৎকার করা। পরবর্তীতে যে কোনো আওয়াজের জন্য তা ব্যবহৃত হতে থাকে। যেমন প্রসবকালীন নবজাতকের ক্রন্দন করা, হাজী সাহেবানদের লাব্বাইক বলাকেও اهلال বলা হয়। এখানে অর্থ হলো নাম ধরে ডাকা; চিৎকার করা, স্মরণ করা। সুতরাং যে পশুকেই আল্লাহ ব্যতীত অন্য কারো নামে মানত করা হবে, চাই তা মূর্তি, জিন, পীর সাহেব, কোনো পয়গাম্বর, কোনো স্থানই হোক এবং এ নিয়তে জবাই করা হয় যে, এর দ্বারা তার সন্তুষ্টি অর্জন হবে এবং তার প্রয়োজন পূরণ হবে, তাহলে সে পশু হারাম হয়ে যাবে এবং مَا أُهِلَّ لِغَيْرِ اللّٰهِ-এর অন্তর্ভুক্ত হয়ে যাবে। যে এমন করবে সে মুশরিক হয়ে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে যাবে। যদিও জবাই করার সময় বিসমিল্লাহ বলা হয়।

اَلْمُنْخَنِقَةُ : **শ্বাসরোধে মৃত জন্তু**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (خ . ن . ق) মাসদার اَلْاِنْخِنَاقُ অর্থ– শ্বাসরোধ করে হত্যা করা।

اَلْمَوْقُوْذَةُ : **প্রহারে মৃত জন্তু**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (و . ق . ذ) মাসদার اَلْوَقْذُ অর্থ– আঘাত করা; প্রহার করা; ভূপাতিত করা।

اَلْمُتَرَدِّيَةُ : **পতনে মৃত জন্তু**। যে পশু উঁচু স্থান থেকে পড়ে নিহত হয়েছে। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَدِّيْ অর্থ– উঁচু স্থান থেকে পড়া; পতিত হওয়া।

اَلنَّطِيْحَةُ : **শৃঙ্গাঘাতে মৃত জন্তু**। সীগাহ واحد مؤنث মুশাব্বাহ। فَعِيْلَةٌ-এর ওজনে, مفعولة অর্থে। বাব فَتَحَ মূলবর্ণ (ن . ط . ح) মাসদার اَلنَّطْحُ অর্থ– শিং দ্বারা আঘাত করা।

اَلسَّبُعُ : **হিংস্র পশু**। বহুবচন, একবচন– سِبَاعٌ

ذَكَّيْتُمْ : **তোমরা জবাই করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ . ك . ى) মাসদার اَلتَّذْكِيَةُ অর্থ– জাবই করা।

مَا ذُبِحَ : **যা জবাই করা হয়েছে/ যা বলি দেওয়া হয়েছে**। মাউসূলাহ। ما সীগাহ ذبح واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মাসদার اَلذَّبْحُ মূলবর্ণ (ذ . ب . ح) জবাই করা; বলি দেওয়া।

اَلنُّصُبُ : **মূর্তিপূজার বেদী**। শব্দটি বহুবচন নাকি একবচন, এ ব্যাপারে মতভেদ রয়েছে। বহুবচনের অবস্থায় এর একবচন হবে نِصَابٌ ; আর একবচনের অবস্থায় বহুবচন হবে أَنْصَابٌ

تَسْتَقْسِمُوْا : **তোমরা ভাগ্য নির্ণয় করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق . س . م) মাসদার اَلْاِسْتِقْسَامُ অর্থ– বণ্টন করা। ভাগ্য নির্ণয় করা।

اَزْلَامِ : **জুয়ার তীর**। একবচন زَلَمٌ ; পালকবিহীন তীরকে زَلَمٌ বলা হয়। اَزْلَامٌ দ্বারা উদ্দেশ্য ঐ সমস্ত তীর যা জাহিলিয়্যাত যুগে ভাগ্য পরীক্ষার জন্য নির্ধারিত ছিল। এ কাজের জন্য সাতটি তীর ছিল। তন্মধ্যে একটিতে نَعَمْ (হাঁ), একটিতে لَا (না) এবং অন্যগুলোতে অন্য শব্দ লিখিত ছিল। এ তীরগুলো কা'বাগৃহের খাদেমের কাছে থাকত। কেউ ভাগ্য পরীক্ষা করতে চাইলে অথবা কোনো কাজ করার পূর্বে তা উপকারী হবে না অপকারী? তা জানতে চাইলে সে কা'বার খাদেমের কাছে পৌছে একশত মুদ্রা উপঢৌকন দিত। খাদেম তুন থেকে একটি একটি করে তীর বের করত। 'হ্যাঁ' শব্দবিশিষ্ট তীর বের হয়ে আসলে মনে করা হতো যে, কাজটি উপকারী। পক্ষান্তরে 'না' শব্দবিশিষ্ট তীর বের হলে তারা বুঝে নিত যে, কাজটি করা ঠিক হবে না।

يَئِسَ : **তারা হতাশ হয়েছে; নিরাশ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ي . أ . س) মাসদার اَلْيَأْسُ জিনস مهموز عين অর্থ– নিরাশ হওয়া; হতাশ হওয়া।

اَكْمَلْتُ : **আমি পূর্ণাঙ্গ করলাম**। সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك . م . ل) মাসদার اَلْاِكْمَالُ পূর্ণ করা।

اَتْمَمْتُ : **আমি সম্পূর্ণ করলাম**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت . م . م) মাসদার اَلْاِتْمَامُ অর্থ– পূর্ণ করা; সম্পূর্ণ করা।

رَضِيْتُ : **আমি মনোনীত করলাম; আমি রাজি হয়ে গেলাম**। সীগাহ ماضى معروف বহছ واحد متكلم বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ و) মাসদার اَلرِّضَى، اَلرِّضْوَانُ، اَلْمَرْضَاةُ ; اَلرِّضْى অর্থ– সন্তুষ্ট হওয়া; রাজি হওয়া; পছন্দ হওয়া।

مَنِ اضْطُرَّ : **যে বাধ্য হয়। অনন্যোপায় হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلْاِضْطِرَارُ অর্থ– বাধ্য হওয়া; অনন্যোপায় হওয়া।

مَخْمَصَةٍ : **ক্ষুধা; ক্ষুধার তাড়না**।

مُتَجَانِفٍ : **আকৃষ্ট; যে ঝুঁকে পড়েছে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّجَانُفُ মূলবর্ণ (ج ـ ن ـ ف) অর্থ– ধাবিত হওয়া; আকৃষ্ট হওয়া; ঝুঁকে পড়া।

আয়াত : ৪

اُحِلَّ : **হালাল করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْاِحْلَالُ অর্থ– হালাল করা; বৈধ করা।

اَلطَّيِّبَاتُ : **পবিত্র জিনিসসমূহ**। উত্তম জিনিসসমূহ। একবচন– طَيِّبَةٌ

اَلْجَوَارِحِ : **শিকারী পশু-পক্ষী**। একবচন جَارِحَةٌ শিকারকারী প্রাণী। মাসদার اَلْجَرْحُ অর্থ– আহত করা; যখম করা।

مُكَلِّبِيْنَ : **শিকার প্রশিক্ষণদাতা**। ট্রেনিংদাতা। –(খতীবে বাগদাদী) যে শিকারের জন্য পশু-পক্ষী ছাড়ে। –(জালালাইন)

مَا اَمْسَكْنَ : **যা তারা আটকে রাখে; যা তারা ধরে আনে**। ما মাউসূলাহ। امسكن সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ– আটকে রাখা; ধরে রাখা।

سَرِيْعُ : **দ্রুত; অত্যন্ত তৎপর**। বাব كرم-এর سُرْعَةٌ মাসদার থেকে فَعِيْلٌ-এর ওজনে فاعل অর্থে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। কামূসে রয়েছে, আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ বা দ্রুত হিসাব গ্রহণকারী হওয়ার অর্থ হলো তাঁর হিসাব গ্রহণ অবশ্যই হবে। অথবা তাঁর এক হিসাব অন্য হিসাব থেকে সরিয়ে বা এক বস্তু অন্য বস্তু থেকে সরিয়ে বিরত রাখবে না। অথবা তিনি যা ইচ্ছা করেন তা সম্পাদন হতে বিলম্ব লাগে না। কারণ আল্লাহ তা'আলার সকল কাজ যে কোনো ধরনের প্রচেষ্টা ও তদবীর ছাড়াই মুহূর্তের মধ্যেই সংঘটিত হয়ে যায়। তদ্রূপভাবে মানুষের পুনরুত্থানের পর কোনো ধরনের প্রতিবন্ধকতা ছাড়াই তিনি হিসাব গ্রহণ করবেন।

আয়াত : ৫

اَلْمُحْصَنٰتُ : **সধবা স্ত্রীগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ ; মু'জামুল কুরআন গ্রন্থকারের মতে সূরা নিসার প্রথমে اَلْمُحْصَنَاتُ দ্বারা উদ্দেশ্য হলো স্বাধীন সতী নারী, কুমারী হোক বা না হোক। দ্বিতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো স্বামীবিশিষ্টা নারী, তৃতীয়টি দ্বারা উদ্দেশ্য হলো স্বাধীন কুমারী নারী। ছা'লাবী বলেন, যে কোনো স্বাধীন সতী নারীকে مُحْصِنَةٌ ও مُحْصَنَةٌ বলা হয়। আর স্বামীবিশিষ্টাকে مُحْصَنَةٌ (ইসমে মাফঊল) বলা হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন– اَلْمُحْصَنَاتُ পবিত্র কুরআনের যেখানে حرمت-এর পরে এসেছে সেখানে স্বামীবিশিষ্টা নারী উদ্দেশ্য এবং সেটা اسم مفعول-এর সীগাহ হবে। আর যদি حرمت-এর পরে না হয় সেখানে ইসমে ফা'য়েল, ইসমে মাফঊল উভয়টিই জায়েজ আছে, স্বামীবিশিষ্টা হোক বা যে কোনো সতী নারী হোক। মূলত اِحْصَانٌ অর্থ হলো সংরক্ষণ করা। ব্যক্তিগত আভিজাত্য বা চারিত্রিক পবিত্রতার কারণে যদি কোনো নারী ব্যভিচার থেকে নিজেকে রক্ষা করে তাকে مُحْصَنَةٌ বলা হয়।

اُجُوْرَهُنَّ : **তাদের মোহরানা**। اُجُوْرٌ মুযাফ هُنَّ যমীর মুযাফ ইলাইহি।

مُحْصِنِيْنَ : **যাদের স্ত্রী বা দাসী আছে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব افعال মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার الاحصان অর্থ– হেফাজতে রাখা; সংরক্ষণ করা।

مُسَافِحِيْنَ : **ব্যভিচারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (س - ف - ح) মাসদার اَلْمُسَافَحَةُ অর্থ– ব্যভিচার করা; জেনা করা।

مُتَّخِذِىْ : **গ্রহণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব افتعال মাসদার الاتخاذ মূলবর্ণ (أ - خ - ذ) অর্থ– বানানো; গ্রহণ করা। مُتَّخِذِىْ মূলত مُتَّخِذِيْنَ ছিল। ইযাফতের কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

اَخْدَانٍ : **গোপন প্রণয়িনী**। গোপন বন্ধু। خِدْنٌ -এর বহুবচন, যা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য ব্যবহৃত হয়।

حَبِطَ : **তা নিষ্ফল বা অকেজো হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سمع মূলবর্ণ (ح - ب - ط) মাসদার اَلْحَبْطُ অর্থ– নিষ্ফল হওয়া; অকেজো হওয়া।

اَلْخَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سمع মাসদার اَلْخَسْرُ ও اَلْخُسْرَانُ মূলবর্ণ (خ - س - ر) অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৬

قُمْتُمْ : **তোমরা দাঁড়াবে; তোমরা প্রস্তুত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقِيَامُ মূলবর্ণ (ق - و - م) অর্থ– দাড়ানো; দণ্ডায়মান হওয়া।

اَلْمَرَافِقِ : **কনুইসমূহ**। শব্দটি বহুবচন, একবচনে مِرْفَقٌ যা اسم آلة -এর সীগাহ। মূলত مَرَافِق ঐ সমস্ত বস্তুকে বলা হয় যার উপর ভর করে মানুষ আরাম অনুভব করে বা উপকৃত হয়। কনুইয়ের সাহায্যেও মানুষ আরাম ও শান্তি অর্জন করে এ কারণেই مِرْفَق কে কনুই বলা হয়। مَرَافِقِ الدَّار বলা হয় ঘরের ঐ সমস্ত অংশ যা দ্বারা উপকৃত হওয়া যায়, যেমন ছাদের নর্দমা, বাথরুম, দরজা, রাস্তা ইত্যাদি।

وَامْسَحُوْا : **তোমরা মাসেহ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْمَسْحُ মূলবর্ণ (م - س - ح) অর্থ– মাসহ করা; মুছে দেওয়া; হাত বুলানো।

اَلْكَعْبَيْنِ : **পায়ের গ্রন্থিদ্বয়**। দ্বিবচন, একবচন হলো كَعْب টাখনুদ্বয়। পায়ের গোড়ালির উপরের উত্থিত গ্রন্থিকে كَعْب বলা হয়। দুদিকে দুটি গ্রন্থি হওয়ার কারণে كَعْبَيْن বলা হয়েছে।

جُنُبًا : **অপবিত্র**। স্ত্রীর সাথে সহবাস করা বা যে কোনো প্রকারের রেতঃপাতহেতু যে অপবিত্র হয় এবং যার দ্বারা গোসল ফরজ হয় তাকে جُنُب বলা হয়। শাব্দিক অর্থ– হওয়া; দূর করা। جُنُبِىْ ব্যক্তি যেহেতু গোসল না করা পর্যন্ত নামাজ, মসজিদ ইত্যাদি থেকে দূরে থাকে তাই তাকে جُنُبِىْ বলা হয়।

اِطَّهَّرُوْا : **তোমরা বিশেষভাবে পবিত্রতা অর্জন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تفعل মূলবর্ণ (ط - ه - ر) মাসদার اَلتَّطَهُّرُ অর্থ– বিশেষভাবে পবিত্রতা অর্জন করা; উত্তমরূপে পবিত্র হওয়া। শব্দটি মূলত تَطَهَّرُوْا ছিল। تا ও طا নিকটবর্তী মাখরাজের হরফ হওয়ার কারণে একটি অন্যটির মাঝে ইদগাম হয়ে গেছে এবং শুরুতে همزة وصل যোগ করা হয়েছে। এভাবে اِطَّهَّرُوْا হয়ে গেছে। تَطَهُّر শব্দের মধ্যে যেহেতু অতিমাত্রায় পবিত্রতা অর্জন তথা পবিত্রতার প্রতি অধিক যত্নবান হওয়ার অর্থ বিদ্যমান। তাই শরীরের যে সমস্ত স্থানে সহজে পানি পৌছানো যায়, সে সমস্ত স্থানে গোসলের সময় পানি পৌছানো আবশ্যক। নখে আটা লেগে থাকলে যদি সেখানে পানি না পৌছে তবে গোসল হবে না। এ কারণেই ইমাম আবূ হানীফা, আবূ ইউসুফ, মুহাম্মদ, যুফার, লাইস বিন সা'আদ এবং সুফিয়ান সাওরী (র.) প্রমুখ ওলামায়ে কেরাম বলেন, গোসলে কুলি করা এবং নাকে পানি দেওয়া ফরজ।

مَرْضٰى : **পীড়িত; রুগ্ণ**। مَرِيْضٌ -এর বহুবচন।

سَفَرٍ : **সফর, ভ্রমণ**। দূরের পথ অতিক্রম করাকে سفر বলা হয়। বহুবচনে–اَسْفَارٌ ; মূলত سفر অর্থ খুলে দেওয়া; উন্মুক্ত করা। বলা হয়–سَفَرَتِ الْمَرْأَةُ عَنْ وَجْهِهَا (মহিলা তার চেহারা খুলেছে।) সফরকে سفر এ জন্য বলা হয় যে, তা মানুষের দিক ও স্বভাবকে প্রকাশ করে দেয় এবং তার মাঝে যা লুক্কায়িত ছিল তা খুলে দেয়। অভিধানে সফরের নির্দিষ্ট কোনো সীমা নেই। শরিয়তের পরিভাষায় বিশেষ পরিমাণ দূরত্ব অতিক্রম করলে তাকে সফর বলা হয়, যা দ্বারা শরিয়তের বিধান পরিবর্তন হয়ে যায়। তা ইমাম আবূ হানীফা (র.) -এর মতে, উটের পিঠে চড়ে বা পায়ে হেঁটে তিন দিন তিন রাত (মধ্যম গতিতে হেঁটে) অতিক্রম করার ইচ্ছা করে সফর শুরু করলে তাকে

সফর বলা হয়। কারো কারো মতে, দুই দিন দুই রাত আবার কারো মতে একদিন এক রাতের দূরত্বকে সফর বলা হয়। সফর দ্বারা শরিয়তের যে যে বিধান পরিবর্তন হয় তা হলো, নামাজ কসর করা, রোজা ভাঙ্গা বৈধ হওয়া, মোজার উপর মাসাহ এর সময়সীমা তিন পর্যন্ত বৃদ্ধি পাওয়া, জুমা, দুই ঈদের নামাজ ও কুরবানি ওয়াজিব হওয়ার বিধান রহিত হয়ে যাওয়া এবং মাহরাম ব্যতীত স্বাধীন নারী বাইরে বের হওয়া হারাম হওয়া ইত্যাদি।

اَلْغَائِطِ : **শৌচস্থান; টয়লেট**। শব্দটির মূল অর্থ- প্রশস্ত নিম্নভূমি। আরবরা তাদের শৌচকর্ম সম্পাদনের জন্য এ ধরনের ভূমিতে গমন করত বিধায় রূপকার্থে এটি শৌচস্থান অর্থে ব্যবহৃত হতে থাকে।

لٰمَسْتُمْ : **তোমরা স্ত্রী-সঙ্গম করেছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُلَامَسَةُ মূলবর্ণ (ل ـ م ـ س) অর্থ- স্পর্শ করা; যৌন-সম্ভোগ করা।

تَيَمَّمُوْا : **তোমরা তায়াম্মুম কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تفعل মাসদার التيمم অর্থ- ইচ্ছা করা; সংকল্প করা। শরিয়তে এর অর্থ পবিত্র মাটি অথবা মাটির মতো জিনিস দ্বারা পবিত্রতার উদ্দেশ্যে হাত মেরে হাত এবং মুখ মাসাহ করা।

صَعِيْدً : **মাটি**। **জমি**। صَعُوْدٌ থেকে فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। ইমাম রাগেব (র.) বলেন, কারো কারো মতে এর অর্থ- ধুলা। ইমাম শাফেয়ী (র.) বলেন- صَعِيْد ধূলি ব্যতীত অন্য কিছুই নয়। সুতরাং পাথরচূর্ণ তা মোটা হোক বা চিকন তাকে صَعِيْد বলা যাবে না। তাঁর মতে চুনা বা সুরমা দ্বারা তায়াম্মুম করা বৈধ নয়। ইমাম বুখারী (র.) তাঁর সহীহ বুখারীতে صَعِيْد -এর তাফসীর করেছেন وَجْهُ الْاَرْضِ বা ভূপৃষ্ঠ। হাফেয ইবনে হাজার (র.) ফাতহুল বারীতে আবূ উবাইদার মত এটিই বর্ণনা করেছেন। এ কারণেই হানাফী ইমামগণের মতে মাটি জাতীয় যে কোনো জিনিস দ্বারা তায়াম্মুম করলে তা বৈধ হবে, তবে শর্ত হলো তা পবিত্রকারী হতে হবে। যদিও তার উপর ধুলাবালি না জমে। তাই পাথর, চুনা, সুরমা ইত্যাদি দ্বারা তায়াম্মুম করা বৈধ।

طَيِّبًا : **উত্তম; ভালো**। طَابَ يَطِيْبُ থেকে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বহুবচন طَيِّبَاتٌ ; ইমাম রাগেব (র.) বলেন, طَيِّب এমন বস্তুকে বলা হয় যা দ্বারা ইন্দ্র স্বাদ অনুভব করে এবং মন প্রফুল্ল হয়। طَعَام طَيِّب শরিয়তে এমন খাদ্যকে বলা হয় যা বৈধভাবে, বৈধ পরিমাণে বৈধ স্থান থেকে অর্জন করা হয়। কারণ যে খাবার এমন হবে তা বর্তমানে এবং ভবিষ্যতেও طَيِّب -ই থাকবে। নিকৃষ্ট হবে না। নতুবা বর্তমানে যদিও طَيِّب থাকে ; কিন্তু পরবর্তীতে তা ক্ষতিকর হয়ে যাবে। এ অর্থেই আল্লাহ বলেন- فَكُلُوْا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنٰكُمْ ;كُلُوْا অন্যত্র বলেন, مِمَّا رَزَقْنٰكُمْ حَلٰلًا طَيِّبًا ইত্যাদি।

حَرَجٍ : **কষ্ট**। **অসুবিধা**। **সংকীর্ণতা; ক্ষতি; পাপ**। মূলত কোনো কিছু সমবেত হওয়ার স্থানকে حرج বলা হয়। আর কোনো বস্তু এক স্থানে সমবেত হলে যেহেতু সংকীর্ণতা হয়েই থাকে তাই সংকীর্ণতা ও গুনাহকে حرج বলা হয়।

لِيُطَهِّرَكُمْ : **যেন তোমাদেরকে পবিত্র করতে পারেন**। সীগাহ واحد مذكر غائب يُطَهِّرَ ; لام كى বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার تَطْهِيْر পবিত্র করা; পরিশুদ্ধ করা।

আয়াত : ৭

مِيْثَاقَ : **অঙ্গীকার; প্রতিশ্রুতি**। একবচন, বহুবচন مَوَاثِيْقُ ; মূলত مِيْثَاقٌ শব্দটি مِوْثَاقٌ ছিল। واو সাকিন তার পূর্বে যের তাই واو কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। ফলে مِيْثَاقٌ হয়ে গেছে।

وَاثَقَ : **সে অঙ্গীকার করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (و ـ ث ـ ق) মাসদার اَلْمُوَاثَقَةُ অর্থ- পরস্পর অঙ্গীরাবদ্ধ হওয়া।

اَطَعْنَا : **আমরা মান্য করেছি; আনুগত্য করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার الاطاعة মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ- আনুগত্য করা।

اَلصُّدُوْرُ : **বক্ষ; সিনা**। বহুবচন, একবচন- صدر

আয়াত : ৮

قَوَّامِيْنَ : **অবিচলগণ; প্রতিষ্ঠিতগণ**। সীগাহ جمع مذكر বহছ مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দণ্ডায়মান হওয়া; প্রতিষ্ঠিত হওয়া।

شُهَدَآءَ : **সাক্ষ্যদানকারীগণ**। বহুবচন, একবচন– شَهِيْدٌ

بِالْقِسْطِ : **ন্যায়পরায়ণতার সাথে; ইনসাফের সাথে**। بـا হরফে জার। اَلْقِسْطُ এটি এমন ইসমে মাসদার যা থেকে কোনো فعل উদ্ভূত হয় না। একবচন, বহুবচন اَقْسَاطٌ অর্থ– অংশ, ভাগ, পরিমাণ, দাড়িপাল্লা, ঋণের কিস্তি। এটি বাব نَصَرَ ও ضَرَبَ -এর মাসদার। আর এর অর্থ– অন্যায় করা; অবিচার করা। এটি বিপরীতার্থক শব্দ।

لَا يَجْرِمَنَّكُمْ : **তোমাদেরকে যেন প্ররোচিত না করে**। সীগাহ نهى غائب معروف واحد مذكر غائب বহছ اَلْجَرْمُ বাব ضَرَبَ মাসদার بانون تاكيد ثقيلة মূলবর্ণ (ج ـ ر ـ م) অর্থ– প্ররোচিত করা।

شَنَاٰنُ : **বিদ্বেষ; শত্রুতা**। এটি বাব سَمِعَ -এর মাসদার বাব فَتَحَ থেকে اَلشَّنَاٰةُ - اَلشَّنْاٰنُ -ও আসে। মূলবর্ণ (ش ـ ن ـ أ) জিনস مهموز لام অর্থ– শত্রুতা ও অসদাচরণের সাথে বিদ্বেষ পোষণ করা।

اَلَّا تَعْدِلُوْا : **তোমরা সুবিচার/পক্ষপাতিত্ব করবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ ل) মাসদার اَلْعَدْلُ পক্ষপাতিত্ব করা। মূলত اَنْ لَا تَعْدِلُوْا ছিল। নূনটিকে লামের মধ্যে ইদগাম করা হয়েছে। আর ان ناصبة -এর কারণে বহুবচনের নূন পড়ে গেছে।

আয়াত : ১০

اَلْجَحِيْمِ : **জাহান্নাম; উত্তপ্ত অগ্নি**। جَحْمٌ অর্থ– আগুন ভীষণভাবে প্রজ্বলিত হওয়া। جَحِيْم তা থেকেই নির্গত হয়েছে। যা فَعِيْل এর ওজনে এবং فاعل অর্থে হয়েছে। যথা– ইবনে জুরাইজ থেকে বর্ণিত আছে জাহান্নামের সাতটি স্তর রয়েছে। ১. জাহান্নাম, ২. লাযা, ৩. হুতামা, ৪. সায়ীর, ৫. সাকার, ৬. জাহীম, ৭. হাবিয়া।

আয়াত : ১১

اِذْ هَمَّ : **যখন তারা ইচ্ছা করেছিল/ উপক্রম হয়েছিল**। هم সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ م ـ م) মাসদার اَلْهَمُّ অর্থ– ইচ্ছা করা।

يَبْسُطُوْا : **তারা প্রসারিত করে; তারা উত্তোলন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ س ـ ط) মাসদার اَلْبَسْطُ অর্থ– প্রসারিত করা; উত্তোলন করা।

كَفَّ : **তিনি নিবৃত্ত করেছিলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ف) মাসদার الكف। অর্থ– বিরত রাখা; বাধাপ্রদান করা; নিবৃত্ত করা।

فَلْيَتَوَكَّلْ : **সে যেন নির্ভর করে**। فـا হরফে আতফ। ليتوكل সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ১২

بَعَثْنَا : **আমরা প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

نَقِيْبًا : নেতা। গোত্রপ্রধানের পক্ষ থেকে অঙ্গীকারের দায়িত্বশীল। –(সুয়ূতী) স্বগোত্রীয়দের অবস্থা পর্যবেক্ষণকারী। –(মাদারিক) বহুবচনে– نُقَبَاءُ

عَزَّرْتُمُوْهُمْ : **তোমরা তাদের সম্মান করেছো**। সীগাহ جمع مذكر حاضر ; هم যমীর جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ز ـ ر) মাসদার اَلتَّعْزِيْرُ অর্থ– কামূসে تعزير -এর কয়েকটি অর্থ লিখা হয়েছে। যথা– শরিয়তে কোনো শাস্তির নির্ধারিত হদ থেকে কম প্রহার করা; অথবা প্রচুর প্রহার করা। সম্মান করা। সাহায্য করা।

اَقْرَضْتُمْ : **তোমরা ঋণ প্রদান কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْرَاضُ মূলবর্ণ (ق ـ ر ـ ض) অর্থ– ঋণ প্রদান করা।

جَنّٰتٍ : **জান্নাত**। **উদ্যান; বাগান**। একবচনে– جنة পরকালীন চির সুখের নিবাসকে জান্নাত বলা হয়।

আয়াত : ১৩

فَبِمَا نَقْضِهِمْ : **তাদের অঙ্গীকার ভঙ্গের জন্য**। ما মাউসূলাহ। نَقْضٌ মাসদার, মুযাফ। বাব نَصَرَ ; هم যমীর মুযাফ ইলাইহি।

لَعَنَّا : **আমি লা'নত করেছি। অভিশাপ দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اَللَّعْنُ ও اَللَّعْنَةُ অর্থ– অভিশাপ দেওয়া; রহমত ও কল্যাণ থেকে দূরে রাখা।

قَسِيَةً : **শক্ত; কঠিন।** সীগাহ واحدمؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ س ـ و) মাসদার اَلْقَسْوَةُ কঠিন হওয়া।

يُحَرِّفُوْنَ : **তারা বিকৃত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْفُ মূলবর্ণ (ح ـ ر ـ ف) অর্থ– বিকৃত করা; পরিবর্তন করা।

اَلْكَلِمَ : **শব্দসমূহ।** কতিপয় ভাষাবিদ এটাকে كلمة -এর বহুবচন বলেছেন। তাফসীরে রূহুল মা'আনীতে এটাকে جنس جمعى বলা হয়েছে। কুরআনের ব্যবহার দ্বারা সেটিই সঠিক বলে মনে হয়। কেননা বিভিন্ন আয়াতে এর সমর্থন পাওয়া যায়। যেমন বিভিন্ন আয়াতে الكلم -এর জন্য واحد مذكر -এর যমীর ব্যবহার করা হয়েছে। এখানে كلم দ্বারা তওরাতের শব্দসমূহই উদ্দেশ্য। তবে ইহুদিরা কি তাতে শাব্দিক পরিবর্তন করেছেন না অর্থগত পরিবর্তন করেছেন? সে ব্যাপারে মতভেদ রয়েছে। ইমাম রাগেব (র.) দ্বিতীয় মত গ্রহণ করেছেন। আর হযরত ইবনে আব্বাস (রা.) প্রথম মতকে সঠিক বলেছেন। কতিপয় ওলামায়ে কেরাম উভয় মতের সমন্বয় করেছেন এভাবে যে, ইহুদি আলেমগণ প্রথমত শব্দগত বিকৃতি করেছিল। কিন্তু তা সর্বগৃহীত না হওয়ায় বাধ্য হয়েই শব্দকে যথাস্থানে রেখে তাতে নিজেদের ইচ্ছে মতো অর্থ বর্ণনা করেছেন।

نَسُوْا : **তারা ভুলে গেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ– ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

حَظًّا : **অংশ; হিস্যা।** একবচন, বহুবচন حُظُوْظٌ

ذُكِّرُوْا : **তাদের উপদেশ দেওয়া হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ– উপদেশ দেওয়া।

لَا تَزَالُ : **তুমি বিচ্যুত হবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع منفى বাব سَمِعَ মাসদার اَلزَّيْلُ মূলবর্ণ (ز ـ ى ـ ل) অর্থ– বিচ্যুত হওয়া।

تَطَّلِعُ : **তুমি অবগত হবে।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِطِّلَاعُ অর্থ– অবগত হওয়া।

خَائِنَةٍ : **বিশ্বাস ভঙ্গকারী; বিশ্বাসঘাতক।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْخِيَانَةُ মূলবর্ণ (خ ـ و ـ ن) অর্থ– বিশ্বাস ভঙ্গ করা। খেয়ানত করা।

اِصْفَحْ : **তুমি ক্ষমা কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ف ـ ح) মাসদার اَلصَّفْحُ অর্থ– ক্ষমা করা।

আয়াত : ১৪

نَصٰرٰى : **নাসারা; খ্রিস্টান।** হযরত ঈসা (আ.) -এর অনুসারীদেরকে নাসারা বলা হয়। একবচন نصران বা نصرانى এদেরকে নাসারা বলার কারণ সম্ভবত এই যে, হযরত ঈসা (আ.) -এর অনুসারী ও সাহায্যকারীরা নিজেদেরকে اَنْصَارُ اللّٰهِ বলেছিল। সুতরাং যারাই হযরত ঈসা (আ.)-এর ধর্মের অনুসারী তারা তাঁর আনসারদের দিকে সম্পৃক্ত হয়ে গেছে তাই তাদেরকে نصرى বলা হয়। –(কামূস ও মুফরাদাত) অথবা نصران -এর দিকে নিসবত করে তাদেরকে نصرى বলা হয়। نصران হলো একটি বস্তির নাম। –(মুফরাদাত)

اَغْرَيْنَا : **আমি জাগরূক রেখেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ و) মাসদার اَلْاِغْرَاءُ অর্থ– উত্তেজিতকরণ; প্ররোচিত করা; জাগরূক করা।

اَلْعَدَاوَةَ : **শত্রুতা।** মাসদার, বাব نَصَرَ

اَلْبَغْضَاءَ : **বিদ্বেষ।**

يُنَبِّئُهُمْ : **তাদেরকে জানিয়ে দিবেন; অবহিত করবেন।** সীগাহ واحد مذكر غائب ; هم যমীর মাফউল। বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সংবাদ প্রদান করা।

يَصْنَعُوْنَ : **তারা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ن ـ ع) মাসদার اَلصُّنْعُ অর্থ− করা; বানানো।

আয়াত : ১৫

تُخْفُوْنَ : **তোমরা গোপন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ− গোপন করা; লুকানো।

يَعْفُوْا : **তিনি উপেক্ষা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ− ক্ষমা করা; উপেক্ষা করা।

نُوْرٌ : **জ্যোতি; আলো**। একবচন, বহুবচন−اَنْوَارٌ

আয়াত : ১৬

بِاِذْنِهٖ : **নিজ অনুমতিক্রমে**। با হরফে জার। اِذْنٌ মাসদার, মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) অর্থ− সংবাদ দেওয়া; অবহিত করা।

আয়াত : ১৭

يُهْلِكَ : **সে ধ্বংস করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাবে اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ− ধ্বংস করা।

আয়াত : ১৮

اَبْنَاءُ : **পুত্র**। বহুবচন, একবচন− اِبْنٌ

اَحِبَّاءُ : **প্রিয়পাত্র; প্রিয়**। বহুবচন, একবচন− حَبِيْبٌ

يُعَذِّبُ : **তিনি শাস্তি দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ− শাস্তি প্রদান করা।

بَشَرٌ : **মানুষ। মূলত ত্বকের বহিরাবরণকে** بَشَرَةٌ বলা হয়। আর ভিতরের আবরণকে বলা হয় ادمة ; শব্দটি একবচন, বহুবচনে بُشُرٌ ও اَبْشَارٌ ; মানুষকে এ بَشَرٌ জন্যই বলা হয় যে, অন্যান্য প্রাণীর ত্বক লোম দ্বারা আচ্ছাদিত থাকে; কিন্তু মানুষের ত্বক আনাবৃত থাকে। একবচন ও বহুবচন উভয়ের জন্যই بَشَر ব্যবহার হয়, তবে দ্বিবচনের ক্ষেত্রে بَشَرَيْن ব্যবহার হয়।

اَلْمَصِيْرُ : **প্রত্যাবর্তনস্থল**। বাব ضرب থেকে ظرف مكان

আয়াত : ১৯

فَتْرَةٍ : **বিরতি**। কোনো নবীর শরিয়ত শিথীল হওয়া এবং পরবর্তী নবী ততক্ষণ পর্যন্ত প্রেরিত না হওয়া। সুতরাং দুই নবীর মধ্যবর্তী বিরতিকালকে فَتْرَة বলা হয়। (−রাগেব) আল্লামা সুয়ূতী فَتْرَة -এর তরজমা করেছেন বিচ্ছিন্ন হওয়া। −(জালালাইন) একবচন, বহুবচন فَتَرَاتٌ

بَشِيْرٍ : **সুসংবাদবাহী**। সীগাহ واحد مذكر সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْبَشَرُ অর্থ− সুসংবাদ দেওয়া।

نَذِيْرٍ : **সাবধানকারী; ভীতি প্রদর্শনকারী**। একবচন, বহুবচন نذر

আয়াত : ২০

اَنْبِيَاءَ : **নবীগণ**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। একবচনে− نَبِىٌّ ; মূলত نَبِيْئٌ ছিল। হামযাহ ইয়া দ্বারা পরিবর্তন করে ياء কে ياء -এর মধ্যে ইদগাম করা হয়েছে। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৯১ দ্রষ্টব্য)

مُلُوْكًا : **রাজ্যাধিপতি। বহুবচন**; একবচন− مَلِكٌ

আয়াত : ২১

اَلْاَرْضَ الْمُقَدَّسَةَ : **পবিত্র ভূমি**। এর দ্বারা তৎকালীন শাম ও বর্তমান সিরিয়া, ফিলিস্তীন ও জর্দানের কিছু অংশ উদ্দেশ্য।

لَا تَرْتَدُّوْا : **তোমরা ফিরে যেয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلْاِرْتِدَادُ অর্থ− প্রত্যাবর্তন করা; ফিরে যাওয়া।

اَدْبَارِكُمْ : **তোমাদের পশ্চাতে**। বহুবচন, একবচন− دُبُرٌ অর্থ− নিতম্ব; পশ্চাদাংশ।

فَتَنْقَلِبُوْا : **অতঃপর তোমরা ফিরে আসবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ− পরিবর্তন হওয়া; প্রত্যাবর্তন করা।

خَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرُ ও اَلْخُسْرَانُ অর্থ- ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ২২

قَوْمًا جَبَّارِيْنَ : **দুর্দান্ত সম্প্রদায়**। অবাধ্য সম্প্রাদয়। قوم -এর বহুবচন اَقْوَامٌ জাতি; দল। جَبَّارِيْنَ শব্দটি جَبْرٌ থেকে মুবালাগার সীগাহ।

আয়াত : ২৩

اَنْعَمَ : **তিনি অনুগ্রহ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ع ـ م) মাসদার اَلْاِنْعَامُ অর্থ- অনুগ্রহ করা; পুরস্কার প্রদান করা।

غَالِبُوْنَ : **বিজয়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضرب মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার الغلبة অর্থ- বিজয়ী হওয়া। একবচন- غَالِبٌ

تَوَكَّلُوْا : **তোমরা নির্ভর কর; ভরসা করা**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ- ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ২৪

دَامُوْا : **তারা অবস্থান করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ و ـ م) মাসদার اَلدَّوَامُ অর্থ- স্থায়ী হওয়া; অবস্থান করা। এটি فعل ناقص

اَلْقٰعِدُوْنَ : **উপবিষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ع ـ د) মাসদার اَلْقُعُوْدُ অর্থ- বসা; উপবেশন করা।

আয়াত : ২৫

فَافْرُقْ : **আপনি ফয়সালা করে দিন; মীমাংসা করে দিন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ وَ ضَرَبَ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلْفَرْقُ অর্থ- পার্থক্য করা; বিদীর্ণ করা; সিদ্ধান্ত করা।

আয়াত : ২৬

مُحَرَّمَةٌ : **নিষিদ্ধ; অবৈধ; হারামকৃত**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ- হারাম করা; নিষিদ্ধ করা।

يَتِيْهُوْنَ : **তারা উদ্ভ্রান্ত হয়ে ঘুরে বেড়াবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ت ـ ي ـ ه) মাসদার اَلتَّيْهُ অর্থ- উদ্ভ্রান্ত হয়ে ঘুরে বেড়ানো।

لَا تَأْسَ : **তুমি দুঃখ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْاَسٰى অর্থ- দুঃখিত হওয়া; চিন্তিত হওয়া।

আয়াত : ২৭

اُتْلُ : **তুমি তেলাওয়াত কর; তুমি পাঠ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা।

اِبْنَىْ اٰدَمَ : **আদম (আ.)-এর দুই সন্তান তথা হাবিল ও কাবিল**।

قَرَّبَا : **তারা পেশ করেছে**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّقْرِيْبُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ- পেশ করা; নিকটবর্তী করা; নৈকট্য অর্জনের উদ্দেশ্যে বলি দেওয়া। تَقْرِيْبٌ শব্দটি قرب থেকে চয়িত, যা স্থান, কাল, আত্মীয়তা, মর্যাদা, তত্ত্বাবধান, সংরক্ষণ ও সামর্থ্য এ সকল অর্থের জন্য হয়ে থাকে।

قُرْبَانًا : **কুরবানি**। قربان অভিধানে এমন বস্তুকে বলা হয় যা আল্লাহর নৈকট্য অর্জনের মাধ্যম হয়। (প্রাণী, প্রাণহীন বস্তু বা সৎকর্ম যে কোনো কিছুই হতে পারে) ইসলামি শরিয়তের পরিভাষায় এমন জন্তুকে বলা হয় যা আল্লাহর নৈকট্য অর্জনের জন্য জবাই করা হয়। বহুবচন قَرَابِيْنُ ; (রাগেব)

تُقُبِّلَ : **গ্রহণ করা হয়েছে। কবুল করা হয়েছে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي مجهول বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلتَّقَبُّلُ অর্থ- গ্রহণ করা; কবুল করা।

আয়াত : ২৮

بَسَطْتَّ : **তুমি প্রশস্ত করেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب. س. ط) মাসদার اَلْبَسْطُ অর্থ– প্রসারিত করা; এখানে অর্থ হলো– মারার উদ্দেশ্যে হাত উঠানো।

مَا اَنَا بِبَاسِطٍ : **আমি প্রসারকারী হব না; আমি হাত তুলব না**। সীগাহ واحد مذكر غائب بَاسِطٌ বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب. س. ط) মাসদার اَلْبَسْطُ অর্থ– সম্প্রসারিত করা; হাত বাড়ানো।

আয়াত : ২৯

تَبُوْأَ : **তুমি ভার বহন কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَوْءُ অর্থ– ভার বহন করা; অর্জন করা; প্রত্যাবর্তন করা।

আয়াত : ৩০

طَوَّعَتْ : **সে তাকে উত্তেজিত করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব تَفْعِيل মূলবর্ণ (ط . و . ع) মাসদার اَلتَّطْوِيْعُ অর্থ– বাধ্য করা; অনুগত করা; উত্তেজিত করা।

اَلْخَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ. س. ر) মাসদার اَلْخَسْرُ ও اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৩১

غُرَابًا : **কাক**। একবচন, বহুবচনে– غِرْبَانٌ- اَغْرُبٌ - اَغْرِبَةٌ ; বহুবচনের বহুবচন– غَرَابِيْنَ ; মূলত غُرَابٌ - غرب অর্থ– তীক্ষ্ণ, আর কাকও খুব চালাক হয়ে থাকে তাই তাকে غُرَابٌ বলা হয়।

يُوَارِيْ : **সে গোপন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُوَارَاةُ মূলবর্ণ (و. ر. ي) অর্থ– গোপন করা; লুকানো।

سَوْأَةَ اَخِيْهِ : **তার ভ্রাতার শবদেহ**। سَوْأَةَ অর্থ– শবদেহ, ত্রুটি, লজ্জা। আল্লামা যমখশরী (র.) বলেন– سَوْأَة অর্থ– অসম্মান করা; লাঞ্ছিত করা; সম্ভ্রম নষ্ট করা। কেননা তাতে অনিষ্টতা থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন, এর অর্থ– রূপকার্থে লজ্জাস্থান। আল্লামা ইবনুল আছীর (র.) বলেন, মূলত سَوْأَة অর্থ– লজ্জাস্থান। পরবর্তীতে এমন যে কোনো বস্তু যা প্রকাশ পেলে লজ্জিত হতে হয়, যদিও কথা হোক বা কাজ। ইমাম লাইছ (র.) বলেন, এর অর্থ– পুরুষ মহিলা উভয়ের লজ্জাস্থান। যেমন আল্লাহ বলেন – بَدَتْ لَهُمَا سَوْآتُهُمَا (উম্মুক্ত হয়ে গেছে তাদের লজ্জাস্থান) এবং এর অর্থ যে কোনো দূষণীয় কাজ বা বিষয়। এখানে سَوْأَة দ্বারা কী উদ্দেশ্য? সে সম্পর্কে আল্লামা আবূ হাইয়ান (র.) বলেন, সতর উদ্দেশ্য। মূলত পূর্ণ দেহই লুকানো উদ্দেশ্য, তবে সতর ঢাকার গুরুত্ব অধিক। আবার কেউ বলেছেন, পূর্ণ মরদেহ উদ্দেশ্য, কেননা মৃতদেহ পূর্ণটুকুই সতর। এ কারণেই তাকে কাফনের কাপড় দ্বারা ঢাকা হয়। ইবনে আতিয়্যা (র.) বলেন, এ সম্ভাবনাও রয়েছে যে– سَوْأَة দ্বারা এমন অবস্থা উদ্দেশ্য যা সমষ্টিগতভাবে দর্শকের কাছে খারাপ লাগে।

يَاوَيْلَتٰى : **হায়! দুর্ভোগ**। ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْل শব্দের বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা ও মন্দকর্মে প্রবেশ করা। ব্যথিত করা। বিপদগ্রস্ত করা। (এ সকল অর্থে এটি হবে মাসদার)। অনুশোচনা, কঠোরতা, ধমক ও ভর্ৎসনার শব্দ, শাস্তি; তীব্রতা; জাহান্নামের একটি উপত্যকা, কূপ বা দরজার নাম। অনুশোচনা ও অনুতাপবোধক শব্দ।

أَعَجَزْتُ : **আমি কি অক্ষম নই? শুরুর হামযাটি প্রশ্নবোধক**। عَجَزْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ع. ج. ز) মাসদার العجز। অর্থ– অক্ষম হওয়া।

اَلنّٰدِمِيْنَ : **অনুতপ্ত; লজ্জিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ن . د . م) মাসদার اَلنَّدَامَةُ অর্থ– অনুতপ্ত হওয়া; লজ্জিত হওয়া।

আয়াত : ৩২

مِنْ اَجْلِ ذٰلِكَ : **এ কারণেই**। اَجْلِ মাসদার। অর্থ– কারণ; জন্য।

فَسَادٍ : **ধ্বংসাত্মক কার্য; ত্রাস; ফ্যাসাদ**। এটি اسم فعل

وَمَنْ اَحْيَاهَا : **কেউ তার প্রাণ রক্ষা করলে।** اَحْيٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবিত করা; প্রাণ রক্ষা করা।

اَلْبَيِّنٰتِ : **স্পষ্ট দলিলসমূহ।** বহুবচন, একবচন– بينة

مُسْرِفُوْنَ : **সীমালঙ্ঘনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার الاسراف অর্থ– সীমালঙ্ঘন করা।

আয়াত : ৩৩

يُحَارِبُوْنَ : **তারা যুদ্ধ করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُحَارَبَةُ মূলবর্ণ (ح ـ ر ـ ب) অর্থ– যুদ্ধ করা।

يَسْعَوْنَ : **তারা চেষ্টা করে; (ধ্বংসাত্মক কার্য) করে বেড়ায়।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ع ـ ي) মাসদার اَلسَّعْىُ অর্থ– চেষ্টা করা।

يُصَلَّبُوْا : **তাদের শূলবিদ্ধ করা হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّصْلِيْبُ মূলবর্ণ (ص ـ ل ـ ب) অর্থ– শূলবিদ্ধ করা।

تُقَطَّعَ : **কাটা হবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلتَّقْطِيْعُ অর্থ– কর্তন করা; কাটা।

يُنْفَوْا مِنَ الْاَرْضِ : **তাদেরকে দেশ হতে নির্বাসিত করা হবে।** ينفوا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ف ـ ى) মাসদার اَلنَّفْىُ দেশান্তরিত করা; নির্বাসিত করা। يُنْفَوْا মূলত يُنْفَوْنَ ছিল। ان ناصبة -এর কারণে جمع -এর নূন পড়ে গেছে।

خِزْىٌ : **লাঞ্ছনা; অপমান।** এটি বাব ضَرَبَ -এর মাসদার মূলবর্ণ (خ ـ ز ـ ى) জিনস ناقص يائى

আয়াত : ৩৪

تَقْدِرُوْا : **তোমরা সক্ষম হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقُدْرَةُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ– সক্ষম হওয়া। ان ناصبة -এর কারণে جمع -এর নূন পড়ে গেছে।

আয়াত : ৩৫

اِتَّقُوْا : **তোমরা ভয় কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা।

اِبْتَغُوْا : **তোমরা অন্বেষণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ– অন্বেষণ করা; তালাশ করা।

اَلْوَسِيْلَةَ : **উপায়; মাধ্যম; অসিলা।** (বিস্তারিত সূরা বনী ইসরাঈল আয়াত : ৫৭ দ্রষ্টব্য)

আয়াত : ৩৬

لِيَفْتَدُوْا : মুক্তিপণ দেওয়ার জন্য। لام كى ; يفتدوا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ د ـ ي) মাসদার اَلْاِفْتِدَاءُ অর্থ– ফিদইয়া দেওয়া; মুক্তিপণ দেওয়া।

عَذَابٌ اَلِيْمٌ : **মর্মন্তুদ শাস্তি।** عذاب -এর বহুবচন হলো اعذبة অর্থ– শাস্তি। اَلِيْمٌ বাব سَمِعَ মাসদার الالم হতে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ।

আয়াত : ৩৭

عَذَابٌ مُقِيْمٌ : **স্থায়ী শাস্তি।** عذاب শাস্তি; বহুবচন اعذبة ; مقيم সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ অর্থ– অবস্থান করা।

আয়াত : ৩৮

اَلسَّارِقُ : **পুরুষ চোর।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ر ـ ق) মাসদার اَلسَّرِقَةُ অর্থ– চুরি করা।

جَزَاءً : **প্রতিফল; শাস্তি।** ভালো কাজের জন্য পুরস্কৃত করা, মন্দ কাজের জন্য শাস্তি দেওয়া।

نَكَالاً : দৃষ্টান্তমূলক শাস্তি। আদর্শ দণ্ড। এটি ইসমে মানসূব নাকেরা।

আয়াত : ৩৯

اَصْلَحَ : **সে সংশোধন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

আয়াত : ৪১

لَايَحْزُنْكَ : **তোমাকে যেন দুঃখ না দেয়।** সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– চিন্তা করা; দুঃখ করা। حُزْن ও خَوف -এর মধ্যে পার্থক্য হলো, خَوف বলা হয় এমন ভয়কে যা কোনো বিপদ আসার পূর্বে হয়ে থাকে। আর حُزْن বলা হয় এমন আশঙ্কাকে যা বিপদ আসার পরে হয়ে থাকে। তাফসীরে বায়যাভীতে রয়েছে– اَلْخَوْفُ عَلَى الْمُتَوَقَّعِ وَ الْحُزْنُ عَلَى الْوَاقِعِ

يُسَارِعُوْنَ : **তারা দ্রুত ধাবিত হয়/ তারা প্রতিযোগিতা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (س ـ ر ـ ع) মাসদার اَلْمُسَارَعَةُ অর্থ– ত্বরা করা; তাড়াহুড়া করা; প্রতিযোগিতা করা।

بِاَفْوَاهِهِمْ : **তাদের মুখ দ্বারা।** با হরফে জার। افواه মুযাফ, বহুবচন, একবচনে– فوه ও فم অর্থ– মুখ।

هَادُوْا : **তারা ইহুদি ছিল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْهَوْدُ অর্থ– ইহুদি হওয়া। হযরত মূসা (আ.)-এর অনুসারীদেরকে ইহুদি বলা হয়।

سَمّٰعُوْنَ : **শ্রবণে তৎপর; কান লাগিয়ে শ্রবণকারী। গোয়েন্দা।** سَمِعَ থেকে মুবালাগার جمع مذكر -এর সীগাহ। একবচনে– سماع উল্লেখ্য কান লাগিয়ে শ্রবণ করা কখনও গুপ্তচরবৃত্তির জন্য হয়, আবার কখনও গ্রহণ করা ও মান্য করার জন্য হয়। এ কারণেই سماع -এর ব্যবহার গোয়েন্দা এবং অনুগত উভয়ের জন্য হয়ে থাকে।

يُحَرِّفُوْنَ : **তারা বিকৃত করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ر ـ ف) মাসদার اَلتَّحْرِيْفُ অর্থ– বিকৃত করা; পরিবর্তন করা। অধিকাংশ মুফাসসির লিখেছেন যে, ইহুদিরা তাওরাতের মধ্যে বিকৃতি করত। রাসূলুল্লাহ ﷺ -এর গুণাবলি যা তাওরাতে বর্ণিত হয়েছিল তা তারা পরিবর্তন করে ফেলেছিল এবং ব্যভিচারের শাস্তির বিধান সম্পর্কিত আয়াত যদিও অবশিষ্ট রেখেছিল; কিন্তু তাতে কিছু শব্দ বিকৃত করে ফেলেছিল। অন্যান্য আয়াতেও অর্থগতভাবে বিকৃতি করে তাদের ইচ্ছামতো শব্দ সংযোজন করে আল্লাহর প্রেরিত বিধানকে পরিবর্তন করত। এখানে এ বিকৃতিই উদ্দেশ্য। কিন্তু ইমাম বগভী (র.) এখানে হযরত ইবনে আব্বাস (রা.) -এর উক্তি বর্ণনা করেছেন যে, ইহুদিরা রাসূল ﷺ -এর দরবারে এসে বিভিন্ন মাসআলা জিজ্ঞেস করলে রাসূল ﷺ তা বলে দিতেন এবং মনে করতেন যে তারা তা মেনে নিয়েছে এবং এ অনুযায়ী আমল করবে; কিন্তু ইহুদিরা ফিরে গিয়ে রাসূল ﷺ -এর কথাকে বিকৃত করে বর্ণনা করত। এ উক্তি অনুযায়ী আয়াতে বিকৃত করার দ্বারা রাসূল ﷺ -এর কথাকে বিকৃতি করা উদ্দেশ্য।

مِنْ بَعْدِ مَوَاضِعِهٖ : **যথাযথভাবে সুবিন্যস্ত থাকার পরও।** مَوَاضِع মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। এটি বহুবচন, একবচন– موضع ইসমে যরফ। বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার وَضْعٌ অর্থ– রাখা; অবস্থান করা।

فَاحْذَرُوْا : **সুতরাং তোমরা বর্জন কর; বিরত থাক।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ অর্থ– সতর্ক থাকা; ভয় করা।

فِتْنَةً : **তার পথচ্যুতি; অমঙ্গল।** এটি একবচন, বহুবচন– فِتَنٌ অর্থ– পরীক্ষা ; ফিতনা; মন্দ; বিপদাপদ।

اَنْ يُّطَهِّرَ : **তিনি বিশুদ্ধ করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّطْهِيْرُ মূলবর্ণ (ط ـ ه ـ ر) অর্থ– বিশুদ্ধকরণ; পবিত্রকরণ।

আয়াত : ৪২

اَكّٰلُوْنَ : **অধিক ভক্ষণকারী।** সীগাহ جمع مذكر سالم বহছ মুবালাগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; ভক্ষণ করা। একবচন– اَكَّالٌ

اَلسُّحْتِ : **হারাম; অবৈধ।** মূলত যে খোসাকে মূল থেকে উপড়ে ফেলা হয় তাকে سُحْت বলা হয়। এ থেকেই سُحْت -এর ব্যবহার এমন নিষিদ্ধ কাজের জন্য হয় যাতে লিপ্ত ব্যক্তি লজ্জিত হয়। যেন সে তার দীন ও

মানবতাকে মূলোৎপাটন করে ফেলেছে। মুরতাজা জুবাইদী লিখেছেন– سحت কখনও মাকরূহ আবার কখনও হারামের জন্য আসে। যেমন أَكَّالُوْنَ لِلسُّحْتِ এখানে হারাম অর্থের জন্য এসেছে। অপরদিকে হাদীস– كَسْبُ الْحَجَّامِ سُحْتٌ এখানে মাকরূহ অর্থে ব্যবহৃত হয়েছে।

لَنْ يَّضُرُّوْكَ : **তারা তোমার কোনো ক্ষতি করতে পারবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي تاكيد بلن در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلضَّرُّ ও اَلضِّرَارُ মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ– ক্ষতিসাধন করা। ك যমীর واحد مذكر حاضر মাফউলে বিহী।

بِالْقِسْطِ : **ন্যায়সঙ্গতভাবে; ন্যায়পরায়ণতার সাথে**।

اَلْمُقْسِطِيْنَ : **ন্যায়পরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ س ـ ط) মাসদার اَلْاِقْسَاطُ অর্থ– ইনসাফ করা; ন্যায়বিচার করা। অধিকার প্রাপককে তার অধিকার প্রদান করা। উল্লেখ্য قسط শব্দটি বিপরীতার্থক শব্দসমূহের একটি। এর অর্থ ন্যায়বিচার করা ও জুলুম করা। ইমাম বুখারী (র.) লিখেছেন– وَاَمَّا الْقَاسِطُ فَهُوَ الْجَائِرُ অর্থাৎ قَاسِط অর্থ– জালিম।

আয়াত : ৪৩

يُحَكِّمُوْنَ : **তারা বিচারভার ন্যাস্ত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلتَّحْكِيْمُ অর্থ– কারো উপর বিচারভার ন্যাস্ত করা; বিচারক নিয়োগ করা।

اَلتَّوْرٰةُ : **তাওরাত**। আসমানি কিতাব যা হযরত মূসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল। আল্লামা যামাখশারী (র.) লিখেছেন– تورة ও انجيل দুটিই অনারবী শব্দ। মূলত শব্দটি وَرَى الزَّنْدُ থেকে مشتق হয়েছে। যার অর্থ হলো চকমকি কাঠি জ্বলে উঠেছে। আবার اَوْرَيْتُهُ اَنَا অর্থ– আমি তাকে প্রজ্বলিত করেছি। উভয়ভাবেই ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী– اَفَرَاَيْتُمُ النَّارَ الَّتِيْ تُوْرُوْنَ– ثلاثى থেকে মূলবর্ণ হলো ورى যা লাযেম, আর رباعى থেকে মূলবর্ণ اورى যা মুতা'আদ্দী। আল্লাহ বলেন– فَالْمُوْرِيٰتِ قَدْحًا (শপথ পাথর ঝেড়ে আগুন নির্গতকারীর।) যেহেতু তাওরাত কিতাব হলো এমন নূর বা আলো যা দ্বারা মানুষ বিপথগামিতা থেকে সঠিক পথের সন্ধান পায় তাই এর নামকরণ করা হয়েছে তাওরাত। যেমন আল্লাহ বলেন– وَلَقَدْ اٰتَيْنَا مُوْسٰى وَهٰرُوْنَ الْفُرْقَانَ وَضِيَاءً

يَتَوَلَّوْنَ : **তারা মুখ ফিরিয়ে নেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৪৪

اَلنَّبِيُّوْنَ : **নবীগণ**। একবচন نبى ; আল্লাহর এমন মনোনীত বান্দা যাদেরকে তিনি তাঁর বাণী মানুষের কাছে পৌঁছানোর জন্য যুগে যুগে প্রেরণ করেছেন তাদেরকে নবী বলা হয়।

رَبَّانِيُّوْنَ : **রব্বানী; আল্লাহওয়ালা**। একবচন, رَبَّانِيٌّ ; ربانى সম্পর্কে কারো কারো মত হলো এটা رب মাসদার-এর দিকে সম্পৃক্ত। আর রব্বানী হলো যে ইলমের পরিচর্যা করে। কারো কারো মত হলো رب মাসদারের দিকেই নিসবত, তবে অর্থ হলো ঐ ব্যক্তি যে ইলম দ্বারা নিজেকে তারবিয়ত করে। কারো কারো মত হলো رب তথা আল্লাহর দিকে নিসবত। তখন অর্থ হবে– আল্লাহওয়ালা। যেমন اِلٰهِيٌّ আর এখানে نون বৃদ্ধি হয়েছে, لِحْيَانِيٌّ وَجِسْمَانِيٌّ-এর ন্যায়। হযরত আলী (রা.) বলেন– اَنَا رَبَّانِيُّ هٰذِهِ الْاُمَّةِ (আমি এ উম্মতের রব্বানী।) আবার কারো কারো মত হলো ربانى মূলত সুরিয়ানী শব্দ। আর এটিই হলো অধিক নির্ভরযোগ্য কথা। কারণ এর ব্যবহার আরবদের মধ্যে খুবই কম।

اَلْاَحْبَارُ : **বিদ্বানগণ; আলেমগণ**। বহুবচন, একবচন– حِبْرٌ

اُسْتُحْفِظُوْا : **তাদেরকে রক্ষক করা হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) মাসদার اَلْاِسْتِحْفَاظُ অর্থ– সংরক্ষণ করা।

شُهَدَاءَ : **সাক্ষীগণ**। একবচনে– شَهِيْدٌ ; কিয়ামতের দিন পূর্বেকার যুগের উম্মতেরা তাদের নবীর দাওয়াত ও তাবলীগের কথা অস্বীকার করবে। তখন আল্লাহ তা'আলা নবীগণকে বলবেন, তোমরা তোমাদের তাবলীগ করার দলিল পেশ কর। তখন উক্ত নবীগণ

উম্মতে মুহাম্মদীকে পেশ করবে। তারা সাক্ষ্য দিবে যে, নবীগণ তাদের দায়িত্ব যথাযথভাবে পালন করেছেন। তখন তারা বলবে, তোমরা নবীগণের তাবলীগের কথা জানলে কিভাবে? উম্মতে মুহাম্মদী উত্তরে বলবে, আমাদের নিকট তাদের অবস্থা ও ঘটনাবলি সম্পর্কিত যাবতীয় বিষয় একজন সত্য নবী ও আল্লাহর কুরআন সরবরাহ করেছে। এরপর রাসূলুল্লাহ ﷺ উপস্থিত হয়ে স্বীয় উম্মতগণের কথা সমর্থন করে বলবেন, তারা যা কিছু বলেছে সত্য বলেছে। -(বায়যাভী)

لَا تَشْتَرُوْا : **তোমরা ক্রয় করো না; মূল্য গ্রহণ করো না**। সীগাহ نهى حاضر جمع مذكر বহছ معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ى) মাসদার اِشْتِرَاءٌ ক্রয় করা; বিক্রয় করা। এটি ক্রয় ও বিক্রয় উভয় অর্থেই ব্যবহার হয়।

আয়াত : ৪৫

اَلنَّفْسَ : **প্রাণ; আত্মা; ব্যক্তি; সত্তা**। একবচন, বহুবচন- نُفُوْسٌ

اَلْعَيْنَ : **চক্ষু; প্রসবন; ঝরনা**। একবচন, বহুবচন- عُيُوْنٌ و اَعْيُنٌ ; এ শব্দটির অনেকগুলো অর্থ রয়েছে, তবে পবিত্র কুরআনে শুধু চোখ ও ঝরনা এ দু অর্থে ব্যবহৃত হয়েছে। ইমাম রাগেবের মতে এর মূল অর্থ- চোখ। অন্যান্য অর্থগুলো হলো রূপক। তিনি বলেন- عين অর্থ যে ঝরনা তা চোখের সাদৃশ্যতার কারণে। যেভাবে চোখ থেকে অশ্রু প্রবাহিত হয় তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

اَلْاَنْفَ : **নাক; নাসিকা**। একবচন, বহুবচন- اُنُوْفٌ، اٰنَافٌ

اَلْاُذُنَ : **কান; কর্ণ**। একবচন, বহুবচন- اٰذَانٌ

اَلسِّنَّ : **দাঁত; দন্ত**। একবচন, বহুবচন- اَسْنَانٌ

اَلْجُرُوْحَ قِصَاصٌ : **যখমের বদলা অনুরূপ যখম**। جُرُوْحٌ বহুবচন, একবচন- جُرْحٌ অর্থ- যখম। قِصَاصٌ অর্থ- বদলা; প্রতিশোধ। বাব مفاعلة -এর মাসদার।

تَصَدَّقَ : **সে দান করে; সে ক্ষমা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصَدُّقُ অর্থ- সদকা করা; দান করা। এখানে ক্ষমা করা উদ্দেশ্য।

كَفَّارَةٌ : **পাপ মোচন হওয়া; কাফফরা**। একবচন, বহুবচন- كَفَّارَاتٌ

اَلظّٰلِمُوْنَ : **জালিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ জুলুম-অত্যাচার করা।

আয়াত : ৪৬

قَفَّيْنَا : **আমি পশ্চাতে প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تفعيل মাসদার التقفية মূলবর্ণ (ق ـ ف ـ و) অর্থ- পশ্চাতে প্রেরণ করা।

اٰثَارِهِمْ : **তাদের পশ্চাতে; তাদের পরে**। বহুবচন, একবচন اَثَرٌ অর্থ- চিহ্ন; পদচিহ্ন।

مُصَدِّقًا : **প্রত্যয়নকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلتَّصْدِيْقُ অর্থ- প্রত্যয়ন করা; সত্যায়ন করা।

اَلْاِنْجِيْلَ : ইনজীল। আসমানি গ্রন্থ যা হযরত ঈসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছিল। আল্লামা যামাখশারী (র.) লিখেছেন, এটি অনারবী শব্দ। তার প্রমাণ হলো হযরত হাসান বসরী (র.) শব্দটিকে (بالفتح) انجيل পড়েছেন। এ ওজনে আরবিতে কোনো শব্দ নেই।

هُدًى : **পথ-নির্দেশ**। মূলবর্ণ (ه ـ د ـ ي) এটি বাব ضَرَبَ -এর মাসদার। তথা هَادٍ اسم فاعل অর্থে এসেছে। অর্থ- হেদায়েতকারী; পথ প্রদর্শনকারী। মাসদারী অর্থ- পথ প্রদর্শন করা।

مَوْعِظَةً : **উপদেশ**। বাব ضَرَبَ -এর মাসদার। উপদেশ দেওয়া।

আয়াত : ৪৮

مُهَيْمِنًا : **সংরক্ষক; সংরক্ষণকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَعْلَلَةٌ মাসদার اَلْهَيْمَنَةُ অর্থ- সংরক্ষক হওয়া।

لَا تَتَّبِعْ : **আপনি অনুসরণ করবেন না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা।

اَهْوَاءَ : **কামনা-বাসনাসমূহ; খেয়াল-খুশিসমূহ**। বহুবচন, একবচন- هوى অর্থ- অবৈধ বাসনা।

شِرْعَةً : **শরিয়ত; দীনের বিধান; সংবিধান।**

مِنْهَاجًا : **স্পষ্ট পথ।** এটি বাব فَتَحَ থেকে اسم الة -এর সীগাহ। একবচন, বহুবচন– مَنَاهِيْجُ

তোমাদের যেন পরীক্ষা করতে পারেন।

সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَلَاءُ অর্থ– পরীক্ষা করা।

اِسْتَبِقُوا : **তোমরা প্রতিযোগিতা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার اَلْاِسْتِبَاقُ অর্থ– প্রতিযোগিতা করা; সম্মুখে অগ্রসর হওয়া।

اَلْخَيْرَاتِ : **সৎকর্মসমূহ।** বহুবচন, একবচন خَيْرَةٌ

مَرْجِعُكُمْ : **তোমাদের প্রত্যাবর্তন।** مَرْجِعٌ বাব ضَرَبَ -এর মাসদার ও মুযাফ। كم যমীর مضاف اليه ; لازم থেকে মাসদার হবে رجع আর মুতা'আদ্দী থেকে হলে মাসদার হবে رجوع ; আর مرجع মাসদারটি شاذ বা দুর্লভ। –(কামূস) رجوع -এর আসল অর্থ হলো সূচনাস্থলের দিকে পুনঃ প্রত্যাবর্তন করা। সকল মানুষ আল্লাহর কাছ থেকে এসেছে তাদেরকে আবার সেখানেই ফিরে যেতে হবে বা ফিরিয়ে নেওয়া হবে।

تَخْتَلِفُوْنَ : **তোমরা মতবিরোধ করছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব افتعال মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

আয়াত : ৪৯

لَا تَتَّبِعْ : **তুমি অনুসরণ করো না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

اِحْذَرْهُمْ : **তোমরা তাদের সম্বন্ধে সতর্ক হও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سمع মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ অর্থ– ভয় করা; সতর্ক হওয়া।

اَنْ يَّفْتِنُوْكَ : **তারা আপনাকে বিচ্যুত করবে; বিভ্রান্ত করবে।** ان নাসেবা। يَفْتِنُوا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْفُتُوْنُ মূলবর্ণ (ف ـ ت ـ ن) বিভ্রান্ত করা; ফেতনায় ফেলা।

تَوَلَّوْا : **তারা মুখ ফিরিয়ে নেয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– বন্ধুত্ব করা عن- মুখ ফিরিয়ে নেওয়া।

يُصِيْبَهُمْ : **তাদের উপর আপতিত হবে; তাদেরকে শাস্তি দিবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; ان দ্বারা মানসূব হয়েছে। هم যমীরে মাফঊল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা

আয়াত : ৫০

يَبْغُوْنَ : **তারা চায়।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ– চাওয়া; কামনা করা।

يُوْقِنُوْنَ : **তারা নিশ্চিত বিশ্বাস করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْقَانُ মূলবর্ণ (ي ـ ق ـ ن) অর্থ– নিশ্চিত বিশ্বাস করা; একীন করা।

আয়াত : ৫১

يَتَوَلَّ : **সে ফিরে আসবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– ফিরে আসা।

আয়াত : ৫২

تَرٰى : **আপনি দেখবেন; দেখছেন।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; জানা।

نَخْشٰى : **আমাদের আশঙ্কা হয়; আমরা আশঙ্কা করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ى) মাসদার اَلْخَشْيَةُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

اَنْ تُصِيْبَنَا : **আমাদের উপর আপতিত হবে; এসে পড়বে।** ان নাসেবা। تصيب সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা; এসে পড়া; সংঘটিত হওয়া। نا যমীর جمع متكلم মাফঊলে বিহী।

دَائِرَةً : **বিপর্যয়; দুর্যোগ; দুর্দিন; দৈব দুর্বিপাক; যুগের পরিবর্তন; বিপদ।** বহুবচন–دَوَائِرُ আরবি অভিধান অনুযায়ী دَائِرَةٌ এমন পরিবর্তনশীল অবস্থাকে বলা হয়, যাতে প্রথম ভালো অবস্থার পর মন্দে পরিণত হয়ে যায়। এ কারণেই কুরআন কারীমে তাদের ক্ষেত্রে বলা হয়েছে عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ অর্থাৎ, তাদেরই উপর মন্দ অবস্থা আসবে।

اَسَرُّوْا : **তারা গোপন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ر) মাসদার اَلْاِسْرَارُ অর্থ– গোপন করা।

نٰدِمِيْنَ : **অনুতপ্ত; লজ্জিত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ د ـ م) মাসদার اَلنَّدَامَةُ অর্থ– অনুতপ্ত হওয়া; লজ্জিত হওয়া।

আয়াত : ৫৩

جَهْدَ : **দৃঢ়।** মাসদার, বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ه ـ د) পূর্ণ চেষ্টা; শক্তি; কঠিন। যেমন– اَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ (তারা আল্লাহর নামে কঠিন শপথ করে।)

حَبِطَتْ : **নিষ্ফল হয়েছে; নষ্ট হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحَبْطُ মূলবর্ণ (ح ـ ب ـ ط) অর্থ– নিস্ফল হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ৫৪

مَنْ يَّرْتَدَّ : **যে ফিরে যায়; যে ধর্মান্তরিত হয়।** من মাউসূলাহ। يَرْتَدَّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلْاِرْتِدَادُ অর্থ– ফিরে যাওয়া; ধর্মান্তরিত হওয়া; স্বধর্ম ত্যাগ করা।

اَذِلَّةٍ : **কোমল হৃদয়; দয়ালু।** বহুবচন, একবচন– ذَلِيْلٌ

اَعِزَّةٍ : **কঠোর।** বহুবচন, একবচন– عَزِيْزٌ

لَوْمَةَ : **নিন্দা; তিরস্কার।** এটি বাব نَصَرَ -এর মাসদার ; মূলবর্ণ (ل ـ و ـ م) জিনস اجوف واوى অর্থ– নিন্দা করা; সমালোচনা করা ;তিরস্কার করা।

لَائِمٍ : **নিন্দুক; সমালোচক; তিরস্কাকারকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ل ـ و ـ م) মাসদার اَللَّوْمَةُ অর্থ– নিন্দা করা; তিরস্কার করা।

فَضْلُ : **অনুগ্রহ।** এর অনেক অর্থ রয়েছে। যেমন, শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব। জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য। দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। فضل অর্থ আধিক্যের দুই সুরত রয়েছে। ১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন ইলম; জ্ঞান, লজ্জা ইত্যাদির আধিক্য। ২. মন্দ আধিক্য। যেমন ক্রোধ ইত্যাদির আধিক্য। فضل শব্দটির অধিক ব্যবহার উত্তম আধিক্যের জন্য হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য ব্যবহার হয় فضول যদিও অভিধান হিসেবে فضل শব্দটি উভয় অর্থকে অন্তর্ভুক্ত করে। (বিস্তারিত সূরা বাকারা আয়াত : ৪৭ দ্রষ্টব্য)

আয়াত : ৫৬

يَتَوَلَّ : **সে বন্ধু বানাবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوَلِّيْ অর্থ– কাউকে বন্ধুরূপে গ্রহণ করা।

حِزْبَ : **দল; জমাত।** একবচন, বহুবচন– احزاب

اَلْغٰلِبُوْنَ : **বিজয়ীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া।

আয়াত : ৫৭

هُزُوًا : **হাসি-তামাশার বস্তু।** এটি বাব فَتَحَ -এর মাসদার। তবে অর্থ হবে اسم مفعول -এর।

لَعِبًا : **ক্রীড়া; ক্রীড়ার বস্তু।** এটি বাব سَمِعَ -এর মাসদার (বিস্তারিত সূরা আন'আম, আয়াত : ৭০ দ্রষ্টব্য)

আয়াত : ৫৮

نَادَيْتُمْ : **তোমরা আহ্বান কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ د ـ و) মাসদার اَلْمُنَادَاةُ অর্থ– ডাকা; আহ্বান করা।

আয়াত : ৫৯

تَنْقِمُوْنَ : **তোমরা শত্রুতা পোষণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ق ـ م) মাসদার اَلنَّقَمُ অর্থ– শত্রুতা পোষণ করা।

আয়াত : ৬০

أُنَبِّئُ : **আমি সংবাদ দিব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ ء) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সংবাদ দেওয়া।

مَثُوْبَةً : **পরিণাম; প্রতিদান**।

قِرَدَةَ : **বানর**। বহুবচন, একবচন– قِرْدٌ

خَنَازِيْرَ : **শূকর**। বহুবচন, একবচন–خِنْزِيْرٌ

اَلطَّاغُوْتِ : **শয়তান; তাগুত; বাধাপ্রদানকারী**। মূর্তি; প্রতিমা। ভ্রান্ত উপাস্য। অবাধ্য; ভীষণ বিদ্রোহী। বিশৃঙ্খলাকারী। অবৈধ নেতৃত্বের দাবিদার। طاغوت দ্বারা কী উদ্দেশ্য? এ ব্যাপারে বিভিন্ন উক্তি রয়েছে। তবে সঠিক কথা হলো এই যে, এর দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর বিধান লঙ্ঘনকারী, আল্লাহর নাফরমানিতে সীমালঙ্ঘনকারী এবং আল্লাহকে বাদ দিয়ে যাকে পূজা করা হয়, চাই তাকে পূজা করতে বাধ্য করা হোক বা না হোক, চাই পূজাকারী তাকে স্বেচ্ছায় পূজা করুক; সেই উপাস্য মানুষ হোক বা শয়তান, পাথর হোক বা মূর্তি, বা অন্য কোনো কিছু হোক। طَاغُوْت সর্বলিঙ্গ ও বচনে একই রকম ব্যবহৃত।

আয়াত : ৬২

اَلْعُدْوَانِ : **সীমালঙ্ঘন**। এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– সীমালঙ্ঘন করা।

اَلسُّحْتَ : **অবৈধ উপার্জন**। একবচন, বহুবচন اَسْحَاتٌ

আয়াত : ৬৩

اَلرَّبَّانِيُّوْنَ : **রব্বানী; আল্লাহওয়ালা**। একবচন ربانى ; ربانى মূলত সুরিয়ানী শব্দ। আর এটিই হলো অধিক নির্ভরযোগ্য কথা। কারণ এর ব্যবহার আরবদের মধ্যে খুবই কম। (বিস্তারিত সূরা মায়িদা, আয়াত : ৪৪ দ্রষ্টব্য)

اَلْاَحْبَارُ : **বিদ্বানগণ; আলেমগণ**। এখানে উদ্দেশ্য ইহুদি পণ্ডিতগণ। বহুবচন, একবচন حِبْرٌ

لَبِئْسَ : **তা কতই নিকৃষ্ট; খুব খারাপ**। বাব سمع ; নিন্দাসূচক فعل

আয়াত : ৬৪

مَغْلُوْلَةٌ : **রুদ্ধহস্ত; কৃপণ**। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ل ـ ل) মাসদার اَلْغَلُّ বন্দী করা; বেঁধে ফেলা; রুদ্ধ করা।

غُلَّتْ : **তা বাঁধা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلْغَلُّ অর্থ– বন্দী করা; রুদ্ধ করা।

يَدَاهُ مَبْسُوْطَتٰنِ : **তার উভয় হাত প্রসারিত**। مَبْسُوْطَتٰنِ সীগাহ تثنية مذكر বহছ اسم مفعول বাব نصر মূলবর্ণ (ب ـ س ـ ط) মাসদার البسط অর্থ– প্রশস্ত হওয়া; দীর্ঘ হওয়া।

طُغْيَانًا : **নাফরমানি; অবাধ্যতা; ধর্মদ্রোহিতা**। طُغْيَانٌ বাব نَصَرَ -এর মাসদার। জিনস ناقص واوى মূলবর্ণ (ط ـ غ ـ و) অর্থ– সীমালঙ্ঘন করা; বিদ্রোহ করা। বাব فَتَحَ ও سَمِعَ থেকে হলে মূলবর্ণ হবে (ط ـ غ ـ ى) জিনস ناقص يائى ; পবিত্র কুরআনে বাব فَتَحَ থেকে ব্যবহৃত হয়েছে।

اَلْقَيْنَا : **আমি সঞ্চার করেছি; নিক্ষেপ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; ঢেলে দেওয়া।

اَوْقَدُوْا : **তারা প্রজ্বলিত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْقَادُ মূলবর্ণ (و ـ ق ـ د) অর্থ– অগ্নী প্রজ্বলিত করা।

اَلْحَرْبِ : **যুদ্ধ**। একবচন, বহুবচন حُرُوْبٌ

اَطْفَاَ : **তিনি নির্বাপিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ ف ـ ء) মাসদার اَلْاِطْفَاءُ অর্থ– নির্বাপিত করা।

يَسْعَوْنَ : **তারা করে বেড়ায়; তারা চেষ্টা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ ع ـ ى) মাসদার اَلسَّعْىُ অর্থ– চেষ্টা করা।

আয়াত : ৬৫

جَنّٰتِ نَعِيْمٍ : **সুখময় জান্নাত**। বহুবচন, একবচন جنة

আয়াত : ৬৬

اَقَامُوْا : **তারা প্রতিষ্ঠিত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ– প্রতিষ্ঠা করা।

مُقْتَصِدَةٌ : **মধ্যমপন্থি**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ ص ـ د) মাসদার اَلْاِقْتِصَادُ অর্থ– মধ্যম পন্থা অবলম্বন করা; সত্যপন্থা অবলম্বন করা।

আয়াত : ৬৭

بَلِّغْ : **আপনি প্রচার করুন; পৌছে দিন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلتَّبْلِيْغُ অর্থ– প্রচার করা; পৌছে দেওয়া।

يَعْصِمُ : **তিনি রক্ষা করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْعَصْمُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা।

আয়াত : ৬৮

لَيَزِيْدَنَّ : **তা অবশ্যই বর্ধিত করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع لام تاكيد بانون تاكيد বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা।

لَا تَأْسَ : **তুমি দুঃখ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْاَسٰى অর্থ– দুঃখ করা; চিন্তা করা।

আয়াত : ৬৯

اَلصَّابِئُوْنَ : **ধর্মত্যাগীগণ**। এটি صَابِئٌ -এর বহুবচন। কারো কারো মতে صَابِئٌ -এর বহুবচন। যারা শব্দটিকে مهموز পড়েন তারা বলেন, এটি صَبَأَتْ اَلنُّجُوْمُ। থেকে উদ্‌গত হয়েছে। যার অর্থ হলো সূর্য উদয় হওয়া। আর যারা مهموز পড়েন না তারা বলেন, এটি صَبَا يَصْبُوْ থেকে বের হয়েছে। যার অর্থ– ঝুঁকে পড়া; আকৃষ্ট হওয়া। শাব্দিক অর্থ হলো এক ধর্ম থেকে বের হয়ে ভিন্ন ধর্মের প্রতি আকৃষ্ট হওয়া। এ কারণেই যখন কোনো ব্যক্তি ইসলাম গ্রহণ করত তখন আরবের লোকেরা বলত– قَدْ صَبَأَ (সে ধর্মান্তরিত হয়েছে।) এ সম্প্রদায়ের লোকেরা ইহুদি নাসারাদের ধর্ম থেকে ফিরে গিয়ে তারকা পূজায় লিপ্ত হয়েছিল বলে এদেরকে صَابِئٌ বলা হয়। (বিস্তারিত সূরা বাকারা আয়াত ৬২ : দ্রষ্টব্য)

لَا هُمْ يَحْزَنُوْنَ : **তারা দুঃখিতও হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– দুঃখিত হওয়া; বিষণ্ন হওয়া।

আয়াত : ৭০

لَا تَهْوٰى : **তারা চায় না; (যা তাদের মনঃপুত নয়)** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع منفى বাব سَمِعَ মূলবর্ণ (ه ـ و ـ ى) মাসদার اَلْهَوٰى অর্থ– কামনা করা; প্রত্যাশা করা।

আয়াত : ৭১

حَسِبُوْا : **তারা মনে করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব حَسِبَ মাসদার اَلْحَسْبُ ও اَلْحِسْبَانُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– ধারণা করা; মনে করা।

فِتْنَةٌ : **শাস্তি**। একবচন, বহুবচন– فتن

عَمُوْا : **তারা অন্ধ হয়ে গিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمٰى মূলবর্ণ (ع ـ م ـ ى) অর্থ– অন্ধ হওয়া।

صَمُّوْا : **তারা বধির হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ م ـ م) মাসদার اَلصَّمَمُ ও اَلصَّمُّ অর্থ– বধির হওয়া।

আয়াত : ৭২

مَأْوٰهُمْ : **তাদের আবাস**। একবচন, বহুবচন– مَاْوٰى মুযাফ هم যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৭৩

ثَالِثُ ثَلٰثَةٍ : **তিনের মধ্যে একজন**। খ্রিস্টানদের একদল তিন খোদার প্রবক্তা। যথা– ১. আল্লাহ, ২. হযরত ঈসা মসীহ। ৩. হযরত মারইয়াম (আ.) (জালালাইন) এখানে ঐ তিনের একজন উদ্দেশ্য।

وَاِنْ لَّمْ يَنْتَهُوْا : **যদি তারা নিবৃত্ত না হয়**। لم ينتهوا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلْاِنْتِهَاءُ অর্থ– বিরত হওয়া; নিবৃত্ত হওয়া; ফিরে থাকা।

اَوَ عَجِبْتُمْ : **তোমরা কি বিস্মিত হচ্ছ।** শুরুতে হামযা প্রশ্নবোধকের জন্য। عجبتم সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْعَجَبُ অর্থ– বিস্মিত হওয়া; আশ্চর্যান্বিত হওয়া; অবাক হওয়া।

ذِكْرٌ : **উপদেশ।** শব্দটি বহুবচন, একবচন– اَذْكَارٌ স্মরণ; বর্ণনা। এটি বাব نَصَرَ-এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন– ذِكْر বলে কখনো অন্তরের এমন অবস্থাকে বুঝানো হয় যা দ্বারা মানুষের অর্জিত বিষয় মুখস্থ রাখা সম্ভব হয়। যা حِفْظ-এরই অনুরূপ। আবার কখনো কোনো পর্বজানা বিষয় বিস্মৃত হওয়ার পর অন্তরে জাগ্রত হওয়া বা আলোচনায় স্মরণ এসে যাওয়াকেও ذِكْر বলে অভিহিত করা হয়। এ কারণেই বলা হয় ذِكْر দু'প্রকার। ذِكْر لِسَانِىّ ও ذِكْر قَلْبِىّ প্রত্যেকটি আবার দু'প্রকার। ১. বিস্মৃত হওয়ার পর স্মরণ হওয়া। ২. ভুলা ব্যতীতই সর্বদা স্মরণ থাকা।

لِيُنْذِرَكُمْ : **যেন তিনি তোমাদেরকে সতর্ক করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

গিয়ে হযরত নূহ (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়েছে। পরবর্তীতে এ নামেই উক্ত সম্প্রদায়ের নামকরণ হয়ে যায়। যারা হযরত নূহ (আ.) -এর তুফানের পর আরব দেশে সর্বপ্রথম ক্ষমতাসীন শাসকগোষ্ঠী ছিল। -[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৫৯ দ্রষ্টব্য]

هُوْدًا : **হযরত হূদ (আ.)**। একজন প্রসিদ্ধ নবী ছিলেন। তিনি আদজাতির হেদায়েতের জন্য প্রেরিত হয়েছিলেন। উক্ত জাতি মূর্তিপূজায় লিপ্ত ছিল। তিনি তাদেরকে মূর্তিপূজা থেকে নিষেধ করলেন। আল্লাহর অনুগ্রহরাজির কথা স্মরণ করিয়ে তিনি প্রজ্ঞা ও হেকমতের সাথে তাদেরকে আল্লাহর একত্ববাদ ও ইবাদতের দাওয়াত দিতে থাকেন। আদজাতি তাদের দাম্ভিকতা ও অবাধ্যতা থেকে একচুলও হটতে রাজি হলো না; বরং দাম্ভিকতা প্রদর্শন করে বলতে থাকল, যে শাস্তির ভয় তুমি আমাদেরকে দেখাচ্ছ তা শীঘ্রই নিয়ে এসো! আল্লাহ তা'আলা তাদের দাম্ভিকতা ও অবাধ্যতার শাস্তি দিলেন। সাতরাত ও আটদিন একাধারে তুফান চলতে থাকল। এতে তারা সমূলে ধ্বংস হয়ে গেল।

اُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ- ইবাদত করা; দাসত্ব স্বীকার করা।

اَفَلَا تَتَّقُوْنَ : **তোমরা কি সাবধান হবে না?** শুরুতে হামযাটি প্রশ্নবোধকের জন্য। لَا تَتَّقُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; সাবধান হওয়া; আল্লাহভীরু হওয়া।

আয়াত : ৬৬

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি**। শব্দটি একবচন, বহুবচন- اَلْاَمْلَاُ অর্থ- নেতাদের দল; বড় লোকদের দল। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

لَنَرَاكَ : **আমরা তোমাকে দেখছি**। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

سَفَاهَةٍ : **নির্বোধতা**। এটি বাব كَرُمَ-এর মাসদার। অর্থ- নির্বোধ হওয়া। মূলবর্ণ (س ـ ف ـ ه)

لَنَظُنُّكَ : **নিশ্চয় আমরা তোমাকে মনে করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ- ধারণা করা; মনে করা; বিশ্বাস করা।

اَلْكٰذِبِيْنَ : **মিথ্যাবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ- মিথ্যা বলা।

আয়াত : ৬৭

رَسُوْلٌ : **রাসূল**। শব্দটি একবচন, বহুবচন- رُسُلٌ অর্থ- পয়গাম্বর; বার্তাবাহক; আল্লাহর প্রেরিত পুরুষ।

আয়াত : ৬৮

اُبَلِّغُكُمْ : **আমি তোমাদের নিকট পৌঁছে দিচ্ছি**। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

رِسٰلٰتِ : **বাণী**। **রিসালাত**। বহুবচন, একবচন- رِسَالَةٌ অর্থ- বার্তা; ম্যাসেজ। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

نَاصِحٌ : **হিতাকাঙ্ক্ষী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ص ـ ح) মাসদার اَلنُّصْحُ অর্থ- হিতোপদেশ দেওয়া। হিতাকাঙ্ক্ষী হওয়া।

اَمِيْنٌ : **বিশ্বস্ত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ(أ ـ م ـ ن) মাসদার اَلْاَمَانَةُ অর্থ- বিশ্বস্ত হওয়া; সৎ হওয়া; আমানতদার হওয়া।

আয়াত : ৬৯

اَوَعَجِبْتُمْ : **তোমরা কি বিস্মিত হচ্ছ**। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬৩ দ্রষ্টব্য]

ذِكْرٌ : **উপদেশ**। শব্দটি বহুবচন, একবচন- اَذْكَارٌ অর্থ- স্মরণ; বর্ণনা। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬৩ দ্রষ্টব্য]

لِيُنْذِرَكُمْ : **যেন তিনি তোমাদেরকে সতর্ক করেন**। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬৩ দ্রষ্টব্য]

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- স্মরণ করা; আলোচনা করা।

جَعَلَكُمْ : **তিনি তোমাদেরকে [স্থলাভিষিক্ত] করেছেন।** ماضى বহছ واحد مذكر غائب সীগাহ جعل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। ইমাম রাগেব (র.) লিখেছেন– جَعَلَ এমন শব্দ যা فَعَلَ ও صَنَعَ জাতীয় এবং সকল ফে'লসমূহের জন্য ব্যাপক। এর ব্যবহার পাঁচভাবে হয়ে থাকে। যথা–

১. طَفِقَ ও صَارَ [হয়ে গেছে, হতে শুরু করেছে] -এর স্থানে। তখন তা متعدى হয় না। যেমন–جَعَلَ زَيْدٌ يَقُوْلُ كَذَا [যায়েদ বলতে শুরু করেছে।] কবি বলেন–

وَقَدْ جَعَلَتْ قُلُوْصُ بَنِىْ سُهَيْلٍ
مِنَ الْاَكْوَارِ مَرْتَعُهَا قَرِيْبٌ

[বনী সুহাইলের উষ্ট্রী এমন হয়ে গেছে যে, তাদের চারণভূমি গলার চেয়ে অধিক নিকটবর্তী]

২. اَوْجَدَ [সে উদ্ভাবন করেছে, সে সৃষ্টি করেছে] -এর স্থানে আসে। তখন এটি এক মাফঊলের দিকে متعدى হয়ে থাকে। যেমন–وَجَعَلَ الظُّلُمٰتِ وَالنُّوْرَ [তিনি আলো ও অন্ধকার সৃষ্টি করেছেন।] وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَالْاَفْئِدَةَ [তিনি তোমাদের জন্য কর্ণ, চক্ষু ও অন্তর বানিয়েছেন।]

৩. এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থে। যেমন–وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّنْ اَنْفُسِكُمْ اَزْوَاجًا [আল্লাহ তা'আলা তোমাদের থেকে তোমাদের স্ত্রীদেরকে সৃষ্টি করেছেন।]

৪. কোনো বস্তুকে ভিন্ন অবস্থার পরিবর্তে এক অবস্থায় করার জন্য। যেমন–جَعَلَ لَكُمُ الْاَرْضَ فِرَاشًا [তিনি তোমাদের জন্য ভূমিকে বিছানাস্বরূপ বানিয়েছেন।] وَاللّٰهُ جَعَلَ لَكُمْ مِّمَّا خَلَقَ ظِلٰلًا ـ وَجَعَلَ الْقَمَرَ فِيْهِنَّ نُوْرًا ـ اِنَّا جَعَلْنٰهُ قُرْاٰنًا عَرَبِيًّا

৫. কোনো কিছু সম্পর্কে কোনো বিষয় নির্ধারণ করা, চাই তা সত্য হোক বা বাতিল হোক। সত্যের উদাহরণ যেমন–اِنَّا رَادُّوْهُ اِلَيْكِ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ (আমি তাকে তোমার দিকে প্রত্যাবর্তনকারী এবং তাকে নবী নির্বাচনকারী।) আর বাতিলের উদাহরণ হলো–وَجَعَلُوْا لِلّٰهِ مِمَّا ذَرَاَ مِنَ الْحَرْثِ وَالْاَنْعَامِ نَصِيْبًا (আল্লাহর সৃষ্ট ফসল ও গবাদিপশুর মধ্যে আল্লাহর এক অংশ নির্ধারণ করেছে) وَيَجْعَلُوْنَ لِلّٰهِ الْبَنٰتِ (তারা আল্লাহর জন্য কন্যাসন্তান নির্ধারণ করে।) যমীর كم منصوب متصل

خُلَفَاءَ : **স্থলাভিষিক্তগণ; খলীফাগণ।** শব্দটি বহুবচন, একবচন– خَلِيْفَةٌ

زَادَكُمْ : **তিনি তোমাদেরকে বৃদ্ধি করেছেন।** زَادَ সীগাহ ماضي معروف বহছ واحد مذكر غائب বাব ضرب মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা।

خَلَقَ : **সৃষ্টি। সৃষ্টি করা; বানানো।** বাব نَصَرَ -এর মাসদার। মূলত خَلْقٌ অর্থ– সঠিক নমুনা স্থির করা। এর ব্যবহার কোনো কিছুকে নমুনাবিহীন সৃষ্টি করার অর্থের জন্যও হয়ে থাকে। যেমন আল্লাহ তা'আলা বলেন– خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ (তিনি আসমান ও জমিন সৃষ্টি করেছেন) এখানে خَلَقَ শব্দটি اِبْدَاع তথা নমুনাবিহীন সৃষ্টি করার অর্থে হয়েছে। যেমন بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ এ আয়াতটি এ কথার প্রমাণ বহন করে। তাছাড়া এক বস্তুকে অপর বস্তু থেকে তৈরি করার অর্থেও ব্যবহার হয়। যেমন–خَلَقَ الْاِنْسَانَ مِنْ نُّطْفَةٍ (মানুষকে সৃষ্টি করেছেন এক ফোঁটা বীর্য থেকে) اِبْدَاع অর্থে ব্যবহৃত হলে এটি আল্লাহ তা'আলার একটি বিশেষ গুণ। اَفَمَنْ يَّخْلُقُ كَمَنْ لَّا يَخْلُقُ اَفَلَا تَذَكَّرُوْنَ (যিনি সৃষ্টি করেন আর যে সৃষ্টি করে না উভয়ে কি সমান হতে পারে?) এ আয়াতে উক্ত কথাটিই স্পষ্ট করা হয়েছে। অবশ্য এর অন্য অর্থ যার মধ্যে اِبْدَاع নেই; বরং তা অসম্ভব কখনো আল্লাহ তা'আলা সে অর্থে অন্যের জন্য ব্যবহার করেছেন। যেমন– আল্লাহ তা'আলা হযরত ঈসা (আ.)-এর মু'জিযা সম্পর্কে বলেন– وَاِذْ تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْئَةِ الطَّيْرِ بِاِذْنِىْ (যখন তুমি আমার নির্দেশে মাটি থেকে প্রাণীর আকৃতি সৃষ্টি করতে) সাধারণ লোকদের জন্য যে خَلَقَ শব্দটি ব্যবহার হয় তা দুটি অর্থের জন্য হয়ে থাকে। ১. অনুমান করা। ২. মিথ্যা ও মনগড়া কথা রচনা করার জন্য। যেমন – وَتَخْلُقُوْنَ اِفْكًا (তোমারা মিথ্যা রচনা করতে) মোটকথা যেখানেই বাক্যের সিফাতে خَلَقَ শব্দটি আসবে সেখানেই মিথ্যা রচনা করার অর্থে হবে। ইমাম রাগেব (র.) লিখেছেন–وَمِنْ هٰذَا الْوَجْهِ اِمْتَنَعَ كَثِيْرٌ مِّنَ النَّاسِ مِنْ اِطْلَاقِ لَفْظِ الْخَلْقِ

عَلَى الْقُرْآنِ (এ কারণেই অনেক লোক কুরআন সম্পর্কে خَلْق শব্দের ব্যবহার থেকে বিরত রয়েছেন।) আয়াতে কারীমা– فَتَبَارَكَ اللّٰهُ أَحْسَنُ الْخَالِقِيْنَ (অত্যন্ত বরকতময় আল্লাহ যিনি সর্বোত্তম সৃষ্টিকর্তা।) এ আয়াতে خَلْق শব্দের ব্যবহার إِبْدَاع অর্থে হয়নি; বরং আকৃতি গঠনের অর্থে হয়েছে। আর وَلَاٰمُرَنَّهُمْ فَلَيُغَيِّرُنَّ خَلْقَ اللّٰهِ (এবং আমি তাদেরকে নির্দেশ দিব আল্লাহর সৃষ্টির মধ্যে পরিবর্তন করতে) হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস, হাসান বসরী, মুজাহিদ, কাতাদা, যাহ্হাক প্রমুখ خَلْقُ اللّٰهِ -এর তাফসীর করেছেন دِيْنُ اللّٰهِ দ্বারা। অর্থাৎ দীন আল্লাহ যেভাবে প্রবর্তন করেছেন তা পরিবর্তন করে হারামকে হালাল, হালালকে হারাম সাব্যস্ত করতে বলবেন। আর ইকরিমাসহ অপর মুফাসসিরগণ বলেন, এখানে خَلْقُ اللّٰهِ দ্বারা আকৃতি পরিবর্তন করা উদ্দেশ্য। যেমন উল্কি-চিহ্ন আঁকা, কান ফোড়ানো ইত্যাদি। তদ্রূপভাবে لَا تَبْدِيْلَ لِخَلْقِ اللّٰهِ -এর মধ্যে خَلْقُ اللّٰهِ দ্বারা কারো মতে শরিয়তের বিধিবিধান, কারো মতে তাকদীর, আবার কারো মতে আকৃতি পরিবর্তন উদ্দেশ্য।

خَلْق শব্দের ব্যবহার مَخْلُوْق অর্থেও হয়ে থাকে। তাছাড়া خَلْق এবং خُلُقٌ একই শব্দ, যেমন شَرْب ও شُرْب এবং صَرْم ও صُرُمٌ তবে পার্থক্য এতটুকু যে خَلْق -এর ব্যবহার সৃষ্টির জন্য নির্দিষ্ট, আর خُلُقٌ অর্থ– স্বভাব; চরিত্র ইত্যাদি। –[মুকাম্মাল লোগাতুল কুরআন, মাওলানা আব্দুর রশীদ উসমানী]

بَسْطَةً : **হৃষ্টপুষ্ট-বলিষ্ঠ**। এটি বাব نَصَرَ -এর মাসদার। যার অর্থ মূলত উন্মুক্ত হওয়া; উন্মুক্ত করা; প্রশস্ত হওয়া; প্রশস্ত করা। কিন্তু যখন হাতের সাথে এর ব্যবহার হয় তখন তা কয়েকটি অর্থে ব্যবহার হয়। ১. প্রার্থনা করা; অন্বেষণ করা; তালাশ করা। যেমন– كَبَاسِطِ كَفَّيْهِ إِلَى الْمَاءِ لِيَبْلُغَ فَاهُ (স্বীয় হস্তদ্বয় মুখের দিকে প্রসারিতকারী, যেন পানি মুখে পৌঁছে যায়) ২. ধরা; পাকড়াও করা। যেমন– وَلَوْ تَرٰى إِذِ الظّٰلِمُوْنَ فِيْ غَمَرَاتِ الْمَوْتِ وَالْمَلٰٓئِكَةُ بَاسِطُوْٓا أَيْدِيْهِمْ (যদি তুমি দেখতে, যখন জালিমরা মৃত্যু-যন্ত্রণায় ছটফট করবে এবং ফেরেশতারা তাদের প্রতি হস্ত প্রসারিত করে রাখবে) ৩. হস্তক্ষেপ করা; প্রহার করা; আক্রমণ করা। যেমন– لَئِنْ بَسَطْتَ إِلَيَّ يَدَكَ لِتَقْتُلَنِيْ مَا أَنَا بِبَاسِطٍ يَّدِيَ إِلَيْكَ لِأَقْتُلَكَ (তুমি আমাকে মারার জন্য হাত বাড়ালেও আমি তোমাকে মারার জন্য হাত বাড়াব না) ৪. দান করা; বখশিশ করা। যেমন– بَلْ يَدَاهُ مَبْسُوْطَتَانِ (বরং তার হস্তদ্বয় প্রসারিত।)

آلَاءَ : **অনুগ্রহরাজি**। এটি إِلَى -এর বহুবচন।

تُفْلِحُوْنَ : **তোমরা সফলকাম হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব إِفْعَال মাসদার اَلْإِفْلَاحُ মূলবর্ণ (ف ـ ل ـ ح) অর্থ– সফলকাম হওয়া, সফলতা লাভ করা।

আয়াত : ৭০

جِئْتَ : **তুমি এসেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা।

لِنَعْبُدَ : **যেন আমরা ইবাদত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা।

وَحْدَهُ : **একত্ব; অদ্বিতীয়; একক**। সত্তা ও গুণাবলিতে এক হওয়া। حال হওয়ার কারণে মানসূব অথবা فعل -এর مفعول مطلق হয়েছে। محذوف

نَذَرَ : **আমরা বর্জন করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; ত্যাগ করা; পরিহার করা। لام তা'লীলের কারণে মানসূব হয়েছে। উক্ত মাসদার থেকে এ অর্থে مضارع ـ فعل ـ امر ও نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

فَأْتِنَا : **তুমি আনয়ন কর**। إِئْتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَال মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِيْتَاءُ অর্থ– দান করা; আনা। যমীরে منصوب متصل نا

بِمَا تَعِدُنَا : **তুমি আমাদেরকে যার প্রতিশ্রুতি দিচ্ছ**। تَعِدُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْعِدَةُ অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গীকার করা। এখানে অর্থ– ভয় দেখানো। نَا যমীর منصوب متصل

আয়াত : ৭১

رِجْسٌ : **শাস্তি**। শব্দটি একবচন, বহুবচন اَرْجَاسٌ আরো অর্থ হলো– নাপাক; ময়লা; বিপদ। رِجْسٌ -এর চারটি সুরত রয়েছে। ১. শরিয়তের দৃষ্টিকোণ থেকে। ২. জ্ঞান ও আকলের দৃষ্টিকোণ থেকে। ৩. স্বভাবগতভাবে। ৪. উপরিউক্ত তিন দিক থেকেই। رِجْس عَقْلِى হলো জুয়া; শরাব। رِجْس شَرْعِى হলো শিরক; শূকরের গোশত; তিনটির সমন্বয়ে যে رِجْس তা হলো মৃতদেহ। [বিস্তারিত মায়িদা : ৯, সূরা তাওবা : ৯৫, সূরা ইউনুস : ১০০ দেখুন]

غَضَبٌ : **ক্রোধ**। এটি ইসমে ফে'ল। অর্থ– ভীষণ ক্রোধ; অত্যধিক রাগ করা। প্রতিশোধের জন্য হৃৎপিণ্ডের রক্ত উত্তেজিত হয়ে গর্দানের শিরা স্ফীত হওয়া এবং চোখ লাল হয়ে যাওয়া। আল্লাহর غَضَبٌ দ্বারা উদ্দেশ্য হলো প্রতিশোধ গ্রহণ করা ও শাস্তি দেওয়া। –[মুফরাদাতুল কুরআন ও বায়যাবী]

اَتُجَادِلُوْنَنِىْ : **তবে কি তোমরা আমার সাথে বিতর্কে লিপ্ত হতে চাও?** শুরুতে হামযা প্রশ্নবোধকের জন্য। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع تجادلون মাসদার اَلْمُجَادَلَةُ বাব مُفَاعَلَةٌ معروف মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বাদানুবাদ করা; বিতর্ক করা। শেষের নূনটি نون বেকায়া ى যমীর منصوب متصل।

اَسْمَاءٍ : **নামসমূহ**। শব্দটি বহুবচন, একবচন– اسم

سَمَّيْتُمُوْهَا : **তোমরা যেগুলোর নামকরণ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْمِيَةُ মূলবর্ণ (س ـ م ـ و) অর্থ– নামকরণ করা; নাম রাখা। ها যমীরে منصوب متصل।

اٰبَاءُ : **পূর্বপুরুষগণ**। শব্দটি বহুবচন, একবচন– اب অর্থ– পিতা; পূর্বপুরুষ; বাপ-দাদা।

مَا نَزَّلَ : **তিনি অবতীর্ণ করেননি**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

سُلْطٰنٍ : **সনদ; দলিল**। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য। তাজুল আরূসে রয়েছে– سُلْطٰنٍ অর্থ– দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনো এর অর্থ হয়– মু'জিযা। যেমন– اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মোজেযা) সহকারে প্রেরণ করলাম] উল্লেখ্য যখন سُلْطٰن দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা : ১৪৪ দ্রষ্টব্য]

فَانْتَظِرُوْا : **তোমরা প্রতীক্ষা কর**। اِنْتَظِرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ– অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

اَلْمُنْتَظِرِيْنَ : **প্রতীক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ– অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

আয়াত : ৭২

فَاَنْجَيْنٰهُ : **আমি তাকে উদ্ধার করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ– উদ্ধার করা; মুক্তি দেওয়া; রক্ষা করা। ه যমীর منصوب متصل

رَحْمَةٍ : **দয়া। অনুগ্রহ; দান**। এটি বাব سَمِعَ -এর মাসদার। ইমাম রাগেব (র.) লিখেছেন– رَحْمَةٌ হলো এমন কোমলতা যা দ্বারা দয়াকৃত ব্যক্তির প্রতি সহানুভূতি কামনা করা হয়। কখনো এর ব্যবহার শুধুমাত্র কোমলতার জন্য হয় আবার কখনো শুধুমাত্র অনুগ্রহ ও দয়ার জন্য হয় যেখানে কোমলতা থাকে না। যেমন– رَحِمَ اللّٰهُ فُلَانًا [আল্লাহ অমুকের প্রতি দয়া করেছেন] যখন একে আল্লাহর সাথে সম্পৃক্ত করা হবে তখন শুধুমাত্র অনুগ্রহ ও দয়া উদ্দেশ্য হবে, কোমলতা বা বিনম্রতা উদ্দেশ্য হবে না। এ জন্য বলা হয় আল্লাহর পক্ষ থেকে رَحْمَةٌ হলো অনুগ্রহ ও দয়া। আর মানুষের পক্ষ থেকে رَحْمَةٌ হলো কোমলতা ও বিনম্রতা। মাওলানা আবুল কালাম আজাদ (র.) লিখেছেন, "আরবিতে رَحْمَتْ এমন কোমলতা ও নম্রতাকে বলা হয় যা দ্বারা কারো প্রতি অনুগ্রহ ও দয়ার ইচ্ছা জাগ্রত হয়। সুতরাং رَحْمَتْ -এর মধ্যে প্রেম, ভালোবাসা, অনুগ্রহ, দয়া, সকল অর্থ অন্তর্ভুক্ত রয়েছে। আর নিছক মহব্বত দয়া ও অনুগ্রহ থেকে ব্যাপক।" –[তরজুমানুল কুরআন খ. ১ পৃ. ৩৯]

صَالِحًا : **হযরত সালেহ (আ.)**। বিশিষ্ট ও সম্মানিত নবীগণের একজন ছিলেন। পবিত্র কুরআনে তাঁর নাম ৯ জায়গায় এসেছে। তিনি ছামূদ জাতির প্রতি প্রেরিত হয়েছিলেন। হযরত আবূ যর (রা.)-এর একটি দীর্ঘ হাদীসে রয়েছে, চারজন নবী আরবের ছিলেন। হযরত হূদ, সালেহ, শুআইব ও আমাদের নবী হযরত মুহাম্মদ ﷺ। –[বিস্তারিত সূরা হূদ : ৬১ দ্রষ্টব্য]

بَيِّنَةٌ : **স্পষ্ট**। একবচন, বহুবচন بَيِّنَاتٌ অর্থ– দলিল; প্রমাণ।

نَاقَةٌ : **উষ্ট্রী**। একবচন, বহুবচন– نَاقَاتٌ ও نُوقٌ، نِيَاقٌ

ذَرُوهَا : **তোমরা তাঁকে বর্জন কর**। সীগাহ جمع مذكر امر حاضر معروف বহছ فَتَحَ ও سَمِعَ বাব امر حاضر معروف মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার الوذر অর্থ– বর্জন করা; পরিত্যাগ করা; ছেড়ে দেওয়া। এ অর্থে فعل مضارع ও امر– নহী نهى ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

لَا تَمَسُّوهَا : **তোমরা তাকে স্পর্শ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া।

سُوْءٍ : **ক্লেশ; কষ্ট**। ইসম। এটি فُعْلَى -এর ওযনে أَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنَى ব্যবহার হয়। ইমাম রাগেব (র.)-এর মতে– سوء এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি (র.) লিখেছেন, এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী (র.) লিখেছেন– سوء হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবী বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। নিম্নে যা বর্ণিত হলো–

১. কঠিনতা ও তীব্রতার অর্থে। যেমন– يَسُومُونَكُمْ سُوءَ الْعَذَابِ (তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত)

২. ক্লেশ অর্থে। যেমন– وَلَا تَمَسُّوهَا بِسُوءٍ [তোমরা তাকে ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে স্পর্শ করো না]

قَطَعْنَا : **আমি নির্মূল করেছিলাম। আমি কর্তন করেছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلْقَطْعُ অর্থ– কর্তন করা; কাটা; নির্মূল করা।

دَابِرَ : **মূল; জড়; ভিত্তি**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلدُّبُورُ পৃষ্ঠপ্রদর্শন করা। যে কোনো কিছুর শেষ ও অনুগামীর অর্থের জন্য ব্যবহার হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, পশ্চাদ্বর্তী ও অনুগামীকে دَابِرٌ বলা হয় তা স্থান, কাল বা মর্যাদা যাই হোকনা কেন।

كَذَّبُوا : **তারা মিথ্যা প্রতিপন্ন করেছে**। তারা অস্বীকার করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার التكذيب অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যায়ন করা।

مُؤْمِنِينَ : **মুমিনগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَال মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْإِيمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

আয়াত : ৭৩

ثَمُودَ : **ছামূদ জাতি**। এটি হযরত সালেহ (আ.)-এর সম্প্রদায়ের নাম। ثَمُود শব্দটিকে কেউ অনারবী বলেন; আবার কেউ আরবী বলেন। আরবি হলে এটি ثَمْدٌ থেকে উদ্ভূত। ثَمْد বৃষ্টির ঐ সামান্য পানিকে বলা হয় যা গর্তে জমা হয়, শীতকালে অবশিষ্ট থাকে এবং গ্রীষ্মকালে শুকিয়ে যায়। আরবি ভাষার ইমাম আবূ আমর ইবনে আ'লা তাদের নামকরণ সম্পর্কে বলেন– سُمِّيَتْ ثَمُودَ لِقِلَّةِ مَائِهَا وَالثَّمْدُ اَلْمَاءُ الْقَلِيلُ وَكَانَتْ مَسَاكِنُهُمُ الْحِجْرَ بَيْنَ الْحِجَازِ وَالشَّامِ إِلَى وَادِى الْقُرٰى অর্থাৎ ছামূদ নামকরণ করা হয়েছে তাদের পানিস্বল্পতার কারণে। ثَمْد স্বল্প পানিকে বলা হয়। হিজাজ ও সিরিয়ার মধ্যবর্তী ওয়াদিউল কুরার কাছে হিজর' নামক স্থানে ছিল তাদের আবাসস্থল। –[মা'আলিমুত্তানযিল, খ. ২ পৃ. ১৮৮, মুকাম্মাল লুগাতুল কুরআন উর্দু] তাদের নামকরণ সম্পর্কে কাজী বায়যাবী (র.) বলেন– سُمُّوا بِاسْمِ أَبِيهِمُ الْأَكْبَرِ ثَمُودَ بْنِ عَابِرِ بْنِ إِرَمَ بْنِ سَامِ بْنِ نُوحٍ অর্থাৎ তাদের পূর্বপুরুষ ছামূদ বিন আবের বিন ...নূহ -এর নামে তাদের গোত্রের নামকরণ করা হয়েছে। [বিস্তারিত সূরা হূদ : ৬১ দ্রষ্টব্য]

৩. ব্যভিচার অর্থে। যেমন- مَا جَزَاءُ مَنْ أَرَادَ بِأَهْلِكَ سُوءً [যে তোমার ঘরে ব্যভিচার করতে চায় তার শাস্তি কী হতে পারে?]

৪. কুষ্ট রোগ অর্থে। যেমন- بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوءٍ [নির্মল উজ্জ্বল হয়ে, অর্থাৎ কুষ্টরোগের কারণে নয় এমন উজ্জ্বল হয়ে]

৫. শাস্তির অর্থে। যেমন- إِنَّ الْخِزْيَ الْيَوْمَ وَالسُّوءَ عَلَى الْكَافِرِينَ [আজ কাফেরদের জন্য রয়েছে লাঞ্ছনা ও শাস্তি।]

৬. শিরক অর্থে। যেমন- مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوءٍ [আমরা মন্দকর্ম করতাম না অর্থাৎ শিরক করতাম না।]

৭. গালমন্দের অর্থে। যেমন- لَا يُحِبُّ اللَّهُ الْجَهْرَ بِالسُّوءِ [আল্লাহ তা'আলা পছন্দ করেন না মন্দকথা প্রকাশ করা।]

৮. গুনাহ অর্থে। যেমন- يَعْمَلُونَ السُّوءَ بِجَهَالَةٍ [তারা মূর্খতাবশত গুনাহের কাজ করে।]

৯. بِئْسَ তথা মন্দ অর্থে। যেমন- وَلَهُمْ سُوءُ الدَّارِ [তাদের জন্য রয়েছে মন্দগৃহ]

১০. অনিষ্টতা অর্থে। যেমন- وَيَكْشِفُ السُّوءَ [এবং তিনি অনিষ্টতা দূর করে দেন]

১১. হত্যা ও পরাজয় অর্থে। যেমন- لَمْ يَمْسَسْهُمْ سُوءٌ [তাদের কোনো আঁচড় লাগেনি]। -[আল-ইতকান, খ. ১, পৃ. ১৪২]

يَأْخُذَ : **তিনি পাকড়াও করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ- (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; পাকড়াও করা।

أَلِيمٌ : **মর্মন্তুদ। যন্ত্রণাদায়ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ل ـ م) মাসদার اَلْاَلَمُ অর্থ- কষ্ট পাওয়া।

আয়াত : ৭৪

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- স্মরণ করা; মনে করা।

جَعَلَكُمْ : **তিনি তোমাদেরকে [স্থলাভিষিক্ত] করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো; নির্ধারণ করা; সৃষ্টি করা। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৬৯ দ্রষ্টব্য]

خُلَفَاءَ : **স্থলবর্তীগণ**। শব্দটি বহুবচন, একবচন- خليفة অর্থ- স্থলাভিষিক্ত; খলীফা।

بَوَّأَكُمْ : **তিনি তোমাদেরকে প্রতিষ্ঠিত করেছেন**। بَوَّأَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيل মাসদার التبوية অর্থ- প্রতিষ্ঠিত করা; স্থান দান করা। كُمْ যমীর منصوب متصل

تَتَّخِذُوْنَ : **তোমরা নির্মাণ করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার الاخذ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- গ্রহণ করা; ধরা।

سُهُوْلِهَا : **সমতল ভূমি**। শব্দটি বহুবচন, একবচন- سَهْلٌ অর্থ- সমতল ভূমি। ها যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি।

قُصُوْرًا : **প্রাসাদ**। শব্দটি বহুবচন, একবচন- قَصْرٌ অর্থ- অট্টালিকা; ভবন; টাওয়ার।

تَنْحِتُوْنَ : **তোমরা কর্তন করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضرب ও نصر মূলবর্ণ (ن ـ ح ـ ت) মাসদার اَلنَّحْتُ অর্থ- কাটা; কর্তন করা; কেটে সাইজ করা; ভাস্কর্য বানানো।

اَلْجِبَالَ : **পাহাড়**। শব্দটি বহুবচন, একবচন- جَبَلٌ

بُيُوْتًا : **বাসগৃহ**। শব্দটি বহুবচন, একবচন- بَيْتٌ ; بُيُوْتًا -টি حال مقدرة হওয়ার কারণে মানসূব হয়েছে।

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার الذكر অর্থ- স্মরণ করা; জিকির করা।

آلَاءَ : **অনুগ্রহরাজি; নিয়ামত**। শব্দটি বহুবচন, একবচন- اَلًى ও اِلْىٌ

لَا تَعْثَوْا : **তোমরা বিপর্যয় সৃষ্টি করে বেড়িয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ث ـ ى) মাসদার اَلْعِثْيَانُ ، اَلْعَثْىُ অর্থ- গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা করা।

اَلْاَرْضِ : **পৃথিবী**। শব্দটি একবচন, বহুবচন- اَلْاَرَضُوْنَ অর্থ- ভূমি; বিশ্ব।

مُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- গোলযোগ সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

আয়াত : ৭৫

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি**। একবচন, বহুবচন– اَلْأَمْلَاءُ অর্থ– নেতাদের দল; বড় লোকদের দল। [বিস্তারিত এ সূরার ৬০ নং আয়াত দ্রষ্টব্য]

اِسْتَكْبَرُوْا : **তারা দাম্ভিকতা প্রদর্শন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব استفعال মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; দাম্ভিকতা প্রদর্শন করা; গর্ব করা।

اُسْتُضْعِفُوْا : **তাদেরকে দুর্বল মনে করা হতো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ع ـ ف) মাসদার اَلْاِسْتِضْعَافُ অর্থ– দুর্বল মনে করা।

مُرْسَلٌ : **প্রেরিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৭৬

اِسْتَكْبَرُوْا : **তারা দাম্ভিকতা প্রদর্শন করেছে**। [বিস্তারিত এ সূরার ৭৫ নং আয়াত দ্রষ্টব্য।]

امنتم : **তোমরা ঈমান এনেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

كٰفِرُوْنَ : **কাফেরগণ; প্রত্যাখ্যানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْكُفْرَانُ ও اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া।

আয়াত : ৭৭

عَقَرُوْا : **তারা বধ করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضرب মাসদার اَلْعَقْرُ মূলবর্ণ (ع ـ ق ـ ر) অর্থ– পায়ের গোড়ালির উপরের রগ কাটা। আরবের নিয়ম ছিল উট নহর করার পূর্বে গোড়ালির উপরের রগ কেটে দিত, যেন তা পালাতে না পারে। তারপর তাকে নহর করত। তবে কখনো عَقْر দ্বারা নহর উদ্দেশ্য নেওয়া হয়। আযহারী তার কারণ বর্ণনা করেছেন যেহেতু সাধারণত عَقْر -এর পরই نَحْر হয়ে থাকে তাই এর দ্বারা নহর উদ্দেশ্য নেওয়া হয়। [তাজুল উরূস]

اَلنَّاقَةَ : **উষ্ট্রী**। একবচন, বহুবচন– نُوْقٌ - نِيَاقٌ - نَاقَاتٌ

عَتَوْا : **তারা অমান্য করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ت ـ و) মাসদার اَلْعُتُوُّ অর্থ– অমান্য করা; অবাধ্য হওয়া; অহমিকা প্রদর্শন করা।

اِئْتِنَا : **তুমি আনয়ন কর**। اِئْتِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– আনা। نا যমীর جمع متكلم মাফউলে বিহী।

تَعِدُنَا : **তুমি আমাদেরকে ভয় দেখাচ্ছ; তুমি আমাদেরকে প্রতিশ্রুতি দিচ্ছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعِدَةُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; ওয়াদা করা; ভয় দেখানো।

اَلْمُرْسَلِيْنَ : **রাসূলগণ; প্রেরিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৭৮

فَاَخَذَتْهُمْ : **তারা আক্রান্ত হয়েছে**। اخذت সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা। هم যমীরে منصوب متصل

اَلرَّجْفَةُ : **ভূমিকম্প**। বাব نَصَرَ -এর মাসদার। অর্থ– প্রকম্পিত হওয়া; কাঁপা।

فِىْ دَارِهِمْ : **তাদের নিজগৃহে**। دَارٌ অর্থ– ঘর; গৃহ। শব্দটি একবচন, বহুবচন– دِيَارٌ ; هم যমীরে মাজরূরে বাইযাফত।

جٰثِمِيْنَ : **অধঃমুখে। উপুড় হয়ে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ج ـ ث ـ م) মাসদার اَلْجُثُوْمُ ও اَلْجَثْمُ অর্থ– উপুড় হওয়া; অধঃমুখি হওয়া।

আয়াত : ৭৯

فَتَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– মুখ ফিরানো; বিমুখ হওয়া। অমনোযোগী হওয়া; বিরত হওয়া।

لَقَدْ اَبْلَغْتُكُمْ : **আমি তোমাদের নিকট পৌছে দিয়েছি**। قَدْ اَبْلَغْتُ সীগাহ واحد متكلم বহছ

(ب ـ ل ـ غ) মূলবর্ণ اِفْعَالٌ বাব ماضى قريب معروف মাসদার اَلْاِبْلَاغُ অর্থ– পৌঁছানো; অবহিত করা।

رِسَالَـةَ : **রিসালাত; বাণী; বার্তা; ম্যাসেজ**। শব্দটি একবচন, বহুবচন– رِسَالَاتٌ

نَصَحْتُ : **আমি হিতোপদেশ দিয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلنُّصْحُ ، اَلنَّصِيْحَةُ মূলবর্ণ (ن ـ ص ـ ح) অর্থ– উপদেশ দেওয়া; মঙ্গল কামনা করা; পরামর্শ দেওয়া।

لَا تُحِبُّوْنَ : **তোমরা পছন্দ করো না। তোমরা ভালোবাস না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْبَابُ মূলবর্ণ (ح ـ ب ـ ب) অর্থ– পছন্দ করা; ভালোবাসা; মহব্বত করা।

اَلنَّاصِحِيْنَ : **হিতোপদেশ দানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ص ـ ح) মাসদার اَلنُّصْحُ ، اَلنَّصِيْحَةُ অর্থ– উপদেশ দেওয়া। কল্যাণ কামনা করা।

আয়াত : ৮০

لُوْطًا : **বিশিষ্ট নবী হযরত লূত (আ.)**। [বিস্তারিত সূরা আনআম, আয়াত : ৮৬, সূরা হূদ, আয়াত : ৭০ দ্রষ্টব্য]

أَتَأْتُوْنَ : **তোমরা কি আস? তোমরা কি ব্যভিচার কর?** শুরুতে হামযা প্রশ্নবোধক। تَأْتُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা। এখানে উদ্দেশ্য সহবাস করা; ব্যভিচার করা।

اَلْفَاحِشَةَ : **অশ্লীল কাজ; নির্লজ্জ কাজ; কুকর্ম; ব্যভিচার**। শব্দটি একবচন, বহুবচন– فَوَاحِشُ

مَا سَبَقَكُمْ بِهَا : **যা তোমাদের পূর্বে কেউ করেনি**। مَا سَبَقَ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– পূর্ববর্তী হওয়া; অগ্রে গমন করা। كم যমীর منصوب متصل

اَلْعَالَمِيْنَ : **বিশ্বজগৎ**। শব্দটি বহুবচন, একবচন– عالم [বিস্তারিত সূরা ফাতিহা আয়াত : ১ দ্রষ্টব্য]

আয়াত : ৮১

لَتَأْتُوْنَ : **অবশ্যই তোমরা আস। তোমরা ব্যভিচার কর**। [বিস্তারিত এ সূরার ৮০ নং আয়াত দ্রষ্টব্য]

اَلرِّجَالَ : **পুরুষগণ**। শব্দটি বহুবচন, একবচন– رَجُلٌ

شَهْوَةً : **কাম-তৃপ্তি করা। প্রবৃত্তি**। শব্দটি একবচন, বহুবচন– شَهَوَاتٌ

اَلنِّسَاءِ : **স্ত্রী। মহিলা**। শব্দটি বহুবচন, একবচন– اِمْرَأَةٌ নারী; রমণী।

مُسْرِفُوْنَ : **সীমালঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ– বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অপব্যয় করা। মানুষের যে কোনো কাজে বাড়াবাড়ি করাকেই اسراف বলা হয়; কিন্তু সাধারণত ব্যয়ের ক্ষেত্রে বাড়াবাড়ির জন্য এ শব্দটি বহুল ব্যবহৃত। পবিত্র কুরআনে এটি উভয় অর্থেই ব্যবহার হয়েছে।

আয়াত : ৮২

جَوَابَ : **উত্তর; জবাব**। এটি বাব نَصَرَ -এর جَوْبٌ থেকে গঠিত। যার অর্থ– কর্তন করা; কাটা; অতিক্রম করা। উত্তর বা জবাবও বায়ুমণ্ডলকে অতিক্রম করে বক্তার মুখ থেকে বের হয়ে শ্রোতার কানে গিয়ে পৌঁছে, তাই তাকে جَوَابٌ বলা হয়। শব্দটি একবচন, বহুবচন– اَجْوِبَةٌ ; শুরুর কথাকে جَوَابٌ বলা হবে না; বরং এটা পরের কথার সাথে সম্পৃক্ত, যা প্রশ্নের বিপরীতে বলা হয়।

قَوْمِهٖ : **তার সম্প্রদায়**। শব্দটি একবচন, বহুবচন– اَقْوَامٌ ; قَوْمٌ মুযাফ; ه যমীরে মাজরুরে বা ইযাফত।

اَخْرِجُوْهُمْ : **তোমরা তাদেরকে বহিষ্কৃত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাবে اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বহিষ্কার করা; বের করা।

قَرْيَةِ : **জনপদ**। গ্রাম; বস্তি। শব্দটি একবচন, বহুবচনে– قُرًى আরবিতে قُرًى অর্থ– জমা করা ;একত্র করা। বলা হয়– قَرَيْتُ الْمَاءَ فِى الْحَوْضِ [আমি হাউজে পানি জমা করেছি।] গ্রামেও যেহেতু মানুষ জমা হয় তাই তাকে قَرْيَةٌ বলা হয়। পবিত্র কুরআনে শব্দটি জনপদ ও তার বাসিন্দা উভয় অর্থেই ব্যবহার হয়েছে। যেখানে اَهْل বা তার সমার্থক শব্দ থাকবে সেখানে قُرًى বা قَرْيَةٌ -এর অর্থ হবে– বাসিন্দা। আর যেখানে এ রকম শব্দ না থাকবে সেখানে অর্থ হবে– গ্রাম বা

عَاقِبَةَ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ -এর মাসদার। যার অর্থ– পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন– وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ [শুভ পরিণাম মুত্তাকিদের জন্য।] ইযাফত অবস্থায় কখনো শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন– ثُمَّ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ اَسَاءُوا [যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।] শব্দটি একবচন, বহুবচন– عَوَاقِبُ

اَلْمُجْرِمِيْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৮৫

مَدْيَنَ : **মাদইয়ানবাসী**। ইসমে মা'রেফা عَلَمٌ ; হযরত শু'আইব (আ.) -এর সম্প্রদায় ও তাঁর জনপদের নাম। ইতিহাসবিদগণ সিনাই উপকূল থেকে ফুরাত পর্যন্ত পূর্ণ এলাকাকে মাদইয়ান নামে আখ্যায়িত করেছেন। এখানকার লোকেরা ব্যবসায়ী ছিল। মিশর, ফিলিস্তিন ও লেবানন ছিল এদের ব্যবসার কেন্দ্র। –[মু'জামুল কুরআন]

شُعَيْبًا : **হযরত শু'আইব** (আ.)। তিনি একজন বিশিষ্ট পয়গাম্বর ছিলেন। হযরত আবূ যর (রা.) থেকে বর্ণিত একটি দীর্ঘ হাদীসে রয়েছে, রাসূল ﷺ বলেছেন, চারজন নবী আরবের ছিলেন। হযরত হূদ, সালিহ, শুআইব ও তোমাদের নবী। –[বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৮৪ দ্রষ্টব্য]

بَيِّنَةٌ : **স্পষ্ট দলিল**। একবচন, বহুবচন– بَيِّنَاتٌ

اَوْفُوْا : **তোমরা পূর্ণ কর। তোমরা ঠিকভাবে দাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلْاِيْفَاءُ অর্থ– পূর্ণ করা; ঠিকভাবে দেওয়া।

اَلْكَيْلَ : **পরিমাপ**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– পরিমাপ করা; ওজন করা।

اَلْمِيْزَانَ : **ওজন**। اسم آلة ও اِسْم مَصْدَرْ অর্থ– দাড়িপাল্লা; ওজন করা। রূপকার্থে ন্যায়বিচার; ইনসাফ। শব্দটি একবচন; বহুবচন اَلْمَوَازِيْنُ ; مِيْزَانٌ এখানে وَزْنٌ

وَاسْأَلِ الْقَرْيَةَ ـ وَضَرَبَ اللّٰهُ مَثَلًا জনপদ। যেমন– قَرْيَةً ـ وَكَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ এ সকল স্থানে قَرْيَةٌ দ্বারা তার বাসিন্দা উদ্দেশ্য। এবং نُوْحِىْ اِلَيْهِمْ مِّنْ اَهْلِ الْقُرٰى ـ وَمِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا এ সকল স্থানে قَرْيَةٌ দ্বারা বস্তি, গ্রাম বা জনপদ উদ্দেশ্য।

اُنَاسٌ : **মানুষ; মানবজাতি**। বহুবচন, একবচন– اِنْسٌ

يَتَطَهَّرُوْنَ : **তারা অতি পবিত্র হতে চায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلتَّطَهُّرُ অর্থ– অতি পবিত্র হওয়া।

আয়াত : ৮৩

فَاَنْجَيْنَاهُ : **আমি উদ্ধার করলাম**। [বিস্তারিত এ সূরার ৭২ নং আয়াত দ্রষ্টব্য]

اِمْرَاَتَهٗ : **তার স্ত্রী**। একবচন, বহুবচন– نِسَاءٌ ; ه যমীর মাজরূরে বাইযাফত।

اَلْغٰبِرِيْنَ : **পশ্চাতে অবস্থানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْغُبُوْرُ মূলবর্ণ (غ ـ ب ـ ر) অর্থ– গত হওয়া; অতীত হওয়া; পশ্চাতে অবস্থান করা।

আয়াত : ৮৪

اَمْطَرْنَا : **আমি বৃষ্টি বর্ষণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْطَارُ মূলবর্ণ (م ـ ط ـ ر) বৃষ্টি বর্ষণ করা। পবিত্র কুরআনে اَمْطَارٌ ও مَطَرٌ শব্দের ব্যবহার সাধারণত দুঃখ-কষ্ট দেওয়া ও আজাব দানকারী বৃষ্টির অর্থে হয়েছে। আর রহমতের বৃষ্টির জন্য غَيْثٌ শব্দ ব্যবহার হয়েছে। ভাষাবিদ জাহিয ও ইবনে কুতাইবাও এ বিষয়টিকে স্পষ্ট করেছেন যে, শাস্তি ও কষ্টদানের ক্ষেত্রে مَطَرٌ এবং শান্তি ও আরামের ক্ষেত্রে غَيْثٌ ব্যবহার করা হয়। তবে বিশিষ্ট ভাষাবিদ আবূ উবাইদা বিশ্লেষণ করে বলেছেন مَطَرٌ (বাব نَصَرَ) -এর ব্যবহার কল্যাণের বৃষ্টির জন্য হয়, আর اَمْطَرَ [বাব اِفْعَالٌ] -এর ব্যবহার শাস্তি বর্ষণের জন্য হয়ে থাকে।

فَانْظُرْ : **তুমি লক্ষ্য কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– অপেক্ষা করা; লক্ষ্য করা।

মাসদারের অর্থে হয়েছে। অর্থ– ওজন করা; মাপা। যেমন– مِيْعَاد শব্দটি وَعْد অর্থে ব্যবহৃত হয়। –[তাফসীরে মাযহারী]

لَا تَبْخَسُوْا : **তোমরা কম দিবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْبَخْسُ মূলবর্ণ (ب ـ خ ـ س) অর্থ–হ্রাস করা; কমানো; কম দেওয়া।

اَشْيَاءَ : **প্রাপ্যবস্তুসমূহ**। বহুবচন, একবচন– شَيْئٌ

لَا تُفْسِدُوْا : **তোমরা বিপর্যয় সৃষ্টি করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– বিপর্যয় সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা।

بَعْدَ اِصْلَاحِهَا : **তাতে [দুনিয়াতে] শান্তি স্থাপিত হওয়ার পর**। এটি বাব اِفْعَالٌ-এর মাসদার। অর্থ– শান্তি স্থাপন করা; সংস্কার করা।

خَيْرٌ : **সর্বশ্রেষ্ঠ**। **সর্বোত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের ফলে শুরুর হামযাহ পড়ে গেছে। অথবা ইসম, একবচন, বহুবচন– خُيُوْرٌ

مُؤْمِنِيْنَ : **মুমিনগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

আয়াত : ৮৬

لَا تَقْعُدُوْا : **তোমরা বসে থাকবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقُعُوْدُ মূলবর্ণ (ق ـ ع ـ د) অর্থ– বসা; উপবেসন করা।

صِرَاطٍ : **পথ; রাস্তা**। একবচন, বহুবচন– صُرُطٌ [বিস্তারিত সূরা ফাতিহা, আয়াত : ৫, দ্রষ্টব্য]

تُوْعِدُوْنَ : **তোমরা ভীতি প্রদর্শন করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْاِيْعَادُ অর্থ– ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো।

تَصُدُّوْنَ : **তোমরা বাধা প্রদান করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– বাধাপ্রদান করা; প্রতিরোধ করা।

تَبْغُوْنَ : **তোমরা অনুসন্ধান করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْبُغْيَةُ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– অনুসন্ধান করা; অন্বেষণ করা।

عِوَجًا : **বক্রতা**। শব্দটি বাব سَمِعَ-এর মাসদার। যার অর্থ– বাঁকা হওয়া; বক্রতা। আরবি ভাষাবিদ আবূ যায়েদ (র.) বলেন, যে বক্রতা চোখ দ্বারা দেখা যায় তার জন্য عَوَجٌ (بِفَتْحِ الْعَيْنِ) আসে। আর যে বক্রতা চক্ষু দ্বারা নয় বরং জ্ঞান-বুদ্ধি ও অন্তর দ্বারা বুঝা যায় তার জন্য عِوَجٌ (بِكَسْرِ الْعَيْنِ) আসে। এখানে এ অর্থই উদ্দেশ্য।

قَلِيْلًا : **কম**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ل ـ ل) মাসদার اَلْقِلَّةُ অর্থ– কম হওয়া; স্বল্পতা।

كَثَّرَكُمْ : **তিনি তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার التكثير অর্থ– অধিক করা। كُمْ যমীর منصوب متصل

اُنْظُرُوْا : **তোমরা লক্ষ্য কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظَرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– দেখা; লক্ষ্য করা।

আয়াত : ৮৭

طَائِفَةٌ : **দল**। সম্প্রদায়। একবচন, বহুবচন– طوائف

اُرْسِلْتُ : **আমি প্রেরিত হয়েছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার الارسال। অর্থ– প্রেরণ করা; পাঠানো।

لَمْ يُؤْمِنُوْا : **তারা ঈমান আনেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

اِصْبِرُوْا : **তোমরা ধৈর্যধারণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা।

خَيْرُ الْحٰكِمِيْنَ : **শ্রেষ্ঠ মীমাংসাকারী**। اَلْحٰكِمِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نصر মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ– মীমাংসা করা; ফয়সালা করা।

৯ম পারা

আয়াত : ৮৮

قَالَ : **সে বলেছে।** সীগাহ ماضى বহছ واحد مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার معروف اَلْقَوْلُ অর্থ- বলা।

اَلْمَلَأُ : প্রধান; দলপতি। একবচন, বহুবচন- اَلْاَمْلَاءُ অর্থ- নেতাদের দল; বড় লোকদের দল। مَلَأٌ অর্থ- পূর্ণ করা; ভরে দেওয়া। যেহেতু সম্প্রদায়ের নেতাগণ তাদের মতামত এবং ব্যক্তিত্ব ও সৌন্দর্য দ্বারা মানুষের চাহিদা পূরণ করে দেয়, অথবা চোখে আলো এবং অন্তরে ভয় দ্বারা ভরে দেয় এ কারণে তাদেরকে مَلَأٌ বলা হয়। -[মিসবাহ]

ইমাম রাগেব (র.) বলেন, যারা দর্শকদের দৃষ্টিতে সম্মানিত হয় এবং তাদের চোখকে ভরে দেয় তাদেরকে مَلَأٌ বলা হয়। এবং شَابٌّ مَالِئُ الْعَيْنِ اَلْمَلَأُ الْخَلْقِ [দর্শনীয় যুবক যে তার তারুণ্যের সৌন্দর্যে ভরপুর।] -[মুফরাদাতুল কুরআন]

اِسْتَكْبَرُوْا : **তারা দাম্ভিকতা প্রদর্শন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ- অহংকার করা; দাম্ভিকতা প্রদর্শন করা; গর্ব করা।

قَوْم : **জাতি; সম্প্রদায়।** এটি ইসম। অর্থ- শুধুমাত্র পুরুষদের দল। যেমন এক কবির পংক্তি- اَقَوْمٌ اٰلُ حِصْنٍ اَمْ نِسَاءٌ [হিসন সম্প্রদায়ের লোকেরা পুরুষ নাকি মহিলা?] এখানে মহিলার বিপরীতে قَوْم আনা হয়েছে। মহিলাদের দলকে قَوْم বলা হবে না। -[রাগেব] কুরআনেও এর প্রমাণ রয়েছে। যেমন- لَا يَسْخَرْ قَوْمٌ مِّنْ قَوْمٍ عَسٰى اَنْ يَّكُوْنُوْا خَيْرًا مِّنْهُمْ وَلَا نِسَاءٌ مِّنْ نِّسَاءٍ عَسٰى اَنْ يَّكُنَّ خَيْرًا مِّنْهُنَّ এখানেও পুরুষদের জন্য قَوْم এবং মহিলাদের জন্য نِسَاءٌ ব্যবহার করা হয়েছে। قَوْم- এর বহুবচন اَقْوَامٌ وَ اَقَاوِيْمُ এবং جَمْعُ الْجَمْعِ হলো اَقَاوِيْمُ و اَقَائِمُ -[কামূস]

لَنُخْرِجَنَّكَ : **আমরা তোমাকে বহিষ্কৃত করবই।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বহিষ্কার করা; বের করা।

قَرْيَتِنَا : **আমাদের জনপদ।** قَرْيَةٌ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। قَرْيَةٌ একবচন, বহুবচন- قُرًى আরবিতে قُرًى অর্থ- জমা করা ; একত্র করা। বলা হয়- قَرَيْتُ الْمَاءَ فِى الْحَوْضِ [আমি হাউজে পানি জমা করেছি।] গ্রামেও যেহেতু মানুষ জমা হয় তাই তাকে قَرْيَةٌ বলা হয়। পবিত্র কুরআনে শব্দটি জনপদ ও তার বাসিন্দা উভয় অর্থেই ব্যবহার হয়েছে। যেখানে اَهْل বা তার সমার্থক শব্দ থাকবে সেখানে قَرْيَةٌ বা قُرًى- এর অর্থ হবে বাসিন্দা। আর যেখানে এ রকম শব্দ না থাকবে সেখানে অর্থ হবে গ্রাম বা জনপদ। যেমন- وَاسْئَلِ الْقَرْيَةَ ـ وَضَرَبَ اللّٰهُ مَثَلًا- قَرْيَةً ـ وَ كَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ এ সমস্ত স্থানে قَرْيَةٌ দ্বারা তার বাসিন্দা উদ্দেশ্য। এবং نُوْحِىْٓ اِلَيْهِمْ مِّنْ اَهْلِ الْقُرٰى ـ وَ مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا এ সমস্ত স্থানে قرية দ্বারা বস্তি, গ্রাম বা জনপদ উদ্দেশ্য।

لَتَعُوْدُنَّ : **তোমরা অবশ্যই ফিরে আসবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ- ফিরে আসা; প্রত্যাবর্তন করা।

فِىْ مِلَّتِنَا : **আমাদের ধর্মাদর্শে।** مِلَّةٌ একবচন, বহুবচন- مِلَلٌ ; ইমাম রাবে (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন- مِلَّةٌ ও دِيْن- এর ন্যায় এমন জীবনবিধানের নাম যা আল্লাহ বান্দাদের জন্য নির্ধারণ করেছেন, যেন তাঁরা তার উপর চলে আল্লাহর নৈকট্য অর্জন করতে পারে। এ জীবনবিধান নবীগণের মাধ্যমে বান্দাদের পর্যন্ত পৌঁছেছে। তিনি مِلَّةٌ ও دِيْن- এর মধ্যে পার্থক্য বর্ণনা করেছেন যে, مِلَّةٌ শব্দের

ইযাফত শুধুমাত্র নবীগণের দিকে হয়ে থাকে। নবী ব্যতীত অন্য কারো প্রতি এমন কি আল্লাহর প্রতিও হয় না। তাই مِلَّةُ زَيْدٍ বা مِلَّةُ اللّٰهِ বলা যাবে না। তবে دِيْن শব্দটি ব্যাপক। তার ইযাফত সকলের প্রতিই হতে পারে। তাই دِيْنُ الْاَنْبِيَاءِ - دِيْنُ اللّٰهِ এবং دِيْنُ زَيْدٍ বলা যাবে।

كَارِهِيْنَ : অপছন্দকারীগণ। সীগাহ اسم جمع مذكر বহছ فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْكُرْهُ ও اَلْكَرَاهَةُ অর্থ- অপছন্দ করা; ঘৃণা করা। বাব نَصَرَ হতে كُرْهٌ ও كَرْهٌ একই অর্থবোধক। অসন্তুষ্টি; অপছন্দ করা। كُرْهٌ ও كَرْهٌ সমার্থক শব্দ; অথবা উভয়ের মধ্যে পার্থক্য হলো বাইরের চাপ ব্যতীত মনে চায় না অথচ বাইরের চাপ ব্যতীত নিজে নিজে এমন অপছন্দনীয় কাজ যা মানুষ বরদাশত করে যাচ্ছে এমন অপছন্দনীয়তাকে كُرْهٌ (পেশযোগে) বলা হয়। আর যদি বাইরের চাপে বাধ্য হয়ে এরূপ অপছন্দনীয় কাজকে মানুষ বরদাশত করতে থাকে তাহলে এমন অপছন্দনীয় কাজকে كَرْهٌ (যবরযোগে) বলা হয়। মোটকথা বাধ্যকারীর চাপে كَرْهٌ সৃষ্টি হয় আর অন্তরের ঘৃণা থেকে সৃষ্টি হয় كُرْهٌ -[মুফরাদাত, কামূস]

উল্লেখ্য كَرَاهَةٌ তিন প্রকার। যথা- ১. আক্‌লী বা জ্ঞানগত। ২. শরয়ি। ৩. طَبْعِى বা স্বভাগত। স্বভাবগতভাবে কোনো কিছুর ব্যাপারে كَرَاهَةٌ হতে পারে; কিন্তু জ্ঞান বা শরিয়ত তাকে كَرَاهَةٌ মনে করে না। যেমন শরিয়তের বিধিবিধান নির্বোধ ও গাফেলদের জন্য। অথবা জ্ঞানগত ও শরিয়তের দৃষ্টিতে كَرَاهَةٌ হবে; কিন্তু স্বভাব তাকে অপছন্দনীয় মনে করে না। যেমন শরিয়তে নিষিদ্ধ পার্থিব ভোগের বস্তুসমূহ দুনিয়াদারদের জন্য। পবিত্র কুরআনে كَارِهُوْنَ / كَارِهِيْنَ দ্বারা স্বভাবগত ঘৃণাকারীই উদ্দেশ্য।

আয়াত : ৮৯

قَدِ افْتَرَيْنَا : আমরা মিথ্যারোপ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى قريب معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ- মিথ্যা রচনা করা; মনগড়া কথা বানানো; অপবাদ দেওয়া।

عُدْنَا : আমরা পুনরাবৃত্তি করি/ফিরে যাই। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْعَوْدُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ- পুনরাবৃত্তি করা; ফিরে আসা।

نَجّٰنَا : তিনি আমাদেরকে উদ্ধার করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ- মুক্তি দেওয়া; উদ্ধার করা।

نَعُوْدَ : আমরা ফিরে যাব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ- ফিরে যাওয়া; প্রত্যাবর্তন করা।

يَّشَاءَ : তিনি ইচ্ছা করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা।

وَسِعَ : সে আয়ত্ত করেছে। তা পর্যাপ্ত হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ অর্থ- প্রশস্ত হওয়া; পর্যাপ্ত হওয়া; সংকুলান হওয়া।

تَوَكَّلْنَا : আমরা নির্ভর করি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ- নির্ভর করা; ভরসা করা।

رَبَّنَا : হে আমাদের প্রতিপালক। মূলত يَا رَبَّنَا ছিল। رَبّ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি।

اِفْتَحْ : তুমি মীমাংসা করে দাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ আল্লামা আবূ হাইয়ান 'বাহরুল মুহীতে' লিখেছেন ইয়েমেনী ভাষায় فَتْحٌ অর্থ- মীমাংসা করা; ফয়সালা করা। যেমন- وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيْمُ [তিনিই মীমাংসাকারী, সর্বজ্ঞ।] স্মরণ করিয়ে দেওয়ার অর্থেও আসে। যেমন- فَتَحَ عَلَى الْاِمَامِ [সে ইমামকে স্মরণ করিয়ে দিয়েছে।] সাফল্য ও সাহায্যের অর্থেও ব্যবহৃত হয়। যেমন- فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ [তোমাদের নিকট বিজয় এসেছে।] قَصَصْ [বর্ণনা করা]; تَبَيَّنَ [প্রকাশ করা]; مَنَّ অনুগ্রহ করা - এর অর্থেও ব্যবহৃত হয়। মূলত فَتْحٌ অর্থ- খোলা; উন্মুক্ত করা, যা سَدٌّ [বন্ধ করা] -এর বিপরীতার্থক শব্দ। -[আলবাহরুল মুহীত, খ. ১, পৃ. ২৬৯]

ইমাম রাগেব লিখেছেন– فَتْحٌ অর্থ– ধাঁধা ও জটিলতার সমাধান করা; বন্ধত্ব দূর করা। তার দুটি সুরত রয়েছে। প্রথমত যা দৃষ্টিগোচর হয়। যেমন– দরজা, তালা ইত্যাদি খোলা। যেমন– কুরআনে রয়েছে– وَلَمَّا فَتَحُوا مَتَاعَهُمْ [যখন তারা তাদের মালামাল খুলেছে] وَلَوْ فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا مِنَ السَّمَاءِ [যদি আমি আকাশে তাদের জন্য দরজা খুলে দেই।] দ্বিতীয়ত যা অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা যায়। যেমন فَتْحُ الْهَمِّ [দুঃখ ইত্যাদি দূর করা।] এটাও আবার কয়েক প্রকার। দুনিয়াবি বিষয়ের। যেমন, দুঃখ দূর করে দেওয়া; দারিদ্র্য বিমোচন করা। যেমন– فَتَحْنَا عَلَيْهِمْ أَبْوَابَ كُلِّ شَيْءٍ [আমি তাদের জন্য সকল কিছুর দরজা খুলে দিলাম।] অর্থাৎ আমি তাদেরকে প্রশস্ততা দান করলাম। وَلَوْ أَنَّ أَهْلَ الْقُرَىٰ آمَنُوا وَاتَّقَوْا لَفَتَحْنَا عَلَيْهِمْ بَرَكَاتٍ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ [যদি জনপদবাসী ঈমান আনে এবং আল্লাহকে ভয় করে, তাহলে আমি খুলে দিব তাদের জন্য আসমান ও জমিনের নিয়ামত] অর্থাৎ তাদের উপর নিয়ামত আসতে শুরু করবে। তৃতীয়ত জটিল বিষয়ের সমাধান করা। যেমন– فَتَحَ مِنَ الْعِلْمِ بَابًا مُغْلَقًا [সে ইলমের জটিল বিষয়ের সমাধান করেছে।]

بِالْحَقِّ : **ন্যায়ভাবে**। একবচন, বহুবচন– حُقُوقٌ অর্থ– ন্যায়; সত্য। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

اَلْفَاتِحِيْنَ : **মীমাংসাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– খোলা; মীমাংসা করা।

আয়াত : ৯০

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি**। একবচন, বহুবচন– اَلْاَمْلَاءُ অর্থ– নেতাদের দল; বড় লোকদের দল। [এ সূরার ৮৮ নং আয়াত দেখুন]

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; তারা অবিশ্বাস করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অবিশ্বাস করা; অস্বীকার করা; কুফরি করা।

اِتَّبَعْتُمْ : **তোমরা অনুসরণ করলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা।

لَخَاسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। خَاسِرُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ، اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া। ধ্বংস হওয়া।

আয়াত : ৯১

اَخَذَتْ : **সে পাকড়াও করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; পাকড়াও করা।

اَلرَّجْفَةُ : **ভূমিকম্প**। **কম্পন; শিহরণ**।

فَاَصْبَحُوْا : **তারা প্রভাত করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْبَاحُ মূলবর্ণ (ص ـ ب ـ ح) অর্থ– প্রভাত করা; সকাল করা।

دَار : **গৃহ**। একবচন, বহুবচন– دِيَارٌ অর্থ– ঘর; বাড়ি।

جَاثِمِيْنَ : **অধঃমুখে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ج ـ ث ـ م) মাসদার اَلْجَثْمُ ও اَلْجُثُوْمُ অর্থ– উপুড় হওয়া; অধঃমুখী হওয়া।

আয়াত : ৯২

كَذَّبُوْا : **তারা মিথ্যাবাদী বলেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যাবাদী বলা।

لَمْ يَغْنَوْا : **তারা বসবাস করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْغِنَىٰ অর্থ– বসবাস করা। শব্দটি غَنِيَ بِالْمَكَانِ থেকে উদ্ভূত। যার অর্থ– কোথাও অবস্থান করা; বসবাস করা।

আয়াত : ৯৩

تَوَلّٰى : **সে মুখ ফিরিয়ে নিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া।

لَقَدْ اَبْلَغْتُكُمْ : **আমি তোমাদের নিকট পৌঁছে দিয়েছি**। সীগাহ ماضی قریب বহছ واحد متکلم বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার معروف اَلْاِبْلَاغُ অর্থ– পৌঁছে দেওয়া; পৌঁছানো।

رِسٰلٰتِ : **বাণী**। বহুবচন, একবচন– رِسَالَةٌ অর্থ– রিসালাত; বার্তা; পয়গাম; ম্যাসেজ।

نَصَحْتُ : **আমি উপদেশ দিয়েছি**। সীগাহ واحد متکلم বহছ ماضی معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ص ـ ح) মাসদার اَلنُّصْحُ অর্থ– হিতোপদেশ দেওয়া; কল্যাণ কামনা করা।

فَكَيْفَ اٰسٰى : **আমি কিভাবে আক্ষেপ করি!** সীগাহ واحد متکلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ س ـ ی) মাসদার اَلْاَسٰى অর্থ– অনুশোচনা করা; আক্ষেপ করা; আফসোস করা।

كٰفِرِيْنَ : **কাফেরগণ**। সীগাহ جمع مذکر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; অকৃতজ্ঞতা করা।

আয়াত : ৯৪

مَآ اَرْسَلْنَا : **আমি প্রেরণ করিনি**। সীগাহ جمع متکلم বহছ نفی فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

اَخَذْنَا : **আমি আক্রান্ত করি**। সীগাহ جمع متکلم বহছ ماضی معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; আক্রান্ত করা।

اَلْبَأْسَاءِ : **অর্থ–সংকট। দারিদ্র্য; কঠোরতা**। এটি اسم مؤنث যা بُؤْسٌ থেকে উদ্ভূত।

اَلضَّرَّاءِ : **দুঃখ–ক্লেশ। কষ্ট; সংকীর্ণতা। ব্যাধি; রোগ। বিপদ**। এটি اسم যা نَعْمَاءُ ও سَرَّاءُ -এর বিপরীতার্থক শব্দ। উল্লেখ্য بَأْسَاءُ ও ضَرَّاءُ শব্দ দুটি স্ত্রীলিঙ্গ, যার পুংলিঙ্গ হয় না। তবে নাহুবিদ ফাররা বলেন, যদি তাদের বহুবচন যথাক্রমে اَبْؤُسٌ ও اَضُرٌّ ব্যবহার করা হলে তা জায়েজ হবে। যেমন نَعْمَاءُ -এর বহুবচন اَنْعُمٌ ব্যবহার করা হয়।

يَضَّرَّعُوْنَ : **তারা কাকুতি-মিনতি করে**। সীগাহ جمع مذکر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ض ـ ر ـ ع) মাসদার اَلْاِضَّرُّعُ অর্থ– কাকুতি-মিনতি করা; অনুনয়-বিনয় করা। يَضَّرَّعُوْنَ মূলত يَتَضَرَّعُوْنَ ছিল। تَاء -কে ضَاد দ্বারা পরিবর্তন করে ضَاد -কে ضَاد -এর মাঝে ইদগাম করা হয়েছে। মাসদার اَلْاِضَّرُّعُ মূলত اَلتَّضَرُّعُ ছিল। تَاء -কে ضَاد দ্বারা পরিবর্তন করে ضَاد কে ضَاد -এর মাঝে ইদগাম করা হয়েছে। বাক্যের শুরুতে সাকিন পড়া অসম্ভব বিধায় শুরুতে হামযা বৃদ্ধি করা হয়েছে।

আয়াত : ৯৫

بَدَّلْنَا : **আমি পরিবর্তন করেছি**। সীগাহ جمع متکلم বহছ ماضی معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা।

اَلسَّيِّئَةِ : **অকল্যাণ**। একবচন, বহুবচন– سَيِّئَاتٌ অর্থ– মন্দ; অন্যায়।

اَلْحَسَنَةَ : **কল্যাণ। মঙ্গল। পুণ্য; নিয়ামত**। এমন অনুগ্রহ ও কল্যাণ যা মানুষের জীবন, দেহ বা সুস্থ অবস্থায় অর্জিত হয়ে তার জন্য আনন্দের কারণ হয় তাকে حَسَنَةٌ বলা হয়। এর বিপরীত শব্দ হলো سَيِّئَةٌ। উভয়টিই اسم جنس যার অধীনে অনেক প্রকার অন্তর্ভুক্ত। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কোনো কল্যাণ হয় তখন বলে এটা আল্লাহর পক্ষ থেকে) এখানে حَسَنَةٌ দ্বারা উদ্দেশ্য হলো ফসলের উৎকৃষ্টতা, সচ্ছলতা ও সফলতা। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ (আর যদি তাদের কোনো অকল্যাণ হয়) এখানে سَيِّئَةٌ দ্বারা দুর্ভিক্ষ; সংকীর্ণতা ও অসফলতা উদ্দেশ্য।

عَفَوْا : **তারা প্রাচুর্যের অধিকারী হয়**। সীগাহ جمع مذکر غائب বহছ ماضی معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) মাসদার اَلْعَفْوُ অর্থ– অধিক হওয়া; বৃদ্ধি পাওয়া। আল্লামা আযীযী নুযহাতুল কুলূবে লিখেছেন– عَفَوْا بمعنی كَثَرُوْا ; যখন কোনো জিনিস অধিক হয়ে যায় এবং ঘন হয়ে যায় তখন বলা হয় عَفَا الشَّيْءُ তাছাড়া عَفَا الشَّيْءُ পুরাতন হওয়া ও নিঃশেষ হওয়ার জন্যও ব্যবহৃত হয়। আল্লামা কুরতুবী

(র.) মুসলিমের শরাহতে লিখেছেন- عَفَا বিপরীতার্থক শব্দ। যার অর্থ- বৃদ্ধি পাওয়া ও হ্রাস পাওয়া। প্রকাশ পাওয়া ও গোপন হওয়া।

مَسَّ : **সে স্পর্শ করেছে; সে ভোগ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ- স্পর্শ করা; ভোগ করা; লেগে যাওয়া।

اَلسَّرَّاءُ : **সুখ; সাচ্ছন্দ্য**। আনন্দ; নিয়ামত; অনুগ্রহরাজি।

فَاَخَذْنَاهُمْ : **আমি পাকড়াও করেছি**। اَخَذْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; পাকড়াও করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

بَغْتَةً : **অকস্মাৎ**। **হঠাৎ**।

لَا يَشْعُرُوْنَ : **তারা উপলব্ধি করতে পারেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ- অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ৯৬

اَلْقُرٰى : **জনপদ**। **গ্রাম; পল্লী**। বহুবচন, একবচন- قَرْيَةٌ

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

اِتَّقَوْا : **তারা তাকওয়া অবলম্বন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; বর্জন করা; বিরত থাকা।

لَفَتَحْنَا : **আমি উন্মুক্ত করতাম**। فَتَحْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْفَتْحُ মূলবর্ণ (ف ـ ت ـ ح) অর্থ- উন্মুক্ত করা; খোলা। বিজয় লাভ করা।

بَرَكَاتٍ : **কল্যাণ**। **বরকত**। **প্রাচুর্য**। বহুবচন, একবচন- بَرَكَةٌ

فَاَخَذْنَاهُمْ : **আমি পাকড়াও করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَخْذٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; পাকড়াও করা। هم যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

كَانُوْا يَكْسِبُوْنَ : **তারা উপার্জন করছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) معروف মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা; অর্জন করা।

আয়াত : ৯৭

اَفَاَمِنَ : **তবে কি তারা নিরাপদ হয়েছে**। শুরুতে হামযাটি প্রশ্নবোধক। اَمِنَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- নিরাপদ হওয়া; চিন্তামুক্ত হওয়া। همزة استفهام টি- انكار এবং توبيخ উভয়টির জন্য হতে পারে। انكار হলে অর্থ হবে- তাদের চিন্তামুক্ত হওয়া উচিত নয়। আর توبيخ -এর জন্য হলে অর্থ হবে- তাদের চিন্তামুক্ত হওয়া নিন্দনীয়।

يَأْتِيَهُمْ : **তাদের নিটক আসবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- আসা; আপতিত হওয়া।

بَأْسُنَا : **আমার শাস্তি**। একবচন, বহুবচন- بُؤُوْسٌ অর্থ- যুদ্ধ; শাস্তি; কঠোরতা; অসচ্ছলতা।

بَيَاتًا : **রাত্রিতে**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। রাত্রিবেলা এসে হাজির হওয়া; রাত্রিবেলা ঘুমন্ত শত্রুর উপর আক্রমণ করা। ظرف বা حال হওয়ার কারণে এটি মানসূব হয়েছে।

نَائِمُوْنَ : **ঘুমন্ত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ و ـ م) মাসদার اَلنَّوْمُ، اَلنِّيَامُ অর্থ- ঘুমানো; নিদ্রা যাওয়া।

আয়াত : ৯৮

اَوَ اَمِنَ : **তবে তারা [জনপদের অধিবাসিরা] ভয় রাখে না**। হামযাটি প্রশ্নবোধক। اَمِنَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার

اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ— নিরাপদ হওয়া; চিন্তামুক্ত হওয়া। همزة استفهام টি ধমকের জন্য আনা হয়েছে। অর্থাৎ তাদের চিন্তামুক্ত না হওয়া উচিত।

بَأْسُنَا : আমার শাস্তি। একবচন, বহুবচন— بُئُوْسٌ অর্থ— যুদ্ধ; শাস্তি; কঠোরতা; অসচ্ছলতা। نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি।

ضُحًى : পূর্বাহ্ন। পূর্বাহ্নের সময় যখন সূর্যের আলো প্রখর হয়। ضُحًى অর্থ হলো রৌদ্র ছড়িয়ে পড়া; বেলা বৃদ্ধি পাওয়া। উক্ত সময়কেও ضُحًى বলা হয়। নাহুবিদ ইবনে খালুবিয়া বলেন, এটি مؤنث কিন্তু আল্লামা ফিরোজাবাদী বলেন, এটি مذكر -ও আসে। শায়খ আবুল ফযল বলেন, যে এটাকে مؤنث করেছে সে ضَحْوَةٌ -এর বহুবচন করেছে। আর যে এটাকে مؤنث করেছে তার মতে এটি فعل -এর ওযনে ইসম।

يَلْعَبُوْنَ : যখন তারা ক্রীড়ারত। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللَّعِبُ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ— খেলা করা; ক্রীড়া-কৌতুক করা।

আয়াত : ৯৯

اَفَاَمِنُوْا : তারা কি ভয় রাখে না। তারা কি চিন্তামুক্ত হয়ে গিয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ— নিরাপদ হওয়া; চিন্তামুক্ত হওয়া। এখানে همزة استفهام টি انكار এবং توبيخ উভয়টির জন্য হতে পারে। انكار হলে অর্থ হবে— তাদের চিন্তামুক্ত হওয়া উচিত নয়। আর توبيخ -এর জন্য হলে অর্থ হবে তাদের চিন্তামুক্ত হওয়া নিন্দনীয়।

مَكْرَ اللّٰهِ : আল্লাহর কৌশল। مَكْرٌ অর্থ— প্রতারণা; কৌশল; প্রতারণার শাস্তি দেওয়া; শাস্তি দেওয়ার গোপন চক্রান্ত করা। এটি বাব نَصَرَ -এর মাসদার।

اَلْخٰسِرُوْنَ : ক্ষতিগ্রস্তগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخَسَارَةُ ও اَلْخُسْرَانُ অর্থ— ক্ষতিগ্রস্ত হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ১০০

اَوَلَمْ يَهْدِ : তাদের নিকট কি প্রতীয়মান হয়নি। হামযাটি প্রশ্নবোধক। لَمْ يَهْدِ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার معروف اَلْهِدَايَةُ অর্থ— সঠিক পথে পরিচালিত করা; পথ প্রদর্শন করা। রাস্তা দেখানো। তাফসীরে জালালাইনে لَمْ يَهْدِ -এর অর্থ করা হয়েছে لَمْ يَتَبَيَّنْ [তাদের নিকট কি এ বিষয়টি স্পষ্ট হয়নি?]

يَرِثُوْنَ : তারা উত্তরাধিকারী হয়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব حَسِبَ মাসদার اَلْوِرْثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ— উত্তরাধিকারী হওয়া; মালিক হওয়া।

لَوْ نَشَاءُ : যদি আমি ইচ্ছা করি। لَوْ হরফে শর্ত। نَشَاءُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ— ইচ্ছা করা।

اَصَبْنٰهُمْ : আমি তাদেরকে শাস্তি দিতাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ— প্রাপ্তি। সঠিকতা। লক্ষ্যে আঘাত; আক্রমণ করা; শাস্তি দেওয়া।

بِذُنُوْبِهِمْ : তাদের পাপের দরুন। ذُنُوْبٌ বহুবচন, একবচন— ذَنْبٌ অর্থ— গুনাহ; অপরাধ; পাপ।

نَطْبَعُ : আমি মোহর করে দিব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ— মোহর করা; ছাপ দেওয়া।

قُلُوْبُ : হৃদয়; অন্তর। বহুবচন, একবচন— قَلْبٌ

لَا يَسْمَعُوْنَ : তারা শুনবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ— শ্রবণ করা; শোনা।

আয়াত : ১০১

نَقُصُّ : আমি বর্ণনা করি। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَصَصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ— বর্ণনা করা; গল্প বলা।

أَنْبَاءِ : **বৃত্তান্ত**। বহুবচন, একবচন− نَبَأٌ অর্থ− সংবাদ; ঘটনা; তথ্য।

اَلْبَيِّنٰتِ : **প্রমাণ। দলিল**। বহুবচন, একবচন− بَيِّنَةٌ

قَبْلُ : **পূর্বে**। এটি ظرف مكان ও ظرف زمان উভয়টিই হতে পারে। এর ব্যবহার চারভাবে হয়ে থাকে। যথা− ১. تقدم زمانى : কালগতভাবে পূর্বে হওয়া। যেমন− قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوْبِهَا [সূর্য উদয় ও অস্ত যাওয়ার পূর্বে] ২. تقدم مكانى : চলার সময় কোনো স্থান প্রথমে পড়া এবং অপর স্থান পরে পড়া। যেমন− ঢাকা থেকে কলকাতা যাওয়ার সময় মাগুরা যশোরের পূর্বে পড়ে। আর কলকাতা থেকে ঢাকা যাওয়ার সময় যশোর প্রথম পড়ে। ৩. মর্যাদাগতভাবে পূর্বে হওয়া। যেমন ইকবাল জাফরের চেয়ে মর্যাদায় বড়। ৪. শ্রেণিবিন্যাসগত পূর্বে হওয়া। যেমন الف - باء থেকে পূর্বে; باء - تاء থেকে পূর্বে এবং تاء - ثاء থেকে পূর্বে। (রাগেব) পবিত্র কুরআনে قبل শব্দটি সাধারণত تقدم زمانى অর্থেই ব্যবহার হয়।

يَطْبَعُ : **তিনি মোহর করে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ− মোহর মারা; মোহরাঙ্কিত করা; সিল মারা।

قُلُوْبِ : **হৃদয়; অন্তর**। বহুবচন, একবচন− قَلْبٌ

আয়াত : ১০২

مَا وَجَدْنَا : **আমি পাইনি**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوُجُوْدُ মূলবর্ণ (و ـ ج ـ د) অর্থ− পাওয়া; অর্জন করা।

اَكْثَرَ : **অধিকাংশ**। সীগাহ اسم واحد مذكر বহছ تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ− অধিক হওয়া; প্রচুর হওয়া।

عَهْدٍ : **প্রতিশ্রুতি। চুক্তি**। একবচন, বহুবচন− عُهُوْدٌ ইমাম রাগেব (র.) লিখেছেন− عَهْدُ اللّٰهِ অর্থাৎ আল্লাহর প্রতিশ্রুতি কখনও এভাবে হয় যে, আল্লাহ তা'আলা তা আমাদের জ্ঞান ও বুদ্ধিতে দিয়ে দেন। কখনও পয়গাম্বরগণ কিতাব ও সুন্নাহর মাধ্যমে আমাদেরকে নির্দেশ প্রদান করেন। আবার কখনও যা আমাদের উপর আবশ্যক ছিল না, তা আমাদের নিজেদের প্রতি আবশ্যককরণের মাধ্যমে আমাদের উপর আবশ্যক হয়ে যায়। যেমন মানত ইত্যাদি। এখানে عهد দ্বারা উদ্দেশ্য হলো وفاء العهد তথা প্রতিশ্রুতি পূর্ণ করা। আর প্রতিশ্রুতি দ্বারা উদ্দেশ্য হলো রূহজগতের প্রতিশ্রুতি যা সকলের কাছ থেকে নেওয়া হয়েছে। যেমন আল্লাহ বলেন− اَلَسْتُ بِرَبِّكُمْ قَالُوْا بَلٰى

وَجَدْنَا : **আমি পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার وُجُوْدٌ অর্থ− পাওয়া।

لَفٰسِقِيْنَ : **সত্যত্যাগীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ অর্থ− অন্যায় করা; সত্যত্যাগ করা।

আয়াত : ১০৩

بَعَثْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ ; এর প্রকৃত অর্থ− প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো। কিন্তু قَرِيْنَةٌ ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بَعْثٌ শব্দ ব্যবহার হলে তার অর্থ হবে− উটকে হাঁকানো, চালানো। মৃতব্যক্তিদের জন্য হলে তখন অর্থ হবে− পুনরুত্থিত হওয়া। রাসূলগণের জন্য হলে অর্থ হবে− রাসূল বানিয়ে প্রেরণ করা। মোটকথা আলামত ও পারিপার্শ্বিকতা হিসেবে এর অর্থ বুঝে নিতে হবে।

مَلَاِ : **প্রধান; দলপতি**। একবচন, বহুবচন− اَلْاَمْلَاءُ অর্থ− নেতাদের দল; বড় লোকদের দল। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৮৮ দ্রষ্টব্য]

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে**। তারা অস্বীকার করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ− জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْمٌ -এর প্রকৃত অর্থ অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন, আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত

হওয়া অসম্ভব। কেননা এ বিশ্ব চরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্ফাহানী (র.) লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْم বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধিসহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অন্য স্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয়- ظَلَمْتُ السِّقَاءَ [আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি।] আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। তেমনিভাবে ظَلَمْتُ الْاَرْضَ অর্থ **হলো ভূমি এমন স্থানে খনন করেছে যেখানে খননের** স্থান ছিল না। এ ধরনের স্থানকে اَرْضٌ مَظْلُوْمَةٌ বলা হয়। খনন করে বেরকৃত মাটিকে ظَلِيْم বলা হয়। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

فَانْظُرْ : **তুমি লক্ষ্য কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- দেখা; দৃষ্টিপাত করা; লক্ষ্য করা।

عَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ- পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন, এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন- وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ শুভ পরিণাম মুত্তাকিদের জন্য। ইযাফত অবস্থায় কখনও শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন- ثُمَّ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ اَسَاءُوْا [যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।] এর বহুবচন- عَوَاقِبُ

اَلْمُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ف ـ س ـ د) বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْسَادُ অর্থ- বিপর্যয় সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

আয়াত : ১০৬

كُنْتَ جِئْتَ : **তুমি নিয়ে এসেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى بعيد معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- আনা; নিয়ে আসা।

اَلصَّادِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ- সত্যবাদী হওয়া; সত্য বলা।

আয়াত : ১০৭

اَلْقٰى : **তিনি নিক্ষেপ করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ- নিক্ষেপ করা; ঢালা। শিক্ষা দেওয়া।

عَصَاهُ : **তার লাঠি**। عَصَا মুযাফ, ه যমীর واحد مذكر غائب মুযাফ ইলাইহি। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

ثُعْبَانٌ : **অজগর**। একবচন, বহুবচন- ثَعَابِيْنُ ; এটি ইসম। مذكر ও مؤنث উভয়ের জন্য ব্যবহার হয়।

مُبِيْنٌ : **সুস্পষ্ট; প্রকাশ্য। সাক্ষাৎ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ- স্পষ্ট করা; প্রকাশ করা।

আয়াত : ১০৮

نَزَعَ : **তিনি বের করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ(ن ـ ز ـ ع) মাসদার اَلنَّزْعُ অর্থ- বের করা; উপড়ে ফেলা; উৎপাটন করা।

يَدٌ : **হাত**। একবচন, বহুবচন- اَيْدٍ

بَيْضَاءُ : **শুভ্র উজ্জ্বল**। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبه ; এর পুংলিঙ্গ- اَبْيَضُ

لِلنَّاظِرِيْنَ : **দর্শকদের দৃষ্টিতে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ১০৯

اَلْمَلَاُ : **প্রধান; দলপতি**। একবচন, বহুবচন- اَلْاَمْلَاءُ অর্থ- নেতাদের দল; বড় লোকদের দল। مَلَاٌ অর্থ- পূর্ণ করা; ভরে দেওয়া। যেহেতু সম্প্রদায়ের নেতাগণ তাদের মতামত এবং ব্যক্তিত্ব ও সৌন্দর্য দ্বারা মানুষের চাহিদা পূরণ করে দেয়, অথবা চোখ ...

এবং অন্তরে ভয় দ্বারা ভরে দেয় এ কারণে তাদেরকে مَلَأٌ বলা হয়। [মিসবাহ]

ইমাম রাগেব (র.) বলেন, যারা দর্শকদের দৃষ্টিতে সম্মানিত হয় এবং তাদের চোখকে ভরে দেয় তাদেরকে مَلَأٌ বলা হয়। شَابٌّ مَالِئُ الْعَيْنِ এবং اَلْمَلَأُ الْخُلُقِ দর্শনীয় যুবক যে তার তারুণ্যের সৌন্দর্যে ভরপুর। –[মুফরাদাতুল কুরআন]

سَاحِرٌ : **জাদুকর**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা।

عَلِيْمٌ : **সুদক্ষ; বিজ্ঞ**। সীগাহ اسم مبالغة বহছ واحد مذكر বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার عِلْمٌ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ১১০

يُرِيْدُ : সে **ইচ্ছা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা।

اَنْ يُّخْرِجَكُمْ : **সে তোমাদেরকে বহিষ্কার করে**। يُخْرِجُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

اَرْضِكُمْ : **তোমাদের দেশ**। كُمْ মুযাফ اَرْضٌ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি একবচন, বহুবচন– اَرَضُوْنَ অর্থ– ভূমি; জমি; দেশ; পৃথিবী; বিশ্ব।

مَاذَا تَأْمُرُوْنَ : **তোমরা কি পরামর্শ দাও?** تَأْمُرُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; পরামর্শ দেওয়া।

আয়াত : ১১১

اَرْجِهْ : **কিঞ্চিত অবকাশ দাও**। ارج সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ج ـ ء) মাসদার اِرْجَاءٌ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

اَخَاهُ : **তার ভ্রাতা**। [এখানে উদ্দেশ্য হযরত মূসা (আ.)-এর ভ্রাতা হযরত হারুন (আ.)।] اخ একবচন, বহুবচন– اِخْوَانٌ اِخْوَةٌ

اَرْسِلْ : **প্রেরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

اَلْمَدَائِنِ : **নগরে নগরে; শহরে শহরে**। বহুবচন, একবচন– مَدِيْنَةٌ

حَاشِرِيْنَ : **সংগ্রাহকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; সংগ্রহ করা; জমা করা; জড় করা।

আয়াত : ১১২

يَأْتُوْكَ : **তারা তোমার নিকট নিয়ে আসবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর সেলা باء হওয়ার কারণে অর্থ হবে– নিয়ে আসা। ك যমীর মাফঊলে বিহী।

سَاحِرٍ : **জাদুকর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা।

عَلِيْمٍ : **সুদক্ষ; বিজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ১১৩

جَاءَ : **সে এসেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئُ - اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা। جَاءَ بِ অর্থ– আনা; নিয়ে আসা।

اَلسَّحَرَةُ : **জাদুকরগণ**। বহুবচন, একবচন– سَاحِرٌ অর্থ– জাদুকর। [سِحْرٌ সম্পর্কীয় বিস্তারিত আলোচনা সূরা বাকারাহ, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

اَجْرًا : **পারিশ্রমিক**। **পুরস্কার**। একবচন, বহুবন– اُجُوْرٌ

اَلْغَالِبِيْنَ : **বিজয়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলত (غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ− বিজয়ী হওয়া; পরাজিত করা।

আয়াত : ১১৪

اَلْمُقَرَّبِيْنَ : **সান্নিধ্যপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلتَّقْرِيْبُ অর্থ− নিকটবর্তী করা।

আয়াত : ১১৫

اِمَّآ اَنْ تُلْقِيَ : **হয় তুমি নিক্ষেপ কর**। تُلْقِيَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ− নিক্ষেপ করা।

نَكُوْنَ : **আমরা হই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَيْنُوْنَةُ ও اَلْكَوْنُ অর্থ− হওয়া।

اَلْمُلْقِيْنَ : **নিক্ষেপকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالْ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ− নিক্ষেপ করা।

আয়াত : ১১৬

اَلْقُوْا : **তোমরা নিক্ষেপ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মাসদার اِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ− নিক্ষেপ করা; ঢালা।

اَلْقَوْا : **তারা নিক্ষেপ করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ− নিক্ষেপ করা; ঢেলে দেওয়া।

سَحَرُوْآ : **তারা জাদু করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسِّحْرُ মূলবর্ণ (س ـ ح ـ ر) অর্থ− জাদু করা; সম্মোহিত করা।

اَعْيُنَ : **চক্ষুসমূহ**। বহুবচন, একবচন− عَيْنٌ অর্থ− চোখ; চক্ষু।

اسْتَرْهَبُوْهُمْ : **তারা তাদেরকে আতঙ্কিত করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى اِسْتَرْهَبُوْا বাব اِسْتِفْعَالْ মূলবর্ণ (ر ـ ه ـ ب) মাসদার معروف اَلْاِسْتِرْهَابُ অর্থ− আতঙ্কিত করা; ভীত-সন্ত্রস্ত করা, ভয় দেখানো। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

سِحْرٍ : **জাদু**। এটি বাব فَتَحَ-এর মাসদার। জাদু করা; সম্মোহিত করা। বিমোহিত করা; মুগ্ধ করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১০২ দ্রষ্টব্য]

عَظِيْمٍ : **বড়**। **বিরাট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ع ـ ظ ـ م) মাসদার اَلْعِظَامَةُ অর্থ− বড় হওয়া; মহান হওয়া।

আয়াত : ১১৭

اَوْحَيْنَا : **আমি প্রত্যাদেশ করলাম; আমি ওহী প্রেরণ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ− ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اَلْقِ : **তুমি নিক্ষেপ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ− নিক্ষেপ করা; ঢেলে দেওয়া। ফেলে দেওয়া।

عَصَاكَ : **তোমার লাঠি**। একবচন, বহুবচন− عِصِىٌّ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬০ দ্রষ্টব্য]

فَاِذَا هِيَ تَلْقَفُ : **সহসা সে গ্রাস করতে লাগল**। تَلْقَفُ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ف) মাসদার اَللَّقْفُ ও اَللَّقَفَانُ ; এর প্রকৃত অর্থ− কোনো কিছুকে তড়িৎ নিয়ে নেওয়া; ছো মেরে নেওয়া; দ্রুত নামিয়ে আনা। এটা মুখ দিয়ে গলাধঃকরণ করা দ্বারা হোক বা হাত দ্বারা নেওয়া হোক উভয়টাই হতে পারে।

يَأْفِكُوْنَ : **তারা অলীক সৃষ্টি করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِفْكُ অর্থ− মিথ্যা রচনা করা, অলীক সৃষ্টি করা।

আয়াত : ১১৮

فَوَقَعَ : **সে প্রতিষ্ঠিত হলো**। وَقَعَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার

اَلْوُقُوْعُ মূলবর্ণ (و ـ ق ـ ع) অর্থ– প্রতিষ্ঠিত হওয়া; পতিত হওয়া। সংঘটিত হওয়া।

اَلْحَقُّ : **সত্য**। বহুবচন– حُقُوْقٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

بَطَلَ : **সে মিথ্যা প্রতিপন্ন হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْبُطْلَانُ ও اَلْبَطَلُ মূলবর্ণ (ب ـ ط ـ ل) অর্থ– বাতিল হওয়া; মিথ্যা প্রতিপন্ন হওয়া।

كَانُوْا يَعْمَلُوْنَ : **তারা আমল করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; কাজ করা।

فَغُلِبُوْا : **তারা পরাভূত হলো**। সীগাহ غُلِبُوْا جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসদার اَلْغَلَبَةُ মূলবর্ণ (غ ـ ل ـ ب) অর্থ– বিজয়ী হওয়া; প্রাধান্য পাওয়া; পরাজিত করা।

اِنْقَلَبُوْا : **তারা ফিরে গেল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْقِلَابُ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ– ফিরে যাওয়া; পরিবর্তন হওয়া; রূপান্তরিত হওয়া।

صَاغِرِيْنَ : **লাঞ্ছিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মাসদার اَلصَّغَرُ মূলবর্ণ (ص ـ غ ـ ر) অর্থ– ক্ষুদ্র হওয়া; লাঞ্ছিত হওয়া।

আয়াত : ১২০

اُلْقِىَ : **সে পতিত হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা।

اَلسَّحَرَةُ : **জাদুকরগণ**। বহুবচন, একবচন– سَاحِرٌ

سَاجِدِيْنَ : **সেজদাবনতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسَّجْدَةُ অর্থ– বিনয়াবনত হওয়া; ঝুঁকা। وَضْعُ الْجَبْهَةِ عَلَى الْاَرْضِ ভূমিতে কপাল রাখা। এ কারণেই আল্লাহর সম্মুখে মস্তক অবনত করাকে সেজদা বলা হয়। এটা জীব ও জড় সকলের জন্য ব্যাপক। সেজদা দু প্রকার ; যথা–

১. سَجْدَةٌ تَسْخِيْرِىٌّ : **বাধ্যতামূলক সেজদা**। এটা সমগ্র সৃষ্টজীবের জন্যই প্রযোজ্য। যেমন পবিত্র কুরআনে রয়েছে– وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّ كَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ [আসমান ও জমিনে যা কিছু রয়েছে সকলেই আল্লাহর জন্য সেজদা করে।]

২. سُجُوْدُ اِخْتِيَارِىٌّ : ঐচ্ছিক সেজদা। এটা শুধুমাত্র মানুষ ও জিনজাতির জন্য প্রযোজ্য। যেমন– فَاسْجُدُوْا لِلّٰهِ وَاعْبُدُوْا

আয়াত : ১২১

اٰمَنَّا : **আমরা ঈমান আনলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

আয়াত : ১২৩

قَالَ : **সে বলল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

فِرْعَوْنُ : **ফিরাউন**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫০ দ্রষ্টব্য]

اٰمَنْتُمْ : **তোমরা ঈমান এনেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ : **আমি তোমাদেরকে অনুমতি প্রদানের পূর্বে**। اذن সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– অনুমতি দেওয়া।

لَمَكْرٌ : **প্রতারণা করা। প্রতারণার শাস্তি দেওয়া; শাস্তি দেওয়ার গোপন চক্রান্ত করা**।

مَكَرْتُمُوْا : **তোমরা প্রতারণা করেছ**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ك ـ ر) মাসদার اَلْمَكْرُ অর্থ– প্রতারণা করা; প্রতারণার শাস্তি দেওয়া।

اَلْمَدِيْنَةُ : **নগর**। ইসমে নাকেরা। যে কোনো প্রাচীন শহর। ইসমে মা'রেফা। রাসূলুল্লাহ ﷺ -এর

দারুল হিজরত। যার পূর্ব নাম ছিল ইয়াছরিব। এছাড়াও পবিত্র কুরআনে এটি কোথাও মিশর, কোথাও ইন্তাকিয়া, কোথাও ছামূদ জাতির জনপদ উদ্দেশ্য। একবচন, বহুবচন- مُدُنٌ ও مَدَائِنُ :

لِتُخْرِجُوا : **তাদেরকে বহিষ্কারের জন্য**। تخرجون সীগাহ مضارع معروف বহছ جمع مذكر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বহিষ্কার করা; বের করা। لَامْ كَيْ আসার কারণে نون পড়ে গেছে। اِعْرَابى

تَعْلَمُوْنَ : **তোমরা জানবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ- জানা; অবহিত হওয়া।

আয়াত : ১২৪

لَاُقَطِّعَنَّ : **আমি অবশ্যই কর্তন করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلْقَطْعُ অর্থ- কাটা; কর্তন করা।

اَيْدِى : **হস্তসমূহ**। বহুবচন, একবচন- يَدٌ

اَرْجُلَ : **পা-সমূহ**। বহুবচন, একবচন- رِجْلٌ অর্থ- পা; পদ।

خِلَافٍ : **বিপরীত**। এখানে উদ্দেশ্য হলো ডান হাত ও বাম পা।

لَاُصَلِّبَنَّكُمْ : **আমি তোমাদেরকে শূলবিদ্ধ করবই**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف লَاُصَلِّبَنَّ বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ل ـ ب) মাসদার اَلتَّصْلِيْبُ অর্থ- শূলবিদ্ধ করা; শূলিতে চড়ানো।

আয়াত : ১২৫

مُنْقَلِبُوْنَ : **প্রত্যাবর্তনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ- ফিরে যাওয়া; পরিবর্তন হওয়া।

আয়াত : ১২৬

مَا تَنْقِمُ : **তুমি শাস্তি দিচ্ছ না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাবে ضَرَبَ মূলবর্ণ (ن ـ ق ـ م) মাসদার اَلنَّقْمُ অর্থ- শাস্তি দেওয়া। প্রতিশোধ গ্রহণ করা।

اَفْرِغْ : **আপনি দান করুন। আপনি ঢেলে দিন**। সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ غ) মাসদার اَلْاِفْرَاغُ অর্থ- ঢেলে দেওয়া; খুলে দেওয়া।

صَبْرًا : **ধৈর্য**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ- ধৈর্যধারণ করা।

تَوَفَّنَا : **আপনি আমাদেরকে মৃত্যু দান করুন**। تَوَفَّ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوَفِّىُ অর্থ- প্রাণ হরণ করা; মৃত্যুদান করা; পূর্ণ করা। نَا যমীর جمع متكلم মাফউলে বিহী।

مُسْلِمِيْنَ : **মুসলমানরূপে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ- মাসদার اَلْاِسْلَامُ অর্থ- ইসলাম গ্রহণ করা; আনুগত্য করা; আত্মসমর্পণ করা।

আয়াত : ১২৭

اَلْمَلَأُ : **প্রধান; দলপতি; সম্প্রদায়ের প্রধান**। একবচন, বহুবচন- اَلْاَمْلَاءُ অর্থ- নেতাদের দল; বড় লোকদের দল।

تَذَرُ : **তুমি বর্জন কর**। সীগাহ واحد مذكر حاضر **বহছ** مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ- বর্জন করা; ছেড়ে দেওয়া; থাকতে দেওয়া।

مُوْسٰى : **নবী হযরত মূসা (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫১ নং দ্রষ্টব্য]

قَوْمَ : **জাতি; সম্প্রদায়**। এটি ইসম। অর্থ- শুধুমাত্র পুরুষদের দল। [বিস্তারিত সূরা আ'রাফ, আয়াত : ৮৮ দ্রষ্টব্য]

لِيُفْسِدُوْا : **বিপর্যয় সৃষ্টি করার জন্য**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- বিপর্যয় সৃষ্টি করা; বিশৃঙ্খলা সৃষ্টি করা।

يَذَرُ : **সে বর্জন করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ- বর্জন করা; ছেড়ে দেওয়া; থাকতে দেওয়া।

اٰلِهَةَ : **দেবতাগণ**। বহুবচন, একবচন- اِلٰهٌ অর্থ- উপাস্য; মাবুদ।

سَنُقَتِّلُ : **শীঘ্রই আমরা হত্যা করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلتَّقْتِيْلُ অর্থ- হত্যা করা।

اَبْنَاءَهُمْ : **তাদের পুত্রগণ**। বহুবচন, একবচন- اِبْنٌ অর্থ- পুত্র; ছেলে।

نَسْتَحْيِيْ : **আমরা জীবিত রাখব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ- জীবিত রাখা।

نِسَاءَ : **নারীগণ**। বহুবচন, একবচন- اِمْرَاَةٌ অর্থ- মহিলা; স্ত্রী।

قٰهِرُوْنَ : **প্রবল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মাসদার اَلْقَهْرُ মূলবণ (ق ـ ه ـ ر) অর্থ- বাধ্য করা; দমন করা; পরাস্ত করা; প্রবল হওয়া।

আয়াত : ১২৮

اِسْتَعِيْنُوْا : **তোমরা সাহায্য প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (ع ـ و ـ ن) মাসদার اَلْاِسْتِعَانَةُ অর্থ- সাহায্য প্রার্থনা করা।

اِصْبِرُوْا : **তোমরা ধৈর্যধারণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ اَمْر حَاضِرْ مَعْرُوْف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر)মাসদার اَلصَّبْرُ অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা।

يُوْرِثُ : **তিনি উত্তারধিকারী করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْرَاثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ- উত্তরাধিকারী বানানো।

مَنْ يَّشَاءُ : **তিনি যাকে ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা।

عِبَادِ : **বান্দা**। **দাস**। বহুবচন, একবচন- عبد

اَلْعَاقِبَةُ : **পরিণাম**। এটি মূলত বাব نصر-এর মাসদার। যার অর্থ- পিছন থেকে আসা। কিন্তু এর ব্যবহার যে কোনো বস্তুর শেষ ও পরিণতির জন্য হয়ে থাকে। ইমাম রাগেব (র.) লিখেছেন, এটি ছওয়াবের জন্য নির্দিষ্ট। যেমন- والعاقبة للمتقين [শুভ পরিণাম মুত্তাকিদের জন্য।] ইযাফত অবস্থায় কখনও শাস্তির জন্যও হয়ে থাকে। যেমন ثم كان عاقبة الذين اساءوا [যারা পাপ করেছে তাদের পরিণাম মন্দ হয়েছে।] এর বহুবচন- عواقب

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব افتعال মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার الاتقاء। অর্থ- সতর্ক হওয়া; পরিহার করা; ভয় করা।

আয়াত : ১২৯

اُوْذِيْنَا : **আমরা নির্যাতিত হয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব افعال মূলবর্ণ (أ ـ ذ ـ ى) মাসদার الايذاء। অর্থ- কষ্ট দেওয়া।

اَنْ تَاْتِيَنَا : **তুমি আমাদের নিকট আসবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার الايتاء। অর্থ- আসা; আগমন করা। نا যমীর جمع متكلم মাফউলে বিহী।

جِئْتَنَا : **তুমি আমাদের নিকট এসেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার المجيئة ও المجئ অর্থ- আসা; আগমন করা। نا যমীর মাফউলে বিহী।

يُّهْلِكَ : **তিনি ধ্বংস করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব افعال মাসদার الاهلاك মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ- ধ্বংস করা। ব্যয় করা।

عَدُوَّ : **শত্রু**। একবচন, বহুবচন- اعداء

يَسْتَخْلِفَكُمْ : **তিনি তোমাদেরকে তার স্থলাভিষিক্ত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব استفعال মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার الاستخلاف। অর্থ- স্থলাভিষিক্ত করা; প্রতিনিধি বানানো।

يَنْظُرَ : **তিনি লক্ষ্য করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظَرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– প্রত্যক্ষ করা; দেখা; লক্ষ্য করা।

تَعْمَلُوْنَ : **তোমরা করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– করা; কাজ করা; আমল করা।

আয়াত : ১৩০

لَقَدْ اَخَذْنَا : **আমি আক্রান্ত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; পাকড়াও করা; আক্রান্ত করা।

اَلسِّنِيْنَ : **দুর্ভিক্ষ**। বহুবচন, একবচন– سَنَةٌ

نَقْصٍ : **ক্ষতি**। এটি বাব نَصَرَ-এর মাসদার।

ثَمَرَاتِ : **ফল-ফলাদি**। **ফল-ফসল**। বহুবচন, একবচন– ثَمَرَةٌ ফল।

يَذَّكَّرُوْنَ : **তারা উপদেশ গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِذِّكَارُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা।

আয়াত : ১৩১

اَلْحَسَنَةُ : **কল্যাণ**। **মঙ্গল**। **পুণ্য; নিয়ামত**। এমন অনুগ্রহ ও কল্যাণ যা মানুষের জীবন, দেহ বা সুস্থ অবস্থায় অর্জিত হয়ে তার জন্য আনন্দের কারণ হয় তাকে حَسَنَةٌ বলা হয়। এর বিপরীত শব্দ হলো سَيِّئَةٌ ; উভয়টিই اسم جنس যার অধীনে অনেক প্রকার অন্তর্ভুক্ত। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কোনো কল্যাণ হয় তখন বলে এটা আল্লাহর পক্ষ থেকে) এখানে حَسَنَةٌ দ্বারা উদ্দেশ্য হলো ফসলের উৎকৃষ্টতা, সচ্ছলতা ও সফলতা। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ (আর যদি তাদের কোনো অকল্যাণ হয়) এখানে سَيِّئَةٌ দ্বারা দুর্ভিক্ষ; সংকীর্ণতা ও অসফলতা উদ্দেশ্য।

يَطَّيَّرُوْا : **তারা অলক্ষুণে গণ্য করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ط ـ ى ـ ر) মাসদার اَلْاِطَّيُّرُ অর্থ– অলক্ষুণে গণ্য করা। يَتَطَيَّرُوْا মূলত يَطَّيَّرُوْا ছিল। طاء -কে- تاء দ্বারা পরিবর্তন করে طاء কে طاء -এর মধ্যে ইদগাম করা হয়েছে। يَطَّيَّرُوْا হয়ে গেছে। মাসদার اطير - ও মূলত تطير ছিল। يطير -এর ন্যায় তা'লীল হয়েছে। অতঃপর শুরুতে সাকিন পড়া দুঃসাধ্য হওয়ায় শুরুতে হামযাটি বৃদ্ধি করা হয়েছে।

طَائِرُهُمْ : **তাদের অকল্যাণ**। তাদের অশুভ লক্ষণ। طَائِرٌ অর্থ– পাখি। আরবগণ পাখি উড়িয়ে তা দ্বারা শুভ-অশুভ নির্ধারণ করত। এজন্য সাধারণ লক্ষণকে طَائِرٌ বলা হয়।

اَكْثَرَهُمْ : **তাদের অধিকাংশ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ– প্রচুর হওয়া; অধিক হওয়া। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

আয়াত : ১৩২

قَالُوْا : **তারা বলে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

تَأْتِنَا : **তুমি আমাদের নিকট পেশ করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা। এর সেলা باء আসার কারণে অর্থ হবে আনা। نَا যমীর মাফঊলে বিহী।

مَهْمَا : **যতই**। কাল এবং শর্ত দুটোই বুঝায়। তা مَتٰى - এর অর্থে ব্যবহৃত হয়। কখনও প্রশ্ন করার জন্যও ব্যবহার হয়। এই অর্থে কুরআনে ব্যবহার হয়নি। সুহাইলী (র.) বলেন, তা কখনও حرف হয়। কারো মতে مَهْ এবং ما شرطية যোগে গঠিত হয়েছে। ইবনে হিশাম (র.) বলেন, তা একক শব্দ হওয়াই উচিত।

لِتَسْحَرَنَا : **আমাদেরকে জাদু করার জন্য**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা। সম্মোহন করা।

আয়াত : ১৩৩

فَارْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব **اِفْعَالٌ** মাসদার **اَلْاِرْسَالُ** মূলবর্ণ (ر . س . ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

طُوفَانَ : **প্লাবন। তুফান**। নাহুবিদ আখফাশ (র.) বলেন, এটি **طُوفَانَةٌ**-এর বহুবচন। কিন্তু কুফাবাসীগণের মতে এটি **رُجْحَانٌ و نُقْصَانٌ**-এর ন্যায় মাসদার, যার বহুবচন আসে না। আল্লামা মাহমূদ আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে লিখেছেন– **طُوفَانٌ** বলা হয় যা বিপর্যয় আকারে চতুর্দিক থেকে মানুষকে বেষ্টন করে নেয়, তা বৃষ্টি হোক বা বন্যা, হত্যাযজ্ঞ বা মড়ক। তবে প্লাবনের জন্য এর ব্যবহার খুবই প্রসিদ্ধ। যা ইমাম রাগেব এরও মত। এ আয়াতে **طُوفَانٌ** দ্বারা কী উদ্দেশ্য? সে ব্যাপারে বিভিন্ন মতামত রয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.)-এর মতে প্লাবন। আতা, মুজাহিদ, হযরত আয়েশা প্রমুখের মতে– মৃত্যু। ওহাব বিন মুনাব্বিহ -এর মতে প্লেগ ও মহামারি। আবূ কিলাবার মতে গুটি বসন্ত। এবং ফেরাউনের সম্প্রদায়ের উপর সর্বপ্রথম যে আজাব এসেছিল তা এটিই ছিল। যা হোক তুফান বা জলোচ্ছ্বাসের আজাব যখন আসে তাতে ফেরাউনের সম্প্রদায়ের বাড়ি-ঘর, জমা-জমি জলোচ্ছ্বাসের আবর্তে এসে যায়। না থাকে কোথাও শোয়া-বসার জায়গা, না থাকে জমিতে চাষ-বাসের কোনো ব্যবস্থা। কিন্তু আশ্চর্যের বিষয় হলো তাদেরই পাশাপাশি অবস্থানকারী বনী ইসরাঈলদের ঘর-বাড়ি, জমা-জমিতে এর কোনোই প্রভাব পড়েনি।

اَلْجَرَادَ : **পঙ্গপাল। টিড্ডি**। বহুবচন, একবচন– **جَرَادَةٌ**; এরা তাদের সমস্ত শস্য, ফসল ও বাগানের ফল-ফলাদি খেয়ে নিঃশেষিত করে ফেলে। কোনো কোনো রেওয়ায়েতে বর্ণিত আছে যে, কাঠের দরজা-জানালা, ছাদ প্রভৃতিসহ ঘরে ব্যবহার্য সমস্ত আসবাবপত্র পঙ্গপালেরা খেয়ে শেষ করে ফেলেছিল। আর এ থেকেও বনী ইসরাঈলীরা ছিল সুরক্ষিত।

اَلْقُمَّلَ : **উকুন**। বহুবচন, একবচন– **قُمَّلَةٌ**; এখানে **قُمَّلٌ** দ্বারা উকুন ও ঘুণপোকা উভয়ই উদ্দেশ্য। ঘুণপোকা তাদের খাদ্যশস্য খেয়ে সাবাড় করে ফেলত, আর উকুন তাদের শরীর, মাথা এমন কি ভ্রূ পর্যন্ত খেয়ে ফেলেছিল।

اَلضَّفَادِعَ : **ভেক। ব্যাঙ**। বহুবচন, একবচন– **ضِفْدَعٌ**; ব্যাঙের আজাব ছিল এমন যে, এত অধিক সংখ্যায় ব্যাঙ তাদের ঘরে জন্মাল যে, কোনোখানে বসতে গেলে গলা পর্যন্ত উঠত ব্যাঙের স্তুপ। শুইতে গেলে ব্যাঙের স্তুপের নিচে তলিয়ে যেতে হতো, পাশ ফেরা অসম্ভব হয়ে পড়ত। রান্নার হাড়ি, আটা-চালের মটকা বা টিন সবকিছুই ব্যাঙে ভরে যেত।

اَلدَّمَ : **রক্ত**। একবচন, বহুবচন **دِمَاءٌ**; রক্তের আজাব ছিল এরকম যে, তাদের সমস্ত পানাহারের বস্তু রক্তে রূপান্তরিত হয়ে গেল। কূপ কিংবা হাউয থেকে পানি তুলে আনলে তা রক্ত হয়ে যায়। খাবার রান্না করার জন্য তৈরি করে নিলে তাও রক্ত হয়ে যায়। বর্ণিত আছে এ আজাবের সময় তারা বনি ইসরাইলীদের বাড়ি থেকে পানি চাইত। কিন্তু তা তাদের হাতে যাওয়া মাত্র রক্তে পরিণত হয়ে যেত।

اٰيٰتٍ : **নিদর্শনাবলি**। বহুবচন, একবচন– **اٰيَةٌ** অর্থ– অলৌকিক বস্তু; কুরআনের আয়াত।

مُّفَصَّلٰتٍ : **স্পষ্ট**। সীগাহ **جمع مؤنث** বহছ **اسم مفعول** বাব **تَفْعِيْلٌ** মূলবর্ণ (ف . ص . ل) মাসদার **اَلتَّفْصِيْلُ** অর্থ– পৃথকপৃথকভাবে; একের পর এক; স্পষ্টভাবে বর্ণনা করা।

আয়াত : ১৩৪

رِجْزُ : **শাস্তি**। কাজী বায়যাভী (র.) লিখেছেন– **رِجْزٌ** হলো ঘৃণিত বস্তু। কিন্তু আল্লামা যামাখশারী (র.) লিখেছেন– **رِجْسٌ** ও **رِجْزٌ** অর্থ– শাস্তি ও কঠিন বিপদ যা মানুষের উপর আপতিত হয়। শব্দ দুটি আরবদের উক্তি– **اِرْتَجَزَتِ السَّمَاءُ وَ اِرْتَجَسَتْ** (আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে) এবং **رَعَدَ مُرْتَجِزٌ**, **مُرْتَجِسٌ** (প্রকম্পিতকারী বিদ্যুৎ) এ থেকে উদ্ভূত হয়েছে। আর এটা এমন কম্পন যাতে চিৎকারও থাকে। কেননা আজাব যখন অবতীর্ণ হয় তার জন্য আবশ্যক হলো যার উপর অবতীর্ণ হয় সে প্রকম্পিত

হয় এবং চিৎকার করে। এখানে শাস্তি দ্বারা উদ্দেশ্য হলো প্লাবন বা বন্যা। যা হযরত সাঈদ ইবনে যুবাইরের অভিমত।

اُدْعُ : **তুমি প্রার্থনা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدَّعْوَةُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– দোয়া করা; আহ্বান করা; প্রার্থনা করা।

عَهِدَ : **তিনি অঙ্গীকার করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ه ـ د) মাসদার اَلْعَهْدُ অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

لَئِنْ كَشَفْتَ : **যদি তুমি অপসারিত কর**। كَشَفْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব ضرب মূলবর্ণ (ك ـ ش ـ ف) মাসদার اَلْكَشْفُ অর্থ– উন্মোচিত করা; খোলা; অপসারিত করা।

لَنُؤْمِنَنَّ : **অবশ্যই আমরা ঈমান আনব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

لَنُرْسِلَنَّ : **অবশ্যই আমরা প্রেরণ করব; আমরা যেতে দিব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ১৩৫

فَلَمَّا كَشَفْنَا : **যখন আমি অপসারিত করে দিলাম**। كشفنا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ش ـ ف) মাসদার اَلْكَشْفُ উন্মুক্ত করা; খোলা; অপসারণ করা; দূর করা।

اَجَلٍ : **নির্দিষ্ট কাল**। এ কারণেই মৃত্যুকেও اَجَلٌ বলা হয়। বহুবচন– اٰجَالٌ

بَالِغُوْهُ : **তাঁরা পৌছে**। بَالِغُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌছা ; উপনীত হওয়া। মূলত بَالِغُوْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। ه যমীর মুযাফ ইলাইহি।

يَنْكُثُوْنَ : **তারা অঙ্গীকার ভঙ্গ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّكْثُ মূলবর্ণ (ن ـ ك ـ ث) অর্থ– শপথ, চুক্তি ইত্যাদি ভঙ্গ করা।

আয়াত : ১৩৬

فَانْتَقَمْنَا : **আমি শাস্তি দিয়েছি। আমি প্রতিশোধ গ্রহণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ق ـ م) মাসদার اَلْاِنْتِقَامُ অর্থ– প্রতিশোধ গ্রহণ করা; বদলা নেওয়া।

فَاَغْرَقْنَا : **আমি নিমজ্জিত করেছি**। اَغْرَقْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْاِغْرَاقُ অর্থ– নিমজ্জিত হওয়া; ডুবে যাওয়া।

اَلْيَمِّ : **অতল সমুদ্র**। ইসমে জিন্স। একবচন, বহুবচন– يُمُوْمٌ

كَذَّبُوْا : **তারা অস্বীকার করেছে; তারা মিথ্যা প্রতিপন্ন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ মিথ্যাবাদী বলা; মিথ্যায়ন করা; অস্বীকার করা।

غَافِلِيْنَ : **গাফেলগণ; অসচেতনগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْغَفْلَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ل) অর্থ– অসচেতন থাকা।

আয়াত : ১৩৭

اَوْرَثْنَا : **আমি উত্তরাধিকারী করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْرَاثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী বানানো।

اَلْقَوْمَ : **জাতি; সম্প্রদায়**। এটি ইসম। অর্থ– শুধুমাত্র পুরুষদের দল। [বিস্তারিত সূরা আ'রাফ : ৮৮ দ্রষ্টব্য]

كَانُوْا يُسْتَضْعَفُوْنَ : **তাদেরকে দুর্বল মনে করা হতো**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **ماضى** বাব **استمرارى معروف** اَلْاِسْتِضْعَافُ বাব اِسْتِفْعَالٌ মাসদার মূলবণ (ض ـ ع ـ ف) অর্থ– দুর্বলরূপে গণ্য করা।

مَشَارِقَ : **পূর্ব; প্রাচ্য**। বহুবচন, একবচন– مَشْرِقٌ অর্থ– উদয়স্থল।

مَغَارِبَ : **পশ্চিম। পাশ্চাত্য**। বহুবচন, একবচন– مَغْرِبٌ

بَارَكْنَا : **আমি কল্যাণ দান করি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ– বরকতময় হওয়া; কল্যাণময় হওয়া।

تَمَّتْ : **পূর্ণ হওয়া; সত্যে পরিণত হওয়া**। সীগাহ **واحد مؤنث غائب** বহছ **ماضى معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلتَّمَامُ অর্থ– পূর্ণ হওয়া।

اَلْحُسْنٰى : **কল্যাণ; শুভ**। সীগাহ **اسم واحد مؤنث** বহছ **تفضيل** বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحَسَنُ অর্থ– সুন্দর হওয়া; উত্তম হওয়া।

صَبَرُوْا : **তারা ধৈর্যধারণ করেছে**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **ماضى معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব (র.) লিখেছেন, শরিয়ত ও আকলের চাহিদা অনুযায়ী নিজেকে বিরত রাখাকে صَبْرٌ বলা হয়। অন্য কথায় আকল ও শরিয়ত যে জিনিস থেকে নফসকে বিরত রাখতে বলে তা থেকে বিরত রাখাকে صَبْرٌ বলা হয়। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন অর্থ প্রদান করে। যেমন– কোনো বিপদে নিজেকে সংবরণ করা এটা সবর ছাড়া কিছুই নয়। جَزَعٌ তথা অস্থিরতা, অধৈর্যতা, উৎকণ্ঠা হলো এর বিপরীতার্থক শব্দ। এ কাজ যুদ্ধে হলে তাকে شَجَاعَةٌ বা বীরত্ব বলা হয়। جُبْنٌ বা ভীরুতা হলো এর বিপরীতার্থক শব্দ। কেউ যদি বিষণ্নকারী দুর্ঘটনায় ধৈর্যধারণ করে তাহলে তাকে رَحْبُ الصَّدْرِ বা প্রসন্নতা বলা হয়। ضَجْر বা অপ্রসন্নতা হলো তার বিপরীতার্থক শব্দ। যদি কথাকে গোপন রাখা সম্পর্কে ধৈর্যধারণ করা হয় তাহলে তাকে كِتْمَانٌ বলা হবে। مَذِلٌ [সঙ্কীর্ণ হয়ে কথা ফাঁস করে দেওয়া] হলো তার বিপরীতার্থক শব্দ। আল্লাহ তা'আলা এ সকল সম্পর্কে صَبْر শব্দ ব্যবহার করেছেন।

دَمَّرْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব تَفْعِيْل মূলবর্ণ (د ـ م ـ ر) মাসদার اَلتَّدْمِيْرُ অর্থ– ধ্বংস করা।

كَانُوْا يَعْرِشُوْنَ : **তারা নির্মাণ করেছিল**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **ماضى استمرارى معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ش) মাসদার اَلْعَرْشُ অর্থ– উঁচু করা। নির্মাণ করা; ঘর বানানো।

আয়াত : ১৩৮

جَاوَزْنَا : **আমি পার করিয়ে দিয়েছি**। সীগাহ **جمع متكلم** বহছ **ماضى معروف** বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ و ـ ز) মাসদার اَلْمُجَاوَزَةُ অর্থ– পার করিয়ে দেওয়া। অতিক্রম করানো।

اَلْبَحْرِ : **সমুদ্র**। একবচন, বহুবচন– بُحُوْرٌ، اَبْحَارٌ، بِحَارٌ

فَاَتَوْا : **তারা উপস্থিত হয়**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **ماضى معروف** বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। আনা।

يَعْكُفُوْنَ : **তারা রত ছিল**। সীগাহ **جمع مذكر غائب** বহছ **مضارع معروف** বাব نَصَرَ মাসদার اَلْعَكْفُ ও اَلْعُكُوْفُ মূলবর্ণ (ع ـ ك ـ ف) অর্থ– অবস্থান করা। জমে বসা।

اَصْنَامٍ : **প্রতিমা**। বহুবচন, একবচন– صَنَمٌ অর্থ– মূর্তি; প্রতিমূর্তি।

اِجْعَلْ : **আপনি তৈরি করে দিন**। সীগাহ **واحد مذكر حاضر** বহছ **امر حاضر معروف** বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নির্মাণ করা; গড়া।

اِلٰهًا : **দেবতা; উপাস্য**। এটি একবচন, বহুবচন– اٰلِهَةٌ অর্থ– মাবুদ সত্য হোক বা বাতিল।

تَجْهَلُوْنَ : **তোমরা মূর্খ হচ্ছ**। সীগাহ **جمع مذكر حاضر** বহছ **مضارع معروف** বাব سَمِعَ মূলবর্ণ (ج ـ ه ـ ل) মাসদার اَلْجَهْلُ وَالْجَهَالَةُ অর্থ– মূর্খ হওয়া; অজ্ঞ হওয়া।

আয়াত : ১৩৯

مُتَبَّرٌ : **বিধ্বস্ত**। সীগাহ اسم مفعول বহছ واحد مذكر বাব تَفْعِيْل মূলবর্ণ (ت ـ ب ـ ر) মাসদার اَلتَّتْبِيْرُ অর্থ- ধ্বংস করা। গলানোর জন্য পাত্রে দেওয়ার পূর্বেকার স্বর্ণ-রৌপ্যের টুকরাকে অথবা যে কোনো ধাতব পদার্থকে تِبْر বলা হয়। বহুবচন- تُبُوْرٌ [আলমাগরিব]

بَاطِلٌ : **অমূলক**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব نَصَرَ মলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْبُطْلُ অর্থ- বাতিল হওয়া; নষ্ট হওয়া।

كَانُوْا يَعْمَلُوْنَ : **তারা যা করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- কাজ করা; আমল করা।

আয়াত : ১৪০

اَبْغِيْكُمْ : **আমি তোমাদের জন্য অনুসন্ধান করব**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْبَغْىُ অর্থ- ইচ্ছা করা; কামনা করা; অনুসন্ধান করা; খোঁজা।

فَضَّلَكُمْ : **তিনি তোমাদেরকে শ্রেষ্ঠত্ব দান করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ض ـ ل) মাসদার اَلتَّفْضِيْلُ অর্থ- শ্রেষ্ঠত্ব দান করা।

আয়াত : ১৪১

اَنْجَيْنٰكُمْ : **আমি তোমাদেরকে উদ্ধার করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব افعال মূলবর্ণ (ن ـ ج ـ ى) মাসদার اَلْاِنْجَاءُ অর্থ- মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

يَسُوْمُوْنَكُمْ : **তারা তোমাদেরকে শাস্তি দিত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ م) মাসদার اَلسَّوْمُ অর্থ- যার অর্থ হলো- কোনো কিছুর অন্বেষণে যাওয়া। এ অর্থের মধ্যে দুটি জিনিস রয়েছে। ১. যাওয়া। ২. অন্বেষণ। কখনও শুধুমাত্র দ্বিতীয় অংশ উদ্দেশ্য হয়। যেমন- يَسُوْمُوْنَكُمْ سُوْءَ الْعَذَابِ তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিতে চাইত, বা শাস্তি অন্বেষণ করত। বিক্রয়কালে বিক্রেতা ক্রেতা থেকে মূল্য চায়। এ কারণে سَوْم অর্থ মূল্য হয়ে গেছে। বলা হয়- سُمْتُ الْاِبِلَ فِى الْمَرْعٰى [আমি উটকে চারণভূমিতে পাঠিয়ে দিয়েছি।] অপর আয়াতে রয়েছে- شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ [তোমরা উট চরাও বা চরতে পাঠাও।]

মন্দকর্ম। ইসম। فَعْلٰى-এর ওজনে اَسْوَاُ-এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন, এটি বিপদ ও রোগব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন- سُوْءٌ হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মানমর্যাদা ও ধনসম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধুবান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। নিম্নে তা বর্ণিত হলো-

১. কঠিনতা ও তীব্রতার অর্থে। যেমন- يَسُوْمُوْنَكُمْ سُوْءَ الْعَذَابِ [তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত।]

২. ক্লেশ অর্থে। যেমন- وَلَا تَمَسُّوْهَا بِسُوْءٍ [তোমারা তাকে ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে স্পর্শ করো না।]

৩. ব্যভিচার অর্থে। যেমন- مَا جَزَاءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْءً [যে তোমার ঘরে ব্যভিচার করতে চায় তার শাস্তি কি হতে পারে।]

৪. কুষ্ঠ রোগ অর্থে। যেমন- بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوْءٍ [নির্মল উজ্জ্বল হয়ে, অর্থাৎ কুষ্ঠরোগের কারণে নয় এমন উজ্জ্বল হয়ে]

৫. শাস্তি অর্থে। যেমন- اِنَّ الْخِزْىَ الْيَوْمَ وَالسُّوْءَ عَلَى الْكٰفِرِيْنَ [আজ কাফেরদের জন্য রয়েছে লাঞ্ছনা ও শাস্তি]

৬. শিরক অর্থে। যেমন- مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوْءٍ [আমরা মন্দকর্ম করতাম না অর্থাৎ শিরক করতাম না।]

৭. গালমন্দের অর্থে। যেমন– لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْٓءِ [আল্লাহ তা'আলা প্রকাশ করা পছন্দ করেন না।]

৮. গুনাহ অর্থে। যেমন– يَعْمَلُوْنَ السُّوْٓءَ بِجَهَالَةٍ [তারা গুনাহের কাজ করে মূর্খতাবশত।]

৯. بِئْسَ তথা মন্দ অর্থে। যেমন– وَلَهُمْ سُوْٓءُ الدَّارِ [তাদের জন্য রয়েছে মন্দগৃহ।]

১০. অনিষ্টতা অর্থে। যেমন– وَيَكْشِفُ السُّوْٓءَ [এবং তিনি দূর করে দেন অনিষ্ট।]

১১. হত্যা ও পরাজয় অর্থে। যেমন– لَمْ يَمْسَسْهُمْ سُوْٓءٌ [তাদের কোনো আঁচড় লাগেনি]। [আল-ইতকান, খ. ১, পৃ. ১৪২]

يُقَتِّلُوْنَ : **তারা হত্যা করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْتِيْلُ মূলবর্ণ (ق . ت . ل) অর্থ– হত্যা করা।

اَبْنَاءَكُمْ : **তোমাদের সন্তানদেরকে**। বহুবচন, একবচন– ابن অর্থ– ছেলে; পুত্র।

يَسْتَحْيُوْنَ : **তারা জীবিত রাখত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح . ى . ى) মাসদার اَلْاِسْتِحْيَاءُ অর্থ– জীবিত রাখা। বাঁচিয়ে রাখা।

نِسَاءَكُمْ : **তোমাদের স্ত্রীদেরকে**। বহুবচন, একবচন– اِمْرَأَةٌ অর্থ– মেয়ে; নারী; স্ত্রী।

بَلَاءٌ : **পরীক্ষা**। মাসদার। এর ماضى -এর সীগাহ বাব سَمِعَ থেকে এলে অর্থ হয় পুরাতন হওয়া। আর বাব نَصَرَ থেকে হলে অর্থ হয় পরীক্ষা করা; যাচাই করা। আল্লাহ তা'আলা বান্দাদেরকে কখনও সচ্ছলতা দিয়ে পরীক্ষা করেন যেন কৃতজ্ঞ বান্দা হতে পারে। আবার কখনও সঙ্কীর্ণতা দিয়েও পরীক্ষা করেন যেন সে ধৈর্যধারণকারী বান্দা হতে পারে। এ আয়াতে উভয় ধরনের পরীক্ষা উদ্দেশ্য ছিল। ফেরাউন থেকে উদ্ধার করা ছিল নিয়ামত আর ছেলেদেরকে হত্যা করা এবং মেয়েদেরকে জীবিত রাখা ছিল কষ্ট।

عَظِيْمٌ : **মহান; ভীষণ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (ع . ظ . م) মাসদার اَلْعِظَمُ বড় হওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৯ দ্রষ্টব্য]

আয়াত : ১৪২

وَاعَدْنَا : **আমি প্রতিশ্রুতি দিয়েছি; আমি নির্ধারণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (و . ع . د) মাসদার اَلْمُوَاعَدَةُ অর্থ– একে অপরের সাথে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া।

اَرْبَعِيْنَ لَيْلَةً : চল্লিশ রাত্র। لَيْلَةٌ একবচন, বহুবচন– لَيَالٍ

اَتْمَمْنٰهَا : **আমি তা পূর্ণ করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْمَامُ মূলবর্ণ (ت . م . م) অর্থ– পূর্ণ করা।

مِيْقَاتُ : **নির্ধারিত সময়; মেয়াদ**। ظرف زمان مرفوع মুযাফ। একবচন, বহুবচন– مَوَاقِيْتُ

اُخْلُفْنِىْ : **তুমি আমার প্রতিনিধিত্ব কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ . ل . ف) মাসদার اَلْخِلَافَةُ অর্থ– প্রতিনিধিত্ব করা; খলিফা হওয়া।

اَصْلِحْ : **তুমি সংশোধন কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص . ل . ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

لَا تَتَّبِعْ : **তুমি অনুসরণ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت . ب . ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

اَلْمُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْسَادُ অর্থ– মূলবর্ণ (ف . س . د) অর্থ– বিপর্যয় সৃষ্টি করা; গণ্ডগোল বাধানো; হাঙ্গামা সৃষ্টি করা।

আয়াত : ১৪৩

مِيْقَاتِنَا : **আমাদের নির্ধারিত স্থান; নির্ধারিত সময়; মেয়াদ**। ظرف زمان مجرور মুযাফ। نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি।

كَلَّمَهٗ : **তিনি কথা বলেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْلِيْمُ মূলবর্ণ (ك . ل . م) অর্থ– কথা বলা।

أَرِنِىْ : **তুমি আমাকে দর্শন দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَائَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখানো; দেখা দেওয়া। نِىْ নূনে বেকায়া يـاء متكلم মাফঊলে বিহী।

أَنْظُرْ اِلَيْكَ : **আমি তোমাকে দেখব।** أَنْظُرْ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাবে نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; দর্শন করা; লক্ষ্য করা।

اَلْجَبَلِ : **পাহাড়।** একবচন, বহুবচন–جِبَالٌ

اِنِ اسْتَقَرَّ مَكَانَهُ : **যদি তা স্বস্থানে স্থির থাকে।** اِسْتَقَرَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ر) মাসাদর اَلْاِسْتِقْرَارُ অর্থ– স্থির থাকা; অটল থাকা।

مَكَانَ : **স্থান।** একবচন, বহুবচন– اَمْكِنَةٌ

تَجَلّٰى : **তিনি জ্যোতি প্রকাশ করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّجَلِّىْ মূলবর্ণ (ج ـ ل ـ و) অর্থ– প্রকাশ পাওয়া; উজ্জ্বল হওয়া; কিরণময় হওয়া। আল্লাহর নূরের তাজাল্লি প্রকাশ পাওয়া প্রসঙ্গে নবী করীম ﷺ নিজের ডান হাতের কনিষ্ঠাঙ্গুলির মাথার উপর বৃদ্ধাঙ্গুলি রেখে ইঙ্গিত করে বলেন, কেবল এতটুকু প্রকাশ পেয়েছে। তাতেই পাহাড় চূর্ণবিচূর্ণ হয়ে গিয়েছে। –[তিরমিযী]

جَعَلَهُ دَكًّا : **সে তা চূর্ণবিচূর্ণ করে দিল।** دَكًّا বাব نَصَرَ এর মাসদার। চূর্ণবিচূর্ণ করা; ধসিয়ে সমতল করা। মূলত دَكٌّ অর্থ কোমল ও সমতল ভূমি। যেহেতু তা চূর্ণবিচূর্ণ হয়ে যায় তাই তার মাসদারের মধ্যে এ অর্থ গ্রহণ করা হয়েছে।

خَرَّ : **তিনি পড়ে গেলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخَرُّ অর্থ– পড়ে যাওয়া; পতিত হওয়া।

صَعِقًا : **সংজ্ঞাহীন হয়ে।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ع ـ ق) মাসদার اَلصَّعْقُ যার অর্থ বজ্রধ্বনির কারণে সংজ্ঞাহীন হওয়া ও মরে যাওয়া। বেহুঁশ হওয়া।

اَفَاقَ : **সে সংজ্ঞা ফিরে পেল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفَاقَةُ মূলবর্ণ (ف ـ و ـ ق) অর্থ– সংজ্ঞা ফিরে পাওয়া। সুস্থ হওয়া।

আয়াত : ১৪৪

اِصْطَفَيْتُكَ : **আমি আপনাকে মনোনীত করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ص ـ ف ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِصْطِفَاءُ অর্থ– মনোনীত করা; নির্বাচন করা; পছন্দ করা।

আয়াত : ১৪৫

كَتَبْنَا : **আমি লিখে দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লিপিবদ্ধ করা; লিখা।

اَلْوَاحِ : **ফলক।** বহুবচন, একবচন–لَوْحٌ তক্তা; শ্লেট।

مَوْعِظَةً : **উপদেশ।** ইসমে মাসদার। নাকেরা। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْوَعْظُ অর্থ– ভয়মিশ্রিত উপদেশ দেওয়া। [রাগেব] কল্যাণের জন্য এমনভাবে উপদেশ দেওয়া যাতে অন্তর নরম হয়। [খলীল] عِظَةٌ ইসমে মাসদার এবং মাসদারও। উপদেশ দেওয়া। [কামূস]

تَفْصِيْلًا : **স্পষ্ট ব্যাখ্যা, বিস্তারিত বর্ণনা করা।** বাব تَفْعِيْلٌ-এর মাসদার।

شَىْءٍ : **বস্তু।** একবচন, বহুবচন– اَشْيَاءُ

فَخُذْهَا : **সুতরাং তুমি তা ধারণ কর।** خُذْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; ধারণ করা।

قُوَّةٍ : **শক্তভাবে। শক্তি; ক্ষমতা।** একবচন, বহুবচন– قُوَّاتٌ

وَأْمُرْ : **এবং তুমি নির্দেশ দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ দেওয়া।

يَأْخُذُوا : **তারা গ্রহণ করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ - خ - ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ- ধরা; গ্রহণ করা।

اَحْسَنَ : **উত্তম।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك - ر - م) মাসদার اَلْحُسْنُ অর্থ- উত্তম হওয়া; সুন্দর হওয়া।

سَاُورِيْكُمْ : **শীঘ্রই আমি তোমাদেরকে দেখাব।** اُرِيْ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ر - أ - ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ- দেখানো; প্রদর্শন করা।

دَارَ : **বাসস্থান।** একবচন, বহুবচন- دِيَارٌ অর্থ- ঘর; গৃহ।

اَلْفَاسِقِيْنَ : **সত্যত্যাগীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ف - س - ق) মাসদার اَلْفِسْقُ ও اَلْفُسُوْقُ অর্থ- অন্যায় করা; পাপ করা।

আয়াত : ১৪৬

سَاَصْرِفُ : **আমি ফিরিয়ে দেব।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص - ر - ف) প্রত্যাবর্তন করা; ফেরা; ব্যয় করা।

يَتَكَبَّرُوْنَ : **তারা অহংকার করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّكَبُّرُ মূলবর্ণ (ك - ب - ر) অর্থ- অহংকার করা; গর্ব করা; বড়াই করা।

حَقّ : **সত্য; যথার্থ; যথোপযুক্ত।** [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

يَرَوْا : **তারা দেখছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر - أ - ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; দর্শন করা।

لَا يُؤْمِنُوا : **তারা ঈমান আনবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (أ - م - ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনা; ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা। جواب شرط হওয়ার কারণে نون পড়ে গেছে। اعرابى

سَبِيْلَ الرُّشْدِ : **সৎপথ।** سَبِيْلٌ একবচন, বহুবচন- سُبُلٌ পথ; রাস্তা; পন্থা। اَلرُّشْدُ অর্থ- হেদায়েত; যোগ্যতা; সুপথপ্রাপ্তি; সচেতনতা; সুব্যবস্থাপনা। বাব نَصَرَ-এর মাসদার। হেদায়েতের স্থলে ব্যবহার হয়।

لَا يَتَّخِذُوْهُ : **তারা তাকে গ্রহণ করবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالْ মূলবর্ণ (أ - خ - ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ- ধরা; গ্রহণ করা। ه যমীর মাফউলে বিহী।

يَرَوْا : **তারা দেখে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر - أ - ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; লক্ষ্য করা।

سَبِيْلَ الْغَيِّ : **ভ্রান্ত পথ।**

يَتَّخِذُوْهُ : **তারা তা গ্রহণ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالْ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ - خ - ذ) অর্থ- ধরা; গ্রহণ করা। ه যমীর মাফউলে বিহী।

غَافِلِيْنَ : **গাফেলগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ - ف - ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ- অসতর্ক হওয়া; অসচেতন হওয়া; গাফেল হওয়া।

আয়াত : ১৪৭

لِقَاءِ : **সাক্ষাৎ।** বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। মূলবর্ণ (ل - ق - ى)

حَبِطَتْ اَعْمَالُهُمْ : **তাদের আমলসমূহ নিষ্ফল হয়েছে।** حَبِطَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحَبْطُ মূলবর্ণ (ح - ب - ط) অর্থ- নিষ্ফল হওয়া; নষ্ট হওয়া।

اَعْمَالُهُمْ : **তাদের আমলসমূহ।** বহুবচন, একবচন- عَمَلٌ ; هُمْ যমীর মাফউলে বিহী।

يُجْزَوْنَ : **তাদেরকে প্রতিফল দেওয়া হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ج - ز - ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ- প্রতিফল দেওয়া; শাস্তি দেওয়া।

আয়াত : ১৪৮

اِتَّخَذَ : **সে গ্রহণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– গ্রহণ করা; ধরা; নেওয়া।

حُلِيِّ : **অলংকার**। বহুবচন, একবচন– حُلِيٌّ

عِجْلًا : **গো-বৎস, বাছুর**। বহুবচন, عُجُوْلٌ স্ত্রীলিঙ্গ عَجَلَةٌ আল্লামা মাতরাজি المغرب গ্রন্থে লিখেছেন জন্মলগ্ন থেকে এক মাস পর্যন্ত গরুর বাচ্চাকে عَجَل বলা হয়। ইমাম রাগেব ইসফাহানী মুফরাদাতুল কুরআনে লিখেছেন– عِجْل গরুর বাচ্চাকে বলা হয়। কারণ তার মধ্যে দ্রুততার এমন বিষয় পাওয়া যায় যা ثَوْر [বলদ] হওয়ার পর পাওয়া যায় না। ইমাম আবূ মানছুর ছা'আলাবী فقه اللغة গ্রন্থে লিখেছেন গরুর জন্য তিন শব্দ ব্যবহার হয়– বাচ্চা গরুর জন্য عِجْل যুবক গরুর জন্য شُبُوْبٌ তরুণ এবং বয়ঃবৃদ্ধ গরুর জন্য فَارِضٌ ব্যবহার হয়।

جَسَدًا : **অবয়ব, দেহ**। একবচন, বহুবচন– اَجْسَادٌ

خُوَارٌ : **হাম্বা রব, গরুর আওয়াজ**। শব্দটি যদিও গরুর আওয়াজের জন্য নির্দিষ্ট; কিন্তু রূপকার্থে কখনও বকরি, হরিণ, উট বা তীরের ধ্বনির জন্য ব্যবহার হয়।

لَمْ يَرَوْا : **তারা দেখে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; দর্শন করা।

لَا يُكَلِّمُهُمْ : **এটা তাদের সাথে কথা বলে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكْلِيْمُ কথা বলা। هُمْ যমীর মাফউলে বিহী।

لَا يَهْدِيْهِمْ : **এটা তাদেরকে পথ দেখায় না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথ দেখানো; সৎপথে পরিচালিত করা। هُمْ যমীর মাফউলে বিহী।

اِتَّخَذُوْهُ : **তারা তাকে গ্রহণ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– ধরা; গ্রহণ করা। ه যমীর মাফউলে বিহী।

ظَالِمِيْنَ : **জালেমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ(ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; জুলুম করা।

আয়াত : ১৪৯

وَلَمَّا سُقِطَ فِىْ اَيْدِيْهِمْ : **যখন তারা অনুতপ্ত হলো**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى سُقِطَ বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ق ـ ط) মাসদার مجهول اَلسُّقُوْطُ অর্থ– পতিত হওয়া; পড়ে যাওয়া। ইমাম বায়হাকী তার তাজুল মাসাদির গ্রন্থে লিখেছেন যে, سُقِطَ النَّدَمُ فِىْ وَلَمَّا سُقِطَ فِىْ اَيْدِيْهِمْ অর্থ হলো اَيْدِيْهِمْ অর্থাৎ অনুতপ্ততা তার হাতে এসে পড়েছে। سُقِطَ শব্দের এ অর্থে ব্যবহার সর্বপ্রথম কুরআনেই করা হয়েছে। আরবরা এ ধরনের ব্যবহার সম্পর্কে জ্ঞাত ছিল না। এখানে يَدْ শব্দের ব্যবহার এ জন্যই করা হয়েছে যে, অনুতপ্ততা সর্বপ্রথম হৃদয়ে সৃষ্টি হয় অতঃপর তার প্রভাব হাত দ্বারা প্রকাশ পায়। যেমন অন্যত্র ইরশাদ হয়েছে– فَاَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلٰى مَا اَنْفَقَ فِيْهَا [সে সকালবেলা ব্যয়কৃত সম্পদের জন্য হাত ঘুরাতে লাগল] وَيَوْمَ يَعَضُّ الظَّالِمُ عَلٰى يَدَيْهِ [যেদিন পাপিষ্ঠরা তাদের হাত কামড়াতে থাকবে] তদুপরি হাতের দিকে এমন কাজকে সম্পৃক্ত করা হয় যা তা দ্বারা সংঘটিত হয়নি। যেমন– ذٰلِكَ بِمَا قَدَّمَتْ يَدَاكَ [এটা এ কারণে হয়েছে যা তোমার দুই হাত অগ্রে প্রেরণ করেছে।]

رَاَوْا : **তারা দেখল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

قَدْ ضَلُّوْا : **তারা বিপথগামী হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى قريب معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالَةُ অর্থ– পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া।

بِئْسَ مَا خَلَفْتُمُوْنِيْ : **তোমরা আমার কত নিকৃষ্ট প্রতিনিধিত্ব করেছ।** খَلَفْتُمُوْنِيْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْخِلَافَةُ অর্থ– প্রতিনিধিত্ব করা; স্থলাভিষিক্ত হওয়া। خَلَفْتُمُوْ-এর واو -টি সম্বন্ধসূচক, যা কোনো শব্দের সঙ্গে মেলানোর সময় বৃদ্ধি করা হয়। نِيْ-এর নূনটি نون وقاية ইয়ায়ে متكلم মাফঊলে বিহী।

عَجِلْتُمْ : **তোমরা ত্বরান্বিত করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার عِجْلًا মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– ত্বরা করা; তাড়াহুড়া করা; জলদি করা।

اَلْقَى : **তিনি ফেলে দিলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– ফেলে দেওয়া; নিক্ষেপ করা।

اَلْوَاحَ : **ফলক।** বহুবচন, একবচন– لَوْحٌ অর্থ– তক্তা; শ্লেট; বোর্ড।

اَخَذَ : **তিনি ধরেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা।

رَأْسٌ : **মাথা।** একবচন, বহুবচন– رُؤُوْسٌ এখানে উদ্দেশ্য মাথার চুল।

يَجُرُّهُ اِلَيْهِ : **তাকে টেনে নিজের দিকে আনলেন।** يَجُرُّ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ ر ـ ر) মাসদার اَلْجَرُّ অর্থ– টানা; আকর্ষণ করা।

اِبْنَ اُمَّ : **হে আমার সহোদর।** حرف نداء উহ্য থাকার কারণে اِبْنَ শব্দটি মানসূব হয়েছে। মূলত শব্দটি يا ء متكلم যোগে اُمِّيْ ছিল। সহজিকরণার্থে শেষের থেকে يائے متكلم কে বিলুপ্ত করা হয়েছে এবং ميم-এর যেরকে زَبَرْ দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে اُمَّ হয়েছে।

اِسْتَضْعَفُوْنِيْ : **তারা আমাকে দুর্বল মনে করেছিল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ع ـ ف) মাসদার

لَئِنْ لَّمْ يَرْحَمْنَا : **যদি আমাদের প্রতি দয়া না করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

لَنَكُوْنَنَّ : **আমরা হবই।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ وَ اَلْكَيْنُوْنَةُ অর্থ– হওয়া।

اَلْخَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া; ধ্বংস হওয়া।

আয়াত : ১৫০

رَجَعَ : **তিনি প্রত্যাবর্তন করলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

غَضْبَانَ : **ক্রুদ্ধ অবস্থায়।** সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة নসব অবস্থায়। ইমাম রাগেব ইসফাহানী লিখেছেন–غَضْبَانَ ঐ ব্যক্তি যার ক্রোধে তীব্রতা রয়েছে, غَضُوْبٌ ঐ ব্যক্তি যে অধিক ক্রুদ্ধ হয়, আর غَضَبَةٌ ঐ ব্যক্তি যে দ্রুত ক্রুদ্ধ হয়।

اَسِفًا : **ক্ষুব্ধ হয়ে। অনুতপ্তাবস্থায়।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মাসদার اَلْاَسَفُ মূলবর্ণ (أ ـ س ـ ف) অর্থ– দুঃখিত হওয়া; মনঃক্ষুণ্ন হওয়া; ক্ষুব্ধ হওয়া।

بِئْسَمَا : **কত নিকৃষ্ট; কত মন্দ।** فعل ذم ; বাব سَمِعَ মূলত بَئِسَ ছিল। عين كلمة-এর অনুসারে فاء كلمة কে যের দেওয়া হয়েছে। অতঃপর সহজের জন্য عين كلمة কে سَاكِنٌ করা হয়েছে। مَا - شَيْئٌ-এর অর্থে। আবূ আলী নাহভী ও ফাররার মতে بِئْسَ-এর الذى-এর অর্থে যা موصولة-টি مَا -এর ফায়েল। সীবওয়াই ও কিসায়ীর মতে مَا-এর অর্থ شَيْئٌ [বস্তু]

আয়াত : ১৫১

اِغْفِرْ : **তুমি ক্ষমা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

اَدْخِلْنَا : **আমাদেরকে দাখিল কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো; দাখিল করা; অন্তর্ভুক্ত করা। نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী।

اَرْحَمُ الرّٰحِمِيْنَ : **শ্রেষ্ঠ দয়ালু**। اَرْحَمُ সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মাসদার اَلرَّحْمَةُ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

رٰحِمِيْنَ : **দয়ালু; করুণাময়**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

আয়াত : ১৫২

اِتَّخَذُوْا : **তারা গ্রহণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– গ্রহণ করা; বানানো।

اَلْعِجْلَ : **গো-বৎস; বাছুর**। একবচন, বহুবচন– عَجُوْلٌ স্ত্রীলিঙ্গ عَجَلَةٌ আল্লামা মাতরাজি اَلْمَغْرِبُ গ্রন্থে লিখেছেন, জন্মলগ্ন থেকে এক মাস পর্যন্ত গরুর বাচ্চাকে عَجَلٌ বলা হয়। ইমাম রাগেব ইসফাহানী মুফরাদাতুল কুরআনে লিখেছেন, عِجْلٌ গরুর বাচ্চাকে বলা হয়। কারণ তার মধ্যে দ্রুততার এমন বিষয় পাওয়া যায় যা ثَوْر (বলদ) হওয়ার পর পাওয়া যায় না। ইমাম আবূ মানছুর ছা'আলাবী فقه اللغة গ্রন্থে লিখেছেন– গরুর জন্য তিনটি শব্দ ব্যবহার হয়, বাচ্চা গরুর জন্য عِجْل যুবক গরুর জন্য شَبُوْبٌ তরুণ এবং বয়ঃবৃদ্ধ গরুর জন্য فَارِضٌ ব্যবহার হয়।

سَيَنَالُهُمْ : **তাদের উপর আপতিত হবে**। শুরুর سين টি ফে'লে মুযারেকে নিকটবর্তী ভবিষ্যৎকালের অর্থে নির্দিষ্ট করার জন্য। يَنَالُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ى ـ ل) মাসদার اَلنَّيْلُ অর্থ– অর্জন করা; লাভ করা।

اَلْاِسْتِضْعَافُ অর্থ– দুর্বল মনে করা; দুর্বল পাওয়া; দুর্বল করা। نِىْ নূনে বেকায়া يـاء مـتـكـلـم মাফঊলে বিহী।

كَادُوْا : **তারা উপক্রম হয়েছিল; তারা চেষ্টা প্রায় চূড়ান্ত করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْمَكَادَةُ ও اَلْكَوْدُ অর্থ– নিকটবর্তী হওয়া; উপক্রম হওয়া। নাহুবিদ সীবওয়াই বলেন, 'আমি এক আরবকে كَادَ -এর পরিবর্তে كِيْد বলতে শুনেছি, যা মূলত كَوِدَ [বাব سَمِعَ] ছিল। واو - এর কাসরা كاف -কে দেওয়ার পরে واو কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। (কামূস) كَادَ এটি افعال مقاربة -এর অন্তর্ভুক্ত। যা فعل مضارع -এর উপর প্রবেশ করে। এর পরে ان খুবই কম আসে। ইমাম রাগেবের মতে, কবিতা ব্যতীত অন্য স্থানে كَادَ -এর خبر -এর উপর ان মোটেই আসে না। যদি كَادَ اثبات হিসেবে ব্যবহৃত হয় তখন বুঝতে হবে এর পরবর্তী فعل টি সংঘটিত হয়নি তবে হওয়ার উপক্রম হয়েছিল। যেমন– كَادَ يَزِيْغُ قُلُوْبُهُمْ (তাদের অন্তর বক্র হয়নি তবে বক্রতার উপক্রম হয়েছিল।) আর যদি نفى হিসেবে ব্যবহৃত হয় তখন বুঝতে হবে যে, এর পরের فعل -টি সংঘটিত হয়ে গেছে তবে না হওয়ার উপক্রম ছিল। যেমন– مَا كَادُوْا يَفْعَلُوْنَ [তারা (গাভী জবাই করেছে) তবে জবাই না করার উপক্রম ছিল] [মুফাসসাল]

فَلَا تُشْمِتْ بِىَ الْاَعْدَاءَ : **তুমি আমার সাথে এমন করো না যাতে শত্রুরা আনন্দিত হয়**। لَا نهى تُشْمِتْ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ م ـ ت) মাসদার اَلْاِشْمَاتُ অর্থ– শত্রুকে হাসানো; শত্রুকে আনন্দিত করা।

اَلْاَعْدَاءُ : **শত্রুদল**। বহুবচন; একবচন– عَدُوٌّ

لَا تَجْعَلْنِىْ : **তুমি আমাকে করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; পরিণত করা।

غَضَبٌ : **ক্রোধ**। বাব سَمِعَ -এর মাসদার। রাগ করা; ক্রুদ্ধ হওয়া।

ذِلَّةٌ : **লাঞ্ছনা**। বাব ضَرَبَ -এর মাসদার। অপদস্থ হওয়া; লাঞ্ছিত হওয়া।

حَيٰوةُ الدُّنْيَا : **পার্থিব জীবন**। حَيٰوة একবচন, বহুবচন– حَيَوَاتٌ

دُنْيَا : পৃথিবী; দুনিয়া; বিশ্বজগৎ। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব نَصَرَ ও كَرُمَ মাসদার دُنُوٌّ, دَانِيَةٌ ও دَنِيَّةٌ মূলবর্ণ (د - ن - و) বাব نَصَرَ থেকে হলে অর্থ হবে অধিক নিকটবর্তী। আর বাবে كَرُمَ থেকে হলে অর্থ হবে অধিক নিকৃষ্ট। دُنْيَا যখন পরকালের মোকাবিলায় হবে তখন প্রথম অর্থে ব্যবহৃত হয়। আর যখন قَصْوٰى -এর মোকাবিলায় হবে তখন দ্বিতীয় অর্থে ব্যবহৃত হয়। বহুবচন– دُنًى

اَلْمُفْتَرِيْنَ : **মিথ্যা রচনাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف - ر - ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যাবাদী বলা; মিথ্যা রচনা করা; অপবাদ দেওয়া।

আয়াত : ১৫৩

عَمِلُوا السَّيِّئَاتِ : **তারা অসৎকার্য করে**। عَمِلُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - م - ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– আমল করা; কাজ করা।

سَيِّئَاتٌ : **অসৎকার্য; মন্দকর্ম; পাপ কাজ**। বহুবচন, একবচনে– سَيِّئَةٌ

تَابُوْا : **তারা তওবা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت - و - ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

غَفُوْرٌ : **পরম ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة

رَّحِيْمٌ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر - ح - م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

আয়াত : ১৫৪

لَمَّا سَكَتَ : **যখন প্রশমিত হলো**। سَكَتَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س - ك - ت) মাসদার اَلسُّكُوْتُ অর্থ– নীরবতা পালন করা; থামা। ইমাম রাগেব লিখেছেন– سُكُوْت অর্থ কথা না বলা; নীরব থাকা। তবে যেহেতু سُكُوْتٌ [নীরবতা] ও سُكُوْنٌ [প্রশান্তি] -এরই এক প্রকার; তাই وَلَمَّا سَكَتَ عَنْ مُّوْسَى الْغَضَبُ [যখন প্রশমিত হলো মূসার ক্রোধ] এ আয়াতে سُكُوْتٌ টি سُكُوْنٌ অর্থে ইঙ্গিতার্থে ব্যবহার হয়েছে।

اَخَذَ : **তিনি তুলে নিলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ - خ - ذ) অর্থ– ধরা; গ্রহণ করা; তুলে নেওয়া।

اَلْوَاحَ : **ফলক**। বহুবচন, একবচন– لَوْحٌ অর্থ– তক্তা; শ্লেট; বোর্ড।

نُسْخَتِهَا : **কপি; অনুলিপি**। اسم مجرور مضاف তাঁর বিষয়বস্তুর মধ্যে। [তরজমা থানুবী] তাতে যা লিখিত ছিল। বহুবচন– نُسَخٌ

هُدًى : **পথনির্দেশ; হেদায়েত**। বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া।

يَرْهَبُوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر - ه - ب) মাসদার اَلرَّهْبُ অর্থ– ভয় করা।

আয়াত : ১৫৫

اِخْتَارَ : তিনি মনোনীত করলেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ - ى - ر) মাসদার اَلْاِخْتِيَارُ অর্থ– নির্বাচন করা; মনোনীত করা; বেছে নেওয়া।

رَجْفَةٌ : **ভূমিকম্প**। একবচন, বহুবচন– رَجْفَاتٌ

لَوْ شِئْتَ : **যদি তুমি ইচ্ছা করতে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش - أ - ى) অর্থ– ইচ্ছা করা।

اَهْلَكْتَهُمْ : **তুমি তাদেরকে ধ্বংস করতে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ

মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; নষ্ট করা; ব্যয় করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

اَتُهْلِكُنَا : **তুমি কি আমাদেরকে ধ্বংস করবে।** শুরুতে হামযাহ استفهام-এর জন্য। تُهْلِكُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; বিনাশ করা। نا যমীর جمع متكلم মাফউলে বিহী।

اَلسُّفَهَاءُ : **নির্বোধগণ**। বহুবচন, একবচন– سَفِيْهٌ মূর্খ; বোকা; হাবা।

فِتْنَتُكَ : **তোমার পরীক্ষা**। একবচন, বহুবচন– فِتَنٌ অর্থ– পরীক্ষা; ফেতনা।

تُضِلُّ : **তুমি বিপথগামী কর**। সীগাহ واحد مذكرحاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট করা; বিপথগামী করা।

تَشَاءُ : **তুমি ইচ্ছা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

تَهْدِىْ : **তুমি সৎপথে পরিচালিত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া; রাস্তা দেখানো।

اِغْفِرْ : **তুমি ক্ষমা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

اِرْحَمْ : **তুমি দয়া কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلرَّحْمَةُ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– দয়া করা; অনুগ্রহ করা; করুণা করা।

خَيْرٌ : **সর্বশ্রেষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের কারণে শুরুর হামযাহ বিলুপ্ত করা হয়েছে। একবচন, বহুবচন– اَخْيَارٌ، خِيَارٌ অর্থ– উত্তম; কল্যাণ; সৎকর্ম; এমন বস্তু যা সকলের নিকট পছন্দনীয়; জ্ঞান; বুদ্ধি; ন্যায়পরায়ণতা; শ্রেষ্ঠত্ব; মর্যাদা; কল্যাণকর বস্তু। এর বিপরীতার্থক শব্দ হলো شَرٌّ ; خَيْرٌ দু'প্রকার। এক. خير مطلق যা সর্বাবস্থায় সকলের নিকট পছন্দনীয় হয়। যেমন– জান্নাত। দুই. خير مقيد যা একজনের জন্য কল্যাণকর কিন্তু অপরজনের জন্য অনিষ্টকর। যেমন– সম্পদ। যা একজনের জন্য কল্যাণকর অপরজনের জন্য অকল্যাণকর। خَيْرٌ শব্দটি দু ভাবে ব্যবহার হয়। اسم হয়ে যেমন– وَلْتَكُنْ مِّنْكُمْ اُمَّةٌ يَّدْعُوْنَ اِلَى الْخَيْرِ [তোমাদের মধ্যে এমন একটি দল থাকা উচিৎ যারা মানুষদেরকে কল্যাণের দিকে আহ্বান করবে] এবং وصف হয়ে যেমন– فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى [সর্বোত্তম পাথেয় হলো তাকওয়া] এখানে خَيْر টি ইসমে তাফযীলের অর্থে হবে। উল্লেখ্য خَيْرٌ কখনো شَرٌّ-এর বিপরীতে ব্যবহার হয় আবার কখনও ضَرٌّ-এর বিপরীতে। যেমন– وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗ اِلَّا هُوَ وَاِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ

اَلْغَافِرِيْنَ : **ক্ষমাশীলগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা।

আয়াত : ১৫৬

اُكْتُبْ : **তুমি নির্ধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লেখা; নির্ধারণ করা; ফরজ করা।

حَسَنَةً : **কল্যাণ; মঙ্গল**। **পুণ্য; নিয়ামত;** এমন অনুগ্রহ ও কল্যাণ যা মানুষের জীবন, দেহ বা অবস্থায় অর্জিত হয়ে তার জন্য আনন্দের কারণ হয়, তাকে حَسَنَةٌ বলা হয়। এর বিপরীত শব্দ হলো سَيِّئَةٌ। উভয়টিই اِسْمُ جِنْس যার অধীনে অনেক প্রকার অন্তর্ভুক্ত। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কোনো কল্যাণ হয় তখন বলে, এটা আল্লাহর পক্ষ থেকে) এখানে حَسَنَةٌ দ্বারা উদ্দেশ্য হলো ফসলের উৎকৃষ্টতা, সচ্ছলতা ও সফলতা। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ (আর যদি তাদের কোনো অকল্যাণ হয়) এখানে سَيِّئَةٌ দ্বারা দুর্ভিক্ষ; সংকীর্ণতা ও অসফলতা উদ্দেশ্য।

هُدْنَا : **আমরা প্রত্যাবর্তন করছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْهَوْدُ মূলবর্ণ (ه ـ و ـ د) অর্থ– প্রত্যাবর্তন করা; সৎপথে ফিরে আসা।

عَذَابِىْ : **আমার শাস্তি**। عَذَابٌ মুযাফ ى যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন–اَعْذِبَةٌ

اُصِيْبُ : **আমি দিয়ে থাকি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– পাওয়া; অর্জন করা। আপতিত হওয়া; আক্রমণ করা; আঘাত করা; পৌঁছা; এসে পড়া।

اَشَاءُ : **আমি ইচ্ছা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

رَحْمَتِىْ : **আমার দয়া**। رَحْمَةٌ মুযাফ; ى যমীর মুযাফ ইলাইহি। رَحْمَةٌ অর্থ দয়া; অনুগ্রহ; করুণা।

وَسِعَتْ : **ব্যাপ্ত**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ س ـ ع) মাসদার اَلسَّعَةُ। অর্থ– ব্যাপক হওয়া; সংকুলান হওয়া।

شَيْئٌ : **বস্তু**। একবচন, বহুবচন–اَشْيَاءُ

سَاَكْتُبُهَا : **শীঘ্রই আমি তা নির্ধারণ করব**। শুরুতে سِيْن ফে'লে মুযারেকে নিকটবর্তী ভবিষ্যতের জন্য নির্দিষ্ট করে দেয়। اَكْتُبُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكِتَابَةُ মূলবর্ণ (ك ـ ت ـ ب) অর্থ– লেখা; নির্ধারণ করা; ফরজ করা।

يَتَّقُوْنَ : **তারা তাকওয়া অবলম্বন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; তাকওয়া অবলম্বন করা।

يُؤْتُوْنَ : **তারা প্রদান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

আয়াত : ১৫৭

يَتَّبِعُوْنَ : **তারা অনুসরণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

اَلرَّسُوْلَ : **রাসূল; পয়গাম্বর; প্রেরিত**। رِسَالَةٌ থেকে উদ্ভূত فَعُوْلٌ-এর ওযনে مبالغة-এর সীগাহ। রাসূল কাকে বলা হয় সে সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। জমহূরের মতে, যাদের নিকট আল্লাহর পক্ষ থেকে ওহী আসে তারা হলেন নবী, আর তাদের মধ্যে যারা বিশিষ্ট বা যাদের উম্মত আছে বা কিতাব আছে, তারা হলেন রাসূল। কাজী বায়যাবী (র.) -এর মতে, যাদেরকে আল্লাহ তা'আলা নতুন শরিয়ত দিয়ে প্রেরণ করেছেন তারা হলেন রাসূল, আর নবী হলেন ব্যাপক অর্থাৎ যাদেরকে নতুন শরিয়ত দান করা হয়েছে এবং যাদেরকে পূর্ববর্তী রাসূলের দীনের উপর পাঠানো হয়েছে।

اُمِّىَّ : **উম্মী; অক্ষরজ্ঞানহীন; নিরক্ষর**। একবচন, বহুবচন–اُمِّيِّيْنَ। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৭৮ দ্রষ্টব্য]

يَجِدُوْنَهٗ : **তারা তাদের উল্লেখ পায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার الوجود অর্থ– পাওয়া; থাকা।

مَكْتُوْبًا : **লিখিত**। সীগাহ اسم مفعول বহছ واحد مذكر মূলবর্ণ (ك ـ ت ـ ب) মাসদার اَلْكِتَابَةُ অর্থ– লিখা; লিপিবদ্ধ করা।

اَلتَّوْرَاةُ : **তাওরাত; আসমানি কিতাব যা হযরত মূসা (আ.) -এর উপর অবতীর্ণ হয়েছে**। উল্লেখ্য, বর্তমানে তাওরাত নামে যে গ্রন্থ পাওয়া যায় তা হযরত মূসা (আ.) -এর পরে রচিত হয়েছে এবং তা বিকৃত তাওরাত। সুতরাং এটি প্রকৃত তাওরাত নয়। (تَوْرَاةٌ শব্দের বিশ্লেষণ সূরা আলে ইমরান, আয়াত :৩ দ্রষ্টব্য)

اَلْاِنْجِيْلِ : **ইঞ্জিল; হযরত ঈসা (আ.) -এর উপর অবতীর্ণ আসমানি কিতাব**। উল্লেখ্য খ্রিস্টানদের পরিভাষায় اَنَاجِلُ নামে যে চারটি গ্রন্থ বর্তমানে পাওয়া যায় তা তাঁর পরবর্তী যুগে বিভিন্ন ব্যক্তির রচিত

কিতাব, তা ঐ আসমানি কিতাব নয় যা হযরত ঈসা (আ.)-এর উপর অবতীর্ণ হয়েছে। [শাব্দিক বিশ্লেষণ দেখুন সূরা আলে ইমরান, আয়াত : ৩ দ্রষ্টব্য]

يَأْمُرُهُمْ : **তিনি তাদেরকে নির্দেশ দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

اَلْمَعْرُوْفِ : **সৎকার্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْمَعْرِفَةُ وَ الْعِرْفَانُ অর্থ– জানা; চেনা; হৃদয়ঙ্গম করা। –[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২২৮ দ্রষ্টব্য]

يَنْهٰى : **তিনি বাধাপ্রদান করেন; তিনি নিষেধ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ– বাধাপ্রদান করা; নিষেধ করা।

اَلْمُنْكَرِ : **অসৎকার্য**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; প্রত্যাখ্যান করা।

يُحِلُّ : **তিনি হালাল করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْلَالُ মূলবর্ণ (ح ـ ل ـ ل) অর্থ– হালাল করা; বৈধ করা।

طَيِّبَاتِ : **পবিত্র বস্তু**। বহুবচন, একবচন– طَيِّبَةٌ

يُحَرِّمُ : **তিনি হারাম করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা; অবৈধ করা।

خَبَائِثَ : **অপবিত্র বস্তু**। বহুবচন, একবচন– خَبِيْثَةٌ

يَضَعُ : **তিনি মুক্ত করেন। তিনি বিদূরিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– বিদূরীত করা; নামানো; মুক্ত করা।

اِصْرَ : **গুরুভার; ভারি বোঝা**। একবচন, বহুবচন– اٰصَارٌ ; اَصَرٌ বলা হয় এমন ভারি বোঝাকে-যা বহনকারীর চলাকে থামিয়ে দেয়। এখানে উদ্দেশ্য হলো কষ্টসাধ্য কাজ; কঠিন বিধিবিধান যা হুজুর ﷺ -এর উপর শরিয়তে রহিত হয়ে গেছে।

اَلْاَغْلَالَ : **শৃঙ্খল**। বহুবচন, একবচন– غُلٌّ বেড়ি; শৃঙ্খল। غُلٌّ বলা এমন বস্তুকে যা দ্বারা বন্দী করা হয় এবং শরীরের অঙ্গ বাঁধা হয়। এখানে উদ্দেশ্য এমন কঠিন বিধিবিধান যা হযরত মুহাম্মদ ﷺ -এর শরিয়তে রহিত হয়ে গেছে।

عَزَّرُوْا : **তারা সম্মান করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ز ـ ر) মাসদার اَلتَّعْزِيْرُ অর্থ– সম্মান প্রদর্শন করা।

اِتَّبَعُوْا : **তারা অনুসরণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা।

اَلنُّوْرَ : **নূর; আলো**। এখানে উদ্দেশ্য পবিত্র কুরআন। [বায়যাবী] একবচন, বহুবচন– اَنْوَارٌ

اُنْزِلَ : **তা অবতীর্ণ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

আয়াত : ১৫৯

اُمَّةٌ : **দল; সম্প্রদায়; জাতি**। একবচন, বহুবচন– اُمَمٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৪ দ্রষ্টব্য]

يَهْدُوْنَ : **তারা পথপ্রদর্শন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ– পথপ্রদর্শন করা; পথের সন্ধান দেওয়া।

بِالْحَقِّ : **ন্যায়ভাবে**। বাব نَصَرَ ও ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (ح ـ ق ـ ق) অর্থ– সত্য হওয়া; সঠিক হওয়া। আবার ইসমও হতে পারে। যার বহুবচন– حُقُوْقٌ অর্থ– অধিকার; হক; দাবি; পাওনা। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৬২ দ্রষ্টব্য]

يَعْدِلُوْنَ : **তারা ন্যায়ভাবে বিচার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ د ـ ل) মাসদার عَدْلٌ অর্থ– ন্যায়বিচার করা।

আয়াত : ১৬০

قَطَّعْنَا : **আমি বিভক্ত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– বিভক্ত করা; টুকরা টুকরা করা; খণ্ডবিখণ্ড করা।

اَسْبَاطًا : **গোত্র; বংশ; একই দাদার সন্তানসন্ততি**। একবচন سِبْطٌ যার প্রকৃত অর্থ ছেলের সন্তান; মেয়ের সন্তান; নাতী; নাতনী; দৌহিত্র। কন্যার পুত্রের জন্যই এর ব্যবহার অধিক। তবে اَسْبَاط يَهُوْدِى বা اَسْبَاط بَنِىْ اِسْرَائِيْل বলা হলে তা দ্বারা এমন গোত্র উদ্দেশ্য হয় যারা একই দাদার সন্তানসন্ততি।

اُمَمٌ : **দল; সম্প্রদায়; জাতি**। একবচন– اُمَّةٌ

اَوْحَيْنَا : **আমি প্রত্যাদেশ করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব افعال মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اِسْتَسْقَاهُ : **সে তার নিকট পানি প্রার্থনা করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব استفعال মাসদার اَلْاِسْتِسْقَاءُ মূলবর্ণ (س ـ ق ـ ى) অর্থ– পানি প্রার্থনা করা।

اِضْرِبْ : **তুমি আঘাত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضرب মাসদার الضرب মূলবর্ণ (ض ـ ر ـ ب) অর্থ– প্রহার করা; আঘাত করা; পথ চলা; উপমা প্রদান করা।

عَصَا : **লাঠি**। একবচন, বহুবচন– عِصِىٌّ

حَجَرَ : **পাথর**। বহুবচন– اَحْجَارٌ এখানে পাথর দ্বারা ঐ পাথরটি উদ্দেশ্য যা হযরত মূসা (আ.)-এর কাপড় নিয়ে পালিয়েছিল। ঘটনাটি এ রকম, বনী ইসরাঈলীদের নিয়ম ছিল সকলে একত্রে বিবস্ত্র হয়ে গোসল করত। কিন্তু হযরত মূসা (আ.) লজ্জার কারণে তাদের সাথে বিবস্ত্র হয়ে গোসল করতেন না। এ কারণে বনী ইসরাঈলীরা অপবাদ দিল যে, তাঁর একশিরা রোগ আছে, তাই সে আমাদের সাথে গোসল করে না। আল্লাহপাক ইচ্ছা করলেন হযরত মূসা (আ.) কে এ অপবাদ থেকে মুক্ত করবেন। একদিন তিনি একাকী পরিধেয় বস্ত্র খুলে একটি পাথরের উপর রেখে গোসল করতে নামলেন। গোসল সেরে উপরে উঠে দেখেন পাথর কাপড় নিয়ে দৌড়াচ্ছে। হযরত মূসা (আ.) কাপড়ের জন্য পাথরের পিছনে ছুটলেন। পাথর যেতে যেতে বনী ইসরাঈলীদের নেতাদের নিকট গিয়ে থামল। হযরত মূসা (আ.) ও সেখানে যেতে বাধ্য হলেন। পরবর্তীতে তারা দেখতে পেল যে, তাঁর একশিরা রোগ নেই।

اِنْبَجَسَتْ مِنْهُ : **তা থেকে উৎসারিত হলো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَال মাসদার اَلْاِنْبِجَاسُ মূলবর্ণ (ب ـ ج ـ س) অর্থ– জোরে প্রবাহিত হওয়া; দ্রুত নির্গত হওয়া।

عَيْنًا : **প্রস্রবর্ণ; চক্ষু; ঝরনা**। একবচন, বহুবচন– اَعْيُنٌ ও عُيُوْنٌ। পবিত্র কুরআনে এটি চোখ ও ঝরনা এ দু অর্থেই ব্যবহার হয়েছে। মূলত এটি অনেকগুলো অর্থের জন্য ব্যবহৃত হয়। ইমাম রাগেব বলেন, এর মূল অর্থ চক্ষু। অন্য অর্থগুলো হলো ইঙ্গিতার্থক। তাঁর মতে ঝরনাকে এ জন্য عَيْن বলা হয় যে, তা চক্ষুর সাথে সাদৃশ্য রয়েছে। চোখ থেকে যেভাবে অশ্রুধারা প্রবাহিত হয় ঠিক তদ্রূপ ঝরনা থেকেও পানি নির্গত হয়।

قَدْ عَلِمَ : **সে জেনে নিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবহিত হওয়া; চেনা।

مَشْرَبَهُمْ : **তাদের পানের স্থান**। সীগাহ واحد مذكر বহছ اسم ظرف বাব سَمِعَ মাসদার اَلشُّرْبُ মূলবর্ণ (ش ـ ر ـ ب) অর্থ– পান করা।

ظَلَّلْنَا : **আমি ছায়া বিস্তার করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّظْلِيْلُ মূলবর্ণ (ظ ـ ل ـ ل) অর্থ– ছায়া দান করা; ছায়া বিস্তার করা।

غَمَامَ : **মেঘমালা, উপকারী মেঘ**। বহুবচন, একবচন غَمَامَةٌ -এর বহুবচন غَمَائِمُ ও আসে।

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَلْمَنَّ : **মান্না শিশিরজাতীয় একপ্রকার সুস্বাদু আঠালো খাবার যা তীহ প্রান্তরে উদ্ভ্রান্ত বনী ইসরাঈলীদের খাবারস্বরূপ আল্লাহ দৈনন্দিন গাছের পাতার উপর অবতীর্ণ করতেন।**

اَلسَّلْوٰى : **সালওয়া; একপ্রকার পাখি বা তার গোশত।** শব্দটি বহুবচন, কামূসে এর একবচন سَلْوَاةٌ লেখা হয়েছে। একং সিহাহ গ্রন্থে আখফাশ থেকে বর্ণিত আছে যে, এর একবচন ব্যবহার হয় না। –[তাজুল উরূস]

كُلُوْا : **তোমরা আহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; খাওয়া; ভক্ষণ করা।

طَيِّبَاتِ : **ভালো; উত্তম; পবিত্রবস্তু**। বহুবচন, একবচন– طَيِّبَةٌ

رَزَقْنَاكُمْ : **আমি তোমাদেরকে জীবনোপকরণ দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দান করা; দান করা; দেওয়া। كم যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

مَاظَلَمُوْنَا : **তারা আমার প্রতি কোনো জুলুম করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা; নিপীড়ন করা।

আয়াত : ১৬১

اُسْكُنُوْا : **তোমরা বাস কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلسُّكُوْنُ মূলবর্ণ (س ـ ك ـ ن) অর্থ– বসবাস করা; অবস্থান করা; স্থায়ী হওয়া।

اَلْقَرْيَةَ : জনপদ; গ্রাম; বস্তি। একবচন, বহুবচন قُرًى আরবিতে قُرًى অর্থ জমা করা; একত্র করা। বলা হয় قَرَيْتُ الْمَاءَ فِى الْحَوْضِ [আমি হাউজে পানি জমা করেছি।] গ্রামেও যেহেতু মানুষ জমা হয় তাই তাকে قَرْيَةٌ বলা হয়।

حِطَّةٌ : **ক্ষমা চাই**। শব্দটির অর্থ সম্পর্কে মতবিরোধ রয়েছে। হাফেজ ইবনে হাজার আসকালানী বলেন, এ শব্দের অর্থ সম্পর্কে মতবিরোধ রয়েছে। কারো মতে এটি حَطٌّ থেকে উদ্‌গত, যার অর্থ অবতরণের অবস্থা বা ধরন। কারো কারো মতে এর অর্থ তওবা। যেমন কবি বলেছেন– فَازَ بِالْحِطَّةِ الَّتِىْ صَيَّرَ اللّٰهُ × بِهَا ذَنْبَ عَبْدِهٖ مَغْفُوْرًا [সে ঐ তওবা দ্বারা সফলকাম হয়েছে যা দ্বারা আল্লাহ তার গুনাহ ক্ষমা করেছেন।] কারো কারো মত হলো, এর কোনো অর্থ জানা যায় না। কেবল এর অনুসরণ করতে বলা হয়েছে। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত আছে যে, তাদেরকে বলা হয়েছিল তোমরা ক্ষমা প্রার্থনা কর। বনী ইসরাঈলদেরকে حِطَّةٌ বলতে বলতে প্রবেশ করতে বলা হয়েছিল। তারা দুষ্টামি করে সে শব্দের পরিবর্তে حِنْطَةٌ বলতে থাকে। ফলে তাদের উপর আজাব অবতীর্ণ হয়।

اُدْخُلُوْا : **তোমরা প্রবেশ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করা।

سُجَّدًا : **নতশিরে; অবনত মস্তকে**। বহুবচন, একবচন– سَاجِدٌ

نَغْفِرْ : **আমি ক্ষমা করে দেব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা।

خَطِيْئٰتِكُمْ : **তোমাদের অপরাধসমূহ**। خطيئة মুযাফ كم যমীর جمع مذكر حاضر মুযাফ ইলাইহি। বহুবচন, একবচন– اَلْخَطِيْئَةُ অর্থ– অপরাধ; পাপ; গুনাহ।

سَنَزِيْدُ : **আমি অধিক দান করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা; অধিক করা।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– ফরজের অধিক নফল আদায়

করা; যে কোনো ধরনের সৌন্দর্য সৃষ্টি করা। আমলের ক্ষেত্রে اِحْسَانٌ দু'ভাবে হতে পারে। যথা– ১. কাউকে তার অধিকারের চেয়ে অধিক দান করা এবং নিজের অধিকার থেকে কম নেওয়া। ২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজ আদায়ের পর সুন্নত, নফল, মোস্তাহাবও আদায় করা। (রাগেব) ইবাদতের ক্ষেত্রে اِحْسَانٌ-এর ব্যাখ্যা হাদীসে এভাবে দেওয়া হয়েছে–اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهُ يَرَاكَ [তুমি এমনভাবে ইবাদত কর যেন তুমি তাঁকে দেখছ, যদি এমন সম্ভব না হয় তাহলে এটা মনে কর যে, তিনি তোমাকে দেখছেন। [বুখারী]

আয়াত : ১৬২

فَبَدَّلَ : **সে পরিবর্তন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْدِيْلُ মূলবর্ণ (ب ـ د ـ ل) অর্থ– পরিবর্তন করা।

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

قِيْلَ : **তাকে বলা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা।

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

رِجْزً : **শাস্তি**। কাজী বায়যাবী (র.) লিখেছেন– رِجْز হলো ঘৃণিত বস্তু। কিন্তু আল্লামা যামাখশারী (র.) লিখেছেন– رِجْس ও رِجْز অর্থ শাস্তি ও কঠিন বিপদ যা মানুষের উপর আপতিত হয়। শব্দ দুটি আরবদের উক্তি–اِرْتَجَزَتِ السَّمَاءُ وَارْتَجَسَتْ [আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে] এবং رَعْدٌ مُرْتَجِزٌ وَ مُرْتَجِسٌ [প্রকম্পিতকারী বিদ্যুৎ] এ থেকে উদ্ভূত। আর এটা এমন কম্পন যাতে চিৎকারও থাকে। কেননা আজাব যখন অবতীর্ণ হয় তার জন্য আবশ্যক হলো যার উপর অবতীর্ণ হয় সে প্রকম্পিত হয় এবং চিৎকার করে। এখানে শাস্তি দ্বারা উদ্দেশ্য হলো প্লেগ বা মহামারী।

كَانُوْا يَظْلِمُوْنَ : **তারা জুলুম করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; জুলুম করা; অবিচার করা; অন্যায় করা।

আয়াত : ১৬৩

اِسْئَلْهُمْ : **তুমি তাদেরকে জিজ্ঞেস কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– জিজ্ঞাসা করা; প্রশ্ন করা; জানতে চাওয়া।

اَلْقَرْيَةَ : **জনপদ; গ্রাম; বস্তি**। একবচন, বহুবচন قُرًى আরবিতে قُرًى অর্থ জমা করা ; একত্র করা। বলা হয়– قَرَيْتُ الْمَاءَ فِى الْحَوْضِ [আমি হাউজে পানি জমা করেছি]। গ্রামেও যেহেতু মানুষ জমা হয়, তাই তাকে قَرْيَةً বলা হয়। পবিত্র কুরআনে শব্দটি জনপদ ও তার বাসিন্দা উভয় অর্থেই ব্যবহার হয়েছে। যেখানে اَهْل বা তার সমার্থক শব্দ থাকবে সেখানে قُرًى বা قَرْيَة-এর অর্থ হবে বাসিন্দা। আর যেখানে এরকম শব্দ থাকবে না সেখানে অর্থ হবে গ্রাম বা জনপদ। যেমন–وَاسْاَلِ الْقَرْيَةَ ـ وَضَرَبَ اللّٰهُ مَثَلًا এ সমস্ত স্থানে قرية দ্বারা তার বাসিন্দা উদ্দেশ্য। এবং قَرْيَةً ـ وَ كَاَيِّنْ مِّنْ قَرْيَةٍ نُوْحِىْ اِلَيْهِمْ مِنْ اَهْلِ الْقُرٰى ـ وَ مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا এসব স্থানে قَرْيَة দ্বারা বস্তি, গ্রাম বা জনপদ উদ্দেশ্য।

حَاضِرَةَ الْبَحْرِ : **সমুদ্র তীরবর্তী**। حَاضِرَةً সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل একবচন, বহুবচন– حَوَاضِر অর্থ– উপকূল। اَلْبَحْر সমুদ্র। একবচন, বহুবচন– اَبْحُر، بِحَارٌ এখানে লোহিত সাগর উদ্দেশ্য। –[তাফসীরে জালালাইন]

يَعْدُوْنَ : **তারা সীমালঙ্ঘন করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার عُدْوَانٌ অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা।

اَلسَّبْتِ : **শনিবার**। ইসম। একবচন, বহুবচন– اَسْبُتٌ ও سُبُوْتٌ আল্লামা যমখশারী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন– اَلسَّبْتُ মাসদার। سَبَتَتِ الْيَهُوْدُ অর্থ হলো ইহুদিরা শনিবারকে সম্মান করেছে। এ দিনকে

نَبْلُوهُمْ : **আমি তাদের পরীক্ষা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَلَاءُ মূলবর্ণ (ب ـ ل ـ و) অর্থ– পরীক্ষা করা; যাচাই করা; কষ্টে ফেলা।

كَانُوا يَفْسُقُوْنَ : **তারা সত্যত্যাগ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي استمراري معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ অর্থ– পাপ করা; অপরাধ করা; সত্যত্যাগী হওয়া।

আয়াত : ১৬৪

أُمَّةٌ : **দল; সম্প্রদায়; জাতি**। একবচন, বহুবচন– اُمَمٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৪ দ্রষ্টব্য]

تَعِظُوْنَ : **তোমরা সদুপদেশ দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعِظَةُ মূলবর্ণ (و ـ ع ـ ظ) অর্থ– সদুপদেশ দেওয়া; ওয়াজ করা।

مُهْلِكُهُمْ : **তাদেরকে ধ্বংসকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; বিনাশ করা; নষ্ট করা; ব্যয় করা। هم যমীর মুযাফ ইলাইহি।

مُعَذِّبُهُمْ : **তাদেরকে শাস্তিদাতা**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দান করা।

عَذَابًا : **শাস্তি**। একবচন, বহুবচন– اَعْذِبَةٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৭ দ্রষ্টব্য]

شَدِيْدًا : **কঠিন**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার مبالغة اَلشَّدُّ অর্থ– বাঁধা; শক্ত করা; কঠিন করা।

مَعْذِرَةً : **দায়িত্ব মুক্তির জন্য**। বহুবচন– معاذير মাসদার اَلْعُذْرُ অর্থ– ওজর আপত্তি করা; দায়িত্ব হতে মুক্ত হওয়া।

يَتَّقُوْنَ : **তারা সাবধান হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– সাবধান হওয়াা; সতর্ক হওয়া।

শনিবার নামকরণের কারণ সম্পর্কে ভাষাবিদগণের বিভিন্ন উক্তি রয়েছে। আবূ উবাইদা (র.) বলেন– اِنَّمَا سُمِّيَ سَبْتًا لِاَنَّهُ سَبَتَ فِيْهِ خَلْقُ كُلِّ شَيْءٍ وَعَمَلُهُ [এ দিনের নাম এজন্য سَبْت রাখা হয় কারণ এ দিন পৃথিবীর সকল কিছুর সৃষ্টির কাজ বন্ধ বা সম্পন্ন হয়েছিল, আর سَبْت অর্থ ছিন্ন করা; বন্ধ করা] ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন, আল্লাহ তা'আলা পৃথিবী সৃষ্টির কাজের সূচনা করেছিলেন রবিবার দিন এবং সমাপ্ত করেছিলেন শনিবার দিন। سَبْت অর্থ قَطْع বা ছিন্ন করা; বন্ধ করা। তাই এ দিনের নাম سَبْت হয়েছে। আল্লামা মুরতাজা যুবাইদি লিখেছেন, আল্লাহ তা'আলা এদিন পৃথিবী সৃষ্টির সূচনা করে ভূখণ্ডের একাংশ সমাপ্ত করেছিলেন এবং বনী ইসরাঈলদেরকে এ দিন কাজ-কর্ম বন্ধ রাখতে নির্দেশ দিয়েছিলেন। سَبْت অর্থ قَطْع বা বন্ধ করা; সমাপ্ত করা। তাই এ দিনের নাম سَبْت হয়েছে। শনিবার দিন সম্পর্কে তাদের সীমালঙ্ঘন ছিল এরকম যে, এ দিন ইহুদিদের জন্য মৎস্য শিকার নিষিদ্ধ ছিল। কিন্তু কিছু লোক নিষেধাজ্ঞা উপেক্ষা করে মৎস্য শিকারে লিপ্ত হয়েছিল। তাই তাদের উপর শাস্তি এসেছিল।

تَأْتِيْهِمْ : **তা তাদের নিকট আসত**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার ايتاء মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। هِمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

حِيْتَانٌ : **মাছ**। বহুবচন, একবচন– حُوْتٌ

شُرَّعًا : **পানির উপর ভেসে**। شَارِعٌ-এর বহুবচন। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل যা شَرْعٌ থেকে উদ্গত। অর্থ– প্রকাশ পাওয়া; ভাসা। حال হওয়ার কারণে মানসূব হয়েছে।

لَا يَسْبِتُوْنَ : **তারা শনিবার উদযাপন করত না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ب ـ ت) মাসদার اَلسَّبْتُ অর্থ– শনিবার উদযাপন করা; শনিবার হওয়া।

لَا تَأْتِيْهِمْ : **তারা তাদের নিকট আসত না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

আয়াত : ১৬৫

نَسُوْا : **তারা বিস্মৃত হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ى) অর্থ– বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া।

ذُكِّرُوْا : **তাদেরকে উপদেশ দেওয়া হয়েছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّذْكِيْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ দেওয়া; স্মরণ করিয়ে দেওয়া।

اَنْجَيْنَا : **আমি উদ্ধার করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِنْجَاءُ মূলবর্ণ (ن ـ ج ـ و) অর্থ– মুক্তি দেওয়া; উদ্ধার করা; নাজাত দেওয়া।

يَنْهَوْنَ : **তারা নিবৃত্ত করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلنَّهْىُ মূলবর্ণ (ن ـ ه ـ ى) অর্থ– নিষেধ করা; নিবৃত্ত করা; বারণ করা।

اَلسُّوْءِ : **মন্দকর্ম**। ইসম। فُعْلٰى -এর ওয়নে اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْء এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন, এটি বিপদ ও রোগব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন– سُوْء হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মানমর্যাদা ও ধনসম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধুবান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। নিম্নে তা বর্ণিত হলো–

১. কঠিনতা ও তীব্রতার অর্থে। যেমন– يَسُوْمُوْنَكُمْ سُوْءَ الْعَذَابِ [তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত।]

২. ক্লেশ অর্থে। যেমন– وَلَا تَمَسُّوْهَا بِسُوْءٍ [তোমরা তাকে ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে স্পর্শ করো না।]

৩. ব্যভিচার অর্থে। যেমন– مَا جَزَاءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْءً [যে তোমার ঘরে ব্যভিচার করতে চায় তার শাস্তি কি হতে পারে]

৪. কুষ্ঠরোগ অর্থে। যেমন– بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوْءٍ [নির্মল উজ্জ্বল হয়ে, অর্থাৎ কুষ্ঠরোগের কারণে নয় এমন উজ্জ্বল হয়ে]

৫. শাস্তি অর্থে। যেমন– اِنَّ الْخِزْىَ الْيَوْمَ وَالسُّوْءَ عَلَى الْكَافِرِيْنَ [আজ কাফেরদের জন্য রয়েছে লাঞ্ছনা ও শাস্তি]

৬. শিরক অর্থে। যেমন– مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوْءٍ [আমরা মন্দকর্ম করতাম না অর্থাৎ শিরক করতাম না।]

৭. গালমন্দের অর্থে। যেমন– لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْءِ [আল্লাহ তা'আলা পছন্দ করেন না প্রকাশ করা মন্দকথা]

৮. গুনাহ অর্থে। যেমন– يَعْمَلُوْنَ السُّوْءَ بِجَهَالَةٍ [তারা গুনাহের কাজ করে মূর্খতাবশত]

৯. بِئْسَ তথা মন্দ অর্থে। যেমন– وَلَهُمْ سُوْءُ الدَّارِ [তাদের জন্য রয়েছে মন্দগৃহ]

১০. অনিষ্ট অর্থে। যেমন– وَيَكْشِفُ السُّوْءَ [এবং তিনি দূর করে দেন অনিষ্ট]

১১. হত্যা ও পরাজয় অর্থে। যেমন– لَمْ يَمْسَسْهُمْ سُوْءٌ [তাদের কোনো আঁচড় লাগেনি]। –[আল-ইতকান, খ. ১, পৃ. ১৪২]

اَخَذْنَا : **আমি পাকড়াও করি; আমি শাস্তি দেই**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; পাকড়াও করা; শাস্তি দেওয়া।

عَذَابِ : **শাস্তি**। **কঠিন শাস্তি**। –[সূরা বাক্বারাহ, আয়াত : ৭ দ্রষ্টব্য]

بَئِيْسٍ : **কঠোর**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মাসদার اَلْبَأْسُ মূলবর্ণ (ب ـ ء ـ س) অর্থ– কঠিন হওয়া; শক্তিশালী হওয়া।

كَانُوْا يَفْسُقُوْنَ : **তারা কুফরি করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মাসদার اَلْفِسْقُ মূলবর্ণ (ف ـ س ـ ق) অর্থ– অন্যায় করা; পাপ করা; কুফরি করা।

আয়াত : ১৬৬

عَتَوْا : **তারা অহংকার করে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ت ـ و) মাসদার اَلْعُتُوُّ - اَلْعِتِىُّ - اَلْعَتْوُ অর্থ– সীমালঙ্ঘন করা; অবাধ্য হওয়া।

نُهُوْا : **তাদেরকে নিষেধ করা হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ– নিষেধ করা।

كُوْنُوْا : **তোমরা হয়ে যাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া।

قِرَدَةً : **বানর।** বহুবচন, একবচন قِرْدٌ শামদেশের একটি উপকূলীয় এলাকা ছিল আইলা। সেখানকার ইহুদি অধিবাসীদেরকে শনিবার দিন মাছ শিকার করতে নিষেধ করা হয়েছিল আল্লাহর ইবাদতের জন্য। তারা অবাধ্যতা করে মাছ শিকারে লিপ্ত হয়েছিল। পরিণতিতে আল্লাহ তাদেরকে বানরের ন্যায় বানিয়ে দিয়েছিলেন। যারা কিছুদিন বা কয়েক ঘণ্টা জীবিত থাকার পর ছটফট করতে করতে মারা যায়। অধিকাংশ মুফাসসিরের মত হলো তারা বাস্তবিকই বানরে পরিণত হয়েছিল। কিন্তু ইমাম রাগেব কিছু সংখ্যক ওলামায়ে কেরামের মত উল্লেখ করেছেন যে, তাদের স্বভাব-চরিত্র বানরের ন্যায় হয়ে গিয়েছিল, আকৃতি বানরের ন্যায় হয়নি। প্রফেসার আব্দুর রউফ মু'জামুল কুরআনে এ ব্যাখ্যাকেই পছন্দ করেছেন। বিশিষ্ট তাবেঈ মুজাহিদ বলেন– তাদের আকৃতি বিকৃত করা হয়নি; বরং তাদের অন্তরসমূহ বিকৃত করা হয়েছিল। –[বায়যাবী]

خَاسِئِيْنَ : **ঘৃণিত।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ء) মাসদার اَلْخَسَأُ বিতাড়িত করা। নিকৃষ্ট হওয়া; ঘৃণিত হওয়া।

আয়াত : ১৬৭

تَاَذَّنَ : **তিনি ঘোষণা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلتَّاَذُّنُ অর্থ– ঘোষণা করা।

رَبَّ : **প্রতিপালক।** একবচন, বহুবচনে– اَرْبَابٌ এটি আল্লাহ তা'আলার গুণবাচক নাম। [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

لَيَبْعَثَنَّ : **তিনি প্রেরণ করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

يَسُوْمُهُمْ : **তিনি তাদেরকে শাস্তি দেবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ م)মাসদার اَلسَّوْمُ অর্থ– শাস্তি দেওয়া।

سُوْءَ : **মন্দ; কঠিন; কঠোর।** একবচন, বহুবচন– اَسْوَاءٌ

سَرِيْعُ : **দ্রুত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل مبالغة বাব كَرُمَ মূলবর্ণ (س ـ ر ـ ع) মাসদার اَلسُّرْعَةُ অর্থ– দ্রুততা; তৎপরতা। ত্বরা করা; দ্রুত চলা।

اَلْعِقَابِ : **শাস্তি।** বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। ইমাম রাগেব লিখেছেন– عِقَابٌ ও مُعَاقَبَةٌ - عُقُوْبَةٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য]

আয়াত : ১৬৮

قَطَّعْنَا : **আমি বিভক্ত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ– কর্তন করা; বিভক্ত করা; খণ্ডবিখণ্ড করা; টুকরা টুকরা করা।

اُمَمًا : **দল; জাতি।** বহুবচন, একবচনে– اُمَّةٌ

اَلصّٰلِحُوْنَ : **সৎকর্মপরায়ণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ، كَرُمَ ও نَصَرَ মাসদার اَلصَّلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সৎকর্মপরায়ণ হওয়া।

بَلَوْنَا : আমি পরীক্ষা করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبَلَاءُ অর্থ– বিপদ; মসিবত। কষ্ট।

بِالْحَسَنٰتِ : **মঙ্গল।** বহুবচন, একবচন– حَسَنَةٌ কল্যাণ; সচ্ছলতা।

اَلسَّيِّئٰتِ : **অমঙ্গল।** বহুবচন, একবচন– سَيِّئَةٌ অকল্যাণ; অসচ্ছলতা; দূরবস্থা।

يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلرُّجُوْعُ মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ১৬৯

خَلَفَ : **সে স্থলাভিষিক্ত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْخِلَافَةُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– স্থলবর্তী হওয়া; স্থলাভিষিক্ত হওয়া; উত্তরসূরি হওয়া।

خَلْفٌ : **অযোগ্য উত্তরসূরি; মন্দ স্থলবর্তী**। ইমাম বগভী (র.) লিখেছেন– خَلْف এমন বংশকে বলা হয় যারা দ্বিতীয় পুরুষের পরে আগমন করে। আবূ হাতেম বলেন–خَلْف [লামবর্ণে সুকূনযোগে] সন্তানসন্ততি। একবচন ও বহুবচনের জন্য সমভাবে ব্যবহার্য এবং خَلَف [লামবর্ণে যবরযোগে] বদল; সন্তান হোক বা অন্য কেউ। ইবাবেল আ'রাবী বলেন– خَلَف [যবরযোগে] সৎ; উত্তম। আর خَلْف [জযমযোগে] মন্দ; অসৎ। নযর বিন শামীল বলেন– خَلَف [লামবর্ণে হরকত যোগে] অযোগ্য উত্তরসূরি। আর লামবর্ণে হরকত ব্যতীত সুযোগ্য ও উত্তম অর্থের জন্য আসে না।

وَرِثُوا : **তারা উত্তরাধিকারী হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْوِرْثُ মূলবর্ণ (و ـ ر ـ ث) অর্থ– উত্তরাধিকারী হওয়া।

اَلْكِتَابَ : **কিতাব; গ্রন্থ**। একবচন, বহুবচন– كُتُبٌ; এটি মাসদার যা মাফউল তথা مَكْتُوْبٌ অর্থে ব্যবহৃত হয়েছে। পবিত্র কুরআনে كِتَابٌ অনেকগুলো অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন, আসমানি গ্রন্থ; তাওরাত, ইঞ্জিল; লাওহে মাহফূয; স্বভাব; আল্লাহর জ্ঞান; তাকদীর; আমলনামা; আল্লাহ প্রদত্ত দলিল। পবিত্র কুরআনে কুরআনেরও অনেকগুলি নাম উল্লেখ করা হয়েছে। যেমন– কুরআন; কিতাব; তানযীল; ফুরকান; জিকর ইত্যাদি।

عَرَضَ : **সামগ্রী**। একবচন, বহুবচন– عُرُوْضٌ ও اَعْرَاضٌ আল্লামা সাইয়েদ মুরতাজা যুবাইদি তাজুল উরূসে লিখেছেন– عَرَض [ر বর্ণে যবরযোগে] অর্থ পার্থিব ক্ষণস্থায়ী সম্পদ এবং عَرْض [ر বর্ণে سكون যোগে] স্বর্ণ-রৌপ্য ব্যতীত অন্যান্য পার্থিব সম্পদ। বহুবচন عُرُوْض আসে। সুতরাং কম-বেশি যে কোনো সম্পদকে عَرَضُ الدُّنْيَا বলা হয়। হাদীসে রয়েছে– اَلدُّنْيَا عَرَضٌ حَاضِرٌ يَأْكُلُ مِنْهُ الْبِرُّ وَ الْفَاجِرُ [দুনিয়া হলো বিদ্যমান সম্পদ যা থেকে সৎ-অসৎ সকলেই ভক্ষণ করে] আবূ উবাইদা বলেন–جَمِيْعُ مَتَاعِ الدُّنْيَا عَرَضٌ (بِفَتْحِ الرَّاءِ) [পার্থিব সকল সম্পদকে عَرَض বলা হয়।] পার্থিব সম্পদকে عَرَض বলার কারণ সম্পর্কে আল্লামা শাওকানী বলেন–وَسُمِّيَ مَتَاعُ الدُّنْيَا عَرَضًا لِاَنَّهُ عَارِضٌ زَائِلٌ غَيْرُ ثَابِتٍ [পার্থিব সম্পদকে عَرَض বলার কারণ হলো তা অস্থায়ী ও ধ্বংসশীল।]

اَدْنٰى : **তুচ্ছ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ ى) মাসদার اَلدَّنَاءَةُ অর্থ– তুচ্ছ হওয়া; নিকৃষ্ট হওয়া। এখানে اَدْنٰى দ্বারা দুনিয়া উদ্দেশ্য।

سَيُغْفَرُ لَنَا : **আমাদেরকে ক্ষমা করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضرب মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْغُفْرَانُ ও اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

مِثْلُهُ : **তার অনুরূপ**। مِثْلُ মুযাফ, ه যমীর واحد مذكر غائب মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَمْثَالٌ

يَأْخُذُوْهُ : **তা তারা গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; গ্রহণ করা। ه যমীর واحد مذكر غائب মুযাফ ইলাইহি।

اَلَمْ يُؤْخَذْ : **তাদের কাছ থেকে কি নেওয়া হয়নি?** শুরুতে হামযাহ প্রশ্নবোধক। لم يؤخذ সীগাহ واحد مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; গ্রহণ করা।

مِيْثَاقَ : অঙ্গীকার। একবচন, বহুবচন– مَوَاثِيْقُ অর্থ– প্রতিশ্রুতি; চুক্তি।

حَقَّ : **সত্য**। একবচন, বহুবচন– حُقُوْقٌ অর্থ– ন্যায়; সঠিক।

دَرَسُوْا : তারা অধ্যয়ন করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلدَّرْسُ মূলবর্ণ (د ـ ر ـ س) অর্থ– পাঠ করা; অধ্যয়ন করা।

دَارٌ : আবাস; নিবাস; গৃহ। একবচন, বহুবচন– ديور ও ديار

اَلْاٰخِرَةُ : পরকাল; আখেরাত।

خَيْرٌ : সর্বশ্রেষ্ঠ। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (خ ـ ى ـ ر) এটি একবচন, বহুবচন خُيُوْرٌ ও خِيَارٌ অর্থ– শ্রেষ্ঠ, উত্তম, উৎকৃষ্ট।

يَتَّقُوْنَ : তারা ভয় করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; মুত্তাকী হওয়া; সতর্ক করা; সাবধান করা।

اَفَلَاتَعْقِلُوْنَ : তোমরা কি অনুধাবন করো না? শুরুতে হামযাটি প্রশ্নবোধক। لا تعقلون সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– বুঝা; বোধগম্য হওয়া; অনুধাবন করা।

আয়াত : ১৭০

يُمَسِّكُوْنَ : তারা দৃঢ়ভাবে ধারণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ س ـ ك) মাসদার اَلتَّمْسِيْكُ অর্থ– আঁকড়ে ধরা; দৃঢ়ভাবে ধারণ করা।

لَا نُضِيْعُ : আমি নষ্ট করি না। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ و ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ– ধ্বংস করা; নষ্ট করা।

اَجْرَ : শ্রমফল। একবচন, বহুবচন– اُجُوْرٌ অর্থ– প্রতিফল; প্রতিদান।

اَلْمُصْلِحِيْنَ : সৎকর্মপরায়ণগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلْاِصْلَاحُ অর্থ– সংস্কার করা; সংশোধন করা; সৎ কর্ম করা; সন্ধি স্থাপন করা।

আয়াত : ১৭১

نَتَقْنَا : আমি উত্তোলন করি। [সুয়ূতী] আমি উৎপাটন করি। [বগভী] আমি ঝুলিয়ে রাখি। [ফাররা] সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ن ـ ت ـ ق) মাসদার اَلنَّتْقُ অর্থ– উত্তোলন করা; উঠানো; তুলে ধরা। আকর্ষণ করা। নাড়ানো; কথা বলা। [কামূস] কোনো কিছুকে টেনে টেনে এমনভাবে নাড়া দেওয়া যে তা শিথিল হয়ে যায়। (রাগেব) نُتُوْق মোটা হওয়া। اِنْتَاقٌ শক্ত পাথর উঠানো। শেড স্থাপন করা। রমজানের রোজা রাখা।

جَبَلَ : পাহাড়। একবচন, বহুবচন– جِبَالٌ

ظُلَّةٌ : চন্দ্রাতপ; ছায়ানীড়; শামিয়ানা। বহুবচন– ظُلَلٌ ইমাম রাগেব লিখেছেন– ظُلَّةٌ ছায়াদার মেঘকে বলা হয়। এর সাধারণ ব্যবহার মন্দ অবস্থার জন্য হয়ে থাকে। যেমন– এ আয়াত। অন্য আয়াত হলো– فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ [চন্দ্রাতপের দিনের বিপদ তাদেরকে পাকড়াও করেছে]। ইমাম জওহারী আবূ যায়েদ থেকে বর্ণনা করেন যে, প্রথম ছায়াবিস্তারকারী মেঘকে ظُلَّةٌ বলা হয়। তাদেরকে ظُلَّةٌ দ্বারা যে শাস্তি দেওয়া হয়েছিল তা ছিল একখণ্ড মেঘ যার নিচ দিয়ে লূ-হাওয়া প্রবহমান ছিল। অপর বর্ণনা অনুযায়ী তা ছিল তাদের উপর ছায়াবিস্তারকারী একখণ্ড মেঘ। যখন লোকেরা ছায়া গ্রহণের জন্য তার নিচে সমবেত হলো তখনই তা তাদের উপর পতিত হয় এবং সকলেই সেখানে মৃত্যুবরণ করে।

وَاقِعٌ : পতনশীল; যা পতিত হয়। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার اَلْوُقُوْعُ অর্থ– পতিত হওয়া।

خُذُوْا : তোমরা ধর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; ধারণ করা।

مَآ اٰتَيْنٰكُمْ : যা আমি তোমাদেরকে দিয়েছি। ما موصولة ; اتينا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

بِقُوَّةٍ : দৃঢ়ভাবে; শক্ত করে। قُوَّةٌ একবচন, বহুবচন– قُوَّاتٌ

اُذْكُرُوْا : তোমরা স্মরণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– স্মরণ করা।

تَتَّقُوْنَ : **তোমরা ভয় করবে; তোমরা তাকওয়ার অধিকারী হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– সাবধান হওয়া; ভয় করা; সতর্ক হওয়া।

আয়াত : ১৭২

اَخَذَ : **তিনি বের করেন; তিনি ধারণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা। এখানে উদ্দেশ্য বের করা।

ظُهُوْرِ : **পৃষ্ঠদেশ**। বহুবচন, একবচন– ظَهْرٌ অর্থ– পিঠ; পিছনের অংশ।

ذُرِّيَّتَهُمْ : **তাদের বংশধর**। বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِيُّ অর্থ– বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন; কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। [শাব্দিক বিশ্লেষণ সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

اَشْهَدَهُمْ : **তিনি তাদের থেকে স্বীকারোক্তি গ্রহণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلْاِشْهَادُ অর্থ– স্বীকারোক্তি গ্রহণ করা।

عَلٰى اَنْفُسِهِمْ : **তাদের নিজেদের সম্বন্ধে**। اَنْفُسِ বহুবচন, একবচন– نَفْسٌ অর্থ– আত্মা; মন; প্রবৃত্তি। هِمْ যমীর جمع مذكر غائب মুযাফ ইলাইহি।

اَلَسْتُ بِرَبِّكُمْ : **আমি কি তোমাদের প্রতিপালক নই?** শুরুতে হামযাটি প্রশ্নবোধক। لَسْتُ সীগাহ واحد متكلم বহছ افعال ناقصة না বাচকের জন্য।

رَبِّ : **প্রতিপালক**। একবচন, বহুবচন– اَرْبَابٌ এটি মহান আল্লাহর গুণবাচক নাম। [সূরা ফাতিহা দেখুন] রূহের জগতে আল্লাহ তা'আলা মানুষকে পূর্ণ অনুভূতিশক্তিসহ সৃষ্টি করেন। সেখানে সকলের নিকট থেকে এই বলে অঙ্গীকার নেন যে–اَلَسْتُ بِرَبِّكُمْ [আমি কি তোমাদের প্রভু নই।] সকলে بَلٰى বলে তার স্বীকারোক্তি দিয়েছে।

بَلٰى : **হ্যাঁ; নিশ্চয়**। এর আলিফটি মূল। কারো মতে আলিফটি অতিরিক্ত। মূলত بَلْ ছিল। কারো কারো মতে আলিফটি تانيث-এর জন্য। بَلٰى এর ব্যবহার দু'স্থানে হয়। ১. পূর্বের নাবাচককে প্রত্যাখ্যান করার জন্য। যেমন– زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْا اَنْ لَّنْ يُّبْعَثُوْا قُلْ بَلٰى وَرَبِّىْ لَتُبْعَثُنَّ ২. ঐ اِسْتِفْهَامٌ -এর জবাবে যা نَفِى এর উপর পতিত হয়, اِسْتِفْهَامٌ টি حَقِيْقِى হতে পারে। যেমন–اَلَيْسَ زَيْدٌ بِقَائِمٍ (যায়েদ কি দাঁড়ানো নয়?) এর জবাবে বলা হবে بَلٰى ; অথবা تَوْبِيْخِى হতে পারে। যেমন–اَيَحْسَبُ الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ـ بَلٰى قَادِرِيْنَ عَلٰى اَنْ نُّسَوِّىَ بَنَانَهٗ অথবা تقريرى হতে পারে। যেমন– اَلَسْتُ بِرَبِّكُمْ قَالُوْا بَلٰى شَهِدْنَا ; بَلٰى ও نَعَمْ -এর মধ্যে পার্থক্য হলো– نَعَمْ নিছক اِسْتِفْهَام -এর জবাবে আসে। আর بَلٰى টি সর্বসম্মতিক্রমে اِيْجَابٌ -এর জবাবে নয়; বরং ঐ اِسْتِفْهَامٌ এর জবাবে আসে যা نفى -এর সাথে মিলিত হয়। তাছাড়া بلى আসে نفى -কে বাতিল করার জন্য। আর نعم আসে পূর্বের বাক্যের সত্যায়নের জন্য।

شَهِدْنَا : **আমি সাক্ষী রইলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষ্য দেওয়া।

تَقُوْلُوْا : **তোমরা বলবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

غَافِلِيْنَ : **গাফেলগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلُ অর্থ– অসচেতন হওয়া; গাফেল হওয়া; উদাসীন হওয়া।

আয়াত : ১৭৩

اَشْرَكَ : **সে শিরক করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; কুফরি করা।

اٰبَاؤُنَا : **আমাদের পূর্বপুরুষগণ**। اٰبَاءُ মুযাফ نَا যমীর جمع متكلم মাফঊলে বিহী। اٰبَاءُ বহুবচন; একবচন– اَبٌ পিতা।

ذُرِّيَّةُ : **বংশধর**। বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِىُّ অর্থ– বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন, কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। [শাব্দিক বিশ্লেষণ সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

اَفَتُهْلِكُنَا : **তুমি কি আমাদেরকে ধ্বংস করবে? শুরুতে হামযা প্রশ্নবোধক**। تُهْلِكُ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা। বিনাশ করা।

اَلْمُبْطِلُوْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْاِبْطَالُ অর্থ– অকার্যকর করা; বাতিল করা; নাকচ করা।

আয়াত : ১৭৪

نُفَصِّلُ : **আমি বিশদভাবে বিবৃত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تفعيل মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার اَلتَّفْصِيْلُ অর্থ– বিশদভাবে বর্ণনা করা; খুলে বলা।

يَرْجِعُوْنَ : **তারা প্রত্যাবর্তন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার الرجوع মূলবর্ণ (ر ـ ج ـ ع) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ১৭৫

اُتْلُ : **তুমি পড়; তুমি পড়ে শোনাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পড়া; অধ্যয়ন করা।

نَبَأَ : **বৃত্তান্ত, সংবাদ**। একবচন; বহুবচন– اَنْبَاءٌ ; نَبَأَةٌ অর্থ– মৃদু ধ্বনি; কুকুরের ধ্বনি। نَبِىٌّ আল্লাহর নবী; পয়গাম্বর। উচ্চস্তর; উন্মুক্ত পথ; স্থানান্তরকারী। نبوة নবুয়তি। نَابِى উচ্চস্থান। نَبَأَ ও نُبُوْءٌ উঁচু হওয়া; প্রকাশ পাওয়া। শব্দ করা; সংবাদ দেওয়া; স্থানান্তরিত হওয়া। বাব فَتَحَ ; اِنْبَاءٌ বাব اِفْعَالٌ ও تَنْبِئَةٌ বাব تَفْعِيْلٌ مُنَابَأَةٌ অর্থ– সংবাদ দেওয়া; সতর্ক করা। একে অপর থেকে দূরে সরে যাওয়া। প্রতিবেশীত্ব ত্যাগ করা। تَنَبُّؤٌ [বাব تَفَعُّلٌ] নবুওয়তির দাবি করা। اِسْتِنْبَاءٌ [বাব اِسْتِفْعَالٌ] অর্থ– অনুসন্ধান করা; খোঁজ লাগানো।

اٰتَيْنَا : **আমি দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

يَمْكُرُوْنَ : **তারা ষড়যন্ত্র করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবণ (م ـ ك ـ ر) অর্থ– প্রতারণা করা; ষড়যন্ত্র করা; কৌশল অবলম্বন করা।

خَيْرٌ : **সর্বোত্তম।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل ; মূলত أَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের কারণে শুরুর হামযাহ বিলুপ্ত করা হয়েছে। বহুবচন– أَخْيَارٌ ও خُيُوْرٌ

আয়াত : ৩১

تُتْلٰى : **পাঠ করা হয়।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

اَسَاطِيْرُ : **উপকথা।** বহুবচন; একবচন– أُسْطُوْرَةٌ অর্থ– রূপকথা; কাহিনী; গল্প।

اَلْاَوَّلِيْنَ : **সেকালের লোক; প্রাচীনকালের লোক।** বহুবচন; একবচন– أَوَّلٌ অর্থ– প্রথম; শুরু।

আয়াত : ৩২

اَمْطِرْ عَلَيْنَا : **আমাদের উপর বর্ষণ কর।** امطر সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ ط ـ ر) মাসদার اِمْطَارٌ বর্ষণ করা। প্রখ্যাত ভাষাবিদ আবূ উবাইদা বলেন, مَطَرَ (বাব نَصَرَ) থেকে রহমতের বৃষ্টির জন্য এবং اَمْطَرَ (বাব اِفْعَالٌ) থেকে আজাবের বৃষ্টির জন্য ব্যবহার হয়। –[ফতহুল কদীর– খ. ২ পৃ. ২১২]

حِجَارَةً : **পাথর।** একবচন, বহুবচন– اَحْجَارٌ

اِئْتِنَا : **আমাদেরকে দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– দেওয়া; দান করা। نا যমীর মাফঊলে বিহী।

আয়াত : ৩৩

يُعَذِّبَ : **তিনি শাস্তি দেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تفعيل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দেওয়া।

يَسْتَغْفِرُوْنَ : **তারা ক্ষমা প্রার্থনা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব استفعال মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা।

আয়াত : ৩৪

يَصُدُّوْنَ : **তারা নিবৃত্ত করে, তারা বাধাপ্রদান করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ى) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বিরত রাখা; বাধাপ্রদান করা।

اَوْلِيَاءَ : **অভিভাবকগণ; বন্ধু; সাহায্যকারী।** বহুবচন, একবচন– وَلِيٌّ

আয়াত : ৩৫

مُكَاءً : **শিস দেওয়া।** বাব نصر এর মাসদার; আরেকটি মাসদার হলো اَلْمُكُوُّ মুখ দিয়ে শিস বাজানো এবং হাতের আঙ্গুল দিয়ে তুড়ি দেওয়া। [কামূস]

تَصْدِيَةً : **করতালি দেওয়া।** বাব تَفْعِيْل -এর মাসদার।

ذُوْقُوْا : **তোমরা ভোগ কর; তোমরা আস্বাদন কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف

বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– স্বাদ গ্রহণ করা; আস্বাদন করা; ভোগ করা।

আয়াত : ৩৬

سَيُنْفِقُوْنَ : **তারা ব্যয় করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা; খরচ করা।

حَسْرَةً : **পরিতাপ।** ইসম ও মাসদার। বাব نَصَرَ অর্থ– আক্ষেপ; অনুশোচনা; পরিতাপ।

يُغْلَبُوْنَ : **তারা পরাভূত হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْغَلْبُ মূলবর্ণ (غ ـ ل ـ ب) অর্থ– পরাজয় বরণ করা; পরাজিত হওয়া।

আয়াত : ৩৭

لِيَمِيْزَ : **পৃথক করার জন্য।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (م ـ ى ـ ز) মাসদার اَلتَّمْيِيْزُ অর্থ– তারতম্য করা; পৃথক করা।

خَبِيْثَ : **কুজন; নিকৃষ্ট।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব كَرُمَ মূলবর্ণ (خ ـ ب ـ ث) মাসদার اَلْخُبْثُ وَ اَلْخَبَاثَةُ অর্থ– নিকৃষ্ট হওয়া; অপবিত্র হওয়া। এখানে কাফের উদ্দেশ্য।

طَيِّبِ : **সুজন; উত্তম; পবিত্র।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه এখানে উদ্দেশ্য মুমিন।

يَرْكُمَهُ : **তিনি স্তূপ দিবেন; একজনকে অপরের উপর রাখবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ك ـ م) মাসদার اَلرَّكْمُ অর্থ– স্তূপ দেওয়া; একটিকে অপরটির উপর রাখা।

خَاسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرَانُ ও اَلْخَسَارَةُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৩৮

يَنْتَهُوْا : **তারা বিরত থাকে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِهَاءُ মূলবর্ণ (ن ـ ه ـ ى) অর্থ– বিরত হওয়া; ক্ষান্ত হওয়া।

قَدْ سَلَفَ : **তা অতীত হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মাসদার اَلسَّلْفُ মূলবর্ণ (س ـ ل ـ ف) অর্থ– অতীত হওয়া; গত হওয়া।

اِنْ يَعُوْدُوْا : **যদি তারা অন্যায়ের পুনরাবৃত্তি করে।** اِنْ হরফে শর্ত। يعودوا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعَوْدُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– পুনরায় ফিরে আসা; পুনরায় করা।

قَدْ مَضَتْ : **তা নির্ধারিত হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব ضرب মূলবর্ণ (م ـ ض ـ ى) মাসদার اَلْمُضُوُّ ও اَلْمُضِيُّ অতীত হওয়া; জারি হওয়া।

سُنَّةُ : **দৃষ্টান্ত; পন্থা; নিয়ম।** একবচন; বহুবচন– سُنَنٌ প্রথা; পন্থা; প্রচলিত নিয়ম। سَنَّ শব্দটি কয়েকটি অর্থের জন্য ব্যবহার হয়। তন্মধ্যে প্রথা চালু করা। যেমন হাদীসে রয়েছে– سَنَّ لَكُمْ مُعَاذٌ

আয়াত : ৪০

اِنْ تَوَلَّوْا : **যদি তারা মুখ ফিরিয়ে নেয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– বিমুখ হওয়া; মখ ফিরিয়ে নেওয়া।

اِعْلَمُوْا : **তোমরা জেনে রাখ।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা।

مَوْلٰـكُمْ : **তোমাদের অভিভাবক।** বহুবচন– مَوَالٍ، مَوَالِىُّ অর্থ– সাহায্যকারী; বন্ধু।

১০ম পারা

আয়াত : ৪১

غَنِمْتُمْ : **তোমরা যা যুদ্ধে লাভ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (غ ـ ن ـ م) মাসদার اَلْغَنِيْمَةُ ও اَلْغَنَمُ অর্থ– গনিমত লাভ করা; বিনাকষ্টে পাওয়া; সাফল্য লাভ করা। অমুসলিমদের সাথে যুদ্ধ করে তাদের থেকে যে সম্পদ অর্জন করা হয় তাকে গনিমত বলা হয়।

خُمُسَهُ : **তার এক-পঞ্চমাংশ**। خُمُسٌ মুযাফ ، যমীর মুযাফ ইলাইহি।

اَلْقُرْبٰى : **নিকটাত্মীয়**। ইসমে মাসদার। বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقَرَابَةُ

اَلْيَتٰمٰى : **এতিমগণ**। বহুবচন; একবচন– يَتِيْمٌ অর্থ– অনাথ শিশু; যে অপ্রাপ্ত বয়স্ক শিশুর পিতা মারা গেছে, তাকে এতিম বলা হয়।

اَلْمَسٰكِيْنِ : **মিসকিন**। বহুবচন; একবচন– مِسْكِيْنٌ অভাবগ্রস্ত; নিঃস্ব। যার নিকট কোনো সম্পদ নেই, তাকে মিসকিন বলা হয়।

اِبْنِ السَّبِيْلِ : **পথচারী, মুসাফির**।

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

يَوْمَ الْفُرْقَانِ : **মীমাংসার দিন**। [বদরের যুদ্ধের দিন] يَوْمٌ একবচন; বহুবচন– اَيَّامٌ

اَلْفُرْقَانِ : **পার্থক্য করা, মীমাংসা করা**। এটি মাসদারও হতে পারে। অর্থাৎ সত্য-মিথ্যার মাঝে পার্থক্য করা; পৃথক পৃথক করা। আবার صفت مشبه -এর সীগাহও হতে পারে। তখন অর্থ হবে সত্য-মিথ্যার মাঝে পার্থক্যকারী। পবিত্র কুরআনে এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– কুরআন মাজিদ, তাওরাত, দলিল, প্রমাণ, এমন নূর যা দ্বারা হক ও বাতিলের মাঝে পার্থক্য করা যায়, অলৌকিক বস্তু; বদরের যুদ্ধের দিন। এখানে শেষোক্ত অর্থটি উদ্দেশ্য। কারণ বদরের যুদ্ধের দিন মুমিন ও কাফের উভয় দলের ভাগ্যের মীমাংসা হয়েছিল।

اِلْتَقَى : **পরস্পর সম্মুখীন হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِلْتِقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ– পরস্পর মুখোমুখি হওয়া।

اَلْجَمْعٰنِ : **দুই দল**। শব্দটি جمع -এর দ্বিবচন; বহুবচন جموع ; جمع বাব فَتَحَ -এর মাসদার। যা দল অর্থেও ব্যবহৃত হয়।

قَدِيْرٌ : **শক্তিমান, ক্ষমতাশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২১ দ্রষ্টব্য]

আয়াত : ৪২

بِالْعُدْوَةِ الدُّنْيَا : **নিকট প্রান্তে**। عُدْوَةٌ অর্থ প্রান্ত; কিনারা; দিক। ইমাম আবূ বকর আযিযী লিখেছেন– عُدْوَةٌ ও عَدْوَةٌ উভয়টির অর্থই উপত্যকার প্রান্ত। دُنْيَا এটি اَدْنٰى -এর স্ত্রীবাচক। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ن ـ و) মাসদার اَلدُّنُوُّ অর্থ– নিকটবর্তী হওয়া। উল্লেখ্য যে, বদরের আশপাশে যে পাহাড়গুলো রয়েছে সেগুলোর বিভিন্ন অংশের বিভিন্ন নাম রয়েছে। যে অংশ মদিনার দিকে অবস্থিত তাকে عُدْوَةُ الدُّنْيَا এবং যা অপর প্রান্তে অর্থাৎ মক্কার দিকে অবস্থিত তাকে عُدْوَةُ الْقُصْوٰى বলা হয়। এতদুভয়ের মধ্যবর্তী বহু উঁচু যে পাহাড়টি রয়েছে তাকে ইদানিং جَبَلُ اَسْفَلُ বলা হয়।

بِالْعُدْوَةِ الْقُصْوٰى : **দূর প্রান্ত**। اَلْقُصْوٰى এটি اَقْصٰى -এর স্ত্রীলিঙ্গ। যা قَصَاءٌ থেকে নির্গত। আরবদের তুলনায় দূরে হওয়ার কারণে مَسْجِدُ الْاَقْصٰى কে اَقْصٰى বলা হয়েছে।

اَلرَّكْبُ : **উষ্ট্রারোহী দল**। رَاكِبٌ -এর বহুবচন। কাফেলা; দল। আরবদের কাফেলা সাধারণত উষ্ট্রারোহী হতো, এজন্য رَكْبٌ দ্বারা উষ্ট্রারোহী দল উদ্দেশ্য নেওয়া হয়েছে। নতুবা যে কোনো দলকেই رَكْبٌ বলা হয়।

اَسْفَلَ : নিম্নভূমি। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (س ـ ف ـ ل) মাসদার اَلسَّفَالَةَ অর্থ- নীচু হওয়া; নিম্ন হওয়া; নিকৃষ্ট হওয়া।

لَوْ تَوَاعَدْتُّمْ : যদি তোমরা চুক্তি করতে চাইতে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي تَوَاعَدْتُّمْ বাব تَفَاعُلٌ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার معروف اَلتَّوَاعُدُ অর্থ- পরস্পর অঙ্গীকার বদ্ধ হওয়া।

لَاخْتَلَفْتُمْ : তোমরা মতভেদ করতে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ- মতভেদ করা; মতবিরোধ করা।

مِيْعَادِ : অঙ্গীকার; ওয়াদা। সীগাহ واحد مذكر বহছ اسم آلة বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ অর্থ- অঙ্গীকার করা; ওয়াদা করা।

كَانَ مَفْعُوْلًا : তিনি সম্পন্ন করেন। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মাসদার اَلْفِعْلُ অর্থ- করা; সম্পন্ন করা।

لِيَهْلِكَ : যেন ধ্বংস হয়। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْهَلَاكُ মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ- ধ্বংস হওয়া; ধ্বংস করা।

بَيِّنَةٍ : দলিল; প্রমাণ। একবচন, বহুবচন- بَيِّنَاتٌ

يَحْيٰى : সে জীবিত থাকবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْحَيَاةُ মূলবর্ণ (ح ـ ي ـ ي) অর্থ- জীবিত থাকা।

سَمِيْعٌ : সর্বশ্রোতা। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা।

আয়াত : ৪৩

اِذْ يُرِيْكَهُمْ : যখন তিনি তাদেরকে দেখিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع يُرِى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার معروف اَلْاِرَاءَةُ অর্থ- দেখানো; প্রদর্শন করা। كَ যমীর মাফউল।

مَنَامٌ : স্বপ্ন। বহুবচন- مَنَامَاتٌ অর্থ- নিদ্রা; ঘুম।

اَرٰكَ : তিনি তোমাকে দেখিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَاءَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ- দেখানো। প্রদর্শন করা। ك যমীর واحد مذكر حاضر মাফউলে বিহী।

فَشِلْتُمْ : তোমরা সাহস হারিয়ে ফেলেছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ش ـ ل) মাসদার اَلْفَشْلُ অর্থ- ব্যর্থ হওয়া; সাহস হারানো।

تَنَازَعْتُمْ : তোমরা বিরোধ সৃষ্টি করতে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلتَّنَازُعُ অর্থ- পরস্পর বিরোধ করা।

سَلَّمَ : তিনি রক্ষা করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّسْلِيْمُ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ- রক্ষা করা।

صُدُوْرٌ : অন্তর; বক্ষ। বহুবচন; একবচন- صَدْرٌ

আয়াত : ৪৪

اِذْ يُرِيْكُمُوْهُمْ : যখন তিনি তাদেরকে দেখিয়েছেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف يُرِيْ বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ- দেখানো; প্রদর্শন করা। ى যমীর মাফউল।

اِلْتَقَيْتُمْ : তোমরা পরস্পর সম্মুখীন হয়েছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ي) মাসদার اَلْاِلْتِقَاءُ অর্থ- সাক্ষাৎ করা; মিলিত হওয়া; মুখোমুখি হওয়া।

فِيْ اَعْيُنِهِمْ : তাদের দৃষ্টিতে। اَعْيُنٌ বহুবচন, একবচন عَيْنٌ অর্থ- চক্ষু; ঝরনা; প্রস্রবণ।

تُرْجَعُ : সে প্রত্যাবর্তিত হবে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- প্রত্যাবর্তন করা।

আয়াত : ৪৫

فِئَةً : লোকজন; দল। একবচন। এমন দল যারা একে অপরকে সাহায্যকারী; একে অপরকে সাহায্যের জন্য ফিরে আসে। [মুফরাদাতুল কুরআন]

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– স্মরণ করা; আলোচনা করা।

اُثْبُتُوْا : **তোমরা অবিচলিত থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ث ـ ب ـ ت) মাসদার اَلثَّبْتُ ও اَلثُّبُوْتُ অর্থ– দৃঢ় থাকা; অটল থাকা; অবিচলিত থাকা।

كَثِيْرًا : **অধিক; প্রচুর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ث ـ ر) মাসদার اَلْكَثْرَةُ অর্থ– অধিক হওয়া।

تُفْلِحُوْنَ : **তোমরা সফলকাম হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْلَاحُ মূলবণ (ف ـ ل ـ ح) অর্থ– সফলকাম হওয়া; সাফল্য লাভ করা।

আয়াত : ৪৬

اَطِيْعُوْا : **তোমরা আনুগত্য কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; অনুসরণ করা।

لَا تَنَازَعُوْا : **তোমরা নিজেদের মধ্যে বিবাদ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلتَّنَازُعُ অর্থ– মতবিরোধ করা; ঝগড়া করা।

فَتَفْشَلُوْا : **তোমরা সাহস হারাবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْفَشَلُ মূলবর্ণ (ف ـ ش ـ ل) অর্থ– কাপুরুষতা অবলম্বন করা; সাহস হারানো। فاء سببية -এর কারণে نون اعرابى বিলুপ্ত হয়েছে।

تَذْهَبَ : **তা বিলুপ্ত হবে; তা চলে যাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَبُ অর্থ– চলে যাওয়া; গমন করা; বিলুপ্ত হওয়া।

رِيْحُكُمْ : **তোমাদের শক্তি**। رِيْحٌ অর্থ বাতাস; হাওয়া। এখানে শক্তিসামর্থ্য উদ্দেশ্য। رِيْحٌ মূলত رَوْحٌ ছিল। প্রমাণস্বরূপ বলা হয় এর তাসগীর হলো رُوَيْحَةٌ; ওয়াও সাকিন তার পূর্বের অক্ষর যেরবিশিষ্ট তাই و কে ي দ্বারা পরিবর্তন করা হয়েছে। মূল হিসেবে এর বহুবচন اَرْوَاحٌ এবং তালীল পরবর্তী হিসেবে এর বহুবচন আসে رِيَاحٌ; বাতাস চার প্রকার।

১. شِمَالِىٌّ : উত্তরে; এটা উত্তর দিক থেকে প্রবাহিত হয়। গরমকালে গরম হয় এবং ধূলা-বালু উড়ায়।

২. جُنُوْبِىٌّ : দক্ষিণা বাতাস। এটা দক্ষিণ দিক থেকে প্রবাহিত হয়। যাকে رِيْحٌ يَمَانِىٌّ ও বলা হয়।

৩. صَبَا : পুবালী হাওয়া; পূর্ব দিক থেকে প্রবাহিত বাতাস। যাকে قَبُوْلٌ ও বলা হয়।

৪. دَبُوْرٌ : পশ্চিমা বাতাস। যা পশ্চিম দিক থেকে প্রবাহিত হয়। শব্দটি সাধারণত স্ত্রীলিঙ্গ হিসেবে ব্যবহার হয়; কখনও পুংলিঙ্গও ব্যবহার হয়। رِيْحٌ শব্দটি ঘ্রাণ অর্থেও ব্যবহার হয়। যেমন– اِنِّىْ لَاَجِدُ رِيْحَ يُوْسُفَ [আমি ইউসুফের ঘ্রাণ পাচ্ছি] আবার কখনও استعارة হিসেবে শক্তি, সামর্থ্য, প্রাধান্য ইত্যাদি অর্থেও ব্যবহার হয়। যেমন আলোচ্য আয়াতে। এখানে رِيْحٌ দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে ইমাম বগভী তার কিতাবে কয়েকটি মতামত বর্ণনা করেছেন। মুজাহিদ বলেন, সাহায্য। সুদ্দী বলেন, সাহস; প্রচেষ্টা। মুকাতিল বলেন, উদ্দীপনা। নযর বিন শামিল বলেন, শক্তি; সামর্থ্য। আখফাশ বলেন, রাজ্য; রাজত্ব। কাতাদা ও ইবনে যায়েদ বলেন, এটা হলো رِيْحُ نَصْرٍ বা 'সাহায্যের বাতাস' এ বাতাস ব্যতীত কোথাও কোনো সাহায্য হয় না, এ বাতাস আল্লাহ তা'আলা প্রেরণ করেন; এ বাতাস গিয়ে শত্রুদের উপর আঘাত হানে। এ কারণেই হুযুর ﷺ বলেছেন– نُصِرْتُ بِالصَّبَا وَاُهْلِكَتْ عَادٌ بِالدَّبُوْرِ তাছাড়া অপর এক রেওয়ায়েতে রয়েছে হুযূর ﷺ যুদ্ধ শুরুর করার জন্য বাতাস প্রবাহের অপেক্ষা করতেন।

اِصْبِرُوْا : **তোমরা ধৈর্যধারণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

আয়াত : ৪৭

لَا تَكُوْنُوْا : **তোমরা হয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنَ ও اَلْكَيْنُوْنَةُ অর্থ– হওয়া।

خَرَجُوْا : **তারা বের হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ– বের হওয়া।

دِيَارِهِمْ : **তাদের নিজ গৃহ**। دِيَارٌ মুযাফ هُمْ যমীর جمع مذكر غائب মুযাফ ইলাইহি। বহুবচন; একবচন دَارٌ বাড়ি; ঘর।

بَطَرًا : **দম্ভভরে**। বাব سَمِعَ এর মাসদার। যা ইসমে ফায়িল অর্থে ব্যবহার হয়েছে। حَالٌ হওয়ার কারণে মানসূব হয়েছে।

رِئَاءَ : **লোক দেখানোর জন্য**। বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। যা اسم فاعل-এর অর্থে ব্যবহার হয়েছে। حال হওয়ার কারণে منصوب হয়েছে।

يَصُدُّوْنَ : **তারা নিবৃত্ত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বিরত রাখা; বাধাপ্রদান করা।

سَبِيْل : **পথ; রাস্তা**। একবচন; বহুবচন– سُبُلٌ

مُحِيْطٌ : **পরিবেষ্টনকারী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; অন্তর্ভুক্ত করা।

আয়াত : ৪৮

زَيَّنَ : **সে শোভন করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ– সজ্জিত করা; সুশোভিত করা; অলঙ্কৃত করা।

غَالِبَ : **বিজয়ী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব ضَرَبَ মূলবর্ণ(غ ـ ل ـ ب) মাসদার اَلْغَلَبَةُ অর্থ– বিজয়ী হওয়া; জয়লাভ করা।

جَارٌ :প্রতিবেশী; পার্শ্ব। একবচন; বহুবচন– جِيْرَانٌ

فَلَمَّا تَرَائَتْ : **যখন তারা পরস্পর সম্মুখীন হলো**। تـرائـت সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفَاعُلٌ মূলবণ (ر ـ أ ـ ى) মাসদার اَلتَّرَاءُ অর্থ– পরস্পর সম্মুখীন হওয়া; মুখামুখি হওয়া।

فِئَتَانِ : **দুই দল**। فِئَةٌ-এর দ্বিবচন। বহুবচন– فِئَاتٌ ; এখানে দুই দল দ্বারা মুসলিম ও কাফেরদের দল উদ্দেশ্য।

نَكَصَ : **সে সরে পড়ল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلنُّكُوْصُ ও اَلنَّكْصُ মূলবর্ণ (ن ـ ك ـ ص) অর্থ– পিছনে সরে আসা; সরে যাওয়া; পিছিয়ে যাওয়া।

عَقِبَيْهِ : **তার পায়ের গোড়ালিদ্বয়**। عَقِبَيْ মুযাফ ه যমীর মুযাফ ইলাইহি। عَقِبَيْ মূলত عَقِبَيْنِ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে। عَقِبٌ অর্থ পায়ের গোড়ালি। বহুবচন اَعْقَابٌ এখানে উদ্দেশ্য হলো পিছন।

اِنِّىْ بَرِئٌ : **আমি মুক্ত, সম্পর্কহীন**। بَرِئٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْبَرَاءَةُ মূলবর্ণ (ب ـ ر ـ أ) অর্থ– মুক্ত হওয়া।

لَا تَرَوْنَ : **তোমরা দেখছ না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার رُؤْيَةٌ অর্থ– দেখা।

اَخَافُ : **আমি ভয় করি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

আয়াত : ৪৯

غَرَّ : **সে বিভ্রান্ত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْغُرُوْرُ মূলবর্ণ (غ ـ ر ـ ر) অর্থ– বিভ্রান্ত করা; প্রতারিত করা; ধোঁকা দেওয়া।

يَتَوَكَّلْ : **সে নির্ভর করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– নির্ভর করা; ভরসা করা।

عَزِيْزٌ : **পরাক্রমশালী**। সীগাহ اسم واحد مذكر বহছ مبالغة ; যা فاعل অর্থে হয়েছে। ইমাম রাগেব লিখেছেন عَزِيْزٌ এমন সত্তা যিনি সর্বদা বিজয়ী হন কখনও পরাজিত হন না। যুজাজ লিখেছেন عَزِيْزٌ এমন সত্তা যার উপর কেউ বিজয়ী হতে পারে না। অন্যরা এর তরজমা করেছেন এমন শক্তিশালী যিনি সকল কিছুর উপর প্রবল থাকেন। আবার কেউ কেউ বলেছেন عَزِيْزٌ হলো যার উপমা কিছু নেই; অনুপম। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়**। সীগাহ اسم مبالغة বহছ واحد مذكر ; আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৫০

يَتَوَفَّى : **সে প্রাণ হরণ করছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّىُ মূলবর্ণ (و ـ ف ـ ي) অর্থ– প্রাণ হরণ করা; মৃত্যু দেওয়া; পূর্ণ করা।

يَضْرِبُوْنَ : **তারা আঘাত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف فعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ এটি বিভিন্ন স্থানে বিভিন্ন অর্থে ব্যবহার হয়, যেমন প্রহার করা, ভূমিতে চলাচল করা, উপমা বা দৃষ্টান্ত বর্ণনা করা। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

وُجُوْهَهُمْ : **তাদের মুখমণ্ডল**। وُجُوْهٌ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন; একবচন– وَجْهٌ অর্থ– মুখমণ্ডল, চেহারা।

اَدْبَارَهُمْ : **তাদের পৃষ্ঠদেশ**। اَدْبَارَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন; একবচন دُبُرٌ অর্থ– পিছনের অংশ; গুহ্যদ্বার।

ذُوْقُوْا : **তোমরা আস্বাদন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلذَّوْقُ অর্থ– আস্বাদন করা; স্বাদ গ্রহণ করা।

اَلْحَرِيْقِ : **দহনযন্ত্রণা**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر মাসদার اَلْحَرْقُ বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ر ـ ق) মাসদার اَلْحَرْقُ অর্থ– জ্বালানো; দগ্ধ করা।

আয়াত : ৫১

قَدَّمَتْ : **সে পূর্বে প্রেরণ করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– পূর্বে প্রেরণ করা।

ظَلَّامٍ : **অধিক অত্যাচারী**। সীগাহ اسم واحد مذكر বহছ مبالغة ; এখানে ظَالِمٌ অর্থে ব্যবহৃত হয়েছে। বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

لِلْعَبِيْدِ : **বান্দাদের প্রতি**। বহুবচন; একবচন– عَبْدٌ বান্দা; দাস; গোলাম।

আয়াত : ৫২

دَأْبِ ; **অভ্যাস**। একবচন; বহুবচন– اَدْؤُبٌ , اَدْؤُوْبٌ স্বভাব; আচরণ।

ذُنُوْبٌ : **পাপ; গুনাহ**। বহুবচন; একবচন– ذَنْبٌ

قَوِيٌّ : **শক্তিমান; শাক্তিশালী**। একবচন; বহুবচন– اَقْوِيَاءُ

شَدِيْدٌ : **কঠোর**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ش ـ د ـ د) মাসদার اَلشِّدَّةُ অর্থ– কঠিন হওয়া; কঠোর হওয়া।

আয়াত : ৫৩

مُغَيِّرًا : **পরিবর্তনকারী**। সীগাহ اسم واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (غ ـ ي ـ ر) মাসদার اَلتَّغْيِيْرُ অর্থ– পরিবর্তন করা।

اَنْعَمَ : **তিনি সম্পদ দান করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْعَامُ মূলবণ (ن ـ ع ـ م) অর্থ– সম্পদ দান করা।

يُغَيِّرُوْا : **তারা পরিবর্তন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّغْيِيْرُ মূলবর্ণ (غ ـ ي ـ ر) অর্থ– পরিবর্তন করা।

اَنْفُسِ : **নিজ; আত্মা**। বহুবচন; একবচন– نَفْسٌ অর্থ– আত্মা; মন।

আয়াত : ৫৪

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِهْلَاكُ মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ– ধ্বংস করা।

اَغْرَقْنَا : **আমি নিমজ্জিত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق)মাসদার اِغْرَاقٌ অর্থ– ডুবানো; নিমজ্জিত করা।

شَرَّ : **নিকৃষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলত اَشَرُّ ছিল। সহজকরণার্থে শুরু থেকে হামযাহ বিলুপ্ত করা হয়েছে।

دَوَابِّ : **জীব**। বহুবচন, একবচন– دَابَّةٌ প্রাণী; পশু; সরিসৃপ জন্তু; চতুস্পদ জন্তু। যে হামাগুড়ি দিয়ে চলে। دَابَّةٌ-এর تاء টি وحدة-এর জন্য। যদিও পরিভাষায় শব্দটি ঘোড়ার জন্য নির্দিষ্ট, কিন্তু সকল জন্তুর জন্যই ব্যবহার হয়। [বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৬ দ্রষ্টব্য]

আয়াত : ৫৫

عَاهَدْتَّ : **তুমি চুক্তিতে আবদ্ধ হয়েছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব مفاعلة মূলবর্ণ (ع ـ ه ـ د)মাসদার اَلْمُعَاهَدَةُ অর্থ– চুক্তিবদ্ধ হওয়া; প্রতিশ্রুতি দেওয়া।

يَنْقُضُوْنَ : **তারা চুক্তি ভঙ্গ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّقْضُ মূলবর্ণ (ن ـ ق ـ ض) অর্থ– চুক্তি ভঙ্গ করা; প্রতিশ্রুতি লঙ্ঘন করা।

عَهْدَ : **চুক্তি**। একবচন; বহুবচন– عُهُوْدٌ অর্থ– প্রতিজ্ঞা; প্রতিশ্রুতি।

আয়াত : ৫৭

تَثْقَفَنَّهُمْ : **তোমরা তাদেরকে আয়ত্তে আনবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلثَّقْفُ মূলবর্ণ بانون ثقيلة (ث ـ ق ـ ف) অর্থ– আয়ত্তে আনা; নাগাল পাওয়া।

اَلْحَرْبِ : **যুদ্ধ**। একবচন; বহুবচন– حُرُوْبٌ।

شَرِّدْ بِهِمْ : **তুমি তাদেরকে বিচ্ছিন্ন করে বিধ্বস্ত করে দাও**। সীগাহ شَرِّدْ বহছ واحد مذكر حاضر امر معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّشْرِيْدُ মূলবর্ণ (ش ـ ر ـ د) অর্থ– এমন শাস্তি দেওয়া যা দেখে অন্যরা পালিয়ে যায়।

خَلْفَهُمْ : **তাদের পশ্চাতে**। خَلْفَ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। শব্দটি قُدَّامٌ-এর বিপরীত।

يَذَّكَّرُوْنَ : **তারা উপদেশ গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– উপদেশ গ্রহণ করা। শব্দটি মূলত يتذكرون ছিল। اِفْتِعَالٌ-এর تاء কে ذال দ্বারা পরিবর্তন করে ذال কে ذال-এর মধ্যে ইদগাম করা হয়েছে।

আয়াত : ৫৮

تَخَافَنَّ : **তুমি আশঙ্কা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা।

خِيَانَةً : **বিশ্বাসঘাতকতা, চুক্তি ভঙ্গ করা**। বাব نَصَرَ-এর মাসদার। বিশ্বাসঘাতকতা করা; চুক্তি ভঙ্গ করা।

اِنْبِذْ : **তুমি ছুড়ে ফেলে দাও; তুমি বর্জন কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ب ـ ذ)মাসদার اَلنَّبْذُ অর্থ– নিক্ষেপ করা; বর্জন করা।

سَوَاءٍ : **সমান**। ইসমে মাসদার। اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয় কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী الاتقان গ্রন্থে লিখেছেন যে, سَوَاءٌ শব্দটি مُسْتَوِىْ [সমান] অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে তাতে قَصْر হবে। যেমন– مَكَانًا سُوًى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়। ১. সমান। যেমন– سَوَاءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান] ২. মধ্যস্থল। যেমন– فِىْ سَوَاءِ الْجَحِيْمِ [জাহান্নামের মধ্যস্থলে] ৩. পরিপূর্ণ। যেমন– فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سواء [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غَيْر অর্থে ব্যবহার হয়নি।

اَلْخَائِنِيْنَ : **বিশ্বাসঘাতক; চুক্তি ভঙ্গকারী**। সীগাহ جمع اسم فاعل বহছ মাসদার اَلْخِيَانَةُ বাব نَصَرَ মাসদার মূলবর্ণ (خ ـ و ـ ن) অর্থ– বিশ্বাসঘাতকতা করা; চুক্তি ভঙ্গ করা।

আয়াত : ৫৯

لَا يَحْسَبَنَّ : **সে যেন কখনও মনে না করে**। সীগাহ نفى فعل مضارع বহছ واحد مذكر غائب মূলবর্ণ (ح ـ س ـ ب) বাব حَسِبَ মাসদার معروف اَلْحَسْبُ অর্থ– ধারণা করা; মনে করা।

سَبَقُوْا : **তারা অতিক্রম করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّبْقُ মূলবর্ণ (س ـ ب ـ ق) অর্থ– অগ্রবর্তী হওয়া।

لَا يُعْجِزُوْنَ : **তারা অক্ষম করতে পারে না**। সীগাহ نفى فعل مضارع বহছ جمع مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ(ع ـ ج ـ ز) মাসদার معروف اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা।

আয়াত : ৬০

اَعِدُّوْا : **তোমরা প্রস্তুত রাখ**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْدَادُ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ– প্রস্তুত রাখা; প্রস্তুত করা।

اِسْتَطَعْتُمْ : **তোমাদের সাধ্য অনুযায়ী**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعُ অর্থ– সক্ষম হওয়া; সামর্থ্য হওয়া।

قُوَّةٍ : **শক্তি**। একবচন; বহুবচন– قُوًى সামর্থ্য। শক্তি দ্বারা উদ্দেশ্য যে কোনো যুদ্ধাস্ত্র। قُوَّةٌ সম্পর্কে হুযূর ﷺ বলেছেন– তীর নিক্ষেপণ। কারণ সে যুগে যুদ্ধ হতো তীর-তরবারি ও বর্শা ইত্যাদি দিয়ে। এ জন্য তিনি তীরের কথা বিশেষভাবে উল্লেখ করেছেন। সাম্প্রতিককালের সর্বপ্রকার আধুনিক যুদ্ধাস্ত্র মিসাইল, এটম ইত্যাদি قُوَّةٌ -এর অন্তর্ভুক্ত হবে।

رِبَاطِ الْخَيْلِ : **অশ্ববাহিনী**। مُفَاعَلَةٌ -এর বাব رِبَاطٌ মাসদার। বাঁধা; পাহারা দেওয়া। ইসম হিসেবেও ব্যবহার হয়। যার সাথে ঘোড়া ইত্যাদি বাঁধা হয়, আবার সেনা ছাউনি অর্থেও ব্যবহার হয়। اَلْخَيْلُ অর্থ– অশ্ব; ঘোড়া। একবচন; বহুবচন– خُيُوْلٌ ও اَخْيَالٌ

تُرْهِبُوْنَ : **তোমরা সন্ত্রস্ত করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْهَابُ মূলবণ (ر ـ ه ـ ب) অর্থ– সন্ত্রস্ত করা; ভয় দেখানো; আতঙ্কিত করা।

عَدُوَّ : **শত্রু**। একবচন; বহুবচন– اَعْدَاءٌ

يُوَفَّ : **পূর্ণ প্রতিদান দেওয়া হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পূর্ণ দেওয়া; পূর্ণ করা।

আয়াত : ৬১

جَنَحُوْا : তারা ঝুকে পড়ে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ن ـ ح) মাসদার اَلْجُنُوْحُ অর্থ– ঝুঁকে পড়া; আকৃষ্ট হওয়া; আগ্রহী হওয়া।

سَلْمِ : **সন্ধি**। এটি اِسْمٌ যা পুং ও স্ত্রীলিঙ্গ উভয়ভাবেই ব্যবহার হয়।

تَوَكَّلْ : **তুমি নির্ভর কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– ভরসা করা; নির্ভর করা। এটি عَلٰى -এর মাধ্যমে متعدى হয়। শাহ ওয়ালিউল্লাহ (র.) تَوَكَّلْ عَلَى اللّٰهِ -এর সংজ্ঞায় লিখেছেন– اَلتَّوَكُّلُ وَهُوَ اَنْ يَغْلِبَ عَلَيْهِ الْيَقِيْنُ حَتّٰى يَفْتُرَ سَعْيُهٗ فِىْ جَلْبِ الْمَنَافِعِ وَدَفْعِ الْمَضَارِّ مِنْ قِبَلِ الْاَسْبَابِ وَلٰكِنْ يَمْشِىْ عَلٰى مَا سَنَّهُ اللّٰهُ تَعَالٰى فِىْ عِبَادِهٖ مِنَ الْاِكْسَابِ مِنْ غَيْرِ اِعْتِمَادٍ عَلَيْهَا . তাওয়াক্কুল হলো বান্দার উপর ভরসা এত প্রবল হয় যে, কল্যাণকে অর্জন করা এবং অকল্যাণকে প্রতিহত করার উপকরণসমূহ সম্পর্কে তার চেষ্টা বিফল হয়। কিন্তু আল্লাহ তা'আলা বান্দাদের মধ্যে উপার্জনের যে পদ্ধতিসমূহ নির্ধারণ করে দিয়েছেন সেগুলোর উপর ভরসা না করে সে সমস্ত পন্থাসমূহ অবলম্বন করা। [হুজ্জাতুল্লাহিল বালিগা, খ. ২

পৃ. ৬৯] ইমাম ইবনে বায্যায বলেন, تَوَكُّلْ দুই প্রকার। এক. যা হুযূর ﷺ পূর্ববর্তীদের গুণ বর্ণনা করেছেন। যেমন তিনি বলেন-هُمُ الَّذِيْنَ لَا يَرْقُوْنَ وَلَا يَسْتَرْقُوْنَ وَلَا يَكْتَوُوْنَ وَلَا يَكْتَوُوْنَ وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ (এরা ঐ সমস্ত লোক যারা নিজেরা মন্ত্র করেনা এবং অন্যকে দিয়ে করায় না, যারা দাগ দেয়না এবং অন্যকে দাগ লাগায় না এবং স্বীয় প্রতিপালকের উপর ভরসা করে।) উপকরণের দিকে মনোযোগী হওয়া এবং তাতে লিপ্ত হওয়া এ প্রকার তাওয়াক্কুলের পরিপন্থি। এ প্রকারের প্রতিই রাসূল ﷺ ইরশাদ করেছেন-لَوْ تَوَكَّلْتُمْ عَلَى اللّٰهِ حَقَّ تَوَكُّلِهٖ لَرَزَقْتُمْ كَمَا تَرْزُقُ الطَّيْرُ تَغْدُوْ خِمَاصًا وَتَرُوْحُ بِطَانًا যদি তোমরা আল্লাহর উপর পূর্ণ তাওয়াক্কুল কর, তাহলে তোমাদেরকে ঐরূপ রিজিক সরবরাহ করা হবে যেরূপ পাখিরা পায়। যারা প্রত্যুষে খালি পেটে বের হয় এবং সন্ধ্যাবেলা ভরাপেটে ফিরে আসে। দ্বিতীয় প্রকার হলো যা অনিষ্ট থেকে আত্মরক্ষা করা, সীমানা পাহারা দেওয়া এবং বিপদাপদ থেকে রক্ষার জন্য হয়ে থাকে। এ প্রকারও তাওয়াক্কুল, তবে অসম্পূর্ণ। যেমন হযরত বেলাল (রা.) কে হুযূর ﷺ বলেছিলেন-اَنْفِقْ بِلَالُ وَلَا تَخْشَ مِنْ ذِى الْعَرْشِ اِقْلَالًا (বেলাল তুমি ব্যয় কর এবং আরশওয়ালার নিকট কম দেওয়ার আশঙ্কা করো না।) এ প্রকার তাওয়াক্কুলের অনুমতি প্রদান করা হয়েছে, কিন্তু তার দাওয়াত দেওয়া হয়নি।

আয়াত : ৬২

يُرِيْدُوْا : **তারা ইচ্ছা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ- ইচ্ছা করা।

حَسْبَكَ : **আপনার জন্য যথেষ্ট**। বাব ضَرَبَ-এর মাসদার।

يَخْدَعُوْكَ : **তোমাকে প্রতারিত করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْخَدْعُ মূলবর্ণ (خ ـ د ـ ع) অর্থ- প্রতারিত করা; ধোকা দেওয়া। كَ যমীর واحد مذكر حاضر মাফউলে বিহী।

حَسْبَكَ : **আপনার জন্য যথেষ্ট**। বাব ضَرَبَ-এর মাসদার।

اَيَّدَكَ : **তিনি তোমাকে শক্তিশালী করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (أ ـ ي ـ د) মাসদার اَلتَّائِيْدُ অর্থ- শক্তিশালী করা; শক্তি সঞ্চার করা।

আয়াত : ৬৩

اَلَّفَ : **তিনি প্রীতি স্থাপন করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّالِيْفُ মূলবর্ণ (أ ـ ل ـ ف) অর্থ- বন্ধুত্ব স্থাপন করা; সংযুক্ত করা।

قُلُوْبٌ : **অন্তর; হৃদয়**। বহুবচন; একবচন- قَلْبٌ

لَوْ اَنْفَقْتَ : **যদি তুমি ব্যয় কর**। اَنْفَقْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা।

جَمِيْعًا : **সকলে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার اَلْجَمْعُ অর্থ- জমা করা; সমবেত করা।

আয়াত : ৬৪

اِتَّبَعَ : **সে অনুসরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা; অনুকরণ করা; কারো কথামতো চলা।

আয়াত : ৬৫

حَرِّضْ : **তুমি উদ্বুদ্ধ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّحْرِيْضُ মূলবর্ণ (ح ـ ر ـ ض) অর্থ- উৎসাহিত করা; উদ্বুদ্ধ করা; প্ররোচিত করা।

قِتَالٌ : **যুদ্ধ**। বাব مُفَاعَلَةٌ-এর মাসদার।

صَابِرُوْنَ : **ধৈর্যশীল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা।

يَغْلِبُوا : **তারা বিজয়ী হবে**। সীগাহ جمع مذكر বহছ مضارع معروف غائب বাব ضَرَبَ মাসদার اَلْغَلَبَةُ মূলবর্ণ (غ ـ ل ـ ب) অর্থ– বিজয়ী হওয়া; সফলকাম হওয়া।

لَا يَفْقَهُوْنَ : **তারা বুঝে না, তাদের বোধশক্তি নেই**। সীগাহ نفى فعل বহছ جمع مذكر غائب (ف ـ ق ـ ه) মূলবর্ণ سَمِعَ বাব مضارع معروف মাসদার اَلْفِقْهُ অর্থ– বুঝা; অনুধাবন করা; জানা।

আয়াত : ৬৬

اَلْئٰنَ : **এখন**। সময়জ্ঞাপক শব্দ। نون এর উপর সর্বদা যবর থাকে। শুরুতে যে ال আছে حرف تعريف [নির্দিষ্টকরণের জন্য]। কারো মতে অতিরিক্ত। কিন্তু তা থাকা আবশ্যকীয়।

اَلصّٰبِرِيْنَ : ধৈর্যধারণকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন صَبْر অর্থ নিজেকে শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নামে অভিহিত হয়ে থাকে। যেমন– বিপদে নিজের নফসকে স্থির রাখাকে صَبْر বলা হবে; এর বিপরীত হলো جَزَع [অস্থিরতা, উৎকণ্ঠা]। এ কাজ যদি যুদ্ধের সময় হয়, তাহলে তাকে বলা হবে شُجَاعَة বা বীরত্ব, جُبْنٌ [ভীরুতা] হলো এর বিপরীতার্থক শব্দ। তেমনিভাবে বিষণ্নকারী বিপদের সময় হলে তাকে বলা হবে رَحْبُ الصَّدْر [প্রসন্নতা; উদারতা] ضَجْر [সঙ্কীর্ণতা] হলো এর বিপরীত শব্দ। কথা গোপন রাখার ক্ষেত্রে হলে তাকে বলা হবে كِتْمَانٌ [গোপন করা] আর مَذْلٌ [কথা ফাঁস করে দেওয়া] হলো এর বিপরীত শব্দ। আল্লাহ এ সকল কাজকে صَبْر নামে অভিহিত করেছেন।

خَفَّفَ : **তিনি ভার লাঘব করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (خ ـ ف ـ ف) মাসদার اَلتَّخْفِيْفُ অর্থ– লাঘব করা; হালকা করা; সহজ করা।

ضَعْفًا : **দুর্বলতা**। বাব نَصَرَ-এর মাসদার।

صَابِرَةٌ : **ধৈর্যশীল**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

আয়াত : ৬৭

نَبِيٌّ : **নবী; পয়গাম্বর**। একবচন; বহুবচন– اَنْبِيَاءُ

اَسْرٰى : **যুদ্ধবন্দী**। বহুবচন; একবচন– اَسِيْرٌ

يُثْخِنَ : **শত্রুকে ব্যাপকভাবে পরাভূত করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ث ـ خ ـ ن) মাসদার اَلْاِثْخَانُ অর্থ– অধিক রক্তপাত ঘটানো। اِثْخَانٌ فِىْ অর্থ কোনো কিছুতে খুব বেশি বাড়াবাড়ি করা। যেমন– اِثْخَانٌ فِى الْقَتْلِ হত্যায় বাড়াবাড়ি করা।

عَرَضٌ : **সামগ্রী**। একবচন, বহুবচন– اَعْرَاضٌ ও عُرُوْضٌ আল্লামা সাইয়েদ মুরতাজা যুবাইদি তাজুল উরূসে লিখেছেন– عَرَضٌ [ر বর্ণে যবরযোগে] অর্থ পার্থিব ক্ষণস্থায়ী সম্পদ এবং عَرْضٌ (ر বর্ণে سكون যোগে) স্বর্ণরৌপ্য ব্যতীত অন্যান্য পার্থিব সম্পদ। বহুবচন عُرُوْضٌ আসে। সুতরাং কমবেশি যে কোনো সম্পদকে عَرَضُ الدُّنْيَا বলা হয়। হাদীসে রয়েছে– اَلدُّنْيَا عَرَضٌ حَاضِرٌ يَأْكُلُ مِنْهُ الْبَرُّ وَ الْفَاجِرُ (দুনিয়া হলো বিদ্যমান সম্পদ যা থেকে সৎ-অসৎ সকলেই ভক্ষণ করে) আবূ উবাইদা বলেন– جَمِيْعُ مَتَاعِ الدُّنْيَا عَرَضٌ (بفتح الراء) পার্থিব সকল সম্পদকে عَرَضٌ বলা হয়। পার্থিব সম্পদকে عَرَضٌ বলার কারণ সম্পর্কে আল্লামা শওকানী বলেন– وَسُمِّىَ مَتَاعُ الدُّنْيَا عَرَضًا لِاَنَّهُ عَارِضٌ زَائِلٌ غَيْرُ ثَابِتٍ [পার্থিব সম্পদকে عَرَضٌ বলার কারণ হলো তা অস্থায়ী ও ধ্বংসশীল।]

يُرِيْدُ : **সে কামনা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

আয়াত : ৬৮

كِتَابٌ : **আল্লাহর বিধান**। এটি বাব نَصَرَ -এর মাসদার। লেখা; লিপিবদ্ধ করা। পবিত্র কুরআনে كِتَابٌ শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– লেখা; লিখিত বস্তু; তাওরাত; ইঞ্জিল; আসমানি সহীফা; কুরআন; লাওহে মাহফূয; আল্লাহর বিধান; স্বভাব; আল্লাহর জ্ঞান; আমলনামা; আল্লাহপ্রদত্ত দলিল।

لَمَسَّكُمْ : **তোমাদের উপর আপতিত হতো, তোমাদেরকে স্পর্শ করত**। শুরুতে لام তাকিদের জন্য। সীগাহ مَسَّ ماضى বহছ واحد مذكر غائب মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م ـ س ـ س) বাব سَمِعَ معروف অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; আপতিত হওয়া। كُمْ যমীর মাফউলে বিহী।

اَخَذْتُمْ : **তোমরা গ্রহণ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– ধরা; গ্রহণ করা।

عَذَابٌ : **শাস্তি; আজাব**। একবচন; বহুবচন– اَعْذِبَةٌ

عَظِيْمٌ : **মহা; বিশাল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْعِظَامَةُ বড় হওয়া; মহান হওয়া।

আয়াত : ৬৯

كُلُوْا : **তোমরা ভোগ কর; তোমরা আহার কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– ভক্ষণ করা; আহার করা; ভোগ করা; খাওয়া।

غَنِمْتُمْ : **তোমরা যুদ্ধে লাভ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْغَنَمُ, اَلْغَنِيْمَةُ মূলবর্ণ (غ ـ ن ـ م) অর্থ– সাফল্য লাভ করা; গনিমত অর্জন করা।

حَلٰلاً : **হালাল; বৈধ**। বাব سَمِعَ -এর মাসদার।

طَيِّبًا : **উত্তম; পবিত্র**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মাসদার اَلطَّيِّبُ মূলবর্ণ (ط ـ ي ـ ب) অর্থ– উত্তম হওয়া; পবিত্র হওয়া।

غَفُوْرٌ : **ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْمَغْفِرَةُ অর্থ– ক্ষমা করা; মাফ করা।

رَّحِيْمٌ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। আল্লাহ ব্যতীত অন্যের জন্যও এটি ব্যবহার হয়। পবিত্র কুরআনে হুযূর ﷺ -কে رَءُوْفٌ رَّحِيْمٌ বলা হয়েছে। ইবনে মুবারক (র.) বলেন رَحْمٰنُ হলো ঐ সত্তা যার কাছে চাওয়া হলে তিনি দান করেন; আর رَحِيْمُ হলো এমন সত্তা যার কাছে চাওয়া না হলে তিনি ক্রুদ্ধ হন।

আয়াত : ৭০

اَلْاَسْرٰى : **যুদ্ধবন্দী**। বহুবচন; একবচন– اَسِيْرٌ

يُؤْتِكُمْ : **তিনি তোমাদেরকে দান করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

يَغْفِرْ : **তিনি ক্ষমা করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

আয়াত : ৭১

اِنْ يُّرِيْدُوْا : **যদি তারা ইচ্ছা করে**। يُرِيْدُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْاِرَادَةُ অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

خِيَانَةَ : **বিশ্বাসঘাতকতা, চুক্তি ভঙ্গ করা**। বাব نَصَرَ - এর মাসদার। মূলবর্ণ (خ ـ و ـ ن) জিনস اجوف واوى অর্থ– বিশ্বাসঘাতকতা করা; চুক্তি ভঙ্গ করা।

قَدْ خَانُوْا : **তারা বিশ্বাসঘাতকতা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ

মূলবর্ণ (خ ـ و ـ ن) মাসদার اَلْخِيَانَةُ অর্থ– বিশ্বাস ভঙ্গ করা; বিশ্বাসঘাতকতা করা।

اَمْكَنَ : তিনি শক্তিশালী করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْكَانُ মূলবর্ণ (م ـ ك ـ ن) অর্থ– সক্ষম করা; শক্তিশালী করা; ক্ষমতা দান করা।

আয়াত : ৭২

هَاجَرُوْا : তারা হিজরত করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْهِجْرَةُ মূলবর্ণ (ه ـ ج ـ ر) অর্থ– হিজরত করা; দেশত্যাগ করা।

جَاهَدُوْا : তারা জিহাদ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ ه ـ د) মাসদার اَلْمُجَاهَدَةُ অর্থ– জিহাদ করা; চেষ্টা চালানো; কষ্ট করা; পরিশ্রম করা।

اٰوَوْا : তারা আশ্রয় প্রদান করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْوَاءُ মূলবর্ণ (أ ـ ي ـ و) অর্থ– আশ্রয় প্রদান করা, আশ্রয় চাওয়া।

اَوْلِيَاءُ : বন্ধু। বহুবচন; একবচন– وَلِيٌّ অর্থ– সাহায্যকারী; অভিভাবক।

لَمْ يُهَاجِرُوْا : তারা হিজরত করেনি। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُهَاجَرَةُ মূলবর্ণ (ه ـ ج ـ ر) অর্থ– হিজরত করা; স্বদেশ ত্যাগ করা।

وَلَايَتِهِمْ : তাদের অভিভাকত্ব। وَلَايَةٌ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি। اَلْوَلَايَةُ মাসদার। বাব سَمِعَ জিনস لفيف مفروق মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– বন্ধুত্ব করা; সাহায্য করা; পৃষ্ঠপোষকতা করা।

اِنِ اسْتَنْصَرُوْكُمْ : যদি তারা তোমাদের সাহায্য প্রার্থনা করে। اِن হরফে শর্ত। اِسْتَنْصَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِسْتِنْصَارُ অর্থ– সাহায্য প্রার্থনা করা। كُمْ যমীর মাফউলে বিহী।

قَوْمٌ : সম্প্রদায়, জাতি। একবচন; বহুবচন– اَقْوَامٌ

مِيْثَاقٌ : চুক্তি। একবচন; বহুবচন– مَوَاثِيْقُ প্রতিশ্রুতি; অঙ্গীকার।

بَصِيْرٌ : সম্যক দ্রষ্টা। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৭৩

فِتْنَةٌ : ফিতনা। একবচন; বহুবচন– فِتَنٌ ফিতনা; ফাসাদ; বিশৃঙ্খলা।

فَسَادٌ : বিপর্যয়। বাব نَصَرَ-এর মাসদার।

كَبِيْرٌ : বড়; মহা। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبَرُ অর্থ– বড় হওয়া; মহৎ হওয়া।

আয়াত : ৭৪

مَغْفِرَةٌ : ক্ষমা। বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– ক্ষমা করা; মাফ করা।

رِزْقٌ : জীবিকা। বাব نَصَرَ-এর মাসদার।

كَرِيْمٌ : সম্মানজনক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْكَرَمُ ও اَلْكَرَامَةُ অর্থ– সম্মানিত হওয়া।

আয়াত : ৭৫

اُولُوْا : ওয়ালা; বিশিষ্ট। এটি বহুবচন। এর কোনো একবচন নেই। কেউ ذُوْ কে এর একবচন মনে করেন। رَفع অবস্থায় اُوْلُوْا আর নসব অবস্থায় اُولِىْ হবে।

اَلْاَرْحَامُ : আত্মীয়স্বজন, আত্মীয়গণ। বহুবচন; একবচন رِحْمٌ অর্থ– জরায়ু; মায়ের পেটের ঐ স্থান যেখানে সন্তান অবস্থান করে। রূপকার্থে আত্মীয়তার অর্থেও ব্যবহার হয়। কারণ আত্মীয়গণ পরস্পর একই জরায়ু থেকে সৃষ্টি হয়।

সূরা তাওবা : মদীনায় অবতীর্ণ

আয়াত : ১২৯, রুকূ' : ১৬

আয়াত : ১

بَرَاءَةٌ : **সম্পর্কচ্ছেদ**। বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– অব্যাহতি পাওয়া; নিষ্কৃতি পাওয়া; দায়মুক্ত হওয়া। এখানে উদ্দেশ্য হলো মুশরিকদের সাথে মুসলমানদের যুদ্ধ না করার যে চুক্তি হয়েছিল তা থেকে সম্পর্কচ্ছেদ করা উদ্দেশ্য।

عَاهَدْتُّمْ : **তোমরা চুক্তিতে আবদ্ধ হয়েছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع ـ هـ ـ د) মাসদার اَلْمُعَاهَدَةُ অর্থ– চুক্তিতে আবদ্ধ হওয়া।

مُشْرِكِيْنَ : **মুশরিকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা।

আয়াত : ২

سِيْحُوْا : **তোমরা পরিভ্রমণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ي ـ ح) মাসদার اَلسِّيَاحَةُ অর্থ– ভ্রমণ করা; ঘোরাফেরা করা।

اَشْهُرٍ : **মাসসমূহ**। বহুবচন; একবচন شَهْرٌ ; বহুবচন شُهُوْرٌও আসে। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৮৫ দ্রষ্টব্য]

مُعْجِزِىْ : **হীনবলকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ز) মাসদার اَلْاِعْجَازُ অর্থ– অক্ষম করা; হীনবল করা। مُعْجِزِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

مُخْزِىْ : **লাঞ্ছিতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ي) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ– লাঞ্ছিত করা; অবমাননা করা।

আয়াত : ৩

اَذَانٌ : **ঘোষণা**। বাব تَفْعِيْل -এর মাসদার। ঘোষণা করা; অবহিত করা।

يَوْمَ : **দিন**। একবচন, বহুবচন اَيَّامٌ

اَلْحَجّ : **হজ**। বাব نَصَرَ -এর মাসদার। হজ করা; ইচ্ছা করা। শাব্দিক অর্থে জিয়ারতের ইচ্ছাকে হজ বলে। আর ইসলামি শরিয়তের পরিভাষায় হজের নিয়তে ইহরাম বেঁধে নির্দিষ্ট সময়ে বাইতুল্লাহ শরীফ তওয়াফ করা ও আরাফায় অবস্থান করাকে হজ বলা হয়।

اَلْاَكْبَر : **মহান; বড়**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبْرُ অর্থ– বড় হওয়া; সম্মানিত হওয়া; মহান হওয়া। এখানে حَجّ اْلاَكْبَر দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে কয়েকটি মতামত রয়েছে। ইমাম যুহরী, শা'বী, আতা প্রমুখের মতে হজ উদ্দেশ্য। কারণ উমরাকে ছোট হজ বলা হয়। তাই উমরা থেকে হজকে পার্থক্য করার জন্য হজের সিফাত اَكْبَر আনা হয়েছে। হযরত ওমর, ইবনে ওমর ও ইবনে যুবাইর (রা.) গণের মতে এর দ্বারা জিলহজ মাসের ৯ তারিখ তথা আরাফার দিন উদ্দেশ্য। হযরত আলী ও মুগীরা ইবনে শো'বা (রা.) -এর মতে, এর দ্বারা জিলহজ মাসের ১০ তারিখ তথা কুরবানির দিন উদ্দেশ্য।

بَرِيْءٌ : **দায়মুক্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ر ـ أ) মাসদার اَلْبَرَاءَةُ অর্থ– দায়মুক্ত হওয়া।

تُبْتُمْ : **তোমরা তওবা করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ (ت ـ و ـ ب) অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।) تَوْبَةٌ শব্দ لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়। সেলা ব্যতীত অর্থাৎ لازم হলে অর্থ হবে তওবা করা; আল্লাহর প্রতি মনোযোগী হওয়া। আর যদি عَلٰى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে আল্লাহ তওবা কবুল

করা। তওবা কবুল হওয়ার শর্ত চারটি। ১. পাপকে মন্দ মনে করে তা বর্জন করা। ২. যা ভুলত্রুটি হয়েছে তার জন্য খুবই অনুতপ্ত হওয়া। ৩. পুনরায় উক্ত পাপ না করার দৃঢ় সংকল্প করা। ৪. যে সমস্ত কাজের ক্ষতিপূরণ সম্ভব তার ক্ষতিপূরণ দেওয়া। যেমন বান্দার হক হলে তা আদায় করা; আর আল্লাহর হক হলে যদি তা কাজা করার মতো হয় তা কাজা করা। এ চারটি শর্ত পাওয়া গেলে তাকে তওবা বলা যাবে।

إِنْ تَوَلَّيْتُمْ : যদি তোমরা মুখ ফিরিয়ে নাও। إِنْ হরফে শর্ত। সীগাহ تَوَلَّيْتُمْ বহছ جمع مذكر حاضر বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّيْ ماضى معروف মূলবর্ণ (و ـ ل ـ ي) অর্থ– বিমুখ হওয়া; পৃষ্ঠপ্রদর্শন করা; উপেক্ষা করা। تَوَلّٰى যখন صلة ব্যতীত সরাসরি মুতা'আদ্দী হয় তখন এর অর্থ হয় কারো সাথে বন্ধুত্ব করা; কোনো কিছু উঠানো, বহন করা এবং গভর্নর হওয়া। যেমন– وَمَنْ يَّتَوَلَّهُمْ مِنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ [তোমাদের মধ্য হতে যারা তাদের সাথে বন্ধুত্ব করে] وَالَّذِيْ تَوَلّٰى كِبْرَهٗ [যে এ বিশাল কাজকে উঠিয়েছে] فَهَلْ عَسَيْتُمْ اِنْ تَوَلَّيْتُمْ [তোমার কাছে এই প্রত্যাশা যে তুমি গভর্নর হবে]। আর যদি عَنْ দ্বারা মুতা'আদ্দী হয় عَنْ শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক তখন অর্থ হবে মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। মুখ ফিরিয়ে নেওয়া আবার দু'ভাবে হতে পারে। সেখান থেকে সরে যাওয়া অথবা মনোযোগ না দেওয়া ও নির্দেশ না মানা।

بَشِّرْ : তুমি সুসংবাদ দাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْشِيْرُ মূলবর্ণ (ب ـ ش ـ ر) অর্থ– সুসংবাদ দেওয়া।

عَذَابٌ : শাস্তি। বহুবচন اَعْذِبَةٌ

اَلِيْمٌ : মর্মন্তুদ, যন্ত্রণাদায়ক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل مبالغة মূলবর্ণ (أ ـ ل ـ م) মাসদার اَلْاَلَمُ অর্থ– কষ্ট পাওয়া।

আয়াত : ৪

عَاهَدْتُّمْ : তোমরা চুক্তিতে আবদ্ধ হয়েছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُعَاهَدَةُ মূলবর্ণ (ع ـ ه ـ د) অর্থ– চুক্তিতে আবদ্ধ হওয়া।

لَمْ يَنْقُصُوْكُمْ : তোমাদের চুক্তি রক্ষায় কোনো ত্রুটি করেনি। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلنَّقْصُ ও اَلنُّقْصَانُ মূলবর্ণ (ن ـ ق ـ ص) অর্থ– ত্রুটি করা; হ্রাস করা।

لَمْ يُظَاهِرُوْا : তারা সাহায্য করেনি। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُظَاهَرَةُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) অর্থ– একে অপরকে সাহায্য করা; সহযোগিতা করা।

اَتِمُّوْا : তোমরা পূর্ণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْمَامُ মূলবর্ণ (ت ـ م ـ م) অর্থ– পূর্ণ করা।

مُدَّةٌ : মেয়াদ। একবচন; বহুবচন– مُدَّاتٌ অর্থ– সময়কাল; নির্দিষ্ট সময়; মেয়াদ।

আয়াত : ৫

اِنْسَلَخَ : সে অতিবাহিত করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْسِلَاخُ মূলবর্ণ (س ـ ل ـ خ) অর্থ– অতিবাহিত করা; অতিক্রম করা।

اَشْهُرُ الْحُرُمُ : নিষিদ্ধ মাসসমূহ। اَشْهُرٌ বহুবচন; একবচন– شَهْرٌ মাস। اَلْحُرُمُ বহুবচন; একবচন حَرَامٌ অর্থ– নিষিদ্ধ; হারাম। নিষিদ্ধ মাসসমূহ দ্বারা উদ্দেশ্য হলো ১. জিলক্বদ; ২. জিলহজ; ৩. মুহাররম; ৪. রজব। প্রাক ইসলামি যুগে এবং ইসলামের প্রথম যুগে এ চার মাসে যুদ্ধবিগ্রহ নিষিদ্ধ ছিল। পরবর্তীতে তা রহিত হয়ে গেছে।

وَجَدْتُّمْ : তোমরা পাবে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوُجُوْدُ মূলবর্ণ (و ـ ج ـ د) জিনস مثال واوى অর্থ– পাওয়া; অর্জন করা।

خُذُوْا : তোমরা গ্রহণ করা, তোমরা ধর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) জিনস مهموز فاء অর্থ– ধরা; গ্রহণ করা; বন্দী করা; পরিধান করা।

اُحْصُرُوْا : তোমরা অবরোধ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْحَصْرُ মূলবর্ণ (ح - ص - ر) অর্থ– বন্দী করা; কোণঠাসা করা; বাধা দেওয়া।

اُقْعُدُوْا : তোমরা ওঁৎ পেতে থাক। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقُعُوْدُ মূলবর্ণ (ق - ع - د) অর্থ– উপবেশ করা; বসা; ওঁৎ পাতা।

مَرْصَدٍ : ঘাঁটি। সীগাহ واحد مذكر বহছ اسم ظرف বাব نَصَرَ মূলবর্ণ (ر - ص - د) মাসদার اَلرَّصْدُ অর্থ– পাহারা দেওয়া; পর্যবেক্ষণ করা।

خَلُّوْا : তোমরা ছেড়ে দাও। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّخْلِيَةُ মূলবর্ণ (خ - ل - و) অর্থ– ছেড়ে দেওয়া; মুক্তি দেওয়া; যেতে দেওয়া।

سَبِيْلَ : রাস্তা; পথ। একবচন, বহুবচন– سُبُلٌ

আয়াত : ৬

اِسْتَجَارَكَ : তোমার কাছে আশ্রয় প্রার্থনা করে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِجَارُ মূলবর্ণ (ج - و - ر) অর্থ– আশ্রয় প্রার্থনা করা। ك যমীর মাফউলে বিহী।

اَجِرْهُ : তুমি তাকে আশ্রয় প্রদান কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ - ج - ر) মাসদার اَلْاِجَارَةُ অর্থ– আশ্রয় দেওয়া। ه যমীর واحد مذكر غائب মাফউলে বিহী।

اَبْلِغْهُ : তুমি তাকে পৌঁছে দাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب - ل - غ) মাসদার اَلْاِبْلَاغُ অর্থ– পৌঁছে দেওয়া।

مَأْمَنَ : নিরাপদ স্থান। সীগাহ واحد مذكر বহছ اسم ظرف বাব سَمِعَ মূলবর্ণ (أ - م - ن) মাসদার اَلْاَمْنُ অর্থ– নিরাপদ হওয়া।

আয়াত : ৭

عَاهَدْتُّمْ : তোমরা চুক্তিতে আবদ্ধ হয়েছিলে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع - ه - د) মাসদার اَلْمُعَاهَدَةُ অর্থ– চুক্তিতে আবদ্ধ হওয়া।

اِسْتَقَامُوْا : তারা স্থির থাকে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقَامَةُ মূলবর্ণ (ق - و - م) অর্থ– সোজা হওয়া; সঠিক হওয়া; স্থির হওয়া; অবিচল হওয়া।

اِسْتَقِيْمُوْا : তোমরা স্থির থাকবে। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق - و - م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– অটল থাকা; স্থির থাকা।

আয়াত : ৮

اِنْ يَّظْهَرُوْا : যদি তারা জয়ী হয়। اِنْ হরফে শর্ত। يظهروا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ظ - ه - ر) মাসদার اَلظُّهُوْرُ অর্থ– প্রাধান্য লাভ করা; বিজয় হওয়া।

لَا يَرْقُبُوْا : তারা মর্যাদা দিবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر - ق - ب) মাসদার اَلرُّقُوْبُ অর্থ– রক্ষা করা; তত্ত্বাবধান করা; পর্যবেক্ষণ করা।

اِلًّا : আত্মীয়তা। চুক্তি; অঙ্গীকার; হলফ। ইমাম রাগেব (র.) লিখেছেন চুক্তি; অঙ্গীকার ও আত্মীয়তার প্রতীয়মান অবস্থাকে اِلٌّ বলা হয়। যখন কোনো বস্তু এমনভাবে চমকাতে থাকে যা অস্বীকার করার উপায় থাকে না তখন তার জন্য تَئِلُّ [তা চমকাচ্ছে] শব্দ ব্যবহার করা হয়। ইমাম রাযী তাফসীরে কাবীরে লিখেছেন ال সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে।

১. চুক্তি; সন্ধি; অঙ্গীকার। কবি বলেন–

وَجَدْنَا هُمُوْ كَاذِبًا لَّهُمْ
وَذَا اْلاِلِ وَالْعَهْدِ لَا يَكْذِبُ

[আমরা তার অঙ্গীকারকে মিথ্যা পেয়েছি; অথচ অঙ্গীকারকারী মিথ্যা বলে না] এ কবিতায় ال অর্থ অঙ্গীকার নেওয়া হয়েছে।

২. ফাররা ال অর্থ– আত্মীয়তার সম্পর্ক বলেছেন। হযরত হাসান বলেন–

لَعَمْرُكَ اِنَّ اِلَكَ مِنْ قُرَيْشٍ
كَاِلِ السَّقْبِ مِنْ رَائِلِ النَّعَامِ

[শপথ তোমার প্রাণের! কুরাইশদের সাথে তোমার আত্মীয়তা এমন উষ্ট্রীশাবকের আত্মীয়তা বা নৈকট্য

উটপাখির সাথে যেমন] এখানে إل অর্থ আত্মীয়তা নেওয়া হয়েছে।

৩. শপথ। যেমন হযরত আউস বিন হাজার বলেন–

لَوْلَا بَنُوْ مَالِكٍ وَالْإِلُّ مُرَقَّبَةٌ
وَمَالَكَ فِيْهِمُ الْآلَاءُ وَالشَّرَفُ

(বনূ মালিক না হলে এবং শপথ যাদের অনুসরণ করা হয়েছে, বনূ মালিকদের মাঝেই রয়েছে দান ও আভিজাত্য] এখানে শপথ অর্থে ব্যবহার হয়েছে। ৪. আল্লাহ তা'আলার নাম। এক হাদীসে হুযূর ﷺ বলেছেন–إِنَّ هٰذَا الْكَلَامَ لَمْ يَخْرُجْ مِنْ إِلٍّ [এমন কথা আল্লাহ বলেন নি] ৫. যুজাজ বলেন إِلّ অর্থ হলো কোনো বস্তুকে ধারালো করা। এ কারণেই বল্লমকে أَلَّةٌ বলা হয়। ৬. যুহরী বলেন إل হলো ইবরানী ভাষার إِيل থেকে। إِيْلُ অর্থ– আল্লাহ। ইমাম ইবনে জারীর তাবারী এ সকল অর্থ উল্লেখ করার পর বলেছেন যেহেতু إل এ সকল অর্থকে অন্তর্ভুক্ত করে এবং আল্লাহ তা'আলা কোনো অর্থকে নির্দিষ্ট করেন নি তাই সকল অর্থের জন্যই তা প্রযোজ্য হবে। সুতরাং لَايَرْقُبُوْنَ فِيْ مُؤْمِنٍ إِلًّا অর্থ হবে মুশরিকরা মুমিনদের সম্পর্কে না আল্লাহর নাম না আত্মীয়তা না কোনো চুক্তি বা অঙ্গীকার আর না শপথের প্রতি লক্ষ্য রাখে। [তাফসীরুল মানার খ. ১০ পৃ. ১৮৪]

ذِمَّةً : **সন্ধি; চুক্তি**। একবচন, বহুবচন– ذِمَمٌ

يَرْضُوْنَ : **তারা সন্তুষ্ট রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِرْضَاءُ মূলবর্ণ (ر ـ ض ـ و) অর্থ– সন্তুষ্ট রাখা; রাজি রাখা।

بِأَفْوَاهِهِمْ : **তাদের মুখ দ্বারা**। أَفْوَاهٌ মুখ; বহুবচন, একবচন– فَمٌ

تَأْبٰى : **সে অস্বীকার করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْإِبَاءُ মূলবর্ণ (أ ـ ب ـ أ) অর্থ– অস্বীকার করা।

قُلُوْبُ : **অন্তর**। বহুবচন; একবচন قَلْبٌ অর্থ– হৃদয়; মন।

فَاسِقُوْنَ : **সত্যত্যাগীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ অর্থ– সত্যত্যাগী হওয়া; পাপ করা।

আয়াত : ৯

اِشْتَرَوْا : **তারা বিক্রয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش ـ ر ـ أ) অর্থ– বিক্রয় করা; ক্রয় করা।

ثَمَنًا : মূল্যে। ইসম। বিক্রেতা বিক্রীত পণ্যের বিনিময়ে যা কিছু গ্রহণ করে তাকে ثَمَنٌ বলে। বহুবচন– أَثْمَانٌ

فَصَدُّوْا : **তারা নিবৃত্ত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلصَّدُّ মূলবর্ণ (ص ـ د ـ د) অর্থ– নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

আয়াত : ১০

لَا يَرْقُبُوْنَ : **তারা মর্যাদা দিবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ق ـ ب) মাসদার اَلرُّقُوْبُ অর্থ– রক্ষা করা; তত্ত্বাবধান করা; পর্যবেক্ষণ করা।

اَلْمُعْتَدُوْنَ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ– সীমালঙ্ঘন করা; সীমা অতিক্রম করা।

আয়াত : ১১

فَإِنْ تَابُوْا : **অতঃপর তারা যদি তওবা করে**। تَابُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; পাপ থেকে ফিরে আসা; প্রত্যাবর্তন করা। এটা যদি إِلٰى দ্বারা متعدى হয় তখন অর্থ হয় আল্লাহর দিকে প্রত্যাবর্তন করা; তওবা করা। আর যদি عَلٰى দ্বারা متعدى হয় তখন অর্থ হয় তওবা কবুল করা; তওবার তাওফীক দেওয়া। যেমন–ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا [অতঃপর তাদেরকে তওবার তাওফীক দিয়েছেন যেন তারা তওবা করে] ইমাম খাত্তাবী বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ إِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ [তওবার অর্থ হলো গুনাহ করার পর পুণ্যের দিকে ফিরে আসা]

إِخْوَانُكُمْ فِى الدِّيْنِ : **তারা তোমাদের দীন সম্পর্কে ভাই**। إِخْوَانٌ বহুবচন, একবচন– أَخٌ অর্থ– ভাই; ভ্রাতা।

نُفَصِّلُ: **আমি বিশদভাবে বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার اَلتَّفْصِيْلُ অর্থ– বিশদভাবে বর্ণনা করা; ব্যাখ্যা-বিশ্লেষণ করা; খুলে বলা।

আয়াত : ১২

نَكَثُوْا: **তারা ভঙ্গ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلنَّكْثُ মূলবর্ণ (ن ـ ك ـ ث) অর্থ– চুক্তি ভঙ্গ করা; মিথ্যা; এমন দুঃসাধ্য কাজ যার কারণে মানুষ অঙ্গীকার ভঙ্গ করে।

اَيْمَانَ: **প্রতিশ্রুতি, শপথ**। বহুবচন; একবচন– يَمِيْنٌ

طَعَنُوْا: **তারা বিদ্রূপ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلطَّعْنُ মূলবর্ণ (ط ـ ع ـ ن) অর্থ– দোষারোপ করা; বিদ্রূপ করা।

دِيْن: **দীন**। একবচন; বহুবচন– اَدْيَانٌ

قَاتِلُوْا: **তোমরা যুদ্ধ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْقِتَالُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– যুদ্ধ করা; সংগ্রাম করা।

اَئِمَّةَ: **প্রধানগণ**। বহুবচন; একবচন اِمَامٌ ইমাম; নেতা।

يَنْتَهُوْنَ: **তারা যেন ফিরে আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْتِهَاءُ মূলবর্ণ (ن ـ ه ـ ي) অর্থ– বিরত হওয়া; ফিরে আসা; নিবৃত্ত হওয়া।

আয়াত : ১৩

هَمُّوْا: **তারা সংকল্প করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْهَمُّ মূলবর্ণ (ه ـ م ـ م) অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা।

اِخْرَاج: **বহিষ্কারকরণ**। বাব اِفْعَالٌ -এর মাসদার। অর্থ– বের করা; বহিষ্কার করা।

بَدَءُوْا: **তারা সূচনা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْبَدْءُ মূলবর্ণ (ب ـ د ـ أ) অর্থ– সূচনা করা; শুরু করা; সূত্রপাত করা।

أَتَخْشَوْنَهُمْ: **তোমরা কি তাদেরকে ভয় কর?** শুরুতে হামযাহ প্রশ্নবোধকের জন্য। تَخْشَوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ش ـ ي) মাসদার اَلْخَشْيُ অর্থ– ভয় করা। جمع مذكر غائب যমীর هُمْ মাফউলে বিহী।

আয়াত : ১৪

قَاتِلُوْا: **তোমরা যুদ্ধ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُقَاتَلَةُ ও اَلْقِتَالُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– পরস্পর যুদ্ধ করা।

يُعَذِّبْ: **তিনি শাস্তি দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْذِيْبُ মূলবর্ণ (ع ـ ذ ـ ب) অর্থ– শাস্তি দেওয়া।

يُخْزِهِمْ: **তিনি তাদেরকে লাঞ্ছিত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْزَاءُ মূলবর্ণ (خ ـ ز ـ ي) অর্থ– লাঞ্ছিত করা; লজ্জা দেওয়া। جمع مذكر غائب যমীর هُمْ মাফউলে বিহী। يُخْزِ জওয়াবে আমর হওয়ার কারণে যজম অবস্থায় শেষের ي পড়ে গেছে।

يَشْفِ: **তিনি প্রশান্ত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلشِّفَاءُ মূলবর্ণ (ش ـ ف ـ ى) অর্থ– সুস্থ করা; প্রশান্ত করা; উপশম করা; আরোগ্য করা। يَشْفِيْ ছিল। امر জওয়াবে হওয়ার কারণে শেষের ي পড়ে গেছে।

আয়াত : ১৬

حَسِبْتُمْ: **তোমরা ধারণা করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحَسْبُ মূলবর্ণ (ح ـ س ـ ب) অর্থ– ধারণা করা; মনে করা।

اَنْ تُتْرَكُوْا: **তোমাদেরকে ছেড়ে দেওয়া হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার تَرْكٌ অর্থ– বর্জন করা; ছেড়ে দেওয়া।

وَلِيْجَةً: **অন্তরঙ্গ বন্ধু**। একবচন, বহুবচন– وَلَائِجُ

خَبِيْر: **সবিশেষ অবহিত**। সীগাহ اسم واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ب ـ ر) মাসদার اَلْخَبَرُ অর্থ– উত্তমরূপে জানা।

আয়াত : ১৭

يَعْمُرُوْا : তারা রক্ষণাবেক্ষণ করে। আবাদ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع.م.ر) মাসদার اَلْعَمْرُ ও اَلْعِمَارَةُ অর্থ– আবাদ করা; রক্ষণাবেক্ষণ করা; তত্ত্বাবধান করা।

مَسَاجِدَ : **মসজিদসমূহ**। বহুবচন; একবচন مَسْجِدٌ ইবাদত করার স্থান; সেজদা করার স্থান।

شَاهِدِيْنَ : **স্বীকারকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش.ه.د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– স্বীকার করা; সাক্ষ্য দেওয়া।

حَبِطَتْ : **সে ব্যর্থ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحَبْطُ মূলবর্ণ (ح.ب.ط) অর্থ– নষ্ট হওয়া; ব্যর্থ হওয়া।

خٰلِدُوْنَ : **তারা স্থায়ী হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ.ل.د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– স্থায়ী হওয়া; শাশ্বত হওয়া।

আয়াত : ১৮

يَعْمُرُ : সে **রক্ষণাবেক্ষণ করে; সে আবাদ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ع.م.ر) মাসদার اَلْعَمْرُ ও اَلْعِمَارَةُ অর্থ– আবাদ করা; তত্ত্বাবধান করা; রক্ষণাবেক্ষণ করা।

اَقَامَ : **সে কায়েম করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق.و.م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; কায়েম করা।

صَلٰوةٌ : **সালাত; নামাজ**। একবচন; বহুবচন صَلَوَاتٌ অর্থ– নামাজ; দোয়া; প্রার্থনা।

اٰتٰى : সে দান করে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ.ت.ي) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা।

اَلزَّكٰوةَ : **যাকাত**। এটি تَزْكِيَةٌ থেকে ইসম। বহুবচন زَكَوَاتٌ ; زَكٰوةٌ অর্থ পরিচ্ছন্নতা; প্রবৃদ্ধি। যাকাত আদায় করার দ্বারা সম্পদ বৃদ্ধি পায় এবং যাকাতদাতার অন্তর এবং অবশিষ্ট সম্পদ পবিত্র হয়ে যায়, তাই একে যাকাত বলা হয়। নিসাবের অধিকারী মুসলমানের উপর সম্পদের চল্লিশভাগের একভাগ আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে দরিদ্র মুসলমানদের জন্য ব্যয় করাকে শরিয়তের পরিভাষায় যাকাত বলা হয়।

আয়াত : ১৯

سِقَايَةً : **পানি সরবরাহ করা**। سِقَايَةٌ সম্পর্কে মুর্ফাসসির ও ভাষাবিদগণের নানা মতামত রয়েছে। কেউ বলেন, বাব ضَرَبَ-এর মাসদার, অর্থ– পানি সরবরাহ করা। কেউ বলেন, বাব اِفْعَالٌ-এর মাসদার। যা اسم فاعل অর্থে ব্যবহৃত, যে পানি পান করায়। কারো মতে سِقَايَةٌ অর্থ পানপাত্র। আয়াত– جَعَلَ السِّقَايَةَ فِىْ رَحْلِ اَخِيْهِ-এর মধ্যে এ অর্থেই ব্যবহার হয়েছে।(পানপাত্রকে তাদের সামগ্রীর মধ্যে রেখে দিল) এটির অপর নাম ছিল صُوَاعٌ কারণ তা দ্বারা পরিমাপও করা হতো। আবার কেউ বলেন, ঐ স্থানের নাম যেখানে হাজীদেরকে পানি পান করানো হতো। আল্লামা সাইয়েদ রশিদ রেজা মিসরী سِقَايَةٌ শব্দের বিশ্লেষণ করতে গিয়ে বলেন, পানি ইত্যাদি পান করানোর স্থানকে سِقَايَةٌ বলা হয়। এটি স্ত্রীলিঙ্গ ও পুংলিঙ্গ উভয়ভাবেই ব্যবহৃত। লিসানুল আরব গ্রন্থে রয়েছে سِقَايَةٌ এমন স্থানকে বলা হয় যেখানে হজের সময় হাজীদের জন্য পানীয়, শরবত ইত্যাদি প্রস্তুত করা হতো। হাদীসে রয়েছে– مَاٰثِرُ الْجَاهِلِيَّةِ تَحْتَ قَدَمَىَّ اِلَّا سِقَايَةَ الْحَاجِّ وَسِدَانَةَ الْبَيْتِ (জাহিলি যুগের কীর্তিসমূহের সব কীর্তিই আমার পায়ের নিচে, হাজীদের পানি পান করার ব্যবস্থা ও কা'বাগৃহের পরিচর্যা ও তত্ত্বাবধান ব্যতীত) কুরাইশরা হাজী সাবেহদেরকে কিশমিশ ভিজানো পানি পান করাতো। হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব জাহিলি ও ইসলামি উভয় যুগেই এর মুতাওয়াল্লি ছিলেন। ইমাম নববী (র.) লিখেছেন سِقَايَةُ الْعَبَّاسِ মসজিদে হারামের একটি স্থান যেখানে লোকদের জন্য পানি সরবরাহ করা হতো, যা জমজম কূপ থেকে চল্লিশ হাত দূরে অবস্থিত। আযরাকী 'মক্কার ইতিহাস' গ্রন্থে এবং অন্যান্য ওলামায়ে কেরাম লিখেছেন سِقَايَةٌ হলো চামড়ার হাউজ যা কুসাই বিন কিলাবের সময় মক্কার চত্বরে অবস্থিত ছিল এবং উটের সাহায্যে কূপের মিষ্টি পানি এনে তাতে রাখা হতো।

اَلْحَاجّ : **হাজী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাবে نَصَرَ মূলবর্ণ (ح ـ ج ـ ج) মাসদার اَلْحَجُّ অর্থ– হজ করা; ইচ্ছা করা।

عِمَارَةَ : **রক্ষণাবেক্ষণ করা**। বাব نَصَرَ -এর মাসদার। লাযেম মুতা'আদ্দী উভয়ভাবেই ব্যবহার হয়। ইমাম রাগেব লিখেছেন এটি خَرَاب -এর বিপরীতার্থক শব্দ।

اَلْمَسْجِدِ الْحَرَامِ : **বাইতুল্লাহ; কা'বাগৃহ; মসজিদে হারাম**।

جَاهَدَ : **সে জিহাদ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَة জিনস صحيح মূলবর্ণ (ج ـ ه ـ د) মাসদার اَلْمُجَاهَدَةُ অর্থ– জিহাদ করা; চেষ্টা চালানো; কষ্ট করা; পরিশ্রম করা। শত্রুর বিরুদ্ধে যা সম্ভব হয় তাই করার নাম জিহাদ। জিহাদ তিন প্রকার। ১. ইসলামের শত্রুর সাথে। ২. শয়তানের সাথে। ৩. নফসের সাথে। আবার জিহাদ তিন বস্তু দ্বারা হয়ে থাকে। জবান দ্বারা, হাত দ্বারা, অন্তর দ্বারা।

لَا يَسْتَوُنَ : **তারা সমতুল্য নয়**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَال জিনস لفيف مقرون মাসদার اَلْاِسْتِوَاءُ মূলবর্ণ (س ـ و ـ ى) অর্থ– সমান হওয়া।

আয়াত : ২০

اَعْظَمُ : **শ্রেষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মাসদার اَلْعَظَامَةُ - اَلْعَظْمَةُ অর্থ– বড় হওয়া; সম্মানিত হওয়া।

اَلْفَائِزُوْنَ : **সফলকামগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ و ـ ز) মাসদার اَلْفَوْزُ - اَلْمَفَازَةُ অর্থ– সফলকাম হওয়া; সফলতা অর্জন করা।

আয়াত : ২১

يُبَشِّرُ : **সুসংবাদ দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْشِيْرُ মূলবর্ণ (ب ـ ش ـ ر) অর্থ– সুসংবাদ দেওয়া।

رِضْوَانٍ : **সন্তুষ্টি; সন্তোষ**। মাসদার; বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ض ـ ى) জিনস ناقص واوى অর্থ– সন্তুষ্ট হওয়া; সম্মত হওয়া; পছন্দ করা; খুশি হওয়া।

جَنّٰتٍ : জান্নাত; বাগান। বহুবচন; একবচন جَنَّةٌ অর্থ– স্থায়ী শান্তির নিবাস; বেহেশত।

نَعِيْمٌ : **সুখ-শান্তি; নিয়ামত**।

مُقِيْمٌ : **স্থায়ী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– স্থায়ী করা; স্থাপন করা।

আয়াত : ২৩

لَا تَتَّخِذُوْا : **তোমরা ব্যবহার করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; গ্রহণ করা; ব্যবহার করা।

اَوْلِيَاءَ : **অভিভাবকগণ; বন্ধু; সাহায্যকারী**। বহুবচন, একবচন– وَلِيٌّ

اِسْتَحَبُّوْا : **তারা পছন্দ করে; শ্রেয় জ্ঞান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِسْتِحْبَابُ অর্থ– ভালবাসা; পছন্দ করা।

يَتَوَلَّهُمْ : **সে তাদের সাথে বন্ধুত্ব করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ي) মাসদার اَلتَّوَلِّىُ অর্থ– বন্ধুত্ব করা। هم যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২৪

عَشِيْرَتُكُمْ : **তোমাদের স্বগোষ্ঠী**। একবচন; বহুবচন– عشائر অর্থ– গোত্র; খান্দান; বংশ।

تِجَارَةٌ : **ব্যবসা-বাণিজ্য**। বাব ضَرَبَ -এর মাসদার।

مَسٰكِنُ : **বাসস্থান**। শব্দটি বহুবচন, একবচন– مَسْكَنٌ অর্থ– বাসস্থান।

اِقْتَرَفْتُمُوْهَا : **তোমরা যা উপার্জন করেছ**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ ر ـ ف) মাসদার اَلْاِقْتِرَافُ অর্থ– উপার্জন করা; কামাই করা। ها যমীর মাফঊলে বিহী।

تَخْشَوْنَ : **তোমরা আশঙ্কা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيَةُ ও اَلْخَشْىُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ– আশঙ্কা করা; ভয় করা।

رَحُبَتْ: তা বিস্তৃত হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব كَرُمَ মাসদার اَلرَّحْبُ মূলবর্ণ (ر - ح - ب) অর্থ– প্রশস্ত হওয়া; প্রসন্ন হওয়া; বিস্তৃত হওয়া। শুরুতে ما مصدرية যুক্ত হওয়ার কারণে এখানে মাসদারের অর্থ হবে।

وَلَّيْتُمْ: তোমরা মুখ ফিরিয়ে নিয়েছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و - ل - ي) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া; পৃষ্ঠপ্রদর্শন করে পালানো।

مُدْبِرِيْنَ: পৃষ্ঠপ্রদর্শনকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ(د - ب - ر) মাসদার الادبار অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; পলায়ন করা। পবিত্র কুরআনে مُدْبِرِيْنَ বা مُدْبِر শব্দ একাকী ব্যবহার করা হয়নি। বরং تَوْلِيَةٌ বা تَوَلِّيٌ থেকে গঠিত কোনো فعل যেমন وَلَّيْتُمْ، تَوَلَّوْا، تَوَلَّوْنَ، وَلَّوْا ، وَلَّى ইত্যাদি অবশ্যই সাথে আনা হয়েছে। এরূপ করার কারণ হলো যেন মুখ ফিরিয়ে পৃষ্ঠপ্রদর্শন করে চলে যাওয়ার অর্থ সৃষ্টি হয়।

আয়াত : ২৬

اَنْزَلَ: তিনি অবতীর্ণ করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْــزَالُ মূলবর্ণ (ن - ز - ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

سَكِيْنَةَ: প্রশান্তি। سُكُوْنٌ থেকে فَعِيْلَةٌ -এর ওযনে মাসদার যা ইসমের স্থানে ব্যবহৃত হয়েছে। যেমন عزيمة ; ভাষাবিদ আল্লামা সাইয়েদ মুরতাজা যুবাইদি লিখেছেন سَكِيْنَة বলা হয় এমন প্রশান্তি ও নিরাপত্তা যা আল্লাহ তা'আলা মুমিন বান্দাদের অন্তরে এমন সময় অবতীর্ণ করেন যখন তারা চরম অশান্তিতে অস্থির থাকেন। এরপর তাদের উপর যত বিপদাপদই আসুক তারা কিছুতে বিচলিত হয় না। উল্লেখ্য পবিত্র কুরআনে سَكِيْنَة শব্দটি ছয় স্থানে এসেছে। হযরত ইবনে আব্বাসের মতানুযায়ী সূরা বাকারার আয়াত– فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ ব্যতীত অন্য সবটিতে سَكِيْنَة দ্বারা প্রশান্তি, সান্ত্বনা ও নিরাপত্তা উদ্দেশ্য। সূরা বাকারার আয়াতে কি উদ্দেশ্য? সে ব্যাপারে

كَسَادَهَا: মন্দা হওয়া। كَسَادَ মাসদার মাফউল মুযাফ। هَا যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। বাব كَرُمَ ও نَصَرَ ; ব্যবসা বাণিজ্য না চলা; পণ্য বিক্রয় না হওয়া; ক্রেতা না পাওয়া; ব্যবসা মন্দা হওয়া। سُوْقٌ كَاسِدٌ এমন বাজার যাতে ক্রেতা কম। مَتَاعٌ كَاسِدٌ এমন পণ্য যার ক্রেতা কম।

تَرَبَّصُوْا: তোমরা অপেক্ষা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر - ب - ص) অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

আয়াত : ২৫

مَوَاطِنَ: অনেক ক্ষেত্রে; অনেক স্থানে। ইসমে যরফ; جمع منتهى الجموع ; একবচন; مَوْطِنٌ তারকীবে মাউসূফ; كَثِيْرَةٍ তার সিফাত।

يَوْمَ حُنَيْنٍ: হুনাইনের যুদ্ধের দিনে। তায়েফের নিকটবর্তী যুলমাযাজের দিকে একটি উপত্যকার নাম হলো হুনায়ন। যা মক্কা থেকে আরাফার দিকে দশ মাইলের কিছু বেশি দূরত্বে অবস্থিত। হুনাইন বিন কাছেবার নামানুসারে এ স্থানের নামকরণ করা হয় হুনায়ন। ৮ম হিজরির শাওয়াল মাসে এস্থানে হাওয়াযেন গোত্রের সাথে মুসলমানদের কঠিন এক যুদ্ধ সংঘটিত হয়েছিল। যা ইতিহাসে হুনাইনের যুদ্ধ নামে পরিচিত। এ যুদ্ধে আল্লাহ তা'আলা মুসলমানদেরকে বিশেষভাবে সাহায্য করেছিলেন। আয়াতে সে কথাই বিবৃত হয়েছে।

اَعْجَبَتْكُمْ: তোমাদেরকে উৎফুল্ল করেছিল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ج - ب) মাসদার اَلْاِعْجَابُ অর্থ– পছন্দ করা; ভাল লাগা; বিস্মিত করা। كم যমীর মাফউলে বিহী।

لَمْ تُغْنِ: তোমাদের কাজে আসেনি। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ - ن - ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– উপকার দেওয়া; কাজে আসা।

ضَاقَتْ: সে সংকুচিত হলো, সে অসমর্থ মনে করল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّيْقُ মূলবর্ণ (ض - ي - ق) জিনস اجوف يائى অর্থ– সংকুচিত হওয়া; সংকীর্ণ হওয়া।

অনেকগুলো মতামত রয়েছে। তবে আবূ হাতেম ও আবুশ-শাইখ এখানেও ইবনে আব্বাসের মতো বর্ণনা করেছেন যে, এখানেও প্রশান্তি উদ্দেশ্য এবং এটিই সঠিক।

جُنُوْدٌ: সৈন্যবাহিনী। বহুবচন; একবচন جُنْدٌ

لَمْ تَرَوْهَا: যাদেরকে তোমরা দেখ না। সীগাহ جمع نفي جحد بلم در فعل مذكر حاضر বহছ مستقبل معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। هَا যমীর মাফঊলে বিহী।

আয়াত : ২৭

يَتُوْبُ: তিনি ক্ষমা পরায়ণ হবেন। তওবা কবুল করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ (ت ـ و ـ ب) অর্থ– তওবা করা; পাপকার্য থেকে ফিরে আসা। তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ (তওবার অর্থ হলো গুনাহর পর বান্দা নেকীর দিকে প্রত্যাবর্তন করা।) توبة শব্দ লাযম ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়। সেলা ব্যতীত অর্থাৎ লাযম হলে অর্থ হবে তওবা করা; আল্লাহর প্রতি মনোযোগী হওয়া। আর যদি على দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে আল্লাহ তওবা কবুল করা। তওবা কবুল হওয়ার শর্ত চারটি। ১.পাপকে মন্দ মনে করে বর্জন করা। ২.যা ভুলত্রুটি হয়েছে তার জন্য অনুতপ্ত হওয়া। ৩.পুনরায় উক্ত পাপ না করার দৃঢ় সংকল্প করা। ৪.যে সমস্ত কাজের ক্ষতিপূরণ সম্ভব তার ক্ষতিপূরণ দেওয়া। যেমন বান্দার হক হলে তা আদায় করা; আর আল্লাহর হক হলে যদি তা কাজা করার মতো হয় তা কাজা করা। এ চারটি শর্ত পাওয়া গেলে মনে করতে হবে যে তার তওবা কবুল হয়েছে।

আয়াত : ২৮

اَلْمُشْرِكُوْنَ: মুশরিকগণ; অংশীদারকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শিরক করা; অংশীদার সাব্যস্ত করা।

نَجَسٌ: অপবিত্র। نَجَاسَةٌ ও نَجَس উভয়টি বাব نَصَرَ ও سَمِعَ-এর মাসদার। যা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ, দ্বিবচন ও বহুবচন, সকলের জন্য সমভাবে ব্যবহার হয়। ইমাম রাগেব লিখেছেন এখানে نَجَس দ্বারা এমন অপবিত্রতা উদ্দেশ্য যা অর্ন্তদৃষ্টি দ্বারা অনুভব করা যায়, বাহ্যিক দৃষ্টি দ্বারা অনুভব করা যায় না। অর্থাৎ স্বভাব-চরিত্র ও আকিদাগত নাপাকী উদ্দেশ্য। যাহহাক, আবূ উবাইদা ও কাতাদার মতে, এখানে বাস্তব নাপাকী উদ্দেশ্য। আল্লামা বগভী (র.) লিখেছেন نَجَس এমন নাপাকীকে বলা যা অনুভব করা যায় না। অনুভবযোগ্য নাপাকীর জন্য رِجْس نَجَس ব্যবহার করা হয়। মোটকথা نجس দ্বারা نجاست حكمى উদ্দেশ্য; نجاست حقيقى উদ্দেশ্য নয়।

لَا يَقْرَبُوْا: তারা যেন নিকটবর্তী না হয়। সীগাহ جمع مذكر غائب বহছ نهى غائب معروف বাব كَرُمَ ও سمع মাসদার اَلْقُرْبُ ও اَلْقِرْبَانُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া। পবিত্র কুরআনের যত স্থানে لَا تَقْرَبُوْا/يَقْرَبُوْا শব্দ এসেছে সবখানেই قُرْب [নৈকট্য] দ্বারা স্থানগত নৈকট্য উদ্দেশ্য।

عَامٌ: বৎসর। আল্লামা আহমদ ফায়ুমী বলেন عام শব্দটি فَعَلٌ-এর ওযনে عَوَمٌ ছিল। واو হরকতবিশিষ্ট তার পূর্বের অক্ষর মাফতূহ তাই واو আলিফ দ্বারা পরিবর্তন হয়ে গেছে। এভাবে عَامٌ হয়েছে। এর বহুবচন اَعْوَامٌ যেমন سَبَبٌ-এর বহুবচন اَسْبَابٌ আসে। ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন عوم অর্থ সাঁতার কাটা। বছরের নাম عام এজন্য রাখা হয়েছে যে, সূর্য ঐ পরিমাণ সময়ের মধ্যে কক্ষপথসমূহে সাঁতরে বেড়ায়। যেমন অন্যত্র ইরশাদ হয়েছে– كُلٌّ فِىْ فَلَكٍ يَّسْبَحُوْنَ (প্রত্যেকে নিজ নিজ কক্ষপথে সন্তরণ করে) এ আয়াতেও এর প্রমাণ পাওয়া যায়। [বিস্তারিত সূরা ইউসুফ, আয়াত : ৪৯ দ্রষ্টব্য]

اِنْ خِفْتُمْ: যদি তোমরা আশঙ্কা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা; আশঙ্কা করা।

عَيْلَةً: দারিদ্র্য। বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– দরিদ্র হওয়া; মুখাপেক্ষী হওয়া।

আয়াত : ২৯

لَايُحَرِّمُوْنَ : **তারা হারাম গণ্য করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম মনে করা; অবৈধ সাব্যস্ত করা।

لَا يَدِيْنُوْنَ : **তারা দ্বীন গ্রহণ করে না; ধর্ম গ্রহণ করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (د ـ ي ـ ن) জিনস اجوف يائى মাসদার اَلدِّيْنُ অর্থ– দীন বা ধর্ম গ্রহণ করা।

يُعْطُوْا : **তারা প্রদান করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْطَاءُ মূলবর্ণ (ع ـ ط ـ ى) জিনস ناقص يائى অর্থ– দান করা।

اَلْجِزْيَةَ : **জিজিয়া; কর**। ইসলামি রাষ্ট্রে অমুসলিমদেরকে নিরাপত্তা ও যুদ্ধের দায়িত্ব হতে অব্যাহতি লাভের বিনিময়ে যে কর দিতে হয়, তাকে জিজিয়া বলা হয়। جِزْيَة দু'প্রকার। যথা–

১. جِزْيَة صُلْحِىْ : সন্ধির মাধ্যমে যে কর নির্ধারণ করা হয় তাকে সন্ধিগত জিজিয়া বলা হয়। এর পরিমাণ নির্দিষ্ট নেই; উভয়পক্ষের মধ্যে যতটুকু নির্ধারিত হয় তাই দিতে হবে।

২. جِزْيَة قَهْرِىْ : বাধ্যতামূলক জিজিয়া। কাফেররা পরাভূত হওয়ার পর তাদের ধন-সম্পদের উপর তাদেরকে বহাল রাখার শর্তে যে কর আরোপ করা হয় তাকে جِزْيَة قَهْرِىْ বলা হয়। এর পরিমাণ হলো দরিদ্র অথচ উপার্জনে সক্ষম হলে তার উপর প্রতি মাসে এক দিরহাম। মধ্যবিত্তের জন্য দুই দিরহাম। ধনীর জন্য চার দিরহাম।

صَاغِرُوْنَ : **অপদস্থগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ص ـ غ ـ ر) মাসদার اَلصِّغَرُ ও اَلصَّغَارُ অর্থ– হ্রাস পাওয়া; কমে যাওয়া।

আয়াত : ৩০

يُضَاهِئُوْنَ : **তারা সাদৃশ্য অবলম্বন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ض ـ ه ـ ى)মাসদার اَلْمُضَاهَاةُ অর্থ– সাদৃশ্য অবলম্বন করা।

يُؤْفَكُوْنَ : **তাদেরকে ফিরিয়ে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِفْكُ অর্থ– মিথ্যা বলা; ফিরে যাওয়া।

আয়াত : ৩১

اَحْبَارَ : **পণ্ডিতগণ; আলেমগণ**। বহুবচন; একবচন حِبْرٌ

رُهْبَانَ : **সংসার বিরাগীগণ; ধর্মযাজক**। বহুবচন; একবচন رَاهِبٌ অর্থ– গীর্জার সন্নাসীগণ।

اَرْبَابًا : **প্রভুরূপে**। বহুবচন, একবচন– رَبٌّ [বিস্তারিত সূরা ফাতিহা, দ্রষ্টব্য]

আয়াত : ৩২

يُرِيْدُوْنَ : **তারা ইচ্ছা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

اَنْ يُّطْفِئُوْا : **তারা নিভিয়ে দিতে চায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ ف ـ ء) মাসদার اَلْاِطْفَاءُ অর্থ– নির্বাপিত করা; নিভিয়ে দেওয়া। اَنْ نَاصِبَة - এর কারণে শেষ থেকে বহুবচনের নূন পড়ে গেছে।

كَرِهَ : **সে অপছন্দ করে; অপ্রীতিকর মনে করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْكَرَاهَةُ অর্থ– অপছন্দ করা।

আয়াত : ৩৪

اَلْاَحْبَارِ : **পণ্ডিত; ইহুদি আলেম**। বহুবচন, একবচন– حِبْرٌ অর্থ– জ্ঞানী; বিজ্ঞ।

اَلرُّهْبَانِ : **সংসারবিরাগী**। বহুবচন, একবচন– رَاهِبٌ

بِالْبَاطِلِ : **অন্যায়ভাবে; শরিয়ত পরিপন্থি**। [বিস্তারিত বাকারা, আয়াত : ৪২ দ্রষ্টব্য]

يَكْنِزُوْنَ : **তারা পুঞ্জীভূত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَنْزُ মূলবর্ণ (ك ـ ن ـ ز) অর্থ– পুঞ্জীভূত করা; সঞ্চয় করা; গুদামজাত করা।

ذَهَبَ : **স্বর্ণ**। একবচন, বহুবচন– اَذْهَابٌ ও ذُهُوْبٌ - ذَهْبَانٌ

فِضَّةَ : **রৌপ্য**। একবচন; বহুবচন– فِضَضٌ ও فِضَاضٌ অর্থ– রুপা; রজত।

لَا يُنْفِقُوْنَ : **তারা ব্যয় করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن - ف - ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ- ব্যয় করা; খরচ করা।

فَبَشِّرْهُمْ : **তুমি তাদেরকে সুসংবাদ দাও**। بَشِّرْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب - ش - ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ- সুসংবাদ দেওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৫ দ্রষ্টব্য]

عَذَابٍ : **শাস্তি**। একবচন, বহুবচন- اَعْذِبَةٌ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৭ দ্রষ্টব্য]

اَلِيْمٍ : **মর্মন্তুদ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه

আয়াত : ৩৫

يُحْمٰى : **উত্তপ্ত করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব إِفْعَالٌ মূলবর্ণ (ح - م - ي) মাসদার اَلْاِحْمَاءُ অর্থ- গরম করা; উত্তপ্ত করা; সেঁকা।

تُكْوٰى بِهَا : **উহা দ্বারা দাগ দেওয়া হবে**। সীগাহ واحد مونث غائب বহছ مضارع مجهول বাব ضرب মূলবর্ণ (ك - ي - ي) মাসদার اَلْكَيُّ অর্থ- দাগ দেওয়া।

جِبَاهُ : **ললাট**। বহুবচন, একবচন- جَبْهَةٌ

جُنُوْبُ : **পার্শ্বদেশ**। বহুবচন, একবচন- جَنْبٌ

ظُهُوْرُ : **পৃষ্ঠদেশ**। বহুবচন, একবচন- ظَهْرٌ

আয়াত : ৩৬

اَرْبَعَةٌ حُرُمٌ : **চারটি নিষিদ্ধ মাস**। যে চারটি নিষিদ্ধ বা সম্মানিত মাস তা হলো ১. যিলকাদাহ, ২. যিলহজ্জাহ, ৩. মহররম, ৪. রজব। এ চারটি মাস আরববাসীদের নিকট অতি পবিত্র ছিল, তাই তারা এই চার মাসে যুদ্ধ বিগ্রহে লিপ্ত হতো না। পরবর্তীতে এ বিধান রহিত হয়ে যায়।

اَلدِّيْنُ الْقَيِّمُ : সুপ্রতিষ্ঠিত বিধান। دِيْنٌ অর্থ- ধর্ম; প্রতিদান; আনুগত্য; শরিয়ত; আনুগত্য করা; প্রতিদান দেওয়া; নির্দেশ মান্য করা। একবচন; বহুবচন- اَدْيَانٌ

اَلْقَيِّمُ : **সুপ্রতিষ্ঠিত; সোজা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ق - ي - م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাঁড়ানো।

كَافَّةً : **সর্বাত্মকভাবে; সকল; সমগ্র**। সীগাহ واحد مؤنث বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ك - ف - ف) মাসদার اَلْكَفُّ অর্থ- প্রতিহত করা; দূর করা; বাধা দেওয়া; পর্যাপ্ত হওয়া। كَافَّةٌ -এর শেষে গোল ة ইসমে মুবালাগার আলামত। এটা সর্বদা مفعول হয়। যার অর্থ- সকল; সবই; পুরাপুরি।

আয়াত : ৩৭

اَلنَّسِيْءُ : **পিছিয়ে দেওয়া**। অর্থাৎ হারাম মাসকে হালাল এবং হালাল মাসকে হারাম করে দেওয়া। نَسَاءٌ অর্থ- সময়কে পিছিয়ে দেওয়া; বিলম্ব করা। যেমন نَسَأَ اللّٰهُ اَجَلَكَ [আল্লাহ তোমার মৃত্যুকে বিলম্ব করুন]। অর্থাৎ তুমি দীর্ঘজীবী হও। نَسَئَتِ الْمَرْاَةُ [মহিলার হায়েযের নির্দিষ্ট সময় পিছিয়ে গেছে; হায়েয আসতে বিলম্ব হয়েছে।] জাহিলি যুগে আরবের নিয়মানুযায়ী রজব, যিলকদ, জিলহজ ও মহররম মাসে যুদ্ধবিগ্রহ নিষিদ্ধ ছিল। কিন্তু যখন এই নিষিদ্ধ মাসে তাদের কারো সাথে যুদ্ধ করার প্রয়োজন হতো তখন তারা এই মাসসমূহের নিষিদ্ধতাকে পিছিয়ে দিত; উদাহরণত মহররম মাসে যুদ্ধ করার প্রয়োজন হলে বলত, এ বছর মহররম মাস হারাম মাস নয়; বরং সফর মাস হারাম পরিগণিত হবে। -[জালালাইন]

يُضَلُّ : **বিভ্রান্ত করা হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ض - ل - ل) জিনস مضاعف মাসদার اَلْاِضْلَالُ অর্থ- পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা; বিপথগামী করা।

يُحِلُّوْنَ : **তারা বৈধ মনে করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِحْلَالُ মূলবর্ণ (ح - ل - ل) অর্থ- হালাল মনে করা; বৈধ সাব্যস্ত করা।

يُحَرِّمُوْنَ : **তারা অবৈধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْمُ মূলবর্ণ (ح - ر - م) অর্থ- হারাম মনে করা; অবৈধ সাব্যস্ত করা।

عَامٌ : **বছর; বৎসর**। আল্লামা আহমদ ফায়ুমী (র.) বলেন عَامٌ শব্দটি فَعَلٌ -এর ওযনে عَوَمٌ ছিল। واو হরকতবিশিষ্ট তার পূর্বের অক্ষর মাফতুহ তাই واو

আলিফ দ্বারা পরিবর্তন হয়ে গেছে। এভাবে عَـام হয়েছে। এর বহুবচন أَعْـوَامٌ যেমন سَـبَـبٌ-এর বহুবচন أَسْـبَـابٌ আসে। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন عـوم অর্থ সাতার কাটা। বছরের নাম عام এজন্য রাখা হয়েছে যে, সূর্য ঐ পরিমাণ সময়ের মধ্যে কক্ষপথসমূহে সাতরে বেড়ায়। যেমন অন্যত্র ইরশাদ হয়েছে– كُلٌّ فِيْ فَلَكٍ يَّسْـبَـحُـوْنَ [প্রত্যেকে নিজ নিজ কক্ষপথে সন্তরণ করে] এ আয়াতেও এর প্রমাণ পাওয়া যায়। عـام ও سـنـة-এর মধ্যে কোনো পার্থক্য আছে কিনা সে ব্যাপারে ভাষাবিদগণের বিভিন্ন মতামত রয়েছে। ভাষাবিদ আল্লামা মুরতাযা জুবায়দি ও কামূস গ্রন্থকারের মতে এতদুভয়ের মাঝে কোনো পার্থক্য নেই। কিন্তু ইমাম রাগেব উভয়ের মাঝে পার্থক্য বর্ণনা প্রসঙ্গে বলেন– سـنـة বলা হয় দুর্ভিক্ষ ও বিপদাপদের বছরকে। যেমন হাদীসে রয়েছে– اَللّٰهُمَّ اجْعَلْهَا سِنِيْنَ كَسِنِيْ يُوْسُفَ আর عام বলা হয় স্বাচ্ছন্দ্যের বছরকে। যেমন ثُمَّ يَأْتِيْ مِنْ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ يُغَاثُ النَّاسُ وَفِيْهِ يَعْصِرُوْنَ আল্লামা আযহারী (র.) বলেন, عام এমন বছরকে বলা হয় যা শীত বা গ্রীষ্মের সাথে আসে। এ দৃষ্টিকোণ থেকে عام হলো سنة থেকে اخص مطلق ; আর যদি কোনো দিন থেকে নিয়ে ঐ দিন পর্যন্ত [বছর] গণনা করা হয় তাহলে তাকে سـنـة বলা হবে, যার মধ্যে কখনও অর্ধেক গ্রীষ্ম বা অর্ধেক শীত থাকে। আল্লামা সুহাইলি লিখেছেন سـنـة - عـام থেকে লম্বা হয়ে থাকে। আহমদ বিন ইয়াহইয়া বলেন– سـنـة হলো যে দিন থেকেই তুমি গণনা শুরু কররবে পরবর্তী বছরের ঐ দিন পর্যন্তকে বলা হয়। আর عام পূর্ণ শীত বা গ্রীষ্ম ব্যতীত হতে পারে না।

لِيُوَاطِئُوْا: **যেন তারা পূর্ণ করতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَة মাসদার اَلْمُوَاطَاةُ অর্থ– পূর্ণ করা।

আয়াত : ৩৮

اِنْفِرُوْا: **তোমরা অভিযানে বের হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ف ـ ر) মাসদার اَلنَّفْرُ অর্থ– বের হওয়া।

اِثَّاقَلْتُمْ: **তোমরা ভারাক্রান্ত হয়ে ঝুঁকে পড়**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَاعُل মূলবর্ণ (ث ـ ق ـ ل) মাসদার اَلتَّثَاقُلُ অর্থ– ভারি হয়ে ঝুঁকে পড়া, ভারাক্রান্ত হওয়া। اِثَّاقَلْتُمْ মূলত تَثَاقَلْتُمْ ছিল। تـاء-কে ثـاء দ্বারা পরিবর্তন করে ثـاء কে ثـاء-এর মধ্যে ইদগাম করা হয়েছে এবং শুরুতে همزة وصل বৃদ্ধি করা হয়েছে। এভাবে اثاقلتم হয়েছে।

رَضِيْتُمْ: **তোমরা পরিতুষ্ট হয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার رِضْوَانًا ও رِضًى মূলবর্ণ (ر ـ ض ـ و) অর্থ– রাজি হওয়া; সন্তুষ্ট হওয়া; পছন্দ হওয়া।

مَتَاعٌ: **জীবিকা, ভোগের সামগ্রী**। ইসম ও নাকেরা। একবচন, বহুবচন أَمْتِعَةٌ নির্দিষ্ট সময় পরিমাণ উপকৃত হওয়া; যে সম্পদ দ্বারা উপকৃত হওয়া যায় তাকে متاع বলা হয়। [বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ৩৯

اِلَّا تَنْفِرُوْا: **যদি তোমরা অভিযানে বের না হও**। اِلَّا মূলত اِنْ لَا ছিল। اِنْ হরফে শর্ত। لَا تَنْفِرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ف ـ ر) মাসদার اَلنَّفْرُ অর্থ– অভিযানে বের হওয়া। ان شرطية-এর কারণে حالت جزم-এ বহুবচনের নূন পড়ে গেছে।

يَسْتَبْدِلْ: **তিনি স্থলাভিষিক্ত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلْاِسْتِبْدَالُ অর্থ– স্থলাভিষিক্ত করা; পরিবর্তন করা।

আয়াত : ৪০

اِلَّا تَنْصُرُوْهُ: **যদি তোমরা তাকে সাহায্য না কর**। اِلَّا মূলত اِنْ لَا ছিল। اِنْ হরফে শর্ত। لَا تَنْصُرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

ثَانِىَ اثْنَيْنِ **দুজনের দ্বিতীয়জন**। এখানে দুজন দ্বারা হযরত মুহাম্মদ ﷺ ও হযরত আবূ বকর (রা.) উদ্দেশ্য।

غَارِ : গুহা। বহুবচন غِيْرَانٌ ও اَغْوَارٌ গর্ত। এখানে উদ্দেশ্য হলো মক্কা থেকে মদিনায় হিজরতকালে হুযূর ﷺ ও হযরত আবূ বকর (রা.) যে গুহায় আত্মগোপন করেছিলেন।

صَاحِبِ : সাথী। বহুবচন صِحَابَةٌ ও اَصْحَابٌ অর্থ- সঙ্গী; সহচর।

لَا تَحْزَنْ : তুমি দুঃখ করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব سمع মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- দুঃখ করা; বিমর্ষ হওয়া।

اَيَّدَهٗ : তিনি তাকে শক্তিশালী করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ي ـ د) মাসদার اَلتَّائِيْدُ অর্থ- শক্তিশালী করা; শক্তি সঞ্চার করা।

جُنُوْدٍ : সৈন্যবাহিনী। বহুবচন; একবচন- جُنْدٌ ; এখানে ফেরেশতা উদ্দেশ্য।

لَمْ تَرَوْهَا : তা তোমরা দেখনি। সীগাহ جمع مذكر حاضر বহছ نفي جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

اَلسُّفْلٰى : হেয়; অধিক নিচু। সীগাহ واحد مؤنث বাব كَرُمَ، سَمِعَ، نَصَرَ মূলবর্ণ (س ـ ف ـ ل) মাসদার اَلسُّفُوْلُ অর্থ- নিচু হওয়া; হেয় হওয়া।

عُلْيَا : সর্বোপরি। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلْعُلُوُّ অর্থ- উঁচু হওয়া।

আয়াত : ৪১

خِفَافًا : হালকা হওয়া অবস্থায়। বহুবচন; একবচনে- خَفِيْفٌ হাল হওয়ার কারণে মানসূব হয়েছে। এখানে خِفَافًا দ্বারা লঘু রণসম্ভার বা হালকা অস্ত্রে সজ্জিত হওয়া অবস্থায় উদ্দেশ্য।

ثِقَالًا : ভারি হওয়া অবস্থায়। বহুবচন; একবচন ثَقِيْلٌ ভারি। حال হওয়ার কারণে মানসূব হয়েছে। এখানে ثِقَالًا দ্বারা গুরু রণসম্ভার বা ভারী অস্ত্রে সজ্জিত হওয়া উদ্দেশ্য।

আয়াত : ৪২

عَرَضَ : সম্পদ/সামগ্রী। একবচন, বহুবচন- اَعْرَاضٌ ও عُرُوْضٌ আল্লামা সাইয়েদ মুরতাজা যুবাইদি তাজুল উরূসে লিখেছেন- عَرَض [ر বর্ণে যবরযোগে] অর্থ- পার্থিব ক্ষণস্থায়ী সম্পদ এবং عَرْض [ر বর্ণে সুকূন যোগে] স্বর্ণরৌপ্য ব্যতীত অন্যান্য পার্থিব সম্পদ। বহুবচন عُرُوْضٌ আসে। সুতরাং কমবেশি যে কোনো সম্পদকে عَرَضُ الدُّنْيَا বলা হয়। হাদীসে রয়েছে- اَلدُّنْيَا عَرَضٌ حَاضِرٌ يَأْكُلُ مِنْهُ الْبَرُّ وَ الْفَاجِرُ [দুনিয়া হলো বিদ্যমান সম্পদ যা থেকে সৎ-অসৎ সকলেই ভক্ষণ করে] আবূ উবাইদা বলেন- جَمِيْعُ مَتَاعِ الدُّنْيَا عَرَضٌ (بفتح الراء) [পার্থিব সকল সম্পদকে عَرَض বলা হয়।] পার্থিব সম্পদকে عَرَض বলার কারণ সম্পর্কে আল্লামা শওকানী বলেন- وَسُمِّيَ مَتَاعُ الدُّنْيَا عَرَضًا لِاَنَّهٗ عَارِضٌ زَائِلٌ غَيْرُ ثَابِتٍ [পার্থিব সম্পদে عرض বলার কারণ হলো তা অস্থায়ী ও ধ্বংসশীল।]

سَفَرًا : সফর; ভ্রমণ। বহুবচন اَسْفَارٌ

قَاصِدً : সহজ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার اَلْقَصْدُ অর্থ- মধ্যপন্থা অবলম্বন করা।

اَلشُّقَّةُ : দূরত্ব, এমন দূরত্ব যেখানে পৌছতে কষ্ট হয়। এখানে তাবুক যুদ্ধের দূরত্ব উদ্দেশ্য।

لَوِ اسْتَطَعْنَا : যদি আমরা সক্ষম হই। لَوْ হরফে শর্ত। اِسْتَطَعْنَا সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ(ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সক্ষম হওয়া; করতে পারা।

আয়াত : ৪৫

عَفَا : তিনি ক্ষমা করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْعَفْوُ অর্থ- ক্ষমা করা।

اَذِنْتَ : তুমি অব্যাহতি দিলে; তুমি অনুমতি প্রদান করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) জিনস مهموز فا মাসদার اَلْاِذْنُ অর্থ- অনুমতি দেওয়া।

اُقْعُدُوْا : **তোমরা বসে থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقُعُوْدُ মূলবর্ণ (ق - ع - د) অর্থ–উপবেশ করা; বসা; ওঁৎ পাতা।

اِرْتَابَتْ : **সংশয়যুক্ত; সন্দেহে নিপতিত**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر - ي - ب) মাসদার اَلْاِرْتِيَابُ অর্থ– সন্দেহে পতিত হওয়া।

يَتَرَدَّدُوْنَ : **তারা দ্বিধাগ্রস্ত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَدُّدُ মূলবর্ণ (ر - د - د) অর্থ– দ্বিধাগ্রস্ত হওয়া; সংশয়ী হওয়া।

আয়াত : ৪৬

اَعَدُّوْا : **তারা প্রস্তুতির ব্যবস্থা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - د - د) মাসদার اَلْاِعْدَادُ অর্থ– প্রস্তুত করা।

عُدَّةً : **সামগ্রী**। বহুবচন– عُدَدٌ

كَرِهَ : **তিনি অপছন্দ করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْكُرْهُ মূলবর্ণ (ك - ر - ه) অর্থ– অপছন্দ করা; মনঃপূত না হওয়া।

اِنْبِعَاثَهُمْ : **তাদের অভিযাত্রা**। বাব اِنْفِعَالٌ -এর মাসদার। অভিযানে বের হওয়া।

ثَبَّطَهُمْ : **তিনি তাদেরকে বিরত রাখেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ث - ب - ط) মাসদার اَلتَّثْبِيْطُ অর্থ– বিরত রাখা; বাধাপ্রদান করা। هم যমীর مفعول به

اُقْعُدُوْا : **তোমরা বসে থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقُعُوْدُ মূলবর্ণ (ق - ع - د) অর্থ– উপবেশন করা; বসা; ওঁৎ পাতা।

আয়াত : ৪৭

مَا زَادُوْكُمْ : **তারা তোমাদের জন্য বৃদ্ধি করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ز - ي - د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা। كم যমীর মাফউলে বিহী।

خَبَالًا : **বিভ্রান্তি**। বাব سَمِعَ -এর মাসদার।

اَوْضَعُوْا : **তারা ছুটাছুটি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْضَاعُ মূলবর্ণ (و - ض - ع) অর্থ– রাখা; স্থাপন করা। এখানে অর্থ হলো দৌড়াদৌড়ি করা; ছুটাছুটি করা।

خِلٰلَكُمْ : **তাদের মাঝে**। خِلٰلَ মুযাফ; كُمْ যমীর মুযাফ ইলাইহি।

يَبْغُوْنَكُمْ : **তারা তোমাদের জন্য ইচ্ছা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (ب - غ - ي) মাসদার اَلْبُغْيَةُ অর্থ– ইচ্ছা করা। كُمْ যমীর মাফউলে বিহী।

اَلْفِتْنَةَ : **ফিতনা; বিশৃঙ্খলা**। একবচন, বহুবচন– فِتَنٌ

سَمّٰعُوْنَ : **শ্রবণকারীগণ; গুপ্তচর**। সীগাহ جمع مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ মূলবর্ণ (س - م - ع) অর্থ– শ্রবণ করা।

আয়াত : ৪৮

اِبْتَغَوْا : **তারা কামনা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِبْتِغَاءُ মূলবর্ণ (ب - غ - ي) অর্থ– কামনা করা; ইচ্ছা করা।

قَلَّبُوْا : **তারা উলট-পালট করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق - ل - ب) মাসদার اَلتَّقْلِيْبُ অর্থ– উলট-পালট করা; পরিবর্তন করা।

اُمُوْرَ : **কর্মসমূহ; বিষয়সমূহ**। বহুবচন, একবচন– اَمْرٌ

আয়াত : ৪৯

اِئْذَنْ : **তুমি আমাকে অনুমতি দাও; আমাকে অব্যাহতি দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْاِذْنُ মূলবর্ণ (أ - ذ - ن) অর্থ–অনুমতি দেওয়া।

لَا تَفْتِنِّىْ : **তুমি আমাকে ফিতনায় ফেলো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ف - ت - ن) মাসদার اَلْفِتْنَةُ অর্থ– ফিতনা করা; ফ্যাসাদ করা।

سَقَطُوْا : **তারা পতিত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلسُّقُوْطُ মূলবর্ণ (س ـ ق ـ ط) অর্থ– পতিত হওয়া; পড়ে যাওয়া।

مُحِيْطٌ : **পরিবেষ্টনকারী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা; অন্তর্ভুক্ত করা।

আয়াত : ৫০

اِنْ تُصِبْكَ : **যদি তোমার কাছে পৌছে, যদি তোমার হয়**। ان হরফে শর্ত। تصب সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– পৌছা। হওয়া। শব্দটি মূলত تُصِيْبُ ছিল। كَ যমীর মাফঊলে বিহী।

حَسَنَةٌ : **কল্যাণ; মঙ্গল; পুণ্য; নিয়ামত**। এমন অনুগ্রহ ও কল্যাণ যা মানুষের জীবনে, দেহে বা অবস্থায় অর্জিত হয়ে তার জন্য আনন্দের কারণ হয় তাকে حَسَنَةٌ বলা হয়। এর বিপরীত শব্দ হলো سَيِّئَةٌ। উভয়টিই اسم جنس যার অধীনে অনেক প্রকার অন্তর্ভুক্ত। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنَ اللّٰهِ [যদি তাদের কোনো কল্যাণ হয় তখন বলে এটা আল্লাহর পক্ষ থেকে] এখানে حَسَنَةٌ দ্বারা উদ্দেশ্য হলো ফসলের উৎকৃষ্টতা, সচ্ছলতা ও সফলতা। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ [আর যদি তাদের কোনো অকল্যাণ হয়] এখানে سَيِّئَةٌ দ্বারা দুর্ভিক্ষ; সংকীর্ণতা ও অসফলতা উদ্দেশ্য।

تَسُؤْهُمْ : **তাদেরকে পীড়া দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ মূলবর্ণ (س ـ و ـ ء) জিনস اجوف واوى مهموز لام অর্থ– খারাপ লাগা; দুঃখ দেওয়া।

مُصِيْبَةٌ : **বিপদ**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) জিনস اجوف واوى মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌছা; আপতিত হওয়া; বিপদে পতিত হওয়া; দুঃখ-কষ্ট দেয় এমন জিনিস।

فَرِحُوْنَ : **আনন্দিত**। সিফাতে মুশাব্বাহ। বহুবচন। বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ– আনন্দিত হওয়া; খুশি হওয়া।

আয়াত : ৫১

مَوْلٰنَا : **আমাদের কর্মবিধায়ক**। مَوْلٰى মুযাফ نَا যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন مَوَالِىْ

আয়াত : ৫২

تَرَبَّصُوْنَ : **তোমরা প্রতীক্ষা করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّرَبُّصُ মূলবর্ণ (ر ـ ب ـ ص) অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা। মূলত تتربصون ছিল। সহজীকরণার্থে একটি تاء -কে বিলুপ্ত করা হয়েছে।

اِحْدَى الْحُسْنَيَيْنِ : **দু'টি মঙ্গলের একটি**। اِحْدٰى হলো احد -এর স্ত্রীবাচক। اَلْحُسْنَيَيْنِ হলো حسنى -এর দ্বিবচন। দু'টি সৌন্দর্য; দুটি মঙ্গল; দুটি কল্যাণ।

تَرَبَّصُوْا : **তোমরা প্রতীক্ষা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

আয়াত : ৫৩

اَنْفِقُوْا : **তোমরা ব্যয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ– ব্যয় করা; খরচ করা।

طَوْعًا : **ইচ্ছাকৃত; অনুগত হয়ে**। বাব نَصَرَ -এর মাসদার। حال হওয়ার কারণে منصوب হয়েছে। এটি طَائِعِيْنَ অর্থে ব্যবহার হয়েছে।

كَرْهًا : **অনিচ্ছাকৃতভাবে, অসন্তুষ্ট হয়ে**। বাব سَمِعَ -এর মাসদার। حال হওয়ার কারণে মানসূব হয়েছে। كَارِهِيْنَ অর্থে ব্যবহৃত।

لَنْ يُّتَقَبَّلَ : **তা গৃহীত হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى تاكيد بلن در فعل مضارع مجهول বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلتَّقَبُّلُ অর্থ– কবুল করা; গ্রহণ করা।

আয়াত : ৫৫

لَا تُعْجِبْكَ : **তোমাকে যেন মুগ্ধ না করে**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْاِعْجَابُ অর্থ– মুগ্ধ করা; পছন্দ করা; আশ্চর্যান্বিত করা। كَ যমীর মাফঊলে বিহী।

تَزْهَقَ : **দেহত্যাগ করবে; বের হয়ে যাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ز ـ ه ـ ق) মাসদার اَلزُّهُوْقُ অর্থ– আত্মা দেহত্যাগ করা; দুঃখে প্রাণ বের হওয়া।

আয়াত : ৫৬

يَحْلِفُوْنَ : **তারা শপথ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَلْفُ মূলবর্ণ (ح ـ ل ـ ف) অর্থ– শপথ করা; কসম খাওয়া।

يَفْرَقُوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْفَرَقُ মূলবর্ণ (ف ـ ر ـ ق) অর্থ– ভয় করা।

আয়াত : ৫৭

مَلْجَأً : **আশ্রয়স্থল**। সীগাহ اسم ظرف বহছ واحد مذكر বহুবচন– مَلَاجِئُ মূলবর্ণ (ل ـ ج ـ ء) মাসদার لَجْئٌ ও لجاء অর্থ– আশ্রয় নেওয়া, শরণাপন্ন হওয়া।

مَغَارَاتٍ : **গিরিগুহা**। বহুবচন, একবচন– مَغَارٌ ও مَغَارَةٌ অর্থ– গর্ত; গুহা।

مُدَّخَلًا : **প্রবেশস্থল; লুকানোর স্থান**। সীগাহ واحد বহছ اسم ظرف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা। تا কে دال -এর মধ্যে ইদগাম করা হয়েছে।

وَلَّوْا : **তারা পৃষ্ঠপ্রদর্শন করল, তারা মুখ ফিরিয়ে নিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوْلِيَةُ অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

يَجْمَحُوْنَ : **তারা ক্ষীপ্রগতিতে পালায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ م ـ ح) মাসদার اَلْجُمُوْحُ অর্থ– ক্ষীপ্রগতিতে দৌড়ানো, অবাধ্য হওয়া।

আয়াত : ৫৮

يَلْمِزُكَ : **তারা আপনাকে দোষারোপ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ م ـ ز) মাসদার اَللَّمْزُ অর্থ– দোষারোপ করা। ك যমীর মাফউলে বিহী।

اِنْ اُعْطُوْا : **যদি তাদেরকে দেওয়া হয়**। اِنْ হরফে শর্ত। اُعْطُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْطَاءُ মূলবর্ণ (ع ـ ط ـ و) জিনস ناقص يائى অর্থ– দান করা।

يَسْخَطُوْنَ : **তারা বিক্ষুব্ধ হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسَّخَطُ ও اَلسُّخُوْطُ মূলবর্ণ (س ـ خ ـ ط) অর্থ– বিক্ষুব্ধ হওয়া; অসন্তুষ্ট হওয়া।

আয়াত : ৫৯

رٰغِبُوْنَ : **অনুরক্ত; আগ্রহান্বিত**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ غ ـ ب) মাসদার اَلرَّغْبَةُ অর্থ– উৎসাহ প্রদান করা; প্রেরণা দান করা; উদ্বুদ্ধ করা। صلة - عن হলে অর্থ হবে বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৬০

اَلْفُقَرَاءِ : **দরিদ্র ও অভাবগ্রস্ত লোকজন**। বহুবচন; একবচন– فَقِيْرٌ অর্থ– যার কাছে নেসাবের কম পরিমাণ সম্পদ আছে তাকে ফকির বলা হয়।

اَلْمَسَاكِيْنِ : **মুখাপেক্ষী লোকজন**। **মিসকিন**। বহুবচন; একবচন– مِسْكِيْنٌ অর্থ– যার কোনো ধন-সম্পদ নেই তাকে মিসকিন বলা হয়।

اَلْمُؤَلَّفَةِ قُلُوْبُ : **চিত্ত আকর্ষণ করার জন্য**। مُؤَلَّفَةِ সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ل ـ ف) মাসদার اَلتَّأْلِيْفُ অর্থ– মন আকৃষ্ট করা।

فِى الرِّقَابِ : **দাসমুক্তির জন্য**। رِقَابٌ শব্দটি رَقَبَةٌ -এর বহুবচন। যার অর্থ গর্দান। কিন্তু এর দ্বারা পূর্ণ মানবদেহ উদ্দেশ্য নেওয়া হয়। পরিভাষায় দাস বা গোলামকে বলা হয়।

اَلْغٰرِمِيْنَ : **ঋণ ভারাক্রান্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মাসদার اَلْغَرَامَةُ ও اَلْغُرْمُ মূলবর্ণ (غ ـ ر ـ م) অর্থ– ঋণগ্রস্ত হওয়া।

فِيْ سَبِيْلِ اللّٰهِ : **আল্লাহর পথে**। এর দ্বারা ইলমে দীন অর্জনকারী ছাত্রছাত্রী অথবা দীনি গবেষক তথা মুজ তাহিদগণ অন্তর্ভুক্ত।

اِبْنِ السَّبِيْلِ : **মুসাফির; পথিক; পর্যটক**। সুতরাং যদি কোনো ব্যক্তি বাড়িতে ধনী হয় কিন্তু সফরে তার কাছে কোনো টাকা পয়সা না থাকে, তাহলে জাকাতের টাকা তাকে দেওয়া যাবে।

আয়াত : ৬১

يُؤْذُوْنَ : **তারা কষ্ট দেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ذ ـ ي) মাসদার اَلايذاء। অর্থ– কষ্ট দেওয়া।

اُذُنٌ : **কান**। বহুবচন– اٰذَانٌ ; বলা হয় هُوَ اُذُنٌ [সে প্রতিটি কথা কান লাগিয়ে শোনে।]

আয়াত : ৬৩

يُحَادِدِ : **সে বিরোধিতা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُحَادَّةُ মূলবর্ণ (ح ـ د ـ د) অর্থ– বিরোধিতা করা। من شرطية -এর কারণে হালতে জযমে হয়েছে।

اَلْخِزْيُ : **লাঞ্ছনা; অপমান**। মাসদার; বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ز ـ ي) জিনস ناقص يائى অর্থ– অবমাননা করা; লাঞ্ছিত হওয়া।

আয়াত : ৬৪

يَحْذَرُ : **তারা ভয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْحَذَرُ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) অর্থ– ভয় করা; সতর্ক হওয়া।

اَلْمُنٰفِقُوْنَ : **মুনাফিক; কপটগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلنِّفَاقُ অর্থ– কপটতা করা। যে ব্যক্তি অন্তরে কুফরি গোপন রাখে এবং মুখে ঈমান প্রকাশ করে তাকে মুনাফিক বলা হয়।

تُنَبِّئُهُمْ : **তাদেরকে ব্যক্ত করে দেয়; অবহিত করে দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ب ـ أ) জিনস مهموز لام মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– অবহিত করা; সংবাদ দেওয়া; সতর্ক করা।

اِسْتَهْزِئُوْا : **তোমরা ঠাট্টা-বিদ্রূপ করতে থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِهْزَاءُ মূলবর্ণ (هـ ـ ز ـ و) অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

مُخْرِجٌ : **প্রকাশকারী; বহিষ্কারকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের করা; প্রকাশ করা।

আয়াত : ৬৫

كُنَّا نَخُوْضُ : **আমরা আলাপ-আলোচনা করছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى استمرارى বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ و ـ ض) মাসদার اَلْخَوْضُ অর্থ– আলাপ আলোচনা করা।

نَلْعَبُ : **আমরা ক্রীড়া কৌতুক করছিলাম**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللَّعِبُ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ– ক্রীড়া কৌতুক করা। كُنَّا نَخُوْضُ -এর উপর আতফ হওয়ার কারণে ماضى استمرارى -এর অর্থে হবে।

আয়াত : ৬৬

لَا تَعْتَذِرُوْا : **তোমরা দোষ স্খলনের চেষ্টা করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ذ ـ ر) মাসদার اَلْاِعْتِذَارُ অর্থ– ওজর আপত্তি পেশ করা; বাহানা করা।

اِنْ نَّعْفُ : **আমি যদি ক্ষমা করি**। ان হরফে শর্ত। نعف সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ف ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْعَفْوُ। অর্থ– ক্ষমা করা; মাফ করা।

طَائِفَةٌ : **দল**। একবচন, বহুবচন– طَوَائِفُ সম্প্রদায়। এক বা একের অধিক সকল লোককে طَائِفَةٌ বলা হয়। অভিধানে طَائِفَةٌ বলা হয়– اَلطَّائِفَةُ مِنَ الشَّيْءِ الْقِطْعَةُ ; এক টুকরা বা খণ্ডকে طَائِفَةٌ বলা হয়।

আয়াত : ৬৭

اَلْمُنٰفِقُوْنَ : **মুনাফিকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْمُنَافَقَةُ ও اَلنِّفَاقُ অর্থ– কপটতা করা; দ্বিমুখতা

অবলম্বন করা। শব্দটি نافقاء থেকে নির্গত হয়েছে। যার অর্থ হলো গুইসাপের গর্ত, যার দু'টি মুখ থাকে। এক মুখ দিয়ে প্রবেশ করে, যখন শিকারী ঐ মুখ দিয়ে তাকে ধরার জন্য ওঁৎপাতে তখন সে অন্য মুখ দিয়ে বের হয়ে যায়। তদ্রূপ মুনাফিকরাও দ্বিমুখিতার কারণে তাকে মুনাফিক বলা হয়। কারণ সে বাহ্যিকভাবে নিজেকে মুমিন বলে দাবি করে, লোক দেখানোর জন্য নামাজও আদায় করে; কিন্তু অন্তরে কুফরি এবং ইসলামবিরোধী আকিদা পোষণ করে।

اَلْمُنٰفِقٰتُ : **মুনাফিক মহিলাগণ**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব مُفَاعَلَة মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْمُنَافَقَةُ ও اَلنِّفَاقُ অর্থ– দ্বিমুখিতা করা; কপটতা করা; মুনাফেকী করা।

يَقْبِضُوْنَ : **তারা বন্ধ করে রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ب ـ ض) মাসদার اَلْقَبْضُ অর্থ– বন্ধ করা; সংকীর্ণ করা।

اَيْدِىَ : **হাত**। বহুবচন; একবচন– يَدٌ

نَسُوا : **তারা বিস্মৃত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ أ) অর্থ– বিস্মৃত হওয়া।

আয়াত : ৬৮

لَعَنَهُمْ : **তিনি তাদেরকে অভিসম্পাত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ل ـ ع ـ ن) মাসদার اللعنة অর্থ– অভিসম্পাত করা; লা'নত করা। هُمْ যমীর মাফউলে বিহী।

عَذَابٌ مُّقِيْمٌ : **স্থায়ী শাস্তি**। عذاب একবচন; বহুবচন اعذبة অর্থ– শাস্তি। مُقِيْمٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– স্থায়ী করা; স্থাপন করা।

আয়াত : ৬৯

قُوَّةً : **শক্তি**। একবচন; বহুবচন– قوى মূলবর্ণ (ق ـ و ـ ي) জিনস لفيف مقرون অর্থ– ক্ষমতা; কর্তৃত্ব; শক্তিমত্তা।

اِسْتَمْتَعُوْا : **তোমরা ভোগ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلْاِسْتِمْتَاعُ অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া।

خَلَاقٌ : **অংশ**। এর কোনো বহুবচন আসে না।

خُضْتُمْ : **তোমরা আলাপ-আলোচনায় লিপ্ত রয়েছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ و ـ ض) মাসদার اَلْخَوْضُ অর্থ– আলাপ-আলোচনায় লিপ্ত হওয়া; প্রবেশ করা; খোঁজাখুঁজি করা।

حَبِطَتْ : **তা ধ্বংস হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ب ـ ط) মাসদার اَلْحَبْطُ অর্থ– ধ্বংস হওয়া।

আয়াত : ৭০

نَبَأٌ : **সংবাদ**। نَبَأٌ ইসম। نَبَأَةٌ মৃদুধ্বনি; কুকুরের ধ্বনি। نَبِىٌّ আল্লাহর নবী; পয়গাম্বর; উচ্চস্বর; উন্মুক্ত পথ; স্থানান্তরকারী। نُبُوَّةٌ নবুয়তি। نَابِى উচ্চস্থান। نَبَأٌ ও نُبُوَّةٌ অর্থ– উঁচু হওয়া; প্রকাশ পাওয়া; শব্দ করা; সংবাদ দেওয়া; স্থানান্তরিত হওয়া। বাব فَتَحَ ; اِنْبَاء বাব تَنْبِئَة ও اِفْعَالٌ বাব تَفْعِيْلٌ অর্থ– সংবাদ দেওয়া; সতর্ক করা। مُنَابَاة অর্থ– একে অপর থেকে দূরে সরে যাওয়া। প্রতিবেশীত্ব ত্যাগ করা। تَنَبُّؤٌ [বাব تَفَعُّلٌ] অর্থ– নবুয়তির দাবি করা। اِسْتِنْبَاء [বাব اِسْتِفْعَالٌ] অর্থ– অনুসন্ধান করা; খোঁজ লাগানো।

اَلْمُؤْتَفِكَاتِ : **বিধ্বস্ত নগর**। সীগাহ جمع مؤنث বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ ف ـ ك) মাসদার اَلْاِئْتِفَاكُ অর্থ– ধ্বংস করা; উল্টে দেওয়া। এখানে উদ্দেশ্য হলো হযরত লূত (আ.) -এর জনপদ। অবাধ্যতার কারণে তাদের জনপদকে উল্টিয়ে দেওয়া হয়েছিল।

يَظْلِمُوْنَ : **তারা জুলুম করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م)অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

আয়াত : ৭১

يُطِيْعُوْنَ : **তারা আনুগত্য করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ– আনুগত্য করা।

ٱلْفَوْزُ : সফলতা। বাব نَصَرَ -এর মাসদার।

عَظِيمٌ : মহান। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ك ـ ر ـ م) মাসদার اَلْعَظَامَةُ অর্থ– মহান হওয়া; সম্মানিত হওয়া।

আয়াত : ৭৩

أُغْلُظْ : তুমি কঠোর হও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব كَرُمَ মাসদার غَلْظٌ ও اَلْغَلْظَةُ মূলবর্ণ (غ ـ ل ـ ظ) অর্থ– কঠোর হওয়া; দৃঢ় হওয়া।

مَأْوٰهُمْ : তাদের আবাসস্থল। اسم ظرف ও বাব ضرب -এর মাসদার। অর্থ– অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صلة যদি الى আসে তখন অর্থ হবে– আশ্রয় গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صلة আসে لام তখন অর্থ হবে– অনুগ্রহ করা; দয়া করা। যেমন اوى لـه [সে তার প্রতি দয়া করেছে।] [রাগেব] المأوى। আলিফ-লাম সহ পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। প্রতি স্থানেই মাসদারী অর্থে আর যেখানে ইযাফতের সাথে এসেছে সেখানে ظرفى অর্থে ব্যবহার হয়েছে। هم যমীর মুযাফ ইলাইহি।

جَهَنَّمُ : জাহান্নাম; দোজখ। এমন স্থান যেখানে মৃত্যুর পর পাপিষ্ঠদের নিবাস হবে। যেখানে তাদের জন্য মর্মন্তুদ শাস্তির ব্যবস্থা রয়েছে। শব্দটি تانيث ও علميت -এর কারণে غير منصرف হয়েছে।

بِئْسَ الْمَصِيْرُ : তা কতই না নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল। اَلْمَصِيْرُ। بِئْسَ হলো فعل ذم বা নিন্দাজ্ঞাপক ক্রিয়া। শব্দটি ظرف مكان ও মাসদার। বাব ضَرَبَ অন্য মাসদার হলো اَلصَّيْرُوْرَةُ।

আয়াত : ৭৪

هَمُّوْا : তারা সংকল্প করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ م ـ م) মাসদার اَلْهَمُّ অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা।

لَمْ يَنَالُوْا : তারা তা পায়নি বা পাবে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ي ـ ل) মাসদার اَلنَّيْلُ অর্থ– পাওয়া; অর্জন করা।

يَرْحَمُهُمْ : তিনি তাদের প্রতি কৃপা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمُ অর্থ– কৃপা করা; অনুগ্রহ করা; দয়া করা। هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

আয়াত : ৭২

وَعَدَ : তিনি অঙ্গীকার করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَعْدُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ– অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

مَسٰكِنَ طَيِّبَةً : উত্তম বাসস্থান। مَسٰكِنَ বহুবচন; একবচন– مَسْكَنٌ বাসস্থান। طَيِّبَةٌ উত্তম; ভাল। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبه

جَنّٰتِ عَدْنٍ : স্থায়ী জান্নাত। عَدْنٍ শব্দটি বাব ضَرَبَ ও نَصَرَ -এর মাসদার। অর্থ– থাকা; বসবাস করা; স্থায়ী হওয়া। جَنّٰتُ عَدْنٍ অর্থ বসবাসের উদ্যান অর্থাৎ এমন উদ্যানসমূহ যেখানে চিরদিন থাকবে। উল্লেখ্য عَدْن কে কোনো কোনো ওলামা عَلَمْ বলেছেন; আবার কেউ صِفَت বলেছেন। যারা عَلَمْ বলেন তারা বলেন, এটি একটি বিশেষ জান্নাতের নাম। দলিলস্বরূপ তারা কুরআনের আয়াত– جَنّٰتُ عَدْنِ الَّتِىْ وَعَدَ الرَّحْمٰنُ عِبَادَهٗ بِالْغَيْبِ পেশ করেন। কারণ এখানে মারেফাকে তার সিফাত বানানো হয়েছে। তাছাড়া হাদীসে রয়েছে হুযূর ﷺ বলেছেন عَدْن হলো আল্লাহ তা'আলার নির্মিত গৃহ যা না কোনো চক্ষু কখনও দেখেছে না কোনো মানুষের অন্তরে তার কল্পনা উদয় হয়েছে। নবীগণ, সিদ্দীকগণ ও শহীদগণ ব্যতীত কেউ তাতে বসবাস করতে পারবে না। পক্ষান্তরে যারা عَدْن কে عَلَمْ [নাম] বলে মনে করেন না, তারা বলেন এটি جَنّٰت -এর সিফাত। কারণ عَدْن -এর প্রকৃত অর্থ হলো স্থায়ীত্ব; অবিচলতা। প্রবাদ রয়েছে– عَدَنَ بِالْمَكَانِ সে এখানে অবস্থান করেছে। عدن দ্বারা উদ্দেশ্য হলো চিরস্থায়ী বসবাস। এ মত হিসেবে عَدْن সকল জান্নাতই আদ্‌ন।

رِضْوَانٌ : সন্তুষ্টি; তুষ্টি। বাব سَمِعَ -এর মাসদার মূলবর্ণ (ر ـ ض ـ و) জিনস ناقص واوى

مَا نَقَمُوا : **তারা বিরোধিতা করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن - ق - م) মাসদার اَلنَّقْمُ অর্থ– বিরোধিতা করা; প্রতিশোধ নেওয়া।

أَغْنٰهُمْ : **তিনি তাদেরকে অভাবমুক্ত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ - ن - ي) জিনস ناقص يائي মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– কারো উপকারে আসা; অভাবমুক্ত করা; ধনী বানানো।

وَلِيٍّ : **অভিভাবক**। একবচন, বহুবচন– أَوْلِيَاءُ

نَصِيْرٍ : **সাহায্যকারী**। একবচন, বহুবচন– أَنْصَارٌ

আয়াত : ৭৫

لَنَصَّدَّقَنَّ : **আমরা নিশ্চয় সদকা দিব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ص - د - ق) মাসদার اَلصَّدْقُ ; لَنَصَّدَّقَنَّ মূলত لَنَتَصَدَّقَنَّ ছিল। تاء-কে صاد দ্বারা পরিবর্তন করে صاد-কে صاد-এর মাঝে ইদগাম করা হয়েছে।

আয়াত : ৭৬

بَخِلُوا : **তারা কার্পণ্য করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب - خ - ل) মাসদার اَلْبُخْلُ অর্থ– কৃপণতা করা।

تَوَلَّوْا : **তারা মুখ ফিরিয়ে নিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّيْ মূলবর্ণ (و - ل - ي) অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

مُعْرِضُوْنَ : **উপেক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ر - ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– উপেক্ষা করা; মুখ ফিরিয়ে নেওয়া।

আয়াত : ৭৭

أَعْقَبَهُمْ : **পরিণামে তিনি তাদের মাঝে স্থিত করলেন**। أَعْقَبَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع - ق - ب) মাসদার اَلْاِعْقَابُ অর্থ– পিছু নেওয়া; পরিণামে কিছু সৃষ্টি করা।

نِفَاقًا : **কপটতা, অন্তরে কিছু গোপন রেখে মুখে বা কাজে ভিন্ন কিছু প্রকাশ করা**। বাবে مُفَاعَلَة-এর মাসদার। কারণ এ বাবের মাসদার কখনও فِعَالٌ-এর ওযনেও আসে।

إِلٰى يَوْمِ يَلْقَوْنَهُ : **আল্লাহর সাথে তাদের সাক্ষাৎ দিবস পর্যন্ত**। يلقون সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللِّقَاءُ মূলবর্ণ (ل - ق - ي) জিনস ناقص يائي অর্থ– সাক্ষাৎ করা।

أَخْلَفُوا : **তারা ভঙ্গ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَافُ মূলবর্ণ (خ - ل - ف) অর্থ– বিরোধিতা করা; ব্যতিক্রম করা; খেলাফ করা; ভঙ্গ করা।

আয়াত : ৭৮

سِرَّهُمْ : **তাদের অন্তরের গোপন কথা**; মনের মাঝে লুকিয়ে রাখা কথাকে سِرٌّ বলা হয়। বহুবচন– أَسْرَارٌ; উল্লেখ্য যে, রূপক ও ইঙ্গিতার্থে سِرٌّ শব্দটি সহবাস, বিবাহ, বিবাহ করার ইচ্ছা প্রকাশ করা ও ব্যভিচারের অর্থেও ব্যবহার হয়। যেমন– لَا تُوَاعِدُوْهُنَّ سِرًّا [তোমরা তাদের সাথে গোপনে বিয়ের কথা বলে রেখ না] এখানে سِرٌّ-এর কয়েকটি তাফসীর করা হয়েছে। ইবনে সাইয়িদাহ বলেন– বিবাহ, মুজাহিদ ও ফাররা বলেন– ইদ্দতকালে বিয়ের কথাবার্তা বলে রাখা; হাসান বসরী ও আবুল হাইছাম বলেছেন, ব্যভিচার উদ্দেশ্য। هُمْ যমীর মুযাফ ইলাইহি।

نَجْوٰهُمْ : **তাদের গোপন পরামর্শ, তাদের ষড়যন্ত্র**। نَجْوٰى মুযাফ هُمْ যমীর جمع مذكر غائب মুযাফ ইলাইহি।

عَلَّامُ الْغُيُوْبِ : **সকল অদৃশ্য বিষয়ে অধিক জ্ঞাত**। عَلَّامٌ সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع - ل - م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। اَلْغُيُوْبُ অর্থ– অদৃশ্য বিষয়। غَيْبٌ-এর বহুবচন। সিফাতটি আল্লাহ তা'আলার জন্য খাস।

আয়াত : ৭৯

يَلْمِزُوْنَ : **তারা দোষারোপ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَللَّمْزُ মূলবর্ণ (ل ـ م ـ ز) অর্থ- দোষারোপ করা; অপবাদ দেওয়া।

مُطَّوِّعِيْنَ : **স্বতঃস্ফূর্তভাবে ব্যয়কারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعِلٌ মাসদার اَلْاِطْوُعُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ- স্বতঃস্ফূর্তভাবে দান করা। مُطَّوِّعِيْنَ মূলত مُتَطَوِّعِيْنَ ছিল। تاء-কে طاء দ্বারা পরিবর্তন করে طاء-কে طاء-এর মধ্যে ইদগাম করা হয়েছে।

جُهْدَهُمْ : **তাদের শ্রম; তাদের প্রচেষ্টা।** جُهْدَ মুযাফ هُمْ যমীর جمع مذكر غائب মাফঊলে বিহী।

يَسْخَرُوْنَ : **তারা বিদ্রূপ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلسُّخْرُ - اَلسَّخَرُ ও اَلسُّخْرِيَّةُ অর্থ- বিদ্রূপ করা; উপহাস করা; হাসি ঠাট্টা করা।

سَخِرَ : **সে বিদ্রূপ করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلسُّخْرُ ও اَلسُّخْرِيَّةُ - اَلسَّخَرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ- বিদ্রূপ করা; উপহাস করা; হাসি-ঠাট্টা করা। এখানে উদ্দেশ্য হলো বিদ্রূপ করার শাস্তি দেওয়া।

আয়াত : ৮০

اِسْتَغْفِرْ : **আপনি ক্ষমা প্রার্থনা করুন।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ- ক্ষমাপ্রার্থনা করা।

আয়াত : ৮১

فَرِحَ : **সে আনন্দবোধ করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ- প্রফুল্ল হওয়া; আনন্দিত হওয়া; খুশি হওয়া।

مُخَلَّفُوْنَ : **পশ্চাতে অবস্থানকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّخْلِيْفُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ- পশ্চাতে অবস্থান করা; পিছনে রয়ে যাওয়া।

بِمَقْعَدِهِمْ : **তাদের বসে থাকতে।** ب হরফে জর। مَقْعَدِ মুযাফ هِمْ যমীর মুযাফ ইলাইহি مَقْعَدٌ সীগাহ واحد বহছ اسم ظرف مكان বহুবচন مَقَاعِدُ বাব نَصَرَ মাসদার اَلْقُعُوْدُ , اَلْقَعْدَةُ অর্থ- বসা; উপবেশন করা।

لَا تَنْفِرُوْا : **তোমরা অভিযানে বের হয়ো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ف ـ ر) মাসদার اَلنَّفْرُ অর্থ- অভিযানে বের হওয়া; মার্চ করা।

اَلْحَرِّ : **গরম; উষ্ণতা।** একবচন; বহুবচন- حُرُوْرٌ

كَانُوْا يَفْقَهُوْنَ : **তারা বুঝত।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ق ـ ه) মাসদার اَلْفِقْهُ অর্থ- বুঝা; হৃদয়ঙ্গম করা; অনুধাবন করা।

আয়াত : ৮২

لِيَضْحَكُوْا : **তারা যেন হেসে নেয়।** সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাব سَمِعَ মূলবর্ণ (ض ـ ح ـ ك) মাসদার اَلضِّحْكُ অর্থ- হাসা।

لِيَبْكُوْا : **তারা যেন কাঁদে।** সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাব ضَرَبَ মাসদার اَلْبُكَاءُ মূলবর্ণ (ب ـ ك ـ ي) অর্থ- কাঁদা; ক্রন্দন করা।

كَانُوْا يَكْسِبُوْنَ : **তারা উপার্জন করছিল।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ س ـ ب) মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা; অর্জন করা।

আয়াত : ৮৩

رَجَعَكَ : **আপনাকে ফেরত আনেন।** رجع সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ ফিরে আসা। كَ যমীর منصوب متصل

اِسْتَأْذَنُوْكَ : **তারা আপনার কাছে অনুমতি প্রার্থনা করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْذَانُ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) অর্থ- অনুমতি প্রার্থনা করা।

عَدُوٌّ : শত্রু। একবচন; বহুবচন- أَعْدَاءٌ

اَلْخَالِفِيْنَ : **পশ্চাদবর্তীগণ, যারা পিছনে বসে থাকে।** বহুবচন; একবচন- خَالِفٌ ; সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْخَلْفُ অর্থ- পিছনে অবস্থান করা; পিছনে আসা।

আয়াত : ৮৪

لَا تُصَلِّ : **আপনি [জানাযার] নামাজ পড়বেন না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ل ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلتَّصْلِيَةُ অর্থ- সালাত আদায় করা; দোয়া করা।

مَاتَ : **সে মৃত্যুবরণ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার مَوْتٌ মূলবর্ণ (م ـ و ـ ت) জিনস اجوف واوى অর্থ- মারা যাওয়া; মৃত্যুবরণ করা।

قَبْرِ : **কবর; সমাধি।** একবচন; বহুবচন- قبور

আয়াত : ৮৫

لَا تُعْجِبْكَ : **তোমাকে যেন বিমুগ্ধ না করে।** সীগাহ واحد مؤنث غائب বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْاِعْجَابُ অর্থ- মুগ্ধ করা; আশ্চর্যান্বিত করা।

يُعَذِّبَ : **তিনি শাস্তি দেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ذ ـ ب) মাসদার اَلتَّعْذِيْبُ অর্থ- শাস্তি দেওয়া।

تَزْهَقَ اَنْفُسُهُمْ : **তাদের আত্মা দেহত্যাগ করবে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ز ـ ه ـ ق) মাসদার اَلزَّهْقُ অর্থ- বের হওয়া; বিশেষ আত্মা বের হওয়া। تزهق

اَنْفُسُ : **আত্মা; প্রাণ।** বহুবচন; একবচন- نَفْسٌ

আয়াত : ৮৬

اُنْزِلَتْ : **[সূরা] অবতীর্ণ হয়।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা; নাযিল করা।

اِنْزَالٌ ও تَنْزِيْل-এর মধ্যে পার্থক্য হলো اِنْزَالٌ শব্দটি ব্যাপক। কোনো বস্তু একের পর এক ধারাবাহিকভাবে অবতীর্ণ হওয়া এবং একসাথে অবতীর্ণ হওয়া উভয় অর্থের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু اَلتَّنْزِيْلُ অর্থ- ধারাবাহিক ও একের পর এক পৃথক পৃথকভাবে অবতীর্ণ হওয়ার অর্থে ব্যবহৃত হয়।

اُولُوا الطَّوْلِ : **শক্তিসামর্থ্যবান ব্যক্তিগণ।** اُولُوا ওয়ালা; বিশিষ্ট। এটি বহুবচন; এর একবচন আসে না। কেউ কেউ ذُوْ কে এর একবচন বলে থাকেন। রফা অবস্থায় اُولُوْ এবং নসব ও جَرّ অবস্থায় اُولِى আসে।

اَلطَّوْلِ : **ধন; সম্পদ; ধনাঢ্যতা; শক্তি; সামর্থ্য; পুরস্কার।** বাব نَصَرَ-এর মাসদার। এটি দু'টি অর্থের জন্য ব্যবহার হয়। দীর্ঘতা ও শ্রেষ্ঠত্বে কারো উপর বিজয়ী হওয়া এবং কারো অনুগ্রহ করা ও তাকে পুরস্কার দেওয়া। ইমাম রাগেব বলেন طَوْل শব্দটি শ্রেষ্ঠত্ব ও অনুগ্রহের জন্য নির্দিষ্ট হয়ে গেছে। যেমন- اِسْتَأْذَنَكَ اُولُوا الطَّوْلِ - شَدِيْدُ الْقُوٰى مِنْهُمْ ইত্যাদি।

ذَرْنَا : **আমাদেরকে রেহাই দাও।** সীগাহ واحد مذكر ذر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْوَذْرُ মূলবর্ণ (و ـ ذ ـ ر) অর্থ- ছেড়ে দেওয়া; অব্যাহতি দেওয়া; রেহাই দেওয়া। এ অর্থে فعل مضارع ও فعل نهى - فعل امر ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। نا যমীর মাফউলে বিহী।

আয়াত : ৮৭

اَلْخَوَالِفِ : **অন্তঃপুরবাসিনীগণ। পশ্চাতে অবস্থানকারী নারীগণ।** বহুবচন; একবচন- خَالِفَةٌ

طُبِعَ : **মোহর করা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ- মোহরাঙ্কিত করা, সিলমোহর মারা।

আয়াত : ৯৩

اَغْنِيَاءُ : **সচ্ছলগণ, অভাবমুক্তগণ।** বহুবচন, একবচন- غَنِىٌّ

১১তম পারা

আয়াত : ৯৪

يَعْتَذِرُوْنَ : **তারা ওজর আপত্তি পেশ করবে; ছল ছুতা নিয়ে উপস্থিত হবে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتِذَارُ মূলবর্ণ (ع . ذ . ر) জিনস صحيح অর্থ- আপত্তি করা; ওজর পেশ করা।

رَجَعْتُمْ : **তোমরা ফিরে আসবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر . ج . ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ- ফিরে যাওয়া, প্রত্যাবর্তন করা।

لَا تَعْتَذِرُوْا : **তোমরা কৈফিয়ত বা ওজর পেশ করো না, ছল করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ জিনস صحيح মূলবর্ণ (ر . ج . ع) মাসদার اَلْاِعْتِذَارُ অর্থ- ছলছুতা পেশ করা; ওজর আপত্তি পেশ করা।

قَدْنَبَّأَ : **অবহিত করেছেন; সংবাদ প্রদান করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ اثبات فعل ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ- অবহিত করা; সংবাদ প্রদান করা; জানিয়ে দেওয়া। সজাগ করা।

سَيَرَى : **লক্ষ্য করবেন; প্রত্যক্ষ করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব فتح মূলবর্ণ (ر . ء . ى) জিনস মুরাক্কাব مهموز عين . ناقص يائى মাসদার الرؤية অর্থ- দেখা; লক্ষ্য করা; প্রত্যক্ষ করা।

تُرَدُّوْنَ : **তোমরা প্রত্যাবর্তিত হবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ر . د . د) মাসদার اَلرَّدُّ অর্থ- ফিরিয়ে দেওয়া; ফিরিয়ে আনা; উত্তর দেওয়া; প্রত্যাখ্যান করা; খণ্ডন করা; রদ করা।

আয়াত : ৯৫

يَحْلِفُوْنَ : **তারা শপথ করবে; তারা কসম খাবে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح . ل . ف) মাসদার اَلْحَلْفُ অর্থ- শপথ করা; কসম খাওয়া; প্রতিজ্ঞা করা।

اِنْقَلَبْتُمْ : **তোমরা ফিরে এলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ق . ل . ب) মাসদার اَلْاِنْقِلَابُ অর্থ- ফিরে আসা; উলট পালট হওয়া; আন্দোলন হওয়া।

لِتُعْرِضُوْا : **যাতে তোমরা উপেক্ষা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف যা لام كى -এর অর্থে ব্যবহৃত হয়েছে। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع . ر . ض) অর্থ- বিমুখ হওয়া; মুখ ফিরানো।

جَزَاءً : **শাস্তি; প্রতিদান। কর্মফল; পুরস্কার**

رِجْسٌ : **নাপাকী; ময়লা; আবর্জনা।** একবচন, বহুবচন- اَرْجَاسٌ

مَأْوٰهُمْ : **তাদের আশ্রয়স্থল, তাদের নিবাস।** বাব ضَرَبَ মাসদার اَوْىٌ থেকে اسم ظرف -এর বহুবচন- مَأْوٰى واحد -এর সীগাহ।

جَهَنَّمُ : **জাহান্নাম; দোজখ।** আল্লাহ তা'লার বিধিবিধান অমান্যকারীদের যেখানে রেখে শাস্তি প্রদান করা হবে।

আয়াত : ৯৭

اَلْاَعْرَابُ : **আরব বেদুঈন; মরুচারী।** এ শব্দটি عرب-এর বহুবচন নয়; বরং এটি একটি পদবিশেষ যা শহরের বাইরের অধিবাসীদের বোঝাবার জন্য ব্যবহার করা হয়। এর একক করতে হলে اعرابى বলা হয়। যেমন اَنْصَارٌ-এর একবচন اَنْصَارِىٌّ হয়ে থাকে।

اَشَدُّ : **অতি কঠোর; অধিক শক্তিশালী।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ، ضَرَبَ মূলবর্ণ (ش . د . د) জিনস مضاعف মাসদার اَلشِّدُّ، اَلشِّدَّةُ، اَلشُّدُوْدُ অর্থ- শক্তিশালী করা।

اَجْدَرُ : **অধিক যোগ্য; অধিক হকদার।** সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (ج . د . ر) বাব كرم মাসদার اَلْجَدَارَةُ অর্থ- উপযুক্ত হওয়া; যোগ্য হওয়া; যথাযথ হওয়া।

حُدُوْدَ : **সীমারেখা; হদ; দণ্ড।** একবচন. একবচন- حَدٌّ

غَفُوْرٌ : **পরম ক্ষমাশীল**। মুবালাগার সীগাহ। বাব ضَرَبَ মাসদার مَغْفِرَةً মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা

رَحِيْمٌ : **অত্যধিক দয়ালু**। বাব سَمِعَ থেকে فَعِيْلٌ-এর ওজনে মুবালাগার সীগাহ। মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةَ অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

আয়াত : ১০০

اَلسَّابِقُوْنَ الْاَوَّلُوْنَ : **প্রথম অগ্রবর্তীগণ**। যারা সর্বপ্রথমদের মাঝে পুরাতন। سَابِقُوْنَ বহুবচন, একবচন– سَابِقٌ বাব ضَرَبَ - نَصَرَ মাসদার اَلسَّبْقُ অর্থ– ছাড়িয়ে যাওয়া; অগ্রগামী হওয়া। اَلسَّابِقُوْنَ الْاَوَّلُوْنَ দ্বারা কারা উদ্দেশ্য সে ব্যাপারে মতবিরোধ রয়েছে। কোনো কোনো মনীষী সাহাবায়ে কেরামের মধ্যে سَابِقُوْنَ الْاَوَّلُوْن তাদেরকেই সাব্যস্ত করেছেন, যারা উভয় কেবলা (বায়তুল মুকাদ্দাস ও বাইতুল্লাহ) -এর দিকে মুখ করে নামাজ পড়েছেন। অর্থাৎ যারা কেবলা পরিবর্তনের পূর্বে মুসলমান হয়েছেন তাঁদেরকে اَلسَّابِقُوْنَ الْاَوَّلُوْنَ গণ্য করেছেন। এমনটি হলো সাঈদ ইবনে মুসাইয়িব ও কাতাদা (রা.)-এর অভিমত। হযরত 'আতা ইবনে আবী রাবাহ্ বলেছেন যে, 'সাবেকীনে আউওয়ালীন' হলেন সে সমস্ত সাহাবায়ে কেরাম যারা গযওয়ায়ে বদরে অংশগ্রহণ করেছেন। আর ইমাম শা'বী (রা.)-এর মতে, যেসব সাহাবী হোদায়বিয়ার বাইয়াতে রেদওয়ানে অংশগ্রহণ করেছিলেন, তাঁরাই হলেন 'সাবেকীনে আউওয়ালীন'। তাফসীরে মাযহারীতে আরো একটি মত উদ্ধৃত করা হয়েছে যে, সমস্ত সাহাবায়ে কেরাম অন্যান্য সমস্ত উম্মতের তুলনায় সাবেকীনে আউওয়ালীন।

اَلْمُهٰجِرِيْنَ : **দেশত্যাগকারীগণ; হিজরতকারীগণ**। সীগাহ جمع مذكر اسم فاعل বহছ مُفَاعَلَة বাব মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ– ত্যাগ করা; হিজরত করা; দেশত্যাগ করা।

اَلْاَنْصَارِ : **সাহায্যকারীগণ**। শব্দটি বহুবচন, একবচন– نَاصِرٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মদিনার ঐ সকল সাহাবায়ে কেরামকে আনসার বলা হয় যারা রাসূল ﷺ এবং মক্কা থেকে মদীনায় হিজরতকারীগণকে সাহায্য সহযোগিতা করেছিলেন।

عَلِيْمٌ : **সর্বজ্ঞাত; মহাজ্ঞানী; অধিক বিজ্ঞ**। আল্লাহ তা'আলার গুণবাচক নাম। বাব سَمِعَ থেকে فَعِيْلٌ -এর ওজনে সীগায়ে মুবালাগা।

حَكِيْمٌ : **প্রজ্ঞাবান; প্রজ্ঞাপূর্ণ; বিচক্ষণ; জ্ঞানী**। বাব كَرُمَ থেকে فَعِيْلٌ -এর ওজনে সীগায়ে মুবালাগা। আল্লাহর তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৯৮

مَغْرَمًا : **দণ্ড; জরিমানা**। একবচন, বহুবচন– مَغَارِمُ

يَتَرَبَّصُ : **সে অপেক্ষায় থাকবে; অপেক্ষা করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ر ـ ب ـ ص) মাসদার اَلتَّرَبُّصُ অর্থ– অপেক্ষা করা। থেমে যাওয়া।

يَتَّخِذُ : **গণ্য করে; মনে করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব افتعال মাসদার الاتخاذ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) জিনস مهموز فاء অর্থ– গ্রহণ করা; গণ্য করা।

اَلدَّوَائِرَ : **দুর্যোগ; দুর্দিন; দৈব দুর্বিপাক; যুগের পরিবর্তন; বিপদ**। একবচন دائرة আরবি অভিধান অনুযায়ী دائرة এমন পরিবর্তনশীল অবস্থাকে বলা হয়, যাতে প্রথম ভালো অবস্থার পর মন্দে পরিণত হয়ে যায়। এ কারণেই কুরআন কারীমে তাদের ক্ষেত্রে বলা হয়েছে– عَلَيْهِمْ دَائِرَةُ السَّوْءِ অর্থাৎ, তাদেরই উপর মন্দ অবস্থা আসবে।

اَلسَّوْءِ : **মন্দ; অশুভ; খারাপ**। একবচন, বহুবচন– اَسْوَاءٌ বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ أ) জিনস মুরাক্কাব اجوف واوى ومهموز لام মাসদার اَلسَّوْءُ، اَلسَّوَاءَةُ، اَلْمَسَاءَةُ অর্থ– কুৎসিত হওয়া; মন্দ হওয়া।

سَمِيْعٌ : **অধিক শ্রবণকারী**। বাব سَمِعَ থেকে فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

আয়াত : ৯৯

قُرُبَاتٍ : **নৈকট্য; সান্নিধ্য; ঘনিষ্ঠতা**; নিকটবর্তী; কাছাকাছি। বহুবচন, একবচন– قُرْبَةٌ

صَلَوَاتِ الرَّسُوْلِ : **রাসূল ﷺ -এর দোয়াসমূহ**। صَلَوَاتٌ শব্দটি বহুবচন, একবচন– صَلٰوةٌ

اِتَّبَعُوْا : আনুগত্য করেছে; অনুসরণ করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা; অনুকরণ করা।

اِحْسَانٍ : নিষ্ঠা। বাব اِفْعَالٌ -এর মাসদার। অর্থ- নেক কাজ করা। এটি দুই অর্থে ব্যবহৃত হয়। ১. অন্যের জন্য ভালো করা। ২. ভালো কাজ জানা এবং অন্যের ভালো কাজের আঞ্জাম দেওয়া।

اَعَدَّ : প্রস্তুত করে রেখেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْدَادُ মূলবর্ণ (ع ـ د ـ د) জিনস مضاعف অর্থ- প্রস্তুত করা; এমনভাবে প্রস্তুত করা যাতে গণনা করা যায়।

আয়াত : ১০১

يُرَدُّوْنَ : প্রত্যাবর্তিত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلرَّدُّ - اَلْمَرْدُوْدُ - মূলবর্ণ (ر ـ د ـ د) অর্থ- ফিরিয়ে দেওয়া; প্রত্যাখ্যান করা।

جَنّٰتٍ : উদ্যান বা বাগানসমূহ। বহুবচন, একবচন جَنَّةٌ পরকালের চিরশান্তির নিবাসকে জান্নাত বলা হয়।

مَرَدُوْا : তারা সীমালঙ্ঘন করেছে। তারা হঠকারিতায় অটল রয়েছে। বাব نَصَرَ বহছ اثبات فعل ماضى مطلق معروف মূলবর্ণ (م ـ ر ـ د) মাসদার اَلْمُرُوْدُ অর্থ- সীমালঙ্ঘন করা; হঠকারিতা করা; জিদ ধরা।

نِفَاقٍ : কপটতা; মুনাফেকী; দ্বিমুখতা করা; দু'দিক অবলম্বন করা। نِفَاق কুরআনের পরিভাষায় ঐ দু'দিক অবলম্বন করার নাম, প্রকাশ্যে যে মুখে ঈমানদার হওয়ার দাবি করে এবং লোক দেখানোর জন্য নামাজও আদায় করে, কিন্তু অন্তরে কাফের থেকে যায় এবং ইসলামের বিপরীত বিশ্বাস রাখে। এ ধরনের কাজকে نفاق বলা হয়। যে এমন কাজ করে তাকে বলা হয় منافق বা কপট।

আয়াত : ১০২

خَلَطُوْا : মিশ্রিত করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَلْطُ মূলবর্ণ (خ ـ ل ـ ط) অর্থ- মিশ্রিত করা।

اِعْتَرَفُوْا : তারা স্বীকার করেছে বা স্বীকৃতি দিয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْاِعْتِرَافُ অর্থ- স্বীকার করা; ঘোষণা করা; স্বীকৃতি দেওয়া।

ذُنُوْبٍ : পাপরাশি; গুনাহসমূহ। বহুবচন, একবচন- ذنب

আয়াত : ১০৩

تُطَهِّرُ : তুমি পবিত্র করবে। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّطْهِيْرُ মূলবর্ণ (ط ـ ه ـ ر) অর্থ- ১. দৈহিক পবিত্রতা। ২. আত্মিক পবিত্রতা। এখানে আত্মিক পবিত্রতা উদ্দেশ্য।

تُزَكِّيْهِمْ : পরিশোধিত করবে। সীগাহ واحد مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلتَّزْكِيَةُ অর্থ- পবিত্র করা। জিনস ناقص يائى

صَلِّ : নামাজ পড়; দোয়া কর; অনুগ্রহ প্রেরণ কর। সীগাহ امر حاضر বহছ واحد مذكر حاضر বাব تَفْعِيْل মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার معروف اَلصَّلٰوةُ অর্থ- নামাজ, দোয়া; দরুদ, অনুগ্রহ; ক্ষমাপ্রার্থনা।

سَكَنٌ : প্রশান্তি; সান্ত্বনা; আরাম ও অনুরাগ সৃষ্টির উপরকরণ। একবচন, বহুবচন- اَسْكَانٌ

আয়াত : ১০৪

اَلتَّوَّابُ : অধিক তওবা কবুলকারী। বাব نَصَرَ থেকে فَعَّالٌ -এর ওজনে মুবালাগার সীগাহ। মহান আল্লাহর একটি গুণবাচক নাম।

اَلرَّحِيْمُ : অত্যধিক দয়ালু; পরম করুণাময়। মাসদার رَحْمَةٌ বাব سَمِعَ থেকে فَعِيْل -এর ওজনে মুবালাগার সীগাহ। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ১০৬

مُرْجَوْنَ : মুলতবিকৃত; যা স্থগিত রাখা হয়েছে। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ জিনস ناقص واوى মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلْاِرْجَاءُ অর্থ- বিলম্বিত করা; স্থগিত করা।

আয়াত : ১০৭

مَسْجِدً : **মসজিদ; উপাসনালয়; ইবাদতখানা।** اَلسُّجُوْدُ মাসদার থেকে اسم ظرف একবচন, বহুবচন- مَسَاجِدُ

ضِرَارً : **একে অপরের ক্ষতিসাধন করা।** বাব مُفَاعَلَة -এর মাসদার। মূলবর্ণ (ض ـ ر ـ ر)

مَسْجِدًا ضِرَارًا : **মসজিদে যেরার :** মদীনার কোবা নামক স্থানে যেখানে হুযূর ﷺ হিজরত করে এসে অবস্থান নিয়েছিলেন এবং একটি মসজিদ নির্মাণ করেছিলেন- তারই অদূরে মুসলমানদের ক্ষতিসাধন ও সেখানে বসে ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র করার উদ্দেশ্যে মুনাফিক গোষ্ঠী কর্তৃক নির্মিত মসজিদকে মসজিদে যেরার বলা হয়।

تَفْرِيْقًا : **বিভেদ সৃষ্টি করা; বিচ্ছিন্নতা।** বাব تَفْعِيْل -এর মাসদার। যেখানে অধিক বিচ্ছিন্নতা সেখানেই এর ব্যবহার হয়।

اِرْصَادً : **পর্যবেক্ষণ করা; নজরদারি করা; ওঁৎ পাতা;** বাব اِفْعَالٌ -এর মাসদার। মূলবর্ণ-(ر ـ ص ـ د)

حَارَبَ : **সে বিরোধিতা করল; যুদ্ধ করল;** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ح ـ ر ـ ب) মাসদার اَلْمُحَارَبَةُ অর্থ- পরস্পর যুদ্ধ করা। বিরোধিতা করা।

لَيَحْلِفُنَّ : **তারা অবশ্যই শপথ করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ لام تاكيد با نون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ح ـ ل ـ ف) মাসদার اَلْحَلْفُ অর্থ- কসম খাওয়া; শপথ করা।

আয়াত : ১০৮

اُسِّسَ : **ভিত্তি স্থাপন করা হলো।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى مجهول বাব تفعيل মাসদার اَلتَّاسِيْسُ মূলবর্ণ (ا ـ س ـ س) অর্থ- ভিত্তি স্থাপন করা।

اَنْ تَقُوْمَ : **তুমি (নামাজের জন্য) দাঁড়াবে।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ জিন্স اجوف واوى মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

مُطَّهِّرِيْنَ : **পবিত্রতা অর্জনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفَّعُّلٌ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلْاِطِّهُرُ অর্থ- পবিত্র করা।

আয়াত : ১০৯

بُنْيَانَ : **অট্টালিকা; ভবন; প্রাসাদ;** ভিত্তি। বাব ضَرَبَ -এর মাসদার। اسم مفعول অর্থে।

شَفَا : **প্রান্ত; কিনারা।** একবচন, বহুবচন- اَشْفَاءٌ দ্বিবচন شَفَوَانِ

جُرُفٍ : **স্রোতে ভাঙ্গা উপত্যকার পাড়;** গর্ত। একবচন, বহুবচন- اَجْرَافٌ - جُرُوْفٌ

هَارٍ : **নিপতিত; ধ্বংসপ্রাপ্ত; বিলুপ্ত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْهُوْرُ وَ اَلْهَيْرُ অর্থ- ধ্বসে পড়া; পতিত হওয়া।

اِنْهَارَ : **সে নিপতিত হয়।** সীগাহ واحد مذكرغائب বহছ فعل ماضى معروف বাব اِنْفِعَالٌ মাসদার اَلْاِنْهِيَارُ মূলবর্ণ (ه ـ ى ـ ر) অর্থ- প্রবাহিত হওয়া; ধ্বংস হওয়া; নিপতিত হওয়া।

আয়াত : ১১০

بَنَوْا : **তারা নির্মাণ করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل ماضى معروف বাব ضَرَبَ মাসাদার اَلْبِنَاءُ وَ اَلْبُنْيَانُ অর্থ- নির্মাণ করা; তৈরি করা; ভিত্তি স্থাপন করা।

رِيْبَةً : **সংশয়; সন্দেহ।** একবচন, বহুবচন- رِيَبٌ

تَقَطَّعَ : **তা কর্তিত হলো; কেটে গেল।** টুকরা টুকরা হয়ে গেছে। সীগাহ واحد مؤنث غائب বহছ فعل ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ(ق ـ ط ـ ع) মাসদার اَلتَّقَطُّعُ অর্থ- কর্তিত হওয়া; কেটে যাওয়া; টুকরা টুকরা হওয়া।

আয়াত : ১১১

حَقًّا : **সত্য; দৃঢ়।** এটি বাব نَصَرَ- ضَرَبَ-এর মাসদার। অর্থ- সত্য; সঠিক; সুপ্রমাণিত।

اَوْفٰى : **অধিক পূর্ণ; ভরপুর;** পূর্ণকারী। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মাসদার اَلْوَفَاءُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ- পূর্ণ করা।

اِسْتَبْشِرُوْا : **তোমরা সুসংবাদ গ্রহণ কর; আনন্দিত হও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার معروف اَلْاِسْتِبْشَارُ অর্থ– প্রফুল্ল হওয়া; আনন্দিত হওয়া।

بَايَعْتُمْ : **তোমরা বিক্রয় করেছ।** সীগাহ جمع مذكر حاضر বহছ فعل ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُبَايَعَةُ মূলবর্ণ(ب ـ ى ـ ع) অর্থ– পরস্পর ক্রয়বিক্রয় করা।

اَلتَّائِبُوْنَ : **তওবাকারীগণ; প্রত্যাবর্তণকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ(ت ـ و ـ ب) অর্থ– তওবা করা; ক্ষমাপ্রার্থনা করা; প্রত্যাবর্তন করা; পাপকার্য থেকে ফিরে আসা।

আয়াত : ১১২

اَلسَّائِحُوْنَ : **সিয়াম সাধনাকারী বা রোজাদারগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلسِّيَاحَةُ অর্থ– রোজা রাখা; সিয়াম সাধনা করা। শব্দটি سِيَاحَةٌ (দেশভ্রমণ) থেকে উদ্ভূত। ইসলাম-পূর্ব যুগে খ্রিস্টধর্মে পরিবার-পরিজন ও ঘর বাড়ি ত্যাগ করে ধর্ম প্রচারের উদ্দেশ্যে দেশ ভ্রমণকে ইবাদত মনে করা হতো। ইসলাম একে বৈরাগ্যবাদ বলে অভিহিত করে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে এবং এর পরিবর্তে রোজা পালনের ইবাদতকে এর স্থলাভিষিক্ত করা হয়েছে। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস [রা.] বলেন, কুরআন মাজীদে ব্যবহৃত سَائِحِيْن শব্দের অর্থ রোজাদার।

حُدُوْد : **সীমারেখা; সীমাসমূহ।** (বিধিবিধান) একবচনে حَدٌّ অর্থ– সীমানা; চৌহদ্দি।

আয়াত : ১১৩

اُولِىْ قُرْبٰى : **আত্মীয় স্বজন; নিকটাত্মীয়।** اُولِىْ ওয়ালা। قُرْبٰى নিকটতম। اُولِىْ قُرْبٰى অর্থ– অতি নিকটে; নিকটাত্মীয়।

আয়াত : ১১৪

مَوْعِدَةٍ : **প্রতিশ্রুতি।** এটি মাসদার। বাব ضَرَبَ অর্থ অঙ্গীকার করা; প্রতিজ্ঞা করা।

تَبَرَّأَ : **সে সম্পর্ক ছিন্ন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার تَبَرُّءٌ মূলবর্ণ (ب ـ ر ـ ء) অর্থ– সম্পর্ক ছিন্ন করা; পৃথক হওয়া।

أَوَّاهٌ : **অত্যধিক কোমলহৃদয়; অধিক দীর্ঘশ্বাস ফেলে বিলাপকারী।** اَوْهٌ মাসদার থেকে فَعَّالٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ।

حَلِيْمٌ : **সহনশীল। ধৈর্যসহিষ্ণু।** اَلْحِلْمُ মাসদার থেকে فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ।

আয়াত : ১১৭

قَدْ تَابَ : অবশ্যই তিনি তওবা কবুল করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى قريب معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া; তওবা কবুল করা; এটা لازم ও متعدى উভয়ভাবে ব্যবহৃত হয়। যেমন– تَابَ اللّٰهُ عَلَى الْعَبْدِ (আল্লাহ বান্দার তওবা কবুল করেছেন)। تَابَ الْعَبْدُ (বান্দা তওবা করেছে)। ثُمَّ تَابَ عَلَيْهِ لِيَتُوْبُوْا (তারপর আল্লাহ তাদেরকে তওবা করার তৌফিক দান করলেন)। মোটকথা এর صلة যদি على আসে তখন এটি متعدى হবে এবং দয়াশীল হওয়া এবং তওবার তাওফীক দেওয়ার অর্থ হবে। আর على ব্যতীত ব্যবহার হলে তখন তা لازم হবে এবং অর্থ হবে তওবা করা। توبة -এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবী (র.) বলেন– مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ (পাপ কর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা)। তওবা কবুল হওয়ার তিনটি শর্ত। **প্রথম শর্ত** হলো–"اَنْ يُقْلِعَ عَنِ الْمَعْصِيَةِ" সেই গুনাহ থেকে বেঁচে থাকা বা গুনাহ মূল থেকেই মূলোৎপাটন করে দেওয়া। গুনাহ করেই চলেছি এবং সাথে তওবা তওবা করছি এমন হলে চলবে না। সুতরাং গুনাহ সম্পূর্ণ ত্যাগ করেই তওবা করতে হবে। **দ্বিতীয় শর্ত হলো**– "اَنْ يَنْدَمَ عَلَيْهَا" ঐ গুনাহের কারণে অনুতপ্ত ও লজ্জিত হওয়া। হায় কি করলাম, এমন দয়ালু আল্লাহর হক নষ্ট করলাম। এভাবে অনুতপ্ত হয়ে মহান আল্লাহর দরবারে

কান্নাকাটি করা। তওবার তৃতীয় শর্ত -"اَنْ يَعْزِمَ عَزْمًا جَازِمًا اَنْ لَا يَعُوْدَ اِلَيْهَا اَبَدًا" (পরবর্তীতে সেই গুনাহের কাছেও যাবে না বলে দৃঢ় সংকল্প করা)।

سَاعَةِ الْعُسْرَةِ : **সঙ্কটময় মুহূর্ত; সঙ্কটকাল**। (তাবুক যুদ্ধের সময়)। سَاعَةٌ অর্থ- ঘড়ি; ঘন্টা; সময়। রাত বা দিনের কিছু অংশ। সময়ের ক্ষেত্রে এর ব্যবহার অধিক। কুরআনে একে কিয়ামতের অর্থেও ব্যবহার করা হয়েছে। عُسْرَةٌ অর্থ- অভাব-অনটন; কষ্ট; চরম দারিদ্র্য।

سَاعَةِ الْعُسْرَةِ -বিপদের সময় এবং অভাবের সময়। তাবুকের যুদ্ধের সময়কে বলা হয়েছে। তখন একদিকে ছিল অভাব অনটন এবং অন্যদিকে অত্যন্ত গরম। আবার সফরও ছিল দীর্ঘ। দুজন সৈনিক একটি খেজুর খেয়ে জীবন ধারণ করেছে। কখনও কখনও কয়েকজন সৈনিক কেবল একটি খেজুর চুষত। একজন চুষে অন্যজনকে দিত। কখনও উটের ঝুলি হতে পানি বের করে পান করেছিল। অন্যদিকে উটের সংখ্যাও ছিল কম। কয়েকজন মিলে একটি উটে সওয়ার হতে পালা করে। এ যুদ্ধকে বলা হয় غَزْوَةُ الْعُسْرَةِ এবং সৈনিকদেরকে বলা হয় جَيْشُ الْعُسْرَةِ। ৯ম হিজরির রজব মাসে এই যুদ্ধ সংঘটিত হয়েছিল।

يَزِيْغُ : **বিচলিত হয়েছে; চিত্ত-বৈকল্য হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب জিনস اجوف يائى মূলবর্ণ (ز ـ ى ـ غ) মাসদার اَلزَّيْغُ - اَلزَّيْغَةُ অর্থ- বক্র হওয়া; ঝুঁকা।

كَادَ يَزِيْغُ : **ফিরে যাওয়ার উপক্রম হয়েছিল**।

আয়াত : ১১৮

خُلِّفُوْا : **যাদেরকে পেছনে রাখা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل ماضى مجهول বাব تَفْعِيْل অর্থ- পিছনে ফেলা। পিছনে রাখা।

ضَاقَتْ : **সে সঙ্কীর্ণ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّيْقُ মূলবর্ণ (ض ـ ى ـ ق) অর্থ- সঙ্কীর্ণ হওয়া; হ্রাস পাওয়া।

رَحُبَتْ : **প্রশস্ত হয়েছে; প্রসারিত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ فعل ماضى معروف বাব كَرُمَ মূলবর্ণ (ر ـ ح ـ ب) মাসদার اَلرَّحَابَةُ অর্থ- প্রসারিত হওয়া; প্রশস্ত হওয়া।

مَلْجَأً : **আশ্রয়স্থল; নিবাস**। اَللَّجَاءُ মাসদার থেকে اسم ظرف একবচন, বহুবচন- مَلَاجِئُ মূলবর্ণ (ل ـ ج ـ ء)

আয়াত : ১১৯

اَلصّٰدِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلصِّدْقُ - اَلصَّدَاقَةُ অর্থ- সত্য বলা।

আয়াত : ১২০

لَا يَرْغَبُوْا : **তারা প্রিয় মনে না করে**। সীগাহ جمع مذكر غائب বহছ نهى غائب معروف বাব سَمِعَ মাসদার اَلرَّغْبُ و الرغب و الرغب ـ فيه অর্থ- আকাঙ্ক্ষা করা; পছন্দ করা। عنه বিমুখ হওয়া।

لَا يُصِيْبُ : **স্পর্শ করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব افعال মূলবর্ণ (ص ـ و ـ ب) জিন্‌স اجوف واوى অর্থ- আপতিত হওয়া; স্পর্শ করা; পাওয়া।

ظَمَأٌ : **পিপাসা; তৃষ্ণা**। বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ (ظ ـ م ـ ء) অর্থ- পিপাসা লাগা।

يَغِيْظُ : **ক্রোধ উদ্রেক করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْغَيْظُ মূলবর্ণ (غ ـ ى ـ ظ) জিন্‌স اجوف يائى অর্থ- ক্রোধের উদ্রেক হওয়া।

نَصَبٌ : **ক্লান্তি; অবসাদ**। বাব سَمِعَ -এর মাসদার। ক্লান্ত হওয়া। কষ্ট পাওয়া।

مَخْمَصَةٌ : **ক্ষুধা**। বাব كَرُمَ -এর মাসদার। ক্ষুধা পাওয়া।

لَا يَطَئُوْنَ : **তারা পদচারণা করেনা; পথ অতিক্রম করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع منفى বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ط ـ ء) মাসদার اَلْوَطْءُ অর্থ- পদচারণা করা; পদক্ষেপ রাখা; পথ অতিক্রম করা।

مَوْطِئً : **পদচারণার স্থান**। اسم ظرف একবচন।

لَا يَنَالُوْنَ : **তারা অর্জন করবে না; তারা সফলকাম হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ى ـ ل) মাসদার اَلنَّيْلُ অর্থ- অর্জন করা; সফলকাম হওয়া।

عَدُوٍّ : **শত্রু**। বহুবচন اعداء সর্বলিঙ্গ ও বচনে ব্যবহৃত।

لَا يُضِيْعُ : **নষ্ট করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى مضارع معروف বাব اِفْعَالٌ জিনস اجوف يائى মূলবর্ণ (ض ـ ى ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ - নষ্ট করা।

আয়াত : ১২১

لَا يَقْطَعُوْنَ : **তারা কর্তন করেনা। তারা টুকরা করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع منفى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ط ـ ع) মাসদার اَلْقَطْعُ অর্থ- কর্তন করা; কাটা; টুকরা করা।

وَادِيًا : **উপত্যকা; প্রান্তর**। শব্দটি একবচন, বহুবচন- اَوْدِيَةٌ - وُدْيَانٌ

يَنْفِرُوْ : **তারা অভিযানে বের হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضرب মূলবর্ণ (ن ـ ف ـ ر) মাসদার اَلنَّفْرُ অর্থ- অভিযানে বের হওয়া; ভ্রমণে বের হওয়া; পালিয়ে যাওয়া।

يَتَفَقَّهُوْنَ : **তারা অনুধাবন করে; তারা বোঝে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব تَفَعُّلْ মূলবর্ণ (ف ـ ق ـ ه) মাসদার اَلتَّفَقُّهُ অর্থ- বিজ্ঞতা অর্জন করা; অনুধাবন করা; বোঝা।

يَحْذَرُوْنَ : **তারা ভয় করছে**। সন্ত্রস্ত হচ্ছে; সতর্ক হচ্ছে। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ অর্থ- সতর্ক হওয়া; পরিহার করা; বেঁচে থাকা; এড়িয়ে চলা।

আয়াত : ১২২

كَافَّةً : **সকলেই; একসঙ্গে**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ف) জিনস مضاعف মাসদার اَلْكَفُّ অর্থ- প্রতিহত করা; দূর করা। اسم مبالغة -এর অর্থেও ব্যবহার হয় এবং ة টি مبالغة -এর আলামত। এটা সর্বদা نكرة হয়ে থাকে। অর্থ- সকল; পুরোপুরি। ৯ঃ ১২২ আয়াতে এই অর্থ। ২ঃ ২০৮ আয়াতে দুই ধরনের অর্থ করা হয়েছে। ১. প্রতিহতকারী। অর্থাৎ শত্রুকে প্রতিহত করে ইসলামে দাখিল হয়ে যাও। ২. পুরোপুরি। তেমনিভাবে আয়াত ৯ঃ ৩৬ এখানেও দুভাবে ব্যাখ্যা করা যায়। ১. মুশরিকদেকে প্রতিহত করার জন্য যুদ্ধ কর। যদিও কেউ কেউ এ ব্যাখ্যা করেছেন; কিন্তু তা দুর্বল। ২. সব মুশরিকদের সাথে যে কোনো সময় যে কোনো অবস্থায় যুদ্ধ কর, যেমন তারা তোমাদের সাথে করে। তারা হেরেমের সীমানাকেও মানে না। আয়াত- ৩৪ঃ ২৮ এর অর্থ স্পষ্ট, যা মুফাসসিরগণ করেছেন। অর্থাৎ সব লোকের জন্য আমি আপনাকে শুভ সংবাদদাতা এবং সতর্ককারীরূপে প্রেরণ করেছি। ইমাম রাগেব অন্য একটি ব্যাখ্যা দিয়েছেন। আমি আপনাকে লোকদেরকে পাপের পথে বাধা দেওয়ার জন্য প্রেরণ করেছি। এ ক্ষেত্রে كافة হবে اسم فاعل এবং ة হবে مبالغة -এর জন্য।

لَا نَفَرَ : **বের হয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব ضرب - سَمِعَ মাসদার اَلنِّفَارُ . اَلنُّفُوْرُ . اَلنَّفَرُ অর্থ- অর্থ বের হওয়া; পালানো।

يَحْذَرُوْنَ : **তারা সতর্ক হয়; পরিহার করে; এড়িয়ে চলে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ذ ـ ر) মাসদার اَلْحَذَرُ وَالْحَذَرَا وَالْمَحْذُوْرَةُ অর্থ- ভয় করা; সতর্ক হওয়া।

আয়াত : ১২৩

يَلُوْنَ : **তারা নিকটবর্তী হচ্ছে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ এবং حَسِبَ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلْوَلْىُ অর্থ- নিকটবর্তী হওয়া; কাছে আসা।

لِيَجِدُوْا : তারা যেন পায়; তারা যেন দেখে। সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) জিনস مثال واوى মাসদার اَلْوُجُوْدُ অর্থ- অর্জন করা; পাওয়া; লাভ করা।

غِلْظَةً : **কঠোরতা; রূঢ়তা**। এটি বাব نَصَرَ - ضَرَبَ -এর মাসদার। আরো কয়েকটি মাসদার হলো اَلْغَلْظُ وَ الْغِلَاظَةُ وَ الْغِلْظَةُ মূলবর্ণ (غ ـ ل ـ ظ) অর্থ- কঠোর হওয়া; পুরু হওয়া; মোটা হওয়া।

আয়াত : ১২৪

يَسْتَبْشِرُوْنَ : **তারা আনন্দিত হয়;** তারা খুশি হবে। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلْاِسْتِبْشَارُ অর্থ- আনন্দিত হওয়া; প্রফুল্ল হওয়া।

আয়াত : ১২৫

رِجْسًا : **কলুষতা; অপবিত্রতা; নাপাকি; আবর্জনা**। শব্দটি একবচন, বহুবচন- اَرْجَاسٌ

يُفْتَنُوْنَ : **তারা পরীক্ষার সম্মুখীন হচ্ছে; তারা বিপর্যস্ত হচ্ছে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفَتْنُ অর্থ- পরীক্ষা করা; শস্তি প্রদান করা। প্রজ্বলিত করা।

আয়াত : ১২৭

لَا يَفْقَهُوْنَ : **তারা অনুধাবন করে না; তারা বোঝে না**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع منفى معروف বাব سَمِعَ ও كَرُمَ মাসদার اَلْفِقْهُ মূলবর্ণ (ف ـ ق ـ ه) অর্থ- অনুধাবন করা; বোঝা; অবগত হওয়া।

اِنْصَرَفُوْا : **তারা চলে যায়; সরে পড়ে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব انفعال মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلْاِنْصِرَافُ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ১২৮

عَزِيْزٌ : **পরাক্রমশালী; অপরাজেয়**। শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে এটি কয়েক অর্থে ব্যবহৃত হতে পারে। عزيز হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। কারো কারো মতে عزيز হলো এমন সত্তা যার পর্যন্ত পৌঁছা সম্ভব হয়না এবং কোনো অসমীচীন বিষয়ের প্রভাব তার উপর সম্ভব নয়। কেননা আরবি ভাষায় عزيز বলার উদ্দেশ্য হলো তার প্রাচীনতার স্বীকারোক্তি এমনভাবে প্রদান করা যে, সর্বদা চলে আসছে, যাতে সামান্যতম পরিবর্তনেরও সুযোগ নেই। কেউ কেউ এর অর্থ করেছেন, তিনি এত জবরদস্ত যাকে কেউ পরাজিত করতে পারে না। আবার কেউ অর্থ করেছেন, তিনি এত শক্তিশালী যার কারণে তিনি সকলের উপর প্রাধান্য বিস্তার করেন। আবার কেউ বলেন- عزيز এমন সত্তা যার কোনো দৃষ্টান্ত নেই। عزيزআরবি ভাষায় عزة থেকে গঠিত। যার অর্থ সুদৃঢ় হওয়া। আল্লাহকে عزيز বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে, তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্তকাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। এটি আবার মিসর ও সাবেক গ্রীক সম্রাটের উপাধিবিশেষ। যেমন কুরআনে রয়েছে- يَا اَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا (হে আযিয! (বাদশা) আমাদের উপর্র দুর্ভিক্ষ নেমে এসেছে।)

مَا عَنِتُّمْ : **তোমরা দুঃখ-কষ্টে নিপতিত হলে**। শুরুর ما টি মাসদারিয়্যাহ। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل ماضى منفى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَنَاءُ মূলবর্ণ (ع ـ ن ـ ى) অর্থ- কষ্টে নিপতিত হওয়া।

رَءُوْفٌ : **অত্যধিক দয়ালু;** কোমলহৃদয়। শব্দটি فَعُوْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ।

رَحِيْمٌ : **পরম দয়ালু**। এটি فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। এখানে রাসূল ﷺ উদ্দেশ্য।

আয়াত : ১২৯

تَوَلَّوْا : **তারা পরান্মুখ হয়; মুখ ফিরিয়ে নেয়**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) জিনস لفيف مفروق মাসদার اَلتَّوَلِّيَةُ অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; মুখ ফিরিয়ে নেওয়া।

সূরা ইউনুস : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১০৯, রুকূ' : ১১

আয়াত : ১

الٓرٰ : **আলিফ-লাম- রা**। এগুলোকে হরূফে মুকাত্তাআ'ত বলা হয়। যা বিভিন্ন সূরার প্রারম্ভে বিচ্ছিন্ন বর্ণ দ্বারা গঠিত হয়ে এক একটা বাক্য উল্লিখিত হয়েছে। যেমন- الٓمّٓ ইত্যাদি। এ অক্ষরগুলোর প্রত্যেকটিকে পৃথক পৃথকভাবে সাকিন পড়া হয়। যেমন- الف ۔ لام ۔ میم কোনো কোনো তাফসীরকারক এ হরফগুলোকে সংশ্লিষ্ট সূরার নাম বলে অভিহিত করেছেন। আবার কেউ কেউ বলেছেন যে, এগুলো আল্লাহর নামের তত্ত্ববিশেষ। তবে সবচেয়ে বিশুদ্ধ মত হলো, হরূফে-মুকাত্তায়াতগুলো এমনি রহস্যপূর্ণ যার মর্ম ও মাহাত্ম্য একমাত্র আল্লাহ তা'আলাই জানেন। অন্য কাউকেও এ বিষয়ে জ্ঞান দান করা হয়নি। তবে বিভিন্ন মুসফাসসির এর যে অর্থ বর্ণনা করেছেন তা তাদের স্বতন্ত্র মত।

اٰيٰتُ : **নিদর্শনাবলি; আল্লাহর বিধানাবলি; শিক্ষণীয় ঘটনা**। কুরআনের অংশবিশেষ। এটি اٰيَةٌ -এর বহুবচন।

اَلْكِتٰبِ : **কিতাব; গ্রন্থ; লিখিত রচনা**; যাতে লেখা হয়; লিখিত বস্তু; যা লেখা হয়। হুকুম; বিধান। এর مصدرى অর্থ হলো লেখা। পবিত্র কুরআনের নাম। এ ছাড়াও কুরআনের আরো কতিপয় নাম উল্লেখ রয়েছে। যেমন- কুরআন। আল-কিতাব; যিক্‌র; তানযীল; ফুরকান।

اَلْحَكِيْمِ : **প্রজ্ঞাময়; হেকমতওয়ালা**। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এটি فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ।

আয়াত : ২

اَكَانَ لِلنَّاسِ : **মানুষের জন্য কি এটা আশ্চর্যের বিষয়? শুরুর হামযাটি প্রশ্নবোধক**। كَانَ অর্থ- ১. ছিল; ২. আছে; ৩. সদা বিরাজমান। এর তিনটি অবস্থা

১. اسم -কে رفع এবং خبر -কে نصب প্রদান করে। যাকে ناقصة বলা হয়। যেমন- كَانَ زَيْدٌ قَائِمًا অতীতকালে যায়েদের জন্য দণ্ডায়মানতা প্রমাণ করা হচ্ছে। এটি اسم -এর জন্য خبر -এর প্রমাণের চলমানতা বা قَرِيْنَة -এর- اِنْقِطَاع অনুযায়ী কাজ করে। এর কয়েকটি অর্থ রয়েছে- ক. بمعنى صَارَ (হওয়া) পবিত্র কুরআনে রয়েছে- "وَسُيِّرَتِ الْجِبَالُ فَكَانَتْ سَرَابًا". খ. بِمَعْنَى اِسْتِقْبَال পবিত্র কুরআনে রয়েছে- "يَخَافُوْنَ يَوْمًا كَانَ شَرُّهٗ مُسْتَطِيْرًا". গ. بِمَعْنَى حَال যেমন "كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ". ঘ. بِمَعْنَى تَسَلْسُلِ الزَّمَانِ অর্থাৎ খবরের প্রমাণ ইসমের জন্য অতীত, বর্তমান ও ভবিষ্যৎ কালের তিনোটির মধ্যে অবিচ্ছিন্নভাবে হওয়া। যেমন পবিত্র কুরআনে রয়েছে ঃ "وكان الله غفورا رحيما". আল্লাহ ক্ষমাকারী ও দয়ালু সর্বদাই আছেন এবং সর্বদাই থাকবেন। তাফসীর বিশারদদের পরিভাষায় এ তৃতীয় প্রকারের كان কে كان مستمرة-ও বলা হয়।

২. শুধুমাত্র اسم -এর উপর প্রবেশ করে এবং তার অর্থও পূর্ণ হয়ে যায়। তাকে كان تامة বলা হয়। তখন তার অর্থ হয় ثبت বা وقع। প্রথমটির উদাহরণ ঃ كَانَ اللّٰهُ وَلَا شَيْءَ مَعَهٗ. দ্বিতীয়টির উদাহরণ مَا شَاءَ اللّٰهُ كَانَ وَمَا لَمْ يَشَأْ لَمْ يَكُنْ : যা চেয়েছেন তা হয়েছে আর যা চননি তা হয়নি।

৩. তৃতীয়ত এটি বাক্যের মধ্যে বা শেষে অতিরিক্ত হয়ে থাকে। এ অবস্থায় এর কোনো আমল থাকেনা এবং কোনো কাল ইত্যাদির উপর دلالت করেনা। যেমন زَيْدٌ كَانَ مُنْطَلِقٌ وَزَيْدٌ مُنْطَلِقٌ كَانَ - এ উদাহরণসমূহে كان অতিরিক্ত। এর না আমল আছে না অর্থ। তাছাড়া كان زائدة টি সর্বদা فعل ماضى ই হয়ে থাকে। فعل مضارع খুবই কম হয়ে থাকে। আবার كان টি ينبغى -এর অর্থেও হয়ে থাকে। যেমন- مَا كَانَ لَكُمْ اَنْ تُنْبِتُوْا شَجَرَهَا - অতীতকালের অবিচ্ছিন্নতার জন্যও হয়ে থাকে। অর্থ ঃ ছিল। যেমন- كَانَ فِى الْمَدِيْنَةِ تِسْعَةُ رَهْطٍ - আবার مفعول কে ظرف مكان বানিয়েও ব্যবহার করা হয়। যেমন- كُنْتُ الْكُوْفَةَ (আমি কুফায় ছিলাম।) كَانَ

: لَكَ اَنْ تَفْعَلَ كَذَا (তুমি এরকম করতে পারতে।) : كَانَ مَا كَا نَ يَفْعَلُ كَذَا (সে এরকম করছিল)। : كَانَ (যা কিছুই হোকনা কেন।) : اَيٌّ مَنْ كَانَ যে ব্যক্তিই হোকনা কেন।

عَجَبًا : **আশ্চর্যান্বিত হওয়া; বিস্মিত হওয়া**। এটি বাবে سَمِعَ -এর মাসদার। উল্লেখ্য যা অতুলনীয় তাকে عجب বলা হয়, আর যা দ্বারা মানুষ আশ্চর্যান্বিত হয় তাকে বলা হয় عَجِيْب

اَنْذِرْ : **আপনি ভীতি প্রদর্শন করুন; সতর্ক করুন**। সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- ভীতি প্রদর্শন করা; ভয় দেখানো।

بَشِّرِ : **আপনি সুসংবাদ প্রদান করুন**। সীগাহ واحد تَفْعِيْل বাব امر حاضر معروف বহছ مذكر حاضر মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ- সুসংবাদ প্রদান করা।

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা। বিশ্বাস করা।

قَدَمَ صِدْقٍ : **সম্মানিত ও সত্য মর্যাদা**। قَدَمَ মুযাফ এবং صِدْقٍ মুযাফ ইলাইহি। قَدَم অর্থ পা। যেহেতু পা-ই মানুষের চেষ্টা-তদবীর এবং উন্নতির চাবিকাঠি হয়ে থাকে, সেহেতু ভাবার্থ হিসেবে উচ্চমর্যাদাকে আরবিতে 'কদম' (পদমর্যাদা) বলে দেওয়া হয়। আর 'সত্যের পা' বলে এ কথাই বোঝানো হয়েছে যে, এই উচ্চমর্যাদা যা তাঁরা পাবে তা সত্য ও সুনিশ্চিত এবং তা চিরকাল থাকার মতো প্রতিষ্ঠিতও বটে। পৃথিবীর পদমর্যাদার মতো নয়। মোটকথা, শব্দ ব্যবহার করে এ কথাই বোঝানো হয়েছে যে, আখেরাতের পদমর্যাদা যেমন সত্য-সঠিক, তেমনি পরিপূর্ণ এবং চিরস্থায়ীও বটে। অতএব, বাক্যের অর্থ দাঁড়ালো, ঈমানদারগণকে এ সুসংবাদ দিয়ে দিন যে, তাদের জন্যে তাঁদের পালনকর্তার কাছে অনেক বড় সম্মানিত মর্যাদা রয়েছে যা তাঁরা নিশ্চিতই পাবে এবং পাওয়ার পর কখনো তা শেষ হয়ে যাবে না। কোনো কোনো মুফাসসির বলেছেন, এক্ষেত্রে صِدْقٍ শব্দ প্রয়োগের মাঝে এমন ইশারাও করা উদ্দেশ্য যে, জান্নাতের এসব উচ্চমর্যাদা একমাত্র সত্যনিষ্ঠা ও এখলাসের কারণেই পাওয়া যাবে।

قَالَ : **সে বলেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) বলা। মনে মনে বলা; মুখে কোনো কথা প্রকাশ করা; কোনো কিছুর প্রতি পূর্ণ মনোযোগী হওয়া; নির্দেশ প্রদান করা; বর্ণনা করা; ইশারা করা; অন্তর দ্বারা কোনো কথাকে সত্য জানা ইত্যাদি অর্থের জন্য قول শব্দটি ব্যবহৃত হয়।

قول -এর পর قائل -এর বাক্যটি বর্ণনাস্বরূপ হুবহু বর্ণনা করা হয়। যেমন- قَالَ اِنِّىْ عَبْدُ اللّٰهِ. আবার অর্থগতও বর্ণনা করা হয়। যেমন- قال انه عبد الله. উভয় অবস্থায় বাক্যে قول -এর কোনো প্রভাব প্রকাশ পাবেনা। قول কখনও ظن -এর অর্থের জন্য ব্যবহৃত হয়, তখন তা তার পরবর্তী مبتدأ و خبر কে নসব প্রদান করে। যেমন- أَتَقُوْلُ الْمُسَافِرَ قَادِمًا الْيَوْمَ؟ তোমার কি ধারণা যে মুসাফির আজ আসবে?

اَلْكَافِرُوْنَ : **কাফেররা** ; আল্লাহর একত্ববাদে অবিশ্বাসী। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ- অস্বীকার করা; গোপন করা; অমান্য করা।

سِحْرٌ : **জাদু; জাদু করা**। এটি ইসম ও মাসদার। তবে এটি একটি বিরল মাসদার। সাধারণত এর মাসদার আসে। سِحْرًا

مُبِيْنٌ : **স্পষ্ট করে বর্ণনাকারী; প্রকাশকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبَانَةُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ- বর্ণনা করা; প্রকাশ করা।

আয়াত : ৩

رَبَّ : **প্রতিপালক;** লালনপালনকারী; মালিক; প্রভু। শব্দটি একবচন, বহুবচন- اَرْبَابٌ

اَللّٰهُ : **আল্লাহ; অবশ্য-বিদ্যমান সত্তা**। আল্লাহ তা'আলার জাতি নাম। আল্লাহ। এটি কোনো বিশেষ সিফাতের জন্য ব্যবহার হয় না; বরং সমস্ত সিফাত দিকে সম্পৃক্ত করা হয়। পবিত্র কুরআনও এ নামটিকে ইসমে জাত হিসেবে নির্বাচন করে সমস্ত সিফাতকে -এর প্রতি

সম্পৃক্ত করেছে। (শব্দটির ধাতুমূল হলো إلـه যার শুরুতে আলিফ লাম প্রবিষ্ট হয়েছে। অতঃপর হামযাকে বিলুপ্ত করে উভয় লামকে ইদগাম করা হয়েছে)

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন; আবিষ্কার করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

اِسْتَوٰى : **তিনি অধিষ্ঠিত হয়েছেন; সে দাঁড়িয়েছে; দণ্ডায়মান হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِوَاءُ মূলবর্ণ (س ـ و ـ ء) অর্থ– স্থির হওয়া; সমাসীন হওয়া; অধিষ্ঠিত হওয়া। এখানে অধিষ্ঠিত হওয়ার অর্থই হবে। এ সংক্রান্ত আহলে সুন্নত ওয়াল জামাতের আকিদা হলো, আল্লাহর অধিষ্ঠিত হওয়াটা মানুষের অধিষ্ঠিত হওয়ার মতো নয়। বরং তারা বলেন, يَلِيْقُ بِهِ اِسْتَوَا তার শান অনুযায়ী তিনি অধিষ্ঠিত হয়েছেন। মানুষের অধিষ্ঠিত হওয়ার ন্যায় নয়।

يُدَبِّرُ : **তিনি পরিচালনা করেন; ব্যবস্থাপনা করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (د ـ ب ـ ر) মাসদার اَلتَّدْبِيْرُ অর্থ– পরিচালনা করা; ব্যবস্থাপনা করা।

شَفِيْعٍ : **সুপারিশকারী।** এটি فَعِيْلٌ -এর ওজন فاعل -এর অর্থে ব্যবহৃত হয়েছে। বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ف ـ ع) মাসদার اَلشَّفَاعَةُ অর্থ– সুপারিশ করা।

اُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা।

تَذَكَّرُوْنَ : **তোমরা উপদেশ গ্রহণ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تفعل মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা।

আয়াত : ৪

يَبْدَأُ : **তিনি সূচনা করেছেন; প্রথমবার করছেন; প্রথম সৃষ্টি করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف তবে ماضي অর্থে ব্যবহৃত হয়েছে। বাব فتح মূলবর্ণ (ب ـ د ـ ء) মাসদার اَلْبَدْءُ অর্থ– সূচনা করা; সৃষ্টি করা; অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা।

خَلْقَ : **তিনি সৃষ্টি করেছেন।** বাব نَصَرَ -এর মাসদার। অর্থ–সৃষ্টি করা; আবিষ্কার করা; উদ্ভাবন করা। শব্দটি আবার مَخْلُوْق অর্থেও ব্যবহৃত হয়। তখন অর্থ হবে সৃষ্টি; সৃষ্টজীব।

يُعِيْدُهٗ : **সে তা পুনর্বার করবে; তিনি তাকে পুনর্বার সৃষ্টি করবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف - ه যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– পুনর্বার সৃষ্টি করা; পুনরায় করা; প্রত্যাবর্তন করা।

لِيَجْزِيَ : **যেন তাকে প্রতিদান দেওয়া হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; যা لام كى দ্বারা منصوب হয়েছে। বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ز ـ ى) মাসদার اَلْجَزَاءُ অর্থ– প্রতিদান দেওয়া।

اٰمَنُوْا : **তারা ঈমান আনয়ন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনয়ন করা; বিশ্বাস করা।

عَمِلُوْا : **আরা আমল করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; সৎকর্ম করা।

اَلْقِسْطِ : **ন্যায়পরায়ণতা; ইনসাফ।** এটি এমন ইসমে মাসদার যা থেকে কোনো فعل উদ্ভূত হয় না।

كَفَرُوْا : **তারা কুফরি করেছে; তারা আল্লাহর একত্ববাদে অবিশ্বাস করেছে; শরিয়তের বিধিবিধান অস্বীকার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অস্বীকার করা।

شَرَابٌ : **পানীয় বস্তু। শরাব; মদ।** এমন বস্তু যা চিবাতে হয় না; বরং পান করতে হয়। বহুবচন– اَشْرِبَةٌ শরাব; মদ।

حَمِيْمٍ : **অত্যধিক গরম পানি।** আর حَمِيْمٌ (ج) اَحْمَاءٌ অর্থ– সুহৃদ; ঘনিষ্ঠ বন্ধু। মূলত ভীষণ গরম পানিকে حَمِيْم বলা হয়। ঘনিষ্ঠ বন্ধুও যেহেতু বন্ধুর সাহায্যে গরম ও ব্যতিব্যস্ত হয়ে উঠে তাই রূপকার্থে حَمِيْم অর্থ বন্ধুও।

আয়াত : ৫

جَعَلَ : **তিনি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- ১. তৈরি করা; বানানো; সৃষ্টি করা। যেমন- "جَعَلَ اللّٰهُ الظُّلُمَاتِ" ২. রাখা। পরিবর্তন করা। যেমন-"جَعَلَ الْحَسَنَ قَبِيْحًا" ৩. ধারণা করা। যেমন- "جَعَلَ الْحَقَّ بَاطِلًا" সে সত্যকে মিথ্যা ধারণা করেছে। ৪. নির্ধারিত করা। নিয়োগ করা। যেমন- "جَعَلَهُ حَاكِمًا" সে তাকে গভর্নর নিযুক্ত করেছে। ৫. لَهُ كَذَا عَلَى كَذَا -শর্ত নির্ধারণ করা। ৬. শুরু করা। যেমন-"جَعَلَ يَكْتُبُ" সে লিখতে শুরু করল। ৭. দান করার অর্থেও ব্যবহৃত হয়। যেমন- "اِجْعَلْ لِيْ لِسَانَ صِدْقٍ" আমাকে সত্য রসনা দান করুন।

ضِيَاءً : **জ্যোতি; ঔজ্জ্বল্য; আলো; রশ্মি**। এটি ইসম ও মাসদার। মাসদারি অর্থ হলো আলোকিত হওয়া; উজ্জ্বল হওয়া। مهموز لام এবং اجوف واوى থেকে ব্যবহৃত। উল্লেখ্য এ আয়াতে شَمْس -এর জন্য ضِيَاء এবং قَمَر- এর জন্য نُوْر শব্দদ্বয় ব্যবহার করা হয়েছে। যেহেতু উভয়টির অর্থই জ্যোতি ও ঔজ্জ্বল্য তাই বিশিষ্ট অভিধানবিদগণ এ দু'টি শব্দকে একই অর্থবোধক বলে উল্লেখ করেছেন। কিন্তু আল্লামা যমখশরী এবং তায়েবী প্রমুখ বলেছেন যে, যদিও উভয় শব্দের মাঝেই জ্যোতি অর্থ বিদ্যমান, তথাপি উভয়ের মাঝে পার্থক্য আছে। তা হলো- نُوْر শব্দটি ব্যাপক। দুর্বল সবল, ক্ষীণ তীক্ষ্ম যে কোনো জ্যোতিকেই نُوْر বলা যায়। পক্ষান্তরে যে আলোতে তীক্ষ্মতা বিদ্যমান শুধু তাকেই ضِيَاء، ضُوْء এবং বলা হয়। আর মানুষের উভয় রকমের আলোরই প্রয়োজন রয়েছে। সাধারণ কাজকর্মের জন্য দিনের প্রখর আলোর প্রয়োজন, আর ছোট ছোট কাজের জন্য রাতের ক্ষীণ আলোই বেশি পছন্দনীয়। যদি দিনের বেলায়ও শুধু চাঁদের অনুজ্জ্বল আলোই থাকত, তাহলে কাজকর্মে অসুবিধার সৃষ্টি হতো। পক্ষান্তরে যদি রাতেও সূর্যের তীক্ষ্ম আলো থাকত, তাহলে ঘুম এবং রাতের উপযুক্ত কাজে অসুবিধা হতো। কাজেই আল্লাহপাক দু'ধরনের আলোর ব্যবস্থাই এমনভাবে করেছেন যে, সূর্যের আলোক ضِيَاء، ضُوْء এবং -এর পর্যায়ে রেখেছেন। আর চাঁদকে হাল্কা এবং মৃদু আলো দিয়ে বানিয়েছেন এবং রাতে তার প্রকাশের ব্যবস্থা করেছেন। সূর্য ও চাঁদের আলোর পার্থক্যের কথা কুরআন একাধিক জায়গায় বিভিন্ন ভঙ্গিতে বর্ণনা করেছে। [মা'আরিফুল কুরআন]

قَدَّرَهُ : **তিনি নির্ধারিত করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ- নির্ধারণ করা।

مَنَازِلَ : **মঞ্জিলসমূহ**। শব্দটি مَنْزِلٌ-এর বহুবচন। এর প্রকৃত অর্থ অবতীর্ণ হওয়ার স্থান। আল্লাহপাক চন্দ্র-সূর্য উভয়ের চলার জন্য বিশেষ সীমানা নির্ধারণ করে দিয়েছেন যার প্রত্যেকটিকেই একেক مَنْزِلٌ বলা হয়। চাঁদ যেহেতু প্রতি মাসে তার নিজস্ব পরিক্রমণ সমাপ্ত করে ফেলে, সেহেতু তার মঞ্জিল হলো ত্রিশ অথবা উনত্রিশটি। অথবা যেহেতু চাঁদ প্রতিমাসে কমপক্ষে একদিন লুক্কায়িত থাকে সেজন্যে সাধারণত চাঁদের মঞ্জিল আঠাশটি বলা হয়। আর সূর্যের পরিক্রমণ বছরান্তে পূর্ণ হয় বলে তার মঞ্জিল হলো তিনশ' ষাট অথবা পঁয়ষট্টি। আরবের প্রাচীন জাহেলিয়া যুগে এবং জ্যোতির্বিদদের মতেও এই মঞ্জিলগুলোর বিশেষ বিশেষ নাম সেসব নক্ষত্রের সাথে মিলিয়ে রাখা হয়েছে যেগুলো সেসব মঞ্জিলের নিকটবর্তী। [মা'আরিফুল কুরআন] চন্দ্রমাসের এই مَنْزِلٌ কে বাংলায় তিথি বলে।

عَدَدَ : **সংখ্যা**। ইসম। একবচন, বহুবচন- اَعْدَادٌ; বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) জিনস مضاعف মাসদার اَلْعَدُّ অর্থ- গণনা করা; শুমার করা। عَدَدَ السِّنِيْنَ وَالْحِسَابِ অর্থ- বছরের গণনা এবং হিসাব।

اَلسِّنِيْنَ : **বছর বা বর্ষসমূহ**। বহুবচন, একবচন سَنَةٌ অর্থ- বছর; বর্ষ; দুর্ভিক্ষ। এর جمع سالم - جمع -এর মতো ون এবং ى ن দ্বারা হয়ে থাকে। اضافت-এর সময় ن বিলুপ্ত হয়ে যায়, কিন্তু يا সব সময় ঠিক থাকে। অবস্থার ভেদে ن -এর হরকতের পরিবর্তন হয়। نكرة হলে তাতে تنوين হয় এবং ن বিলুপ্ত হয়না। হাদীসে রয়েছে- اَللّٰهُمَّ اجْعَلْهَا سِنِيْنَ كَسِنِيْنَ يُوْسُفَ এখানে سِنِيْنَ يُوْسُفَ -এর মধ্যে اِضَافَتْ হয়েছে। কিন্তু ن বিলুপ্ত হয়নি।

আয়াত : ৭

لَا يَرْجُوْنَ : **তারা আশা পোষণ করে না**। সীগাহ جمع نفی فعل مضارع معروف مذکر غائب বহছ বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) জিনস ناقص یائی মাসদার اَلرَّجَاءُ وَ الرَّجْوُ وَ الرَّجَاةُ وَ الْمَرْجَاةُ অর্থ- আশান্বিত হওয়া; আকাঙ্ক্ষা করা। কেউ কেউ ভয়ভীতি এর অর্থে ব্যবহার করেছেন।

لِقَاءَ : **সাক্ষাৎ**। বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ(ل ـ ق ـ ی) জিনস ناقص یائی অর্থ- সাক্ষাৎ করা; দেখা করা; উপস্থিত হওয়া। এখানে শেষার্থ উদ্দেশ্য।

اِطْمَأَنُّوْا : **তারা শান্ত হয়েছে;** নিরাপদ হয়েছে। সীগাহ جمع مذکر غائب বহছ ماضی معروف বাব اِفْعِيْلَالٌ মাসদার اَلْاِطْمِيْنَانُ অর্থ- শান্ত হওয়া; প্রশান্তি অর্জন করা।

غَافِلُوْنَ : **অসচেতন লোকসকল**। সীগাহ جمع مذکر বহছ اسم فاعل হালতে রফা। বাব نَصَرَ মাসদার اَلْغَفْلُ মূলবর্ণ (غ ـ ف ـ ل) অর্থ- অসচেতন হওয়া; গাফেল হওয়া।

আয়াত : ৮

مَأْوٰى : **শব্দটি মাসদার আবার ইসমে যরফও**। অর্থ- আশ্রয়স্থল; ঠিকানা। অবস্থান করা। বাব ضَرَبَ -এর صلة যদি الی হয় তখন অর্থ হবে আশ্রয় গ্রহণ করা। কিন্তু এর صلة যদি لام হয় তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা।

اَلْمَأْوٰى : الف و لام যোগে। এ শব্দটি পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। সব স্থানেই মাসদারী অর্থ উদ্দেশ্য।

يَكْسِبُوْنَ : **তারা উপার্জন করে**। সীগাহ جمع مذکر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ(ك ـ س ـ ب) অর্থ- উপার্জন করা।

আয়াত : ৯

يَهْدِيْهِمْ : **তিনি তাদেরকে পথপ্রদর্শন করেন; হেদায়েত করেন**। সীগাহ واحد مذکر غائب বহছ مضارع معروف; هم যমীর মাফঊল। বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ(ه ـ د ـ ی) অর্থ- পথপ্রদর্শন করা; সঠিক পথের দিশা দেওয়া; হেদায়েত করা।

تَجْرِىْ : **প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ی) মাসদার اَلْجَرْىُ وَ الْجِرْيَانُ অর্থ- প্রবাহিত হওয়া।

আয়াত : ১০

دَعْوَاهُمْ : **তাদের আহ্বান; তাদের দোয়া**। এটি মাসদার যা মুযাফ হয়েছে هم যামীরের দিকে। বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و)

سُبْحَانَ : **পবিত্রতা বর্ণনা করা**। এটি অব্যবহৃত ফে'লের মাসদার যা মুফরাদের দিকে মুযাফ হওয়া আবশ্যক। উক্ত মুফরাদটি ইসমে জাহিরও হতে পারে। যেমন- سُبْحَانَ اللّٰهِ আবার যমীর হতে পারে। যেমন- سُبْحَانَهٗ মূলবর্ণ (س ـ ب ـ ح)

تَحِيَّتُهُمْ : **তাদের অভিবাদন; তাদের অভ্যর্থনা জ্ঞাপন; তাদের সালাম**। تَحِيَّة বাব تفعيل -এর মাসদার মুযাফ। هم যমীর মুযাফ ইলাইহি। প্রচলিত অর্থে تَحِيَّة বলা হয় এমন শব্দ বা বাক্যকে যার মাধ্যমে কোনো আগন্তুক কিংবা অভ্যাগতকে অভ্যর্থনা জানানো হয়। যেমন- সালাম, স্বাগতম, খোশ আমদেদ, কিংবা আহ্‌লান ওয়া সাহ্‌লান প্রভৃতি। সুতরাং এ আয়াতের মাধ্যমে বলা হয়েছে যে, আল্লাহ অথবা ফেরেশতাদের পক্ষ থেকে জান্নাতবাসীদেরকে سَلَامٌ -এর মাধ্যমে অভ্যর্থনা জানানো হবে। অর্থাৎ এ সুসংবাদ দেওয়া হবে যে, তোমরা যে কোনো রকম কষ্ট ও অপছন্দনীয় বিষয় থেকে হেফাজতে থাকবে। এ সালাম স্বয়ং আল্লাহ তা'আলার পক্ষ থেকেও হতে পারে।

اَلْحَمْدُ : শুরুর ال টা جنسی -ও হতে পারে আবার استغراقی -ও হতে পারে। সে হিসেবে অর্থ হবে- সর্বপ্রকারের প্রশংসা; অথবা সকল প্রশংসা। বস্তুত দুনিয়াতে যে কোনো স্থানে যে কোনো বস্তুর প্রশংসা করা হয়, বাস্তবে আল্লাহরই প্রশংসা। কেননা এ বিশ্বচরাচরে অসংখ্য মানোরম দৃশ্যাবলি, অসংখ্য মনোমুগ্ধকর সৃষ্টি আর সীমাহীন উপকারী বস্তুসমূহ সর্বদাই মানব মনকে আল্লাহ তা'আলার প্রতি আকৃষ্ট করতে থাকে এবং তার প্রশংসায় উদ্বুদ্ধ করতে থাকে। একটু গভীরভাবে চিন্তা করলেই বুঝা যায় যে, সকল বস্তুর অন্তরালেই এক অদৃশ্য সত্তার নিপুণ হাত সদা

সক্রিয়। যখন পৃথিবীর কোথাও কোনো বস্তুর প্রশংসা করা হয়, তখন প্রকৃতপক্ষে তা উক্ত বস্তুর সৃষ্টিকর্তার প্রতিই বর্তায়। যেমন– কোনো চিত্র, ছবি বা নির্মিত বস্তুর প্রশংসা করা হলে প্রকৃতপক্ষে সে প্রশংসা প্রস্তুতকারকেরই করা হয়। সুতরাং নিঃসন্দেহে এ কথাই বলতে হয় যে اَلْحَمْدُ لِلّٰهِ যদিও প্রশংসার জন্য ব্যবহৃত হয়েছে, কিন্তু এর মধ্যে অতি সূক্ষ্মতার সাথে বর্ণনা করা হয়েছে যে, সকল সৃষ্টিবস্তুর উপাসনাই নিষিদ্ধ হলো। তাছাড়া এর দ্বারা অত্যন্ত আকর্ষণীয় পদ্ধতিতে একত্ববাদের শিক্ষাও দেওয়া হয়েছে। এটি বাব سمع-এর মাসদার আবার ইসমও। মূলবর্ণ (ح ـ م ـ د) পরিভাষায় حمد বলা হয়– هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِيْ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا. অর্থাৎ ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক অথবা না হোক। প্রশংসা করা সংক্রান্ত আরবিতে কয়েকটি শব্দ রয়েছে। যথা– ثنا ، مدح، حمد و شكر আল্লাহর মাহাত্ম্য ও প্রশংসাকে ثناء বলা হয়। সুতরাং حمد ও مدح ইত্যাদির মাঝে عام خاص مطلق -এর نسبت বিদ্যমান। অতএব প্রত্যেক شكر ই حمد কিন্তু প্রত্যেক حمد ই শোকর নয়। আবার প্রত্যেক حمد ই مدح কিন্তু প্রত্যেক مدح হাম্‌দ নয়।

আয়াত : ১১

يُعَجِّلُ : **সে তাড়াহুড়া করে; ত্বরা করে।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ج ـ ل) মাসদার اَلتَّعْجِيْلُ অর্থ– তাড়াহুড়া করা; জলদি করা; ত্বরা করা।

اِسْتِعْجَالَهُمْ : **তারা দ্রুততা কামনা করে।** এটি বাব استفعال-এর মাসদার। هم যমীর مضاف اليه মূলবর্ণ (ع ـ ج ـ ل)

لَقُضِيَ : **অবশ্যই পূর্ণ করে দেওয়া হতো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول بلام تاكيد বাব ضرب মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ– এটি صلة-এর বিভিন্নতার কারণে অর্থও বিভিন্ন হয়ে থাকে। যেমন– قَضٰى (ض) قَضْيًا وَقَضَاءً–

وَقَضِيَّةٌ : **ফয়সালা করা; সিদ্ধান্ত করা;** মীমাংসা করা; মকদ্দমার নির্দেশ শোনানো।

عَلٰى شَيْءٍ : **নিঃশেষ করা;** খতম করা।

اَجَلُ : এটি একবচন; বহুবচন آجَالٌ অর্থ, নির্দিষ্ট সময়। এজন্য মৃত্যুকেও اَجَلُ বলা হয়। কারণ তা নির্দিষ্ট সময়েই আসে।

نَذَرُوا : **তারা মানত করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ، ضَرَبَ আর বাব سمع থেকে এলে অর্থ হবে জেনে বুঝে বিরত থাকা। মূলবর্ণ (ن ـ ذ ـ ر) জিনস সহীহ। মাসদার اَلنَّذْرُ অর্থ– মানত করা; উপাসনালয়ের সেবার জন্য কাউকে উৎসর্গ করা।

لَا يَرْجُوْنَ : **তারা আকাঙ্ক্ষা করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ জিন্‌স ناقص واوى মাসদার اَلرَّجَاءُ অর্থ– আকাঙ্ক্ষা করা; কামনা করা।

لِقَاءَ : **সাক্ষাৎ করা; দেখা করা।** এটি হাসেল মাসদার। বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ق ـ ى)

طُغْيَانِهِمْ : **তাদের অবাধ্যতা; তাদের ঔদ্ধত্য।** এখানে طُغْيَانِ মাসদার মুযাফ। هم যমীর مضاف اليه মূলবর্ণ (ط ـ غ ـ ى) উল্লেখ্য বাব نصر থেকে এলে এবং فعل টি واوى হলে তখন এ মাসদার আসে। আর বাব سَمِعَ وَفَتَحَ থেকে এলে এবং ফেলটি يائى হলে তখন এর মাসদার হবে طَغْيٌ

يَعْمَهُوْنَ : **তারা উদ্ভ্রান্ত হয়ে ঘুরপাক খাচ্ছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف জিনস صحيح মূলবর্ণ (ع ـ م ـ ه) মাসদার اَلْعَمْهُ ـ اَلْعُمُوْهُ ـ اَلْعَمَهُ ـ اَلْعَمْهَانُ অর্থ উদ্ভ্রান্ত হওয়া; উৎকণ্ঠিত হওয়া; হতভম্ব হওয়া। আর বাব تَفْعِيْل থেকে এলে মাসদার اَلتَّعْمِيَةُ অর্থ– অন্যায়ভাবে শত্রুতা পোষণ করা; জুলুম অত্যাচার করা। আর বাব تَفَعُّلْ থেকে تَعَامُهٌ অর্থ হতভম্ব হওয়া।

আয়াত : ১২

مَسَّ : **সে স্পর্শ করেছে; উপনীত হয়েছে; সম্মুখীন হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; উপনীত হওয়া; সম্মুখীন হওয়া; লাগা।

اَلْمُسْرِفِيْنَ : **অপচয়কারীগণ; সীমালঙ্ঘনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل হালাতে জর। বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ- অপব্যয় করা; অপচয় করা; সীমালঙ্ঘন করা।

يَعْمَلُوْنَ : **তারা আমল করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- আমল করা; কাজ করা।

আয়াত : ১৩

اَهْلَكْنَا : **আমরা ধ্বংস করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব افعال মাসদার الاهلاك মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ- ধ্বংস করা; বিনাশ করা। هلاك শব্দটি বিভিন্ন অর্থের জন্য ব্যবহৃত হয়। যেমন- ১. শাস্তি। এখানে এ অর্থই উদ্দেশ্য। ২. ভয়ভীতি ও দারিদ্র্য। ৩. বস্তু হস্তচ্যুত হয়ে অপরের হস্তগত হওয়া। যেমন- هَلَكَ عَنِّىْ سُلْطَانِيَةْ ৪. মৃত্যুবরণ করা; মারা যাওয়া। যেমন- لَا تُلْقُوا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ ৫. কোনো বস্তু নষ্ট হওয়া।

اَلْقُرُوْنَ : **জাতিসমূহ; এমন জাতিসমূহ যাদের প্রত্যেকের যুগ একে অপরের থেকে ভিন্ন।** শব্দটি বহুবচন. একবচন- قَرْنٌ

ظَلَمُوْا : **তারা জুলুম করেছে; অত্যাচার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- জুলুম করা; অত্যাচার করা। এখানে ظُلْم দ্বারা কুফরি ও শিরক উদ্দেশ্য।

جَاءَتْهُمْ : **সে তাদের কাছে এসেছে।** এখানে অর্থ হবে রাসূল ﷺ তাদের কাছে নিয়ে এসেছেন। কারণ جَاءَتْ এখানে باء দ্বারা متعدى হয়েছে। আর باء দ্বারা متعدى হলে এর অর্থ হয় নিয়ে আসা। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف ; هـم যমীরে মাফউল। বাব ضرب মূলবর্ণ (ج ـ ى ـ ء) মাসদার اَلْمَجِيْئُ অর্থ- আসা। আর متعدى হলে অর্থ হবে- নিয়ে আসা।

لِيُؤْمِنُوْا : **যেন তারা ঈমান আনয়ন করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف ; لام كى দ্বারা মানসূব হবে। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ অর্থ- ঈমান আনয়ন করা।

دَعَانَا : **সে আমাদেরকে আহ্বান করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف ; نا যমীরে جمع متكلم মাফউল। মূলবর্ণ (د ـ ع ـ و) বাব نَصَرَ মাসদার الدعاء অর্থ- ডাকা; আহ্বান করা; দোয়া করা।

اَلضُّرُّ : **কষ্ট; ক্লেষ; দুঃখ; দৈন্য।** এটি মাসদার। বাব نَصَرَ মূলবর্ণ (ض ـ ر ـ ر) জিনস مضاعف অর্থ- অভাব, অনটন; কষ্ট।

جَنْبٌ : **পার্শ্বদেশ; বগল; শয়ন করা।** একবচন, বহুবচন- اَجْنَابٌ، جُنُوبٌ মূলবর্ণ (ج ـ ن ـ ب)

قَاعِدًا : **উপবিষ্ট।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বহুবচন قَاعِدُوْنَ বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ع ـ د) জিনস صحيح মাসদার اَلْقُعُوْدُ এটি বিপরীর্থাক শব্দসমূহের একটি। অর্থ- দাঁড়ানো ও বসা।

قَائِمًا : **দণ্ডায়মান।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ- দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

كَشَفْنَا : **আমরা দূরীভূত করে দিলাম; স্পষ্ট করে দিলাম; উন্মুক্ত করে দিলাম।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ وَسَمِعَ প্রকাশ করা; কষ্ট দূরীভূত করা। (এখানে শেষ অর্থ উদ্দেশ্য) এটি বাবে سَمِعَ থেকে لازم এবং বাব ضَرَبَ থেকে متعدى আসে।

مَرَّ : **সে অতিক্রম করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نصر মূলবর্ণ (م ـ ر ـ ر) জিনস مضاعف মাসদার اَلْمُرُوْرُ অর্থ- অতিক্রম করা।

لَمْ يَدْعُنَا : **সে আমাদেরকে আহ্বান করেনি।** সীগাহ واحدمذكر غائب বহছ مضارع منفى بلم ; نا যমীরে মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ- আহ্বান করা; ডাকা; দোয়া করা। শব্দটি মূলত يَدْعُوْنَا ছিল। শুরুতে لم যুক্ত হওয়ার কারণে হরফে ইল্লত واو বিলুপ্ত হয়ে গেছে।

زُيِّنَ : **অলঙ্কৃত করা হয়েছে; সজ্জিত করা হয়েছে;** সুন্দর ও ভালো করে দেখানো হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ- সৌন্দর্যমণ্ডিত করা; সুসজ্জিত করা; অলঙ্কৃত করা।

نَجْزِىْ : **আমরা প্রতিদান দেই বা দেব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া। (ভালো বা মন্দ)

مَوْعِظَةٌ : **উপদেশ; ওয়াজ; নসিহত।** বাব ضَرَبَ -এর মাসদার। মূলবর্ণ (و ـ ع ـ ظ) ; وَعْظٌ ও مَوْعِظَةٌ -এর প্রকৃত অর্থ হলো এমন বিষয় বর্ণনা করা, যা শুনে মানুষের অন্তর কোমল হয় এবং আল্লাহর প্রতি প্রণত হয়ে পড়ে। পার্থিব গাফলতির পর্দা ছিন্ন হয়ে মনে আখেরাতের ভাবনা উদয় হওয়া: কুরআনে কারীম এর প্রতিটি জায়গায় ওয়াদা- প্রতিশ্রুতির সাথে সাথে ভীতি প্রদর্শন, ছওয়াবের সাথে সাথে আজাব, পার্থিব জীবনের কল্যাণ ও কৃতকার্যতার সাথে সাথে ব্যর্থতা ও পথভ্রষ্টতা প্রভৃতর এমন সংমিশ্রিত আলোচনা করা হয়েছে, যা শোনার পর পাথরও পানি হয়ে যেতে পারে। [মা'আরিফুল কুরআন] আবার কারো মতে ভয়-ভীতিমিশ্রিত উপদেশকে مَوْعِظَة বলা হয়।

هُدًى : **হেদায়েত; পথপ্রদর্শন; সঠিক পথের সন্ধান দেওয়া।** এটি বাব ضَرَبَ -এর মাসদার ও ইসম। এটি আরো কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। যেমন-১. দিন। ২. রাস্তা; পথ; ৩. হেদায়েত; দিকনির্দেশনা: "هُدًى" পথপ্রদর্শন। পবিত্র কুরআনে রয়েছে- "لِلْمُتَّقِيْنَ"। ৪. গন্তব্যে পৌছার জন্য সহমর্মিতাসুলভ বা অনুগ্রহশীল পথপ্রদর্শন। পবিত্র কুরআনে রয়েছে- "إِنَّ عَلَيْنَا لَلْهُدٰى"। ৫. আনুগত্য। পবিত্র কুরআনে রয়েছে- "أُولٰئِكَ الَّذِيْنَ هَدَى اللّٰهُ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ"। هُوَ عَلٰى هُدًى : সে সঠিক রাস্তায় আছে; সে হেদায়েতপ্রাপ্ত।

আয়াত : ৫৮

قُلْ : **আপনি বলুন; তুমি বল।** সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- কথা বলা। এছাড়াও قول -এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন, সংবাদ প্রদান করা; মাথা নেড়ে ইশারা করা। মিথ্যারোপ করা। মতাদর্শী হওয়া; মতামত; দৃষ্টিভঙ্গি। কোনো কিছুর প্রতি অন্তর্দৃষ্টি নিবদ্ধ করা; নির্দেশ প্রদান করা। আল্লাহ তা'আলার ইলম। রূপকার্থে قول কে অবস্থার বহিঃপ্রকাশের জন্যও ব্যবহার করা হয়; তখন তার فاعل হবে غير متكلم বস্তু। যথা- قَالَتْ لَهُ : اَلْعَيْنَانِ -এর চক্ষুদ্বয় তাকে বলেছে এর পরিবর্তে বলা হবে তার দৃষ্টিতে এরকম মনে হয়েছে। قول -এর পর قائل -এর বাক্যটি বর্ণনাস্বরূপ হুবহু বর্ণনা করা হয়। যথা- قَالَ إِنِّيْ عَبْدُ اللّٰهِ. আবার অর্থগত ও বর্ণনা করা হয়। যথা- قَالَ إِنَّهُ عَبْدُ اللّٰهِ. উভয় অবস্থায় বাক্যে قول -এর কোনো প্রভাব প্রকাশ

পাবেনা। قول কখনও ظن -এর অর্থের জন্য ব্যবহৃত হয়, তখন এটা তার পরবর্তী مبتدأ و خبر কে নসব প্রদান করে। যথা-أَتَقُولُ الْمُسَافِرُ قَادِمًا الْيَوْمَ؟ তোমার কি ধারণা যে, মুসাফির আজ আসবে? [মু'জামুল ওয়াসিত]

فَضْلِ اللّٰهِ : **আল্লাহর অনুগ্রহ**। فَضْل ইসমে ফেল মুযাফ। اللّٰه মুযাফ ইলাইহি। এর আরো কয়েকটি রয়েছে। যথা- ইহসান; দয়া; (যা শুরুতেই প্রার্থনা ব্যতীত হয়ে থাকে) ২. অনুগ্রহ; দান। পূর্ণতা; বৈশিষ্ট্য। ৪. ফজিলত। ৫. বৃদ্ধি; অতিরিক্ত; অতিরঞ্জন। ৬. অবশিষ্ট; বাকি। ৭. লাভ; মুনাফা; প্রয়োজনের অতিরিক্ত সম্পদ। এখানে অনুগ্রহ অর্থ উদ্দেশ্য।

فَلْيَفْرَحُوا : **অতএব! তারা যেন খুশি হয়**। فاء হরফে আতফ। ل আমরের লাম। يَفْرَحُوْا সীগাহ جمع مذكر غائب বহছ امر غائب معرو বাব سمع মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ- খুশি হওয়া; আনন্দিত হওয়া। يَفْرَحُوْنَ মূলত يَفْرَحُوْ ছিল। لام -امر-এর কারণে نون اعرابى বিলুপ্ত হয়ে গেছে।

خَيْرٌ : **ভালো; কল্যাণ; পছন্দনীয় বস্তু; সৎকর্ম**। সিফাতের সীগাহ। মূলত اَخْيَرُ ছিল। অধিক ব্যবহারের ফলে শুরুর আলিফ বিলুপ্ত হয়ে গেছে। এভাবে خَيْر হয়েছে। এটি شَرٌّ-এর বিপরীত শব্দ। خير মূলত দু' প্রকার।

১. যা সর্বাবস্থায় সকলের জন্য পছন্দনীয়। তাকে خير مطلق বলা হয়। যেমন- সৎকর্ম ইত্যাদি।
২. যা একজনের জন্য কল্যাণকর ও অপরজনের জন্য অকল্যাণকর। যেমন- অর্থ-কড়ি, একজন তা পেয়ে খারাপ হয়ে যায়; অপরজন তা কল্যাণকর কাজে লাগায়। যাকে خير مقيد বলা হয়।

يَجْمَعُوْنَ : **তারা একত্র করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فتح মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার الجمع অর্থ- জমা করা; একত্র করা।

আয়াত : ৫৯

اَنْزَلَ : সে **অবতীর্ণ করেছে**। সে প্রেরণ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) জিনস صحيح মাসদার اَلْاِنْزَالُ অর্থ- অবতীর্ণ করা।

جَعَلْتُمْ : **তামরা সাব্যস্ত করেছ; তোমরা নির্ধারণ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) জিনস صحيح মাসদার اَلْجَعْلُ অর্থ- ১. তৈরি করা; বানানো; সৃষ্টি করা। যেমন-"جَعَلَ اللّٰهُ الظُّلُمَاتِ" ২. রাখা; পরিবর্তন করা। যেমন-"جَعَلَ الْحَسَنَ" "جَعَلَ الْحَقَّ" ৩. ধারণা করা। যেমন-"قَبِيْحًا بَاطِلًا" সে সত্যকে মিথ্যা ধারণা করেছে। ৪. নির্ধারিত করা; নিয়োগ করা। যেমন- "جَعَلَهُ لَهُ حَاكِمًا" সে তাকে গভর্নর নিযুক্ত করেছে। ৫. __ : كَذَا عَلٰى كَذَا শর্ত নির্ধারণ করা। ৬. শুরু করা। যেমন-"جَعَلَ يَكْتُبُ" সে লিখতে শুরু করল। ৭. দান করার অর্থেও ব্যবহৃত হয়। যেমন-"اِجْعَلْ لِىْ لِسَانَ صِدْقٍ" আমাকে সুখ্যাতি দান করুন।

حَرَامٌ : **অবৈধ; হারাম; নিষিদ্ধ**। বাব كرم-এর মাসদার। মূলবর্ণ (ح ـ ر ـ م) হারাম বা নিষিদ্ধ হওয়া।

حَلَالًا : **হালাল; বৈধ**। বাব ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (ح ـ ل ـ ل) হালাল ও বৈধ হওয়া।

اَذِنَ : **সে অনুমতি প্রদান করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছন ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ- অনুমতি প্রদান করা; আদেশ দেওয়া।

تَفْتَرُوْنَ : **তোমরা মিথ্যা রটনা কর; মিথ্যারোপ কর; অপবাদ দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) জিনস صحيح মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ- মিথ্যারোপ করা; মিথ্যা রটনা করা; অপবাদ আরোপ করা।

اَلظَّنُّ : **ইসম,** তখন এর বহুবচন আসে ظُنُوْنٌ; বাব نَصَرَ -এর মাসদার। ধারণা করা; অবিশ্বস্তভাবে কোনো বিষয় বোধগম্য হওয়া; জানা; বুঝা। আবার কখনো বিশ্বস্তের অর্থেও ব্যবহৃত হয়। যেমন- পবিত্র কুরআনে রয়েছে- "قَالَ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُلَاقُوا اللّٰهِ" কখনো এর জন্য দুটি مفعول-এর প্রয়োজন হয়। যেমন- : ظَنَنْتُ زَيْدًا صَادِقًا আমি যায়েদকে সত্যবাদী মনে করেছি। এখানে সন্দেহের অর্থের জন্য ব্যবহৃত হয়েছে। ظن-এর অর্থ পবিত্র কুরআনে কোথায় বিশ্বাসের জন্য আর কোথায় ধারণা ও

সন্দেহের অর্থে ব্যবহৃত হয়েছে, তা জানার জন্য আল্লামা জালালুদ্দিন সুয়ূতী [র.] তার প্রসিদ্ধ গ্রন্থ 'ইতকানে' দুটি নিয়ম বর্ণনা করেছেন। ১. প্রশংসা ও ছওয়াবের অঙ্গীকারের স্থানে দৃঢ় বিশ্বাস উদ্দেশ্য হবে। আর নিন্দা, তিরস্কার ও শাস্তির ধমকের স্থানে সন্দেহ ظن অর্থে হবে। ২. যেখানে ان خفيفة -এর পরে থাকবে, সেখানে ধারণা ও সন্দেহ উদ্দেশ্য হবে। যেমন– هَلْ ظَنَنْتُمْ اَنْ لَّنْ يَّنْقَلِبَ الرَّسُوْلُ আর যেখানে ظن-এর সাথে তাশদীদযুক্ত ان হবে, সেখানে দৃঢ়বিশ্বাসের অর্থ হবে। যেমন– قَالَ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلَاقُوا اللّٰهَ

يَفْتَرُوْنَ : **তারা মিথ্যারোপ করে; অপবাদ আরোপ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যা অপবাদ দেওয়া।

اَلْكَذِبَ : বাব ضَرَبَ-এর মাসদার। মিথ্যা বলা। ইসম। অর্থ– মিথ্যা; অসত্য।

لَا يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা জ্ঞাপন করে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) জিনস صحيح অর্থ– কৃতজ্ঞতা জ্ঞাপন করা। শুকরিয়া আদায় করা।

আয়াত : ৬১

مَا تَكُوْنُ : **তুমি যে (অবস্থাতেই) হও।** ما موصولة ; সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع تكون معروف বাব نَصَرَ মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

شَاْنٍ : **অবস্থা; বিষয়; ব্যাপার; কাজ।** গুরুত্বপূর্ণ কাজ। একবচন, বহুবচন– شُئُوْنٌ

تَتْلُوْا : **তুমি তেলাওয়াত করছ; তুমি পাঠ করছ।** সীগাহ واحد مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ل ـ و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা।

لَا تَعْمَلُوْنَ : **তোমরা আমল করছ না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) জিনস صحيح অর্থ– আমল করা; কাজ করা।

شُهُوْدًا : **পরিদর্শক; প্রত্যক্ষকারী।** এটি বহুবচন, একচন شَاهِدٌ বহছ اسم صفت বাব سَمِعَ মাসদার شَهَادَةٌ ও شُهُوْدٌ অর্থ– সাক্ষী দেওয়া; প্রত্যক্ষ করা।

تُفِيْضُوْنَ : **তোমরা আত্মনিয়োগ করছ;** তোমরা লিপ্ত হয়েছ। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ى ـ ض) মাসদার اَلْاِفَاضَةُ অর্থ– প্রবাহিত হওয়া; পূর্ণ হয়ে উপছে পড়া; কথায় লিপ্ত হওয়া। এখানে শেষ অর্থ উদ্দেশ্য।

مَا يَعْزُبُ : **অগোচরে থাকে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার عَزَبَةٌ ও عَزُبَةٌ অর্থ– অবহিত হওয়া; অবগত হওয়া। (ن، ض) عَزَبَ মাসদার عُزُوْبًا অর্থ– দূরীভূত হওয়া; অদৃশ্য হওয়া; গোপন হওয়া।

مِثْقَالِ : **পরিমাণ।** একবচন, বহুবচন مَثَاقِيْلُ ; মূলবর্ণ (ث ـ ق ـ ل) বাব كرم হতে অর্থ– ভারি হওয়া। سَمِعَ থেকে ثِقَلٌ অর্থ– ভীষণ রোগাক্রান্ত হওয়া। مِثْقَالٌ একটি বিশেষ ওজনের পাত্র যার ওজন এক দিরহামের ওজনের সমান। কিন্তু আয়াতের মধ্যে مِثْقَالٌ -এর অর্থ সমওজনবিশিষ্ট।

ذَرَّةٍ : **কণা; অণু।** একবচন, বহুবচন– ذَرَّاتٌ অর্থ– সামান্য; কণা; অণু; ছোট পিঁপড়া।

مُبِيْنٍ : **স্পষ্টকারী; প্রকাশকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট হওয়া।

আয়াত : ৬২

اَوْلِيَاءَ : **বন্ধু; সুহৃদ; অভিভাবক।** বহুবচন, একবচন ولى

يَحْزَنُوْنَ : **তারা চিন্তিত হয়েছে; তারা বিষণ্ন হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) জিনস صحيح মাসদার اَلْحُزْنُ অর্থ– চিন্তিত হওয়া; চিন্তা করা।

আয়াত : ৬৪

بُشْرٰى : **সুসংবাদ; আনন্দদায়ক সংবাদ;** এমন সংবাদ যা শুনে দেহে আনন্দের ছাপ প্রকাশ পায়। একবচন, বহুবচন– بُشَرٌ

تَبْدِيْلَ : **পরিবর্তন। মাসদারী অর্থ পরিবর্তন করা; বদলানো।** বাব تَفْعِيْل -এর মাসদার। মূলবর্ণ (ب ـ د ـ ل) জিনস صحيح উল্লেখ্য عِوَض ও تَبْدِيْل একই রকম অর্থদায়ক শব্দ। তবে عِوَضْ-تَبْدِيْل-এর মধ্যে অপেক্ষা ব্যাপকতা বেশি। কারণ تَبْدِيْل অর্থ যে কোনো ধরনের পরিবর্তন, আর عِوَضْ অর্থ একটির পরিবর্তে অপরটি হওয়া।

اَلْفَوْزُ : **সফলতা; সাফল্য; বিজয়।** বাব نَصَرَ -এর মাসদার।

اَلْعَظِيْمُ : **মহান; বড়।** যা عَظْمَةٌ থেকে নির্গত হয়েছে। অর্থ মহান ও বড় হওয়া। এটি فَعِيْلُ-এর ওজনে সিফাতের সীগাহ। ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে উল্লেখ করেছেন যে, عَظُمَ الشَّئُ -এর অর্থ হলো মূলত كَبُرَ عَظْمُهُ অর্থাৎ তার হাড় বড় হয়েছে। তাই عَظِيْم -এর মূল অর্থ হলো বড় হাড়বিশিষ্ট। অতঃপর রূপকার্থে যে কোনো বড় বস্তুর জন্য عَظِيْم শব্দ ব্যবহার হতে শুরু করেছে এবং كَبِيْر -এর স্থলে عَظِيْم ব্যবহার হতে থাকে। চাই বস্তুটি অনুভূত হোক বা জ্ঞানলব্ধ, ذاتی হোক বা অর্থগত। যেমন পবিত্র কুরআনে রয়েছে– عَذَابُ يَوْمٍ عَظِيْمٍ একটি বড় দিনের শাস্তি। قُلْ هُوَ نَبَأٌ عَظِيْمٌ বলে দিন! এটি একটি বড় সংবাদ। عَمَّ يَتَسَاءَلُوْنَ عَنِ النَّبَأِ الْعَظِيْمِ। তারা পরস্পর কি কি বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে? সে মহাসংবাদ বিষয়ে।

আল্লামা যমখশরী (র.) তাফসীরে কাশশাফে লিখেছেন যে, عَظِيْم ও كَبِيْر -এর মাঝে পার্থক্য হলো, عَظِيْم হলো حَقِيْر -এর বিপরীতার্থক আর كَبِيْر হলো صَغِيْر -এর বিপরীতার্থক শব্দ। সুতরাং عَظِيْم টি كَبِيْر থেকে উচ্চতর যেমন حَقِيْر টি صَغِيْر থেকে নিম্নতর।

আর তাজুল উরূস গ্রন্থে রয়েছে, عَظِيْم হলো كَبِيْر -এর ন্যায় মহান আল্লাহর সিফাত এবং শব্দ দুটি সমার্থবোধক। আর আল্লামা ফখরুদ্দিন রাযী (র.) বলেন, كَبِيْر হলো যা জাতিগতভাবে বড় আর عَظِيْم হলো যাকে অন্যরা বড় মনে করে। এ কারণেই আল্লাহ তা'আলার সিফাতের ক্ষেত্রে عَظِيْم-এর পরিবর্তে كَبِيْر শব্দ অধিক ব্যবহৃত। ইমাম বায়হাকী (র.) اَلْاَسْمَاءُ وَالصِّفَاتُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, عَظِيْم এমন সত্তাকে বলা হয় যার উপর কোনো ধরনের বিধিনিষেধ আরোপ করা হয় না। কারণ عَظِيْمُ الْقَوْمِ বলা হয় তাকে যিনি লোকদের বিষয়াদির মালিক এবং তার বিরুদ্ধাচরণ করার অধিকার কারো নেই। বস্তুত যদিও নেতাদের ক্ষেত্রে এ শব্দটি ব্যবহার হয়ে থাকে তা রূপকার্থে। বাস্তব অর্থে عَظِيْم হলেন আল্লাহ।

আয়াত : ৬৫

لَا يَحْزُنْكَ : **সে তোমাকে চিন্তিত করবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف ; ك যমীর مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ– চিন্তিত করা।

اَلْعِزَّةَ : **আত্মাভিমান; আত্ম অহংকার; সম্মান; মর্যাদা।** বুযুর্গী; শ্রেষ্ঠত্ব; সৌভাগ্য। বাব ضَرَبَ এর মাসদার। ইসমরূপেও ব্যবহৃত হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন, عِزَّة এমন অবস্থাকে বলা হয় যা মানুষকে পরাজিত হওয়া থেকে রক্ষা করে। যেমন– وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهِ وَ لِلْمُؤْمِنِيْنَ (সম্মান ও মর্যাদা হলো আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদের জন্য) سُبْحٰنَ رَبِّكَ رَبِّ الْعِزَّةِ (পবিত্র তোমার প্রতিপালক, যিনি ইজ্জত ও সম্মানের মালিক) عِزَّة দ্বারা কখনও অপদস্থতা, নিন্দা ইত্যাদি উদ্দেশ্য হয়ে থাকে। যেমন– بَلِ الَّذِيْنَ كَفَرُوْا فِىْ عِزَّةٍ وَّ شِقَاقٍ (কাফেররা মর্যাদার গরিমায় নিমজ্জিত) মূলত যে ইজ্জত ও মর্যাদা আল্লাহ, তাঁর রাসূল ও মুসলমানদের রয়েছে তা হলো চিরস্থায়ী ও বাস্তবিক, আর কাফেরদের যে ইজ্জত তা জোরপূর্বক, যা প্রকৃতপক্ষে ইজ্জত নয়; বরং তা হলো অপদস্থতা। কখনও ইঙ্গিতার্থে عِزَّةٌ দ্বারা আত্মাভিমান, আত্মগরিমা ইত্যাদি উদ্দেশ্য হয়ে থাকে। যেমন এ আয়াতে اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ (তাদের আত্মাভিমান তাদেরকে পাপানুষ্ঠানে লিপ্ত করে)

আয়াত : ৬৬

مَا يَتَّبِعُ : **সে অনুসরণ বা অনুকরণ করবে না।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف ; ما না-বাচক। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ ও অনুবরণ করা পিছনে পিছনে চলা।

আয়াত : ৬৬

مَا يَتَّبِعُ : **তারা কিসের অনুসরণ করে?** ما প্রশ্নবোধক। مضارع সীগাহ واحد مذكر غائب বহছ يَتَّبِعُ معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা; অনুকরণ করা। কারো কথা মতো চলা।

يَدْعُوْنَ : **তারা আহ্বান করবে।** সীগাহ جمع غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدُّعَاءُ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ– ডাকা; আহ্বান করা।

يَخْرُصُوْنَ : **তারা অনুমান করে কথা বলবে; তারা মিথ্যা বলবে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخَرْصُ মূলবর্ণ (خ ـ ر ـ ص) অর্থ– ফলফলাদি অনুমান করা। এ কারণেই অনুমাননির্ভর যে কোনো কথাকে خَرْص বলা হয়। যদিও তা সঠিক হোক না কেন। কেননা সে তো কথাটি জেনে শুনে বা প্রবল ধারণা জ্ঞানে বলেনি; বরং ফলফলাদি অনুমানকারীর ন্যায় সেও অনুমান ও ধারণার ভিত্তিতে বলেছে। তাই এ ধরনের কথা যেই বলবে তাকে মিথ্যাই বলা হবে, যদিও তা সঠিক হয়।

আয়াত : ৬৭

لِتَسْكُنُوْا : **যেন তোমরা বিশ্রাম কর; প্রশান্তি লাভ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منصوب بلام كي বাব نَصَرَ মাসদার اَلسُّكُوْنُ মূলবর্ণ (س ـ ك ـ ن) অর্থ– প্রশান্তি অর্জন করা; বিশ্রাম নেওয়া; নীরবতা অবলম্বন করা। শব্দটি মূলত تَسْكُنُوْنَ ছিল। শুরুতে লাম কী-এর কারণে শেষ থেকে نون اعرابی পড়ে গেছে।

مُبْصِرًا : **দর্শনকারী; দৃষ্টিকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل (بحالت نصب) বাব اِفْعَالٌ মাসদার اَلْاِبْصَارُ মূলবর্ণ (ب ـ ص ـ ر) জিনস صحيح অর্থ– এটি কখনো এক মাফউলের দিকে متعدى হয়। যেমন اَبْصَرَهُ তখন অর্থ হবে তাকে দেখেছে; জেনেছে; বুঝেছে। আবার কখনো দুই মাফউলের দিকেও متعدى হয়। যেমন اَبْصَرَهُ اِيَّاهُ সে তাকে উক্ত বস্তু দেখিয়েছে। এ বিভিন্নতার কারণে مُبْصِرًا দর্শনকারীকেও বলা হয়, আবার যে দেখায় তাকেও বলা হয়। যা নিজে স্পষ্ট তাকেও مُبْصِرٌ বলা হবে, আবার যা অপরকে স্পষ্ট ও আলোকিত করে তাকেও مُبْصِرٌ বলা হবে। যেমন দিবস নিজেও উজ্জ্বল ও আলোকিত এবং অপরকেও আলোকিত করে।

يَسْمَعُوْنَ : **তারা শ্রবণ করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব سَمِعَ মূলবণ (س ـ م ـ ع) জিনস صحيح মাসদার اَلسَّمْعُ অর্থ– শ্রবণ করা; শোনা।

আয়াত : ৬৮

اِتَّخَذَ : **সে গ্রহণ করেছে; সে পছন্দ বা মনোনীত করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার الاتخاذ অর্থ– মনোনীত করা; পছন্দ করা; গ্রহণ করা।

سُبْحٰنَهٗ : **তিনি পবিত্র।** শব্দটির বিশ্লেষণে আল্লামা জালালুদ্দিন সুয়ূতী (র.) اَلْاِتْقَانُ গ্রন্থে উল্লেখ করেছেন যে, سُبْحَان হলো মাসদার। تَسْبِيْح-এর অর্থে। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। نصب হওয়া এবং مفرد-এর দিকে اضافت হওয়া তার জন্য আবশ্যক। চাই مفرد টি ইসমে জাহির হোক। যেমন سُبْحٰنَ اللّٰهِ আল্লাহ পবিত্র। অথবা ইসমে যমীর হোক। যেমন سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ সন্তান হওয়া তার জন্য শোভনীয় নয়। سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَا আপনি পবিত্র, আমাদের জানা নেই। এবং ঐ মাসদারসমূহের একটি যাদের ফে'লকে মৃত ঘোষণা করা হয়েছে। (অর্থাৎ কখনো তা ব্যবহার করা হয়নি।) অবশ্য কিরমানী তার عَجَائِب গ্রন্থে উল্লেখ করেছেন যে, এটা একটা আশ্চর্যজনক কথা যা مُفَصَّلٌ-এ বর্ণনা করা হয়েছে যে, سُبْحَانএটি سَبَّحَ-এর মাসদার। যখন দোয়া ও জিকিরের জন্য আওয়াজ উঁচু করা হয়। তিনি তার স্বপক্ষে দলিলও পেশ করেছেন–

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهُ تَغْلِبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَ كَبَّرُوْا اِهْلَالًا

আল্লাহ তা'আলা তাগলীবের চেহারাগুলোকে বিকৃত করে দিক, যখনই হাজী সাহেবান সশব্দে দোয়া করে এবং [illegible] করে তাকবীর বলে।

ইবনে আবী হাতেম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰه -এর অর্থ হলো আল্লাহর যে কোনো দোষক্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

আল্লামা মাজদুদ্দিন ফিরোজআবাদী কামূস গ্রন্থে مَعْرُوْفَة কে سُبْحَان বলে উল্লেখ করেছেন। অর্থাৎ তার تَسْبِيْح -এর عَلَم جِنْس বানিয়ে দেন। যেমন بَرَّة (একটি গম) - بُرٌّ (গম) -এর عَلَم جِنْس কামূস গ্রন্থাকার যে একে عَلَمٌ বলেছেন এটিই হলো সর্বসম্মত মত। যেমন কাজী বায়যাবী, আল্লামা যামাখশারী প্রমুখ এ কথাকে স্বীকৃতি দিয়েছেন।

আল্লামা যুজাজ سُبْحٰنَ الَّذِىْ اَسْرٰى -এর তাফসীরে বলেছেন যে, এটা মাসদার হওয়া অর্থাৎ مفعول مطلق হওয়ার কারণে منصوب হয়েছে। এর ফেল উহ্য রয়েছে। তা হলো- اُسَبِّحُ اللّٰهُ سُبْحَنَةً تَسْبِيْحًا (আমি আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি)

(শেখ মুহাম্মদ ফাসী বলেন যে,) অতঃপর سُبْحَان টি فعل-এর স্থলাভিষিক্ত হয়ে تَنْزِيْه بَلِيْغ অর্থাৎ মুশরিকরা আল্লাহর উপর যে সমস্ত দোষক্রুটি আরোপ করে সেগুলো থেকে পবিত্রতার অর্থে ব্যবহার হতে শুরু করে।

উল্লেখ্য যে, ইমাম সুয়ূতী (র.) যে বলেছেন سُبْحَان -এর فعل কে মৃত বলা হয়েছে এবং مُفَصَّلٌ যিনি তার বিরোধিতা করে বলেছেন এর থেকে فعل আসে। তবে সঠিক কথা হলো এর فعل আসাটাই গ্রহণযোগ্য কথা। যেমন ইবনে ইয়ায়িশ প্রমুখ এবং মুফাসসালের ব্যাখ্যাতাগণও তাই বলেছেন। অন্যান্য ওলামাগণ তার فعل ব্যবহার করেছেন। তারা বলেন যে, এই سبح তাশদীদবিহীন হবে। যেমন شَكَرَ شُكْرَانًا অপর দল বলেন যে, এর فعل তাশদীদযুক্ত হওয়াকেও বৈধ বলেছেন। তবে তারা একথাও বলেছেন যে, এটা কিয়াস বহির্ভূত। কেননা এর কোনো দৃষ্টান্ত নেই। তবে প্রথমটি এর বিপরীত। কারণ তার অনেক দৃষ্টান্ত রয়েছে। যদিও তা কিয়াস পরিপন্থি অর্থাৎ কায়েদা অনুযায়ী নয়। -(তাজুল উরূস শরহে কামূস)

اَلْغَنِىُّ : [খাপেক্ষীহীন; অমুখাপেক্ষী; অভাবমুক্ত; অল্পেতুষ্ট; ধনী। এটি সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। বহুবচন اَغْنِيَاء। ইসমে ফে'ল হলো غِنَاء

ইমাম রাগেব (র.) লিখেছেন যে, غِنَاء-এর তিনটি অর্থ রয়েছে।

১. সম্পূর্ণরূপে মুখাপেক্ষীহীন হওয়া; অমুখাপেক্ষী হওয়া। এমন غَنِىٌّ আল্লাহ ব্যতীত আর কেউ নেই।
২. সামান্য অভাবগ্রস্ত হওয়া; অল্পেতুষ্ট হওয়া। এটা সকল অল্পেতুষ্টির গুণ। পবিত্র কুরআনের আয়াত-وَوَجَدَكَ عَائِلًا فَاَغْنٰى-এর মধ্যে এই غَنِىٌّ ই উদ্দেশ্য। অর্থাৎ হে নবী! আমি আপনাকে অভাবগ্রস্ত পেয়েছি অতঃপর আপনাকে অল্পেতুষ্ট বানিয়ে দিয়েছি।
৩. ধনী হওয়া। (মুফরাদাত)

سُلْطٰنٍ : **শক্তি; ক্ষমতা; দাপট**। সনদ; দলিল; রাজ্য। তাজুল উরূস গ্রন্থে উল্লেখ রয়েছে যে, سُلْطَان অর্থ দলিল, প্রমাণ ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে-لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ (সনদ ব্যতীত তোমরা বের হতে পারবে না।) আবার কখনো এটি অলৌকিক অর্থেও ব্যবহৃত হয়। যেমন - اِذْ اَرْسَلْنَاهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطَانٍ مُّبِيْنٍ (যখন আমরা প্রেরণ করেছি ফেরাউনের কাছে স্পষ্ট প্রমাণ (অর্থাৎ অলৌকিক বস্তু) দিয়ে। যখন سُلْطَانٌ অর্থ সনদ ও দলীল হয় তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। মুহাম্মদ ইবনে ইয়াযিদ বলেছেন যে, سُلْطَانٌ শব্দটি নির্গত হয়েছে سَلِيْطٌ থেকে। যার অর্থ যয়তুন তেল। কারণ তা দ্বারা বাতি জ্বালিয়ে আলোকিত করা হয়। সুতরাং দলিলও এমন হওয়া আবশ্যক যা স্পষ্ট হবে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, পবিত্র কুরআনের যত স্থানে سُلْطَانٌ এসেছে তার অর্থ দলিল, প্রমাণ ও সনদ। بَصَائِرٌ গ্রন্থে রয়েছে যে, দলিলকে سُلْطَانٌ বলার কারণ হলো, অন্তরের উপর তার প্রভাব ও চাপ পড়ে থাকে। কিন্তু অধিকাংশ সময় এর প্রভাবটা জ্ঞানী ও প্রজ্ঞাবানদের উপর হয়ে থাকে। হযরত লাইছ (র.) বলেছেন যে, سُلْطَانٌ অর্থ- বাদশার ক্ষমতা, এবং ঐ ব্যক্তির ক্ষমতা যিনি বাদশাহ নন কিন্তু বাদশার রাজকীয় ক্ষমতা তার মধ্যে রয়েছে। যেমন বলা হয়- قَدْ جَعَلْتُ لَكَ سُلْطَانًا عَلٰى اَخْذِ حَقِّىْ مِنْ فُلَانٍ (আমার অধিকার গ্রহণের জন্য আমি তোমাকে সনদ দিয়ে দিয়েছি) سُلْطَانٌ -এর লামকে কখনো পেশ প্রদান করা হয়। শব্দটি পুং ও স্ত্রী উভয়ভাবেই

ব্যবহৃত। ইবনে লাইছ বলেছেন, سُلْطَانٌ শব্দটি স্ত্রীবাচক। যেমন বলা হয়- قُضِيَتْ بِهِ عَلَيْهِ السُّلْطَانُ ، وَقَدْ أَمَنَتْهُ السُّلْطَانُ ،
আযহারী বলেছেন, যেহেতু سُلْطَانٌ শব্দটি পুং তাই তা সদা পুং হিসেবেই ব্যবহৃত হয়। যেমন আল্লাহ তা'আলা বলেছেন- بِسُلْطَانٍ مُبِيْنٍ.

আয়াত : ৬৯

يَفْتَرُوْنَ : **তারা মিথ্যা উদ্ভাবন করেছে; মিথ্যাচার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف . ر . ى) মাসদার اِفْتِرَاءٌ অর্থ- মিথ্যাচার করা; অপবাদ দেওয়া।

لَا يُفْلِحُوْنَ : **তারা সফলকাম হবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف . ل . ح) জিনস صحيح মাসদার اَلْاِفْلَاحُ অর্থ- সফলকাম হওয়া।

আয়াত : ৭০

مَتَاعٌ : **সুখ-সম্ভোগ; ভোগের সামগ্রী।** বহুবচন أَمْتِعَةٌ শব্দটি ইসমে মুফরাদ, মারফূ ও নাকেরা। নির্ধারিত সময় পর্যন্ত উপকৃত হওয়া; উপকার; ফায়েদা; উপকারী মালামাল; যা দ্বারা যে কোনো ধরনের ফায়েদা হাসিল করা হয়। (بَاب اَلْمَتْعُ وَ الْمُتُوْعُ (فَتَحَ অর্থ- দিন হওয়া; দির্ঘ হওয়া; উপরে উঠা। مَتَعَ النَّبَاتُ উদ্ভিদ দীন দীর্ঘ হয়েছে। مَتَعَ النَّهَارُ লম্বা হয়েছে। مَتَعَ-এর পরে بَاء এলে তার অর্থ হাবে মিথ্যা বলা। যেমন مَتَعَ بِزَيْدٍ যায়েদকে মিথ্যা বলা হয়েছে। অথবা তার অর্থ হবে উপকৃত হওয়া। যেমন- مَتَعَ بِالشَّيْءِ অমুক বস্তু দ্বারা উপকৃত হয়েছে। (كَرُمَ) مَتُعَ অর্থ সচেতন হওয়া; জ্ঞানী হওয়া। বাব اِفْعَالٌ و تَفْعِيْلٌ থেকে মাসদার اَلْمَتَاعُ وَالتَّمْتِيْعُ অর্থ কাউকে উপকৃত করা। উপকারী বস্তু দান করা। পবিত্র কুরআনে বাব تَفْعِيْل থেকে বিভিন্নভাবে বর্ণিত হয়েছে, তবে বাব اِفْعَالٌ থেকে বর্ণিত হয়নি। تَمَتَّعَ بِالشَّيْءِ অর্থ- কোনো কিছু দ্বারা উপকৃত হওয়া।

مَرْجِعُهُمْ : **তাদের প্রত্যাবর্তন।** এটি মাসদার মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়। অর্থ হবে প্রত্যাবর্তন করা বা প্রত্যাবর্তন করানো। বাব ضَرَبَ থেকে যদিও মাসদার مرجع কিন্তু مَفْعِلٌ এটা খুবই কম আসে। কারণ ضَرَبَ থেকে -এর ওজনে মাসদার আসাটা খুবই নগণ্য।

نُذِيْقُهُمْ : **আমরা তাদেরকে আস্বাদন করাব।** সীগাহ جمع متكلم বহছ فعل مضارع معروف ; هم যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ . و . ق) মাসদার اَلْاِذَاقَةُ অর্থ- আস্বাদন করানো; দানশীল হওয়া; কোনো কাজের প্রতিদান দেওয়া।

يَكْفُرُوْنَ : **তারা কুফরি করছে; তারা অস্বীকার করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . ف . ر) জিনস صحيح মাসদার اَلْكُفْرُ অর্থ- আল্লাহর একত্ববাদে অস্বীকার করা; ইসলাম, রিসালাত ও কিয়ামতে অস্বীকার করা।

আয়াত : ৭১

أُتْلُ : **তুমি তেলাওয়াত কর; তুমি পড়।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت . ل . و) মাসদার اَلتِّلَاوَةُ অর্থ- অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা।

نَبَأَ : **সংবাদ; বৃত্তান্ত।** এটি ইসম। মানসূব ও মুযাফ।

نُوْحٍ : **হযরত নূহ (আ.)। তার পিতার নাম লামিক।** শব্দটি ইসমে মারিফা। মারফূ' ও মাজরূর। তিনি প্রাচীনতম ও প্রসিদ্ধ একজন নবী ও রাসূল। যিনি ৯৫০ এরও অধিক হায়াত লাভ করেছিলেন। তার বদদোয়ায় ইরাকে প্লাবন এসেছিল, তারা সকলে ডুবে মারা গিয়েছিল। অতঃপর তার বংশধর দ্বারা দুনিয়া আবাদ হয়েছিল। তাই তাকে দ্বিতীয় আদম বলা হয়। তাওরাতের বর্ণনামতে হযরত নূহ (আ.) আদম (আ.) -এর বংশের দশম পুরুষ। বংশের ক্রমধারা হলো- ১. আদম, ২. শীশ, ৩. আনূশ, ৪. কায়নান, ৫. মাহলায়েল, ৬. ইয়ারূ, ৭. ইদরিস, ৮. মুতাওয়াশশালিহ, ৯. লামিক, ১০. নূহ।

قَالَ : **সে বলেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق . و . ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা। আরবি ভাষায় قول-এর এত অধিক অর্থ

রয়েছে যা আয়ত্ত করা খুবই কঠিন। তবে সাধারণত নিম্নলিখিত অর্থে এর ব্যবহার হয়ে থাকে।

১. বলা। শব্দটি চাই একক হোক বা যৌগিক। এ অর্থেই সাধারণত ব্যবহার হয়ে থাকে। ২. অন্তরের কথা বা মনে মনে কথা বলা। ৩. রায়; মতবাদ: মতাদর্শ। ৪. ইশারা ইঙ্গিতে কোনো কথা প্রকাশ করা। ৫. কোনো কিছুর প্রতি মনোযোগী হওয়া। ৬. কারো প্রতি কোনো কথা ইলহাম করা। ৭. নির্দেশ প্রদান করা। ৮. আল্লাহর ইলম। ৯. যে বিষয় সম্পর্কে কোনো কথা বলা হয়েছে। ১০. বর্ণনা করা। ১১. কারো উপর কোনো বিষয়ের মিথ্যা অপবাদ আরোপ করা। ১২. ইশারা ইঙ্গিত করা। ১৩. অন্তর দ্বারা কোনো কথাকে সত্য মনে করা অতঃপর তা মুখে স্বীকার করা।

كَبُرَ : **তা ভারি হয়েছে; দুঃসহ হয়েছে।** সীগাহ واحد كَرُمَ বাব فعل ماضى معروف বহছ مذكر غائب মূলবর্ণ (ك ـ ب ـ ر) জিনস صحيح মাসদার اَلْكِبْرُ وَالْكِبْرُ وَالْكِبَارُ অর্থ– বড় হওয়া; স্থূলকায় হওয়া; অধিক হওয়া। বাব نَصَرَ وَ سَمِعَ; বয়সে অধিক; বৃদ্ধ হওয়া।

مَقَامِىْ : **আমার অবস্থিতি।** মাসদার ميمى মুযাফ। ياء যমীর মুতাকাল্লিম মুযাফ ইলাইহি।

تَذْكِيْرِىْ : **আমার উপদেশদান।** تَذْكِيْر মাসদার মুযাফ। ياء যমীর মুতাকাল্লিম মুযাফ ইলাইহি। বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ك ـ ر)

تَوَكَّلْتُ : **আমি ভরসা বা নির্ভর করলাম।** সীগাহ واحد تَفَعُّلٌ বাব فعل ماضى معروف বহছ متكلم মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ ভরসা করা; নির্ভর করা। এটি على যোগে متعدى হয়ে থাকে। শাহ ওয়ালিউল্লাহ (র.) تَوَكُّلْ -এর সজ্ঞায় লিখেছেন– اَلتَّوَكُّلُ وَهُوَ اَنْ يَغْلِبَ عَلَيْهِ الْيَقِيْنُ حَتّٰى يَفْتُرَ سَعْيُهُ فِىْ جَلْبِ الْمَنَافِعِ وَدَفْعِ الْمُضَارِّ مِنْ قِبَلِ الْاَسْبَابِ وَلٰكِنْ يَمْشِىْ عَلٰى مَا سَنَّهُ اللّٰهُ تَعَالٰى فِىْ عِبَادِهٖ مِنَ الْاِكْتِسَابِ مِنْ غَيْرِ اِعْتِمَادٍ عَلَيْهَا অর্থাৎ তাওয়াক্কুল বলা হয় বান্দার বিশ্বাস এত প্রবল হওয়া যে, তা দ্বারা তারা কল্যাণ লাভ ও অকল্যাণ দূরীভূত করার উপকরণ সম্পর্কিত চেষ্টা নিস্তেজ হয়ে যায়। কিন্তু আল্লাহ তা'আলা নিজ বান্দার মধ্যে উপার্জনের যে পদ্ধতি নির্ধারণ করে দিয়েছেন, তার উপর ভরসা ছাড়া সেসব পথ-পদ্ধতি গ্রহণ করে।

তাওয়াক্কুল দু'প্রকার। একটি হলো যা হুযূর ﷺ পূর্ববর্তীগণের গুণ বর্ণনা করেছেন। যেমন তিনি ইরশাদ করেছেন– هُمُ الَّذِيْنَ لَا يَرْقُوْنَ وَلَا يَسْتَرْقُوْنَ وَلَا يَكْتَوُوْنَ وَلَا يَكْتَوُوْنَ وَعَلٰى رَبِّهِمْ يَتَوَكَّلُوْنَ এরা হলো যারা জাদু-মন্ত্র করেনা এবং করায় না, দাগ দেয় না এবং অন্যকে দিয়ে দাগায় না এবং আল্লাহর উপর নির্ভর করে। আল্লাহর পক্ষ থেকে যা সিদ্ধান্ত হয়েছে তার উপর অন্তর প্রশান্ত হয়ে যাওয়াই হলো এ প্রকার তাওয়াক্কুল। তবে এতে উপকার দূরীভূত হওয়া এবং ক্ষতি সাধিত হওয়ার পরোয়া হতে পারে। অর্জন ও বঞ্চনায় সমতা না হওয়া তাওয়াক্কুলের এ প্রকারের পরিপন্থি, তদ্রূপ উপকরণের প্রতি মনোযোগী হওয়া এবং তাতে লিপ্ত হওয়া এ ধরনের তাওয়াক্কুলকে নিঃশেষ করে দেয়। এদিকে হুযুর ﷺ -এর প্রসিদ্ধ হাদীস– لَوْ تَوَكَّلْتُمْ عَلَى اللّٰهِ حَقَّ تَوَكُّلِهٖ لَرَزَقَتُمْ كَمَا تُرْزَقُ الطَّيْرُ تَغْدُوْ خِمَاصًا وَ تَرُوْحُ بِطَانًا -এর মধ্যে এদিকেই ইশারা করেছেন এবং এ প্রকার তাওয়াক্কুলের প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে এবং এর দাওয়াত দেওয়া হয়েছে। **দ্বিতীয় প্রকার** হলো যার অনুমতি প্রদান করা হয়েছে, দাওয়াত প্রদান করা হয়নি। তা হলো ক্ষতিকর ও অপছন্দনীয় বিষয় প্রতিরোধ, দণ্ডবিধি সংরক্ষণ এবং বিপদাপদ থেকে বাঁচার উপায়। কেননা এটাও তাওয়াক্কুল যদিও অসম্পূর্ণ। যেমন আমর বিন উমাইয়া যামরী (র.) যখন হুযূর ﷺ -এর কাছে জিজ্ঞেস করলেন– اُرْسِلُ نَاقَتِىْ وَ اَتَوَكَّلُ اَمْ اَقِيْدُ وَ اَتَوَكَّلُ (আমি কি উষ্ট্রি ছেড়ে দেব আর ভরসা করব নাকি বেঁধে রাখব এবং ভরসা করব) তখন তিনি বললেন– بَلْ قَيِّدْ وَ تَوَكَّلْ (বরং বেঁধে রাখ এবং তাওয়াক্কুল কর) দেখুন এখানে আমর (রা.) তাওয়াক্কুল দ্বারা আল্লাহর পক্ষ থেকে যা চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে তার উপর তুষ্ট হতে নয়; বরং (উট) হারিয়ে যাওয়া থেকে রক্ষা পেতে চাচ্ছিলেন। তাই রাসূল ﷺ তাকে সেরূপই নির্দেশ প্রদান করেছেন যে ব্যাপারে তিনি পরামর্শ প্রার্থনা করেছেন। এর দৃষ্টান্ত হলো তেমনই যেমন হযরত কা'ব বিন

মালেক (র.) কে বলেছিলেন তুমি তোমার কিছু সম্পদ অবশিষ্ট রেখে দাও। যখন সে বলেছিল যে আমি তওবা করেছি যে আমি আমার সম্পদ থেকে বিচ্ছিন্ন হয়ে যাব। আর হযরত বেলাল (র.)কে বলেছিলেন- (হে أَنْفِقْ بِلَالُ وَلَا تَخْشَ مِنْ ذِي الْعَرْشِ إِقْلَالًا বেলাল! তুমি ব্যয় করে ফেল এবং আরশওয়ালার কাছে কম দেওয়ার আশঙ্কা করো না।) আবার হযরত বেলাল যখন রাসূল ﷺ -এর জন্য কিছু খেজুর লুকিয়ে রেখেছিলেন তখন তিনি বলেছিলেন, أَمَا تَخْشَى أَنْ يَخْسِفَ اللّٰهُ بِهِ فِيْ نَارِ جَهَنَّمَ (তুমি কি ভয় করছনা যে, আল্লাহ তা'আলা এর কারণে জাহান্নামের আগুনে ধসিয়ে দিবেন।) কারণ এটাই ছিল যে, হুযূর ﷺ -এর তাওয়াক্কুল ছিল পূর্ণ, আল্লাহর পক্ষ থেকে তাঁর জন্য যা নির্ধারিত ছিল তাতে তিনি ছিলেন পূর্ণ তুষ্ট ও পরিতৃপ্ত।

فَاجْمِعُوْا : **অতঃপর তোমরা সকলকে একত্রিত কর; সকলে মিলে কর্তব্য স্থির কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِجْمَاعُ মূলবর্ণ (ج ـ م ـ ع) জিনস صحيح অর্থ- ঐকমত্যের জন্য লোকজনকে সমবেত করা বা হওয়া।

لَا يَكُنْ : **(পরে যেন) না থাকে।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ وَ الْكَيْنُوْنَةُ অর্থ- হওয়া; থাকা।

غُمَّةً : **সংশয়; জটিল; অন্ধকার।**

اِقْضُوْا : **তোমরা (তোমাদের কর্ম) নিষ্পন্ন কর।** তোমরা বিচার বা ফয়সালা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ- বিচার করা; সম্পন্ন করা। اِقْضُوْا শব্দটি মূলত اِقْضِيُوْا ছিল। যেরের পরে ضاد -এর উপর পেশ পড়া কঠিন। তাই ياء-এর হরকত বিলুপ্ত করে ياء-এর পেশ ضاد কে দেওয়া হয়েছে। এখন ياء ও واو -এর মধ্যে দুই সাকিন একত্রিত হওয়ার কারণে ياء পড়ে গেছে। এভাবে اِقْضُوْا হয়ে গেছে।

لَا تُنْظِرُوْنِ : তুমি আমাকে অবকাশ দিওনা। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْإِنْظَارُ অর্থ- অবকাশ দেওয়া; সুযোগ প্রদান করা। শব্দটি মূলত ছিল- لَا تُنْظِرُوْنِيْ শেষের ياء বিলুপ্ত করা হয়েছে আর نون اعرابى-এর যের একথা বুঝাচ্ছে যে এখানে একটি ياء ছিল।

আয়াত :৭২

تَوَلَّيْتُمْ : **তোমরা মুখ ফিরিয়ে নিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّيْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ- বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

سَأَلْتُكُمْ : **আমি তোমাদের কাছে প্রশ্ন করলাম।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف ; كم যমীর মাফউল। বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ- প্রশ্ন করা; জিজ্ঞেস করা।

أُمِرْتُ : **আমি আদিষ্ট হয়েছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْأَمْرُ অর্থ- আদেশ করা।

أَكُوْنَ : **আমি হব; আমি হই।** সীগাহ واحد متكلم বহছ منصوب ; مضارع معروف দ্বারা ان ; বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া। এটি افعال ناقصة -এর অন্তর্ভুক্ত। যা শ্রোতাকে পূর্ণ ফায়েদা দেওয়ার জন্য ইসম ছাড়াও খবরের মুখাপেক্ষী হয়।

اَلْمُسْلِمِيْنَ : **আনুগত্যকারীগণ; মান্যকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মাসদার اَلْإِسْلَامُ মূলবর্ণ (س ـ ل ـ م) অর্থ- আনুগত্য করা; বশ্যতা স্বীকার করা।

আয়াত :৭৩

فَكَذَّبُوْهُ : **তারা তাকে মিথ্যাবাদী বলে।** فاء হরফে আত্ফ। كذبوا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف ; ه যমীরে মাফউল। বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ- মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যায়ন করা।

فَنَجَّيْنَاهُ : فاء **হরফে আত্ফ।** نَجَّيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف ; ه যমীর মাফউল

اَلْمُنْذَرِيْنَ : ভীতি প্রদর্শিত। সতর্ককৃত। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَال মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ- সতর্ক করা; অবগত করা; ভীতিপ্রদর্শন করা।

আয়াত : ৭৪

بَعَثْنَا : **আমি প্রেরণ করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) জিনস صحيح মূলত بعث অর্থ প্রেরণ করা এবং উঠিয়ে দাঁড় করানো। কিন্তু ইঙ্গিত ও আনুষঙ্গিকতা হিসেবে এর অর্থ পরিবর্তন হয়ে থাকে। উদাহরণত উটের জন্য بعث শব্দ এলে অর্থ হবে উটকে উঠানো ও তাকে হাঁকানো। মৃতদের জন্য ব্যবহৃত হলে অর্থ হবে পুনর্জীবিত হওয়া এবং হাশর। রাসূলদের সম্পর্কে ব্যবহৃত হলে অর্থ হবে প্রেরণ করা। উল্লেখ্য بعث দু'প্রকার। প্রথম প্রকার হলো এর نسبت মানুষের দিকে হবে। যেমন কেউ কাউকে প্রেরণ করা; রওয়ানা করা। দ্বিতীয় প্রকার হলো এর نسبت আল্লাহর দিকে হবে। যেমন বস্তুসমূহকে অনস্তিত্ব থেকে অস্তিত্বে আনা। মৃতদেরকে জীবিত করা। অবশ্য এ গুণটি কখনো তিনি মানুষকেও দান করেছেন। যেমন হযরত ঈসা (আ.)।

نَطْبَعُ : **আমরা মোহরাঙ্কিত করে দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ- সীল লাগানো; মোহরাঙ্কিত করা।

مُعْتَدِيْنَ : **সীমা লঙ্ঘনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মাজরূর। বাব اِفْتِعَال মূলবর্ণ (ع ـ د ـ و) মাসদার اَلْاِعْتِدَاءُ অর্থ- সীমালঙ্ঘন করা।

مُوْسٰى : **বিশিষ্ট নবী হযরত মূসা (আ.)। এটি ইসমে মারেফা। তিনি বনি ইসরাইলের প্রসিদ্ধ নবী ছিলেন**। তাঁর মায়ের নাম ইউহানেছ ও পিতার নাম ইমরান। কথিত আছে যে, ইবরানী ভাষায় مُوْ অর্থ পানি, আর شٰى অর্থ বৃক্ষ। আরবিতে شين কে سين দ্বারা পরিবর্তন করা হয়েছে। তাই مُوْسٰى হয়ে গেছে। হযরত মূসা (আ.) কে জন্মের পর কাঠের বাক্সে ভরে পানিতে নিক্ষেপ করা হয়েছিল, এজন্য তাকে مُوْسٰى বলা হয়।

اَلتَّنْجِيَةُ মাসদার (ن ـ ج ـ و) মূলবর্ণ تَفْعِيْل বাব অর্থ- মুক্তি বা নিষ্কৃতি দেওয়া; উদ্ধার করা।

جَعَلْنَاهُمْ : **আমি তাদেরকে বানালাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف ; هم যমীর মাফউল। বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো; সৃষ্টি করা।

خَلَائِفَ : **উত্তরাধিকারী, প্রতিনিধি বা স্থলাভিষিক্তগণ**। একবচন- خَلِيْفَةٌ

اَغْرَقْنَا : **আমরা ডুবালাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَال মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْاِغْرَاقُ অর্থ- ডুবানো; নিমজ্জিত করা।

اُنْظُرْ : **তুমি দেখ; তুমি চিন্তা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظَرُ অর্থ- দেখা; দর্শন করা। نظر -এর অর্থ চক্ষু দ্বারা দেখা, দৃষ্টিপাত করা এবং অন্তর্চক্ষু ও বিচক্ষণতা দ্বারা কোনো কিছু অনুধাবন করার অর্থেও আসে। আবার চিন্তা-গবেষণার অর্থেও ব্যবহৃত হয়। যেমন- قُلِ انْظُرُوا مَاذَا فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ এখানে দেখা দ্বারা চিন্তা-গবেষণা করা উদ্দেশ্য। আবার এর অর্থ আশ্চর্যান্বিত হয়ে তাকিয়ে থাকার অর্থেও ব্যবহৃত হয়। যেমন- وَتَرَاهُمْ يَنْظُرُوْنَ اِلَيْكَ وَهُمْ لَا يُبْصِرُوْنَ আবার কখনো অপেক্ষায় থাকার অর্থেও ব্যবহৃত হয়। যেমন- وَمَا يَنْظُرُ هٰؤُلَاءِ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً مَّا لَهَا مِنْ فَوَاقٍ -এর صلة যদি الى আসে তখন অর্থ হয় দৃষ্টিপাত করা। আর যদি على আসে তখন অর্থ হয় চিন্তা গবেষণা করা।

عَاقِبَةُ : **পরিণাম; পরিণতি**। শব্দটি মূলত عَقَبَ يَعْقُبُ বাব نَصَرَ -এর মাসদার। যার অর্থ পিছন থেকে আসা। কিন্তু এটি যে কোনো বস্তুর শেষ ও পরিণতি অর্থে ব্যবহার হয়ে থাকে। ইমাম রাগেব (র.) বলেছেন, এর ব্যবহার ছওয়াব -এর জন্য নির্দিষ্ট। যেমন- وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ তবে اضافت অবস্থায় কখনো শাস্তির জন্যও ব্যবহৃত হয়। যেমন- ثُمَّ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ اَسَاءُوا অন্য আয়াতে রয়েছে- فَكَانَ عَاقِبَتَهُمَا اَنَّهُمَا فِى النَّارِ -এর বহুবচন عَوَاقِبُ

হযরত মূসা (আ.) সম্মানিত নবী ছিলেন। পবিত্র কুরআনে হযরত মূসা (আ.)-এর আলোচনা যত বেশি হয়েছে তত আলোচনা অন্য কোনো নবীর হয়নি। তিনি মিসরের বাদশাহ, ফেরাউনের ঘরে লালিতপালিত হন। যুবক হলে একজন কিবতিকে ঘুষি মারেন, এতে সে (তার অনিচ্ছায়) মারা যায়। তাই তিনি সিরিয়া চলে যান। সেখানে হযরত শোয়াইব (আ.)-এর কন্যাকে বিবাহ করেন। বিবাহের চুক্তি অনুযায়ী তিনি হযরত শোআইব (আ.)-এর আট বছর ছাগল চরান। মেয়াদ শেষে দেশে ফেরার পথে সিনাই প্রান্তরে তুর পাহাড়ে অগ্নিশিখা দেখতে পেলেন। আগুন আনতে গেলে সেখানে নুবয়তির সম্মানে ভূষিত হন। তাঁর আবেদনে তার ভাই হযরত হযরত হারূন (আ.) কেও পয়গাম্বর বানিয়ে দেন। উভয় ভাই একত্রে ফেরাউনের কাছে দীনের দাওয়াত নিয়ে যান। ফেরাউন অবাধ্যতা করে তাদের দাওয়াত গ্রহণ করা থেকে বিরত থাকে। পরন্তু জাদুকরদেরকে একত্রিত করল, জাদুকরদের সাথে প্রতিযোগিতা হলো। তাতে জাদুকররা পরাজিত হলো এবং তারা মুসলমান হয়ে গেল। ফেরাউনের শত্রুতার মাত্রা আরো বৃদ্ধি পেয়ে গেল। অতঃপর তিনি বনি ইসরাইলদের সঙ্গে নিয়ে রাতারাতি মিসর ত্যাগের জন্য বেরিয়ে পড়েন। ফেরাউনও তাদের পশ্চাদ্ধাবন করে। আল্লাহ তাদের জন্য সমুদ্রের মধ্য দিয়ে রাস্তা করে দিলেন। তাঁরা সদলবলে মহা শান্তিতে পার হয়ে গেলেন। ফেরাউন উক্ত সমুদ্রপথে দলবল নিয়ে নেমে পড়ে। আল্লাহ তাদেরকে সমূলে ধ্বংস করে দেন। বিস্তারিত জানার জন্য ইতিহাস গ্রন্থ দেখা যেতে পারে।

فِرْعَوْنَ : **মিশর অধিপতি ফেরাউন**। শব্দটি মূলত فاراوه ছিল। মিসরীয় ভাষায় فارا অর্থ– ভবন; আর اوه অর্থ– সুউচ্চ; বড়। সুতরাং فاراوه অর্থ হলো সুউচ্চ ভবন। এর দ্বারা উদ্দেশ্য ছিল মিসরের বাদশার সত্তা। যেমনিভাবে উসমানী খেলাফত আমলে باب عالى দ্বারা উদ্দেশ্য হতো স্বয়ং খলিফা। ইউরোপীয় ভাষায়ও فرعون শব্দটির প্রয়োগ দেখা যায়। (ব্রুকসন রচনাবলি) মূলত ফেরাউন ছিল মিসরের অধিপতিদের উপাধি। হযরত ইউসুফ (আ.)-এর যুগে যে ফেরাউন ছিল তার নাম ছিল আপুফাস। আর হযরত মূসা (আ.) কে যে ফেরাউন লালনপালন করেছিল তার নাম ছিল রামইস দুয়েম বা রা'মীস। গ্রীক ভাষায় তাকে سُوسْتَرِيس এবং ইবরানী ভাষায় فِرْعَوْنُ التَّسْخِيْر বলা হতো। রামইসের পুত্র মুনফাতার যুগে হযরত মূসা (আ.)-এর আবির্ভাব হয়েছিল, এর সাথেই তাঁর যুদ্ধ হয়েছিল এবং এই ফেরাউনই খিস্টপূর্ব ১৪৯১ সনে নীলনদে ডুবে মরেছিল। –(মু'জামুল কুরআন)

مَلَائِه : **নেতাদের দল;** প্রধান ব্যক্তিবর্গ; নেতৃবৃন্দ; পরিষদ; সভাষদ। مَلَأٌ মুযাফ, هُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচনে أَمْلَاءٌ ; مَلَأٌ অর্থ ভরে দেওয়া। সুতরাং নেতাদেরকে مَلَأٌ বলার কারণ তারা তাদের সুন্দর সুন্দর মতামত, সিদ্ধান্ত ও ব্যক্তিগত সৌন্দর্য দ্বারা মানুষের চাহিদা পূর্ণ করে দেয়, অথবা চোখে আলো এবং অন্তরে ভয়ভীতি দ্বরা ভরে দেয় তাই তাদেরকে مَلَأٌ বলা হয়। (মিসবাহ) ইমাম রাগেব বলেন, যে ব্যক্তি দর্শকদের দৃষ্টিতে সম্মানিত হয় এবং তাদের দৃষ্টি জুড়িয়ে দেয় তাকেই مَلَأُ الْعُيُونِ বলা হয়। شَابٌّ مَالِئُ الْعَيْنِ সুদর্শন যুবককে বলা হয়।

اِسْتَكْبَرُوْا : **তারা অহংকার করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك . ب . ر) জিনস صحيح মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; বড়ত্ব প্রদর্শন করা; নিজেকে বড় জাহির করা। এ ধরনের বড়ত্ব প্রদর্শন যদি শরিয়তের অধীনে এবং এমন স্থান ও সময়ে হয় যখন তা করা ওয়াজিব, তাহলে এরূপ করা প্রশংসনীয়। নতুবা এটা নিন্দনীয়। অর্থাৎ নিজের বড়ত্ব প্রকাশের জন্য মিথ্যার আশ্রয় নেওয়া যার উপযুক্ত সে নয়। পবিত্র কুরআনে এর ব্যবহার দ্বিতীয় অর্থেই হয়েছে।

مُجْرِمِيْنَ : **অপরাধীসকল; পাপিষ্ঠ ও গুনাহগারগণ**। সীগাহ جمع مذكر اسم فاعل বহছ اِفْعَالٌ বাব মূলবর্ণ (ج . ر . م) জিনস صحيح মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অন্যায় করা; অপরাধ করা; গুনাহ করা।

আয়াত : ৭৬

سِحْرٌ : **জাদু**। এটি বাব فَتَحَ-এর মাসদার এবং এটি বিরল মাসদারসমূহের একটি। আল্লামা ইবনে

খালওয়াই বগবী (র.) তাঁর কিতাব লাইসে উল্লেখ করেছেন যে, আরবি ভাষায় فَعَلَ يَفْعَلُ فِعْلًا-এর ওজনে سَحَرَ يَسْحَرُ سِحْرًا ব্যতীত অন্য কোনো মাসদার নেই। (তাজুল উরূস) কিন্তু আল্লামা আবূ হাইয়ান اَلْبَحْرُ الْمُحِيْطُ -এ এতটুকু বৃদ্ধি করে বলেছেন যে, سِحْر ও فِعْل ব্যতীত অন্য কোনো মাসদার فَعَلَ يَفْعَلُ-এর ওজনে فِعْل থেকে আসে না। শাইখ সামীনও একই কথা বলেছেন। ইমাম আবূ বকর জাসসাস রাযী (র.) আহকামুল কুরআনে উল্লেখ করেছেন যে, سِحْر এমন বস্তুকে বলা হয় যা সূক্ষ্ম এবং যার কারণ গোপনীয়। তাদের মতে سَحْر (بِالْفَتْحِ) অর্থ খাদ্য, কারণ তা গোপন থাকে এবং চলাচলের স্থান খুবই সূক্ষ্ম। কবি হযরত লাবীদ (র.) বলেন–

اَرَانَا مُوْضِعِيْنَ لِاَ تَرْغِيْبَ
وَ نَسْحَرُ بِالطَّعَامِ وَ بِالشَّرَابِ

(এখানে نَسْحَرُ-এর দুটি অর্থ হতে পারে। ১. আমরা জাদুগ্রস্তের ন্যায় বিপন্ন ছিলাম। ২. আমরা খাবার গ্রহণ করছিলাম। যে অর্থই গ্রহণ করা হোকনা কেন তার অর্থ গোপনীয়তা।) অপর এক কবি বলেন–

فَاِنْ تَسْئَلِيْنَا فِيْمَ نَحْنُ فَاِنَّنَا
عَصَافِيْرُ مِنْ هٰذَا الْاَنَامِ الْمُسَحَّرِ

(এ কবিতায় প্রোক্ত দুটি অর্থ হতে পারে। আবার مُسَحَّر দ্বারা ذُوْ سِحْرٍ (ফুসফুসবিশিষ্ট)ও উদ্দেশ্য হতে পারে। سِحْر ফুসফুস এবং যা কণ্ঠনালীর সাথে লেগে থাকে তাকে বলা হয়। এ সংক্রান্ত হযরত আয়েশা থেকে বর্ণিত হাদীসে রয়েছে– تُوُفِّيَ رَسُوْلُ اللّٰهِ ﷺ مَا بَيْنَ سَحْرِيْ وَ نَحْرِيْ (রাসূল ﷺ আমার ফুসফুস ও সিনার মধ্যবর্তী স্থানে ইন্তেকাল করেছেন।) পবিত্র কুরআনে রয়েছে– اِنَّمَا اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ (আপনি এমন সৃষ্টজীবদের অন্তর্ভুক্ত যারা পানাহার করে।)

سِحْر শব্দটি বিভিন্ন অর্থের জন্য ব্যবহৃত হয়। ১. প্রতারণা করা ও অবাস্তব কল্পনা সৃষ্টি করা। যেমন বাজিকর, ভেল্কিবাজ ও ম্যাজিশিয়ান যা কিছু করে, তা মানুষের চোখ ফাঁকি দিয়ে হাতের সাফাই দ্বারা এবং চুগলখোর লালসার কথার মাধ্যমে করে থাকে। মহান আল্লাহর বাণী– سَحَرُوْا اَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ (তারা মানুষের চোখসমূহকে বেঁধে দিয়েছে এবং তাদেরকে ভীতি প্রদর্শন করেছে।) অন্যত্র ইরশাদ হয়েছে– يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ (তাদের জাদু দ্বারা তাদের অন্তরে ধারণা সৃষ্টি হয়েছিল।) এ দৃষ্টিকোণ থেকেই তারা হযরত মূসা (আ.) -কে বলেছিল سَاحِرٌ তথা জাদুকর। যেমন– وَقَالُوْا يٰاَيُّهَا السَّاحِرُ ادْعُ لَنَا رَبَّكَ ২. কোনোভাবে শয়তানের নৈকট্য অর্জনের মাধ্যমে তার সহায়তা লাভ করা। যেমন– وَلٰكِنَّ الشَّيَاطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ السِّحْرَ (শয়তানরা কুফরি করেছে যে, তারাই লোকদেরকে জাদু শিখিয়েছে। ৩. জাদু এমন কর্ম যার দিকে বোকা লোকেরা যায়। তারা মনে করে, জাদু এমন জিনিস যার ব্যাপারে তাদের দাবি হলো, তা দ্বারা মানুষের আকৃতি ও স্বভাব ইত্যাদি পরিবর্তন করা যায় এমনকি মানুষকে গাধায় পরিণত করা হয়। অথচ সঠিক কথা হলো জ্ঞানীদের নিকট এর কোনো বাস্তবতা নেই। এটি একটি ভ্রান্ত ধারণা মাত্র। سِحْر বা জাদুর হাকীকত কি? সে সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। যেমন–

১. سِحْر বা জাদু হলো বাস্তবতার পরিপন্থি ও মানুষের আকৃতি পরিবর্তন করা, যা অলৌকিকতা ও কারামাতের সদৃশ বস্তু। যেমন বাতাসে উড়ানো এবং একই রাতে অনেক দূরত্ব পথ অতিক্রম করা ইত্যাদি।
২. তা প্রতারণা, ভেল্কিবাজি ইত্যাদি বৈ কিছুই নয়। যার কোনো বাস্তবতা নেই। সে সম্পর্কেই আল্লাহ তা'আলা বলেছেন– يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهَا تَسْعٰى (তাদের ধারণা হয়েছিল যে, তাদের জাদুর করণে সেগুলো দৌড়াচ্ছিল।)
৩. তা হলো প্রতারণামূলক এমন কর্ম যা মানুষের চক্ষুকে বন্ধ করে দেয়। সে সম্পর্কেই আল্লাহ বলেছেন– سَحَرُوْا اَعْيُنَ النَّاسِ (তারা মানুষের চক্ষুসমূহ বন্ধ করে দিয়েছিল।) বাজিকর, ভেল্কিবাজ প্রমুখ এরূপ করে থাকে।
৪. তা হলো জিনদের সেবাকর্মের একপ্রকার যা তারাই তাদের দেহের সূক্ষ্মতা থেকে আবিষ্কার করেছে। যার কারণেই তা সূক্ষ্ম ও গোপনীয়।
৫. তা এমন দেহবিশিষ্ট বস্তু দ্বারা গঠিত যা জমা করে জ্বালিয়ে ছাই বানিয়ে রাখা হয় এবং তার উপর বিভিন্ন নাম পড়ে ফু দেওয়া এবং জাদুর প্রয়োজন হলে তা ব্যবহার করা হয়।

৬. তা হলো কুফরি কতিপয় বাক্যের সমষ্টি।
سِحْرٌ -এর অস্তিত্ব আছে কিনা? একথা নিঃসন্দেহে বলা যায় যে, জাদু একসময় ছিল। কারণ কুরআন ও হাদীসে এ সম্পর্কে স্পষ্ট বর্ণনা রয়েছে। কিন্তু বর্তমান যুগে আমরা বিভিন্ন বই পুস্তক পড়ে জানতে পারি তা সরাসরি মিথ্যা ও মনগড়া কথা বৈ কিছুই নয়। বস্তুত জাদুর কোনোই ক্ষমতা নেই। তা দ্বারা মানুষের কোনোই ক্ষতি সাধিত হবে না। কিন্তু এক শ্রেণির লোক জাদুকরদের পিছনে পড়ে নিজেদের অর্থ নষ্ট করছে যার কোনোই যৌক্তিকতা নেই।

مُبِيْنٌ : **স্পষ্ট; প্রকাশকারী; বর্ণনাকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– বর্ণনা করা; প্রকাশ করা।

আয়াত : ৭৭

اَتَقُوْلُوْنَ : "أ" **প্রশ্নবোধক হামযাহ**। تَقُوْلُوْنَ : সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

لَا يُفْلِحُ : **সে সফলকাম হয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْلَاحُ মূলবর্ণ (ف ـ ل ـ ح) অর্থ– সফলকাম হওয়া।

আয়াত : ৭৮

أَجِئْتَنَا : **তুমি কি আমাদের কাছে এসেছো?** "أ" প্রশ্নবোধক হামযাহ। جئت ; সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف ; نا যমীরে মাফউল। বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা। এর صلة যদি با আসে তখন অর্থ হয় নিয়ে আসা। যেমন– جَاءَ بِالْحَقِّ সে সত্য নিয়ে এসেছে।

لِتَلْفِتَنَا : **যেন তুমি আমাদেরকে বিচ্যুত কর**। শুরুর লামটি مكسور ; সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف بلام كئ ; نَا যমীরে মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ل ـ ف ـ ت) মাসদার اَللَّفْتُ অর্থ– ফিরিয়ে দেওয়া; বিচ্যুত করা।

وَجَدْنَا : **আমরা পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوِجْدَانُ অর্থ– পাওয়া;।

اَلْكِبْرِيَاءُ : **প্রতিপত্তি; বড়ত্ব; শ্রেষ্ঠত্ব**। এটি ইসমে মাসদার। অর্থ– সকলের আনুগত্যের উর্ধ্বে হওয়া; সকলের চেয়ে শ্রেষ্ঠ হওয়া।

আয়াত : ৭৯

اِئْتُوْنِيْ : **তুমি আমার কাছে নিয়ে এসো**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف ; "نى" ن বেকায়া; ياء যামীরে মুতাকাল্লিম মাফউল। বাবে ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; আগমন করা; নিকটবর্তী হওয়া।

اَلسَّحَرَةُ : **জাদুকরসকল**। বহুবচন, একবচন– سَاحِرٌ

اَلْقُوْا : **তোমরা নিক্ষেপ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ– নিক্ষেপ করা। اَلْقُوْا শব্দটি মূলত اَلْقِيُوْا ছিল। যেরের পরে ياء -এর উপর পেশ পড়া কঠিন, তাই قاف -এর হরকত ফেলে দিয়ে ياء -এর হরকত পেশ قاف কে দেওয়া হয়েছে। এখন ياء ও واو দুই সাকিন একত্রিত হওয়ায় ياء পড়ে গেছে। এভাবে তালীল দ্বারা اَلْقُوْا হয়েছে।

مُلْقُوْنَ : **নিক্ষেপকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার الالقاء অর্থ– নিক্ষেপ করা। مُلْقُوْنَ শব্দটি মূলত مُلْقِيُوْ ছিল। اَلْقُوْا -এর ন্যায় তালীল হয়েছে।

আয়াত : ৮১

اَلْقَوْا : **তারা নিক্ষেপ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ নিক্ষেপ করা। اَلْقَوْا মূলত اَلْقَيُوْا ছিল। ياء হরকতবিশিষ্ট তার পূর্বে যবর, তাই ياء কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। তারপর الف ও واو এ দু সাকিন একত্রিত হওয়ায় الف পড়ে গেল। এভাবে তালীল হয়ে اَلْقَوْا হয়েছে।

جِئْتُمْ : **তোমরা নিয়ে আস**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা।

سَيُبْطِلُهُ : **অচিরেই তা অসার করে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; ه যমীর

মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ط ـ ل) মাসদার اَلْاِبْطَالُ অর্থ- বাতিলকরণ; বিলোপসাধন; অকেজোকরণ। এর সেলা فِى আসলে অর্থ হবে ঠাট্টা-বিদ্রূপ করা। আর যদি মাফউলের সাথে একত্রে ব্যবহার হয় তখন অর্থ হবে মিথ্যার স্বীকৃতি দেওয়া; অসার বানানো।

لَا يُصْلِحُ : **সার্থক করেন না। সংস্কার বা সংশোধন করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ- সংশোধন করা; পরিপাটি করা।

اَلْمُفْسِدِيْنَ : **অনিষ্ট বা অশান্তি সৃষ্টিকারীগণ।** حالت جر সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- অনিষ্ট বা বিপর্যয় সৃষ্টি করা।

আয়াত : ৮২

يُحِقُّ : **সত্য প্রতিষ্ঠিত করা।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْقَاقُ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اِحْقَاقٌ অর্থ- সত্য প্রমাণিত করা।

كَرِهَ : **সে অপ্রীতিকর মনে করেছে; অপছন্দ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ك ـ ر ـ ه) মাসদার اَلْكَرْهُ وَ اَلْكُرْهُ وَ اَلْكَرَاهِيَةُ وَ اَلْكَرَاهَةُ অর্থ- অপ্রীতিকর মনে করা; অপছন্দ করা।

আয়াত : ৮৩

مَا اٰمَنَ : **সে ঈমান গ্রহণ করেনি।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা; ঈমান গ্রহণ করা।

ذُرِّيَّةٌ : **সন্তান-সন্ততি।** মূলত ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট বড় সকলের জন্যই তা ব্যবহৃত হয়। শব্দটি যদিও বহুবচন, কিন্তু একবচন, বহুবচন সবকিছুর জন্যই ব্যবহৃত হয়। বহুবচন- ذُرِّيَّاتٌ ও ذَرَارِىُّ

اَنْ يَّفْتِنَهُمْ : **(এমনকি) তাদের উপর নির্যাতন করবে; তাদেরকে কষ্ট দিবে।** يَفْتِنَ সীগাহ واحد مذكر বহছ مضارع معروف منصوب بان هم ; غائب যমীরে মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ف ـ ت ـ ن) মাসদার اَلْفَتْنُ وَالْفُتُوْنُ অর্থ- ফেতনায় ফেলা; বিপদগ্রস্ত করা।

لَعَالٍ : **অবাধ্য; অহংকারী; দাম্ভিক; প্রবল; প্রাধান্যপ্রাপ্ত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْعُلُوُّ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ- আল্লামা আবূ জাফর বায়হাকী (র.) عُلُوٌّ -এর নিম্নবর্ণিত অর্থ বর্ণনা করেছেন-

১. অবাধ্যতা করা; ২. উঁচু হওয়া; ৩. কোনো কাজে ক্ষমতা পাওয়া; কারো উপর জয় পাওয়া। এখানে عُلُوٌّ-এর সকল অর্থই হতে পারে। তবে লক্ষণীয় যে, এখানে এর অর্থ তিরস্কারের জন্য হয়েছে। (তালীল) عَالٍ মূলত عَالِوٌ ছিল। শেষের واو টি প্রথমে ياء হয়েছে অতঃপর পড়ে গেছে। কারণ নিয়ম আছে যে ইসমে ফায়েলের যে واو বাক্যের শেষে হয় এবং তার পূর্বে مَكْسُوْر হয় ياء হয়ে পড়ে যায়। এভাবে عَالٍ হয়ে গেছে।

اَلْمُسْرِفِيْنَ : **সীমালঙ্ঘনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ف) মাসদার اَلْاِسْرَافُ অর্থ- সীমালঙ্ঘন করা।

اٰمَنْتُمْ : **তোমরা ঈমান গ্রহণ করেছো।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা।

تَوَكَّلُوْا : **তোমরা নির্ভর কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ- ভরসা করা; নির্ভর করা; তাওয়াক্কুল করা।

اِنْ كُنْتُمْ : **যদি তোমরা হও।** اِنْ হরফে শর্ত। كُنْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া।

আয়াত : ৮৫

فِتْنَةً : **উৎপীড়নের পাত্র; নির্যাতনের লক্ষ্যস্থল।** বহুবচন فِتَنٌ অর্থ- দাঙ্গা; গোলযোগ; বিপদ; কষ্ট; পরীক্ষা।

আয়াত : ৮৭

أَوْحَيْنَا : **আমি ওহী প্রেরণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْإِيْحَاءُ অর্থ– প্রত্যাদেশ প্রেরণ করা।

تَبَوَّآ : **তোমরা দুজন গৃহ স্থাপন কর; অবস্থান করাও; অবতরণ করাও।** সীগাহ تثنية مذكر حاضر বহছ مضارع منصوب بان বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّبَوُّأُ অর্থ– গৃহ স্থাপন করা; অবস্থান করানো: জায়গা তৈরি করা।

مِصْرَ : মিসর। (এটি একটি মধ্য প্রাচ্যের প্রসিদ্ধ শহরের নাম)

اِجْعَلُوْا : **তোমরা বানাও।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– তৈরি করা: করা: বানানো।

قِبْلَةً : **কাবার দিক যা নামাজে সামনে থাকে।** সম্মুখস্থ দিক। যেমন বলা হয়– أَيْنَ قِبْلَتُكَ তোমার রোখ কোন দিকে? যা মুখের সামনে থাকে তাকেও কিবলা বলা হয়। নামাজি ব্যক্তির সামনের দিকে কাবা থাকে তাই তাকে কিবলা বলা হয়। ইমাম রাগেব (র.) المفردات এবং প্রফেসর আব্দুর রউফ মিসরী معجم القرآن গ্রন্থে লিখেছেন, অভিধানে সম্মুখস্থ ব্যক্তির অবস্থাকে কিবলা বলা হতো। রূপকার্থে সম্মুখস্থ ব্যক্তি এবং সামনের দিকের জন্য তার ব্যবহার হতে থাকে। তবে এ স্থানে قِبْلَةً দ্বারা উদ্দেশ্য হলো নামাজের স্থান। ফেরাউন যেহেতু নামাজ পড়ার উপর নিষেধাজ্ঞা জারি করে রেখেছিল, তাই বনি ইসরাইলদেরকে নির্দেশ দেওয়া হয়েছিল গৃহসমূহেই নামাজের স্থান বানিয়ে নাও এবং চুপিসারে ঘরেই নামাজ আদায় করে নাও। (সুয়ূতী, খাযেন ও মু'জামুল কুরআন)। কিন্তু কিছু অনভিজ্ঞ মুফাসসির কুরআনের এ আয়াতের তরজমা করেছেন "তোমরা গৃহসমূহ মুখোমুখী বানাও" যেন প্রয়োজনের সময় পরস্পর অংশগ্রহণ করতে পার। এ তাফসীর কুরআনের পূর্বাপর সম্পর্কের পরিপন্থি। তাছাড়া প্রাচীন মুফাসসিরীনদের মধ্য থেকে কেউ এ ধরনের তাফসীর করেননি। তাই এ তাফসীর গ্রহণযোগ্য নয়।

أَقِيْمُوْا : **তোমরা (নামাজ) প্রতিষ্ঠা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْإِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠিত করা; দণ্ডায়মান করা।

بَشِّرْ : **তুমি সুসংবাদ শুনিয়ে দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া। মানুষের বৈশিষ্ট্য হলো যখন তার কাছে কোনো আনন্দদায়ক সংবাদ পৌঁছে তখন আনন্দের আতিশয্যে তার দেহের রক্ত সঞ্চালন বৃদ্ধি পায়। এ কারণেই এমন সংবাদ শুনানো যা শুনে মানুষের চেহারায় আনন্দ ও প্রফুল্লতার চিহ্ন প্রকাশ পায় তাকে تَبْشِيْر বলা হয়। উল্লেখ্য যে, تَبْشِيْر শব্দের মাঝে অধিকহারে সুসংবাদ প্রদানের অর্থ বিদ্যমান। তবে কখনো ক্রোধের বহিঃপ্রকাশ এবং তিরস্কার ও উপহাসস্বরূপ এর ব্যবহার দুঃখজনক, মর্মবেদনামূলক ও মন্দ সংবাদ শুনানোর ক্ষেত্রেও হয়ে থাকে। এখানে এ অর্থেই ব্যবহৃত হয়েছে। এ অর্থে এর ব্যবহার استعاره হিসেবে হবে। যেমন কবি বলেছেন– تَحِيَّةُ بَيْنِهِمْ ضَرْبٌ وَجِيْعٌ (তাদের পরস্পরের সালাম হলো বেদনাদায়ক প্রহার)

আয়াত : ৮৮

اٰتَيْتَ : **তুমি দান করেছো।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْإِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

زِيْنَةً : **শোভা; সৌন্দর্য; সাজসজ্জা;** গয়না; অলংকার। এটি ইসম। ইমাম রাগেব (র.) বলেন, বাস্তব সৌন্দর্য হলো যা মানুষকে কোনো অবস্থাতেই দূষণীয় করে না। না দুনিয়াতে না পরকালে। কিন্তু যা এক অবস্থাতে মানুষকে ঔজ্জ্বল্য প্রদান করে আর অন্য অবস্থাতে প্রদান করে না তা এক দিক থেকে দূষণীয়। সংক্ষেপে বলা যায়, সৌন্দর্য তিন প্রকার।

১. আত্মিক সৌন্দর্য। যেমন– ইলম, প্রজ্ঞা, উত্তম আকিদা। আল্লাহর বাণী– حَبَّبَ إِلَيْكُمُ الْإِيْمَانَ وَزَيَّنَهُ فِيْ قُلُوْبِكُمْ এ আয়াতে আধ্যাত্মিক সৌন্দর্যের কথা উল্লেখ করা হয়েছে।
২. দৈহিক সৌন্দর্য। যেমন শক্তিশালী ও দীর্ঘকায় হওয়া।

৩. বাহ্যিক সৌন্দর্য। ধনদৌলত, মানমর্যাদা ইত্যাদি। যেমন আল্লাহর বাণী– فَخَرَجَ ও مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ عَلٰى قَوْمِهٖ فِىْ زِيْنَتِهٖ এ আয়াতদ্বয়ে বাহ্যিক তথা পার্থিব সৌন্দর্যের কথা উল্লেখ করা হয়েছে।

আবার আয়াত– وَزَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ ও وَزَيَّنّٰهَا لِلنّٰظِرِيْنَ ও اِنَّا زَيَّنَّا السَّمَاءَ بِزِيْنَةِ الْكَوَاكِبِ এ আয়াতগুলোতে ঐ সৌন্দর্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে যা দৃষ্টি দ্বারা অনুভূত এবং আম-খাস সকলে তা জানে, আবার ঐ সৌন্দর্যের প্রতিও ইঙ্গিত রয়েছে যা কেবল বিশিষ্টজনই জানতে পারে। অর্থাৎ তারকারাজির বিধিবিধান এবং তাদের গতিবিধি।

لِيُضِلُّوْا : **যেন তারা পথভ্রষ্ট করে।** لام كى টি لام : فعل বহছ جمع مذكر غائب সীগাহ يضلوا مضارع منصوب بلام كى বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট করা; বিপথগামী করা।

اِطْمِسْ : **তুমি নিশ্চিহ্ন কর; তুমি মুছে ফেল।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ط ـ م ـ س) মাসদার اَلطَّمْسُ অর্থ– মুছে ফেলা।

اُشْدُدْ : **তুমি সুদৃঢ় করে দাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلشَّدُّ মূলবর্ণ (ش ـ د ـ د) অর্থ– সুদৃঢ় করা।

لَا يُؤْمِنُوْا : **তারা ঈমান আনয়ন করবেনা।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা। শব্দটি মূলত لايؤمنون ছিল। কিন্তু তা আমরের জওয়াবে হওয়ার কারণে শেষ থেকে نون اعرابى পড়ে গেছে।

اَلِيْمَ : **মর্মন্তুদ শাস্তি; যন্ত্রণাদায়ক শাস্তি।** এটি فَعِيْلَ-এর ওজনে সিফাতের সীগাহ যা ইসমে ফায়েলের অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত ৮৯

اُجِيْبَتْ : **কবুল করা হলো।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجَابَةُ মূলবর্ণ (ج ـ و ـ ب) অর্থ– গ্রহণ করা; কবুল করা; ভাড়া দেওয়া।

اِسْتَقِيْمَا : **তোমরা দু'জন অবিচল থাক।** সীগাহ تثنية مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– অটল অবিচল থাকা।

لَا تَتَّبِعَانِّ : **অবশ্যই তোমরা দুজন অনুসরণ করবেনা।** সীগাহ تثنية مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা। আনুগত্য করা।

لَا يَعْلَمُوْنَ : **তারা জানবে না।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৯০

جَاوَزْنَا : **আমরা অতিক্রম করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَة মূলবর্ণ (ج ـ و ـ ز) মাসদার اَلْمُجَاوَزَةُ অর্থ– পরস্পর কোনো কিছু অতিক্রম করা; একে অপরের আগে বাড়া।

بَنِىْٓ اِسْرَآئِيْلَ : **বনী ইসরাঈল; একটি সম্প্রদায় যারা হযরত ইয়াকূব (আ.) -এর বংশধর।** بَنِىْٓ মূলত بَنِيْنَ ছিল। নসব অবস্থায় ইযাফতের কারণে نون পড়ে গেছে। আর اِسْرَائِيْلَ শব্দটি غير منصرف হওয়ার কারণে جمع مضاف اليه হওয়া সত্ত্বেও মানসূব হয়েছে। আর اِسْرَائِيْلَ হযরত ইয়াকূব (আ.) -এর নাম।

اَتْبَعَهُمْ : **সে তাদের পশ্চাদ্ধাবন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف; هم যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ– কারো পদাঙ্ক অনুকরণ করা; পিছনে চলা।

بَغْيًا : **ঔদ্ধত্য প্রদর্শন করে।** যেখানে মধ্যপন্থা অবলম্বন করা প্রয়োজন সেখানে মধ্যপন্থা থেকে অগ্রসর হওয়ার ইচ্ছাকে بَغْى বলা হয়; চাই মধ্যমপন্থা থেকে সীমালঙ্ঘন হোক অথবা না হোক। بَغْى -এর ব্যবহার পরিমাণ ও অবস্থা উভয়ের ক্ষেত্রে হয়ে থাকে।

عَدْوًا : **সীমালঙ্ঘন করে।** এটি মাসদার। এর فعل বাব نَصَرَ থেকে আসে। আল্লামা রাগিব (র.) বলেন– عَدْوٌ অর্থ সীমালঙ্ঘন করা ও সম্পৃক্ততা বিলীন হওয়া। এর সম্পর্ক যদি অন্তরের সাথে হয় তখন তাকে عَدَاوَةٌ

وَ مُعَادَاةٌ (শত্রুতা) বলা হয়। আর যদি চলার সাথে হয় তখন তাকে عَدْوٌ বলা হয়। আর যদি লেনদেনেদের ক্ষেত্রে বে-ইনসাফীর সাথে হয় তখন তাকে عَدْوٌ ও عَدْوَانٌ বলা হয়। যেমন আল্লাহর বাণী- فَيَسُبُّوا اللّٰهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ

اَدْرَكَهُ : সে তাকে পেল। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف ; ه যমীর মাফউল। বাব اِفْعَال মূলবর্ণ (د . ر . ك) মাসদার اَلْاِدْرَاكُ অর্থ- কোনো বস্তুকে পুরোপুরিভাবে পাওয়া।

اَلْغَرَقُ : নিমজ্জন; নিমগ্নতা। এটি বাব سَمِعَ - এর মাসদার। উল্লেখ্য غَرَقٌ অর্থ- পানিতে, নেয়ামতে বা বিপদে নিমজ্জিত থাকা; তবে এখানে পানিতে নিমজ্জিত হওয়া উদ্দেশ্য। -(মু'জামুল কুরআন)

اٰمَنْتُ : আমি ঈমান গ্রহণ করেছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ . م . ن) অর্থ- ঈমান আনা; বিশ্বাস করা।

اِلٰـهٌ : এটি فِعَالٌ -এর ওজনে مَاْلُوْهٌ অর্থে ব্যবহৃত। যে কোনো জাতি যারই ইবাদত বা উপাসনা করে তাকেই اِلٰـه বা উপাস্য বলা হয়; চাই সে হক বা বাতিল হোক।

আয়াত : ৯১

قَدْ عَصَيْتَ : তুমি অবাধ্যতা করেছ। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى قريب معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع . ص . ى) মাসদার اَلْمَعْصِيَةُ ও اَلْعِصْيَانُ অর্থ- অবাধ্যতা করা; নাফরমানি করা।

اَلْمُفْسِدِيْنَ : অশান্তি সৃষ্টিকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَال মূলবর্ণ (ف . س . د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ- অশান্তি সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

আয়াত : ৯২

نُنَجِّيْكَ : আমি তোমাকে (দেহকে) রক্ষা করব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف ; ك যমীর মাফউল। বাব تَفْعِيْل মূলবর্ণ (ن . ج . و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ- মুক্তি দেওয়া; রক্ষা করা। শব্দটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহৃত হয়। উল্লেখ্য এখানে ফেরাউনের লাশকে রক্ষা করার কথা বলা হয়েছে। আর রক্ষা হয়েছিল এভাবে যে, তার ডুবন্ত লাশ মাছের খোরাক হওয়া থেকে রক্ষা করে শুষ্ক স্থানে নিক্ষেপ করা হয়েছিল।

لِتَكُوْنَ : যেন তুমি হও। لام كى টি لام ; تَكُوْنَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف মানসূব। বাব نَصَرَ (ফেলে নাকেস) মাসদার اَلْكَوْنُ মূলবর্ণ (ك . و . ن) অর্থ- হওয়া।

خَلْفَكَ : তোমার পরবর্তীগণ। خَلْفَ মুযাফ; ك যমীর مضاف اليه : خَلْفَ -এর বিপরীত হলো قُدَّامَ

لَغَافِلُوْنَ : অবশ্যই তারা অন্যমনস্ক ও গাফেল। لام তাকিদ। غَافِلُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ . ف . ل) মাসদার اَلْغَفْلُ অর্থ- অন্যমনস্ক হওয়া।

بَوَّأْنَا : আমি বসবাস করালাম; আমি জায়গা দিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب . و . أ) মাসদার اَلتَّبْوِئَةُ অর্থ- থাকার জায়গা দেওয়া; বসবাস করানো।

مُبَوَّأَ : নিবাস; আবাসভূমি। এটি اسم ظرف যা মুযাফ হয়েছে পরবর্তী صدق -এর দিকে।

رَزَقْنَا : আমি জীবনোপকরণ দিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر . ز . ق) মাসদার اَلرِّزْقُ অর্থ- জীবনোপকরণ বা রিজিক প্রদান করা।

اِخْتَلَفُوْا : তারা বিভেদ সৃষ্টি করেছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (خ . ل . ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ- মতবিরোধ করা; বিভেদ সৃষ্টি করা।

يَقْضِىْ : তিনি ফয়সালা করবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق . ض . ى) অর্থ- ফয়সালা করা; মীমাংসা করা; সমাধান করা।

يَخْتَلِفُوْنَ : তারা বিভেদ সৃষ্টি করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (خ . ل . ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ- মতবিরোধ করা; মতভেদ করা; বিভেদ সৃষ্টি করা

আয়াত : ৯৪

اَنْزَلْنَا : **আমরা অবতীর্ণ করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

فَسْئَلْ : অতপর আপনি জিজ্ঞেস করুন। فا হরফে আত্ফ। اِسْئَلْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ء ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা; জানতে চাওয়া।

يَقْرَءُوْنَ : **তারা পাঠ করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْقِرَاءَةُ মূলবর্ণ (ق ـ ر ـ أ) অর্থ– পড়া; পাঠ করা।

لَا تَكُوْنَنَّ : **তুমি কখনো হয়ো না।** সীগাহ واحد مذكر غائب বহছ نهى حاضر معروف بانون ثقيله বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَلْمُمْتَرِيْنَ : **সন্দিগ্ধচিত্তগণ; সন্দিহানগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِمْتِرَاءُ মূলবর্ণ (م ـ ر ـ ى) অর্থ– সন্দেহ করা।

আয়াত : ৯৫

كَذَّبُوْا : **তারা মিথ্যা প্রতিপন্ন করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব تفعيل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; মিথ্যায়ন করা।

اَلْخَاسِرِيْنَ : **ক্ষতিগ্রস্তগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سمع মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخَسْرُ وَ اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ৯৬

حَقَّتْ : **সাব্যস্ত হয়েছে; প্রমাণিত হয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ق ـ ق) মাসদার اَلْحَقُّ সাবস্ত হওয়া; প্রমাণিত হওয়া।

আয়াত : ৯৭

يَرَوْا : **তারা প্রত্যক্ষ করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। يروا মূলত يرون ছিল। حتى -এর কারণে نون جمع পড়ে গেছে এবং واو -এর উপর পেশ দেওয়া হয়েছে, যেন বহুবচনের সীগাহ বুঝায়।

আয়াত : ৯৮

فَنَفَعَهَا : **অতঃপর সে তার উপকারে এসেছে।** فاء হরফে আত্ফ। نَفَعَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف ; ها যমীরে واحد مؤنث মাফউল। বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ف ـ ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকার করা; উপকারী হওয়া।

يُوْنُسَ : **হযরত ইউনুস (আ.)।** তাঁর পিতার নাম মাত্তা। ইনি প্রসিদ্ধ ইসরাঈলী নবী ছিলেন। যার নামে ১১তম পারায় একটি সূরার নামকরণ করা হয়েছে। তাঁকে নিনুওয়া (ইরাকে) হেদায়েতের জন্য প্রেরণ করা হয়েছিল। হযরত ইউনুস (আ.)-এর এক লক্ষ বা এর চেয়ে বেশি দাওয়াতি উম্মত ছিল। লোকেরা তার দাওয়াত গ্রহণ করা থেকে বিরত থেকেছে। তাই তিনি তাদেরকে শাস্তির ধমক দিলেন। এতেও তারা মানলনা। সর্বশেষ তিনি তাদেরকে বললেন, তিন দিনের মধ্যে তোমাদের উপর আজাব আসবে। তৃতীয় দিন ফজরের সময় আজাবের লক্ষণ দেখা দিল। ঘন কালো মেঘ বস্তির উপর ছেয়ে গেল। তারপর লোকেরা বিশ্বাস করল যে, হযরত ইউনুস (আ.) সত্যই বলেছিলেন। অর্ধরাতের পূর্বেই তিনি ঘর থেকে বেরিয়ে পড়েন। লোকেরা তাকে অনেক খোঁজাখুজি করেও পেলনা। তখন লোকেরা গগনবিদারী ক্রন্দন ও ফরিয়াদ করতে করতে ময়দানে বেরিয়ে আসে। আল্লাহর করুণা ও দয়ার প্রত্যাশী হয়ে খাঁটি মনে তওবা করতে থাকে। আল্লাহ তা'আলা তাদের শাস্তি দূরীভূত করে দিলেন। হযরত ইউনূস (আ) -এর দৃঢ় বিশ্বাস ছিল যে, শাস্তি অবশ্যই অবতীর্ণ হবে। যখন তিনি বিভিন্ন নিদর্শন দ্বারা বুঝতে পারলেন যে, শাস্তি প্রত্যাহার করা হয়েছে তখন তিনি ভাবলেন লোকেরা আমাকে মিথ্যা মনে করে হত্যা করে ফেলবে। তাই তিনি ওহির অপেক্ষা না করেই ক্রোধান্বিত হয়ে পালাতে লাগলেন। হযরত ইবনে আব্বাস (রা.)-এর বর্ণনা অনুযায়ী রোম সাগরের তীরে পৌছে একটি নৌকায় আরোহণ করেন। নৌকা চলতে লাগল। কিছুদূর গিয়ে নৌকা থেমে গেল। হযরত ইউনূস

(আ.) বললেন, নৌকা কেন চলছেনা তা আমি জানি। আমাকে সমুদ্রে নিক্ষেপ কর। কারণ আমি পলাতক গোলাম। (ওহাব বিন মুনাব্বিহ)-এর বর্ণনামতে লোকেরা তিনবার লটারি দিয়ে যাচাই করল। প্রতিবারই লটারিতে তাঁর নাম উঠল। লোকেরা তাও মানতে চাইছিলনা। তাই তিনি নিজেই সমুদ্রে লাফ দিলেন। একটি বৃহদকায় মাছ তাকে খেয়ে ফেলল। চল্লিশ দিন পর্যন্ত মাছের পেটেই থাকলেন। এমতাবস্থায় তিনি আল্লাহর কাছে তওবা ও ইস্তেগফার করলেন। আল্লাহ তার দোয়া কবুল করলেন। মাছ তাঁকে সমুদ্রের তীরে এনে পেট থেকে বের করে দিল। কোনো বড় পাতাবিশিষ্ট গাছের ছায়ায় আরাম করতে থাকলেন। এদিকে লোকেরা তো তার অনুসন্ধানেই ছিল। যখন তাকে পেল তখন সসম্মানে নিয়ে গেল। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.), ওহাব বিন মুনাব্বিহ, ও অন্যান্য নির্ভরযোগ্য রাবীদের থেকে হ্রাস-বৃদ্ধিসহ বড় কাহিনী বর্ণিত হয়েছে। এ সূরাতেও সংক্ষিপ্ত কাহিনী বর্ণিত হয়েছে।

اَلْخِزْىِ : **হীনতা; অপদস্থতা**। এটি বাব سَمِعَ -এর মাসদার। ও ইসম।

مَتَّعْنَا : **আমি জীবনোপভোগ করতে দিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيل মাসদার اَلتَّمْتِيْعُ মূলবর্ণ (م ـ ت ـ ع) অর্থ- উপকৃত করা।

حِيْنٍ : **সময়; কাল**। বহুবচন اَحْيَانٌ ; কোনো বস্তুর উপস্থিতি ও অর্জনের সময়কে حِيْن বলা হয়। এর অর্থের মাঝে যে অস্পষ্টতা থাকে مضاف اليه দ্বারা তার تخصيص হয়ে যায়। যেমন- وَلَاتَ حِيْنَ مَنَاصٍ (তাদের মুক্তির সময় ছিলনা) এখানে حِيْن অর্থাৎ সময়ের অর্থের মাঝে যে অস্পষ্টতা ছিল مضاف اليه অর্থাৎ مَنَاص দ্বারা তার তা দূর হয়ে গেছে। এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। ১. মেয়াদ। যেমন- وَمَتَّعْنَاهُمْ اِلٰى حِيْنٍ ২. বছর, সাল। যেমন- تُؤْتِىْ اُكُلَهَا كُلَّ حِيْنٍ ৩. নির্দিষ্ট সময়। যেমন- فَسُبْحَانَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ .৪ সময়; মুহূর্ত। যেমন- هَلْ اَتٰى عَلَى الْاِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ

আয়াত : ৯৯

شَاءَ : **সে ইচ্ছা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ى ـ ء) মাসদার مَشِيْئَةٌ অর্থ- ইচ্ছা করা; চাওয়া। شَاءَ মূলত شَيِئَ ছিল। ى হরকতবিশিষ্ট তার পূর্বের অক্ষর মাফতুহ তাই ياء কে আলিফ দ্বারা পরিবর্তন করা হয়েছে।

تُكْرِهُ : **তুমি জবরদস্তি করছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَاهُ মূলবর্ণ (ك ـ ر ـ ه) অর্থ- কাউকে কোনো কাজে বাধ্য করা।

اَنْ تُؤْمِنَ : **যে তুমি ঈমান আনবে**। সীগাহ واحد مذكرحاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা; বিশ্বাস করা।

اِذْنٍ : **অনুমতি**। বাব سمع -এর মাসদার ও ইসম।

يَجْعَلُ : **সে করছে বা করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ- করা।

اَلرِّجْسَ : **কলুষলিপ্ত; অপবিত্র; কদর্যতা; শাস্তি। বিপদ।** বহুবচন- اَرْجَاسٌ ; رِجْس মূলত এমন বস্তুকে বলা হয় যা থেকে মানুষের ঘৃণা জন্মে। কিন্তু আল্লামা যমখশরী (র.) বলেন- رِجْس -এর অর্থ হলো শাস্তি। আবূ তুরাব বলেন, আমি আবুসসামিদ হুসাইনি থেকে শুনেছি যে, তিনি বলতেন رجس এমন বিপদকে বলা হয় যা মানুষের উপর অবতীর্ণ হয়। শব্দটি মূলত আরবদের প্রবাদবাক্য- اِرْتَجَسَتِ السَّمَاءُ (আকাশ বজ্রধ্বনিতে প্রকম্পিত হয়েছে) এ থেকে সংগৃহীত। আর এটা এমন কম্পন যার সাথে সাথে চিৎকারও থাকে। কারণ যার উপর আজাব অবতীর্ণ হয় তার জন্য আবশ্যক যে, সে কেঁপে উঠবে ও চিৎকার করবে। رِجْس -এর চারটি সুরত রয়েছে: ১. স্বভাবগত দিক থেকে, ২. জ্ঞানের দিক থেকে, ৩. শরিয়তের দিক থেকে, ৪. তিনটার সমষ্টিগত দিক থেকে। رِجْس شرعى হলো জুয়া, মদ। আর রিজসে আকলী হলো শিরক ও শূকরের গোশত ভক্ষণ। আল্লাহ তা'আলা সবগুলোর জন্যই رِجْس শব্দ ব্যবহার করেছেন

لَا يَعْقِلُوْنَ : **তারা অনুধাবন করেনা।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْلُ মূলবর্ণ (ع ـ ق ـ ل) অর্থ- অনুধাবন করা; বুঝা। (বিস্তারিত সূরা ইউনূস, আয়াত : ৪২ দ্রষ্টব্য)।

تُكْرِهُ : **তুমি জবরদস্তি করছ।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَاهُ মূলবর্ণ (ك ـ ر ـ ه) অর্থ- কাউকে জোরপূর্বক কোনো কাজে বাধ্য করা।

اُنْظُرُوْا : **তোমরা লক্ষ্য কর; তুমি প্রত্যক্ষ কর; তুমি দেখ।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

مَا تُغْنِىْ : **উপকারে আসে না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব افعال মূলবর্ণ (غ ـ ن ـ ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ- উপকারে আসা; ধনবান বানানো।

اَلنُّذُرُ : **ভীতি প্রদর্শনকারীগণ।** একবচন نَذِيْرٌ ভীতিপ্রদর্শনের চিহ্নসমূহ। এখানে উদ্দেশ্য হলো ভীতিপ্রদর্শনকারী পয়গাম্বরগণ।

আয়াত : ১০২

يَنْتَظِرُوْنَ : **তারা অপেক্ষা করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِظَارُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ- অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

خَلَوْا مِنْ قَبْلِهِمْ : **(যা) তাদের পূর্বে ঘটেছে বা হয়েছে।** সীগাহ خَلَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার اَلْخَلْوُ অতিক্রম করা; সংঘটিত হওয়া। خَلَوْ মূলত خَلَوُوْا ছিল। فَتَحُوْا-এর ওজনে। واو হরকতবিশিষ্ট তার পূর্বে যবর বিধায় واو কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। এখন الف ও واو এর মধ্যে দুই সাকিন একত্রিত হয়েছে যা উচ্চারণে কঠিন। তাই الف পড়ে গেছে। এভাবে خَلَوْا হয়েছে।

اِنْتَظِرُوْا : **তোমরা প্রতীক্ষা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ- প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

اَلْمُنْتَظِرُوْنَ : **তীক্ষাকারীগণ; অপেক্ষাকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ- অপেক্ষা করা; প্রতীক্ষা করা।

আয়াত : ১০৩

نُنَجِّىْ : **আমি উদ্ধার করি; আমি মুক্তি দেই।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ- উদ্ধার করা; মুক্তি দেওয়া।

نُنْجِ : **আমরা মুক্তি দেই।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْجَاءُ অর্থ- মুক্তি দেওয়া।

আয়াত : ১০৪

قُلْ : **তুমি বল।** সীগাহ واحد مذكر حاضر বহছ اَمْر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

لَا اَعْبُدُ : **আমি ইবাদত করিনা।** সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ وَ الْعُبُوْدِيَّةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ- ইবাদত করা; উপাসনা করা।

يَتَوَفّٰكُمْ : **যে তোমাদের মৃত্যু ঘটান।** يَتَوَفّٰى সীগাহ واحد مذكر غائب ; كُمْ যমীর মাফউল। বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوَفِّىْ অর্থ- মৃত্যু দেওয়া; মৃত্যু পাওয়া। (এটি লাযেম ও মুতা'আদ্দি উভয়ভাবে ব্যবহৃত হয়।)

اُمِرْتُ : **আমি আদিষ্ট হয়েছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ- নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

আয়াত : ১০৫

اَقِمْ : **তুমি প্রতিষ্ঠিত হও; তুমি প্রতিষ্ঠা কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ

মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْإِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; সঠিক করা; অবস্থান করা। উল্লেখ্য কোথাও اقامة -এর অর্থ হলো সেখানে অবস্থান করা; আর কোনো কোনো বস্তুকে اقامت -এর অর্থ হলো তাকে সঠিক রাখা এবং তার যাবতীয় হক বা অধিকার আদায় করা। এ কারণেই কুরআনে কারীমের যেখানেই নামাজ প্রতিষ্ঠা করার নির্দেশ প্রদান করা হয়েছে বা তার প্রশংসা করা হয়েছে সেখানে اقامة শব্দ ব্যবহার করা হয়েছে। যাতে এ কথার প্রতি সতর্ক করা হয়েছে যে, নামাজ আদায়ের উদ্দেশ্য শুধুমাত্র তার বাহ্যিক অবস্থা আদায় করা নয়; বরং তার শর্তাবলি ও হুকুম আহকাম সঠিকভাবে আদায় করা। –(তালীল) أَقِمْ মূলত أَقْوِمْ ছিল। واو -এর হরকত قاف কে দেওয়ার কারণে দুই সাকিন একত্রিত হয়েছে, তাই واو কে বিলুপ্ত করা হয়েছে। এভাবে أَقِمْ হয়েছে।

حَنِيفًا : **একনিষ্ঠভাবে**। এটি فَعِيلٌ -এর ওজনে صفت مشبه -এর সীগাহ। বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ن ـ ف) মাসদার الحنف পথভ্রষ্টতা পরিহার করে সঠিক পথের দিকে ঝুঁকা। যে ব্যক্তি সকল বাতিল পন্থা পরিহার করে সঠিক পথ ধরে, তাকে حنيف বলা হয়। শাহ ওয়ালিউল্লাহ দেহলভী (র.) বলেন–حنيف آن را گويند الخ ... যে কেবলামুখী হয় (নামাজ আদায় করে), হজ পালন করে, খতনা করে ফরজ গোসল করে, মোটকথা যে শরিয়তে ইবরাহিমীর অনুসরণ করে, তাকে حنيف বলা হয়।

لَا تَكُونَنَّ : **অবশ্যই তোমরা হয়োনা**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– (ফেলে নাকেস) হওয়া।

اَلْمُشْرِكِيْنَ : **অংশীদার সাব্যস্তকারীগণ; মুশরিকগণ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْإِشْرَاكُ অর্থ– শিরক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ১০৬

لَا تَدْعُ : **তুমি আহ্বান করো না; তুমি ডেকো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ ও اَلدُّعَاءُ অর্থ– ডাকা; আহ্বান করা। শব্দটি মূলত لا تدعون ছিল। প্রারম্ভে لاى نفى যুক্ত হওয়ার কারণে হরফে ইল্লত পড়ে গেছে।

لَا يَنْفَعُكَ : **যা তোমার উপকার করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف ; ك যমীর মাফউল। বাব فَتَحَ মাসদার اَلنَّفْعُ মূলবর্ণ (ن ـ ف ـ ع) অর্থ– উপকার করা; কাজে আসা।

لَا يَضُرُّكَ : **তোমার ক্ষতি করে না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفى معروف ; ك যমীরে মাফঊল। বাব نَصَرَ মাসদার اَلضَّرُّ অর্থ– ক্ষতি করা।

إِذًا : **যখন; তখন; এ সময়**। এটি জওয়াব ও জাযার জন্য আসে। এবং এটি মূলত– ছিল اذن ; নূন সাকিন হওয়ায় সহজের জন্য নূনকে তানভীন দ্বারা ব্যবহার করা হয়েছে। আর وقف স্থানে এলে এই নূনকে الف দ্বারা পরিবর্তন করে ব্যবহার করা হয়।

আয়াত : ১০৭

إِنْ يَمْسَسْكَ : **যদি তিনি তোমাকে পৌঁছে দেন**। إِنْ হরফে শর্ত। يَمْسَسْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجزوم بحرف شرط ; ك যমীরে মাফউল। বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– ছোঁয়া; স্পর্শ করা। সহবাস করা।

لَا كَاشِفَ : **উন্মোচনকারী নেই; প্রতিহতকারী নেই**। لا টি لائے نفى جنس : কাশف সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ش ـ ف) মাসদার اَلْكَشْفُ অর্থ– খোলা; উন্মোচন করা; উন্মুক্ত করা; অকল্যাণ ও ক্ষতি প্রতিহত করা। এ আয়াতে শেষ অর্থই উদ্দেশ্য। এ মাসদারটি মুতা'আদ্দি। কিন্তু বাব سمع থেকে এলে لازم আসে।

إِنْ يُرِدْكَ : **যদি তিনি ইচ্ছা করেন তোমার জন্য**। إِنْ হরফে শর্ত। يُرِدْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجزوم ; ك যমীর মাফউল। বাব إِفْعَالٌ মাসদার اَلْإِرَادَةُ অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

رَادٌّ : **রদ বা প্রতিহতকারী।** সীগাহ اسم واد مذكر বহছ الرَّدُّ বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার فاعل অর্থ- রদ করা; প্রতিহত করা।

فَضْلِ : **অনুগ্রহ; দয়া; কল্যাণ।** এ অর্থই এখানে উদ্দেশ্য। এটি ইসমে ফেল। যার অনেকগুলো অর্থ রয়েছে। যেমন- অধিকতর; শ্রেষ্ঠ; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব; জ্ঞান; প্রজ্ঞা ইত্যাদি।

يُصِيْبُ : **সে পৌঁছে দেবে অর্থাৎ দান করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْإِصَابَةُ অর্থ- পৌছানো; দান করা।

আয়াত : ১০৮

اِهْتَدٰى : **সে সৎপথ অবলম্ব করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْاِهْتِدَاءُ নিজের ইচ্ছায় চেষ্টা করে সৎপথ অবলম্বন করা ও হেদায়েতপ্রাপ্ত হওয়া। যদিও অভিধানে هِدَايَةٌ ও هُدًى-এর মাঝে কোনো পার্থক্য নেই। কিন্তু ব্যবহারের ক্ষেত্রে কিছুটা পার্থক্য রয়েছে। যেমন আল্লাহ তা'আলা নিজের অনুগ্রহ ও দয়ায় যে হেদায়েত দান করেন অর্থাৎ হেদায়েতের নিসবত যদি আল্লাহর দিকে হয় তার জন্য هُدًى শব্দ খাস। আর মানুষ নিজের ইচ্ছায় যে হেদায়েত অবলম্বন করে তার জন্য هِدَايَةٌ শব্দ ব্যবহার হয়। যদিও তা দুনিয়াবি বিষয়ে হোক না কেন। যেমন- اِلَّا الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيْعُوْنَ حِيْلَةً وَّلَا يَهْتَدُوْنَ سَبِيْلًا. এ আয়াতে اِهْتِدَاء শব্দটি দুনিয়াবি বিষয়ে ব্যবহৃত হয়েছে। তবে اِهْتَدَوْا শব্দটি কুরআনের যেখানেই ব্যবহৃত হয়েছে সেখানে পরকালীন ব্যাপারে হেদায়েত পাওয়া উদ্দেশ্য। উল্লেখ্য اِهْتِدَاء শব্দটি কখনো হেদায়েত তলব করা বা তার জন্য চেষ্টা করা অথবা হেদায়েতপ্রাপ্ত ব্যক্তির অনুসরণ করা সম্পর্কেও হয়ে থাকে।

يَهْتَدِىْ : **সে সৎ অবলম্বন করছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِهْتِدَاءُ মূলবর্ণ (ه ـ د ـ ى) অর্থ- সৎপথ অবলম্বন করা।

ضَلَّ : **সে পথভ্রষ্ট হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ- পথভ্রষ্টতা। আল্লামা জামাল কারশী লিখেছেন- ضَلَالٌ অর্থ- ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; হারিয়ে যাওয়া; পরাভূত হওয়া। যেমন বলা হয়- ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ (পানি এত হ্রাস পেয়েছে যে, দুধের মাঝে তার চিহ্ন প্রকাশ পায়নি।) আল্লাহর বাণী- اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তো তাদের দুইজন অর্থাৎ ইউসুফ ও তার ভাইয়ের ভালবাসায় পরাভূত।) হযরত মূসা (আ.) বলেছিলেন- فَعَلْتُهَا اِذًا وَاَنَا مِنَ الضَّالِّيْنَ (আমি এ কাজ তখন করেছি যখন আমি ধর্মীয় সাম্প্রদায়িকতায় পরাভূত ছিলাম।) আবার ধ্বংসের অর্থেও ব্যবহৃত হয়। ضَلَالٌ وَ ضَلَالَةٌ অর্থ- পথভ্রষ্টতা। যা رَشَادٌ-এর বিপরীতার্থক শব্দ। এটি বাব ضَرَبَ يَضْرِبُ থেকে ব্যবহৃত হয়। যেমন আল্লাহর বাণী- قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَا اَضِلُّ عَلٰى نَفْسِىْ এটি হলো নজদবাসীদের ব্যবহার, এটিই অধিক বিশুদ্ধ। অবশ্য হেজাজবাসীদের ব্যবহার হলো বাব سَمِعَ থেকে। ইমাম রাগেব (র.) বলেন ضَلَالٌ অর্থ সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া এবং هِدَايَةٌ হলো ضَلَالَة-এর বিপরীতার্থক শব্দ। যেমন আল্লাহার বাণী- فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا এবং সঠিক পথ থেকে বিচ্যুত হওয়া যে কোনোভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে, কম হোক বা অধিক সর্বাবস্থায় ই ضَلَالٌ বলা হবে। এ কারণেই নবীগণ ও কাফের উভয়ের দিকেই ضَلَالٌ-এর নিসবত করা হয়েছে, যদিও উভয়ের ضَلَالٌ-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। হুযূর ﷺ সম্পর্কে বলা হয়েছে- وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে- اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ এবং তার সন্তানরা বলেছিল- اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত ইউসূফ (আ.) সম্পর্কিত আয়াতে রয়েছে- قَدْ شَغَفَهَا حُبًّا اِنَّا لَنَرٰهَا فِىْ ضَلَالٍ مُّبِيْنٍ হযরত মূসা (আ.) বলেছিলেন- وَاَنَا مِنَ الضَّالِّيْنَ মোটকথা নবীদের ক্ষেত্রেও ضَلَالٌ শব্দের ব্যবহার

হয়েছে। অন্য এক সুরতে বলা যায় যে, ضَلَالٌ দু'প্রকার।

১. উলূমে নাযরিয়া তথা আল্লাহ তা'আলার মা'রিফাত ও তাঁর একত্ববাদে, নবুয়তের মারেফাত ইত্যাদিতে ضَلَالٌ হতে পারে। যেমন আয়াতের মধ্যে সেদিকেই ইঙ্গিত করা হয়েছে- وَمَنْ يَكْفُرْ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الْآخِرِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا

২. উলূমে আমালিয়্যাহ তথা আহকামে শরীয়াহ ও ইবাদতের ক্ষেত্রে ضَلَالٌ

يَضِلُّ : **সে পথভ্রষ্ট হচ্ছে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ- পথভ্রষ্ট হওয়া; বিপথগামী হওয়া।

وَكِيلٍ : **কর্মবিধায়ক; তত্ত্বাবধায়ক; জিম্মাদার।** সিফাতে মুশাব্বাহ; নাকেরা মারফূ'। বাবে ضَرَبَ মাসদার وَكْلٌ : ইমাম রাগেব (র.) বলেন, كَفِيْل ও وَكِيْل মাঝে সম্পর্ক হলো كَفِيْل শব্দটি كَيْلٌ থেকে عام বা ব্যাপক। কেননা وَكِيل-এর জন্য দায়িত্বশীল হওয়া আবশ্যক নয়। সে শুধু মালিকের প্রতিনিধি হয়। আর كَفِيل হলো عام। সুতরাং প্রত্যেক كَفِيل উকিলও হতে পারে আবার উকিলও।

আয়াত : ১০৯

اَتَّبِعْ : **তুমি অনুসরণ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা; আনুগত্য করা।

يُوْحٰى : **ওহি প্রেরণ করা হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ- ওহি প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اِصْبِرْ : **তুমি ধৈর্য-ধারণ কর।** সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা।

يَحْكُمُ : **সে ফয়সালা করবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- ফয়সালা করা; সমাধান করা।

خَيْرٌ : **সর্বোত্তম; সর্বশ্রেষ্ঠ।** কল্যাণকর কাজ; যা সকলের কাছে পছন্দনীয়। যেমন- জ্ঞান, ন্যায়; অনুগ্রহ ও উপকারী বস্তু। شَرٌّ হলো এর বিপরীতার্থক শব্দ। خَيْر দু'প্রকার।

১. خير مطلق বা সাধারণ কল্যাণ। যা সর্বাবস্থায় সকলের নিকট পছন্দনীয়। যেমন- জান্নাত।

২. خَيْر مُقَيَّدٌ বা শর্তযুক্ত কল্যাণ। যা একজনের জন্য কল্যাণকর, কিন্তু অপরজনের জন্য তা অকল্যাণকর। যেমন- সম্পদ। উদাহরণত যায়েদের জন্য তা কল্যাণকর, কিন্তু আমরের জন্য তা অকল্যাণকর। এ কারণেই আল্লাহ তা'আলা সম্পদের উভয় গুণ বর্ণনা করেছেন। এক স্থানে বলেছেন- اِنْ تَرَكَ خَيْرًا (যদি কিছু কল্যাণ অর্থাৎ সম্পদ রেখে যায়)। অন্যত্র বলা হয়েছে- اَيَحْسَبُوْنَ اَنَّمَا نُمِدُّهُمْ بِهِ مِنْ مَّالٍ وَّ بَنِيْنَ نُسَارِعُ لَهُمْ فِي الْخَيْرَاتِ بَلْ لَا يَشْعُرُوْنَ উল্লেখ্য কুরআনের যেখানেই মালের জন্য خَيْر শব্দ ব্যবহার হয়েছে সে সম্পর্কে ওলামায়ের মন্তব্য হলো, এর দ্বারা ঐ সম্পদ উদ্দেশ্য যা প্রচুর হয় এবং হালাল হওয়ার কারণে তা জমা করা হয়েছে। আবার خَيْر ও شر দু'ভাবে ব্যবহৃত হয়।

১. ইসম হিসেবে। যেমন- وَلْتَكُنْ مِنْكُمْ اُمَّةٌ يَدْعُوْنَ اِلَى الْخَيْرِ

২. وصف হিসেবে। তখন তা ইসমে তাফযীল -এর অর্থে ব্যবহৃত হবে। যেমন- فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى এখানে خير টি افضل অর্থে ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য যে, خير শব্দটির ব্যবহার কখনো شر -এর বিপরীতে হয়ে থাকে আবার কখনো ضر তথা কষ্ট ও কঠোরতার বিপরীতে হয়ে থাকে। যেমন- وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗ اِلَّا هُوَ - وَ اِنْ يَّمْسَسْكَ بِخَيْرٍ فَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

(خَيْرُ) الْحٰكِمِيْنَ : **(সর্বোত্তম) বিধানকর্তা।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م) অর্থ- ফয়সালা করা; সমাধান করা।

সূরা হূদ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১২৩, রুকূ' : ১০

আয়াত : ১

الٓرٰ : আলিফ – লাম – রা। এটিসহ অনেকগুলো সূরার প্রারম্ভে যে বিচ্ছিন্ন বর্ণ দ্বারা গঠিত এক একটি বাক্য উল্লিখিত হয়েছে এগুলোকে কুরআনের পরিভাষায় 'হরূফে মুকাত্তাআত' বলা হয়। এ বর্ণগুলোর প্রত্যেকটিকে পৃথক পৃথকভাবে সাকিন পড়া হয়। যেমন- الف - لام - ميم (আলিফ-লাম-মীম) কোনো তাফসীরকার এ হরফগুলোকে সংশ্লিষ্ট সূরার নাম বলে অভিহিত করেছেন। আবার কেউ কেউ বলেছেন, এগুলো আল্লাহর নামের তত্ত্ববিশেষ। তবে এ ব্যাপারে সঠিক মত হলো اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ এর দ্বারা কি উদ্দেশ্য তা আল্লাহই অধিক জানেন।

اُحْكِمَتْ : সুদৃঢ় হয়েছে; সুস্পষ্ট হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي مطلق مجهول বাব افعال মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْاِحْكَامُ অর্থ- সুদৃঢ় হওয়া; সুস্পষ্ট হওয়া।

فُصِّلَتْ : সে স্পষ্ট করে বর্ণনা করে দিল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي مطلق مجهول বাব تفعيل মূলবর্ণ (ف ـ ص ـ ل) মাসদার اَلتَّفْصِيْلُ বিশদভাবে বর্ণনা করা; স্পষ্ট করে বর্ণনা করা।

لَدُنْ : শব্দটির তিনটি কেরাত রয়েছে। যেমন- لَدُنْ، لَدَنْ و لَدُنْ এটি যরফে যামান বা কালাধিকরণ। যা সময়ের সূচনা বুঝায়। যেমন- اَقَمْتُ عِنْدَهٗ مِنْ لَدُنْ طُلُوْعِ اِلٰى غُرُوْبِهَا আমি সূর্য উদয়ের শুরু থেকে সূর্যাস্ত পর্যন্ত তার কাছে অবস্থান করেছি। এটি আবার ظرف مكان হিসেবেও ব্যবহৃত হয়। যার অর্থ- দিক; নিকটে; কাছে। কুরআন মাজীদে এ অর্থেই ব্যবহৃত হয়েছে। যেমন- قَدْ بَلَغْتَ مِنْ لَدُنِّىْ عُذْرًا (আমার ওজর-আপত্তির চূড়ান্ত হয়েছে।) اٰتِنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً (আমাকে আপনার পক্ষ থেকে রহমত দান করুন।) فَهَبْ لِىْ مِنْ لَدُنْكَ وَلِيًّا (আপনার পক্ষ থেকে আমাকে একজন স্থলবর্তী দান করুন।) عند-এর ন্যায় لَدُنْ ও اسم غير متمكن কিন্তু ইমাম রাগেব (র.)-এর কওল অনুযায়ী এটি عِنْدَ থেকে খাস। সাধারণত এর পূর্বে من হরফে জার আসে। হরফে জার ব্যতীত যদিও এর ব্যবহার হয়ে থাকে তা খুবই নগণ্য। لَدُنْ সর্বদা মুযাফ হয়ে থাকে। কখনো عامل হয় না। তবে শুধুমাত্র غدوة কে নসব প্রদান করে। যেমন যুররিম্মার কবিতা- لَدُنْ غُدْوَةً حَتّٰى اِذَا امْتَدَّتِ الضُّحٰى ; لَدُنْ-এর মাঝে নিম্নবর্ণিত শাব্দিক পরিবর্তন হতে পারে। যেমন- لَدْنٌ، لَدَنْ، لَدُنْ ـ لَدْ (حَكَاهُ الْكِسَائِىْ) لَدْ ـ لَدَا، (لسان العرب) لَدٰى (بمعنى هَلْ) (শরহুল ঈযাহ, তাসহীল, মুফাসসাল, কামূস, লিসান ইত্যাদি)

حَكِيْمٌ : প্রজ্ঞাবান। সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ। এটি আল্লাহ তা'আলার নিরানব্বই নামের একটি। মূলত প্রকৃত প্রজ্ঞাবান তিনিই।

خَبِيْرٌ : সর্বজ্ঞ। এটি সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ। এটিও আল্লাহর ৯৯ নামের একটি। পবিত্র কুরআনে এটি আল্লাহর সত্তার জন্য ব্যবহৃত হয়েছে। ইমাম হালীমী এর অর্থ লিখেছেন, যিনি নিজের জ্ঞানের উপর বিশ্বাসী।

আয়াত : ২

نَذِيْرٌ : ভীতিপ্রদর্শনকারী। এটি সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ। نكرة و مرفوع এখানে পয়গাম্বর উদ্দেশ্য।

بَشِيْرٌ : সুসংবাদদাতা। এটি সিফাতে মুশাব্বাহ-এর সীগাহ। فَعِيْلٌ-এর ওজনে ও فاعل অর্থে। মাসদার اَلْبِشْرُ وَ اَلْبِشَارَةُ বাব ضَرَبَ অর্থ সুসংবাদ প্রদান করা।

আয়াত : ৩

اِسْتَغْفِرُوْا : তোমরা ক্ষমা প্রার্থনা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ ক্ষমাপ্রার্থনা করা; তা কথার দ্বারা হোক বা কাজের দ্বারা হোক।

تُوبُوا : তোমরা তওবা কর; তোমরা প্রত্যাবর্তন কর। সীগাহ امر حاضر معروف جمع مذكر حاضر বহছ বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার তাওফীক দেওয়া; তওবা কবুল করা। متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহৃত হয়। যখন বলা হবে- تَابَ اللّٰهُ عَلَى الْعَبْدِ তখন অর্থ হবে আল্লাহ বান্দাকে তওবার তাওফীক দিয়েছেন। আর تَابَ الْعَبْدُ অর্থ হবে বান্দাহ তওবা করেছে। যেমন আল্লাহর বাণী- ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوبُوا (তাদেরকে তওবার তাওফীক দেওয়া হয়েছে যেন তারা তওবা করে, অথবা তাদের উপর সদয় হয়েছে যেন তারা প্রত্যাবর্তন করে)। মোটকথা যখন এর সেলা على আসে তখন তা মুতা'আদ্দী হয়, এবং তওবার তাওফীক দেওয়া ও সদয় হওয়ার অর্থ প্রদান করে। আর على ছাড়া ব্যবহার হলে لازم হয়ে থাকে এবং তওবা করার অর্থে ব্যবহৃত হয়। ইমাম খাত্তাবী (র.) বলেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ إِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ তওবার অর্থ হলো গুনাহের পরে বান্দা সৎ পথের দিকে প্রত্যাবর্তন করা)। আল্লামা রাগেব (র.) লিখেছেন যে, গুনাহকে উত্তমরূপে বর্জন করার নাম তওবা। এটাই হলো ওজর-আপত্তি উত্থাপনের সর্বোত্তম পন্থা। কারণ ওজর-আপত্তি পেশ করার তিনটি সুরত রয়েছে। ওজর-আপত্তি পেশকারী বলবে যে, আমি এ কাজ করিইনি। অথবা বলবে যে, করেছি তবে এ কারণে করেছি। অথবা বলবে যে, করেছি কিন্তু মন্দ করেছি করাটা সঠিক হয়নি। সুতরাং সর্বশেষ সুরত হলো তওবা। এতদ্ভিন্ন এর চতুর্থ কোনো সুরতই নেই। শরিয়তে তওবার উদ্দেশ্য হলো,

১. গুনাহকে মন্দ মনে করে বর্জন করা।
২. যা কিছু ভুলত্রুটি হয়েছে তার জন্য অনুতপ্ত হওয়া।
৩. পুনরায় গুনাহ না করার দৃঢ় সংকল্প করা।
৪. যে সমস্ত কাজ পুনরায় করার দ্বারা তার প্রতিবিধান সম্ভব যতটুকু সম্ভব তার প্রতিবিধান করা। (যেমন বান্দার হক হলে তার পরিশোধ করা, আল্লাহর হক হলে তার কাজা করা ইত্যাদি)। এ চারটি সুরত পাওয়া গেলে তওবার শর্তসমূহ পূর্ণ হবে।

يُمَتِّعْكُمْ : তিনি তোমাদের উপকার করবেন; তিনি উপভোগ করতে দিবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; كُمْ যমীর মাফঊল। বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ। অর্থ- উপকার পৌছানো; উপভোগ করতে দেওয়া।

مَتَاعًا : গৃহ সামগ্রী; আসবাবপত্র। শব্দটি ইসমে মুফরাদ নাকেরা এবং ইসমে মাসদার তথা مصدر متعدى অর্থাৎ কাজে আসে এমন সামগ্রী দান করা। সামগ্রীর ব্যাখ্যা সম্পর্কে ইমাম শাফেয়ী বলেন, তা হলো কাপড়, জুতা বা এমন বস্তু যা প্রশাসক উপযোগী মনে করে। আর ইমাম আবূ হানীফা (র.) বলেন, তা হলো স্বামী তার অবস্থা অনুযায়ী স্ত্রীকে জামা, চাদর, দোপাট্টা ইত্যাদি দেওয়া। -(তাফসীরে আহমদী) এখানে مَتَاعًا দ্বারা تَمْتِيْعًا উদ্দেশ্য। অর্থাৎ গৃহসামগ্রী; উপকারী বস্তু।

أَجَلٍ : কাল; মুহূর্ত; সময়। একবচন, বহুবচন- آجال অর্থ- নির্দিষ্ট সময়; মৃত্যু।

مُسَمًّى : নির্দিষ্ট। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ- নাম রাখা।; নামকরণ করা। যেহেতু নাম রাখার দ্বারা বস্তুটি নির্দিষ্ট হয়ে যায় তাই مسمى -এর অর্থ নির্দিষ্ট করা।

يُؤْتِ : সে দেবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; امر -এর জওয়াব হওয়ার কারণে সাকিন হয়েছে। বাব اِفْعَال মাসদার اَلْإِيْتَاءُ অর্থ- শব্দটি মূলত ছিল يُؤْتِيْ ; جواب امر -এর স্থানে হওয়ায় ياء পড়ে গেছে।

فَضْلٍ : এটি ইসমে ফেল। এর অনেক অর্থ রয়েছে। যেমন, শ্রেষ্ঠত্ব; বর্ধন; উৎকৃষ্ট; সম্পদ; শক্তি; সৌন্দর্য; মর্যাদা; সম্মান; রাজত্ব; জ্ঞান, বিদ্যা ও সহিষ্ণুতা ইত্যাদিতে আধিক্য; দয়া; অনুগ্রহ; নিজের পক্ষ থেকে তার অধিকার ছাড়াই কিছু দান করা। فَضْل অর্থ আধিক্যের দুই সুরত রয়েছে।

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন- ইলম; জ্ঞান, লজ্জা ইত্যাদির আধিক্য।

২. মন্দ আধিক্য। যেমন- ক্রোধ ইত্যাদির আধিক্য। فضل শব্দটির অধিক ব্যবহার উত্তম আধিক্যের জন্য হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য ব্যবহার হয় فضول যদিও অভিধান হিসেবে فضل শব্দটি উভয় অর্থকে অন্তর্ভুক্ত।

فضل অর্থ শ্রেষ্ঠত্বের ৩ সুরত রয়েছে।

১ এক জাতি অপর জাতি থেকে শ্রেষ্ঠ হওয়া। যেমন- প্রাণীজাতি অন্য সকল জাতি থেকে শ্রেষ্ঠ হওয়া।

২ এক প্রকার অপর প্রকার থেকে শ্রেষ্ঠ হওয়া। যেমন- মানবজাতি প্রাণীকুলের মধ্যে শ্রেষ্ঠ হওয়া।

৩ এক ব্যক্তি অপর ব্যক্তির চেয়ে শ্রেষ্ঠ হওয়া। যেমন- করীম জাকেরের চেয়ে শ্রেষ্ঠ হওয়া। প্রথম দুই সুরতে নিম্নস্তরেরটি উন্নতি করে তদপেক্ষা শ্রেষ্ঠত্বের কাতারে সামিল হওয়া অসম্ভব। শুধুমাত্র তৃতীয় সুরতের কোনো কোনো ক্ষেত্রে এটা সম্ভব। পবিত্র কুরআনে فضل দ্বারা এই তৃতীয় সুরতই উদ্দেশ্য। (মুফরাদাত)

পবিত্র কুরআনে فضل শব্দটি কোথায় কি অর্থে ব্যবহৃত হয়েছেঃ ৫/৬ আনুগত্যশীলরা জান্নাতে নবী, শহীদ ও সিদ্দীকীনদের সাথে স্থান পাওয়া। ১৯/ ১৭, হযরত সুলাইমান (আ.) পাখিদের কথা বুঝতে পারা এবং বিশাল সাম্রাজ্যের অধিকারী হওয়া। ২২/১৬, নেক ও সৎকর্মে সকলকে ছাড়িয়ে যাওয়া। ২৫/৪, ঈমানদারগণ জান্নাতে চাহিদামতো সকল বস্তু পাওয়া। ১/১৩ হেদায়েত; শরিয়ত; ওহী। ৩/১৬, অনুগ্রহ; দান; শরিয়ত; হেদায়েত। ৯/১৮, ক্ষমা; বৈশিষ্ট্য। ১৮/৯, সম্পদ। ২৭/১৯, অনুগ্রহ; দয়া। ২৮/১১, ২/ ১৬, অনুগ্রহ; মৃত্যু পরবর্তী জীবন। ২/১৭, অনুগ্রহ; শান্তি বজায় রাখা। ৪/৭, ক্ষমা। ৪/৮, পুরস্কার; শহীদদের মর্যাদা বৃদ্ধি ইত্যাদি।

فَإِنْ تَوَلَّوْا : **যদি তোমরা পৃষ্ঠপ্রদর্শন কর; (অর্থাৎ না মান)**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- পৃষ্ঠপ্রদর্শন করা; ফিরে যাওয়া; কথা অমান্য করা। শব্দটি মূলত تَتَوَلَّوْنَ ছিল। হরফে শর্তের কারণে نون اعرابى পড়ে গেছে। শুরুর একটি تاء কে সহজের জন্য বিলুপ্ত করা হয়েছে। এভাবে تَوَلَّوْا হয়ে গেছে।

أَخَافُ : **আমি ভয় পাচ্ছি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- ভয় করা। (তালীল) اخاف মূলত أَخْوَفُ ছিল। واو কে الف দ্বারা পরিবর্তন করায় أَخَافُ হয়েছে। উল্লেখ্য আল্লাহ তা'আলাকে ভয় করার অর্থ এ নয় যে, যেমন মানুষ বাঘকে ভয় করে। এ ধরনের ভয়ভীতি আল্লাহর কল্পনা দ্বারা মানুষের অন্তরে জারি থাকা; বরং আল্লাহ তা'আলাকে ভয় পাবার অর্থ মানুষ গুনাহ থেকে বেঁচে থাকা এবং সৎকর্মের প্রতি মনোযোগী হওয়া। এ কারণেই বলা হয়েছে- لَا يُعَدُّ خَائِفًا مَنْ لَمْ يَكُنْ لِلذُّنُوْبِ تَارِكًا যে গুনাহকে বর্জন করে না তাকে বলা যাবে না যে, সে আল্লাহকে ভয় করে।

আয়াত : ৪

مَرْجِعُكُمْ : **তোমাদের প্রত্যাবর্তন**। مَرْجِعُ মাসদার মুযাফ। كم যমীর মুযাফ ইলাইহি। এটি لازم ও متعدى উভয়ভাবেই আসে। لازم -এর মাসদার আসে مَرْجِعٌ। رُجُوْعٌ আর متعدى -এর মাসদার আসে رَجْعٌ কে লাজেমও বলা যায় আবার মুতা'আদ্দীও বলা যায়। বাব ضَرَبَ থেকে মাসদার مَرْجِعٌ আসে তবে এটা বিরল। কারণ ضَرَبَ থেকে مفعل -এর ওজনে মাসদার আসাটা বিরল।

رُجُوْعٌ -এর অসল অর্থ সূচনাস্থলের দিকে পুনরায় ফিরে আসা। চাই বাস্তবিক হোক বা প্রকারান্তরে হোক। সকল মানুষই এ দুনিয়াতে আল্লাহর কাছ থেকে এসেছে। তিনিই হলেন উৎসমূল ও কেন্দ্রবিন্দু। দুনিয়ার জীবনের রাজপথ অতিক্রম করে চলেছে। এই গোলচক্কর অতিক্রম করার পর পুনরায় সেই উৎসমূলে গিয়ে মিলিত হয়। যেন যা উৎসমূলও কেন্দ্রবিন্দু ছিল তাই শেষ পরিণতিস্থলে পরিণত হয়েছে।

قَدِيْرٌ : **সর্বশক্তিবান**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। যে প্রজ্ঞা অনুযায়ী যা ইচ্ছা তাই করতে পারে, তাকে قدير বলা হয়। এ কারণেই আল্লাহ ব্যতীত অন্য সৃষ্টিকে قدير বলা যাবে না। অবশ্য قادر হলো عام। আল্লামা মাহমূদ আলূসী তাফসীরে রূহুল মা'আনীতে اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ -এর তাফসীরে লিখেছেন- "قادر হলো ঐ ব্যক্তি, যদি সে ইচ্ছা করে তবে করে আর যদি ইচ্ছা না করে তবে করে না। আর قدير হলো ঐ সত্তা যে প্রজ্ঞার চাহিদা অনুযায়ী যা ইচ্ছা করেন তাই করেন। আল্লাহ ব্যতীত অন্য কারো সিফাতে قدير শব্দের প্রয়োগ খুবই কম। দ্বন্দ্বের সমাধানঃ আল্লামা আলূসী (র.) যে বলেছেন" قدير শব্দের ব্যবহার غير الله -এর জন্য হয়ে থাকে তবে তা খুবই কম" তা বলেছেন আরবি ভাষা হিসেবে। আর ইমাম রাগেব যে বলেছেন "এর ব্যবহার মোটেই হয়না" তা বলেছেন শরিয়তের পরিভাষা হিসেবে।

আয়াত : ৫

يَثْنُوْنَ صُدُوْرَهُمْ : **তারা তাদের বক্ষ দ্বিভাঁজ করে।** (এটা একটি আরবি বাগধারা, অর্থ তারা তাদের অন্তরে বিদ্বেষ গোপন রাখে)। يَثْنُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ث ـ ن ـ ى) মাসদার اَلثَّنْيُ অর্থ- দ্বিভাঁজ করা। يَثْنُوْنَ মূলত ছিল يَثْنِيُوْنَ ; واو ও ياء -এর মাঝে দু' সাকিন একত্রিত হওয়ায় ياء পড়ে গেছে। এভাবে يَثْنُوْنَ হয়ে গেছে।

صُدُوْرَهُمْ : **তাদের বক্ষ**। বহুবচন, একবচন- صَدْرٌ

لِيَسْتَخْفُوْا : **তাদের গোপন রাখার জন্য**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منصوب بلام كى বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِسْتِخْفَاءُ অর্থ- গুপ্ত হওয়া, আত্মগোপন করা। গোপন রাখা।

حِيْنَ : **সময়; কাল**। একবচন, বহুবচন اَحْيَانٌ কোনো বস্তু অর্থ- গোপন রাখা। পৌঁছা ও অর্জনকে حِيْن বলা হয়। এর অর্থের মধ্যে যে অস্পষ্টতা রয়েছে তা مضاف اليه দ্বারা দূর হয়ে যায়। যেমন وَلَاتَ حِيْنَ مَنَاصٍ (মুক্তির সময় ছিল না) দেখুন এখানে সময়ের অর্থের মধ্যে যে অস্পষ্টতা ছিল তা মুযাফ ইলাইহি তথা مناص দ্বারা দূর হয়ে গেছে। এটি কয়েকটি অর্থের জন্য ব্যবহৃত হয়।

১ নির্দিষ্ট মেয়াদের অর্থে। যেমন- وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ (নির্দিষ্ট একটি মেয়াদের জন্য আমি তাদেরকে ভোগ-সামগ্রী দিয়েছি।

২ বছর অর্থে। যেমন- تُؤْتِيْ اُكُلَهَا كُلَّ حِيْنٍ (প্রতি বছর ফল দেয়।)

৩ ঘণ্টা বা মুহূর্তের অর্থে। যেমন- فَسُبْحَانَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ (সকাল সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি।)

৪ অনির্দিষ্ট সময়ের অর্থে। যেমন- هَلْ اَتٰى عَلَى الْاِنْسَانِ حِيْنٌ مِّنَ الدَّهْرِ (মানুষের উপর কি কালের কোনো মুহূর্ত এসেছে।)

يَسْتَغْشُوْنَ : **তারা জড়িয়ে রাখে; তারা আচ্ছাদিত করে রাখে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ش ـ ى) মাসদার اَلْاِسْتِغْشَاءُ অর্থ- আচ্ছাদিত করা, ঢেকে রাখা, নিজেকে আবৃত করা।

يُسِرُّوْنَ : **তারা গোপন রাখে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ- গোপন রাখা। রহস্য লুকানো, সন্তুষ্ট করা আনন্দিত করা।

يُعْلِنُوْنَ : **তারা প্রকাশ করছে; তারা ঘোষণা করছে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ل ـ ن) মাসদার اَلْاِعْلَانُ অর্থ- ঘোষণা করা; প্রকাশ করা।

عَلِيْمٌ : **মহান জ্ঞানী**। এটি مُبَالَغَة -এর সীগাহ। এটি আল্লাহ তা'আলার ৯৯ নামের একটি। পবিত্র কুরআনে এটি অধিকাংশ আল্লাহ তা'আলার গুণ হিসেবে ব্যবহৃত হয়েছে। কারণ প্রকৃত জ্ঞান আল্লাহ তা'আলার।

১২তম পারা

আয়াত : ৬

دَابَّةٍ : **বিচরণকারী; প্রাণী**। সীগাহ اسم واحد مؤنث বহছ ফাএল ; তবে এটি مذكر ও مؤنث উভয়টির জন্য ব্যবহৃত হয়। تاء টি وحدة- এর জন্য। বহুবচন دواب যদিও পরিভাষায় এটি ঘোড়ার জন্য নির্দিষ্ট, কিন্তু সকল প্রাণীর জন্যই ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে دابة শব্দটি এসেছে এবং তা সকল প্রাণীকেই অন্তর্ভুক্ত। তবে আয়াত- وَإِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ أَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِّنَ الْأَرْضِ تُكَلِّمُهُمْ أَنَّ النَّاسَ كَانُوا بِآيَاتِنَا لَا يُوقِنُونَ এ আয়াতে যে دابة- এর কথা এসেছে এর দ্বারা বিশেষ একপ্রকার প্রাণী উদ্দেশ্য যা কিয়ামতের পূর্বমুহূর্তে মক্কার নিকটবর্তী সাফা পাহাড় থেকে নির্গত হবে। হঠাৎ করে উক্ত পাহাড় বিদীর্ণ হয়ে যাবে। সেখান থেকে উক্ত প্রাণী বের হয়ে মানুষের সাথে কথা বলবে এবং কে খাঁটি মুমিন আর কে খাঁটি কাফের তা চিহ্নিত করে দেবে।

الْأَرْضِ : **ভূমি; বিশ্ব; পৃথিবী**। এটা ইসমে জিনস। একবচন, বহুবচন- ارضون

يَعْلَمُ : **সে জানে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার الْعِلْمُ অর্থ- জানা।

مُسْتَقَرَّهَا : **তার অবস্থানস্থল**। مُسْتَقَرُّ স্থানাধিকরণ মুযাফ। ها যমীর মুযাফ ইলাইহি।

مُسْتَوْدَعَ : **আমানত রাখার স্থান**। ظرف مكان ইসমে মাফউলের ওজনে। বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْدَاعُ অর্থ- গচ্ছিত রাখা; আমানত রাখা। এর পূর্বের শব্দ হলো مُسْتَقَرٌّ এ শব্দদ্বয়ের উদ্দেশ্য নিরূপণে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। যেমন, হযরত ইবনে মাসউদ বলেছেন, مُسْتَقَرٌّ দ্বারা উদ্দেশ্য ভূমি আর مُسْتَوْدَعٌ দ্বারা উদ্দেশ্য হলো কবর, অথবা مُسْتَقَرٌّ দ্বারা উদ্দেশ্য হলো মায়ের জরায়ু আর مُسْتَوْدَعٌ দ্বারা উদ্দেশ্য মৃত্যুর স্থান। হযরত ইবনে আব্বাস (রা.) -এর মত হলো, উভয়ের দ্বারা উদ্দেশ্য হলো যথাক্রমে ভূমি ও পিতার ঔরস। হাসান বসরী এর মতে উদ্দেশ্য হলো ইহকাল ও পরকাল। হযরত আতার মতে مُسْتَقَرٌّ হলো মাতৃ জরায়ু আর مُسْتَوْدَعٌ হলো পিতৃ ঔরস। আবার ইবনে মাকসাম বলেন, হযরত ইবনে আব্বাস (রা.) -এর মতে مُسْتَقَرٌّ দ্বারা উদ্দেশ্য হলো দিবারাত্রি বসবাসের স্থান আর مُسْتَوْدَعٌ দ্বারা উদ্দেশ্য হলো কবর। ইমাম রাগেব বলেছেন, কতিপয় ওলামায়ে কেরামের মতে, এ অর্থে বাব فَتَحَ থেকে শুধুমাত্র مضارع ও امر ব্যবহৃত হয়। اسم فاعل ও ماضى আসে না।

আয়াত : ৬

خَلَقَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نصر মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ- সৃষ্টি করা।

عَرْشُ : **রাজ সিংহাসন**। বহুবচন عُرُوْشٌ ইমাম আবূ বকর আযীযী সিজিসতানী নুজহাতুল কুলূব গ্রন্থে লিখেছেন যে, عَرْش অর্থ- রাজ সিংহাসন। নিম্নোক্ত আয়াতে সেই অর্থেই ব্যবহৃত হয়েছে- وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى الْعَرْشِ অন্য আয়াতে রয়েছে- أَهَكَذَا عَرْشُكِ ইমাম রাগেব মুফরাদুল কুরআনে লিখেন যে, عرش মূলত ছাদবিশিষ্ট যে কোনো বস্তুকে বলা হয়। যেমন কুরআনে রয়েছে- وَهِيَ خَاوِيَةٌ عَلَى عُرُوشِهَا এ কারণেই عَرَشْتُ الْكَرْمَ- এর অর্থ হলো আঙ্গুরের লতার জন্য মাচা তৈরি করা। আল্লাহ তা'আলা বলেন- مَعْرُوشَاتٍ وَغَيْرَ مَعْرُوشَاتٍ (সে উদ্যানের গাছপালা) কিছু মাচায় উঠানো আর কিছু মাচায় উঠানো নয়) অপর আয়াতে রয়েছে- وَكَانُوا يَعْرِشُونَ এখানে يَعْرِشُوْنَ- এর অর্থ করেছেন আবূ উবাইয়দা يَبْنُوْنَ দ্বারা অর্থাৎ তারা গৃহ নির্মাণ করত। বাদশার বসার স্থানকে এ কারণে عَرْش বলা হয় যে, তাও উঁচু থাকে। যেমন বলা হয়েছে- وَرَفَعَ أَبَوَيْهِ عَلَى الْعَرْشِ মোটকথা সকল মুফাসসিরীনগণের মত হলো, عَرْش দ্বারা সিংহাসনই উদ্দেশ্য। আর এটা এমন একটি দেহবিশিষ্ট বস্তু যাকে আল্লাহ তা'আলা

সৃষ্টি করেছেন এবং ফেরেশতাদের নির্দেশ দিয়েছেন তাকে বহন করে রাখার জন্য এবং তার সম্মান ও তওয়াফ দ্বারা ইবাদত করার জন্য। যেমনিভাবে দুনিয়াতে তিনি একটি গৃহ নির্মাণ করেছেন এবং বনীআদমকে নির্দেশ দিয়েছেন তার তওয়াফ করার জন্য এবং নামাজে সেদিকে মুখ করার জন্য।

لِيَبْلُوَ : **যেন তিনি পরীক্ষা করতে পারেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف منصوب بلام বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبَلَاءُ কে অর্থ– পরীক্ষা করা।

اَحْسَنُ : **শ্রেষ্ঠতম; অধিক সুন্দর**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– সুন্দর হওয়া।

قُلْتَ : **তুমি বলেছ**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা। শব্দটি মূলত قَوَلْتَ ছিল। واو হরকতবিশিষ্ট তার পূর্বে যবর, তাই واو কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। এরপর الف ও لام এর মাঝে দুই সাকিন এক হওয়ায় الف পড়ে গেছে। এভাবে قُلْتَ হয়েছে। পরে واو বিলুপ্ত হওয়ার ইঙ্গিত স্বরূপ قاف -এর উপর পেশ দেওয়া হয়েছে।

مَبْعُوثُونَ : **তোমাদেরকে পুনরুজ্জীবিত করা হবে; তোমরা উত্থিত হবে**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول যা مستقبل -এর অর্থে ব্যবহৃত হয়েছে। বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– উত্থিত করা; পুনরজ্জীবিত করা; দাঁড় করানো। মূলত بعث অর্থ– প্রেরণ করা ও উঠিয়ে দাঁড় করানো। কিন্তু বিভিন্ন আনুষঙ্গিক প্রসঙ্গ ও ইশারা ইঙ্গিত হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بعث অর্থ এলে তার অর্থ হবে উটকে উঠানো, তাকে চালানো। মানুষের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে পুনরুজ্জীবিত হওয়া; পুনর্জীবন লাভ করা এবং সমবেত হওয়া। নবী-রাসূলদের জন্য হলে অর্থ হবে তাদের আবির্ভাব হওয়া; প্রেরিত হওয়া। মোটকথা স্থান ও আলামত হিসেবে এর অর্থ বুঝতে হবে।

لَيَقُولَنَّ : **অবশ্যই সে বলবে**। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد با نون تاكيد در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

كَفَرُوْا : **তারা কুফরি করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অস্বীকার করা; (অর্থাৎ ইসলাম, রিসালাত, কিয়ামত, আল্লাহ তা'আলার একত্ববাদ, তাঁর গুণাবলি ও দীনের ফরয সমূহের অনিবার্যতাকে অস্বীকার করা। كُفْر শব্দের শাব্দিক অর্থ হলো কোনো বস্তুকে লুকানো; গোপন করা। এ কারণেই রাতকে كَافِرٌ বলা হয়, কারণ তা মানুষকে লুকিয়ে রাখে। কৃষককেও كَافِرٌ বলা হয়, কারণ সে বীজকে মাটির নিচে লুকিয়ে রাখে। আর নিয়ামত অস্বীকার করা ও অকৃতজ্ঞতাকে كُفْرَان نِعْمَتْ বলা হয়, কারণ তা নিয়ামতকে লুকিয়ে রাখার নামান্তর। এ দৃষ্টিকোণ থেকেই একত্ববাদ, শরিয়ত ও নবুয়তকে অস্বীকার করা ও তার সত্যায়নকে প্রকাশ না করাকে كُفْر বলা হয়। নিয়ামত অস্বীকার তথা অকৃতজ্ঞতার ক্ষেত্রে كُفْرَان শব্দ অধিক ব্যবহৃত হয়। আর দীনকে অস্বীকারের ক্ষেত্রে كُفْر শব্দ অধিক ব্যবহৃত হয়। আর كُفُوْر শব্দটি উভয়ের জন্য সমানভাবে ব্যবহৃত হয়। আল্লাহর বাণী– أَأَشْكُرُ أَمْ أَكْفُرُ এখানে নিয়ামতের অকৃতজ্ঞতা উদ্দেশ্য। আর বাণী–"لَا أَكْفُرُ بِاللّٰهِ" এখানে দীনকে অস্বীকার করা উদ্দেশ্য। উল্লেখ্য كُفْرٌ তিন প্রকার। যথা–

১. كُفْر جَهْلِىٌّ তথা মূর্খতাবশত কুফরিঃ যার কারণ হলো কুরআনের আয়াত, দলিল-প্রমাণ ইত্যাদির প্রতি মনোযোগী না হওয়া এবং তা নিয়ে গবেষণা ও চিন্তাভাবনা না করা। যেমন– সাধারণ ও মূর্খ লোকদের কুফরি। অধিকাংশ মূর্খ লোক জানেনা যে, ঈমান সম্পর্কিত ও আকিদাগত কোন কোন বিষয় তার জন্য জানা আবশ্যক; বরং অনেক লোক তো কালেমায় শাহাদাতাইন পড়ে কিন্তু তার অর্থ সম্পর্কে সম্পূর্ণরূপে অজ্ঞ।

২. كُفْر جُحُوْدِىٌّ অর্থাৎ অস্বীকার ও অহংকারবশত কুফরিঃ এর কারণ অহংকার ও আত্মগরিমা। যেমন– ফেরাউন ও তার নেতাদের কুফরি। অথবা রাজত্ব হারানোর অশঙ্কা ও নেতৃত্ব না পাওয়ার ভয়। যেমন– হিরাক্লিয়াসের কুফরি ছিল, অথবা দুর্নামের আশঙ্কায়, যেমন– আবু তালিবের কুফরি।

৩. كُفْر حُكْمِىٌّ : এটা এমন কুফরি যা শরিয়তের নিষিদ্ধ বিষয়সমূহ করার দ্বারা সৃষ্টি হয়। যেমন– গলায় পৈতা

বাঁধা, মূর্তিকে সেজদা করা অথবা এমন জিনিসকে অবজ্ঞা করা যার সম্মান প্রদর্শন শরিয়তে আবশ্যক। যেমন- (নাউযুবিল্লাহ) পবিত্র কুরআন ডাস্টবিনে নিক্ষেপ করা, শরিয়তের আলেম-ওলামা ও দীনি বিষয়াদি নিয়ে উপহাস করা, দলিল-প্রমাণ দ্বারা হারাম সাব্যস্ত বস্তুকে হালাল মনে করা। যেমন- জেনা-ব্যভিচার, শরাব ইত্যাদিকে হালাল মনে করা।

سِحْرٌ : জাদু। এটি বাব فَتَحَ -এর মাসদার এবং এটি বিরল মাসদারসমূহের একটি। আল্লামা ইবনে খালওয়াই বগবী (র.) তাঁর কিতাব লাইসে উল্লেখ করেছেন, আরবি ভাষায় فَعَلَ يَفْعَلُ فِعْلًا -এর ওজনে سَحَرَ يَسْحَرُ سِحْرًا ব্যতীত অন্য কোনো মাসদার নেই। (তাজুল উরূস) কিন্তু আল্লামা আবূ হাইয়ান اَلْبَحْرُ الْمُحِيْطُ -এ এতটুকু বৃদ্ধি করে বলেছেন যে, سِحْر ও فِعْل ব্যতীত অন্য কোনো মাসদার فِعْل -এর ওজনে فَعَلَ يَفْعَلُ থেকে আসে না। শাইখ সামীনও একই কথা বলেছেন। ইমাম আবূ বকর জাসসান রাযী (রা.) আহকামুল কুরআনে উল্লেখ করেছেন যে, سِحْر এমন বস্তুকে বলা হয় যা সূক্ষ্ম এবং যার কারণ গোপনীয়। তাদের মতে (بالفتح) سَحْر অর্থ খাদ্য, কারণ তা গোপন থাকে এবং চলাচলের স্থান খুবই সূক্ষ্ম। কবি হযরত লাবীদ (র.) বলেন-

أَرَانَا مُوْضِعِيْنَ لِأَمْرِ غَيْبٍ
وَنُسْحَرُ بِالطَّعَامِ وَبِالشَّرَابِ

(এখানে نُسْحَرُ -এর দুটি অর্থ হতে পারে। যথা- ১. আমরা জাদুগ্রস্তের ন্যায় বিপন্ন ছিলাম। ২. আমরা খাবার গ্রহণ করছিলাম। যে অর্থই গ্রহণ করা হোকনা কেন তার অর্থ গোপনীয়তা।) অপর এক কবি বলেন-

فَإِنْ تَسْأَلِيْنَا فِيْمَ نَحْنُ فَإِنَّنَا
عَصَافِيْرُ مِنْ هٰذَا الْأَنَامِ الْمُسَحَّرِ

(এ কবিতায় প্রোক্ত দুটি অর্থ হতে পারে। আবার مُسَحَّر দ্বারা ذُوْ سِحْرٍ (ফুসফুসবিশিষ্ট) ও উদ্দেশ্য হতে পারে। ফুসফুস এবং যা কণ্ঠনালীর সাথে লেগে থাকে তাকে سِحْر বলা হয়। এ সংক্রান্ত হযরত আয়েশা (রা.) থেকে বর্ণিত হাদীসে রয়েছে- تُوُفِّيَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا بَيْنَ سَحْرِيْ وَنَحْرِيْ (রাসূল ﷺ আমার ফুসফুস ও সিনার মধ্যবর্তী স্থানে ইন্তেকাল করেছেন।) পবিত্র কুরআনে রয়েছে- إِنَّمَا أَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ (আপনি এমন সৃষ্টজীবদের অন্তর্ভুক্ত যারা পানাহার করে।)

سِحْر শব্দটি বিভিন্ন অর্থের জন্য ব্যবহৃত হয়। যথা- প্রতারণা করা ও অবাস্তব কল্পনা সৃষ্টি করা। যেমন- বাজিকর, ভেল্কিবাজ ও ম্যাজিশিয়ান যা কিছু করে, তা মানুষের চোখ ফাঁকি দিয়ে হাতের সাফাই দ্বারা এবং চুগলখোর লালসার কথার মাধ্যমে করে থাকে। মহান আল্লাহর বাণী- سَحَرُوْا أَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهَبُوْهُمْ (তারা মানুষের চোখসমূহকে বেঁধে দিয়েছে এবং তাদেরকে ভীতি প্রদর্শন করেছে।) অন্যত্র ইরশাদ হয়েছে- يُخَيَّلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِ (তাদের জাদু দ্বারা তাদের অন্তরে ধারণা সৃষ্টি হয়েছিল।) এ দৃষ্টিকোণ থেকেই তারা হযরত মূসা (আ.) কে বলেছিল سَاحِرٌ তথা জাদুকর। যেমন- وَقَالُوْا يٰٓأَيُّهَ السَّاحِرُ ادْعُ لَنَا رَبَّكَ

কোনোভাবে শয়তানের নৈকট্য অর্জনের মাধ্যমে তার সহায়তা লাভ করা। যেমন- وَلٰكِنَّ الشَّيَاطِيْنَ كَفَرُوْا يُعَلِّمُوْنَ النَّاسَ السِّحْرَ (শয়তানরা কুফরি করেছে যে, তারাই লোকদেরকে জাদু শিখিয়েছে।

জাদু এমন কর্ম যার দিকে বোকা লোকেরা যায়। তারা মনে করে যে, জাদু এমন জিনিস যার ব্যাপারে তাদের দাবি হলো, তা দ্বারা মানুষের আকৃতি ও স্বভাব ইত্যাদি পরিবর্তন করা যায় এমনকি মানুষকে গাধায় পরিণত করা হয়। অথচ সঠিক কথা হলো জ্ঞানীদের নিকট এর কোনো বাস্তবতা নেই। এটি একটি ভ্রান্ত ধারণা মাত্র। سِحْر বা জাদুর হাকীকত কি? সে সম্পর্কে বিভিন্ন উক্তি রয়েছে। যেমন-

১. سِحْر বা জাদু হলো বাস্তবতার পরিপন্থি ও মানুষের আকৃতি পরিবর্তন করা, যা অলৌকিকতা ও কারামাতের সদৃশ বস্তু। যেমন বাতাসে উড়ানো এবং একই রাতে অনেক দূরত্ব পথ অতিক্রম করা ইত্যাদি।
২. তা প্রতারণা, ভেল্কিবাজি ইত্যাদি বৈ কিছুই নয়। যার কোনো বাস্তবতা নেই। এ সম্পর্কেই আল্লাহ তা'আলা বলেছেন- يُخَيَّلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِمْ أَنَّهَا تَسْعٰى (তাদের ধারণা হয়েছিল যে, তাদের জাদুর করণে সেগুলো দৌড়াচ্ছিল।)
৩. তা হলো প্রতারণামূলক এমন কর্ম যা মানুষের চক্ষুকে বন্ধ করে দেয়। এ সম্পর্কেই আল্লাহ বলেছেন-

سَحَرُوْٓا اَعْيُنَ النَّاسِ (তারা মানুষের চক্ষুসমূহ বন্ধ করে দিয়েছিল।) বাজিকর, ভেল্কিবাজ প্রমুখ এরূপ করে থাকে।

৪. তা হলো জিনদের সেবাকর্মের একটি প্রকার, যা তারাই তাদের দেহের সূক্ষ্মতা থেকে আবিষ্কার করেছে। যার কারণেই তা সূক্ষ্ম ও গোপনীয়।

৫. তা এমন দেহবিশিষ্ট বস্তু দ্বারা গঠিত যা জমা করে জ্বালিয়ে ছাই বানিয়ে রাখা হয় এবং তার উপর বিভিন্ন নাম পড়ে ফু দেওয়া এবং জাদুর প্রয়োজন হলে তা ব্যবহার করা হয়।

৬. তা হলো কুফরি কতিপয় বাক্যের সমষ্টি।

আয়াত : ৮

اَخَّرْنَا : **আমি বিলম্ব করেছি; আমি স্থগিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلتَّاْخِيْرُ অর্থ– বিলম্ব করা; স্থগিত করা।

مَّعْدُوْدَةٍ : **কতক; কয়েক; গণা; গণনাকৃত।** সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা। مَعْدُوْد কখনো স্বল্প সংখ্যক বোঝাবার জন্য এবং কখনো বেশি বেশি বোঝাবার জন্য ব্যবহার হয়। কম যেমন– اَيَّامًا مَعْدُوْدَةً গোনা কয়েকটি দিন। অধিকের উদাহরণ যেমন– اِنَّهُمْ لَذُوْ عَدَدٍ তারা সংখ্যায় বেশি।

لَيَقُوْلَنَّ : **অবশ্যই সে বলবে।** সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد با نون تاكيد در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

مَا يَحْبِسُهٗ : **কিসে তা নিবারণ করছে; কোন জিনিস তাকে বাধা দেয়।** مَا প্রশ্নবোধক। يَحْبِسُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; ه যমীরে মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ب ـ س) মাসদার اَلْحَبْسُ অর্থ– বিরত রাখা; বাধা দেওয়া।

يَاْتِيْهِمْ : **সে তাদের নিকট আসবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; هم যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

مَصْرُوْفًا : **নিবৃত্তকৃত; প্রত্যাবর্তিত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ– কোনো বস্তুকে এক অবস্থা থেকে অন্য অবস্থার দিকে ফিরানো; এক বস্তুকে অপর বস্তুতে পরিবর্তন করা; (ইসম অবস্থায় অর্থ হবে) তওবা, নফল, ওজন, উপার্জন, আমল, প্রতারণা; দুর্ঘটনা, বিপদাপদ, বাড়াবাড়ি, আধিক্য, শ্রেষ্ঠত্ব, বুযুর্গী, মর্যাদার শ্রেষ্ঠত্ব। صَرْفَةٌ অর্থ কালের কঠোরতা। আর صَرْفٌ অর্থ– খাঁটি, নির্ভেজাল, অবিমিশ্র। صَرِيْفٌ অর্থ– খাঁটি রূপা, কলম দ্বারা লেখার শব্দ। صَرِيْفَةٌ স্বয়ংকৃতভাবে শুষ্ক ডালা। صَرَّافٌ وَ صَيْرَفِيٌّ রৌপ্য যাচাইকারী। مَصْرُوْفٌ খাঁটি শরাব।

حَاقَ : **সে বেষ্টন করে নিল; সে অবতরণ করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ و ـ ق/ ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; ঘিরে নেওয়া। অবতরণ করা।

يَسْتَهْزِءُوْنَ : **তারা ঠাট্টা-বিদ্রূপ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ أ) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টাবিদ্রূপ করা; ব্যঙ্গ করা; উপহাস করা।

আয়াত : ৯

اَذَقْنَا : **আমরা আস্বাদন করিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ ـ و ـ ق) মাসদার اَلْاِذَاقَةُ অর্থ– আস্বাদন করানো।

نَزَعْنٰهَا : **আমি তা তার থেকে প্রত্যাহার করে নেই; আমি তা ছিনিয়ে নিলাম।**

لَيَئُوْسٌ : **সে অবশ্যই হতাশ হবে।** لام তাকীদ। يَئُوْسٌ সিফাতে মুশাব্বাহ। বাব فَتَحَ ও سَمِعَ আবার কখনো ضَرَبَ ও حَسِبَ থেকেও আসে। মাসদার اَلْيَاْسُ মূলবর্ণ (ى ـ أ ـ س) অর্থ– নিরাশ হওয়া; হতাশ হওয়া।

كَفُوْرٌ : **অকৃতজ্ঞ।** সীগাহ صفت مشبه বাব نَصَرَ মাসদার اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অকৃতজ্ঞতা করা।

نَعْمَآءَ : **সুখ-সম্পদ; নিয়ামতরাজি।** এটি ইসমে জিন্‌স, আবার কারো মতে اسم جمع ; সুতরাং এর কোনো বহুবচন আসেনা। আবার কারো মতে এর বহুবচন হলো اَنْعُمٌ ; ওয়াহেদীর মতে نَعْمَاءُ এমন পুরস্কারকে বলা হয় যার প্রভাব পুরস্কারের প্রাপকের উপর প্রকাশ পায়।

ضَرَّاءَ : **দুঃখ-দৈন্য; বিপদাপদ**। এটি نَعْمَاءَ -এর বিপরীত শব্দ।

مَسَّتْهُ : **তাকে স্পর্শ করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مطلق معروف বাব فَتَحَ মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م ـ س ـ س) অর্থ– স্পর্শ করা।

اَلسَّيِّئَاتِ : **বিপদ-আপদ; দুঃখ-কষ্ট; অকল্যাণ**। বহুবচন, একবচন– سَيِّئَةٌ এটি حَسَنَةٌ -এর বিপরীত। যে নিয়ামত মানুষের আত্মা, দেহ বা অবস্থার অর্জিত হয়ে তাতে আনন্দ দান করে তাকে حَسَنَةٌ বলা হয়। উভয়টিই ইসমে জিন্‌স। যার মধ্যে অনেকগুলো প্রকার অন্তর্ভুক্ত রয়েছে। যেমন– وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কল্যাণ লাভ হয় তখন তারা বলে এটা আল্লাহর পক্ষ থেকে হয়েছে) এখানে حَسَنَةٌ দ্বারা ফসলের উৎকৃষ্টতা ও সফলতা উদ্দেশ্য। وَمَآ اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ (তোমাদের কাছে যে সকল কল্যাণ পৌঁছে তা আল্লাহর পক্ষ থেকে) এখানে حَسَنَةٌ দ্বারা ছওয়াব উদ্দেশ্য। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ (আর যদি পৌঁছে অকল্যাণ) এখানে سَيِّئَةٌ দ্বারা সঙ্কীর্ণতা ও অকৃতকার্যতা উদ্দেশ্য।

فَرِحٌ : **উৎফুল্ল; আনন্দিত**। সীগায়ে মুবালাগা। বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ خ) মাসদার اَلْفَرْحُ অর্থ– অহংকার করা।

আয়াত : ১১

صَبَرُوْا : **তারা ধৈর্যধারণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বাব ضَرَبَ বহছ ماضى مطلق معروف মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা। ইমাম রাগেব তাঁর বিখ্যাত গ্রন্থ মুফরাদাতুল কুরআনে বলেন, সবর অর্থ হলো নিজের প্রবৃত্তিকে আক্‌ল ও শরিয়তের চাহিদা অনুযায়ী বিরত রাখা অথবা আকল-বুদ্ধি ও শরিয়ত যা থেকে প্রবৃত্তিকে বিরত রাখার ইচ্ছা পোষণ করে তা থেকে বিরত রাখা। সুতরাং صَبْرٌ একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন নাম ধারণ করে থাকে। যেমন– বিপদের সময় নিজের প্রবৃত্তি ও নফ্‌সকে আটকে রাখার নাম صَبْرٌ বৈ কিছুই নয়। এর বিপরীত শব্দ হলো جَزَعٌ আর যুদ্ধে নিজের প্রবৃত্তিকে আটকে রাখার নাম হলো شُجَاعَةٌ তথা বীরত্ব, এর বিপরীত শব্দ হলো جُبْنٌ বা ভীরুতা। কোনো বিষণ্নকারী বিপদে প্রবৃত্তিকে আটকে রাখলে তাকে বলা হবে رَحْبُ الصَّدْرِ বা প্রসন্নতা; এর বিপরীত শব্দ হলো ضَجْرٌ বা সঙ্কীর্ণতা।

عَمِلُوْا : **তারা আমল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা।

আয়াত : ১২

تَارِكٌ : **বর্জনকারী; পরিত্যাগকারী**। সীগাহ واحد مذكر غائب বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা।

مُفْتَرُوْنَ : মিথ্যা রচনাকারীগণ; অপবাদ আরোপকারীগণ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ- মিথ্যা রচনা করা; অপবাদ আরোপ করা।

আয়াত : ৫১

فَطَرَنِىْ : তিনি আমাকে সৃষ্টি করেছেন। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বহছ نى ; যমীর মাফঊল। বাব نَصَرَ وَ ضَرَبَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার فَطْرٌ অর্থ- সৃষ্টি করা।

اَفَلَا تَعْقِلُوْنَ : তোমরা কি তবুও অনুধাবন করবেনা? أ প্রশ্নবোধক হামযাহ। فَاءٌ হরফে আত্ফ। لَاتَعْقِلُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ- বুঝা; অনুধাবন করা। عَقْلٌ বলা হয় مَا بِهِ- يَتَمَيَّزُ الْحَسَنُ مِنَ الْقَبِيْحِ ، وَ الْخَيْرُ مِنَ الشَّرِّ، وَالْحَقُّ مِنَ الْبَاطِلِ - অর্থাৎ আক্ল বলা হয় যা দ্বারা সৌন্দর্য-অসৌন্দর্য, ভালো-মন্দ ও সত্য-মিথ্যার মাঝে তারতম্য করা হয়। (আল মু'জামুল ওয়াসিত) আবার কারো মাতে, عَقْلٌ এমন শক্তিকে বলা হয় যা ইলমকে কবুল করার জন্য প্রস্তুত করে। আবার এ শক্তি দ্বারা অর্জিত বস্তুকেও আক্ল বলা হয়। তাই হযরত আলী (র.) বলেছেন- اَلْعَقْلُ عَقْلَانِ ـ مَطْبُوْعٌ وَ مَسْمُوْعٌ وَلَا يَنْفَعُ مَسْمُوْعٌ اِذَا لَمْ يَكُ مَطْبُوْعٌ - كَمَا لَا يَنْفَعُ ضَوْءُ الشَّمْسِ وَ ضَوْءُ الْعَيْنِ مَمْنُوْعٌ আক্ল দু প্রকার। স্বভাগত আক্ল আর শ্রবণলব্ধ আক্ল। আর স্বভাবগত আক্ল না থাকলে শ্রবণলব্ধ আক্ল কোনো কাজে আসেনা, যেমন চোখের দৃষ্টিশক্তি না থাকলে সূর্যের আলো কোনো কাজে আসে না। প্রথম প্রকারের সমর্থনে রয়েছে রাসূল ﷺ-এর বাণী- مَا خَلَقَ اللّٰهُ خَلْقًا اَكْرَمَ عَلَيْهِ مِنَ- اَلْعَقْلِ আর দ্বিতীয় প্রকারের সমর্থনেও রয়েছে অপর হাদীস- مَا كَسَبَ اَحَدٌ شَيْئًا اَفْضَلُ مِنْ عَقْلٍ يَهْدِيْهِ اِلٰى هُدًى اَوْ يَرُدُّهُ عَنْ رَدًى ـ উল্লেখ্য পবিত্র কুরআনের যেখানেই عَقْلٌ না হওয়ার কারণে আল্লাহ কাফেরদের নিন্দা করেছেন, সেখানে দ্বিতীয় অর্থ উদ্দেশ্য। যেমন- وَمَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا كَمَثَلِ الَّذِىْ يَنْعِقُ بِمَا لَا يَسْمَعُ اِلَّا دُعَاءً وَّ نِدَاءً صُمٌّ بُكْمٌ عُمْىٌ فَهُمْ لَا يَعْقِلُوْنَ আর যেখানে عَقْلٌ না থাকার কারণে বান্দা থেকে শরিয়তের বিধিবিধান রহিত করা হয়েছে সেখানে প্রথম অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৫২

اِسْتَغْفِرُوْا : **তোমরা ক্ষমা প্রার্থনা কর**। তোমরা বুঝ। সীগাহ امر حاضر معروف বহছ جمع مذكر حاضر বাব اَلْاِسْتِغْفَارُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اِسْتِفْعَالٌ ক্ষমা প্রার্থনা করা।

تُوبُوا : **তোমরা প্রত্যাবর্তন কর; তোমরা ফিরে আস**। সীগাহ امر حاضر معروف বহছ جمع حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ- পাপকার্য থেকে ফিরে আসা; তওবা করা। তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবার সামর্থ্য দেওয়া। তওবা কবুল করা। এটা لازم ও متعدى উভয়ভাবে ব্যবহৃত হয়। যেমন- تَابَ اللّٰهُ عَلَى الْعَبْدِ আল্লাহ বান্দার তওবা কবুল করেছেন। تَابَ الْعَبْدُ বান্দা তওবা করেছে। ثُمَّ تَابَ عَلَيْهِ لِيَتُوْبُوْا তারপর আল্লাহ তাদেরকে তওবা করার তৌফিক দান করলেন। মোটকথা এর صلة যদি عَلٰى আসে তখন এটি متعدى হবে, এবং দয়াশীল হওয়া ও তওবার তাওফীক দেওয়ার অর্থ হবে। আর عَلٰى ব্যতীত ব্যবহার হলে তখন তা لازم হবে, এবং অর্থ হবে তওবা করা। تَوْبَةٌ -এর অর্থ সম্পর্কে ইমাম খাত্তাবি (র.) বলেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ অর্থাৎ পাপ কর্ম করার পর বান্দা সৎপথে ফিরে আসা।

يُرْسِلِ : **প্রেরণ করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ فعل مضارع معروف এটি امر -এর জওয়াব হওয়ার কারণে জযমবিশিষ্ট হয়েছে। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ- প্রেরণ করা; পৌছে দেওয়া।

سَمَاءَ : **আকাশ; আসমান**। মেঘ; বৃষ্টি। ইমাম রাগেব তার বিখ্যাত মুফরাতুল কুরআনে লিখেছেন যে, বস্তুর উপরিভাগ নিচের ভাগের তুলনায় سَمَاءٌ কেউ কেউ বলেছেন, সকল سَمَاءٌ তার নিচেরটির তুলনায় سَمَاءٌ এবং নিচেরটি উপরটির তুলনায় اَرْض তবে اَرْض এর ব্যতিক্রম। কারণ তা কারো তুলনায় عُلْيَا নয়। কুরআনের আয়াত- اَللّٰهُ الَّذِىْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ আল্লাহ ঐ সুমহান সত্তা যিনি সপ্ত আকাশ সৃষ্টি করেছেন এবং সেই সমপরিমাণ জমিন।) এ আয়াত উপরের বক্তব্যের জন্য সুস্পষ্টভাবে প্রযোজ্য। যে سَمَاءٌ বৃষ্টির অর্থে তা পুংলিঙ্গই ব্যবহৃত হয়। এবং তার বহুবচন اسمية আসে। ইবনে খালবিয়া বলেছেন, যে বস্তু তোমার থেকে উপরে তা হলো سَمَاءٌ ; যেমন- فَلْيَمْدُدْ بِسَبَبٍ اِلَى السَّمَاءِ সে যেন ঘরের ছাদে রশি টানিয়ে নেয়। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯ দ্রষ্টব্য)

مِدْرَارًا : **প্রচুর; প্রবল**। মুবালাগার সীগাহ। মাসদার ও ইসম دَرٌّ অধিক বর্ষণকারী। মূলত دَرٌّ -এর আসল অর্থ হলো দুধ বা দুধের আধিক্য। তবে অধিক ব্যবহারের কারণে বৃষ্টি বর্ষাণো, প্রদীপের আলো ছড়িয়ে পড়া, বাজার চালু হওয়া, চেহারা দীপ্তিময় হওয়া ইত্যাদি অর্থে এবং তৃতীয় নম্বরে গিয়ে চেহারার ঔজ্জ্বল্য অর্থে ব্যবহার হতে শুরু করে। এ সকল অর্থে ব্যবহারসমূহ হলো, যথা- دَرَّتِ النَّاقَةُ অর্থ- উষ্ট্রী প্রচুর দুধ দিয়েছে। (প্রবাহিত হওয়া অর্থে) دَرَّ الْعَرَقُ ঘাম ঝরেছে। دَرَّ السِّرَاجُ প্রদীপ আলোকিত হয়েছে। دَرَّتِ السُّوْقُ বাজার চালু হয়েছে। دَرَّ وَجْهُكَ রোগাবসানের পর তোমার চেহারা দীপ্তিময় হয়েছে।

يَزِدْكُمْ : **তোমাদেরকে বাড়িয়ে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; كم যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ- বৃদ্ধি করা; বাড়ানো। উল্লেখ্য এটি يُرْسِلُ -এর উপর আত্‌ফ হওয়ার কারণে জযমবিশিষ্ট হয়েছে।

لَا تَتَوَلَّوْا : **তোমরা মুখ ফিরিয়ে নিওনা ; তোমরা বিমুখ হয়োনা**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া। উল্লেখ্য تَوَلِّىْ ফেলটি যখন نفسه দ্বরা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয় - বন্ধুত্ব করা, সাহায্য করা, কাজ সম্পাদন করে দেওয়া। আর যদি عَنْ দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হয় মুখথ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া। উক্ত عَنْ শব্দগতভাবে উল্লেখ থাকুক বা উহ্য থাকুক। এ আয়াতে উহ্য عَنْ দ্বারা মুতা'আদ্দী হয়েছে।

مُجْرِمِيْنَ : **অপরাধীসকল**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ- অপরাদ করা।

আয়াত : ৫৩

هُوْدُ : **বিশিষ্ট নবী হূদ (আ.)**। যিনি আদ জাতির প্রতি প্রেরিত হয়েছিলেন। হযরত হূদ (আ.)-এর সম্প্রদায়

عَادْ أُوْلَى কে عَادْ বলা হয়। (বগবী) (খিস্টপূর্ব) ৪০০০ সনে বরং তারও পূর্বে এশিয়ার বিভিন্ন অঞ্চলে আদ জাতির রাজত্ব প্রতিষ্ঠিত ছিল। ইরাকের তৎকালীন বাদশা সামিরিইউনকে আ'দ সম্প্রদায়ের আগাদ নামীয় এক ব্যক্তি (খিস্টপূর্ব) ৪০০০ সনে পরাজিত করে রাজত্বের ভিত্তি স্থাপন করে। শহর আগাদ বিন শরগুনে আউয়াল (খিস্টপূর্ব) ৩৮০০ সনে এবং তার মৃত্যুর পর তার সন্তান নিরাম শঙ্কর ৩৭৫০ সনে ক্ষমতাসীন ছিল। আগাদী শাসন ব্যবস্থা ইরান পর্যন্ত বিস্তৃত ছিল। সেখানে তারা এক হাজার বছর পর্যন্ত রাজত্ব করার পর ২৭৫০ (খিস্টপূর্ব) তাদের রজত্বের অবসান হয়। এবং এরাই হযরত হূদ (আ.)-এর অবাধ্যতার কারণে তাঁর বদদোয়ায় সমূলে ধ্বংস হয়।

হযরত হূদ (আ.) খিস্টপূর্ব ২৭৫০ সনে আজাব অবতীর্ণ হওয়ার পূর্বে সেই অঞ্চল থেকে বেরিয়ে হেজাজে চলে গিয়েছিলেন, সেখান থেকে হাযরামাউত এসে তার মৃত্যু হয়। তার খলিফাগণ দীর্ঘ দিন পর্যন্ত তার শরিয়তকে চালু রেখেছিল। হযরত লুকমান হেকীম তারই খলীফাদের একজন।

مَا جِئْتَنَا : **তুমি আমাদের কাছে আনয়ন করনি।** সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف منفى; نا যমীরে মাফউল। বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج ـ ى ـ أ) অর্থ– আসা। এর সেলা باء এলে অর্থ হয় নিয়ে আসা। এখানে সেই অর্থই হয়েছে।

بِتَارِكِيْ : **পরিত্যাগকারীগণ।** بَاءْ হরফে জার। تَارِكِيْ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نصر মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; পরিত্যাগ করা। تَارِكِيْ মূলতঃ تَارِكِيْنَ ছিল। বহুবচনের নূনটি ইযাফতের কারণে পড়ে গেছে।

আয়াত : ৫৪

اِعْتَرَاكَ : **আপনাকে আবিষ্ট করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف; كَ যমীরে মাফউল। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ و) মাসদার اَلْاِعْتِرَاءُ অর্থ– আচ্ছাদিত হওয়া; ছেয়ে যাওয়া; আবিষ্ট হওয়া।

اُشْهِدُ : **আমি সাক্ষী করছি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلْاِشْهَادُ অর্থ– সাক্ষ্য দেওয়া।

اِشْهَدُوْا : **তোমরা সাক্ষী থাক।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلشَّهَادَةُ মূলবর্ণ (ش ـ ه ـ د) অর্থ– সাক্ষী দেওয়া; সাক্ষ্য হওয়া।

بَرِيْءٌ : **দায়মুক্ত।** فَعِيْلٌ-এর ওজনে মুবালাগার সীগাহ। اسم فاعل অর্থে। বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ر ـ أ) মাসদার اَلْبُرْءُ অর্থ– দায়মুক্ত হওয়া; অসন্তুষ্ট হওয়া; মুক্তি পাওয়া।

تُشْرِكُوْنَ : **তোমরা শরিক কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلشِّرْكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার করা।

আয়াত : ৫৫

كِيْدُوْنِيْ : **তোমরা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ى ـ د) মাসদার اَلْكَيْدُ অর্থ– ষড়যন্ত্র করা; প্রতারণা করা।

لَا تُنْظِرُوْنَ : **আমাকে অবকাশ দিওনা।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف; نِيْ যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

আয়াত : ৫৬

تَوَكَّلْتُ : **আমি ভরসা করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা।

دَابَّةٍ : **বিচরণকারী; প্রাণী; জীবজন্তু।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل ; তবে এটি مؤنث ও مذكر উভয়টির জন্য ব্যবহৃত হয়। تاء টি وَحْدَةْ-এর জন্য। বহুবচন دَوَابٌّ যদিও পরিভাষায় এটি ঘোড়ার জন্য নির্দিষ্ট কিন্তু সকল প্রাণীর জন্যই ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে যেখানে دَابَّةٌ শব্দটি এসেছে তা সকল প্রাণীকেই অন্তর্ভুক্ত। তবে আয়াত–وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَابَّةً مِنَ الْاَرْضِ تُكَلِّمُهُمْ اَنَّ النَّاسَ كَانُوْا بِاٰيٰتِنَا لَا يُوْقِنُوْنَ এ আয়াতে যে دَابَّةٌ-এর কথা এসেছে এ দ্বারা বিশেষ একপ্রকার প্রাণী উদ্দেশ্য যা কিয়ামতপূর্বমুহূর্তে মক্কার নিকটবর্তী সাফা পাহাড় থেকে নির্গত হবে। হঠাৎ করে উক্ত পাহাড়

বিদীর্ণ হয়ে যাবে। সেখান থেকে উক্ত প্রাণী বের হয়ে মানুষের সাথে কথা বলবে। এবং কে খাঁটি মুমিন আর কে খাঁটি কাফের তা চিহ্নিত করে দিবে।

اٰخِذٌ : **ধারণকারী; আয়ত্তকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– পাকড়াও করা, ধরা।

بِنَاصِيَتِهَا : **এটা তার পূর্ণ আয়ত্তাধীন**। (اٰخِذٌ بِنَاصِيَتِهَا) এর শাব্দিক অর্থ হলো মস্তকের সম্মুখভাগের কেশগুচ্ছ ধরে থাকা; কিন্তু এখানে এটি রূপক অর্থে ব্যবহৃত হয়েছে, যার অর্থ সম্পূর্ণ আয়ত্তাধীন রাখা। – তাফসীরে মানার, কাশ্‌শাফ ইত্যাদি।) نَاصِيَةٌ ইসম, মুযাফ। هَا যমীর মুযাফ ইলাইহি।

مُسْتَقِيْمٍ : **সরল পথ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনস اجوف واوى মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সোজা চলা।

আয়াত : ৫৭

فَاِنْ تَوَلَّوْا : **অতঃপর যদি তোমর মুখ ফিরিয়ে নাও**। ف হরফে আত্‌ফ। ان হরফে শর্ত। تَوَلَّوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلتَّوَلِّىْ অর্থ– মুখ ফিরানো; বিমুখ হওয়া। تَوَلَّوْا মূলত تَتَوَلَّوْا ছিল। সহজ করার জন্য একটি تاء বিলুপ্ত করা হয়েছে।

اَبْلَغْتُكُمْ : **আমি তোমাদের কাছে পৌঁছে দিয়েছি**। সীগাহ واحد متكلم ; كُمْ যমীর মাফউল। বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْاِبْلَاغُ অর্থ– পৌঁছানো।

يَسْتَخْلِفُ : **তিনি স্থলাভিষিক্ত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِسْتِخْلَافُ অর্থ– স্থলবর্তী বানানো; প্রতিনিধি বানানো।

لَا تَضُرُّوْنَهٗ : **তোমরা তার ক্ষতি করতে পারবেনা**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف منفى ; ه যমীর মাউল। বাব نَصَرَ মাসদার اَلضَّرُّ মূলবর্ণ (ض ـ ر ـ ر) অর্থ– ক্ষতিসাধন করা।

حَفِيْظٌ : **রক্ষক; রক্ষাকারী**। সীগাহ واحد ; فعيل -এর ওজনে فاعل অর্থে। বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) মাসদার اَلْحِفْظُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা।

আয়াত : ৫৮

আমরা মুক্তি দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْجِيَةُ মূলবর্ণ (ن ـ ج ـ ى) অর্থ– মুক্তি দেওয়া; রক্ষা করা।

غَلِيْظٌ : **কঠি; দৃঢ়**; সীগাহ واحد বহছ صفت مشبه বাব نَصَرَ، ضَرَبَ মূলবর্ণ (غ ـ ل ـ ظ) মাসদার غِلْظَةٌ ও غِلَاظَةٌ বহুবচন اَغْلَاظٌ

আয়াত : ৫৯

عَادٌ : **বিশিষ্ট নবী হযরত হূদ (আ.) -এর সম্প্রদায়**। হযরত নূহ (আ.)-এর গোত্রে এক ব্যক্তির নাম ছিল আ'দ। তার বংশ তিন পুরুষে গিয়ে হযরত নূহ (আ.)-এর সাথে মিলিত হয়। পরবর্তীতে তার নামানুসারে তার সম্প্রদায়ের নামকরণ করা হয়। হযরত নূহ (আ.)-এর মহাপ্লাবনের পর সর্বপ্রথম তারাই ক্ষমতাশীল হয়। عَادٌ শব্দের অর্থঃ আল্লামা সাইয়িদ সুলায়মান নদভী (র.) আরদুল কুরআনে লিখেছেন যে, আরবি ভাষায় عَادٌ -এর কোনো অর্থ পাওয়া যায়না। তবে ইবরানি ভাষায় এর অর্থ হলো উচ্চতা ও সুখ্যাতি। তাওরাতে عَادٌ শব্দটি পুংলিঙ্গের জন্য এবং عَادَةٌ স্ত্রীলিঙ্গের জন্য ব্যবহৃত হয়েছে। এর দ্বারা বুঝা গেল যে, এ নামটি প্রাচীনকালে ব্যবহৃত ছিল। (বিস্তারিত সূরা হূদ, আয়াত : ৫০ দ্রষ্টব্য)

جَحَدُوْا : **তারা অস্বীকার করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ح ـ د) মাসদার اَلْجَحْدُ وَ اَلْجُحُوْدُ অর্থ– অস্বীকার করা।

عَصَوْا : **তারা অবাধ্যতা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْمَعْصِيَةُ ও اَلْعِصْيَانُ অবাধ্যতা করা; নাফরমানি করা।

اُتْبِعُوْا : **তারা অনুগত্য করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– আনুগত্য করা।

جَبَّارٍ : **বিদ্রাহী; অবাধ্য; স্বৈরাচারী**। মুবালাগার সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ ب ـ ر) মাসদার اَلْجَبْرُ، اَلْجَبُوْرُ وَ اَلْجَبَارَةُ অর্থ– অবাধ্যতা করা; ঔদ্ধত্য

প্রদর্শন করা; বল প্রয়োগ করা। ভাষাবিদদের ভাষ্যমতে جَبْر অর্থ একপ্রকার বলপ্রয়োগের মাধ্যমে বস্তুর সংস্কার ও মেরামত করা। কিন্তু এর ব্যবহার যে শুধুমাত্র সংস্কার বা শুধুমাত্র বলপ্রয়োগের ক্ষেত্রেও হয়ে থাকে। মানুষের ক্ষেত্রে جَبَّارٌ এমন ব্যক্তিকে বলা হয় যে, নিজের ত্রুটি-বিচ্যুতিকে উচ্চ মর্যাদার এমন দাবি দ্বারা পূর্ণ করতে চায় যার সে উপযুক্ত নয়। এ অর্থে جَبَّارٌ এর ব্যবহার নিন্দা স্বরূপ হয়ে থাকে। আবার কখনো جَبَّارٌ ঐ ব্যক্তিকেও বলা হয় অন্যের উপর যার জোর ও চাপ রয়েছে। যেমন- وَمَا أَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ (আপনি তাদের উপর বল প্রয়োগকারী নন;) তাদের উপর আপনার চাপ নেই। আল্লাহর গুণবাচক নামসমূহের মধ্যে যে جَبَّارٌ রয়েছে, যেমন اَلْعَزِيْزُ- اَلْجَبَّارُ اَلْمُتَكَبِّرُ এ ব্যাপারে দুটি মত রয়েছে। এক. যেহেতু তিনি স্বীয় অনুগ্রহরাজি দ্বারা সকল মানুষের অবস্থা সংশোধন করে দেন এবং তাদের ঘাটতি পূর্ণ করে দেন এ জন্য তাকে جَبَّارٌ বলা হয়। অর্থাৎ ক্ষতিপূরণকারী, অবস্থার সংশোধনকারী। আরবরা বলে- جَبَرْتُ الْفَقِيْرَ আমি অভাবগ্রস্তের অবস্থা সংশোধন করে দিয়েছি, তাকে ধনি বানিয়ে দিয়েছি। দুই. যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছা দ্বারা সকলকে বাধ্য করে রাখেন তাই তার নাম جَبَّارٌ; ইমাম বায়হাকী তার কিতাব اَلْاَسْمَاءُ وَالصِّفَاتُ এ- উল্লেখ করেছেন যে, اِنَّمَا يُسَمَّى الْجَبَّارُ لِاَنَّهُ- يُجْبِرُ الْخَلْقَ عَلٰى مَا اَرَادَ তাঁকে জাব্বার নামকরণের কারণ হলো তিনি স্বীয় ইচ্ছা দ্বারা সকলকে বাধ্য করে রাখেন। আল্লামা খাযেন বাগদাদী বলেছেন, جَبَّارٌ আল্লাহর সত্তার জন্য প্রশংসনীয় এবং মানুষের জন্য নিন্দনীয় গুণ।

عَنِيْدٍ : **উদ্ধত; বিদ্বেষী; বিরোধী**। সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। فَعِيْلٌ -এর ওজনে فاعل অর্থে। ইমাম আবূ বকর আযীযী (র.) লিখেছেন যে, عَنِيْدٌ ঐ ব্যক্তিকে বলা হয় যে তোমার বিরোধিতাকারী। আর ইমাম রাগেব عَنِيْدٌ -এর তরজমা করেছেন- اَلْمُعْجَبُ بِمَا عِنْدَهٗ আত্মম্ভরী; নিজের যা আছে তা নিয়ে দম্ভকারী। আল্লামা নাজিরুদ্দিন আব্দুস সাইয়িদ মাতরাজি (র.) লিখেছেন যে সত্য জেনেশুনে তা অস্বীকার করে তাকে عَنِيْدٌ বলা হয়। এটি عُنُوْدٌ থেকে নির্গত হয়েছে যার অর্থ রাস্তা থেকে এদিকসেদিক সরে যাওয়া। এর বহুবচন عُنُدٌ

আয়াত : ৬০

اُتْبِعُوْا : **তাদেরকে পিছনে লাগিয়ে দেওয়া হয়েছে; তাদেরকে করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت - ب - ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ- পিছনে লাগা; অনুসরণ করা।

لَعْنَةً : **লা'নতগ্রস্ত; অভিশপ্ত**। এটি মাসদর, বাব فَتَحَ মূলবর্ণ (ل - ع - ن) অর্থ- (রহমত থেকে) দূর করা; অভিশাপ দেওয়া।

بُعْدًا : **দূরত্ব; ধ্বংস; অভিশম্পাত**। قُرْبٌ -এর বিপরীত। بُعْدٌ ও قُرْبٌ তথা নিকট ও দূরত্বের কোনো সীমা নির্দিষ্ট নেই। বরং স্থান হিসেবে একটিকে নিকট ও অপরটিকে দূর বলা হবে। ইন্দ্রিয়গ্রাহ্য বা অনুভূত বিষয়ের ক্ষেত্রে بُعْدٌ ও قُرْبٌ -এর ব্যবহার ব্যাপকহারে হয়ে থাকে। তবে কখনো জ্ঞানলব্ধ বিষয়ের ক্ষেত্রেও এর ব্যবহার হয়ে থাকে। যেমন- ضَلُّوْا ضَلَالًا بَعِيْدًا যেহেতু মৃত্যু, ধ্বংস ও অভিশাপের মধ্যে দূরত্ব হয়ে থাকে তাই بُعْدٌ -এর অর্থ সাধারণত ধ্বংস ও অভিশম্পাত করা হয়।

আয়াত : ৬১

ثَمُوْدَ : **হযরত সালেহ (আ.)-এর সম্প্রদায়ের নাম**। ثَمُوْدٌ শব্দটিকে কেউ বলেন অনারবী, আবার কেউ বলেন আরবি। যেহেতু এটি একটি গোত্রের নাম তাই غير منصرف, যদি শব্দটিকে আরবি ধরা হয় তখন এটি ثَمَدٌ থেকে উদ্গত হবে। فَعُوْلٌ এর ওজনে। বৃষ্টির সামান্য পানি যা গর্তে জমা হয়, শীতকালে অবশিষ্ট থাকে এবং গ্রীষ্মকালে শুকিয়ে যায় তাকে ثَمَدٌ বলা হয়। আরবি ভাষা ও সাহিত্যের ইমাম আবূ উমর বিন আ'লা বলেন- سُمِّيَتْ ثَمُوْدُ لِقِلَّةِ مَائِهَا وَالثَّمَدُ اَلْمَاءُ الْقَلِيْلُ وَكَانَتْ مَسَاكِنُهُمُ الْحَجَرُ بَيْنَ الْحِجَازِ وَالشَّامِ اِلٰى وَادِي الْقُرٰى যেহেতু উক্ত গোত্রে পানিস্বল্পতা ছিল তাই তাদেরকে ثَمُوْدٌ বলা হয়। ثَمَدٌ অল্প পানিকে বলা হয়। তাদের নিবাস ছিল হিজর এলাকায় যা হিজাজ ও শামের মধ্যবর্তীতে ওয়াদিউল কুরায় ছিল। কাজী বায়যাবী(র.) ثَمُوْدٌ নামকরণের কারণ প্রসঙ্গে বলেন, سُمُّوْا بِاسْمِ اَبِيْهِمُ الْاَكْبَرِ ثَمُوْدَ بْنِ عَابِرِ بْنِ اِرَمِ بْنِ سَامِ بْنِ نُوْحٍ অর্থাৎ তাদের প্রবীণ ব্যক্তি সামূদ ইবনে আবের ইবনে ইরাম ইবনে সাম ইবনে নূহ -এর নামে তাদের গোত্রের নামকরণ করা হয়।

আল্লামা সাইয়িদ সুলায়মান নদবী (র.)-এর বিশ্লেষণ একটু ভিন্নতর। তিনি বলেন ইবরানি ভাষায় একটি শব্দ আছে تَامِيْد যার অর্থ خَالِدٌ ও دَائِمٌ (স্থায়ী ও শ্বাশত) আরবির ث এবং ইবরানির ت একই বস্তু। ইবরানিতে ث নেই। সুতরাং আরবিতে خَالِدٌ-এর যা অর্থ ইবরানির ثَمُوْد--এর অর্থও তাই।

ছামূদ জাতির উন্নতি ও ধ্বংস আদে উলার পর থেকে শুরু হয় এবং হযরত মূসা (আ.)-এর আগমনের পূর্বেই সমাপ্তি ঘটে। উত্তর আরবের একটি প্রতাপশালী গোত্র ছিল তারা। আদের ন্যায় নির্মাণ শিল্পের নিপুণ কারিগর ছিল তারা। পাহাড় কেটে আকাশচুম্বি অট্টালিকা নির্মাণ ও সুউচ্চ কবর বানাতে তারা পারদর্শী ছিল। তাদের স্থাপত্যশৈলীর নিদর্শন এখনও বিদ্যমান। মূর্তিপূজা এবং তারকাপূজা ছিল তাদের ধর্ম। হযরত সালেহ (আ.) তাদের কাছে প্রেরিত হন। তাদের দীনের দাওয়াত দেন। গুটিকতেক ব্যতীত কেউ তার দাওয়াত গ্রহণ করেনি। তাদের দাবি অনুযায়ী আল্লাহপ্রদত্ব নিদর্শন উষ্ট্রীকে তারা হত্যা করে ফেলে। তাই তাদের উপর আজাব ও গজব নেমে আসে। এভাবে তারা ধ্বংস হয়ে যায়।

صَالِحًا : **হযরত সালেহ (আ.)**। বিশিষ্ট নবীদের একজন ছিলেন। পবিত্র কুরআনে তার নাম নয় স্থানে এসেছে। ছামূদ জাতির প্রতি তিনি প্রেরিত হয়েছিলেন। হযরত আবূ যর গিফারী (র.) -এর একটি দীর্ঘ হাদীসে রয়েছে, চারজন নবী আরবের ছিলেন, হূদ, সালিহ, শুআইব ও আমাদের নবী ﷺ। ইমাম আহমদ বিন হাম্বল তার মুসনাদে ইবনে আব্বাস থেকে বর্ণনা করেছেন, হজের সময় রাসূল ﷺ যখন উসফান উপত্যকা দিয়ে অতিক্রম করছিলেন তখন তিনি বলেন, হে আবূ বকর! এটা কোন উপত্যকা? তিনি বললেন, উসফান উপত্যকা। রাসূল ﷺ বললেন এখান থেকে হূদ ও সালিহ (আ.) জোয়ান উটের উপর ছওয়ার হয়ে অতিক্রম করেছেন যার লাগাম ছিল খেজুরের বাকলের, তাদের চাদর ছিল ডোরাকাটা, তারা লাব্বাইক বলতে বলতে কা'বা শরীফে গিয়ে হজ করতেন। ইবনে কাছীর এ হাদীসটিকে হাসান বলেছেন।

اُعْبُدُ : **তুমি ইবাদত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

اَنْشَأَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْشَاءُ মূলবর্ণ (ن ـ ش ـ أ) অর্থ– সৃষ্টি করা; লালনপালন করা।

اِسْتَعْمَرَ : **তিনি বসবাস করিয়েছেন; আবাদ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ م ـ ر) মাসদার اَلْاِسْتِعْمَارُ অর্থ– আবাদ করা।

فَاسْتَغْفِرُوْهُ : **সুতরাং তোমরা তার নিকট ক্ষমা প্রার্থনা কর**। فَاءٌ হরফে আত্‌ফ। اِسْتَغْفِرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف ; ه যমীর মাফঊল। বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমাপ্রার্থনা করা।

تُوْبُوْا : **তোমরা তওবা কর; তোমরা প্রত্যাবর্তন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– তওবা করা; প্রত্যাবর্তন করা।

مُجِيْبٌ : **সাড়া দানকারী; কবুলকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِجَابَةُ অর্থ– সাড়া দেওয়া; উত্তর দেওয়া। (দুনিয়াতে ও পরকালে) প্রশ্ন যেহেতু দু ধরনের হয়ে থাকে। ১. মৌখিক উত্তর কাম্য থাকে। ২. কাঙ্ক্ষিত বস্তু প্রাপ্তির আশা এবং বাসনা পূর্ণ করার ইচ্ছা থাকে। তাই اِجَابَةٌ-এরও দুটি অর্থ রয়েছে। ১. মৌখিক উত্তর প্রদান করা। ২. সওয়াল অনুযায়ী প্রয়োজন পূরণ করা। এখানে সে অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৬২

مَرْجُوًّا : **আশাস্থল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ و) মাসদার اَلرَّجَاءُ অর্থ– আশা করা।

اَتَنْهٰنَا : **তুমি কি আমাদেরকে নিষেধ করছ?** أ প্রশ্নবোধক হামযাহ। تَنْهٰى সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف ; نَا যমীরে মাফঊল। বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ নিষেধ করা; বিরত রাখা।

تَدْعُوْنَا : **তুমি আমাদেরকে আহ্বান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف ; نَا যমীর মাফঊল। বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– আহ্বান করা; ডাকা।

شَكٍّ : **সন্দেহ**। একবচন, বহুবচন– شُكُوْكٌ ; বাব نَصَرَ-এর মাসদার। ইমাম রাগেব বলেন, মানুষের নিকট যদি দুটি বিপরীত ধারণা সমান সমান হয় তবে তার নাম شَكٌّ বা সন্দেহ।

مُرِيْبٍ : **বিভ্রান্তিকর সন্দিহান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر . ى . ب) মাসদার اِرَابَةٌ অর্থ– বিভ্রান্তিকর সন্দেহে নিপতিত করা; দ্বিধা-দ্বন্ধে ফেলা।

আয়াত : ৬৩

أَرَاَيْتُمْ : **তোমরা কি ভেবে দেখেছো?** أ প্রশ্নবোধক হামযাহ। رَأَيْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر . أ . ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اٰتٰنِىْ : **সে আমাকে দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف ; نِىْ যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ا . ت . ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া।

لَيَنْصُرُنِىْ : **সে আমাকে সাহায্য করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; نِىْ নূনে বেকায়াইয়ায়ে মুতাকল্লিম মাফউল। বাব نَصَرَ মাসদার اَلنَّصْرُ মূলবর্ণ (ن ص . ر) অর্থ– সাহায্য করা।

عَصَيْتُهٗ : **আমি তার অবাধ্যতা করেছি**। সীগাহ واحد متكلم ; বহছ ماضى معروف ; ه যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ع . ص . ى) মাসদার اَلْعِصْيَانُ ও اَلْمَعْصِيَةُ অর্থ– অবাধ্যতা করা; নাফরমানি করা।

تَزِيْدُوْنَنِىْ : **তোমরা আমাকে বৃদ্ধি করে দিবে**। সীগাহ جمع مذكر حاضر ; نِىْ নূনে বেকায়া ইয়ায়ে মুতাকাল্লিম মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ز . ي . د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা।

تَخْسِيْرٍ : **ক্ষতিসাধন করা**। বাব تَفْعِيْل মূলবর্ণ (خ . س . ر)

আয়াত : ৬৪

فَذَرُوْهَا : **তোমরা তাকে ছেড়ে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف ; هَا যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (و . ذ . ر) মাসদার اَلْوَذَرُ অর্থ– ছেড়ে দেওয়া।

تَأْكُلْ : **সে খাবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ . ك . ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– খাওয়া; আহার করা।

لَا تَمَسُّوْهَا : **তোমরা তাকে স্পর্শ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف ; ها যমীর মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (م . س . س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া।

سُوْءٍ : **মন্দ; অনিষ্ট; বিপদ; পাপকার্য; দোষত্রুটি**।

فَيَأْخُذَكُمْ : **সুতরাং তোমাদেরকে ধরবে**। فَاءٌ হরফে আত্‌ফ। يَأْخُذ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; اَنْ উহ্য দ্বারা মানসূব হয়েছে। كُمْ যমীরে মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (أ . خ . ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা।

قَرِيْبٌ : **আকস্মিক; আশু**। সিফাতে মুশাব্বাহর সীগাহ। বাব كَرُمَ, سَمِعَ মাসদার قُرْبٌ ও قَرَابَةٌ- قُرْبَانٌ অর্থ– নিকটবর্তী হওয়া।

আয়াত : ৬৫

فَعَقَرُوْهَا : **এরপর সে তার পায়ের রগগুলো কেটে দিল**। فَاءٌ হরফে আত্‌ফ। عَقَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف ; هَا যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ع . ق . ر) মাসদার اَلْعَقْرُ পায়ের রগ কাটা। عَقْرٌ বলা হয় পায়ের গোড়ালির উপরের রগসমূহকে। আরবের নিয়ম ছিল তারা উটকে হালাল করার সময় প্রথমে তার পায়ের রগগুলো কেটে দিত যেন সে দৌড়ে পালাতে না পারে, এরপর তাকে নহর করত। عَقْرٌ শব্দের ব্যবহার পায়ের রগ কাটার অর্থে হয়ে থাকে আবার কখনো নহর করার অর্থেও হয়ে থাকে। আজহারী এর কারণ বলেছেন যে, যেহেতু নহর সাধারণত عَقْرٌ-এর পরেই হয়ে থাকে তাই এর দ্বারা নহর করাও উদ্দেশ্য নেওয়া হয়।

تَمَتَّعُوْا : **তোমরা উপভোগ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّمَتُّعُ মূলবর্ণ (م . ت . ع) অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া।

مَكْذُوْبٍ : **মিথ্যা**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول তবে হাসেলে মাসদারের অর্থে। وَعْدٌ غَيْرُ مَكْذُوْبٍ এমন অঙ্গীকার যা মিথ্যা হওয়ার নয়। বাব ضَرَبَ মূলবর্ণ (ك . ذ . ب) মাসদার اَلْكِذْبُ وَ مَكْذِبَةٌ অর্থ– মিথ্যা বলা, মিথ্যা মনে করা, প্রতারণা করা, বিভ্রান্ত করা, মিথ্যা হওয়া।

জুসিমীন : নতজাতনু ব্যক্তিবর্গ। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ وَ ضَرَبَ মূলবর্ণ (ج . ث . م) মাসদার اَلْجُثُوْمُ অর্থ– নতজানু হওয়া; উপুড় হয়ে পড়া।

আয়াত : ৬৮

لَمْ يَغْنَوْا : তারা বসবাস করেনি। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى বাব سَمِعَ মাসদার اَلْغِنَىُّ মূলবর্ণ (غ . ن . ى) অর্থ– ধনী হওয়া, ধনবান হওয়া, عَنْ-অমুখাপেক্ষী হওয়া, অভাবমুক্ত হওয়া بِ - নিবাস স্থাপন করা। অবস্থান করা; বসবাস করা।

بُعْدًا : **দূরত্ব; ধ্বংস; অভিশম্পাত**। قُرْبٌ -এর বিপরিত। بُعْدٌ ও قُرْبٌ তথা নিকট ও দূরত্বের কোনো সীমা নির্দিষ্ট নেই। বরং স্থান হিসেবে একটিকে নিকট ও অপরটিকে দূর বলা হবে। ইন্দ্রিয়গ্রাহ্য বা অনুভূত বিষয়ের ক্ষেত্রে بُعْدٌ ও قُرْبٌ -এর ব্যবহার ব্যাপকহারে হয়ে থাকে। তবে কখনো জ্ঞানলব্ধ বিষয়ের ক্ষেত্রেও এর ব্যবহার হয়ে থাকে। যেমন–ضَلُّوْا ضَلَالًا بَعِيْدًا যেহেতু মৃত্যু, ধ্বংস ও অভিশাপের মধ্যে দূরত্ব হয়ে থাকে তাই بُعْدٌ -এর অর্থ সাধারণত ধ্বংস ও অভিশম্পাত করা হয়।

আয়াত : ৬৯

جَاءَتْ : **সে এসেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج . ى . أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা।

إِبْرَاهِيْمُ : **বিশিষ্ট নবী হযরত ইবরাহীম (আ.)**। আমাদের নবী হযরত মুহাম্মদ ﷺ -এর পূর্বপুরুষ। তিনি ব্যতীত সকল নবীগণ থেকে শ্রেষ্ঠ। এ কারণেই নামাজে তাশাহহুদের ভিতর তাঁর উপর দরূদ পাঠ করা হয়। মে'রাজ সম্পর্কিত হাদীসে রয়েছে মহানবী হযরত মুহাম্মদ ﷺ তাঁকে এমতাবস্থায় দেখতে পেয়েছিলেন যে, তিনি বাইতুল মামুরের সাথে হেলান দিয়ে বসে রয়েছেন। তিনি আমাদের নবীকে স্বাগত জানিয়েছিলেন مَرْحَبًا بِالْاِبْنِ الصَّالِحِ وَ النَّبِيِّ الصَّالِحِ বলে। সহীহ বুখারীতে হযরত ইবনে আব্বাস থেকে বর্ণিত হয়েছে হুযূর ﷺ ইরশাদ করেছেন কেয়ামতের সর্বপ্রথম যাকে পোশাক পরিধান করানো হবে তিনি হলেন নবী হযরত ইবরাহীম (আ.)। তাঁর জন্ম হয়েছিল ব্যবিলন শহরে হযরত

আয়াত : ৬৬

خِزْىِ : **লাঞ্ছনা; অপমান**। বাব سَمِعَ -এর মাসদার। মাযী خِزْىَ মুযারে' يَخْزٰى মূলবর্ণ (خ . ز . ى) অর্থ– অপমানিত হওয়া; লাঞ্ছিত হওয়া।

يَوْمَئِذٍ : **সেদিন**। শব্দটি اسم ظرف; মুযাফ, اذ মুযাফ ইলাইহি।

اَلْقَوِىُّ : **শক্তিশালী**। সীগাহ صفة مشبه বহুবচন–اَقْوِيَاءُ

اَلْعَزِيْزُ : **পরাক্রমশালী; অপরাজেয়**। শব্দটি عِزَّةٌ থেকে উদ্ভূত فَعِيْلٌ -এর ওজনে مبالغة -এর সীগাহ। এটি মহান আল্লাহর একটি গুণবাচক নাম। সে ক্ষেত্রে এটি কয়েক অর্থে ব্যবহৃত হতে পারে। عَزِيْزٌ হলো এমন সত্তা যে বিজয়ী হয়, কখনো পরাজিত হয় না। কারো কারো মতে عَزِيْزٌ হলো এমন সত্তা যার পর্যন্ত পৌঁছা সম্ভব হয়না। এবং কোনো অসমীচীন বিষয়ের প্রভাব তার উপর সম্ভব নয়। কেননা আরবি ভাষায় عَزِيْزٌ বলার উদ্দেশ্য হলো তার প্রাচীনতার স্বীকারোক্তি এমনভাবে প্রদান করা যে, সর্বদা চলে আসছে, যাতে সামান্যতম পরিবর্তনেরও সুযোগ নেই। কেউ কেউ এর অর্থ করেছেন, তিনি এত জবরদস্ত যাকে কেউ পরাজিত করতে পারে না। আবার কেউ অর্থ করেছেন, তিনি এত শক্তিশালী যার কারণে তিনি সকলের উপর প্রাধান্য বিস্তার করেন। আবার কেউ বলেন عَزِيْزٌ এমন সত্তা যার কোনো দৃষ্টান্ত নেই। عَزِيْزٌ আরবি ভাষায় عِزَّةٌ থেকে গঠিত। যার অর্থ সুদৃঢ় হওয়া। আল্লাহকে عَزِيْزٌ বলার কারণ, তাঁকে অনাদি বলে এভাবে স্বীকার করা যে , তিনি তার পূর্ণ শক্তিমত্তা নিয়ে অনন্ত কাল হতে চলে আসছেন। যাতে কোনো প্রকার পরিবর্তন হওয়ার অবকাশ নেই। এটি আবার মিশর ও সাবেক গ্রীক সম্রাটের উপাধিবিশেষ। যেমন কুরআনে রয়েছে– يَا اَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا [হে আযিয! (বাদশা) আমাদের উপর দুর্ভিক্ষ নেমে এসেছে।]

আয়াত : ৬৭

اَلصَّيْحَةُ : **মহানাদ; প্রচণ্ড ধ্বনী**। মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ص . ى . ح) জিনস اجوف يائى অর্থ– বিবট শব্দ; চিৎকার; বজ্রধ্বনি। শাস্তিকেও صَيْحَةٌ বলা হয়।

اَصْبَحُوْا : **তারা হলো। তারা সকাল করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص . ب . ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– হওয়া। সকাল করা। এটি فعل ناقص

ঈসা (আ.) -এর জন্মের দুই হাজার বছর পূর্বে। ঐতিহাসিকগণের মতে তার বংশধারা ষষ্ঠ পুরুষে গিয়ে হযরত নূহ (আ.) -এর পুত্র সামের সাথে গিয়ে মিলিত হয়েছে। তাঁর দৈহিক গঠন সম্পর্কে রাসূল ﷺ বলেন- أَمَّا إِبْرَاهِيمُ فَانْظُرُوْا إِلٰى صَاحِبِكُمْ অর্থাৎ ইবরাহীমকে দেখতে হলে তোমাদের সাথী (অর্থাৎ আমাকে) দেখ। তাঁর কওমের লোকেরা মূর্তির সাথে সাথে তারকার পূজাও করত। তিনি প্রেরিত হয়ে সর্বপ্রথম তার পিতা আজরকে হকের দাওয়াত দেন, অতঃপর কওমের লোকদেরকে, অতঃপর তৎকালীন বাদশা নমরূদকে। নামরূদের সাথে বিতর্ক হয়, তিনি তাকে অকাট্য যুক্তি-প্রমাণ দ্বারা তাওহীদের দাওয়াত দিয়ে তাকে হতভম্ব করে দেন। কিন্তু তার স্ত্রী সারা ও ভাতিজা লূত ব্যতীত হতভাগারা তার উপর ঈমান আনেনি। অনন্তর তাকে সর্বপ্রকার কষ্ট দিতে থাকে। এক পর্যায়ে জালিমরা তাকে জ্বলন্ত আগুনে নিক্ষেপ করে। কিন্তু আল্লাহ তা'আলা কাফেরদেরকে অপদস্ত করে আগুনকে শান্তিদায়ক শীতল করে দেন। একটি মারফূ হাদীসে বর্ণিত হয়েছে যখন তাকে আগুনে নিক্ষেপ করা হয়েছিল তখন তার মুখে জারি ছিল- اَللّٰهُمَّ إِنَّكَ فِى السَّمَاءِ وَاحِدٌ وَأَنَا فِى الْأَرْضِ وَاحِدٌ أَعْبُدُكَ (হে আল্লাহ! আপনি আকাশে একা আর আমি জমিনে একা তোমার ইবাদত করছি।) অবশেষে নিরুপায় হয়ে দেশত্যাগ করেন, প্রথমে ফোরাত নদীর পশ্চিম তীরে একটি মহল্লায় যান। অল্পকিছুদিন পর সেখান থেকে চলে যান 'হারান' অতঃপর 'ফিলিস্তিন' তারপর 'নাবলুস' এবং সেখান থেকে তাবলীগ করতে করতে মিশর গিয়ে পৌঁছেন। তাঁর সফরসঙ্গী ছিলেন স্ত্রী সারা ও ভাতিজা লূত। এখানে মিশরের বাদশা তার কন্যা হাজেরাকে তার সাথে বিবাহ দেন। তার গর্ভে হযরত ইসমাইল (আ.)-এর জন্ম হয়। স্ত্রী সারার তার প্রতি ঈর্ষা হয়। তাই তিনি হাজেরা ও ইসমাইলকে সাথে নিয়ে বর্তমান যেখানে কা'বা শরীফ অবস্থিত সেখানে চলে যান। এখানে একটি বড় বৃক্ষের নিচে জমজম কূপ যেখানে অবস্থিত তার উপরি অংশে তাদেরকে রেখে তিনি ফিলিস্তিন চলে যান। অবশ্য বরাবরই তিনি স্ত্রী হাজেরা ও পুত্র ইসমাইলকে দেখতে মক্কায় আসতেন। ইতোমধ্যেই আল্লাহ তা'আলা কা'বাগৃহ নির্মাণের নির্দেশ দিলেন। তিনি হযরত ইসমাইল (আ.) -এর সাথে পরামর্শক্রমে পিতা-পুত্র উভয়ে মিলে কা'বাগৃহ নির্মাণ করেন। যখন হযরত ইবরাহীম (আ.)-এর বয়স ৭০ বছর তখন তাকে খতনার নির্দেশ প্রদান করা হয়। তিনি তা পালন করেন। তার বয়স যখন ১০০ বছর তখন সারার গর্ভে হযরত ইসহাকের জন্ম হয়। ১৭৫ বছর বয়সে তার মৃত্যু হয়। এবং মদিনাতুল খলীলে তাকে সমাহিত করা হয়। তাঁর পয়গাম্বরসুলভ চরিত্রের কথা কুরআনের বহু স্থানে বর্ণিত হয়েছে। সম্মানিত ও বিশিষ্ট নবীদের মধ্যে তিনিও অন্তর্ভুক্ত। ইহুদি, খ্রিস্টান ও মুসলিম সকলে তাকে পয়গাম্বর ও ইমাম হিসেবে মান্য করে।

بُشْرٰى : **সুসংবাদ**। এমন সংবাদ যা শ্রবণে ত্বকে আনন্দের ঝলক পরিলক্ষিত হয় তাকে بُشْرٰى বলা হয়।

سَلَامًا : **সালাম**। **ইসম** ও **মাসদার**। বাব سَمِعَ মূলবর্ণ (س ـ ل ـ م) ইমাম রাগেব লিখেছেন যে, سَلَامٌ ও سَلَامَةٌ অর্থ- প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে নিরাপদ থাকা।

مَا لَبِثَ : **সে অবস্থান করেনি**। (এখানে অর্থ) অবিলম্বে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى منفى معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْثُ অর্থ- অবস্থান করা; বিলম্ব করা।

عِجْلٍ : **গো-বৎস; বাছুর; গরুর বাচ্চা**। আল্লামা মাতরাজি লিখেছেন যে, জন্ম থেকে এক মাস পর্যন্ত গো-বৎসকে عِجْلٌ বলা হয়। ইমাম রাগেব ইস্পাহানি লিখেছেন عِجْل বাচ্চা গরুকে বলা হয়। এর স্ত্রীলিঙ্গ عِجْلَةٌ এবং বহুবচন عُجُولٌ ইমাম আবূ মানসূর ছা'আলিবী লিখেছেন বয়স হিসেবে গরুর জন্য তিনটি শব্দ ব্যবহৃত হয়। বাচ্চার জন্য عِجْل যুবকের জন্য شَبُوْبٌ এবং কম বয়স ও বয়স্কের জন্য فَارِضٌ।

حَنِيْذٍ : **কাবাবকৃত**। সিফাতে মুশাব্বাহ। فَعِيْلٌ-এর ওজনে مفعول অর্থে। বাব ضَرَبَ মাসদার اَلْحَنْذُ অর্থ- কাবাব করা; ভুনা করা।

আয়াত : ৭০

رَأٰى : **সে দেখেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

لَا تَصِلُ : **সে পৌঁছেনা**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع منفى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْلُ মূলবর্ণ (و ـ ص ـ ل) অর্থ- পৌঁছা।

نَكِرَهُمْ : **তিনি তাদেরকে অবাঞ্ছিত মনে করলেন; অদ্ভুত ভাবতে লাগলেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার نَكْرًا অর্থ– অপছন্দ মনে করা; অবাঞ্ছিত মনে করা।

اَوْجَسَ : **অনুভব করেছে। অন্তরে কোনো কিছু সঞ্চার হওয়া।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ج ـ س) মাসদার اَلْاِيْجَاسُ অর্থ– অন্তরে অনুভব করা।

خِيفَةً : **ভীতি; আশঙ্কা** বাব سَمِعَ -এর মাসদার। মূলবর্ণ (خ ـ و ـ ف) জিনস اجوف واوى

لَا تَخَفْ : **তুমি ভয় কর না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা; ভয় পাওয়া।

اُرْسِلْنَا : **আমরা প্রেরিত হয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

لُوطٍ : **প্রখ্যাত নবী হযরত লূত (আ.)।** হযরত ইবরাহীম (আ.)-এর ভ্রাতা হারানের পুত্র লূত পয়গাম্বর ছিলেন। মৃত সমুদ্রের উপকূলবর্তী বস্তিবাসীদের হেদায়েতের জন্য তাকে প্রেরণ করা হয়েছিল। সেখানকার লোকেরা ব্যাপকহারে সমকামিতা, রাহাজানি ও মাপে কম দেওয়ার ন্যায় জঘন্য কাজে লিপ্ত ছিল। তারা তাঁর উপর ঈমান আনেনি। তাই আল্লাহর আজাব তাদের উপর অবতীর্ণ হয়। আকাশ থেকে সুচালো কঙ্করের বৃষ্টি হতে থাকে। হযরত লূত (আ.) -এর স্ত্রী দূরাচারী ছিল। সেও নিহত হয়েছিল। এ শাস্তি হতে হকপন্থিদেরকে রক্ষা করা হয়েছিল।

আয়াত : ৭১

قَائِمَةٌ : **দণ্ডায়মান।** সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া।

ضَحِكَتْ : **সে হেসেছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ض ـ ح ـ ك) মাসদার اَلضَّحْكُ অর্থ– হাসা।

فَبَشَّرْنٰهَا : **অতঃপর আমি তাকে সুসংবাদ প্রদান করলাম।** فاء হরফে আতফ। بَشَّرْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف ها যমীর মাফউল। বাব تَفْعِيلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ প্রদান করা।

اِسْحَاقَ : **বিশিষ্ট নবী হযরত ইসহাক (আ.)।** বিবি সারার গর্ভে হযরত ইবরাহীম (আ.)-এর সন্তান ও আল্লাহর প্রেরিত সত্য নবী ছিলেন। আল্লাহর নৈকট্যশীল ফেরেশতারা তার জন্মের সুসংবাদ নিয়ে ঐ সময় এসেছিল যখন তিনি হযরত লূত (আ.)-এর কওমকে আজাবের সংবাদ দিতে যাচ্ছিলেন। তখন হযরত সারা (আ.) বৃদ্ধা ও বন্ধ্যায় পরিণত হয়ে গিয়েছিলেন। এদিকে হযরত ইবরাহীম (আ.) ও বৃদ্ধ হয়ে গিয়েছিলেন। পবিত্র কুরআনের সূরা হূদ, সূরা ইবরাহীম, ও সূরা আযযারিয়াতে ফেরেশতাদের আগমন ও তার সুসংবাদ প্রদানের ঘটনা বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে। সহীহ বুখারী বাব اَمْ كُنْتُمْ شُهَدَاءَ اِذْ حَضَرَ يَعْقُوبَ الْمَوْتُ -এ হযরত ইবনে ওমর (রা.) থেকে বর্ণিত মারফূ হাদীসে তাকে كَرِيْمُ ابْنُ الْكَرِيْمِ নামে অভিহিত করা হয়েছে। দুটি কারণ তথা عُجْمَةٌ ও عَلَمِيَّتْ হওয়ার কারণে শব্দটি غَيْرُ مُنْصَرِفْ

مِنْ وَّرَاءِ اِسْحٰقَ : **ইসহাকের পরবর্তী; পিছনে।** আল্লামা বায়যাবী (রা.) লিখেছেন وَرَاءٌ মূলত মাসদার যাকে ظرف হিসেবে ব্যবহার করা হয়। তার ইযাফত ফায়েলের দিকেও হয় আবার মুফউলের দিকেও হয়। প্রথম সুরতে উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু, অর্থাৎ এমন বস্তু যার আড়ালে কোনো কিছু হয়। এ কথা স্পষ্ট যে তখন তা আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। আর দ্বিতীয় সূরতে এর বিপরীত, অর্থাৎ লুক্কায়িত ব্যক্তি বা বস্তুটি আগে হবে এবং ঐ বস্তুটি হবে তার পিছনে। এ কারণেই وَرَاءٌ অর্থ আগে পিছনে উভয়ই হতে পারে। তবে কাযী বায়যাবী এ কথা বলেননি যে, وَرَاءٌ অর্থ ব্যতীত, ছাড়া, বিনে ইত্যাদি অর্থ কি করে হলো। সম্ভবত তা এভাবে যে, যা কোনো কিছুর ব্যতীত হয় তা হয়ত আগে হয় নতুবা পিছে হয়।

يَعْقُوبَ : **বিশিষ্ট নবী হযরত ইয়াকূব (আ.)।** ইবরাহীম (আ.)-এর পুত্র ইসহাক (আ.)-এর তিনি পুত্র ছিলেন। তিনি নবী ছিলেন। তার ইবরানি ভাষার নাম ইসরাইল। কেনানের বাসিন্দা এবং ইবরাহীমের শরিয়তের তিনি অনুসারী ছিলেন। তাঁর বংশে আল্লাহ তা'আলা অনেক বরকত দান করেছিলেন। সকল

ইহুদি, খ্রিস্টান ও ইসারইলীরা তারই বংশধর এবং সকল ইসরাইলি পয়গাম্বরগণ তার বংশেই জন্মগ্রহণ করেছিল। হযরত ইয়াকূবের পরবর্তী কোনো নবীর বংশে এত নবীর আগমন আর হয়নি।

আয়াত : ৭২

يٰوَيْلَتٰى : **কি আশ্চর্য! হায়! দুর্ভোগ**। وَيْلٌ শব্দের বিভিন্ন অর্থ রয়েছে। অনিষ্টতা ও মন্দকর্মে প্রবেশ করা। ব্যথিত করা। বিপদগ্রস্ত করা। ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। (এ সকল অর্থে এটি হবে মাসদার)। অনুশোচনা, কঠোরতা, ধমক ও ভর্ৎসনার শব্দ, শাস্তি; তীব্রতা; অনুশোচনা ও অনুতপ্তবোধক শব্দ।

ءَاَلِدُ : **আমি কি সন্তান জন্ম দিব?** أ প্রশ্নবোধক হামযাহ আশ্চর্যের অর্থের জন্য ব্যবহৃত হয়েছে। اَلِدُ সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوِلَادَةُ মূলবর্ণ (و ـ ل ـ د) অর্থ– সন্তান জন্ম দেওয়া।

عَجِيْبٌ : **আশ্চর্যজনক ও অদ্ভুত**। فَعِيْلٌ-এর ওজনে মুবালাগার সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْعَجَبُ অর্থ– আশ্চর্য করা। ইমাম রাগেব লিখেছেন, যে বস্তুর দৃষ্টান্ত পাওয়া যায়না তাকে عَجِيْبٌ বলা হয়।

আয়াত : ৭৩

اَتَعْجَبِيْنَ : **তুমি বিস্ময়বোধ করছ? শুরুর হামযাটি প্রশ্নবোধক**। تَعْجَبِيْنَ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ج ـ ب) মাসদার اَلْعَجَبُ অর্থ– আশ্চর্যবোধ করা; বিস্ময়বোধ করা।

حَمِيْدٌ : **প্রশংসিত**। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি, কারণ তিনিই প্রকৃত প্রশংসার অধিকারী। فَعِيْلٌ ওজনে সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ م ـ د) মাসদার اَلْحَمْدُ অর্থ– প্রশংসা করা।

مَجِيْدٌ : **সম্মানার্হ; বুযুর্গ**। সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। নাকেরা। বাব كَرُمَ মূলবর্ণ (م ـ ج ـ د) মাসদার اَلْمَجْدُ অর্থ– সম্মানার্হ হওয়া; বুযুর্গ হওয়া। মূলতঃ এর শাব্দিক অর্থ হলো– সুবিস্তৃতি; ব্যাপকতা; আধিক্য। বলা হয়–مَجُدَتِ الْاِبِلُ উট বিশাল সবুজ ভূমিতে পৌঁছে গেছে। পারিভাষিক অর্থ হলো সম্মানের ব্যাপকতা, মর্যাদার উচ্চতা। আল্লাহ হলেন বিস্তৃত অনুগ্রহ, কল্যাণ ও সকলের চেয়ে অধিক সম্মান-মর্যাদার অধিকারী। তাই তিনি হলেন مَجِيْد অন্যদিকে পবিত্র কুরআন হলো ইহকাল ও পরকালের সকল কল্যাণ ও মর্যাদার ধারক, তার বর্ণনাভঙ্গি ও রচনাশৈলী সকলের চেয়ে শ্রেষ্ঠ তাই তাকেও مَجِيْدٌ বলা হয়। (রাগের ও মু'জামুল কুরআন)

আয়াত : ৭৪

ذَهَبَ : **সে গিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلذَّهَابُ অর্থ– যাওয়া।

اَلرَّوْعُ : **ভয়; ভীতি**। এটি বাব نَصَرَ -এর মাসদার। মূলবর্ণ (ر ـ و ـ ع) ইসম হলে অর্থ হবে ভীত সন্ত্রস্ত হওয়া।

يُجَادِلُنَا : **সে আমাদের সাথে বাদানুবাদ করতে লাগল**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; نَا যমীরে মাফউল। বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বাদানুবাদ করা; বাক-বিতণ্ডা করা; ঝগড়া করা।

আয়াত : ৭৫

حَلِيْمٌ : **সহনশীল**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মাশাব্বাহ -এর সীগাহ। فَاعِلٌ অর্থে ব্যবহৃত। বাব كرم মূলবর্ণ (ح ـ ل ـ م) মাসদার اَلْحِلْمُ অর্থ– ধৈর্য ধারণ করা; সহনশীল হওয়া; ক্রোধ প্রশমিত করা।

اَوَّاهٌ : **কোমল হৃদয়**। فَعَّالٌ-এর ওজনে মোবালাগার সীগাহ। মূলবর্ণ (ا ـ و ـ ه) মাসদার اَوْهٌ অর্থ– কোমল হৃদয় হওয়া। اَوَّاهٌ দ্বারা পবিত্র কুরআনে কি উদ্দেশ্য সে ব্যাপারে পূর্ববর্তী ওলামায়ে কেরাম থেকে নিম্নোক্ত মতামত বর্ণিত আছে। ১. অধিক দোয়াকারী। ২. মুমিন। ৩. ফিক্‌হশাস্ত্রবিদ। ৪. কোমলহৃদয়। ৫ তওবাকারী মুমিন। ৬. আল্লাহপাকের তাসবীহ পাঠে রত ব্যক্তি। ৭. অধিক পরিমাণ আল্লাহর জিকিরকারী। ৮. অধিক কুরআন তেলাওয়াতকারী। ৯. আল্লাহর ভয়ে অধিক উহ্-আহ্‌কারী। ১০. আল্লাহর দরবারে অধিক নত হয় যে। ১১. কল্যাণের প্রশিক্ষক। ১২ অঙ্গীকার পূর্ণকারী। ১৩. যে গুনাহের কথা স্মরণ করে ইসতিগফারে লিপ্ত হয়। ১৪. দয়ালু। ১৫. যে কোনো মন্দ কাজ থেকে ফিরে আসে। আল্লামা শওকানী (র.) লিখেছেন যে, আভিধানিক

দৃষ্টিকোণ থেকে أَوَّاهٌ এর উপযোগী অর্থ হলো ঐ ব্যক্তি যে নিজের গুনাহের কারণে অধিক উহ্ আহ্ করে। যেমন বলে আহ্ আমার গুনাহ; আহ্! আমাকে এ জন্য কি শাস্তি দেওয়া হবে। ইবনে জারীর তাবারী (র.) বলেন, উপরিউক্ত মতামতগুলোর মধ্যে ঐ ব্যক্তির কথাই অধিক উত্তম যিনি এর অর্থ অধিক দোয়াকারী বলেছেন। এক হাদীসে রয়েছে, এক ব্যক্তি বলল, ইয়া রাসূলাল্লাহ! أَوَّاهٌ কে? রাসূল ﷺ বললেন, যে আল্লাহর দরবারে অধিক অনুনয় বিনয় করে এবং অধিক দোয়া করে। (হাদীসটি মুরসাল) অপর এক হাদীসে রয়েছে এক ব্যক্তি উচ্চৈস্বরে জিকির করছিল। এক ব্যক্তি বলল, লোকটি যদি তার আওয়াজ ছোট করত তাহলে ভালো হতো। একথা শুনে রাসূল ﷺ বললেন, তাকে জোরে জিকির করতে দাও, কারণ সে হলো أَوَّاهٌ

مُنِيْبٌ : **সতত আল্লাহ অভিমুখী; আল্লাহর দিকে প্রত্যাবর্তনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْإِنَابَةُ অর্থ– প্রত্যাবর্তন করা; খাঁটি তওবা করা।

আয়াত : ৭৬

أَعْرِضْ : **তুমি মুখ ফিরিয়ে নাও; তুমি বিরত থাক**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْإِعْرَاضُ মুখ ফিরিয়ে নেওয়া।

اٰتِيْهِمْ : **তাদের কাছে আসবে**। اٰتِيْ ইসমে ফায়েল, মুযাফ। هم যমীর মুযাফ ইলাইহি। বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْإِتْيَانُ অর্থ– আসা।

غَيْرُ مَرْدُوْدٍ : **অপ্রত্যাবর্তিত; অনিবার্য**। مَرْدُوْدٌ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– প্রত্যাবর্তন করা।

আয়াত : ৭৭

سِيْئَ : **সে বিষণ্ন হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق مجهول বাব نَصَرَ মাসদার اَلسَّوْءُ মূলবর্ণ (س ـ و ـ ء) অর্থ– মন্দ হওয়া; বিষণ্ন হওয়া।

ضَاقَ : **সে সঙ্কীর্ণ হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মাসদার اَلضِّيْقُ মূলবর্ণ (ض ـ ى ـ ق) অর্থ– সঙ্কীর্ণ হওয়া।

ضَاقَ بِهِمْ ذَرْعًا : **হাতের প্রশস্ততা বা শক্তি**। এখানে ذَرْعًا অর্থ হবে তাদের রক্ষায় অসমর্থ হলো। বাব فَتَحَ -এর মাসদার।

عَصِيْبٌ : **নিদারুন; কঠিন**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব ضَرَبَ মাসদার اَلْعَصْبُ মূলবর্ণ (ع ـ ص ـ ب) অর্থ– শক্ত করা; বাঁধা; বেষ্টন করা। ইমাম রাগেব (র.) বলেন, يَوْمٌ عَصِيْبٌ -এর অর্থ شَدِيْدٌ عَصِيْبٌ অর্থাৎ নিদারুন দিন।

আয়াত : ৭৮

يُهْرَعُوْنَ : **উদভ্রান্ত হয়ে; দ্রুত দৌড়ে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ر ـ ع) মাসদার اَلْإِهْرَاعُ অর্থ– দ্রুত দৌড়ানো।

أَطْهَرُ : **অধিক পবিত্র**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ ـ نَصَرَ মূলবর্ণ (ط ـ ه ـ ر) মাসদার اَلطَّهَارَةُ অর্থ– পবিত্র হওয়া।

اتَّقُوْا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْإِتِّقَاءُ অর্থ– আল্লাহ ভীতি অবলম্বন করা।

لَا تُخْزُوْنِ : **তোমরা আমাকে হেয় করো না; আমাকে অপদস্ত করোনা**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى معروف নূনে বেকায়া ইয়ায়ে মুতাকাল্লিম উহ্য মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ى) মাসদার اَلْإِخْزَاءُ অর্থ– হেয় করা; অপমানিত করা।

رَشِيْدٌ : **সৎলোক**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ش ـ د) মাসদার اَلرُّشْدُ অর্থ– সৎ ও উপযুক্ত হওয়া।

আয়াত : ৭৯

قَالُوْا : **তারা বলল**। সীগাহ جمع مذكر বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

عَلِمْتَ : **তুমি জেনেছো**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

نُرِيْدُ : **আমরা চাই; আমরা ইচ্ছা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

আয়াত : ৮০

أَوِيَ : আমি আশ্রয়গ্রহণ করব। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ا ـ و ـ ى) মাসদার اَلْاَوِيُّ অর্থ– আশ্রয় দেওয়া, স্থান দেওয়া, আশ্রয় চাওয়া, আশ্রয় নেওয়া।

رُكْنٍ : স্তম্ভ; খুঁটি। শব্দটি একবচন, বহুবচন– اَرْكَانٌ বস্তুর এমন দিক যেখানে আশ্রয় নেওয়া হয় তাকে رُكْنٌ বলা হয়। রূপকার্থে শক্তি। তবে এখানে رُكْنٌ দ্বারা উদ্দেশ্য হলো শক্তিশালী গোত্র বা দূর্গ।

আয়াত : ৮১

لَنْ يَّصِلُوْا : তারা কখনই পৌঁছতে পারবে না। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف منفى বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ص ـ ل) মাসদার اَلْوَصْلُ অর্থ– পৌঁছা।

فَاَسْرِ : সুতরাং তুমি রাতের বেলা বেরিয়ে পড়। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ى) অর্থ– নৈশ ভ্রমণ করা; রাতে চলা।

بِقِطْعٍ مِّنَ اللَّيْلِ : রাতের কোনো অংশে। قِطْعٌ অংশ; ভাগ। একবচন, বহুবচনে قِطَاعٌ- اَقْطَاعٌ- اَقْطُعٌ ; শেষ রাতের অন্ধকার অথবা শেষ রাতের অন্ধকারের একটি অংশ; টুকরা।

اَللَّيْلِ : রাত; রজনী। একবচন, বহুবচনে– لَيَالِيْ

لَا يَلْتَفِتْ : পিছন দিকে তাকাবে না; ফিরে তাকাবে না। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ف ـ ت) মাসদার اَلْاِلْتِفَاتُ অর্থ– দৃষ্টিদান করা; ফিরে দেখা; মনোযোগী হওয়া।

مُصِيْبُهَا : তারও তাই ঘটবে; তার কাছে তাই পৌঁছবে। مُصِيْبٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা।

مَا اَصَابَهُمْ : যা তাদের ঘটবে; যা তাদের কাছে পৌঁছবে। ما মাউসূলাহ। اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف ; هُمْ যমীর মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْاِصَابَةُ অর্থ– পৌঁছা।

مَوْعِدُهُمُ : তাদের প্রতিশ্রুতির সময়; নির্ধারিত কাল। مَوْعِدٌ যরফে জামান বা কালাধিকরণ। هُمْ যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ৮২

جَعَلْنَا : আমরা বানিয়েছি; আমরা করে দিয়েছি। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো।

عَالِيَهَا : তার উপরিভাগ। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلْعُلُوُّ অর্থ– উঁচু হওয়া।

سَافِلَهَا : তার নিম্নাংশ; নিম্নভূমি। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ، نَصَرَ و كَرُمَ মাসদার اَلسِّفْلُ، اَلسُّفُوْلُ و اَلسَّفَالَةُ মূলবর্ণ (س ـ ف ـ ل) অর্থ– নিচু হওয়া।

اَمْطَرْنَا : আমরা বর্ষণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ ط ـ ر) মাসদার اَلْاِمْطَارُ অর্থ– বর্ষণ করা। আবূ উবাইদা বলেন مَطَرٌ হলো রহমতের বৃষ্টি বর্ষণের জন্য আর اَمْطَارٌ হলো আজাব বর্ষণের জন্য।

حِجَارَةً : পাথর। বহুবচন, একবচন– حَجَرٌ

سِجِّيْلٍ : কঙ্কর; কঙ্ক্রীট। মূলত শব্দটি ফারসি যা আরবিকরণ করা হয়েছে।

مَّنْضُوْدٍ : পরতে পরতে ভাঁজকৃত। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ن ـ ض ـ د) মাসদার اَلنَّضْدُ অর্থ– পরতে পরতে ভাঁজ করা।

আয়াত : ৮৩

مُسَوَّمَةً : চিহ্নিত। সীগাহ واحد مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ و ـ م) মাসদার اَلتَّسْوِيْمُ অর্থ– চিহ্ন দেওয়া; চিহ্নিত করা।

আয়াত : ৮৪

مَدْيَنَ : মাদইয়ান। হযরত শুআইব (আ.) -এর জনপদের নাম।

شُعَيْبًا : হযরত শুআইব (আ.)। ইবরানি ভাষায় যাকে ইয়াছরুব বলা হতো। সম্ভবত শব্দটি شُعُبٌ বা اَشْعُبٌ

-এর تَصْغِيْر যার অর্থ প্রশস্ত বক্ষধারী। ইমাম রাগেব বলেন, শব্দটি হয়ত شَعْب مصدر -এর تَصْغِيْر যার অর্থ হলো সরবরাহ করা ও বিক্ষিপ্ত করা, অথবা এটি شَعْب اسم -এর تَصْغِيْر যার অর্থ বৃহৎ গোত্র। অথবা شَعْب -এর تَصْغِيْر যার অর্থ পাহাড়ের ঘাঁটি। সহীহ ইবনে হিব্বানে একটি মারফূ' হাদীসে রয়েছে, রাসূল ﷺ বলেছেন, চারজন পয়গাম্বর আরব থেকে ছিলেন– হূদ, সালেহ, শুআইব এবং আমাদের নবী হযরত মুহাম্মদ মোস্তফা ﷺ। হাফেয ইবনে হাজার আসকালানী (রা.) বলেন এ হাদীসের দৃষ্টিতে বুঝা যায় যে, তিনি عرب عاربة বাসিন্দা ছিলেন। একবার বনূ গুনযার একটি প্রতিনিধি হুযূরের কাছে এলে তিনি বললেন– مَرْحَبًا بِقَوْمِ شُعَيْبٍ وَ اُخْتَانِ مُوْسٰى এ হাদীস দ্বারা বুঝা গেল তিনি আরবের বনু গুনযার লোক এবং হযরত মূসা (আ.) -এর নিকট নিকটতম ছিলেন। তিনি যে সুন্দর বাচনভঙ্গিতে সম্প্রদায়ের লোকদেরকে দীনের দাওয়াত দিয়েছিলেন এর প্রতিটি শব্দে ভাষা ও সাহিত্যের অলঙ্কার এবং বাগ্মিতার পরিচয় ফুটে উঠে। এ কারণেই ওলামায়ে সালফে সালেহীন এমনকি হুযূর ﷺ ও তাকে خَطِيْبُ الْاَنْبِيَاءِ বলে অভিহিত করতেন। কুরআনের আয়াত وَاِنَّا لَنَرٰىكَ فِيْنَا ضَعِيْفًا এর তাফসীরে হযরত ইবনে আব্বাস (রা.) বলেছেন, তিনি অন্ধ ছিলেন। আরো কিছু কিছু বর্ণনা দ্বারা জানা যায় যে, আল্লাহর মহব্বতে ক্রন্দনের কারণেই দৃষ্টিশক্তি নিঃশেষ হয়ে গিয়েছিল। তাঁর আলোচনা পবিত্র কুরআনের বিভিন্ন স্থানে এসেছে।

لَا تَنْقُصُوْا : **তোমরা মাপে কম করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ص) মাসদার اَلنَّقْصُ অর্থ– কম করা; অসম্পূর্ণ করা।

اَلْمِيْزَانَ : **নিক্তি; দাঁড়িপাল্লা; ওজন; মাপ।** ইসমে আলাহ মুফরাদ। একবচন, বহুবচন مَوَازِيْنُ ; বাব ضَرَبَ মাসদার اَلزِّنَةُ মূলবর্ণ (و ـ ز ـ ن) অর্থ– মাপা; ওজন করা।

مُحِيْطٍ : **সর্বগ্রাসী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ ; জিনস اجوف واوى অর্থ– চতুর্দিক হতে ঘিরে রাখা; বেষ্টন করা।

আয়াত : ৮৫

اَوْفُوْا : **তোমরা মেপো; পরিমাপ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْفَاءُ মূলবর্ণ (و ـ ف ـ ى) জিনস لفيف مفروق অর্থ– পূরা করা; পুরাপুরি করে মাপা।

اَلْمِكْيَالَ : **পরিমাপযন্ত্র।** ইসমে আলাহ মুফরাদ। একবচন, বহুবচন مَكَائِيْلُ

لَا تَبْخَسُوْا : **তোমরা (প্রাপ্য) কম দিও না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ خ ـ س) মাসদার اَلْبَخْسُ অর্থ–হ্রাস করা; কম করা; অন্যায়ভাবে কোনো বস্তু হ্রাস করা।

لَا تَعْثَوْا : **তোমরা বিপর্যয় সৃষ্টি করো না।** সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ث ـ ى) মাসদার اَلْعَثْىُ ও اَلْعَثْىُ অর্থ– বিপর্যয় সৃষ্টি করা; ফ্যাসাদ করা।

مُفْسِدِيْنَ : **বিপর্যয় সৃষ্টিকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার اَلْاِفْسَادُ অর্থ– বিপর্যয় সৃষ্টি করা।

আয়াত : ৮৬

بَقِيَّةُ : **অবশিষ্ট বস্তু।** فَعِيْلَةٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ -এর সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) মাসদার اَلْبَقَاءُ অর্থ– অবশিষ্ট থাকা; বাকি থাকা।

حَفِيْظٍ : **তত্ত্বাবধায়ক; রক্ষাকারী।** فَعِيْلٌ -এর ওজনে, فَاعِلٌ অর্থে। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৮৭

সে তোমাকে নির্দেশ দেয়। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف ; كَ যমীরে মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (ا ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা।

نَتْرُكَ : **আমরা বর্জন করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা।

نَشَاءُ : **আমরা ইচ্ছা করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

إِلَيْهِ أُنِيبُ : **আমি তার অভিমুখী**। সীগাহ واحد متكلم বাব إِفْعَالٌ মূলবর্ণ (ن ـ و ـ ب) মাসদার اَلْإِنَابَةُ অর্থ– প্রত্যাবর্তন করা; অভিমুখী হওয়া।

আয়াত : ৮৯

لَا يَجْرِمَنَّكُمْ : **তোমাদের অপরাধ না করায়**। সীগাহ فعل نهى بانون ثقيلة বহছ واحد مذكر غائب كم ; যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْجُرْمُ অর্থ– অপরাধ করা। لَا يَجْرِمَنَّكُمْ-এর তরজমা শাইখুল হিন্দ (র.) করেছেন– لَا يَكْسِبَنَّكُمْ خِلَافِيْ (আমার বিরোধিতা করে অর্জন কর না।)

شِقَاقٍ : **বিরোধ; বিতণ্ডা**। মাসদার, বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ش ـ ق ـ ق) জিনস مُضَاعَفْ অর্থ– বিরোধিতা করা বাকবতণ্ডা করা; ঝগড়া করা।

يُّصِيْبَكُمْ : **তোমাদের উপর আপতিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; أَنْ দ্বারা মানসূব হয়েছে। كُمْ যমীরে মাফউল। বাব إِفْعَالٌ মূলবর্ণ (ص ـ و ـ ب) মাসদার اَلْإِصَابَةُ অর্থ– পৌঁছা।

আয়াত : ৯০

اِسْتَغْفِرُوْا : **তোমরা ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْإِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা।

تُوْبُوْا : **তোমরা প্রত্যাবর্তন কর; তোমরা তওবা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ। অর্থ– প্রত্যাবর্তন করা; তওবা করা।

رَحِيْمٌ : **পরম দয়ালু**। মুবালাগার সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। বহুবচন رُحَمَاءُ মহান আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। তবে আল্লাহর ব্যতীত অন্যদের জন্যও ব্যবহৃত হয়। যেমন রাসূল ﷺ কে رَؤُوْفٌ رَّحِيْمٌ বলা হয়েছে। ইবনে মুবারক (র.) বলেন, رَحْمَانٌ এমন সত্তা যার নিকট প্রার্থনা করা হলে তিনি দান করেন। আর رَحِيْمٌ এমন সত্তাকে বলা হয় যার নিকট না চাওয়া হলে তিনি ক্রুদ্ধ হন।

وَدُوْدٌ : **প্রেমময়**। মুবালাগার সীগাহ। মাসদার اَلْوُدُّ অর্থ– ভালবাসা; মহব্বত করা।

حَلِيْمٌ : **ধৈর্যশীল**। সীগাহ واحد مذكر বহছ مبالغة বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ ل ـ م) মাসদার اَلْحِلْمُ অর্থ– ধৈর্যধারণ করা। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

رَشِيْدٌ : **ভাল মানুষ; ধর্মপরায়ণ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه

আয়াত : ৮৮

أَرَءَيْتُمْ : **তোমরা ভেবে দেখেছ কি?** أ প্রশ্নবোধক رَأَيْتُمْ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; ভেবে দেখা; মনে করা।

كُنْتُ : **আমি হই**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف (فعل ناقص) বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া; সংঘটিত হওয়া।

رَزَقَنِيْ : **তিনি আমাকে রিজিক প্রদান করেছেন**। সীগাহ واحد مذكر غائب ; نون وقاية ইয়ায়ে মুতাকাল্লিম মাফউল। বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার الرزق মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ– জীবিকা প্রদান করা।

أُخَالِفَكُمْ : **আমি তোমাদের বিরোধিতা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف ; كُمْ যমীরে মাফউল। বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْمُخَالَفَةُ অর্থ– পরস্পর বিরোধিতা করা।

أَنْهَاكُمْ : **আমি তোমাদের নিষেধ করছি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف ; كُمْ যমীরে মাফউল। বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ– নিষেধ করা; বারণ করা।

اَلْإِصْلَاحَ : **সংশোধন; সংস্কার**। মাসদার, বাব إِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংস্কার করা; সংশোধন করা।

اِسْتَطَعْتُ : **আমি সক্ষম হই**; যথাসাধ্য। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব إِفْتِعَالٌ মাসদার اَلْإِسْتِطَاعَةُ মূলবর্ণ (ط ـ و ـ ع) অর্থ– সক্ষম হওয়া; সমর্থ হওয়া।

تَوْفِيْقِيْ : **আমার কার্যসাধন; আমার তাওফীক**। تَوْفِيْقٌ বাব تَفْعِيْلٌ-এর মাসদার মুযাফ। ى যমীরে মুযাফ ইলাইহি।

تَوَكَّلْتُ : **আমি নির্ভর করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– নির্ভর করা; ভরসা করা।

আয়াত : ৯১

مَا نَفْقَهُ : **আমরা বুঝি না**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف منفى বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ق ـ ه) মাসদার اَلْفِقْهُ অর্থ– বুঝা; অনুধাবন করা।

رَهْطُكَ : **তোমার স্বজনবর্গ**। একবচন, বহুবচন– اَرَاهِيْطُ، اَرَاهِطُ، اَرْهُطٌ তিন থেকে দশজন পুরুষের দলকে رَهْطٌ বলা হয়। এ শব্দের একবচন আসে না।

لَرَجَمْنَاكَ : **আমরা তোমাকে প্রস্তর নিক্ষেপ করে মেরে ফেলতাম**। ل তাকিদের জন্য। رَجَمْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف ; كَ যমীরে মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ م) মাসদার اَلرَّجْمُ অর্থ– প্রস্তরাঘাত করা।

আয়াত : ৯২

اَعَزُّ : **অধিক শক্তিশালী**। সীগাহ واحد বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ ز) মাসদার اَلْعِزُّ অর্থ– সম্মানিত হওয়া।

اتَّخَذْتُمُوْهُ : **তোমরা তাকে স্থির করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; করা। শব্দটি মূলত اِتَّخَذْتُمْ ছিল। যমীর মিলিত হওয়ার কারণে جمع -এর واو আনা হয়েছে।

ظِهْرِيًّا : **পশ্চাদবর্তী**। অর্থাৎ তোমরা তাকে সম্পূর্ণরূপে বিস্মৃত হয়েছ। (তাফসীরে মানার)

تَعْمَلُوْنَ : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা; করা।

مُحِيْطٌ : **বেষ্টনকারী**। فَعِيْلٌ -এর ওজনে মুশাব্বহ এর সীগাহ। فاعل অর্থে। বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ– বেষ্টন করা।

আয়াত : ৯৩

يَأْتِيْهِ : **তার উপর আসবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; ه যমীর মাফউল। যমীরের পূর্বে يا -এর প্রতি লক্ষ্য রেখে যমীরকে যের প্রদান করা হয়েছে। বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

يُخْزِيْهِ : **সে তাকে লাঞ্ছিত করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; ه যমীরে মাফউল। বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ي) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ– অপদস্থ ও লাঞ্ছিত করা।

كَاذِبٌ : **মিথ্যাবাদী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা; অস্বীকার করা।

اِرْتَقِبُوْا : **তোমরা প্রতীক্ষা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ق ـ ب) মাসদার اَلْاِرْتِقَابُ অর্থ– প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

رَقِيْبٌ : **প্রতীক্ষাকারী; তত্ত্বাবধায়ক**। فَعِيْلٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ এর সীগাহ فاعل অর্থে। বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ق ـ ب) অর্থ– দৃষ্টি রাখা; প্রতীক্ষা করা।

আয়াত : ৯৪

نَجَّيْنَا : **আমরা রক্ষা করেছি; মুক্তি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– রক্ষা করা; মুক্তি দেওয়া।

رَحْمَةٍ : **অনুগ্রহ; দয়া**। এটি মাসদার, বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

اَخَذَتِ : **সে ধরেছে; আঘাত করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف فعل বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা। এখানে অর্থ আঘাত করা।

ظَلَمُوْا : **তারা সীমালঙ্ঘন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– সীমালঙ্ঘন করা; জুলুম করা।

اَلصَّيْحَةُ : **মহানাদ; প্রচণ্ড ধ্বনি**। মাসদার, বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ى ـ ح) জিনস اجوف يائى অর্থ– বিকট শব্দ; চিৎকার; বজ্রধ্বনি। শাস্তিকেও صَيْحَةٌ বলা হয়।

اَصْبَحُوْا : **তারা হয়েছে; তারা সকাল করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– সকাল করা; হওয়া।

جُثِمِيْنَ : **নতজানুগণ; উপুড় হয়ে পতিতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْجُثُوْمُ মূলবর্ণ (ج ـ ث ـ م) অর্থ– নতজানু হয়ে পতিত হওয়া; উপুড় হয়ে পড়ে থাকা।

আয়াত : ৯৫

لَمْ يَغْنَوْا : **তারা বসবাস করেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى বাব سَمِعَ মাসদার اَلْمَغْنِىُّ ও اَلْغَنِىُّ মূলবর্ণ (غ ـ ن ـ ى) অর্থ– বসবাস করা; অবস্থান করা।

بُعْدًا : **ধ্বংস; দূরবর্তী; অভিশাপ**। قَرِيْبٌ-এর বিপরীত।

بَعِدَتْ : **সে দূর হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ع ـ د) মাসদার اَلْبُعْدُ অর্থ– দূর হওয়া।

আয়াত : ৯৬

اَرْسَلْنَا : **আমরা প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

سُلْطٰنٍ : **শক্তি; ক্ষমতা; দাপট; সনদ; দলিল; রাজ্য**। তাজুল উরূস গ্রন্থে উল্লেখ রয়েছে যে, سُلْطَانٌ অর্থ দলিল, প্রমাণ ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনে বর্ণিত হয়েছে– لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطَانٍ (সনদ ব্যতীত তোমরা বের হতে পারবে না।) মুহাম্মদ ইবনে ইয়াযিদ বলেছেন, سُلْطَانٌ শব্দটি নির্গত হয়েছে سَلِطٌ থেকে। যার অর্থ যয়তুন তেল। কারণ তা দ্বারা বাতি জ্বালিয়ে আলোকিত করা হয়। সুতরাং দলিলও এমন হওয়া আবশ্যক যা স্পষ্ট হবে। হযরত ইবনে আব্বাস (র.) বলেন, পবিত্র কুরআনের যত স্থানে سُلْطَانٌ এসেছে তার অর্থ দলিল, প্রমাণ ও সনদ।

مُّبِيْنٍ : **সুস্পষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– স্পষ্ট করা; বর্ণনা করা।

আয়াত : ৯৭

مَلَائِهٖ : **গাত্রপ্রধানগণ**। এটি اسم جمع ; অর্থ– গোত্রের নেতাদের জামাত।

اِتَّبَعُوْا : **তোমরা অনুসরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুকরণ করা।

يَقْدُمُ : **সে অগ্রভাগে থাকবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقُدُوْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– সামনে আসা; নেতৃত্ব দেওয়া।

আয়াত : ৯৮

فَاَوْرَدَهُمْ : **তাদেরকে নিয়ে প্রবেশ করবে**। فاء হরফে আতফ। اَوْرَدَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف ; هُمْ যমীরে মাফউল। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْرَادُ মূলবর্ণ (و ـ ر ـ د) (মূল অর্থ) ঘাটে আনা। কিন্তু পরবর্তীতে এর ব্যবহার সাধারণ উপস্থিত করা এবং আনা।

بِئْسَ : (فعل ذم) **নিকৃষ্ট**। সীগাহ واحد مذكر غائب এর অন্য কোনো সীগাহ আসে না। শব্দটি মূলত بَئِسَ ছিল। سَمِعَ থেকে। عَيْن কালিমার অনুসরণে তার فاء কালেমাকে কাছরা দেওয়া হয়েছে। অতঃপর সহজকরণের জন্য عَيْن কালেমাকে সাকিন করা হয়েছে। এভাবে بِئْسَ হয়ে গেছে।

اَلْوِرْدُ : **ঘাট; ঘাটের পানি; অবতরণস্থল**। এখানে শেষ অর্থ উদ্দেশ্য।

اَلْمَوْرُوْدُ : **অবতরণস্থল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ر ـ د) মাসদার اَلْوِرْدُ ও اَلْوُرُوْدُ অর্থ– আসা; পানিতে আসা।

اُتْبِعُوْا : **তাদের পিছনে লাগিয়ে দেওয়া হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتْبَاعُ অর্থ– অনুসরণ করা; পিছনে লাগা।

আয়াত : ৯৯

اَلرِّفْدُ : **পুরস্কার**। একবচন, বহুবচন– رُفُوْدٌ ও اِرْفَادٌ

اَلْمَرْفُوْدُ : **পুরস্কৃত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ف ـ د) মাসদার اَلرِّفْدُ অর্থ– পুরস্কার দেওয়া।

আয়াত : ১০০

اَنْبَاءِ : **সংবাদসমূহ**। বহুবচন, একবচন– نَبَأٌ

اَلْقُرٰى : **জনপদসমূহ**। বহুবচন, একবচন– قَرْيَةٌ অর্থ– গ্রাম; জনপদ।

نَقُصُّهٗ : **আমরা এটা বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف ; ه যমীরে মাফউল। বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ص ـ ص) মাসদার اَلْقَصَصُ অর্থ– বর্ণনা করা।

قَائِمٌ : **বিদ্যমান; দণ্ডায়মান**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দণ্ডায়মান হওয়া; দাড়ানো।

حَصِيْدٌ : **নির্মূল। ধ্বংসপ্রাপ্ত; কর্তিত**। সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ص ـ د) মাসদার اَلْحَصَدُ অর্থ– ফসল কাটা।

আয়াত : ১০১

مَا ظَلَمْنٰهُمْ : **আমি তাদের প্রতি জুলুম করিনি**। সীগাহ جمع متكلم বহছ ماضى منفى معروف ; هم যমীর মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

مَا اَغْنَتْ : **তাদের কোনো কাজে আসেনি**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى منفى বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغْنَاءُ মূলবর্ণ (غ ـ ن ـ ى) অর্থ– কাজে আসা; উপকারে আসা।

يَدْعُوْنَ : **তারা ডাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– আহ্বান করা; ডাকা।

مَا زَادُوْهُمْ : **তাদের কিছু বৃদ্ধি করল না**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف منفى ; هُمْ যমীরে মাফউল। বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা।

تَتْبِيْبٍ : **ধ্বংস। বাব تَفْعِيْل**-এর মাসদার।

আয়াত : ১০২

اَخَذَ : **সে শাস্তি দিয়েছে;** সে ধরেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (ا ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– শাস্তি দেওয়া; ধরা।

ظَالِمَةٌ : **জুলুমকারী**। সীগাহ اسم فاعل বহছ واحد مؤنث বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ ; অর্থ– জুলুম করা; অত্যাচার করা; অবিচার করা।

خَافَ : **সে ভয় করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ– ভয় করা।

আয়াত : ১০৩

يَوْمٌ مَّجْمُوْعٌ : **সমবেত হওয়ার দিন**। مجموع সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মাসদার اَلْجَمْعُ মূলবর্ণ (ج ـ م ـ ع) অর্থ– সমবেত হওয়া; জমা হওয়া।

مَشْهُوْدٌ। يَوْمٌ مَّشْهُوْدٌ : **উপস্থিত হওয়ার দিন**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– উপস্থিত হওয়া; সাক্ষ্য দেওয়া।

আয়াত : ১০৪

نُؤَخِّرُ : **আমরা স্থগিত রাখি; বিলম্বিত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার التاخير মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– বিলম্বিত করা।

اَجَلٍ : **নির্দিষ্ট কিছু কাল; নির্দিষ্ট সময়**। বহুবচন– اٰجَالٌ মৃত্যুকেও اَجَلٌ বলা হয় কারণ তাও সুনির্দিষ্ট।

مَّعْدُوْدٍ : **গণনাকৃত; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ অর্থ– গণনা করা।

আয়াত : ১০৫

يَاْتِ : **সে আসবে। (সেদিন আসবে)** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। এখানে সহজকরণার্থে يَاْتِ-এর শেষে ى হজফ করা হয়েছে।

لَا تَكَلَّمُ : **সে কথা বলবে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع منفى বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ك ـ ل ـ م) মাসদার اَلتَّكَلُّمُ অর্থ– কথা বলা। মূলত تَتَكَلَّمُ ছিল। নিয়মানুযায়ী একটি ت বিলুপ্ত হয়ে গেছে।

شَقِيٌّ : **হতভাগ্য**। فَعِيْل-এর ওজনে সিফাতে মুশাব্বাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ق ـ و) মাসদার اَلشَّقَاوَةُ অর্থ– হতভাগ্য হওয়া।

سَعِيْدٌ : **সৌভাগ্যবান**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মুশাব্বাহ। বাব سَمِعَ মূলবর্ণ (س ـ ع ـ د) মাসদার اَلسَّعَادَةُ অর্থ– সৌভাগ্যবান হওয়া।

আয়াত : ১০৬

شَقُوْا : **তারা হতভাগ্য হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মাসদার اَلشَّقَاوَةُ মূলবর্ণ (ش ـ ق ـ و) অর্থ– হতভাগ্য হওয়া।

زَفِيْرٌ : **চিৎকার। বাব حَسِبَ**-এর মাসদার। মূলবর্ণ (ز ـ ف ـ ر) আল্লামা খাযেন বাগদাদী (র.) লিখেছেন যে, زَفِيْرٌ হলো শ্বাসপ্রশ্বাসের এত তীব্রতা যার ফলে

পাঁজর স্ফীত হয়ে যায়। আর شَهِيْق হলো সিনার দিকে শ্বাস ফিরিয়ে দেওয়া। অথবা زَفِيْر হলো শ্বাস টেনে তা বুক থেকে বের করা। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (র.) বলেন, زَفِيْر হলো সজোরে চিৎকার, আর شَهِيْق হলো নিচু আওয়াজ। যাহহাক ও মুকাতিল বলেন, زَفِيْر হলো গাধার প্রথম আওয়াজ আর شَهِيْق হলো তার শেষাংশ যা সে সিনার দিকে ফিরাতে থাকে। আবুল আলিয়া বলেন, زَفِيْر কণ্ঠনালীর মধ্যে হয় আর شَهِيْق পেটের মধ্যে হয়।

আয়াত : ১০৭

خَالِدِيْنَ : **চিরস্থায়ীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ চিরকাল থাকা।

مَا دَامَتْ : **যতদিন বিদ্যমান থাকবে**। دَامَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (د ـ و ـ م) মাসদার اَلدَّوَامُ অর্থ- স্থির হওয়া; বিদ্যমান থাকা। فعل ناقص

فَعَّالٌ : **সম্পন্নকারী; সম্পাদনকারী**। মুবালাগার সীগাহ।

مَا يُرِيْدُ : **যা তিনি ইচ্ছা করেন**। ما موصولة ; يُرِيْدُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার الارادة অর্থ- ইচ্ছা করা।

আয়াত : ১০৮

سُعِدُوْا : **তাদেরকে সৌভাগ্য বানানো হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق مجهول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ع ـ د) মাসদার اَلسَّعَادَةُ অর্থ- সৌভাগ্যবান হওয়া।

مَا دَامَتْ : **যতদিন বিদ্যমান থাকবে**। دَامَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (د ـ و ـ م) মাসদার اَلدَّوَامُ অর্থ- স্থির হওয়া; বিদ্যমান থাকা। فعل ناقص

عَطَاءً : **দান; পুরস্কার; উপঢৌকন**। বহুবচন, اَعْطِيَةٌ ও اَعْطِيَاتٌ

مَجْذُوْذٍ : **কর্তিত; বিচ্ছিন্ন**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; غير مجذوذ অবিচ্ছিন্ন; নিরবচ্ছিন্ন। বাব نَصَرَ মাসদার اَلْجَذُّ অর্থ- টুকরা করা; ভাঙ্গা।

আয়াত : ১০৯

لَا تَكُ : **তুমি হয়ো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া; এটি فعل ناقص : শব্দটি মূলত تَكُوْنُ ছিল। لا نے نهى -এর কারণে واو হরফে ইল্লতকে হযফ করা হয়েছে। خلاف قياس কে نون হরফে ইল্লতের সদৃশ মেনে ব্যবহারের সহজের জন্য বিলুপ্ত করা হয়েছে। এভাবে تَكُ হয়েছে।

مِرْيَةٍ : **সংশয়; সন্দেহ**। এটি ইসমে মাসদার এবং رَيْبٌ থেকে খাস। সুতরাং যেই সন্দেহের কারণে দ্বিধা বা সিদ্ধান্তহীনতা সৃষ্টি হয়, তাকে مِرْيَةٌ বলে।

لَمُوَفُّوْهُمْ : **আমি তাদেরকে পুরোপুরি দেব**। لام তাকিদের জন্য। مُوَفُّوْ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মুযাফ; هُمْ যমীর মুযাফ ইলাইহি।

غَيْرَ مَنْقُوْصٍ : **কিছুমাত্র কম না করে**। مَنْقُوْصٌ সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব نَصَرَ মাসদার اَلنَّقْصُ মূলবর্ণ (ن ـ ق ـ ص) অর্থ- হ্রাস করা; কম করা।

আয়াত : ১১০

اٰتَيْنَا : **আমরা দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা।

فَاخْتُلِفَ : **অতঃপর তারা মতবিরোধ করেছে**। فاء হরফে আতফ তাকিদের জন্য। اُخْتُلِفَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ- মতবিরোধ করা; ইখতিলাফ করা।

سَبَقَتْ : **পূর্বসিদ্ধান্ত হওয়া। প্রথম থেকে স্থির হওয়া।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার اَلسَّبْقُ অর্থ- অগ্রগামী হওয়া; পূর্বে সিদ্ধান্ত হওয়া। سَبَقَتْ مِنْ رَّبِّكَ অর্থ হলো আল্লাহ তা'আলার পক্ষ থেকে পূর্বেই নির্ধারিত।

لَقُضِىَ : **অবশ্যই মীমাংসা করা হবে**। لام তাকিদ। قُضِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ ض ـ ى) মাসদার اَلْقَضَاءُ অর্থ- মীমাংসা করা; ফয়সালা করা।

مُرِيْبٍ : **বিভ্রান্তিকর; দ্বিধা সৃষ্টিকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلْاِرَابَةُ অর্থ- দ্বিধা সৃষ্টি করা।

আয়াত : ১১১

لَيُوَفِّيَنَّهُمْ : **অবশ্যই তাদেরকে পুরাপুরি দেওয়া হবে।** সীগাহ لام تاكيد با نون বহছ واحد مذكر غائب বাব تَفْعِيْل تاكيد ثقيلة در مستقبل معروف মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পুরোপুরি দেওয়া।

اَعْمَالَهُمْ : **তাদের কর্মফল**। বহুবচন, একবচন– عَمَلٌ আমল; কাজ; কর্ম।

يَعْمَلُوْنَ : **তারা কাজ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা।

خَبِيْرٌ : **সবিশেষ অবহিত। যিনি নিজ জ্ঞানে দৃঢ় বিশ্বাসী।** فَعِيْلٌ-এর ওজনে فاعل অর্থে সিফাতে মুশাব্বাহ। বাব نَصَرَ মাসদার اَلْخَبْرُ وَ اَلْخِبْرَةُ অর্থ– সম্যক অবহিত হওয়া; উত্তমরূপে জানা; অভিজ্ঞতা দ্বারা জানা। এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম। পবিত্র কুরআনে এ নামটি আল্লাহর নাম হিসেবেই ব্যবহৃত হয়েছে।

আয়াত : ১১২

فَاسْتَقِمْ : **তুমি স্থির থাক**। فَاءٌ হরফে আতফ। اِسْتَقِمْ সীগাহ امر حاضر معروف বহছ واحد مذكر حاضر বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সরল পথের উপর অটল-অবিচল থাকা।

اُمِرْتَ : **তোমাকে নির্দেশ প্রদান করা হয়েছে**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى مطلق مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা।

تَابَ : **সে তওবা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ و ـ ب) মাসদার اَلتَّوْبَةُ অর্থ– প্রত্যাবর্তন করা; তওবা করা; গুনাহ থেকে ফিরে আসা। এর সেলা اِلىٰ হলে অর্থ হবে আল্লাহর দিকে মনোনিবেশ করা। আর যদি সেলা হয় عَلىٰ তখন অর্থ হবে তওবা কবুল করা।

لَا تَطْغَوْا : **তোমরা সীমালঙ্ঘন করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف منفى বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ط ـ غ ـ ى) মাসদার اَلطُّغْيَانُ অর্থ– সীমালঙ্ঘন করা; বাড়াবাড়ি করা।

تَعْمَلُوْنَ : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা।

بَصِيْرٌ : **সম্যক দ্রষ্টা**। فَعِيْلٌ-এর ওজনে فاعل অর্থে। বাব كَرُمَ মূলবর্ণ (ب ـ ص ـ ر) মাসদার اَلْبَصَرُ অর্থ– দেখা।

আয়াত : ১১৩

لَا تَرْكَنُوْا : **তোমরা ঝুঁকে পড়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلرُّكُوْنُ মূলবর্ণ (ر ـ ك ـ ن) অর্থ– ঝুঁকা; আকৃষ্ট হওয়া।

فَتَمَسَّكُمْ : **তাহলে তোমাদেরকে স্পর্শ করবে**। فاء হরফে আতফ। تَمَسُّ সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع معروف ; كم যমীর মাফউল। বাব سَمِعَ মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া।

لَا تُنْصَرُوْنَ : **তোমাদেরকে সাহায্য করা হবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

আয়াত : ১১৪

اَقِمْ : **তুমি কায়েম কর;** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; কায়েম করা।

اَلصَّلٰوةَ : **সালাত; নামাজ; দোয়া; রহমত**। পবিত্র কুরআনে যেখানেই ইযাফতবিহীন এসেছে সেখানেই واو-এর সাথে লিখিত হয়েছে।

ইমাম রাগেব (র.) লিখেছেন অনেক, ভাষাবিদের অভিমত হলো صَلٰوةٌ শব্দের অর্থ দোয়া, বরকত, কল্যাণ কামনা করা ও সম্মানের সাথে স্মরণ করা। বলা হয়– صَلَّيْتُ عَلَيْهِ আমি তার জন্য দোয়া করেছি এবং সম্মানের সাথে স্মরণ করেছি। রাসূল ﷺ বলেছেন– اِذَا دُعِيَ اَحَدُكُمْ اِلىٰ طَعَامٍ فَلْيُجِبْ وَاِنْ كَانَ صَائِمًا فَلْيُصَلِّ তোমাকে কেউ খাবারের জন্য ডাকলে তার ডাকে সাড়া দেবে আর যদি তুমি রোজাদার হও তাহলে তার জন্য দোয়া করবে। وَصَلِّ عَلَيْهِمْ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ তাদের জন্য দোয়া কর, নিশ্চয় তোমার দোয়া তাদের জন্য প্রশান্তির কারণ। আল্লাহর পক্ষ থেকে মুসলমানদের জন্য صَلَاةٌ-এর উদ্দেশ্য হলো মূলত তাদেরকে উৎসাহ প্রদান করা। যেমন– اُولٰٓئِكَ عَلَيْهِمْ صَلَوٰتٌ مِّنْ رَّبِّهِمْ

وَرَحْمَةٌ এদের জন্যই শাবাশ! এবং অনুগ্রহ তাদের প্রতিপালকের পক্ষ থেকে। ফেরেশতাদের পক্ষ থেকে صلوة অর্থ হলো দোয়া এবং ক্ষমা প্রার্থনা করা। যেমন- إِنَّ اللّٰهَ وَمَلٰئِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ মূলত صَلٰوةٌ বা নামজের মূল বিষয় হলো দোয়া। তাই এ ইবাদতের নাম صَلٰوةٌ রাখা হয়েছে। নামাজ এমন একটি ইবাদত যা সকল শরিয়তেই প্রকারভেদে বিদ্যমান ছিল। যে কোনো ইবাদতের স্থানকে صَلٰوةٌ বলা হয়। যেমন لَهُدِّمَتْ صَوَامِعُ وَصَلَوَاتٌ- وَمَسٰجِدُ উল্লেখ্য যে যে স্থানে صَلٰوةٌ -এর প্রশংসা করেছেন এবং তার প্রতি উৎসাহিত করেছেন সেখানে اِقَامَتْ উল্লেখ করা হয়েছে। যেমন- وَالْمُقِيْمِيْنَ বলা اَلْمُصَلِّيْنَ অথচ اَلصَّلٰوةَ وَ اَقِيْمُوا الصَّلٰوةَ হয়েছে কেবল মুনাফিকদেরকে। যেমন- فَوَيْلٌ وَلَا يَاْتُوْنَ الصَّلٰوةَ اِلَّا وَهُمْ كُسَالٰى এবং لِّلْمُصَلِّيْنَ সুতরাং নামাজের জন্য اِقَامَتْ শব্দ ব্যবহারের কারণ হলো এ বিষয়ের প্রতি সতর্ক করা যে, নামাজ আদায়ের উদ্দেশ্য হলো নামাজকে যথাযথভাবে তার হক ও শর্তাবলিসহ উত্তমরূপে আদায় করা। তাই বলা হয়- اِنَّ الْمُصَلِّيْنَ كَثِيْرٌ وَ الْمُقِيْمِيْنَ قَلِيْلٌ

طَرَفَيِ : **দুই প্রান্তভাগ**। طَرَفٌ -এর দ্বিবচন। মূলতঃ طَرَفَيْنِ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

زُلَفًا : **প্রথমাংশ**। একবচন زُلْفَةٌ ; এটি ইসম এবং একবচন, দ্বিবচন, বহুবচন, পুং ও স্ত্রী হওয়ার ক্ষেত্রে সমান ব্যবহার হয়।

حَسَنَاتِ : **সৎকর্মসমূহ**। বহুবচন, একবচন হলো حَسَنَةٌ

اَلسَّيِّئَاتِ : **অসৎকর্ম**। বিপদ-আপদ; দুঃখ-কষ্ট; অকল্যাণ। বহুবচন, একবচন- سَيِّئَةٌ এটি حَسَنَةٌ -এর বিপরীত। যে নিয়ামত মানুষের আত্মা, দেহ বা অবস্থায় অর্জিত হয়ে তাতে আনন্দ দান করে, তাকে حَسَنَةٌ বলা হয়। উভয়টিই ইসমে জিন্স। যার মধ্যে অনেকগুলো প্রকার অন্তর্ভুক্ত রয়েছে। যেমন- وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ (যদি তাদের কল্যাণ লাভ হয় তখন তারা বলে, এটা আল্লাহর পক্ষ থেকে হয়েছে) এখানে حَسَنَةٌ দ্বারা ফসলের উৎকৃষ্টতা ও সফলতা উদ্দেশ্য। وَمَا اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ (তোমাদের কাছে যে সকল কল্যাণ পৌঁছে তা আল্লাহর পক্ষ থেকে) এখানে حَسَنَةٌ দ্বারা ছওয়াব উদ্দেশ্য। আর وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ (আর যদি পৌঁছে অকল্যাণ) এখানে سَيِّئَةٌ দ্বারা সঙ্কীর্ণতা ও অকৃতকার্যতা উদ্দেশ্য।

يُذْهِبْنَ : **তারা দূর করে দেয়; মিটিয়ে দেয়**। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার اَلْاِذْهَابُ অর্থ- দূর করা; সরিয়ে দেওয়া; দূর করে দেওয়া।

ذِكْرٰى : **উপদেশ**। বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- জিকির করা; স্মরণ করা; উপদেশ দেওয়া। ذِكْرٰى অধিক জিকিরের জন্য বলা হয় এবং এটি ذِكْرٌ থেকে অধিক অর্থবহ।

ذَاكِرِيْنَ : **স্মরণকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- স্মরণ করা।

আয়াত : ১১৫

اِصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা; নিজেকে শরিয়ত ও বিবেক অনুযায়ী বিরত রাখা।

لَا يُضِيْعُ : **তিনি নষ্ট করেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع منفي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضَاعَةُ মূলবর্ণ (ض ـ ى ـ ع) অর্থ- নষ্ট করা।

اَجْرَ : **শ্রমফল; পারিশ্রমিক**। একবচন, বহুবচন- اُجُوْرٌ

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- সৎকর্ম করা; অনুগ্রহ করা।

আয়াত : ১১৬

اَلْقُرُوْنِ : **জাতিসমূহ; এমন জাতিসমূহ যাদের প্রত্যেকের যুগ একে অপরের থেকে ভিন্ন**। শব্দটি বহুবচন, একবচন- قَرْنٌ

بَقِيَّةٍ : **অবশিষ্ট**। فَعِيْلَةٌ -এর ওজনে সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। বাব سَمِعَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) মাসদার بَقَاءٌ অর্থ- অবশিষ্ট থাকা।

يَنْهَوْنَ : **তারা নিষেধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ه ـ ى) মাসদার اَلنَّهْىُ অর্থ- নিষেধ করা; বিরত রাখা; বারণ

করা। শব্দটি মূলত يَنْهَيُوْنَ -এর ওজনে يَفْتَحُوْنَ ছিল। ياء -এর পূর্বের হরফে যবর, তাই ياء কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। এবার الف ও واو -এর মধ্যে اِجْتِمَاعُ سَاكِنَيْنِ -এর কারণে الف পড়ে গেছে। এভাবে يَنْهَوْنَ হয়ে গেছে।

اَنْجَيْنَا : **আমি রক্ষা করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى مطلق معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْجِيَةُ মূলবর্ণ (ن ـ ج ـ و) অর্থ– মুক্তি দেওয়া; রক্ষা করা।

اِتَّبَعَ : **অনুসরণ করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; আনুগত্য করা।

اُتْرِفُوْا : **তাদেরকে সুখ-স্বাচ্ছন্দ্য দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ ر ـ ف) মাসদার اَلْاِتْرَافُ অর্থ– সুখ-স্বাচ্ছন্দ্য করা।

كَانُوْا : **তারা ছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مطلق معروف ; فعل ناقص বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

مُجْرِمِيْنَ : **অপরাধীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ج ـ ر ـ م) মাসদার اَلْاِجْرَامُ অর্থ– অবাধ্যতা করা; অপরাধ করা।

আয়াত : ১১৭

يُهْلِكَ : **তিনি ধ্বংস করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা।

بِظُلْمٍ : **অন্যায়ভাবে**।(بالضم) ظُلْمٌ এটি ইসম যা মাসদারের স্থলাভিষিক্ত। ظُلْم -এর আসল অর্থ হলো অন্যের মালিকানায় অবৈধ হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেছেন, আল্লাহ থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কারণ এ বিশ্বচরাচর সম্পূর্ণটুকুর একক মালিকানা তারই। তাই তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক। ইমাম রাগেব লিখেছেন, আরবি ভাষাবিদগণ বলেন, ظُلْم বলা হয় কোনো বস্তুকে তার নির্ধারিত স্থান থেকে সরিয়ে ক্ষতিসহ বা বৃদ্ধি করে বা সময় পরিবর্তন করে বা স্থান পরিবর্তন করে অস্থানে রাখা। তাই আরবিতে বলা হয় ظَلَمْتُ السِّقَاءَ (আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি।) এ ধরনের ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। দার্শনিকগণ বলেছেন, ظُلْم তিন প্রকার। ১. যে জুলুম বান্দা আল্লাহর সাথে করে। এ সংক্রান্ত সবচেয়ে বড় জুলুম হলো কুফরি ও শিরক করা। আল্লাহ বলেন, اِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيْمٌ، اَلَا لَعْنَةُ اللّٰهِ عَلَى الظَّالِمِيْنَ ইত্যাদি। ২. যে জুলুম মানুষ অপর মানুষের সাথে করে। যেমন বলা হয়েছে, جَزَاءُ سَيِّئَةٍ سَيِّئَةٌ مِّثْلُهَا فَمَنْ عَفٰى وَاَصْلَحَ فَاَجْرُهٗ عَلَى اللّٰهِ اِنَّهٗ لَا يُحِبُّ الظَّالِمِيْنَ ৩. যে জুলুম মানুষ তার নিজের নফসের সাথে করে। যেমন আল্লাহ বলেন, فَمِنْهُمْ ظَالِمٌ لِّنَفْسِهٖ ، ظَلَمْتُ نَفْسِىْ ، اِذْ ظَلَمُوْا اَنْفُسَهُمْ، وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ইত্যাদি। বস্তুত এ তিন প্রকার জুলুমই নিজের নফসের উপর হয়ে থাকে।

مُصْلِحُوْنَ : **সৎকর্মশীলগণ; সংশোধনকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ– সংশোধন করা; সংস্কার করা।

আয়াত : ১১৮

لَا يَزَالُوْنَ : **তারা নিরবচ্ছিন্নভাবে করতে থাকবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع منفى معروف বাব نَصَرَ মাসদার اَلزَّوَالُ অর্থ– স্থানচ্যুত হওয়া।

مُخْتَلِفِيْنَ : **মতভেদকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْتِلَافُ অর্থ– মতভেদ করা; পৃথক পৃথক হওয়া।

আয়াত : ১১৯

رَحِمَ : **সে দয়া করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– অনুগ্রহ করা; দয়া করা।

تَمَّتْ : **পূর্ণ হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مطلق معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلتَّمَامُ অর্থ– পূর্ণ হওয়া।

لَاَمْلَئَنَّ : **অবশ্যই আমি পূর্ণ করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ل ـ أ) মাসদার اَلْمَلَأُ অর্থ– পূর্ণ করা; ভরে দেওয়া।

আয়াত : ১২০

نَقُصُّ : **আমি কাহিনী বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَصَصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ- ঘটনা বা বৃত্তান্ত বর্ণনা করা। قَصَّ -এর সিলাহ عَلٰى আসলে তার অর্থ হবে ঘটনা বর্ণনা করা। যেমন এ আয়াতে হয়েছে। নতুবা এর অর্থ হবে পদাঙ্ক অনুসরণ করা। আর কাহিনী বর্ণনাকারীও মূল কাহিনীর অনুসরণ করে থাকে।

اَنْبَاءِ : **সংবাদসমূহ**। বহুবচন, একবচন نَبَأٌ

نُثَبِّتُ : **আমরা দৃঢ় করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ث ـ ب ـ ت) মাসদার اَلتَّثْبِيْتُ অর্থ- প্রতিষ্ঠিত করা; দৃঢ় করা।

مَوْعِظَةٌ : **উপদেশ**। বাব ضَرَبَ -এর মাসদার। উপদেশ দেওয়া।

ذِكْرٰى : **উপদেশ**। **বাব** نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ- জিকির করা; স্মরণ করা; উপদেশ দেওয়া। ذِكْرٰى অধিক জিকিরের জন্য বলা হয় এবং এটি ذِكْرٌ থেকে অধিক অর্থবহ।

আয়াত : ১২১

قُلْ : **আপনি বলুন;** তুমি বল। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

لَا يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা।

اِعْمَلُوْا : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر বহছ امر حاضر معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- আমল করা।

عَامِلُوْنَ : **আমলকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ- আমল করা।

আয়াত : ১২২

مُنْتَظِرُوْنَ : **প্রতীক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْتِظَارُ অর্থ- প্রতীক্ষা করা; অপেক্ষা করা।

আয়াত : ১২৩

اُعْبُدْهُ : **তুমি তার ইবাদত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ- ইবাদত করা; বন্দেগী করা।

تَوَكَّلْ : **তুমি নির্ভর কর; ভরসা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ- নির্ভর করা; ভরসা করা।

رَبٌّ : **প্রতিপালক; মালিক; প্রভু**। মূলত এটি বাব نَصَرَ -এর মাসদার। অর্থ লালন পালন করা। পরবর্তীতে মুবালাগার জন্য عَدْلٌ -এর ন্যায় وَصْفٌ হিসেবে ব্যবহৃত হতে থাকে। কারো কারো মতে, এটি بِرٌّ-এর ন্যায় সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। تَرْبِيَةٌ-এর সংজ্ঞায় ইমাম রাগেব বলেন, هُوَ اِنْشَاءُ الشَّيْءِ حَالًا فَحَالًا اِلٰى حَدِّ التَّمَامِ কোনো বস্তুকে পর্যায়ক্রমে এক অবস্থা থেকে অপর অবস্থায় বিকাশ ঘটানো যাতে তা পূর্ণতায় পৌঁছে যায়। অনেক মুফাসসিরীনের মত হলো رب অর্থ নেতা। যেমন কুরআনে রয়েছে- اِرْجِعْ اِلٰى رَبِّكَ فَسْئَلْهُ مَا بَالُ النِّسْوَةِ الّٰتِىْ قَطَّعْنَ اَيْدِيَهُنَّ কারো কারো মত হলো رَبٌّ অর্থ- মালিক। অপর একদল ওলামায়ে কেরামের মত হলো رَبٌّ হলো বিশ্বজগতের নাম। যেমন- قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ الْعَالَمِيْنَ . قَالَ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا اِنْ كُنْتُمْ مُوْقِنِيْنَ ইমাম রাগেব লিখেছেন, رب শব্দটি যখন কোনো শর্ত ইত্যাদি ছাড়া ব্যবহৃত হয় তখন এটি আল্লাহ ছাড়া কারো জন্য ব্যবহার হয় না। যেমন- بَلْدَةٌ طَيِّبَةٌ وَّرَبٌّ غَفُوْرٌ ، وَلَا يَاْمُرُكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰٓئِكَةَ وَالنَّبِيِّيْنَ اَرْبَابًا আর যখন ইযাফতের সাথে ব্যবহৃত হয় তখন আল্লাহ এবং গায়রুল্লাহ সকলের জন্য ব্যবহৃত হয়। যেমন رَبُّ الْعَالَمِيْنَ، رَبُّكُمْ وَرَبُّ اٰبَائِكُمُ الْاَوَّلِيْنَ এবং رَبُّ الدَّارِ ইত্যাদি।

غَافِلٍ : **অনবহিত; গাফেল; অসতর্ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلُ অর্থ- অসচেতন হওয়া; অসতর্ক হওয়া।

تَعْمَلُوْنَ : **তোমরা আমল কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ- কাজ করা; আমল করা।

সূরা ইউসূফ : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১১, রুকূ' : ১২

আয়াত : ১

الٓر : **আলিফ, লাম, রা**। এগুলো হরূফে মুকাত্তাআতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি। এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের ব্যক্তিগত মতামত। ইমাম কুরতুবী খলীফা চতুষ্টয় ও ইবনে মাসউদ প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। (বিস্তারিত সূরা বাক্বারা, الٓمّٓ দ্রষ্টব্য)

اَلْمُبِيْنِ : **সুস্পষ্ট**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْعَال মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– বর্ণনা করা; ব্যাখ্যা করা।

আয়াত : ২

اَنْزَلْنَاهُ : **আমি তা অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اِنْزَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

قُرْاٰنًا : **কুরআন**। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। কুরআনের নামকরণের ব্যাপারে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। কারো মতে قرء থেকে قرآن শব্দ গঠন করা হয়েছে। যার অর্থ জমা করা; একত্র করা। কুরআন অন্যান্য সকল আসমনি কিতাবের সমষ্টি বরং ইমাম রাগেব তো আগে বেড়ে বলেছেন সকল ইলমের সমষ্টি। আবূ উবাইদা বলেন, সকল সূরার সমষ্টি। মোটকথা কুরআন নামকরণের কারণ সম্পর্কে জমা হওয়ার বিষয়টিকেই গুরুত্ব দিয়েছেন। প্রফেসর আব্দুর রউফ বলেছেন, নামকরণের এ কারণটি সঠিক নয়। কারণ কুরআন নামটি সর্বপ্রথম এসেছে সূরা মুজ্জাম্মিলে। যা অবতীর্ণ হওয়ার দিক থেকে তৃতীয় সূরা। তখন না সূরাসমূহের সমষ্টি ছিল না পর্ববর্তী কিতাবসমূহের সংক্ষিপ্তসার। বরং কুরআনকে কুরআন বলার কারণ শুধুমাত্র قراءة তথা পাঠ ও তেলাওয়াত। নামাজে, দীনি মাহফিলে, মাদরাসায় ও অনুষ্ঠান ইত্যাদিতে পাঠ করা হয় তাই কুরআনকে কুরআন বলা হয়। তাছাড়া اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ (মু'জামুল কুরআন) এখানেও স্পষ্ট যে কুরআন জমা করা ও কুরআন তেলাওয়াত দুটি ভিন্ন জিনিস। কুরআনের কিছু অংশ মক্কী ও কিছু অংশ মাদানী। ৪ হিজরি ১৭ রমজান পর্যন্ত অবতীর্ণ অংশকে মক্কী বলা হয়। তার পরবর্তী সময়ে অবতীর্ণ অংশকে মাদানী বলা হয়। কুরআনের আয়াত সংখ্যা ৬২৩৬ মোট শব্দ ৭৬৪৪০ মোট বর্ণসংখ্যা ৩২৩৬৭১টি। কুরআনে যেহেতু পূর্ণাঙ্গ জীবন বিধান এবং সম্পূর্ণ জীবনের পাঠ তাই তাতে জীবনের সকল প্রয়োজনাবলি সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে। কুরআনকে বলা হয়েছে تِبْيَانًا لِكُلِّ شَىْءٍ তাই মানবজীবনের সুস্পষ্ট দিক সামনে রেখে কুরআনের বিষয়বস্তু আট প্রকার পরিলক্ষিত হয়।

১. **আকাইদঃ** তথা একত্ববাদ, রিসালাত, মালাইকা, কিয়ামত ইত্যাদির উপর ঈমান আনা।
২. **দীনি বিধিবিধানঃ** যেমন নামাজ,রোজা, হজ, জাকাত ইত্যাদি বিষয়ের আলোচনা।
৩. **চারিত্রিক বিধিবিধানঃ** সত্যতা, ন্যায় বিচার, অনুগ্রহ, দয়া, দানশীলতা, কাউকে কষ্ট না দেওয়া ইত্যাদি।
৪. ইহকালীন ও পরকালীন প্রতিশ্রুতি, অঙ্গীকার, ভীতিপ্রদর্শন ইত্যাদি।
৫. কুরআনের মাধ্যমে চ্যালেঞ্জ গ্রহণ ও তর্ক-বিতর্ক ইত্যাদি।
৬. পূর্ববর্তী উম্মতের ঘটনাবলি থেকে শিক্ষাগ্রহণ।
৭. উপদেশ, আদেশ-নিষেধ, ভালোবাসা, প্রজ্ঞা, জাতির উন্নতি ও অগ্রগতির নিয়মাবলি।
৮. আইন প্রণয়ন। আইন প্রণয়নের চারটি অংশ রয়েছে।
ক. রাজনৈতিক ও প্রশাসনিক। যেমন শাসককে মান্য করা, প্রতিশ্রুতি, চুক্তি ইত্যাদি পূর্ণ করা।

খ. ফৌজদারী দণ্ডবিধি, হুদূদ ও কিসাস ইত্যাদি।

গ. সংস্কৃতি ও সামাজিকতার বিধিবিধান। যেমন সুদ, উত্তরাধিকার, অসিয়ত, ঋণ ইত্যাদির বিধান।

ঘ. যুদ্ধের নিয়ম কানুন। যুদ্ধের জন্য প্রস্তুতি, যুদ্ধাস্ত্র সরবরাহ, সামরিক গোপন তথ্য-উপাত্তসংরক্ষণ। সন্ধি ও সন্ধি রক্ষা, বন্দী বিনিময়, গুপ্তচরদের ব্যাপারে সতর্কতা, শত্রুদের সাথে লেনদেনের ব্যাপারের নিষেধাজ্ঞা ইত্যাদি।

لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ : **যেন তোমরা বুঝতে পার**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ق ـ ل) মাসদার اَلْعَقْلُ অর্থ– জ্ঞান রাখা; বুঝা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৬১ দ্রষ্টব্য)

আয়াত : ৩

نَقُصُّ : **আমি বর্ণনা করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ص ـ ص) মাসদার اَلْقَصَصُ অর্থ– বর্ণনা করা; কিসসা বলা।

اَحْسَنَ : **অতি উত্তম**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মাসদার اَلْحُسْنُ অর্থ– উত্তম হওয়া; সুন্দর হওয়া।

اَلْقَصَصِ : **কাহিনী; ঘটনা**। এটি বহুবচন, একবচন– قِصَّةٌ ; ইসমে মাসদার।

اَوْحَيْنَآ : **আমি ওহী প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

اَلْغٰفِلِيْنَ : **গাফিলগণ; অসচেতনগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْغَفْلَةُ অর্থ– অসচেতন হওয়া; গাফেল হওয়া।

আয়াত : ৪

يُوْسُفُ : **বিশিষ্ট নবী হযরত ইউসূফ** (আ.)। তিনি হযরত ইয়াকূব (আ.) -এর বারতম সন্তান ছিলেন, এবং একজন ব্যতীত সকলের ছোট ছিলেন। ভাইয়েরা মিলে তাকে কেনানের উপত্যকার একটি কূপে ফেলে দিয়েছিল। একটি কাফেলা সেখান দিয়ে যাওয়ার সময় কূপ থেকে তাকে তুলে নিয়ে মিশরের বাজারে বিক্রয় করে দিল। ক্রয় করলেন মিশরের বাদশা। তিনি এত সৌন্দর্যের অধিকারী ছিলেন যে, বাদশার স্ত্রী তার উপর আসক্ত হয়ে পড়েছিল। অপকর্মে লিপ্ত হওয়ার জন্য নানা ভাবে তাকে ফুসলিয়েছিল ও ভয়-ভীতি প্রদর্শন করেছে। কিন্তু নিষ্পাপ নবী তার নীতি ও অবস্থান থেকে একচুলও নড়েন নি। অবশেষে তাকে জেলে পাঠিয়ে দিল। দীর্ঘদিন যাবৎ জেলে থাকার পর সেখান থেকে মুক্তি পান। তার নিষ্পাপতা প্রকাশ পেল। পরবর্তীতে তাকে মিশরের প্রধানমন্ত্রী বানানো হয়েছিল। ঘটনার বিবরণ এ সূরায় বিবৃত রয়েছে।

اَبَتِ : **হে পিতা**। اَبٌ শব্দের উপর আহ্বানের সময় تاء বৃদ্ধি করা হয়।

رَاَيْتُ : **আমি দেখেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اَحَدَ عَشَرَ : **একাদশ**। **এগার**।

كَوْكَبًا : **নক্ষত্র**। বহুবচন كَوَاكِبُ ; تميز হওয়ার কারণে মানসূব হয়েছে। কোনো কোনো মুফাসসিরগণের মতে হযরত ইউসুফ (আ.) যোহরা তারকা স্বপ্নে দেখেছিলেন। এ কথা সঠিক নয়। কারণ كَوْكَبٌ হলো নাকেরা যার মধ্যে সকল তাকরাই আন্তর্ভুক্ত। সুতরাং অনির্দিষ্টকে নির্দিষ্ট করার কোনো সুযোগ নেই। তাছাড়া সহীহ হাদীসে এর কোনো প্রমাণও নেই।

رَاَيْتُهُمْ : **আমি তাদেরকে দেখেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ي) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

سٰجِدِيْنَ : **সেজদাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ(س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা।

আয়াত : ৫

بُنَيَّ : **হে আমার বৎস!** اِبْنٌ -এর তাসগীর। ياء متكلم -এর দিকে মুযাফ হয়েছে। ইযাফতের কারণে ي কে ي -এর মাঝে ইদগাম করা হয়েছে।

لَا تَقْصُصْ : **তুমি বর্ণনা করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ص ـ ص) মাসদার اَلْقَصَصُ অর্থ– ঘটনা বর্ণনা করা; কিসসা বলা।

اَلرُّؤْيَا : **স্বপ্ন**। শব্দটি কুরআনে واو বিহীন শুধুমাত্র أ দ্বারা লিপিবদ্ধ হয়েছে। যা فَتَحَ رَأَى يَرَأَى তথা এর মাসদার। অর্থ স্বপ্ন দেখা। আবার فعلى -এর ওজনে اسم ও হয়। অর্থ– স্বপ্ন। আল্লামা বায়যাবী লিখেছেন– رُؤْيَا শব্দটি اَلرُّؤْيَةُ -এরই ন্যায়। তবে رُؤْيَا টি স্বপ্নের জন্য নির্দিষ্ট। আল্লামা কুরতুবী লিখেছেন رُؤْيَا কখনও رُؤْيَةٌ অর্থেই ব্যবহৃত হয়। যেমন আল্লাহ তা'আলা বলেন وَمَا جَعَلْنَا الرُّؤْيَا الَّتِي أَرَيْنٰكَ إِلَّا فِتْنَةً لِلنَّاسِ (যে স্বপ্ন আমি তোমাকে দেখিয়েছি তা মানুষের পরীক্ষার জন্য) কিন্তু হারীরী বলেন এটা সঠিক নয়। বরং رُؤْيَا স্বপ্নের জন্য আর رؤية জাগ্রত অবস্থার জন্য নির্দিষ্ট। পক্ষান্তরে কবি মুতানাব্বী رُؤْيَا কে জাগ্রত অবস্থায় দেখার জন্য ব্যবহার করেছেন। যেমন وَرُؤْيَاكَ أَحْلٰى فِي الْعُيُوْنِ مِنَ الْغَمْضِ আবার হযরত ইবনে আব্বাস (র.) এ আয়াতের তাফসীরে লিখেছেন– وَهِيَ رُؤْيَا عَيْنٍ أُرِيَهَا رَسُوْلُ اللّٰهِ ﷺ . لَيْلَةً أُسْرِيَ بِهِ (এটা ছিল চোখের দেখা যা রাসূল ﷺ মি'রাজের রাত্রিতে দেখানো হয়েছিল)।

يَكِيْدُوْا : **তারা ষড়যন্ত্র করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার كَيْدٌ মূলবর্ণ (ك ـ ي ـ د) অর্থ– ষড়যন্ত্র করা; চক্রান্ত করা।

اَلشَّيْطَانَ : **শয়তান। অবাধ্য; দুষ্ট**। ইমাম তাবারী (র.) লিখেছেন আরবি ভাষায় যে কোনো অবাধ্যকে শয়তান বলা হয়, চাই সে মানুষ হোক বা জিন অথবা চতুষ্পদ জন্তু। যেমন আল্লাহর বাণী– وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْإِنْسِ وَالْجِنِّ (সকল নবীর জন্য আমি শত্রু নির্ধারণ করেছি দুষ্ট মানুষ ও জিন থেকে) হযরত ওমর (রা.) একটি তুর্কী ঘোড়ায় আরোহণ করলে ঘোড়াটি লাফাতে শুরু করে; তিনি ক্ষিপ্ত হয়ে তাকে প্রহার করতে থাকেন। অতঃপর বলেন তোমরা আমাকে একটি শয়তানের উপর আরোহণ করিয়েছ। শব্দটির اشتقاق সম্পর্কে মতবিরোধ রয়েছে। বাসরীগণের মতে এটি شطن থেকে مشتق হয়েছে। যার অর্থ দূরীভূত হওয়া। আর কূফাবাসী ইমামগণের মতে شَاطَ يَشِيْطُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ জ্বলা; ধ্বংস হওয়া। এর স্ত্রীলিঙ্গ شَيْطَانَةٌ এবং বহুবচন شَيَاطِيْنُ আসে। পরিভাষায় شَيْطَانٌ বলা হয় ইবলিসকে। اَلشَّيْطَانُ আলিফ লামসহ লিখলে এ অর্থই হয়।

আয়াত : ৬

يَجْتَبِيْكَ : **তিনি তোমাকে মনোনীত করবেন**। مضارع বহছ واحد مذكر غائب সীগাহ يَجْتَبِيْ বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ج ـ ب ـ ى) মাসদার معروف اَلْاِجْتِبَاءُ অর্থ– মনোনীত করা; নির্বাচিত করা।

يُعَلِّمُكَ : **তিনি তোমাকে শিক্ষা দিবেন**। يُعَلِّمُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْلِيْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– শিক্ষা দেওয়া। ك যমীর মাফউলে বিহী।

أَحَادِيْثِ : **স্বপ্ন বৃত্তান্ত**। حَدِيْثٌ-এর বহুবচন। এমন কথা যা মানুষ পর্যন্ত পৌঁছতে পারে, শ্রবণের মাধ্যমে হোক বা ওহীর মাধ্যমে; স্বপ্নের মাধ্যমে বা জাগ্রত অবস্থায় তাকে حَدِيْث বলা হয়।

يُتِمُّ : **তিনি পূর্ণ করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ت ـ م ـ م) মাসদার اَلْاِتْمَامُ অর্থ– পূর্ণ করা।

أَتَمَّ : **তিনি পূর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْمَامُ মূলবর্ণ (ت ـ م ـ م) জিনস مُضَاعَفٌ অর্থ– পূর্ণ করা।

عَلِيْمٌ : **সর্বজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; জ্ঞাত হওয়া।

حَكِيْمٌ : **প্রজ্ঞাময়**। সীগাহ واحد مذكر বহছ صِفَتٌ مشبه আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ৭

لِلسَّائِلِيْنَ : **জিজ্ঞাসুগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

আয়াত : ৮

أَحَبُّ : **অধিক প্রিয়**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْحُبُّ অর্থ– মহব্বত করা; ভালোবাসা।

عُصْبَةٌ : **সংহত দল**। এটা عُصْبٌ থেকে নির্গত। যার অর্থ জমা হওয়া ও বেষ্টন করা। আল্লামা যমখশারী (র.) লিখেছেন عُصْبَةٌ ও عِصَابَةٌ দশ ও দশের অধিক সংখ্যক, কারো কারো মতে চল্লিশজনের দলকে বলা হয়। তাদের এ নাম এজন্য হয়েছে যে, এত পরিমাণ ব্যক্তি সকল কাজেরই সামর্থ্য রাখে এবং প্রয়োজনকালে এদেরকে পর্যাপ্ত মনে করা হয়। (তাফসীরে কাশশাফ, খ. ১ পৃ. ৪৬) ইমাম ইবনে জারীর তাবারী (র.) লিখেছেন رَهْطٌ ও نَفَرٌ -এর ন্যায় এ শব্দেরও একবচন ব্যবহার হয় না। (তাফসীরে তাবারী, খ. ১২ পৃ. ৮৭) মিসবাহ গ্রন্থকারের মতে عُصْبَةٌ পুরুষদের দলকে বলা হয়। এর বহুবচন عُصَبٌ যেমন غُرْفَةٌ এর বহুবচন غُرَفٌ ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন–عُصْبَةٌ এমন দলকে বলা হয় যারা একে অপরের সাহায্যকারী হয়। যেমন–وَنَحْنُ عُصْبَةٌ (আমরা হলাম পূর্ণ দল) অর্থাৎ আমাদের কথা এক এবং আমরা একে অপরের সাহায্যকারী।

কতসংখ্যক লোকের দলকে عُصْبَةٌ বলা হয় আল্লামা আবু হাইয়ান উন্দুলুসী মুফাসসিরগণের একটি ফিরিস্তি তুলে ধরেছেন। নিম্নে তা প্রদত্ত হলো।

ইবনে আব্বাস : দশ থেকে অধিক। তারই অপর বর্ণনায় রয়েছে চল্লিশজন।

কাতাদাহ : দশ থেকে চল্লিশ পর্যন্ত।

মুজাহিদ : দশ থেকে পনের পর্যন্ত।

মুকাতিল : দশ

সাঈদ ইবনে জুবাইর : ছয় বা সাত জন।

ফাররা : দশ ও দশের অধিক।

ইবনে যায়েদ, যুজাজ ও ইবনে কুতাইবা : এক থেকে তিন পর্যন্ত হলো نَفَرٌ ; নয় পর্যন্ত رَهْطٌ এরও অধিক হলে তাকে عُصْبَةٌ বলা হবে। নয়ের কম হলে عُصْبَةٌ বলা হবে না। (বাহরুল মুহীত, খ. ৫ পৃ. ২৮৩)

ضَلَالٍ : **বিভ্রান্তি। পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া**। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَالٌ নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়–ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ– পানি এত পরাভূত (কম) হয়েছে যে দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না। সূরা ইউসূফের এ আয়াত–اِنَّ اَبَانَا لَفِىْ ضَلَالٍ مُّبِيْنٍ (আমাদের পিতা তাদের দুজনের মহব্বতে পরাভূত) ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন– ضَلَالٌ অর্থ সঠিক রাস্তা থেকে বিচ্যুত হওয়া। هِدَايَةٌ হলো এর বিপরীতার্থক শব্দ। যেমন – فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِىْ لِنَفْسِهٖ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا পথচ্যুত হওয়া যে কোনো ভাবেই হোক ইচ্ছাকৃত বা ভুলক্রমে কম বা অধিক সর্বাবস্থায়ই তাকে ضَلَالٌ বলা হবে। এ কারণেই পয়গাম্বর এবং কাফের উভয়ের জন্যই ضَلَالٌ শব্দের ব্যবহার হয়েছে। যদিও উভয়ের ضَلَالٌ-এর মাঝে অনেক ব্যবধান রয়েছে। যেমন রাসূল ﷺ সম্পর্কে বলা হয়েছে– وَوَجَدَكَ ضَالًّا فَهَدٰى، (অর্থাৎ যে নবুয়ত রাসূল ﷺ -এর প্রতি অবতীর্ণ হয়েছে সে সম্পর্কে তিনি পূর্বে জ্ঞাত ছিলেন না) হযরত ইয়াকূব (আ.) সম্পর্কে বলা হয়েছে– اِنَّكَ لَفِىْ ضَلَالِكَ الْقَدِيْمِ হযরত মূসা (আ.) নিজে বলেন–وَاَنَا مِنَ الضَّالِّيْنَ

আয়াত : ৯

اُقْتُلُوْا : **তোমরা হত্যা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ– হত্যা করা।

اِطْرَحُوْهُ : **তোমরা তাকে ফেলে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ط ـ ر ـ ح) মাসদার اَلطَّرْحُ অর্থ– ফেলে দেওয়া; ফেলে আসা; নিক্ষেপ করা।

اَرْضًا : **স্থানে**। একবচন। বহুবচন– اَرَاضِىْ، اَرْضُوْنَ অর্থ– ভূমি; বিশ্ব; পৃথিবী।

وَجْهُ : **দৃষ্টি/সত্তা**। একবচন, বহুবচন– وُجُوْهٌ অর্থ– মুখমণ্ডল; চেহারা; কখনও ذَاتٌ অর্থাৎ সত্তা অর্থে ব্যবহৃত হয়। এখানে আল্লাহর সত্তা উদ্দেশ্য।

يَخْلُ : **নিবিষ্ট হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ و) মাসদার خُلُوٌّ ও خَلَاءٌ অর্থ– নিবিষ্ট হওয়া; খালি হওয়া; একা হওয়া ।

صَالِحِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ص ـ ل ـ ح) মাসদার اَلصَّلَاحُ অর্থ– সৎকর্মপরায়ণ হওয়া; ভলো লোক হওয়া ।

আয়াত : ১০

قَائِلٌ : **বক্তা; যে বলে**। জনৈক ব্যক্তি। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা।

لَا تَقْتُلُوا : **তোমরা হত্যা করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَتْلُ মূলবর্ণ (ق ـ ت ـ ل) অর্থ- হত্যা করা।

اَلْقُوْهُ : **তোমরা তাকে ফেলে দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اِلْقَاءٌ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ- নিক্ষেপ করা; ফেলে দেওয়া। ه যমীর واحد مذكر غائب মাফউলে বিহী। اَلْقُوْ মূলত اَلْقِيُوْا ছিল। যের এর পরে ي -এর উপর পেশ পড়া কঠিন বিধায় قاف -এর হরকত ফেলে দিয়ে ي -এর হরকত قاف কে দেওয়া হয়েছে। এবার ي এবং واو তে দুই সাকিন একত্র হয়েছে। তাই নিয়মানুযায়ী ي পড়ে গেছে। এভাবে اَلْقُوْ হয়ে গেছে।

فِيْ غَيَابَةِ الْجُبِّ : **কূপের গভীরে**। غَيَابَةٌ মুযাফ اَلْجُبِّ মুযাফ ইলাইহি। غَيَابَةٌ অর্থ- গভীরতা; কূপের অন্ধকার। বলা হয়- وَقَعْنَا فِيْ غَيَابَةِ الْاَرْضِ আমরা ভূমির এমন গভীরে পৌঁছে গেলাম যে, উপরে সকল জিনিস অন্ধকার হয়ে গেল)। (মুনতাহাল আরব) اَلْجُبُّ অর্থ- কূপ।

يَلْتَقِطْهُ : **তাকে তুলে নিয়ে যাবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ط) মাসদার اَلْاِلْتِقَاطُ এ মাসদরের কয়েকটি অর্থ হয়। যেমন পতিত বস্তু কুড়িয়ে নেওয়া; দোষ-ত্রুটি অন্বেষণ করা; পাখি ঠোঁট দিয়ে শস্য সংগ্রহ করা; এমনিতেই কোনো কিছুর ব্যাপারে জ্ঞাত হওয়া। কোনো জিনিসের প্রতি অতৃপ্তি এসে যাওয়া। এখানে প্রথম অর্থ উদ্দেশ্য।

سَيَّارَةِ : **যাত্রীদল। কাফেলা**। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبة মূলবর্ণ (س ـ ي ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ- ভ্রমণ করা; সফর করা।

আয়াত : ১১

لَا تَأْمَنَّا : **তুমি আমাদেরকে বিশ্বাস কর না; আমাদের উপর ভরসা কর না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ভরসা করা; বিশ্বাস করা।

لَنَاصِحُوْنَ : **শুভাকাঙ্ক্ষী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ص ـ ح) মাসদার اَلنُّصْحُ অর্থ- উপদেশ দেওয়া; কোনো কিছু নিখুত তথা অবিমিশ্রিত হওয়া।

আয়াত : ১২

اَرْسِلْهُ : **তুমি তাকে প্রেরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা।

غَدًا : **আগামীকল্য। হালতে নসবে হয়েছে**। মূলত غدو ছিল। কোনো অক্ষর দ্বারা পরিবর্তন ছাড়াই واو কে বিলুপ্ত করা হয়েছে। তবে কবিতায় واو অবশিষ্ট অবস্থায় ব্যবহৃত হয়েছে। যেমন হস্তীবাহিনী কা'বাগৃহে আক্রমণ করার সময় আব্দুল মুত্তালিব যে কবিতা পাঠ করেছিল তন্মধ্যে এ পংক্তিটিও রয়েছে- وَمَحَالُهُمْ غُدْوًا مَحَالَكَ (মাজমাউল বিহার)

يَرْتَعْ : **সে তৃপ্তি সহকারে খাবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ت ـ ع) জিনসে সহীহ। মাসদার رَتْعٌ، رُتُوْعٌ، رِتَاعٌ অর্থ- তৃপ্তি সহকারে আহার করা। رَتْعَةٌ প্রশস্ততা; প্রাচুর্য। رَاتِعٌ বিচরণকারী, যে চরে বেড়ায়। مُرْتَعٌ চারণভূমি।

يَلْعَبْ : **সে খেলাধুলা করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার لَعْبٌ মূলবর্ণ (ل ـ ع ـ ب) অর্থ- খেলাধুলা করা। جواب امر এ হওয়ার কারণে جزم হয়েছে।

لَحَافِظُوْنَ : **রক্ষণাবেক্ষণকারী**। ل হরফে তাকীদ। حَافِظُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) মাসদার اَلْحِفْظُ অর্থ- সংরক্ষণ করা; হেফাজত করা।

আয়াত : ১৩

لَيَحْزُنُنِيْ : **এটা আমাকে অবশ্যই কষ্ট দিবে**। ل হরফে তাকীদ। يَحْزُنُ সীগাহ واحد مذكرغائب বহছ مضارع معروف ; نِيْ নূনে বেকায়া; ياء متكلم মাফউলে বিহী। বাব نَصَرَ মাসদার اَلْحُزْنُ মূলবর্ণ (ح ـ ز ـ ن) অর্থ- চিন্তায় ফেলা।

اَنْ تَذْهَبُوْا بِهٖ : **যে তোমরা তাকে নিয়ে যাবে**। ان মাসদারিয়্যাহ تَذْهَبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসাদর اَلذَّهَابُ অর্থ- যাওয়া।

اَخَافُ : **আমি আশঙ্কা করি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ و ـ ف) মাসদার اَلْخَوْفُ অর্থ- ভয় করা; আশঙ্কা করা।

আয়াত : ১৬

عِشَاءً : **রাত্রির প্রথম প্রহর**। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন মাগরিবের নামাজ থেকে শুরু করে ইশার নামাজের সময় পর্যন্ত সময়কে عِشَاءٌ বলা হয়। আবার ইশার নামাজকেও عِشَاءٌ বলা হয়। আল্লামা আহমদ ফাইয়ূমী মিসবাহুল মুনীর গ্রন্থে লিখেছেন এর অর্থ হলো সন্ধ্যাকালীন অন্ধকার। কামূস গ্রন্থকার এতদ্ভিন্ন আরো একটি অর্থ লিখেছেন যে, সূর্য হেলার পর থেকে সূর্যোদয় পর্যন্ত সময়কে عِشَاءٌ বলা হয়। আর ইশার নামাজের সময় হলো পশ্চিমাকাশের রক্তিম আভা অদৃশ্য হওয়ার পর থেকে সুবহে সাদিক পর্যন্ত।

يَبْكُوْنَ : **কাঁদতে কাঁদতে। ক্রন্দনরত অবস্থায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْبُكَاءُ মূলবর্ণ (ب ـ ك ـ ى) অর্থ– কাঁদা; ক্রন্দন করা।

আয়াত : ১৭

نَسْتَبِقُ : **আমরা দৌড়ের প্রতিযোগিতা করছিলাম**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س ـ ب ـ ق) বাব مضارع معروف মাসদার اَلْاِسْتِبَاقُ অর্থ– দৌড় প্রতিযোগিতা করা।

تَرَكْنَا : **আমরা রেখে গেলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّرْكُ মূলবর্ণ (ت ـ ر ـ ك) অর্থ– রেখে যাওয়া; ছেড়ে যাওয়া।

مَتَاعِنَا : **আমাদের মালপত্র**। مَتَاعٌ মুযাফ; نَا যমীর মুযাফ ইলাইহি।

ذِئْبٌ : **নেকড়ে বাঘ**। একবচন; বহুবচন– ذِئَابٌ – اَذْؤُبٌ ও ذُؤْبَانٌ ইত্যাদি।

مُؤْمِنٍ : **বিশ্বাস স্থাপনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمْنُ অর্থ– ঈমান আনা; বিশ্বাস স্থাপন করা।

صَادِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা; সত্যবাদী হওয়া।

আয়াত : ১৮

جَاءُوْا : **তারা আনল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ أ ـ ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আনা।

يَأْكُلَهُ : **তাকে খেয়ে ফেলবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– আহার করা; খাওয়া। ه যমীর মাফউলে বিহী। শুরুতে ان مصدرية এর কারণে মানসূব হয়েছে।

আয়াত : ১৪

اَكَلَهُ : **সে তাকে খেয়ে ফেলেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– খাওয়া; আহার করা। ه যমীর মাফউলে বিহী।

আয়াত : ১৫

ذَهَبُوْا بِهٖ : **তারা তাকে নিয়ে গেল**। ذَهَبُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ذ ـ ه ـ ب) মাসদার ذِهَابٌ অর্থ– যাওয়া। بَاء দ্বারা মুতা'আদ্দী হওয়ার কারণে অর্থ হবে নিয়ে যাওয়া।

اَجْمَعُوْا : **তারা একমত হলো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجْمَاعُ মূলবর্ণ (ج ـ م ـ ع) অর্থ– ঐকমত্য হওয়া।

غَيَابَةِ الْجُبِّ : **কূপের গভীরতা**। غَيَابَةُ الْوَادِىْ পাহাড়ি উপত্যকার গভীরতা; গর্তের গভীরতা। বলা হয়– وَقَعْنَا فِىْ غَيَابَةٍ আমরা ভূমির এমন গভীরে পৌছে গেছি যে, উপরের সকলকিছুই বিলুপ্ত হয়ে গেছে। –(মুনতাহাল আরব)

اَوْحَيْنَا : **আমি ওহী প্রেরণ করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ي) অর্থ– ওহী প্রেরণ করা।

لَتُنَبِّئَنَّهُمْ : **তুমি তাদেরকে সংবাদ দিবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف ; هُمْ যমীর মাফউল। বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সতর্ক করা; সংবাদ দেওয়া।

لَا يَشْعُرُوْنَ : **তারা অনুধাবন করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– উপলব্ধি করা; অনুধান করা; জানা; চেনা।

قَمِيْصِهٖ : **তার জামা**। قَمِيْصٌ মুযাফ, যমীর মুযাফ ইলাইহি। একবচন, বহুবচন– اَقْمِصَةٌ - قُمُصٌ - قُمْصَانٌ সুতী জামাকে قَمِيْص বলা হয়। উলের জামাকে قَمِيْص বলা হয় না। (কামূস) শব্দটি সাধারণত পুংলিঙ্গ তবে কখনও স্ত্রীলিঙ্গের জন্যও ব্যবহার হয়। قُمُوْص ও قَمِيْص এমন ঘোড়াকেও বলা হয় যার আরোহী নড়তে থাকে; জমে বসতে পারে না। বাবে اِفْعَالٌ، ضَرَبَ، نَصَرَ থেকে আসে। অর্থ– জামা পরিধান করা। বাবে تَفْعِيْل থেকে আসলে অর্থ হবে জামা পরিধান করানো। এক হাদীসে এসেছে– اِنَّ اللّٰهَ سَيُقَمِّصُكَ قَمِيْصًا আল্লাহ তোমাকে শীঘ্রই একটি জামা পরিধান করাবেন অর্থাৎ খেলাফত দিবেন। (মাজমাউল বিহার)

بِدَمٍ كَذِبٍ : **মিথ্যা রক্ত**। بـاء হরফে জার; دَمٌ মওসূফ; كَذِبٌ সিফাত। صفت و موصوف মিলে মাজরূর।

سَوَّلَتْ : **সে কাহিনী সাজিয়েছে**। সে কথা বানিয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س - و - ل) মাসদার اَلتَّسْوِيْلُ অর্থ– অন্তর যার প্রতি আসক্ত তা দ্বারা অন্তরকে সজ্জিত করা এবং মন্দ জিনিসকে উত্তমরূপে উপস্থাপন করা।

اَلْمُسْتَعَانُ : **সাহায্যস্থল**। যার নিকট সাহায্য প্রার্থনা করা হয়। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع - و - ن) মাসদার اَلْاِسْتِعَانَةُ অর্থ– সাহায্য প্রার্থনা করা।

تَصِفُوْنَ : **তোমরা বর্ণনা করছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মলবর্ণ (و - ص - ف) মাসদার اَلْوَصْفُ অর্থ– কোনো জিনিসকে তার বৈশিষ্ট্য ও গুণের সাথে বর্ণনা করা, সে গুণ সত্যও হতে পারে আবার মিথ্যাও হতে পারে। এখানে মিথ্যা গুণ উদ্দেশ্য।

আয়াত : ১৯

جَاءَتْ : **সে এসেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج - أ - ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা।

سَيَّارَةٌ : **যাত্রীদল। কাফেলা**। সীগাহ واحد مؤنث বহছ صفت مشبة মূলবর্ণ (س - ى - ر) মাসদার اَلسَّيْرُ অর্থ– ভ্রমণ করা; সফর করা।

اَرْسَلُوْا : **তারা প্রেরণ করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব افعال মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر - س - ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

وَارِدَهُمْ : **তাদের পানি সংগ্রাহক**। وَارِدٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْوُرُوْدُ মূলবর্ণ (و - ر - د) অর্থ– অবতরণ করা; প্রবেশ করা।

اَدْلٰى : **সে ঝুলিয়ে দিল; সে নামিয়ে দিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د - ل - و) মাসদার اَلْاِدْلَاءُ অর্থ– বালতি ঝুলানো; বালতি টানা।

دَلْوَهٗ : **তার বালতি**। دَلْوٌ মুযাফ; ه যমীর মুযাফ ইলাইহি।

يَا بُشْرٰى : **কী সুখবর! হায় সুখবর!** يا আহ্বাচনসুচক অব্যয়। بُشْرٰى : সুসংবাদ। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب - ش - ر) মাসদার بَشَارَةٌ অর্থ– খুশি হওয়া; আনন্দিত হওয়া। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য)

غُلٰمٌ : **কিশোর; বালক**। একবচন, বহুবচন– غِلْمَانٌ - غِلْمَةٌ ও اَغْلِمَةٌ

اَسَرُّوْهُ : **তারা তাকে লুকিয়ে রাখল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَسْرَارٌ মূলবর্ণ (س - ر - ر) অর্থ– গোপন রাখা; লুকিয়ে রাখা।

بِضَاعَةً : **পণ্য। পুঁজি; মূলধন**। بِضْعٌ থেকে নির্গত। গোশতের বড় টুকরা যা থেকে ছোট ছোট টুকরা করে কেটে বিচ্ছিন্ন করা হয় তাকে بِضْعٌ বলা হয়। এ হিসেবেই সম্পদের বৃহদাংশ যা ব্যবসায়ের জন্য রেখে দেওয়া হয় তাকে بِضَاعَةٌ বলা হয়।

يَعْمَلُوْنَ : **তারা (যা) করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع - م - ل) অর্থ– আমল করা; কাজ করা; করা।

আয়াত : ২০

شَرَوْهُ : **তারা তাকে বিক্রয় করে দিল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ش - ر - ى) মাসদার اَلشِّرَاءُ অর্থ– বিক্রয় করা; ক্রয় করা। বিপরীতার্থক শব্দ। তবে সাধারণত এর অর্থ নিছক ক্রয় হয়ে থাকে।

ثَمَنٍ : মূল্য। একবচন, বহুবচন– أَثْمَنَةٌ ও أَثْمَانٌ বিক্রেতা পণ্যের বিনিময়ে যা গ্রহণ করে তা নগদ মুদ্রা হোক বা কোনো দ্রব্য হোক তাকে ثَمَنٌ বলা হয়। তাছাড়া প্রত্যেক এমন বস্তু যা কোনো কিছুর বিনিময়ে অর্জিত হয় তাকে ঐ জিনিসের ثَمَنٌ বলা হয়।

بَخْسٍ : **স্বল্পমূল্যে। ত্রুটিপূর্ণ।** অন্যায়ভাবে কোনো বস্তুকে হ্রাস করে দেওয়াকে بَخْسٌ বলা হয়। এটি মাসদার যা اسم مفعول অর্থেও হতে পারে আবার اسم فاعل অর্থেও হতে পারে। প্রথমটি হিসেবে অর্থ হবে بَاخِسٌ তথা অসম্পূর্ণ; ত্রুটিপূর্ণ। আর দ্বিতীয়টি হিসেবে অর্থ হবে যা ইচ্ছাকৃত হ্রাস করা হয়েছে।

دَرَاهِمَ مَعْدُوْدَةٍ : **অল্প কিছু দিরহাম।** دَرَاهِمُ বহুবচন; একবচন– دِرْهَمٌ অর্থ– দিরহাম। কত দিরহাম দিয়ে হযরত ইউসূফ (আ.) কে ক্রয় করা হয়েছে সে সম্পর্কে কারো মত হলো ২০ অথবা ২২ দিরহাম।

زَاهِدِيْنَ : **নির্লোভ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ ও سَمِعَ – فَتَحَ মূলবর্ণ (ز . ه . د) মাসদার زُهْدٌ ও زَهَادَةٌ অর্থ– নির্মোহ হওয়া; অল্পে তুষ্ট হওয়া।

আয়াত : ২১

اِشْتَرَاهُ : **সে তাকে ক্রয় করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِرَاءُ মূলবর্ণ (ش . ر . ي) অর্থ– ক্রয় করা; বিক্রয় করা। (বিপরীতার্থক)

مِصْرَ : **মিসর।** যে কোনো শহর। মিসর দেশ। (যাহহাক) ইমাম বগভী বলেন, যদি নির্দিষ্ট শহর উদ্দেশ্য হতো তাহলে নাকেরা ব্যবহার হতো না। (মা'আলিম) ইমাম রাগেব বলেন যেহেতু শব্দটি তিন অক্ষরবিশিষ্ট এবং মধ্যের অক্ষর সাকিন তাই উচ্চারণে সহজ হওয়ার কারণে নির্দিষ্ট শহর হওয়া সত্ত্বেও নাকেরা ব্যবহার সঠিক হয়েছে। (মুফরাদাত) যে কোনো সীমানাবেষ্টিত শহরকে মিসর বলা হয়। مِصْرٌ শব্দের অর্থ সীমানা। জনৈক কবি বলেন–

وَجَاعِلُ الشَّمْسِ مِصْرًا لَاخِفَاءَ بِهِ
بَيْنَ النَّهَارِ وَبَيْنَ اللَّيْلِ قَدْ فَصَلَا

(রাত ও দিনের মাঝখানে আল্লাহ সূর্যকে স্পষ্ট সীমানা নির্ধারণকারী) مِصْر শব্দটি বাব نَصَرَ -এর মাসদারও হতে পারে। অর্থ হবে শহর বানানো। কম দেওয়া; শহর আবাদ করা। تَمَصَّرَ শহর আবাদ হয়ে যাওয়া। (তাজুল মাসাদির ও কামূস)

اَكْرِمِىْ : **তুমি সম্মান কর।** সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَامُ মূলবর্ণ (ك . ر . م) অর্থ– সম্মান প্রদর্শন করা।

مَثْوَاهُ : **তার বাসস্থান।** مَثْوًا মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। ظرف مكان একবচন; বহুবচন– مَثَاوِىْ অর্থ– দীর্ঘসময় অবস্থানের স্থান। اَبُو الْمَثْوٰى অতিথী; স্বগাতিক। اُمُّ الْمَثْوٰى মহিলা স্বাগতিক।

عَسٰى اَنْ يَّنْفَعَنَا : **সম্ভবত সে আমাদের উপকারে আসবে।** সীগাহ يَنْفَعَ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن . ف . ع) মাসদার اَلنَّفْعُ অর্থ– উপকারী হওয়া। نَا যমীর جمع متكلم মাফউলে বিহী।

لِنُعَلِّمَهُ : **তাকে শিক্ষা দেওয়ার জন্য।** শুরুতে ل তালীলের জন্য। نعلم সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع . ل . م) মাসদার تَعْلِيْم অর্থ– শিক্ষা দেওয়া। ه যমীর মাফঊলে বিহী।

مَكَّنَّا : **আমি প্রতিষ্ঠিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّمْكِيْنُ মূলবর্ণ (م . ك . ن) অর্থ– প্রতিষ্ঠিত করা।

تَاوِيْلِ : **ব্যাখ্যা করা।** বাব تَفْعِيْل -এর মাসদার। মূলবর্ণ (أ . و . ل) যার অর্থ কোনো বস্তু তার মূলের দিকে ফিরে যাওয়া; তা ইলম হোক বা কোনো কাজ। ইলমের উদাহরণ হলো وَمَا يَعْلَمُ تَاْوِيْلَهٗ اِلَّا اللّٰهُ আর কাজের উদাহরণ হলো هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ

اَحَادِيْثِ : **স্বপ্ন বৃত্তান্ত।** حَدِيْث -এর বহুবচন। এমন কথা যা মানুষ পর্যন্ত পৌঁছতে পারে, শ্রবণের মাধ্যমে হোক বা ওহীর মাধ্যমে; স্বপ্নের মাধ্যমে বা জাগ্রত অবস্থায় তাকে حَدِيْث বলা হয়।

غَالِبٌ : **অপ্রতিহত; বিজয়ী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (غ . ل . ب) মাসদার غَلَبَةٌ অর্থ– বিজয়ী হওয়া; অপ্রতিহত হওয়া।

আয়াত : ২২

لَمَّا بَلَغَ : **সে যখন উপনীত হলো।** بَلَغَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ

(ب ـ ل ـ غ) মাসদার بَلَاغٌ ও بُلُوْغٌ অর্থ- লক্ষ্যে পৌঁছা; বালেগ হওয়া।

اَشُدَّهٗ : **তার পূর্ণ যৌবনে**। اَشُدَّ মুযাফ, যমীর مضاف اليه ; اَشُدَّ শব্দের অর্থ হলো শক্তি, জ্ঞান ও বিবেক পূর্ণাঙ্গ হওয়া। শব্দটি একবচন না বহুবচন সে সম্পর্কে ভাষাবিদগণের বিভিন্ন মতামত রয়েছে। কারো কারো মতে এটি آنك -এর ন্যায় শব্দগত ও অর্থগতভাবে একবচন কিন্তু বহুবচনের ওজনে এসেছে। এ বৈশিষ্ট্যের সাথে এ দুটি শব্দের কোনো দৃষ্টান্ত নেই। কারো কারো মতে এটি شد -এর বহুবচন। যেমন- এর- شد -এর বহুবচন اَكْلُبٌ আবার কেউ كَلْبٌ -এর বহুবচন বলেছেন। যেমন ذِئْبٌ -এর বহুবচন اَذْؤُبٌ ; সিবাওয়াই বলেন এটি বহুবচন এর একবচন হলো شِدَّةٌ; যেমন نِعْمَةٌ -এর বহুবচন اَنْعُمٌ। যৌবনের এ পূর্ণাঙ্গতা কত বৎসর বয়সে হয় সে সম্পর্কেও মতবিরোধ রয়েছে। ইমাম আবূ হানীফা ও ইকরামা (র.) বলেন ২৫ বছর। কেউ বলেন বালেগ হওয়া থেকেই শুরু হয়। কেউ বলেন ১৮ কেউ বলেন ৩০ কেউ বলেন ৪০ আবার কারো মতে ৩৫ বছর থেকে এর সূচনা হয়। কামূস গ্রন্থকারের মতে এ সময়টা ১৮বছর থেকে ৩০ বছর পর্যন্ত বর্ণিত হয়েছে। কিন্তু আল্লামা যমখশারী এর শেষসীমা ষাট বছর বলেছেন।

اٰتَيْنٰهُ : **আমি তাকে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দেওয়া।

حُكْمًا : **প্রজ্ঞা; হিকমত**। যাবতীয় বিষয়বস্তুকে সঠিক জ্ঞান দ্বারা জানাকে হিকমত বলে।

نَجْزِىْ : **আমি প্রতিদান দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ي) অর্থ- প্রতিদান দেওয়া।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- সৎকর্ম করা; ফরযের চেয়ে অধিক আদায় করা; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টি করা।

আয়াত : ২৩

رَاوَدَتْهُ : **সেই মহিলা তার নিকট অসৎকর্ম কামনা করেছে; সেই মহিলা তাকে ফুসলিয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْمُرَاوَدَةُ অর্থ- এমন কাজের প্রতি একে অপরকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি তারা আগ্রহী নয়।

غَلَّقَتِ : **সে বন্ধ করে দিল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّغْلِيْقُ মূলবর্ণ (غ ـ ل ـ ق) অর্থ- বন্ধ করা; খুব শক্ত করে বন্ধ করা। অর্থাৎ আযীযে মিসরের স্ত্রী জুলায়খা দরজাগুলো খুব শক্ত করে বন্ধ করে দিল।

هَيْتَ لَكَ : **এসো**। هَيْتَ ও لَكَ এর সংযুক্তরূপ। هَيْتَ ইসমে ফেল আমরের অর্থে। অর্থাৎ এসো। لَكَ এর ل হরফে جار এবং كَ মাজরূর। যার متعلق উহ্য। অর্থাৎ اَقُوْلُ لَكَ আমি তোমাকে বলছি জলদি এসো।(রূহুল মাআনী) প্রখ্যাত ভাষাবিদ ওয়াহেদীর মতে هَيْتَ لَكَ পূর্ণ শব্দটিই رُوَيْدَ -এর ন্যায় اسم فِعْل অর্থ هَلُمَّ আস। (তাফসীরে সিরাজ)

مَعَاذَ اللّٰهِ : **আমি আল্লাহর শরণ নিচ্ছি; আমি আল্লাহর আশ্রয় কামনা করছি**। مَعَاذَ মাসদারে ميمى ও ইসম, মুযাফ মানসূব। অর্থ আশ্রয়। কারো আশ্রয়গ্রহণ করা এবং কারো সাথে সংশ্লিষ্ট হওয়া। عَوْذَةٌ এমন বস্তু যার আশ্রয়গ্রহণ করা হয়। এ কারণেই بِسْمِ اللّٰهِ ও যে কোনো মন্ত্রকে عَوْذَةٌ বলা হয়। مَعَاذَ اللّٰهِ অর্থ আল্লাহর কাছে আশ্রয় কামনা করছি। অর্থাৎ এটা পাপের কাজ এ কাজ করা থেকে আমি আল্লাহর আশ্রয় কামন করছি।

اَحْسَنَ : **সুন্দর। উত্তম**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- সুন্দর করা; সৎকাজ করা; অনুগ্রহ করা।

مَثْوٰى : **আবাসস্থল**। সীগাহ واحد বহছ ظرف مكان বহুবচন- مَثَاوِىْ অর্থ- নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

لَا يُفْلِحُ : **সে সফলকাম হয় না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ- সফলকাম হওয়া; সাফল্য লাভ করা।

اَلظّٰلِمُوْنَ : **জালেমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ- অত্যাচার করা; জুলুম করা।

আয়াত : ২৪

هَمَّتْ : সে আসক্ত হয়েছে। সে ইচ্ছা করেছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ه ـ م ـ م) মাসদার هَمٌّ অর্থ– ইচ্ছা করা; সংকল্প করা; আসক্ত হওয়া।

هَمَّ : সেও আসক্ত হতো। সে ইচ্ছা করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার هَمٌّ মূলবর্ণ (ه ـ م ـ م) অর্থ– ইচ্ছা করা; আসক্ত হওয়া।

اَنْ رَّاٰى : যে, সে দেখল। ان মাসদারিয়্যাহ। رَأَى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

بُرْهَانَ : নিদর্শন। দলিল; প্রমাণ। বহুবচন– بَرَاهِيْنُ কারো কারো মতে এটি বাব فَتَحَ -এর মাসদার। অথ সাদা ও উজ্জ্বল হওয়া। بُرْهَانٌ এমন দলিলকে বলা হয় যা সকল দলিলের উপর শ্রেষ্ঠ ও শক্তিশালী হয় এবং যা সর্বদা সত্যের উপর থাকে। উল্লেখ্য দলিল পাঁচ প্রকার। ১. যা সর্বদা সত্যের উপর প্রতিষ্ঠিত। ২. যা সর্বদা মিথ্যার উপর প্রতিষ্ঠিত। ৩. যা সত্যের খুব কাছাকাছি। ৪. যা মিথ্যা খুব কাছাকাছি। ৫. যা সত্য ও মিথ্যা উভয়ের সম্ভাবনা থাকে। এখানে পালনকর্তার প্রমাণ দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে তাফসিরবিদগণ নানা মত ব্যক্ত করেছেন। ইবনে আব্বাস, মুজাহিদ, সাঈদ ইবনে যুবাইর, ইবনে সিরীন, হাসান বসরী (র.) প্রমুখ বলেছেন, আল্লাহ তা'আলা মু'যিজা হিসেবে এ নির্জন কক্ষে হযরত ইয়াকূব (আ.) -এর চিত্র এভাবে তার সম্মুখে উপস্থিত করে দেন যে, তিনি হাতের আঙ্গুলি দাঁতে চেপে তাঁকে হুশিয়ার করেছেন। কোনো কোনো তাফসীরবিদ বলেন আযীযে মিসরের প্রতিচ্ছবি তার সম্মুখে ফুটিয়ে তোলা হয়। কেউ বলেন কুরআনের আয়াত– وَلَا تَقْرَبُوا الزِّنَا اِنَّهٗ كَانَ فَاحِشَةً وَّسَاءَ سَبِيْلًا এ আয়াতটি তার সম্মুখে উপস্থিত করা হয়। কেউ কেউ বলেছেন, যুলাইখার গৃহে একটি মূর্তি ছিল। বিশেষ মুহূর্তটিতে যুলায়খা সেই মূর্তিটি কাপড় দ্বারা আবৃত করলে ইউসুফ (আ.) এর কারণ জিজ্ঞেস করলেন। সে বলল এটা আমার উপাস্য। এর সামনে পাপকার্য করার মতো সাহস আমার নেই। হযরত ইউসুফ (আ.) বললেন আমার উপাস্য আরোও বেশি লজ্জা করার যোগ্যতাসম্পন্ন। তার দৃষ্টিকে কোনো পর্দা ঠেকাতে পারে না। কারো কারো মতে ইউসুফের নবুয়ত ও বিভুজ্ঞানই ছিল স্বয়ং পালনকর্তা সম্পর্কে তার এই দিব্যদৃষ্টির কারণ।

لِنَصْرِفَ : যেন আমি বিরত রাখি। শুরুর লামটি لام كى ; সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ– কোনো বস্তুকে এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তন করা।

اَلسُّوْءَ : মন্দকর্ম। ইসম। فُعْلٰى -এর ওজনে اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন– سُوْءٌ হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। নিম্নে যা বর্ণিত হলো–

১. কঠিনতা ও তীব্রতার অর্থে। যেমন– يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ (তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিত)

২. ক্লেশ অর্থে। যেমন– وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ (তোমারা তাকে ক্লেশ দেওয়ার অভিপ্রায়ে স্পর্শ করো না)

৩. ব্যভিচার অর্থে। যেমন– مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا (যে তোমার ঘরে ব্যভিচার করতে চায় তার শাস্তি কি হতে পারে)

৪. কুষ্ট রোগ অর্থে। যেমন– بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ (নির্মল উজ্জ্বল হয়ে, অর্থাৎ কুষ্টরোগের কারণে নয় এমন উজ্জ্বল হয়ে)

৫. শাস্তি অর্থে। যেমন– اِنَّ الْخِزْيَ الْيَوْمَ وَالسُّوْٓءَ عَلَى الْكٰفِرِيْنَ (আজ কাফেরদের জন্য রয়েছে লাঞ্ছনা ও শাস্তি)

৬. শিরক অর্থে। যেমন- مَا كُنَّا نَعْمَلُ مِنْ سُوْءٍ (আমরা মন্দকর্ম করতাম না অর্থাৎ শিরক করতাম না।)

৭. গালমন্দের অর্থে। যেমন- لَا يُحِبُّ اللّٰهُ الْجَهْرَ بِالسُّوْءِ (আল্লাহ তা'আলা পছন্দ করেন না প্রকাশ করা মন্দকথা)

৮. গুনাহ অর্থে। যেমন- يَعْمَلُوْنَ السوء بجهالة (তারা গুনাহের কাজ করে মূর্খতাবশত)

৯. তথা মন্দ অর্থে। যেমন- وَلَهُمْ سُوْءُ الدَّارِ - بِئْسَ (তাদের জন্য রয়েছে মন্দগৃহ)

১০. অনিষ্টতা অর্থে। যেমন- وَيَكْشِفُ السُّوْءَ (এবং তিনি দূর করে দেন অনিষ্টতা)

১১. হত্যা ও পরাজয় অর্থে। যেমন- لَمْ يَمْسَسْهُمْ سُوْءٌ (তাদের কোনো আঁচড় লাগেনি)। (আল-ইতকান, খ. ১, পৃ. ১৪২)

اَلْفَحْشَاءُ : **অশ্লীলতা**। সীগাহ اسم واحد مؤنث বহছ মাসদার تفضيل বাব كَرُمَ মূলবর্ণ(ف - ح - ش) মাসদার اَلْفُحْشُ অর্থ- অশ্লীলতা করা। এমন কথা ও কাজ যার নিকৃষ্টতা স্পষ্ট এবং তা শুনতেও খারাপ লাগে তাকে فُحْشٌ বলা হয়। (কামূস)

اَلْمُخْلَصِيْنَ : **বিশুদ্ধচিত্ত বান্দাগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ - ل - ص) মাসদার اَلْاِخْلَاصُ অর্থ- খাঁটি করা; বিশুদ্ধ করা।

আয়াত : ২৫

اِسْتَبَقَا : **তারা উভয়ে দৌড়ালো**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ(س - ب - ق) মাসদার اَلْاِسْتِبَاقُ অর্থ- দৌড়ের পাল্লা দেওয়া; আগে যাওয়ার প্রতিযোগিতা করা।

قَدَّتْ : **সে স্ত্রীলোক জামা ছিঁড়ে ফেলল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقَدُّ মূলবর্ণ (ق - د - د) অর্থ- লম্বালম্বিভাবে ছিঁড়ে ফেলা।

قَمِيْصَهُ : **তার জামা**। قَمِيْصٌ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। একবচন; বহুবচন- قُمُصٌ - اَقْمِصَةٌ - اَقْمِصَانٌ সুতী জামাকে قَمِيْص বলা হয়। উলের জামাকে قَمِيْص বলা হয় না। (কামূস) শব্দটি সাধারণত পুংলিঙ্গ তবে কখনও স্ত্রীলিঙ্গের জন্যও ব্যবহার হয়। قَمُوْصٌ ও قَمِيْصٌ এমন ঘোড়াকেও বলা হয় যার আরোহী নড়তে থাকে; জমে বসতে পারে না। বাব اِفْعَالٌ، ضَرَبَ، نَصَرَ থেকে আসে। অর্থ- জামা পরিধান করা। বাব تَفْعِيْل থেকে আসলে অর্থ হবে জামা পরিধান করানো। এক হাদীসে এসেছে- اِنَّ اللّٰهَ سَيُقَمِّصُكَ قَمِيْصًا আল্লাহ তোমাকে শীঘ্রই একটি জামা পরিধান করাবেন অর্থাৎ খেলাফত দিবেন। (মাজমাউল বিহার)

دُبُرٍ : **পশ্চাদাংশ**। নিতম্ব। ইসম; বহুবচন- اِدْبَارٌ এখানে পিছনের অর্থে হয়েছে।

اَلْفَيَا : **তারা উভয়ে পেল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব الفاء মাসদার الفاء মূলবর্ণ (ل - ف - و) অর্থ- পাওয়া; দেখতে পাওয়া।

سَيِّدَهَا : **তার স্বামী**। سَيِّدٌ মুযাফ; هَا যমীর واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। سَيِّدٌ সীগাহ واحد مذكر বহছ صفت مشبهة বাব نَصَرَ মাসদার اَلسِّيَادَةُ মূলবর্ণ(س - و - د) অর্থ- নেতৃত্ব করা; নেতা হওয়া।

لَدَى الْبَابِ : **দরজার নিকট**। لَدٰى শব্দটি ظرف مكان অর্থ পার্শ্বে; দিকে; কাছে; নিকটে। لَدٰى যখন যমীরের দিকে ইযাফত হয় তখন তা عَلٰى-এর ন্যায় হয়। যেমন- عَلَيْهِ - لَدَيْهِ ; لَدَيْنَا - عَلَيْنَا ইত্যাদি। মূলত لَدٰى শব্দটি لدن-এর বিকৃত রূপ।

قَالَتْ : **সে (স্ত্রী) বলল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ق - و - ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

جَزَاءُ : **প্রতিদান**। বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ- বদলা দেওয়া; প্রতিদান দেওয়া; শাস্তি দেওয়া।

مَنْ اَرَادَ : **যে ব্যক্তি ইচ্ছা করে**। اَرَادَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر - و - د) অর্থ- ইচ্ছা করা; সংকল্প করা; কামনা করা।

يُسْجَنَ : **তাকে বন্দী করা হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلسِّجْنُ মূলবর্ণ (س - ج - ن) অর্থ- বন্দী করা; কারাগারে প্রেরণ করা।

يَسِيْرٌ : **সহজ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ، كَرُمَ মূলবর্ণ (ى - س - ر)। মাসদার اَلْيُسْرُ অর্থ- সহজ হওয়া। হালকা হওয়া।

আয়াত : ২৬

رَاوَدَتْنِىْ : **সে (মহিলা) আমার নিকট অসৎকর্ম কামনা করেছে;** সে (মহিলা) আমাকে ফুসলিয়েছে। সীগাহ يَاء مُتَكَلِّم নূনে বেকায় نِىْ ; واحد مؤنث غائب মাফউলে বিহী। বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার مُرَاوَدَةٌ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়। مُرَاوَدَةٌ - এর সংজ্ঞায় ইমাম রাগেব বলেন–

وَالْمُرَاوَدَةُ اَنْ تُنَازِعَ غَيْرَكَ فِى الْاِرَادَةِ فَتُرِيْدَ غَيْرَ مَا يُرِيْدُ اَوْ تَرُوْدُ غَيْرَ مَا يَرُوْدُ

তোমার অপর কারো সাথে ইচ্ছার ব্যাপারে মতবিরোধ হওয়া এবং তুমি এমন বিষয়ের কামনা কর যার সে কামনা করে না। অথবা তুমি সহজে তা পেতে চাও যা তার সহজে কাম্য নয় তাকে مُرَاوَدَةٌ বলা হয়।

شَاهِدٌ : **সাক্ষী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلشَّهَادَةُ অর্থ– সাক্ষ্য দেওয়া।

قُدَّ : **ছিন্ন করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ د ـ د) মাসদার قَدٌّ অর্থ– ছিন্ন করা; ছিঁড়ে ফেলা। লম্বালম্বি ছিঁড়া। মরুভূমি অতিক্রম করা। কথা কেটে দেওয়া। এমন লম্বা ফিতা যা দ্বারা চাবুক বানানো হয়। এক হাদীসে রয়েছে– لَقَابَ قَوْسُ اَحَدِكُمْ وَمَوْضَعُ قَدِّهِ فِى الْجَنَّةِ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَافِيْهَا অর্ধ ধনুক পরিমাণ বা চাবুকের ফিতা পরিমাণ জায়গাও যদি কেউ জান্নাতে পায় তাহলে তা দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে তদপেক্ষা উত্তম। (মাজ মাউল বিহার)

صَدَقَتْ : **সে সত্য বলেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা।

اَلْكَاذِبِيْنَ : **মিথ্যাবাদী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلْكِذْبُ অর্থ– মিথ্যা বলা; অসত্য বলা। আকিদার পরিপন্থি বিষয় বাস্তব অনুযায়ী হলেও তাকে كِذْبٌ বলা হবে।

আয়াত : ২৯

اَعْرِضْ : **তুমি উপেক্ষা কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– বিমুখ হওয়া; উপেক্ষা করা; মুখ ফিরানো।

اِسْتَغْفِرِىْ : **তুমি ক্ষমা প্রার্থনা কর**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ر) মাসদার اَلْاِسْتِغْفَارُ অর্থ– ক্ষমা প্রার্থনা করা; তওবা করা।

كُنْتِ مِنَ الْخَاطِئِيْنَ : **তুমি হলে অপরাধীদের একজন**। সীগাহ خَاطِئِيْنَ বহছ اسم جمع مذكر বাব فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ط ـ أ) মাসদার خَطَأٌ অর্থ– অপরাধ করা; পাপ করা।

আয়াত : ৩০

نِسْوَةٌ : **কতিপয় নারী**। স্ত্রী; নিকটাত্মীয়া; মুসলিম রমণী; সেবিকা; পরিচারিকা ইত্যাদি। نِسَاءٌ، نِسْوَةٌ، نِسْوَانٌ، نِسْوُنٌ সবগুলোই বহুবচন। একবচন হলো مَرْأَةٌ ও اِمْرَأَةٌ ; যেমনিভাবে اِمْرَأَةٌ এর বহুবচন এই শব্দ থেকে তৈরি হয় না তেমনিভাবে نِسَاءٌ و نِسْوَةٌ -এর একবচনও এ শব্দ থেকে তৈরি হয় না। শাব্দিক অর্থ নারী, মহিলা, রমণী। কিন্তু অবস্থার পরিপ্রেক্ষিতে কোথাও স্ত্রী কোথাও নিকটাত্মীয়া ইত্যাদি অর্থ করতে হবে।

اَلْعَزِيْزِ : **মিসরাধিপতীর নাম বা পদবী**। (বিস্তারিত সূরা বাকারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য)

تُرَاوِدُ : **সে অসৎকর্ম কামনা করছে**। সীগাহ واحد مؤنث غائب ; বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر ـ و ـ د) মাসদার اَلْمُرَاوَدَةُ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়। مُرَاوَدَةٌ এর সংজ্ঞায় ইমাম রাগেব বলেন– وَالْمُرَاوَدَةُ اَنْ تُنَازِعَ غَيْرَكَ فِى الْاِرَادَةِ فَتُرِيْدَ غَيْرَ مَا يُرِيْدُ اَوْ تَرُوْدُ غَيْرَ مَا يَرُوْدُ তোমার অপর কারো সাথে ইচ্ছার ব্যাপারে মতবিরোধ হওয়া এবং তুমি এমন বিষয়ের কামনা কর যার সে কামনা করে না। অথবা তুমি সহজে তা পেতে চাও যা তার সহজে কাম্য নয় তাকে مُرَاوَدَةٌ বলা হয়।

فَتًى : **যুবক দাস**। এ শব্দটি বৃদ্ধ, শিশু ইত্যাদি অর্থের জন্যও ব্যবহৃত হয়। এখানে উদ্দেশ্য হলো হযরত ইউসুফ (আ.)।

شَغَفَهَا حُبًّا : **প্রেম তাকে উন্মত্ত করেছে**। شَغَفَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ غ ـ ف) মাসদার اَلشَّغْفُ অর্থ- অন্তরের অন্তঃস্থলে পৌঁছে যাওয়া। شِغَافٌ অর্থ- হৃদয়ের পর্দা। তাই অন্তঃস্থলে অবতরণের অর্থের জন্য شَغَفَ শব্দ ব্যবহার করা হয়েছে।

لَنَرَاهَا : **নিশ্চয় আমরা তাকে দেখছি**। لام তাকীদের জন্য। نَرٰى সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

আয়াত : ৩১

فَلَمَّا سَمِعَتْ : **স্ত্রীলোকটি যখন শুনল**। سَمِعَتْ সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (س ـ م ـ ع) মাসদার اَلسَّمْعُ অর্থ- শ্রবণ করা; শোনা।

بِمَكْرِهِنَّ : **তাদের ষড়যন্ত্রের বিষয়**। باء হরফে জার مَكْرٌ মাসদার ও ইসম। মুযাফ। هُنَّ মুযাফ ইলাইহি।

أَرْسَلَتْ : **সে ডেকে পাঠালো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ- প্রেরণ করা; ডেকে পাঠানো।

أَعْتَدَتْ : **সে প্রস্তুত করল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ت ـ د) মাসদার اَلْاِعْتَادُ অর্থ- প্রস্তুত করা; তৈরি করা।

مُتَّكَأً : **আসন**। হেলান দেওয়ার স্থান; যার উপর টেক লাগানো হয়। বালিশ; কুশন; ইত্যাদি। تَوَكُّأٌ অর্থ হলো হেলান দেওয়া; টেক লাগানো। রূপকার্থে আহার করা। (হযরত ইবনে আব্বাস, যুবাইর, হাসান, কাতাদাহ, মুজাহিদ) আরবরা مُتَّكَأً এমন বস্তুকে বলে যার উপর পানাহার বা কথাবার্তার সময় হেলান দেওয়া হয়। (মা'আলিমুত্তানযীল) ইমাম রাযী (র.) বলেন مُتَّكَأً এমন খাদ্যবস্তু যা ছুরি দ্বারা কেটে খাওয়া হয়। (তাফসীরে কাবীর) ইদানিং খাবারের জন্য ডাইনিং টেবিল ব্যবহার করা হয়, যার চতুর্দিকে চেয়ার রাখা হয়। তেমনিভাবে তখনকার সংস্কৃতিতে দস্তরখানের চতুর্দিকে ছোট ছোট গদি, গালিচা ও বালিশ রাখা হতো। তাছাড়া আজকাল টেবিল পাতার অর্থ হলো- খাবার পরিবেশন করা এবং ডাইনিং টেবিলে বসার অর্থ হলো খাবারের জন্য বসা। তদ্রূপভাবে বালিশ লাগানোর অর্থ হলো খানা খাওয়াতে বসানো। কবি জামিলের পংক্তি-

فَظَلَلْنَا بِنِعْمَةٍ وَاتَّكَأْنَا
وَشَرِبْنَا الْحَلَالَ مِنْ قُلَلِهِ

(আমরা স্বাচ্ছন্দ্যে দিন অতিবাহিত করেছি, আহার করেছি এবং মটকা থেকে বের করে মদ পান করেছি) ইমাম সুয়ূতী (র.) مُتَّكَأً -এর তাফসীরে লিখেছেন- طَعَامٌ يُقْطَعُ بِالسِّكِّيْنِ (এমন খাবার যা চাকু দ্বারা কেটে খাওয়া হয় তাকে مُتَّكَأً বলা হয়) এটি ইমাম রাযী (র.) -এরও অভিমত। কিন্তু এরপরই তিনি লিখেছেন وَهُوَ الْاُتْرُجُّ তা হলো লেবু। সে হিসেবে ইমাম সুয়ূতীর মতে مُتَّكَأً অর্থ হলো লেবু। কিন্তু আবূ উবাইদা এবং অন্যান্য ভাষাবিদগণ এ মতকে অস্বীকার করেছেন। কেননা লেবুকে ، متك مُتَّكَةٌ বলা হয়। (কামূস) যেমন যিরার বিন নাহশালের পংক্তি- فَاَهْدَتْ مُتَّكَةً لِبَنِيْ اَبِيْهَا (সে চাচাতো ভাইদের জন্য লেবু হাদিয়া পাঠিয়েছে।) (মু'জামুল কুরআন)

اٰتَتْ : **সে মহিলা দিল**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দান করা; দেওয়া।

سِكِّيْنٌ : **ছুরি**। বহুবচন- سَكَاكِيْنُ শব্দটি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্যই ব্যবহার হয়। তবে অধিকাংশ পুংলিঙ্গের জন্যই হয়ে থাকে। ইমাম রাগেব ছুরিকে سِكِّيْنٌ নামকরণের কারণ সম্পর্কে বলেন কারণ তা জবাইকৃতের স্পন্দনকে স্তিমিত করে দেয়। এটি سُكُوْنٌ থেকে নির্গত, যার অর্থ হলো প্রশান্তি।

اُخْرُجْ : **তুমি বের হও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ- বের হওয়া।

فَلَمَّا رَأَيْنَهٗ : **যখন ঐ মহিলারা তাকে দেখল**। رَأَيْنَ সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা। ة যমীর মাফঊলে বিহী।

اَكْبَرْنَهُ : **তারা (মহিলারা) তাকে বড় মনে করল; তার গরিমায় অভিভূত হলো।** সীগাহ جمع مذكر বহছ ماضى معروف غائب বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْبَارُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ- বড় মনে করা। আল্লামা সুয়ূতী اَكْبَرْنَهُ এর তরজমা করেছেন–اى اَعْظَمْنَهُ ; ه যমীর মাফঊলে বিহী।

قَطَّعْنَ : **তারা কেটে ফেলল।** সীগাহ جمع مؤنث বহছ ماضى معروف غائب বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ– কেটে টুকরা টুকরা করা।

قُلْنَ : **তারা বলল।** সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা। قُلْنَ মূলত قَوَلْنَ ছিল। واو সাকিন তার পূর্বে যবর, তাই واو কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। এরপর الف ও لام- এর মধ্যে দুই সাকিন একত্র হওয়ায় الف কে বিলুপ্ত করা হয়েছে। আর বিলুপ্ত واو এর প্রমাণ অবশিষ্ট রাখার জন্য পূর্বের قاف বর্ণে পেশ দেওয়ায় قُلْنَ হয়েছে।

حَاشَ لِلّٰهِ : **আদ্ভুত আল্লাহর মাহাত্ম্য!** ইমাম রাগেব বলেন আবূ উবাইদার মতে حَاشَ দ্বারা উদ্দেশ্য হলো পবিত্রতা বর্ণনা করা ও استثناء; আবু আ'লা বলেন حَاشَ এটি اسم নয়। কেননা এ ধরনের হরফের উপর حرف جر আসে না। আবার حرف ও নয়। কেননা হরফ مضاعف না হলে তা থেকে বিলুপ্ত হয় না। অথচ حاش ও حَاشى উভয়ভাবেই বলা হয়। আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) বলেন حَاشَا হলো ইসম; حرف বা فعل নয়। দলিলস্বরূপ তিনি বলেন কোনো কেরাতে حَاشًا তানভীনযোগে পঠিত হয়েছে। মুবাররাদ ও ইবনে জিন্নী এটাকে فعل মনে করেন। তারা حَاشَ لِلّٰه -এর অর্থ করেছেন جَانَبَ يُوْسُفُ الْمَعْصِيَةَ لِاَجَلِ اللّٰهِ (ইউসুফ আল্লাহর জন্য পাপ থেকে দূরে রয়েছে) ফারসীও বলেন حَاشَ হলো فعل যা حَشَا থেকে গঠিত হয়েছে। যার অর্থ হলো نَاحِيَةٌ আয়াতের অর্থ হবে صَارَ فِىْ نَاحِيَةٍ (সে একদিকে রয়েছে) অর্থাৎ তার ব্যাপারে যে অপবাদ দেওয়া হয়েছে সে তার থেকে দূরে। করআনে حَاشَ শব্দটি استثنائية -এন জন্যই। (ইতকান ফী উলুমিল কুরআন, খ. ১, পৃ. ১৬১-১৬২)

مَلَكٌ : **ফেরেশতা।** একবচন; বহুবচন– مَلَائِكَةٌ

আয়াত : ৩২

ذٰلِكُنَّ : **এ-ই সে। দূরবর্তী ইঙ্গিতার্থক ইসম।** মূলত ذَا হলো ইসমে ইশারা। এর পরে كَ، كُمَا ، كُنَّ ইত্যাদি সম্বোধনের জন্য ব্যবহৃত হয়। তাই সম্বোধিত ব্যক্তির অবস্থাভেদে পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, এবং দ্বিবচন, বহুবচনের পরিবর্তন হয়। এখানে كُنَّ যমীর جمع مؤنث غائب সম্বোধনের জন্য উল্লেখ করা হয়েছে।

لُمْتُنَّنِىْ : **তোমরা আমার নিন্দা করেছো; আমার তিরস্কার করেছো।** সীগাহ جمع مؤنث حاضر বহছ ماضى معروف ; يـاء متكلم নূনে বেকায়া نِىْ মাফউলে বিহী। বাব نَصَرَ মূলবর্ণ (ل ـ و ـ م) মাসদার لَوْمٌ - لَوْمَةٌ - مَلَامٌ ও مَلَامَةٌ অর্থ– কোনো কিছুকে খারাপ মনে করে তিরস্কার করা; নিন্দা করা।

رَاوَدْتُّهُ : **আমি তার নিকট অসৎকর্ম কামনা করেছি; আমি তাকে ফুসলিয়েছি।** সীগাহ واحد متكلم ;ه যমীর واحد مذكر غائب মাফউলে বিহী। বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر - و ـ د) মাসদার مُرَاوَدَةٌ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়।

فَاسْتَعْصَمَ : **সে নিজেকে পবিত্র রেখেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ص ـ م) মাসদার اَلْاِسْتِعْصَامُ অর্থ– বিরত থাকা; নিজেকে পবিত্র রাখা।

اٰمُرُهُ : **আমি তাকে (যে) আদেশ করেছি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ ـ م ـ ر) অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ করা।

لَيُسْجَنَنَّ : **সে কারারুদ্ধ হবেই; অবশ্যই তাকে বন্দী করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل مجهول বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ ن) মাসদার اَلسَّجْنُ অর্থ– বন্দী করা; কারারুদ্ধ করা।

لَيَكُوْنَ : **অবশ্যই সে হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف بانون خفيفة মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَلصَّاغِرِيْنَ : **হীন; হেয়; অসম্মানী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মূলবর্ণ (ص ـ غ ـ ر) মাসদার صِغْرٌ অর্থ– ক্ষুদ্র হওয়া; হীন হওয়া।

আয়াত : ৩৩

اَلسِّجْنُ : **কারাগার**। একবচন; বহুবচন– سُجُوْنٌ

كَيْدَ : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْر ও اِسْتِدْرَاجْ-এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

يَدْعُوْنَنِيْ : **তারা আমাকে আহ্বান করছে**। সীগাহ جمع مذكرغائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

اِلَّا تَصْرِفْ : **যদি আপনি আমাকে ফিরিয়ে না রাখেন**। تَصْرِفْ। মূলত اَلَّا হরফে শর্ত اَنْ ও لَا-এর যুক্তরূপ। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ– ফিরিয়ে রাখা।

اَصْبُ : **আমি আকৃষ্ট হয়ে পড়বো**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ ب ـ و) মাসদার اَلصَّبْوَةُ অর্থ– আকৃষ্ট হওয়া; আসক্ত হওয়া।

اَكُنْ : **আমি হবো**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া। جَزاء-এর স্থলে হওয়ার কারণে مجزوم হয়েছে।

اَلْجٰهِلِيْنَ : **অজ্ঞগণ; মূর্খগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ(ج ـ ه ـ ل) মাসদার جَهْلٌ অর্থ– অজ্ঞ হওয়া; মূর্খ হওয়া।

আয়াত : ৩৪

اِسْتَجَابَ : **তিনি সাড়া দিলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالْ মাসদার اَلْاِسْتِجَابَةُ মূলবর্ণ (ج ـ و ـ ب) অর্থ– ডাকে সাড়া দেওয়া; দাওয়াত গ্রহণ করা।

صَرَفَ : **তিনি ফিরিয়ে দিলেন; তিনি রক্ষা করলেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ– ফিরানো; রক্ষা করা।

আয়াত : ৩৫

بَدَا لَهُمْ : **তাদের মনে হলো যে**। بدا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ د ـ و) মাসদার بَدْءٌ ও بُدُوٌّ অর্থ– উত্তমরূপে জ্ঞাত হওয়া; অনুভূত হওয়া; মনে হওয়া।

رَأَوُا : **তারা দেখল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

لَيَسْجُنُنَّهٗ : **তাকে কারারুদ্ধ করতে হবে; অবশ্যই তাকে বন্দী করতে হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ در لام تاكيد بانون تاكيد ثقيلة فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلسِّجْنُ মূলবর্ণ (س ـ ج ـ ن) অর্থ– বন্দী করা; কারারুদ্ধ করা।

আয়াত : ৩৬

فَتَيَانِ : **দুজন যুবক**। দ্বিবচন; একবচন– فَتًى দাস; পরিচারক।

اَرٰىنِيْ : **আমি নিজেকে দেখছি**। সীগাহ واحد متكلم বহছ فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اَعْصِرُ : **আমি নিংড়িয়ে রস বের করছি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَصْرُ মূলবর্ণ (ع ـ ص ـ ر) অর্থ– নিংড়ানো।

خَمْرًا : **শরাব; মদ**। আঙ্গুরের শরাব। একবচন; বহুবচনে خُمُوْرٌ ; خَمْرٌ-এর সংজ্ঞা সম্পর্কে আল্লামা বগভী (র.) লিখেছেন–

وَاعْلَمْ اَنَّ كَوْنَ الْخَمْرِ اِسْمًا لِلنَّيِّ مِنْ مَاءِ الْعِنَبِ اِذَا صَارَ مُسْكِرًا حَقِيْقَةً بِالْاِتِّفَاقِ مِنْ اَئِمَّةِ

মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সৎকর্ম করা; ফরজের চেয়ে অধিক আদায় করা; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টি করা।

আয়াত : ৩৭

لَا يَأْتِيْكُمَا : **তোমাদের দুজনের কাছে তা আসবে না।** (অর্থাৎ আসার পূর্বেই) সীগাহ واحد مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। كُمَا যমীর মাফউলে বিহী।

تُرْزَقَانِهٖ : **তোমাদের দুজনকে খাদ্য দেওয়া হয়।** সীগাহ تثنية مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা দেওয়া; রিজিক দেওয়া। ه যমীর মাফউলে বিহী।

نَبَّأْتُكُمَا : **আমি তোমাদের দুজনকে জানিয়ে দিব।** সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– অবহিত করা; জানিয়ে দেওয়া। كُمَا যমীর মাফউলে বিহী।

تَاْوِيْلِ : **ব্যাখ্যা করা।** বাব تَفْعِيْل-এর মাসদার। মূলবর্ণ (أ ـ و ـ ل) যার অর্থ কোনো বস্তু তার মূলের দিকে ফিরে যাওয়া; তা ইলম হোক বা কোনো কাজ। ইলমের উদাহরণ হলো– وَمَا يَعْلَمُ تَاْوِيْلَهٗ اِلَّا اللّٰهُ আর কাজের উদাহরণ হলো– هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ

يَّأْتِيَكُمَا : **তোমাদের দুজনের কাছে আসবে।** يَاْتِيْ সীগাহ واحد مذكرغائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। كُمَا যমীর মাফউলে বিহী।

عَلَّمَنِيْ : **আমাকে তিনি শিক্ষা দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া। نِىْ নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

تَرَكْتُ : **আমি বর্জন করেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ت ـ ر ـ ك) মাসদার اَلتَّرْكُ অর্থ– বর্জন করা; পরিহার করা।

اللُّغَةِ حَتّٰى اشْتَهَرَ اِسْتِعْمَالُهٗ فِيْهِ وَفِيْ غَيْرِهٖ سُمِّيَ بِاَسَامِيْ مُخْتَلِفَةٍ مَجَازًا

জেনে রাখুন! ভাষাবিদগণের সর্বসম্মত রায় অনুযায়ী আঙ্গুরের কাঁচা রস যখন তা নেশাকর হয় তাকে خَمْر বলাটা حقيقى অর্থ এবং এ অর্থেই এটি প্রসিদ্ধ। এতদ্ভিন্ন অন্যান্য মদকে خَمْر বলা হয় রূপকার্থে। خَمْر শব্দটি اِخْتِمَار থেকে উদ্ভূত, যার অর্থ খামির বা গাঁজ উঠা। আঙ্গুরের রসেও যেহেতু খামির বা গাঁজ উঠে তাতে ঝাঁঝ এবং ফেনা সৃষ্ট হয় তাই একে خَمْر বলা হয়। অথবা শব্দটি مُخَامَرَةٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ গোপন করা। যেহেতু শরাব পানের দ্বারা বুদ্ধি গোপন হয়ে যায় তাই তাকে خَمْر বলা হয়। আবূ উবাইয়দা যাহহাক থেকে। اَعْصِرُ خَمْرًا -এর তাফসীর বর্ণনা করেছেন যে, خَمْر আম্মানবাসীর ভাষায় আঙ্গুরকে বলা হয়। এ দৃষ্টিকোণ থেকে শরাবকে خَمْر বলার সামঞ্জস্যতা স্পষ্ট। خَمْر শব্দটি আরবিতে স্ত্রীলিঙ্গ হিসেবেই অধিক প্রসিদ্ধ। কেউ কেউ পুংলিঙ্গও বলেছেন। কিন্তু স্ত্রীলিঙ্গই অধিক প্রসিদ্ধ।

اَحْمِلُ : **আমি বহন করছি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ح ـ م ـ ل) মাসদার حَمْلٌ অর্থ– বহন করা।

خُبْزًا : **রুটি।** একবচন; বহুবচন– اَخْبَازٌ

تَاْكُلُ : **সে খাচ্ছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– আহার করা; খাওয়া।

نَبِّئْنَا : **তুমি আমাদেরকে জানিয়ে দাও।** نَبِّئْ সীগাহ واحد مذكرحاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সংবাদ দেওয়া। সতর্ক করা।

تَاْوِيْلِهٖ : **তার তাৎপর্য। তার ব্যাখ্যা।**

نَرٰىكَ : **আমরা তোমাকে দেখছি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن)

مِلَّةَ : **ধর্মাদর্শ**। একবচন, বহুবচন– مِلَلٌ ; (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৫ দ্রষ্টব্য)

আয়াত : ৩৮

اِتَّبَعْتُ : **আমি অনুসরণ করেছি**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব افتعال মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ– অনুসরণ করা; মান্য করা; কারো কথামতো চলা।

نُشْرِكَ : **আমরা শরিক করব**। শুরুতে ان مصدرية-এর কারণে মাসদারী অর্থ হবে। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

فَضْلِ اللّٰهِ : **আল্লাহর অনুগ্রহ; মঙ্গল**। এটি اسم فعل আরো অর্থ রয়েছে। যেমন শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে এর দুটি সুরত রয়েছে।

১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন জ্ঞান, বিদ্যা ধৈর্য লজ্জা ইত্যাদিতে আধিক্য।
২. মন্দ আধিক্য। যেমন ক্রোধ, ইত্যাদির আধিক্য। فَضْلٌ শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُوْلٌ শব্দ ব্যবহার হয়। যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। (রাগেব)

আয়াত : ৩৯

يٰصَاحِبَيِ السِّجْنِ : **হে কারা-সঙ্গিদ্বয়!** يَا হরফে নেদা। اسم تثنية مذكر সীগাহ صَاحِبَيْ বহছ فاعل ; মূলত صَاحِبَيْنِ ছিল। ইযাফতের কারণে ن পড়ে গেছে। اَلسِّجْنُ অর্থ– জেলখানা; কারা। বহুবচন– سُجُوْنٌ

ءَاَرْبَابٌ : **প্রতিপালকগণ**। শুরুতে ء প্রশ্নবোধক। اَرْبَابٌ বহুবচন; একবচন– رَبٌّ অর্থ– প্রভু; প্রতিপালক। বাব نَصَرَ-এর মাসদার। যার অর্থ تَرْبِيَتٌ বা প্রতিপালন করা। تَرْبِيَتٌ-এর সংজ্ঞায় ইমাম রাগেব বলেন– هُوَ اِنْشَاءُ الشَّيْئِ حَالًا فَحَالًا اِلٰى حَدِّ التَّمَامِ অর্থাৎ কোনো কিছুকে পর্যায়ক্রমে এক অবস্থা থেকে অন্য অবস্থায় এমনভাবে তত্ত্বাবধান করা যেন তা পূর্ণতায় পৌছতে পারে। ভাষাবিদ ইবনে খালুবিয়া বলেন– رب অর্থ নেতা; সর্দার। যেমন– اِرْجِعْ اِلٰى رَبِّكَ فَاسْئَلْهُ مَا بَالُ النِّسْوَةِ قَطَّعْنَ اَيْدِيَهُنَّ এখানে رَبٌّ নেতা, সর্দার অর্থে ব্যবহার হয়েছে। আবার رَبٌّ মালিক অর্থেও ব্যবহার হয়। যেমন– قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ الْعٰلَمِيْنَ قَالَ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا এখানে رَبٌّ মালিক অর্থে ব্যবহার হয়েছে। ইমাম রাগেব লিখেছেন رَبٌّ শব্দটি ইযাফত ছাড়া আল্লাহ তা'আলা ব্যতীত অন্য কারো জন্য ব্যবহার হয় না। যেমন– بَلْدَةٌ طَيِّبَةٌ وَرَبٌّ غَفُوْرٌ এবং وَلَا يَاْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا الْمَلٰئِكَةَ وَالنَّبِيِّيْنَ اَرْبَابًا আর ইযাফতসহ আল্লাহ এবং আল্লাহ ব্যতীত অন্যান্যদের জন্যও ব্যবহার হয়। যেমন– رَبُّكُمْ وَرَبُّ اٰبَائِكُمْ ; رَبُّ الْعٰلَمِيْنَ ; قَالَ مَعَاذَ اللّٰهِ اِنَّهٗ رَبِّيْ اَحْسَنَ ; الْاَوَّلِيْنَ مَثْوَايَ এ সমস্ত স্থানে رَبٌّ শব্দটি আল্লাহ ব্যতীত অন্যান্যদের জন্য ব্যবহৃত হয়েছে।

مُتَفَرِّقُوْنَ : **ভিন্ন ভিন্ন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ر ـ ق) মাসদার اَلتَّفَرُّقُ অর্থ– পৃথক হওয়া; আলাদা হওয়া; ভিন্ন ভিন্ন হওয়া।

اَلْقَهَّارُ : **পরাক্রমশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব فَتَحَ মূলবর্ণ (ق ـ ه ـ ر) মাসদার اَلْقَهْرُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া; পরাক্রমশালী হওয়া।

আয়াত : ৪০

تَعْبُدُوْنَ : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; উপাসনা করা।

سَمَّيْتُمُوْهَا : **তোমরা তার নামকরণ করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ م ـ و) মাসদার اَلتَّسْمِيَةُ অর্থ– নাকরণ করা; নাম রাখা।

اَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

سُلْطَانٍ : **প্রমাণ**। শক্তি সামর্থ্য; ক্ষমতা; সনদ; সাম্রাজ্য; রাজত্ব।

اَلْحُكْمُ : **বিধান**। এটি বাব نَصَرَ-এর মাসদার। কোনো কিছুর ব্যাপারে সিদ্ধান্ত দেওয়াকে حُكْم বলা হয়। চাই তা অন্যের জন্য আবশ্যক করা হোক বা না হোক।

اَمَرَ : **তিনি আদেশ দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ ـ م ـ ر) অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ করা।

اَلدِّيْنُ الْقَيِّمُ : **শাশ্বত দীন**। دِيْن একবচন; বহুবচন– اَدْيَانٌ অর্থ– ধর্ম; ইসলাম। اَلْقَيِّمُ সীগাহ واحد مذكر বহছ صفت مشبه মুফরাদ, পুংলিঙ্গ ও মারফূ। সাধারণত মুফাসসিরগণ এর অর্থ করেছেন ঠিক; দুরস্ত; সোজা। কিন্তু ইমাম রাগেব বলেন دين اَلْقَيِّمُ অর্থ এমন দীন যা ইহকাল পরকালের জীবন-জীবিকাকে দুরস্ত করে। সুতরাং ইমাম রাগেবের মতে قَيِّمٌ শব্দটি مقوم অর্থে ব্যবহৃত। আল্লামা সুয়ূতী এর অর্থ করেছেন مُسْتَقِيْمًا (সরল দীন)।

আয়াত : ৪১

فَيَسْقِىْ : **সে পান করাবে**। ف হরফে আতফ। يَسْقِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ(س ـ ق ـ ي) মাসদার اَلسَّقْىُ অর্থ– পান করানো।

فَيُصْلَبُ : **এরপর তাকে শূলবিদ্ধ করা হবে**। يُصْلَبُ সীগাহ واحدمذكرغائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ل ـ ب) মাসদার صَلْبٌ অর্থ– শূলবিদ্ধ করা।

قُضِىَ : **সিদ্ধান্ত হয়ে গেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব ضَرَبَ মাসাদর اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ– ফয়সালা করা; সিদ্ধান্ত করা; মীমাংসা করা। যা কথা, কাজ, মানবীয় বা খোদায়ী সকল প্রকার সিদ্ধান্তের অর্থে ব্যবহৃত হয়। কোনো কিছুর ব্যাপারে চূড়ান্ত ইচ্ছা বা নির্দেশ বা কাজ সমাপ্ত করা قَضَاءٌ-এর অর্থের মধ্যে বিদ্যমান। صلة-এর বিভিন্নতা এবং অগ্র-পশ্চাতের হিসেবে এর অর্থও বিভিন্ন হয়ে থাকে। বানানো; পূর্ণ করা; সংকল্প করা; দৃঢ় ইচ্ছা করা; মীমাংসা করা; সিদ্ধান্ত করা; নির্দেশ জারি করা; হুকুম দেওয়া; নির্ধরণ করা। অকাট্য ওহী প্রেরণ করে অবহিত করা; প্রয়োজন পূরণ করা। সম্পর্ক ছিন্ন করা; অবসর হওয়া; মারা যাওয়া; মেরে ফেলা। পবিত্র কুরআরে বিভিন্ন স্থানে এসর্ব অর্থে ব্যবহৃত হয়েছে।

تَسْتَفْتِيَانِ : **তোমরা দুজন ব্যাখ্যা প্রার্থনা করেছ; জানতে চেয়েছ**। সীগাহ تثنية مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِفْتَاءُ মূলবর্ণ (ف ـ ت ـ و) অর্থ– জিজ্ঞাসা করা; জানতে চাওয়া।

আয়াত : ৪২

ظَنَّ : **সে মনে করেছে; সে ধারণা করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ظ ـ ن ـ ن) মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা; অনুমান করা।

نَاجٍ : **মুক্তিকামী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার النجاة অর্থ– মুক্তি পাওয়া।

اُذْكُرْنِىْ : **আমার কথা স্মরণ কর; আমার কথা বলবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; মনে করা। نِىْ নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

اَنْسَاهُ : **সে তাকে ভুলিয়ে দিয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْسَاءُ মূলবর্ণ (ن ـ س ـ ي) অর্থ– বিস্মৃত করা; ভুলিয়ে দেওয়া।

فَلَبِثَ : **সে অবস্থান করেছে**। لَبِثَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার لُبْثٌ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ– অবস্থান করা; দীর্ঘ সময় অবস্থান করা।

بِضْعَ : **কয়েক; কিছু**। দশ থেকে যা কমানো হয় তাকে بِضْع বলা হয়। কারো কারো মতে তিন থেকে নয় পর্যন্ত কারো মতে পাঁচ থেকে নয় পর্যন্ত সংখ্যা بِضْع -এর অন্তর্ভুক্ত। بِضْعَ سِنِيْنَ সম্পর্কে অধিকাংশ তাফসিরবিদগণের মত হলো হযরত ইউসুফ (আ.) সাত বৎসর জেলখানায় ছিলেন।

سِنِيْنَ : **কয়েক বছর**। سَنَةٌ -এর বহুবচন।

আয়াত : ৪৩

اَرٰى : **আমি স্বপ্নে দেখেছি**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণন (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ— দেখা; প্রত্যক্ষ করা।

سَبْعَ بَقَرَاتٍ : **সাততি গাভী**। بَقَرَاتٌ বহুবচন; একবচন— بَقَرَةٌ শব্দটি اسم جنس যা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্যই ব্যবহার হয়।

سِمَانٍ : **স্থূলকায়**। سَمِيْنٌ -এর বহুবচন। অর্থ— স্থূল; মোটাতাজা; হৃষ্টপুষ্ট।

يَأْكُلُهُنَّ : **তাদেরকে খাচ্ছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْاَكْلُ মূলবণ (أ ـ ك ـ ل) অর্থ— খাওয়া; আহার করা; ভক্ষণ করা।

عِجَافٌ : **শীর্ণকায়**। ইমাম আজিজী সিজিস্তানী লিখেছেন যে শীর্ণতার চরম সীমায় পৌছেছে তাকে عِجَافٌ বলা হয়। আর তাজুল উরূসে রয়েছে عِجَافٌ এমন শীর্ণ যাতে গোশত চর্বি কিছুই নেই। عَجْفَاءُ ও اَعْجَفُ হলো উভয়টির বহুবচন। প্রথমটি واحد مذكر এবং দ্বিতীয়টি واحد مؤنث -এর সীগাহ। বহছ صفت مشبه ; ইমাম ফখরুদ্দীন রাযী (র.) লিখেছেন عِجَافٌ শব্দটি عَجْفَاءُ -এর বহুবচন। নিয়ম অনুযায়ী বহুবচনটি عُجُفٌ হওয়া উচিত ছিল যেমন حَمْرَاءُ এর বহুবচন حُمُرٌ আসে। কিন্তু আরবদের অভ্যাস অনুযায়ী এর سِمَانٌ - نَقِيْض (স্থূল) এর উপর অথবা তার সদৃশ ضِعَافٌ -এর উপর প্রয়োগ হয়েছে। মোটকথা এ বহুবচনটি নিয়ম বহির্ভূত।

سَبْعَ : সাত। সংখ্যাবাচক শব্দ। স্ত্রীলিঙ্গ।

سُنْبُلٰتٍ : **শীষ**। বহুবচন; একবচন سُنْبُلَةٌ আর سُنْبُلٌ -এর বহুবচন— سَنَابِلُ

يٰبِسٰتٍ : **শুষ্ক**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ى ـ ب ـ س) মাসদার اَلْيَبْسُ অর্থ— শুষ্ক হওয়া।

اَفْتُوْنِىْ : **তুমি আমাকে অভিমত দাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ت ـ و) মাসদার اَلْاِفْتَاءُ অর্থ— ফতোয়া দেওয়া; অভিমত দেওয়া।

تَعْبُرُوْنَ : **তোমরা স্বপ্নের ব্যাখ্যা কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ ر) মাসদার اَلْعِبَارَةُ অর্থ— স্বপ্নের ব্যাখ্যা করা।

আয়াত : ৪৪

اَضْغَاثُ اَحْلَامٍ : **অর্থহীন স্বপ্ন**। اَضْغَاثٌ শব্দটি ضِغْثٌ -এর বহুবচন। যার অর্থ লাকড়ির বোঝা। اَحْلَامٌ শব্দটি حِلْمٌ -এর বহুবচন। যার অর্থ স্বপ্নে দেখা। লাকড়ির বোঝার মধ্যে ভালো-মন্দ সর্বপ্রকার লাকড়িই থাকে। এ কারণেই দুঃস্বপ্ন বা রকমারি কাল্পনিক স্বপ্নকে اَضْغَاثُ اَحْلَامٍ বলা হয়। اَضْغَاثُ মুযাফ اَحْلَامٌ মুযাফ ইলাইহি।

আয়াত : ৪৫

نَجَا : **সে মুক্তি পেয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার اَلنَّجَاةُ অর্থ— মুক্তি পাওয়া।

اِدَّكَرَ : **সে স্মরণ করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِدِّكَارُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ— স্মরণ করা। اِدِّكَارٌ মূলতঃ اِذْتِكَارٌ ছিল। নিয়ম অনুযায়ী ذال কে دال দ্বারা পরিবর্তন করে تاء কে دال এর ইদগাম করা হয়েছে। اِدِّكَارٌ হয়ে গেছে।

اُمَّةٍ : **দীর্ঘকাল**। একবচন, বহুবচন— اُمَمٌ অর্থ— দল; সম্প্রদায়। সময়। পন্থা; দীন। এখানে সময় অর্থে ব্যবহৃত।

اُنَبِّئُكُمْ : **আমি তোমাদের জানিয়ে দিব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ب ـ أ) মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ— অবহিত করা; সংবাদ দেওয়া; জানিয়ে দেওয়া।

فَاَرْسِلُوْنِ : তোমরা আমাকে পাঠাও। فا হরফে আত্ফ। امر حاضر বহছ جمع مذكر حاضر সীগাহ اَرْسِلُوْا اَلْاِرْسَالُ মাসদার(ر ـ س ـ ل) মূলবর্ণ اِفْعَالٌ বাব معروف অর্থ– প্রেরণ করা; পাঠানো। মূলত اَرْسِلُوْنِىْ ছিল।

আয়াত : ৪৬

صِدِّيْقُ : সত্যবাদী। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ ق) মাসদার اَلصِّدْقُ অর্থ– সত্য বলা।

اَفْتِنَا : তুমি আমাদেরকে ব্যাখ্যা দাও। সীগাহ واحد اِفْعَالٌ বাব امر حاضر معروف বহছ مذكر حاضر মূলবর্ণ (ف ـ ت ـ و) মাসদার اِفْتَاءٌ অর্থ– অবিহত করা; জানিয়ে দেওয়া; সংবাদ দেওয়া।

اَرْجِعُ : তুমি প্রত্যাবর্তন কর। সীগাহ واحد متكلم বহছ (ر ـ ج ـ ع) মূলবর্ণ ضَرَبَ বাব مضارع معروف মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

আয়াত : ৪৭

تَزْرَعُوْنَ : তোমরা চাষ করবে। সীগাহ جمع مذكرحاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ(ز ـ ر ـ ع) মাসদার اَلزَّرْعُ অর্থ– চাষ করা; উৎপন্ন করা।

دَاَبًا : একাদিক্রমে। বাব فَتَحَ এর মাসদার। যার অর্থ লাগাতার কোনো কাজে লেগে থাকা। একারণেই স্বভাবকেও دَأْبٌ বলা হয়।

حَصَدْتُّمْ : তোমরা শস্য কর্তন করবে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ص ـ د) মাসদার اَلْحَصَادُ অর্থ– ফসল কাটা।

فَذَرُوْهُ : অতপর তোমরা তা রেখে দিবে। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضرمعروف বাব سَمِعَ ও فَتَحَ মূলবর্ণ (و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– রেখে দেওয়া; ছেড়ে দেওয়া; বর্জন করা। এ অর্থে فعل امر ও فعل مضارع ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

আয়াত : ৪৮

ثُمَّ يَاْتِىْ : এরপর আসবে। يَاْتِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আনা; আসা।

شِدَادٌ : কঠিন। বহুবচন; একবচন– شَدِيْدٌ

يَاْكُلْنَ : তারা খাবে। সীগাহ جمع مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ– খাওয়া; আহার করা।

قَدَّمْتُمْ : তোমরা পূর্বে প্রেরণ করেছো। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ(ق ـ د ـ م) মাসদার اَلتَّقْدِيْمُ অর্থ– অগ্রে পেশ করা; পূর্বে প্রেরণ করা।

تُحْصِنُوْنَ : তোমরা সংরক্ষণ করবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ن) মাসদার اَلْاِحْصَانُ অর্থ– সংরক্ষণ করা; হেফাজত করা।

আয়াত : ৪৯

يُغَاثُ : প্রচুর বৃষ্টিপাত হবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (غ ـ ي ـ ث) মাসদার اَلْغَيْثُ অর্থ– বৃষ্টি বর্ষণ করা।

يَعْصِرُوْنَ : রস নিংড়াবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَصْرُ মূলবর্ণ (ع ـ ص ـ ر) অর্থ– রস নিংড়ানো।

আয়াত : ৫০

اِئْتُوْنِىْ : তোমরা আমার কাছে আন। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। ب صلة এর হওয়ার কারণে অর্থ হবে আনা।

اِرْجِعْ : তুমি ফিরে যাও। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ر ـ ج ـ ع) মাসদার اَلرُّجُوْعُ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

فَسْئَلْهُ : তারপর তুমি তাকে প্রশ্ন কর। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ(س ـ أ ـ ل) মাসদার اَلسُّوَالُ অর্থ– প্রশ্ন করা; জানতে চাওয়া।

مَا بَالُ النِّسْوَةِ : মহিলাদের অবস্থা কি? مَا প্রশ্নবোধক অব্যয়। بَالٌ অবস্থা। যে অবস্থার পরোয়া করা হয় তাকে بَالٌ বলা হয়। আবার কখনও যে অবস্থার উপর

মন বসে তাকেও بَالٌ বলা হয়।এ কারণেই রূপকার্থে এর অর্থ মন; আত্মাও আসে نِسْوَةٌ কতিপয় নারী। স্ত্রী; নিকটাত্মীয়া; মুসলিম রমণী; সেবিকা; পরিচারিকা ইত্যাদি। نِسَاءٌ، نِسْوَةٌ، نِسْوَانٌ، نِسْوُن সবগুলোই বহুবচন। একবচন হলো مَرْأَةٌ ও اِمْرَأَةٌ ; যেমনিভাবে اِمْرَأَةٌ এর বহুবচন এই শব্দ থেকে তৈরি হয় না তেমনিভাবে نِسَاءٌ وَ نِسْوَةٌ-এর একবচনও এ শব্দ থেকে তৈরি হয় না। শাব্দিক অর্থ নারী, মহিলা, রমণী। কিন্তু অবস্থার পরিপ্রেক্ষিতে কোথাও স্ত্রী কোথাও নিকটাত্মীয়া ইত্যাদি অর্থ করতে হবে।

قَطَّعْنَ : **তারা কেটে ফেলেছে**। সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ق . ط . ع) মাসদার اَلتَّقْطِيْعُ অর্থ– কর্তন করা; কাটা; টুকরা টুকরা করা।

عَلِيْمٌ : **সম্যক অবগত**। সীগাহ واحد مذكر اسم বহছ مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع . ل . م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

আয়াত : ৫১

مَا خَطْبُكُنَّ : **তোমাদের অবস্থা কি?** مَا প্রশ্নবোধক। خَطْبُ মুযাফ كُنَّ মুযাফ ইলাইহি।

رَاوَدْتُنَّ : **তোমরা (মহিলা) অসৎকর্ম কামনা করেছো**। তোমরা (মহিলা) ফুসলিয়েছো। সীগাহ جمع مؤنث غائب ; বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ر . و . د) মাসদার اَلْمُرَاوَدَةُ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুসলানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়।

مَا عَلِمْنَا : **আমরা জানিনা; আমরা দেখিনি**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع . ل . م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

اَلْاٰنَ : **এক্ষণে**। ظرف زمان ; مبنى على الضمة শুরুর আলিফ লামটি সম্পর্কে কেউ বলেন تَعْرِيْف এর জন্য কেউ বলেন অতিরিক্ত ও আবশ্যক।

حَصْحَصَ : **প্রকাশ হয়েছে**। সীগাহ واحدمذكر غائب বহছ ماضى معروف বাব فَعْلَلَةٌ মাসদার اَلْحَصْحَصَةُ অর্থ– প্রকাশ পাওয়া; স্পষ্ট হওয়া।

رَاوَدْتُّهُ : **আমি (মহিলা) তার নিকট অসৎকর্ম কামনা করেছি;** আমি (মহিলা) তাকে ফুসলিয়েছি। সীগাহ واحد متكلم ; বহছ ماضى معروف বাব مفاعلة মূলবর্ণ(ر . و . د) মাসদার مُرَاوَدَةٌ অর্থ– এমন কাজের প্রতি কাউকে ফুস্লানো, উদ্বুদ্ধ করা বা প্ররোচিত করা যার প্রতি সে আগ্রহী নয়।

اَلصّٰدِقِيْنَ : **সত্যবাদীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ص . د . ق) মাসদার صِدْقٌ অর্থ– সত্য বলা।

আয়াত : ৫২

لِيَعْلَمَ : **সে যেন জানতে পারে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معرف শুরুতে لام كى এর কারণে মানসূব হয়েছে। বাব سَمِعَ মূলবর্ণ (ع . ل . م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

لَمْ اَخُنْهُ : **আমি তার প্রতি বিশ্বাসঘাতকতা করিনি**। সগিাহ واحد متكلم বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ . و . ن) মাসদার اَلْخِيَانَةُ অর্থ– বিশ্বাসঘাতকতা করা। اَخُنْ মূলত اَخُوْنُ ছিল। لَمْ এর কারণে ن জযমবিশিষ্ট হয়েছে। এরপর نون ও واو এর মাঝে দুই সাকিন একত্র হওয়ার কারণে واو পড়ে গেছে। ه যমীর মাফউলে বিহী।

لَا يَهْدِىْ : **তিনি হিদায়েত করেন না**। সীগাহ واحد مذكرغائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه . د . ي) মাসদার هِدَايَةٌ অর্থ– সঠিক পথের সন্ধান দেওয়া; রাস্তা দেখানো।

كَيْدَ : **ষড়যন্ত্র**। ইসম ও মাসদার। ফন্দি; ষড়যন্ত্র; কৌশল। চক্রান্ত বা ষড়যন্ত্র কখনো উত্তম হয় আবার কখনো মন্দ। مَكْرٌ ও اِسْتِدْرَاجٌ-এর ন্যায় এর ব্যবহারও নিন্দনীয় অর্থে অধিক হয়ে থাকে। তবে প্রশংসনীয় অর্থেও ব্যবহার হয়। পবিত্র কুরআনে যেখানেই এ শব্দের ব্যবহার নিন্দনীয়ভাবে হয় তা দ্বারা নিন্দা উদ্দেশ্য। আর যেখানে নিন্দনীয় অর্থে নয় সেখানে প্রশংসা উদ্দেশ্য।

اَلْخَائِنِيْنَ : **বিশ্বাসঘাতকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ . و . ن) মাসদার اَلْخِيَانَةُ অর্থ– বিশাসঘাতকতা করা; খেয়ানত করা: প্রতারণা করা।

১৩ম পারা

আয়াত : ৫৩

مَا أُبَرِّئُ : **আমি নির্দোষ মনে করি না**। সীগাহ واحد متكلم বহছ نفي فعل مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ر ـ أ) মাসদার اَلتَّبْرِئَةُ অর্থ– নির্দোষ করা; পবিত্র করা।

اَلنَّفْسَ : **মন; নফস**। একবচন, বহুবচন– نفوس অর্থ– প্রান্ত; ব্যক্তি; অন্তর; প্রবৃত্তি।

أَمَّارَةٌ : **নির্দেশদাতা**। সীগাহ واحد مؤنث বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْأَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া।

مَا رَحِمَ رَبِّيْ : **যার উপর আমার প্রতিপালক দয়া করেন**। مَا মাউসূলাহ। رَحِمَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মাসদার اَلرَّحْمُ মূলবর্ণ (ر ـ ح ـ م) অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

اَلسُّوْءِ : **মন্দকর্ম**। ইসম। فُعْلٰى -এর ওজনে أَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। –(বিস্তারিত সূরা আন'আম, আয়াত : ১৫৭ দ্রষ্টব্য)

غَفُوْرٌ : **অতি ক্ষমাশীল**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা। দয়া করা।

رَحِيْمٌ : **পরম দয়ালু**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। বহুবচন رُحَمَاءُ ; رَحِيْمٌ আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। এর ব্যবহার আল্লাহ তা'আলা ব্যতীত অন্যদের ক্ষেত্রেও হয়ে থাকে। যেমন নবী করীম ﷺ সম্পর্কে বলা হয়েছে– رَءُوْفٌ رَّحِيْمٌ ; ইবনে মুবারক (র.) বলেন رَحْمٰن এমন সত্তা যার কাছে প্রার্থনা করা হলে তিনি দান করেন। আর رَحِيْم এমন সত্তা যার কাছে প্রার্থনা করা না হলে তিনি ক্রুদ্ধ হন।

আয়াত : ৫৪

اِئْتُوْنِيْ : **তোমরা আমার কাছে আনো**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْإِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। এর صلة হওয়ার কারণে অর্থ হবে আনা।

أَسْتَخْلِصْهُ : **আমি তাকে একান্ত সহচর নিযুক্ত করব**। আমি তাকে অন্তরঙ্গ বানিয়ে নিব। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اَلْإِسْتِخْلَاصُ অর্থ– অন্তরঙ্গ করা; একান্ত করা; খাঁটি করা।

كَلَّمَهُ : **সে তার সাথে কথা বলেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّكْلِيْمُ মূলবর্ণ (ك ـ ل ـ م) অর্থ– কথা বলা; আলাপ-আলোচনা করা।

لَدَيْنَا : **আমাদের নিকট**। لَدٰى ; ظرف مكان মুযাফ; نَا যমীর মুযাফ ইলাইহি। এটি যমীরের দিকে ইযাফতের সময় عَلٰى হরফে জার -এর ন্যায় হবে। যেমন– عَلٰى - لَدٰى - عَلَيْنَا - لَدَيْنَا ইত্যাদি।

مَكِيْنٌ : **মর্যাদাশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) জিনস اجوف واوى মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া; মর্যাদাবান হওয়া।

أَمِيْنٌ : **বিশ্বাসভাজন; বিশ্বস্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل আবার اسم مفعول ও হতে পারে। কারণ فَعِيْلٌ -এর ওজন উভয়ের জন্য যৌথ। ফাররা এটাকে اسم فاعل -এর অর্থ নিয়েছেন আর কতক ওলামা اسم مفعول -এর অর্থ নিয়েছেন। বাব كَرُمَ মাসদার اَلْأَمَانَةُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– বিশ্বস্ত হওয়া; আমানতদার হওয়া; আস্থাভাজন হওয়া।

আয়াত : ৫৫

اِجْعَلْنِيْ : **আমাকে নিযুক্ত করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; বানানো; নিযুক্ত করা।

خَزَائِنِ : **ধনভাণ্ডার**। বহুবচন; একবচন– خَزِيْنَةٌ ও خَزَانَةٌ অর্থ– ধনভাণ্ডার।

আয়াত : ৫৬

مَكَّنَّا : **আমি প্রতিষ্ঠিত করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّمْكِيْنُ মূলবর্ণ (م ـ ك ـ ن) অর্থ– প্রতিষ্ঠিত করা; দৃঢ় করা।

يَتَبَوَّأُ : **সে অবস্থান করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّبَوُّءُ মূলবর্ণ (ب ـ و ـ ب) অর্থ– অবস্থান করা; স্থান নির্ধারণ করা।

حَيْثُ يَشَاءُ : **সে যেখানে ইচ্ছা করে**। يشاء সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ أ ـ ى) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

نُصِيْبُ : **আমি পৌঁছে দেই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– পৌঁছে দেওয়া।

لَا نُضِيْعُ : **আমি নষ্ট করি না**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضَاعَةُ মূলবর্ণ (ض ـ ي ـ ع) অর্থ– নষ্ট করা; হারিয়ে ফেলা।

اَلْمُحْسِنِيْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সৎকর্ম করা; ফরজের চেয়ে অধিক আদায় করা; সর্বপ্রকার সৌন্দর্য সৃষ্টি করা। আমলের ক্ষেত্রে ইহসান দু'ভাবে হয়ে থাকে যথা–

১. কাউকে তার অধিকারের চেয়ে অধিক দেওয়া এবং নিজের অধিকার কম নেওয়া।

২. নিজের আমলের মধ্যে সৌন্দর্য সৃষ্টি করা। অর্থাৎ ফরজ ইবাদতের পর নফল, মোস্তাহাব ইত্যাদি আদায় করা। ইবাদতের ক্ষেত্রে اِحْسَانٌ-এর বিশ্লেষণ করা হয়েছে হাদীসে এভাবে যে, اَنْ تَعْبُدَ اللّٰهَ كَاَنَّكَ تَرَاهُ فَاِنْ لَّمْ تَكُنْ تَرَاهُ فَاِنَّهُ يَرَاكَ (তুমি এমনভাবে ইবাদত কর যে, তুমি আল্লাহকে দেখছ, যদি তুমি তাঁকে না দেখ তাহলে তিনি তোমাকে দেখছেন।)

আয়াত : ৫৭

كَانُوْا يَتَّقُوْنَ : **তারা ভয় করত**। সীগাহ جمع مذكر বহছ ماضى استمرارى معروف غائب বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা; সতর্ক হওয়া; আল্লাহভীতি অবলম্বন করা।

আয়াত : ৫৮

اِخْوَةُ : **ভ্রাতাগণ**। ইসম, মুযাফ। বহুবচন; একবচন– اَخٌ এমন ব্যক্তি যে জন্মগতভাবে পিতামাতা বা শুধু পিতা বা শুধু মাতা অথবা দুধ সম্পর্কের অংশীদার হয় তাকে اَخٌ বলা হয়। কিন্তু রূপকার্থে এমন যে কোনো ব্যক্তিকে বলা হয় যে গোত্র, ধর্ম, শিল্প, বন্ধুত্ব ইত্যাদির কারণে অংশীদার হয় তাকেও اَخٌ বলা হয়। اَخٌ শব্দটি যখন ياء متكلم ব্যতীত অন্য কোনো ইসমের প্রতি মুযাফ হয় তখন রফা অবস্থায় واو, নসব অবস্থায় الف এবং জর অবস্থায় ياء-এর সাথে লিখা হয়। যেমন– مَرَرْتُ بِاَخِيْكَ - رَاَيْتُ اَخَاكَ - جَاءَ اَخُوْكَ

يُوْسُفَ : **বিশিষ্ট নবী হযরত ইউসূফ (আ.)**। তিনি হযরত ইয়াকূব (আ.) -এর বারতম সন্তান ছিলেন, এবং একজন ব্যতীত সকলের ছোট ছিলেন। ভাইয়েরা মিলে তাকে কেনানের উপত্যকার একটি কূপে ফেলে দিয়েছিল। একটি কাফেলা সেখান দিয়ে যাওয়ার সময় কূপ থেকে তাকে তুলে নিয়ে মিশরের বাজারে বিক্রয় করে দিল। ক্রয় করলেন মিশরের বাদশা। তিনি এত সৌন্দর্যের অধিকারী ছিলেন যে, বাদশার স্ত্রী তার উপর আসক্ত হয়ে পড়েছিল। অপকর্মে লিপ্ত হওয়ার জন্য নানা ভাবে তাকে ফুসলিয়েছিল ও ভয়-ভীতি প্রদর্শন করেছিল। কিন্তু নিষ্পাপ নবী তার নীতি ও অবস্থান থেকে একবিন্দুও নড়েন নি। অবশেষে তাকে জেলে পাঠিয়ে দিল। দীর্ঘদিন যাবৎ জেলে থাকার পর সেখান থেকে মুক্তি পান। তার নিষ্পাপতা প্রকাশ পেল। পরবর্তীতে তাকে মিশরের প্রধানমন্ত্রী বানানো হয়েছিল। ঘটনার বিবরণ এ সূরায় বিবৃত রয়েছে।

فَدَخَلُوْا : **অতপর তারা প্রবেশ করল; উপস্থিত হলো**। ف হরফে জার। পবিত্র কুরআনে ২৩৬১ বারেরও অধিক স্থানে এসেছে। পবিত্র কুরআনে এটি বিভিন্ন অর্থের জন্য ব্যবহার হয়েছে।

১. عَاطِفَةٌ مَعَ تَرْتِيْبٍ : বাস্তবে বিষয়টি যেভাবে ছিল সেভাবে বর্ণনার জন্য। যেমন– ثُمَّ خَلَقْنَا النُّطْفَةَ

اِئْتُوْنِىْ : **তোমরা আমার নিকট নিয়ে এসো।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ي) অর্থ– আসা। এর صلة যদি باء হয় তখন অর্থ হয় নিয়ে আসা; আনা। نى নূনে বেকায়া ياء متكلم মাফঊলে বিহী।

اَلَا تَرَوْنَ : **তোমরা কি দেখছ না। শুরুর হামযাহ প্রশ্নবোধক।** لَا تَرَوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر ـ أ ـ ى) অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اُوْفِىْ : **আমি পূর্ণ করি।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْفَاءُ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– পূর্ণ করা। اِيْفَاءٌ মূলত اِوْفَاءٌ ছিল। পূর্বের সাথে সামঞ্জস্যতা রক্ষার জন্য واو -কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে।

اَلْكَيْلَ : **পরিমাপ; পরিমাণ।** একবচন, বহুবচন– اَكْيَالٌ বাব ضَرَبَ -এর মাসদার। অর্থ– মাপা; ওজন করা।

خَيْرُ الْمُنْزِلِيْنَ : **উত্তম অতিথিপরায়ণ।** اَلْمُنْزِلِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; অতিথিকে আপ্যায়নকারী। সাধারণত দূরের অতিথি সওয়ার হয়ে আসে এবং স্বাগতিক ব্যক্তি এসে তাকে নামায়। তাই স্বাগতিককে مُنْزِلٌ বলা হয়।

আয়াত : ৬০

قَدْ خَلَتْ : গত হয়েছে; অতিবাহিত হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى قريب معروف বাব نَصَرَ মাসদার اَلْخُلُوُّ মূলবর্ণ (خ ـ ل ـ و) জিনস ناقص يائى অর্থ– অতিবাহিত হওয়া; গত হওয়া; চলে যাওয়া।

اَلْمَثُلَاتُ : বহু দৃষ্টান্ত। শব্দটি جمع مؤنث এর এককবচন مُثْلَةٌ শিক্ষণীয় দৃষ্টান্ত। যে শাস্তি অন্যদেরকে অপরাধে জড়িত হওয়া থেকে বিরত রাখার ব্যাপারে দৃষ্টান্তে পরিণত হয় তাকে مُثْلَة বলা হয়। (খাযেন, রাগেব)

مَغْفِرَةٍ : ক্ষমা। মাসদার। বাব ضَرَبَ মূলবর্ণ(غ ـ ف ـ ر)

اَلْعِقَابِ : শাস্তি। বাব مُفَاعَلَة -এর মাসদার। ইমাম রাগেব লিখেছেন عِقَابٌ ও مُعَاقَبَةٌ - عُقُوْبَةٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য)

আয়াত : ৭

مُنْذِرٌ : ভীতিপ্রদর্শনকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ(ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ– ভীতি প্রদর্শন করা।

আয়াত : ৮

مَاتَحْمِلُ : সে যা গর্ভে ধারণ করে। ما মাওসূলাহ। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বোঝা চাপানো; গর্ভে ধারণ করা।

مَا تَغِيْضُ : যা কমে। مَا মাউসূলাহ। تغيض সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবণ (غ ـ ى ـ ض) জিনস اجوف يائى মাসদার اَلْغَيْضُ অর্থ– পানি হ্রাস পাওয়া; নিচে নেমে যাওয়া।

مَا تَزْدَادُ : যা বৃদ্ধি পায়। مَا মাউসূলাহ। تَزْدَادُ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلْاِزْدِيَادُ অর্থ– বৃদ্ধি করা।

আয়াত : ৯

اَلْمُتَعَالِ : সর্বোচ্চ মর্যাদাবান। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلتَّعَالِىُ অর্থ– সম্মানিত হওয়া; মর্যাদাবান হওয়া; উঁচু হওয়া। এটি আল্লাহ তা'আলার একটি গুণবাচক নাম।

আয়াত : ১০

اَسَرَّ : সে গোপন করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) অর্থ– গোপন করা; লুকানো।

جَهَرَ : সে তা প্রকাশ করেছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَهْرُ মূলবর্ণ (ج ـ ه ـ ر)অর্থ– প্রকাশ করা।

مُسْتَخْفٍ : আত্মগোপনকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِسْتِخْفَاءُ অর্থ– আত্মগোপন করা; লুকানো।

سَارِبٌ : প্রকাশ্যে বিচরণকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل; বহুবচন اَلسَّرْبُ অর্থ– অলিতে গলিতে বিচরণকারী; সম্মুখপানে গমনকারী।

আয়াত : ১১

مُعَقِّبٰتٌ : দিনে ও রাতে পালাক্রমে আগমনকারী প্রহরী ফেরেশতা। সীগাহ جمع مؤنث اسم বহছ فاعل একবচন مُعَقِّبٌ বাব تفعيل মাসদার اَلتَّعْقِيْبُ মূলবর্ণ (ع ـ ق ـ ب) অর্থ– পিছনে আসা।

لَا يُغَيِّرُ : তিনি পরিবর্তন করেন না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব تفعيل মূলবর্ণ (غ ـ ي ـ ر) জিনস اجوف يائى মাসদার اَلتَّغْيِيْرُ অর্থ– পরিবর্তন করা; বদলানো।

مَرَدَّ : ফিরিয়ে দেওয়া; পাল্টে দেওয়া; রদ করা। এটি اسم فعل

وَالٍ : অভিভাবক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ل ـ ى) মাসদার اَلْوِلَايَةُ অর্থ– অভিভাবক হওয়া।

আয়াত : ১২

خَوْفًا : আশঙ্কা; ভয়। বাব سَمِعَ -এর মাসদার। জিনস اجوف واوى

طَمَعًا : আশা; ভরসা। বাব سَمِعَ -এর মাসদার। অর্থ– লোভ করা; কামনা করা।

يُنْشِئُ : তিনি সৃষ্টি করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ش ـ أ) মাসদার اَلْاِنْشَاءُ অর্থ– সৃষ্টি করা।

اَلسَّحَابَ : মেঘ। মেঘে পানি হোক বা না হোক তাকে سَحَابَ বলা হয়। কখনও উপমাস্বরূপ ছায়া ও অন্ধকার উদ্দেশ্য নেওয়া হয়। যেমন– اَوْكَظُلُمٰتٍ فِىْ بَحْرٍ لُّجِّىٍّ يَّغْشٰهُ مَوْجٌ مِّنْ فَوْقِهٖ سَحَابٌ ; মূলত سَحْبٌ অর্থ– টানা। তা থেকেই سَحَابٌ উদ্ভূত হয়েছে। কারণ বাতাস তাকে টেনে নিয়ে বেড়ায়। অথবা এজন্য যে তা পানি বহন করে নিয়ে আসে অথবা এজন্য যে, তা নিজেই আকর্ষিত হয়ে চলে আসে। আরবি ভাষার ইমাম আসমায়ী লিখেছেন سَحَابٌ হলো اِسْم جِنْس جَمْعِىْ -এর একবচন سَحَابَةٌ শব্দটি পুং ও স্ত্রী, একবচন ও বহুবচন সর্বভাবে ব্যবহৃত হয়। ফরিদ ওয়াজদি লিখেছেন, শব্দের বিবেচনায় এর সিফত مفرد আসে। যেমন– وَالسَّحَابِ الْمُسَخَّرِ بَيْنَ السَّمَاۤءِ وَالْاَرْضِ আবার অর্থের বিবেচনায় বহুবচনও আনা হয়। যেমন– وَيُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ তেমনিভাবে পুংলিঙ্গের উদাহরণ হলো– وَالسَّحَابِ الْمُسَخَّرِ আর স্ত্রীলিঙ্গের উদাহরণ হলো حَتّٰى اَقَلَّتْ سَحَابًا ثِقَالًا লিসানুল আরবে রয়েছে سَحَابٌ - سُحُبٌ -এর বহুবচন, যা سَحَابَةٌ -এর বহুবচন। সুতরাং سُحُبٌ হলো جَمْعُ الْجَمْعِ

اَلثِّقَالَ : ঘন; ভারি। বহুবচন, একবচন– ثَقِيْلٌ

আয়াত : ১৩

اَلرَّعْدُ : বজ্রধ্বনি। গর্জনকারী; গর্জন। মূলত শব্দটি বাব فَتَحَ ও نَصَرَ থেকে মাসদার। যার অথ গর্জন করা। মেঘের গর্জনের জন্য ইসমরূপে ব্যবহার হয়। ইমাম বগভী মা'আলিমুতানযীলে লিখেছেন অধিকাংশ মুফাসসিরগণের মতে رَعْد হলো মেঘমালাকে হাঁকানোর দায়িত্বে নিয়োজিত ফেরেশতার নাম। হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত একটি হাদীসে রয়েছে, ইহুদিরা এসে হুযূর ﷺ -কে জিজ্ঞেস করল. বলুন তো رَعْد কি? উত্তরে তিনি বললেন মেঘ পরিচালনার দায়িত্বে নিয়োজিত ফেরেশতা। (আল ইতকান, খ. ২ পৃ. ১৪১)

خِيْفَةِ : ভয়। মাসদার।

اَلصَّوَاعِقَ : বজ্র। বিজলী। বহুবচন; একবচন– صَاعِقَةٌ

يُصِيْبُ : তিনি আঘাত করেন/আপতিত করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– পৌঁছা; আপতিত হওয়া; লক্ষ্যভেদ করা।

يُجَادِلُوْنَ : তারা বিতণ্ডা করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُجَادَلَةُ মূলবর্ণ (ج ـ د ـ ل) অর্থ– বিতর্ক করা।

شَدِيْدُ الْمِحَالِ : মহাশক্তিশালী। شَدِيْدٌ কঠোর। কঠিন। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ মাসদার اَلشِّدَّةُ মূলবর্ণ (ش ـ د ـ د) অর্থ– কঠিন হওয়া; কঠোর হওয়া। اَلْمِحَالِ কঠিনভাবে গ্রেফতারকারী; শাস্তি দেওয়ার জন্য গ্রেফতারকারী। شَدِيْدُ الْمِحَالِ এর বিভিন্ন অনুবাদ করা হয়েছে। কেউ বলেছেন গোপনে কৌশল অবলম্বনকারী। কামূস গ্রন্থকারের মতে প্রতারণা; কৌশল; শক্তি। দুঃখ; শাস্তি; শত্রুতা; প্রতিশোধ। কঠোরতা; ধ্বংস। কেউ কেউ বলেন, مِحَالٌ হলো مِحَالَةٌ -এর বহুবচন। যার অর্থ মেরুদণ্ডের হাড় অর্থাৎ শক্তি।

আয়াত : ১৪

لَا يَسْتَجِيْبُوْنَ : তারা ডাকে সাড়া দেয় না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَال মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ- ডাকে সাড়া দেওয়া; কবুল করা।

بَاسِطِ : প্রসারিতকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ س ـ ط) মাসদার اَلْبَسْطُ অর্থ- বিস্তৃত করা; প্রসারিত করা; প্রলম্বিত করা। এর ব্যবহার যখন হাতের সঙ্গে হয় তখন অর্থ হয়- হস্ত প্রসারিত করা তথা প্রার্থনা করা। যেমন- كَبَاسِطِ كَفَّيْهِ اِلَى الْمَاءِ لِيَبْلُغَ فَاهُ আবার কখনও এর অর্থ হয় হাত দ্বারা ধরা। কখনও মারা; হামলা করা।

لِيَبْلُغَ : সে পৌছবে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ- পৌছা।

فَاهُ : তার মুখ। فَا মুযাফ ، যমীর مضاف اليه ; (নসব অবস্থায়) শুধু فَاهُ অর্থও মুখ। তখন ، যমীর হবে না এবং নসব অবস্থায়ও হবে না। তদ্রূপভাবে، فَمٌ، فُوْهٌ أَفْوَاهٌ-বহুবচন। সবগুলোর অর্থও মুখ فَمٌ ও فُوْهَةٌ (কামূস, সিহাহ)

وَمَا هُوَ بِبَالِغِ : সে পৌছার নয়। সীগাহ بَالِغِ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلْبُلُوْغُ মূলবর্ণ (ب ـ ل ـ غ) অর্থ- পৌছা; উপনীত হওয়া; সাবালক হওয়া; পূর্ণতা লাভ করা।

আয়াত : ১৫

طَوْعًا : ইচ্ছাকৃত; অনুগত হয়ে। বাবে نَصَرَ-এর মাসদার। حال হওয়ার কারণে منصوب হয়েছে। এটি طَائِعِيْنَ অর্থে ব্যবহার হয়েছে।

كَرْهًا : অনিচ্ছাকৃতভাবে। অসন্তুষ্ট হয়ে। বাব سَمِعَ-এর মাসদার। حال হওয়ার কারণে মানসূব হয়েছে। كَارِهِيْنَ অর্থে ব্যবহৃত।

ظِلَالُ : সুশীতল ছায়া। ظِلٌّ এর বহুবচন। ইমাম রাগেব লিখেছেন اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ ظِلَالٍ (মুত্তাকীগণ ছায়ায় অবস্থান করবে) এখানে ظلال অর্থ সম্মান ও মর্যাদা। তেমনিভাবে وَاَزْوَاجُهُمْ فِىْ ظِلٰلِهِمْ আয়াতেও এই অর্থে ব্যবহৃত হয়েছে। চলমান (وَلِلّٰهِ يَسْجُدُ الخ) আয়াতের ব্যাখ্যায় ইমাম রাগেব হযরত হাসান বসরী (র.) থেকে একটি মর্মস্পর্শী বাণী সংযোজন করেছেন- اَمَّا ظِلُّكَ يَسْجُدُ لِلّٰهِ وَاَمَّا اَنْتَ فَتَكْفُرُ (তোমার ছায়া আল্লাহর সিজদা করে, পক্ষান্তরে তুমি কুফরি কর।) শাহ আব্দুল কাদির (র.) এই আয়াতের টীকায় লিখেছেন যে আল্লাহর উপর বিশ্বাস রাখে সে সন্তুষ্ট হয়ে আল্লাহর আদেশ পালন করে এবং আল্লাহর উপর যার বিশ্বাস নেই তার উপরও আল্লাহর হুকুম জারি আছে, তাদের ছায়া সকাল-সন্ধ্যা তার আনুগত্য করে যাচ্ছে। তাদের ছায়া যে জমিনের উপর লুটে পড়ে তাই তাদের সিজদা।

بِالْغُدُوِّ : প্রত্যুষে। সকালবেলা। সুবহে সাদিক ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়। (مَجْمَعُ الْبِحَارِ) দিনের প্রথম প্রহর। (মুফরাদাত) দিনের প্রথমভাগে চলা। (মাজমাউল বিহার) غَدَاةٌ এর বহুচন।

اَلْاٰصَالِ : সন্ধ্যাবেলা। (জুযাজ, আখফাশ, জওহারী) মুজ দুদ্দীন ফিরোজাবাদী বলেন, এটি اَصِيْل এর বহুবচন। ফাররা, আযহারী ও আবুবকর সিজির্সতানীর মতে এটি اَصِيْل এর বহুবচন আর اَصُل হলো اَصُل-এর বহুবচন। اَصِيْل সম্পর্কে জাওহারীর মত হলো আসর থেকে মাগরিব পর্যন্ত সময়কে اَصِيْل বলা হয়। সেমতে এটি جَمْعُ الْجَمْعِ তথা বহুবচনের বহুবচন।

আয়াত : ১৬

اِتَّخَذْتُمْ : তোমরা বানিয়েছ। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- বানানো; করা; অবলম্বন করা; গ্রহণ করা।

لَا يَمْلِكُوْنَ : তারা শক্তি রাখে না। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمِلْكُ মূলবর্ণ (م ـ ل ـ ك) অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা; মালিক হওয়া।

نَفْعًا : লাভ; উপকার। মাসদার, বাব فَتَحَ অর্থ- উপকার করা।

ضَرًّا : ক্ষতি। মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (ض ـ ر ـ ر) জিনস مضاعف ثلاثى অর্থ- ক্ষতি করা।

يَسْتَوِىْ : সমান। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَال মূলবর্ণ (س ـ و ـ ى) জিনস لفيف مقرون মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ- সমান হওয়া।

اَلْاَعْمٰى : অন্ধ। এটি عَمًى ; صفت مشبه থেকে।

اَلْبَصِيْرُ : দৃষ্টিসম্পন্ন; চক্ষুষ্মান। সীগাহ واحد বহছ صفت مشبه

شُرَكَاءَ : **শরিকগণ**। বহুবচন; একবচন– شَرِيْكٌ বাব ضَرَبَ মাসদার اَلشِّرْكَةُ অর্থ– শরিক করা; অংশগ্রহণ করা।

تَشَابَهَ : **সদৃশ মনে হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلٌ মাসদার اَلتَّشَابُهُ মূলবর্ণ (ش ـ ب ـ ه) অর্থ– সদৃশ হওয়া; মিলে যাওয়া।

اَلْقَهَّارُ : **প্রবল প্রতাপশালী**। মুবালাগার সীগাহ। এমন প্রবল প্রতাপশালী যার তুলনায় সকলেই তুচ্ছ ও নগণ্য। বাব فَتَحَ ; মাসদার اَلْقَهْرُ অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া।

আয়াত : ১৭

فَسَالَتْ : **অতঃপর তা প্লাবিত হলো/প্রবাহিত হলো**। ف হরফে আত্‌ফ। সালত সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّيْلَانُ মূলবর্ণ (س ـ ي ـ ل) অর্থ– প্রবাহিত হওয়া।

اَوْدِيَةٌ : **উপত্যকাসমূহ/ নালাসমূহ**। বহুবচন, একবচন– وادى অর্থ– উপত্যকা; পাহাড়ের পাদদেশের বিস্তীর্ণ ভূমি।

بِقَدَرِهَا : **পরিমাণ মতো**। با - حرف جر ; قدر মুযাফ ها যমীর মুযাফ ইলাইহি। নালাসমূহ পরিমাণ মতো বা জমিনের প্রয়োজন মতো প্রবাহিত হয়।

اِحْتَمَلَ : **সে বহন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف ; বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِحْتِمَالُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ– বহন করা।

سَيْلٌ : **বন্যা; ঢল; প্লাবন**। একবচন। বহুবচন– سُيُوْلٌ ; আবার বাব ضَرَبَ এর মাসদার। প্রবাহিত হওয়া। তবে পবিত্র কুরআনে এটি ইসম হিসেবেই ব্যবহৃত হয়েছে।

زَبَدًا : **আবর্জনা**। একবচন; বহুবচন– اَزْبَادٌ অর্থ পানি ইত্যাদির উপর ভাসমান ফেনা, –(ময়লা, আবর্জনা)

رَابِيًا : **ভাসমান; উপরিভাগ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ب ـ و) মাসদার اَلرِّبَاءُ ও اَلرُّبُوُّ অর্থ– বেড়ে উঠা; ফুলে উঠা।

يُوْقِدُوْنَ : **তারা প্রজ্বলিত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْقَادُ মূলবর্ণ (و ـ ق ـ د) অর্থ– প্রজ্বলন করা; আগুন জ্বালানো।

اِبْتِغَاءَ : **উদ্দেশ্যে। প্রত্যাশা করা; চাওয়া**। মাসদার, বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– কামনা করা; অন্বেষণ করা; তালাশ করা; অনুসন্ধান করা।

حِلْيَةٍ : **অলংকার**। একবচন, বহুবচন– حُلِيٌّ

مَتَاعٍ : **সুখ-সম্ভোগ**। ইসম ও নাকেরা। একবচন, বহুবচন– اَمْتِعَةٌ নির্দিষ্ট সময় পরিমাণ উপকৃত হওয়া; যে সম্পদ দ্বারা উপকৃত হওয়া যায় তাকে مَتَاعٍ বলা হয়। (সূরা বাক্বারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য)

جُفَاءً : **আবর্জনা**। অকেজো। ফেনা ও আবর্জনা যা নালীতে প্রবাহের সাথে এসে উভয় প্রান্তে জমে যায়। অথবা হাঁড়িতে ফেনার সাথে উপরে এসে লেগে থাকে। এটি ইসম।

يَمْكُثُ : **তা থেকে যায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْمُكْثُ মূলবর্ণ (م ـ ك ـ ث) অর্থ– অবস্থান করা; স্থায়ী হওয়া।

আয়াত : ১৮

اِسْتَجَابُوْا : **তারা আহ্বানে সাড়া দিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার (ج ـ و ـ ب) মূলবর্ণ اَلْاِسْتِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া।

اَلْحُسْنٰى : **মঙ্গল; উত্তম**। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل

لَافْتَدَوْا : **তারা মুক্তিপণস্বরূপ দেয়**। لام তাকীদের জন্য। اِفْتَدَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব افتعال মূলবর্ণ (ف ـ د ـ ى) জিনস ناقص يائى মাসদার اَلْاِفْتِدَاءُ অর্থ– মুক্তিপণ দেওয়া; ফিদিয়া দেওয়া।

مَأْوٰهُمْ : **তাদের আবাসস্থল**। اسم ظرف ও বাব ضرب - এর মাসদার। অর্থ– অবস্থান করা; বসবাস করা। আবাসস্থল; ঠিকানা। এর صلة যদি الى আসে তখন অর্থ হবে আশ্রয় গ্রহণ করা; অবস্থান করা। আর যদি صلة লাম আসে তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা। যেমন اَوٰى لَهٗ সে তার প্রতি দয়া করেছে। (রাগেব) اَلْمَاْوٰى আলিফ-লাম সহ পবিত্র কুরআনে তিন স্থানে এসেছে। প্রতি স্থানেই মাসদারী অর্থে আর যেখানে ইযাফতের সাথে এসেছে সেখানে ظرفى অর্থে ব্যবহার হয়েছে। هم যমীর মুযাফ ইলাইহি।

بِئْسَ الْمِهَادُ : **নিকৃষ্ট আশ্রয়স্থল**। بِئْسَ হলো فعل ذم ; اَلْمِهَادُ অর্থ– বিছানা। উদ্দেশ্য হলো ঠিকানা; নিবাস; আশ্রয়স্থল।

আয়াত : ১৯

يَتَذَكَّرُ : **উপদেশ গ্রহণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلْ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- উপদেশ গ্রহণ করা।

আয়াত : ২০

يُوفُوْنَ : তারা পূর্ণ করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ف ـ ى) জিনস لفيف مقرون মাসদার اَلْاِيْفَاءُ অর্থ- পূর্ণ করা; প্রতিশ্রুতি রক্ষা করা।

لَايَنْقُضُوْنَ : **তারা চুক্তি ভংগ করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّقْضُ মূলবর্ণ (ن ـ ق ـ ض) অর্থ- চুক্তি ভঙ্গ করা; প্রতিশ্রুতি লঙ্ঘন করা।

اَلْمِيْثَاقَ : **প্রতিশ্রুতি**। একবচন, বহুবচন- مَوَاثِيْقُ- مَيَاثِيْقُ

আয়াত : ২১

يَصِلُوْنَ : **তারা অক্ষুণ্ন রাখে**। সীগাহ جمع مذكر غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلصِّلَةُ ও اَلْوَصْلُ মূলবর্ণ (و ـ ص ـ ل) জিনস مثال واوى অর্থ- পৌঁছা; সংযুক্ত হওয়া; মিলিত হওয়া; জোড়া দেওয়া।

يَخْشَوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَشْيُ ও اَلْخَشْيَةُ মূলবর্ণ (خ ـ ش ـ ى) অর্থ- আশঙ্কা করা; ভয় করা।

يَخَافُوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ- ভয় করা।

আয়াত : ২২

اِبْتِغَاءَ : **কামনায়**। প্রত্যাশা করা; চাওয়া। মাসদার, বাব افتعال মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ- কামনা করা; অন্বেষণ করা; তালাশ করা; অনুসন্ধান করা।

سِرًّا : গোপনে। বহুবচন- اَسْرَارٌ

عَلَانِيَةً : **প্রকাশ্যে**। বাব ضَرَبَ -এর মাসদার। যার অর্থ প্রকাশ করা; জাহির করা। (কামূস) কিন্তু মিসবাহে রয়েছে এটি ইসম। ইমাম রাগেব লিখেছেন عَلَانِيَةً টি سِرٌّ -এর বিপরীতার্থক শব্দ। এর অর্থ অধিকাংশ অর্থে হয়। اَعْيَان এর মধ্যে এটি ব্যবহার হয় না।

يَدْرَؤُوْنَ : **তারা দূরীভূত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلدَّرْءُ মূলবণ (د ـ ر ـ أ) অর্থ- দূর কর; প্রতিহত করা।

عُقْبَى الدَّارِ : **শুভ পরিণাম**।

আয়াত : ২৩

ذُرِّيَّاتِ : **বংশধর; সন্তানসন্ততি**। বহুবচন, একবচন- ذُرِّيَّةٌ অপর বহুবচন হলো ذَرَارِىُّ অর্থ- বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য)

আয়াত : ২৪

نِعْمَ : **কতই না উত্তম!** এটি فعل مدح বা প্রশংসাবাচক ক্রিয়া। নাহুবিদগণ বলেন. যেভাবে بئس হলো فعل ذم তেমনিভাবে نِعْمَ হলো فعل مدح ; কিন্তু نِعْمَتْ ও نِعْمَ (ماضى) ব্যতীত ماضى বা مضارع -এর অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না। আর পবিত্র কুরআনে তো نِعْمَتْ ও আসে নি। যা হোক নাহুবিদদের পরিভাষায় نِعْمَ ফে'ল। ইমাম রাগেব লিখেছেন نِعْمَ -এর উৎসস্থল نِعْمَ বা نِعْمَةٌ ;

আয়াত : ২৫

لَعْنَةً : **লা'নত; অভিশম্পাত**। একবচন, বহুবচন- لِعَانٌ - لِعْنَاتٌ অর্থ- অভিশাপ দেওয়া।

سُوْءُ الدَّارِ : **মন্দ আবাস; পরকালে অশুভ পরিণতি**। سُوْءٌ ইসম। فُعْلَى -এর ওজনে اَسْوَأُ -এর স্ত্রীলিঙ্গ। যেমনিভাবে পুণ্যের জন্য حُسْنَى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন এটি বিপদ ও রোগ-ব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন- سُوْءٌ হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মান-মর্যাদা ও ধন-সম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধু-বান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়।

পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে, যা ইমাম সুয়ূতী (র.) বিশদভাবে বর্ণনা করেছেন। اَلدَّارُ অর্থ- গৃহ; আবাস। বহুবচন- دِيَارٌ

আয়াত : ২৬

يَبْسُطُ : **তিনি প্রশস্ত করে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْبَسْطُ মূলবর্ণ (ب ـ س ـ ط) অর্থ- প্রশস্ত করা; বিস্তৃত করা।

يَقْدِرُ : **তিনি সঙ্কুচিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَدْرُ মূলবর্ণ (ق ـ د ـ ر) অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা। জীবিকা সংকীর্ণ করা। এখানে শেষ অর্থ উদ্দেশ্য।

আয়াত : ২৭

اَنَابَ : **সে অভিমুখী হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنَابَةُ মূলবর্ণ (ن ـ و ـ ب) অর্থ- ফিরে আসা; প্রত্যাবর্তন করা।

আয়াত : ২৮

تَطْمَئِنُّ : **সে প্রশান্তি লাভ করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব اِفْعِلَّالٌ মূলবর্ণ (ط ـ م ـ ن) মাসদার اَلْاِطْمِيْنَانُ অর্থ- প্রশান্তি লাভ করা; নিশ্চিন্ত হওয়া। শুরুতে لام كى আসার কারণে مضارع মানসূব হয়েছে।

اُمَمٌ : **জাতিসমূহ**। বহুবচন, একবচন- اُمَّةٌ অর্থ- উম্মত; দল; সম্প্রদায়। সময়; পন্থা; দীন। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৪ দ্রষ্টব্য)

تَتْلُوْا : **তুমি তেলাওয়াত করবে/ পাঠ করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) জিনস ناقص يائى অর্থ- তেলাওয়াত করা; পাঠ করা; বর্ণনা করা; অনুসরণ করা।

আয়াত : ২৯

طُوْبٰى : **পরম আনন্দ**। আল্লামা মাহমূদ আলূসী (রা.) বলেন- طُوْبٰى শব্দটি বাব ضَرَبَ -এর মাসদার। আবুল হাসান হিনায়ী বলেন, এটি طَيِّبَةٌ (পবিত্র, উত্তম) -এর বহুবচন। এর অর্থ সম্পর্কে বিভিন্ন মতামত রয়েছে। হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, এর অর্থ আনন্দ ও চোখের শীতলতা। যাহহাক বলেন, ঈর্ষান্বিত বস্তু। কাতাদাহ বলেন, সৌন্দর্য, প্রচুর কল্যাণ ও সম্মান-মর্যাদা। ইবন আজলান বলেন,. চির কল্যাণ। মোটকথা সকল অর্থের সারকথা হলো সুখ-সাচ্ছন্দ্যময় জীবন। হযরত ইবনে আব্বাস (রা.) -এর অপর একটি বর্ণনামতে طُوْبٰى হলো হাবশী ভাষায় একটি জান্নাতের নাম। এটাও বলা হয় যে, হিন্দী ভাষায় এর অর্থ জান্নাত। আল্লামা কুরতুবী (র.) বলেন, সঠিক কথা হলো طُوْبٰى হলো জান্নাতের একটি বৃক্ষের নাম। কারণ একটি সহীহ হাদীসে রয়েছে এক গ্রাম্য লোক হুযূর ﷺ -এর দরবারে এসে জিজ্ঞেস করল ইয়া রাসূলুল্লাহ! জান্নাতে কোনো ফল থাকবে কি না? উত্তরে তিনি বলেন, হ্যাঁ জান্নাতে একটি বৃক্ষ আছে যার নাম طُوْبٰى (রূহুল মা'আনী খ. ১৩ পৃ. ১৩৫, মিশর থেকে প্রকাশিত)

حُسْنُ مَاٰبٍ : **শুভ পরিণাম**। مَاٰبٍ মাসদারও হতে পারে আবার ظرف زمان و مكان ও হতে পারে। অর্থাৎ প্রত্যাবর্তন করা; প্রত্যাবর্তনস্থল। اَوْبٌ و اِيَابٌ ও মাসদার রয়েছে। ইমাম রাগেব বলেন, اَوْبٌ হলো কোনো ইচ্ছাশক্তিসম্পন্ন প্রাণীর প্রত্যাবর্তন করা। আর رُجُوْعٌ -এর মধ্যে ইচ্ছার কোনো অর্থ নেই। -(খাযেন ও জালালাইন)

আয়াত : ৩০

مَتَابِ : **প্রত্যাবর্তন**। মূলত مَتَابِىْ ছিল। مَتَابِ মুযাফ ى যমীর واحد متكلم মুযাফ ইলাইহি। ى কে বিলুপ্ত করা হয়েছে। আমার প্রত্যাবর্তন। مَتَابِ হলো বাব نَصَرَ -এর মাসদার। অর্থ- খাঁটি তওবা করা।

আয়াত : ৩১

قُرْاٰنَ : **কুরআন**। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআনে নেই। কুরআনের নামকরণের ব্যাপারে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। কারো মতে قَرْءٌ থেকে قُرْاٰن শব্দ গঠন করা হয়েছে। যার অর্থ জমা করা; একত্র করা। কুরআন অন্যান্য সকল আসমানি কিতাবের সমষ্টি বরং ইমাম রাগেব তো আগে বেড়ে বলেছেন সকল ইলমের সমষ্টি। আবূ উবায়দা বলেন, সকল সূরার সমষ্টি। মোটকথা কুরআন নামকরণের কারণ সম্পর্কে জমা হওয়ার বিষয়টিকেই গুরুত্ব দিয়েছেন। প্রফেসর আব্দুর রউফ বলেছেন, নামকরণের এ কারণটি সঠিক

নয়। কারণ কুরআন নামটি সর্বপ্রথম এসেছে সূরা মুজ্জাম্মিলে। যা অবতীর্ণ হওয়ার দিক থেকে তৃতীয় সূরা। তখন না সূরাসমূহের সমষ্টি ছিল না পর্ববর্তী কিতাবসমূহের সংক্ষিপ্তসার। বরং কুরআনকে কুরআন বলার কারণ শুধুমাত্র قِرَأة তথা পাঠ ও তেলাওয়াত। নামাজে, দীনি মাহফিলে, মাদরাসায় ও অনুষ্ঠান ইত্যাদিতে পাঠ করা হয় তাই কুরআনকে কুরআন বলা হয়। তাছাড়া اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ (মুজামুল কুরআন) এখানেও স্পষ্ট যে কুরআন জমা করা ও কুরআন তেলাওয়াত দু'টি ভিন্ন জিনিস। কুরআনের কিছু অংশ মক্কী আর কিছু অংশ মাদানী। ৪র্থ হিজরি ১৭-ই রমজান পর্যন্ত অবতীর্ণ অংশকে মক্কী বলা হয়। তার পরবর্তী সময়ে অবতীর্ণ অংশকে মাদানী বলা হয়। কুরআনের আয়াত সংখ্যা ৬২৩৬ মোট শব্দ ৭৬৪৪০ মোট বর্ণসংখ্যা ৩২৩৬৭১টি। কুরআনে যেহেতু পূর্ণাঙ্গ জীবন বিধান এবং সম্পূর্ণ জীবনের পাঠ তাই তাতে জীবনের সকল প্রয়োজনাবলি সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে।

কুরআনকে বলা হয়েছে تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ তাই মানবজীবনের সুস্পষ্ট দিক সামনে রেখে কুরআনের বিষয়বস্তু আট প্রকার পরিলক্ষিত হয়।

১. **আকাইদ** : তথা একত্ববাদ, রিসালাত, মালাইকা, কিয়ামত ইত্যাদির উপর ঈমান আনা।
২. **দীনি বিধিবিধান** : যেমন নামাজ, রোজা, হজ, জাকাত ইত্যাদি বিষয়ের আলোচনা।
৩. **চারিত্রিক বিধিবিধান** : সত্যতা, ন্যায়বিচার, অনুগ্রহ, দয়া, দানশীলতা, কাউকে কষ্ট না দেওয়া ইত্যাদি।
৪. ইহকালীন ও পরকালীন প্রতিশ্রুতি, অঙ্গীকার, ভীতিপ্রদর্শন ইত্যাদি।
৫. কুরআনের মাধ্যমে চ্যালেঞ্জ গ্রহণ ও তর্ক-বিতর্ক ইত্যাদি।
৬. পূর্ববর্তী উম্মতের ঘটনাবলি থেকে শিক্ষাগ্রহণ।
৭. উপদেশ, আদেশ-নিষেধ, ভালোবাসা, প্রজ্ঞা, জাতির উন্নতি ও অগ্রগতির নিয়মাবলি।
৮. আইন প্রণয়ন। আইন প্রণয়নের চারটি অংশ রয়েছে।
ক. রাজনৈতিক ও প্রশাসনিক। যেমন শাসককে মান্য করা, প্রতিশ্রুতি, চুক্তি ইত্যাদি পূর্ণ করা।
খ. ফৌজদারী দণ্ডবিধি, হুদূদ ও কিসাস ইত্যাদি।
গ. সংস্কৃতি ও সামাজিকতার বিধিবিধান। যেমন সুদ, উত্তরাধিকা, অসিয়ত, ঋণ, ইত্যাদির বিধান।
ঘ. যুদ্ধের নিয়ম কানুন। যুদ্ধের জন্য প্রস্তুতি, যুদ্ধাস্ত্র সরবরাহ, সামরিক গোপন তথ্য-উপাত্ত সংরক্ষণ। সন্ধি ও সন্ধি রক্ষা, বন্দী বিনিময়, গুপ্তচরদের ব্যাপারে সতর্কতা, শত্রুদের সাথে লেনদেনের ব্যাপারের নিষেধাজ্ঞা ইত্যাদি।

سُيِّرَتْ : **চলমান করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْيِيْرُ মূলবর্ণ (س ـ ي ـ ر) অর্থ- চালানো; দেওয়ানো। ইমাম রাগেব লিখেছেন تَسْيِيْر দু'প্রকার।
১. যা চলমান ব্যক্তির নির্দেশ ও ইচ্ছায় হয়। যেমন هُوَ الَّذِيْ يُسَيِّرُكُمْ (যিনি তোমাদেরকে চালান)
২. যা বাধ্য করা দ্বারা হয়। যেমন পাহাড়সমূহকে চালানো। আল্লাহর বাণী- وَاِذَا الْجِبَالُ سُيِّرَتْ (যখন পাহাড়সমূহকে চালানো হবে)।

قُطِّعَتْ : **বিদীর্ণ করা হতো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْطِيْعُ মূলবর্ণ (ق ـ ط ـ ع) অর্থ- কেটে টুকরা টুকরা করা।

اَفَلَمْ يَيْئَسِ : **তাদের কি প্রত্যয় হয় নি?** শুরুর أ টি প্রশ্নবোধকের জন্য। ف হরফে আতফ। لم يايئس সীগাহ واحد مذكر غائب বহছ نفي جحد بلم در فعل مستقبل معروف বাব سَمِعَ মাসদার اَلْيَأْسُ মূলবর্ণ (ي ـ أ ـ س) জিনস مثال ও مهموز عين يائى অর্থ- নিরাশ হওয়া; আশাহত হওয়া।

صَنَعُوْا : **তারা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ ن ـ ع) মাসদার اَلصُّنْعُ অর্থ- বানানো; করা।

قَارِعَةٌ : **বিপর্যয়; কিয়ামত দিবস**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বহুবচন قَوَارِعُ ও قَارِعَاتٌ অর্থ- বিপদ, দুর্ঘটনা; আকস্মিক আপতিত বিপদ। বাব فتح মূলবর্ণ (ق ـ ر ـ ع) যার অর্থ হলো করাঘাত করা। যেমন বলা হয় قَرَعَ الْبَابَ (সে দরজায় করাঘাত করেছে।) সে হিসেবে قَارِعَةٌ অর্থ হলো করাঘাতকারী। কিয়ামত যেহেতু আকস্মিক আপতিত বিপদ তাই কিয়ামতের অপর নাম হলো قَارِعَةٌ

تَحُلُّ : **আপতিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ل ـ ل) মাসদার اَلْحُلُوْلُ অর্থ- অবতীর্ণ হওয়া; অবধারিত হওয়া; আপতিত হওয়া।

اَلْمِيْعَادَ : **প্রতিশ্রুতি**। ইসমে মাসদার। মানসূব।

আয়াত : ৩২

قَد اسْتُهْزِئَ : ঠাট্টা-বিদ্রূপ করা হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى قريب مجهول বাব إِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِهْزَاءُ মূলবর্ণ (ه ـ ز ـ و) জিনস ناقص يائى অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

اَمْلَيْتُ : আমি অবকাশ দিয়েছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (م ـ ل ـ و) মাসদার إِمْلَاءٌ অর্থ– অবকাশ দেওয়া; ঢিল দেওয়া।

اَلْعِقَابِ : শাস্তি। বাব مُفَاعَلَةٌ-এর মাসদার। ইমাম রাগেব লিখেছেন عِقَابٌ ও مُعَاقَبَةٌ - عُقُوبَةٌ এ তিনটিই শাস্তির জন্য নির্দিষ্ট। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৯৬ দ্রষ্টব্য)

আয়াত : ৩৩

قَائِمٌ : পর্যবেক্ষক/দণ্ডায়মান। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনস اجوف واوى অর্থ– দণ্ডায়মান হওয়া; প্রতিষ্ঠিত হওয়া।

سَمُّوهُمْ : তোমরা তাদের পরিচয় দাও, তোমরা নাম বল। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّسْمِيَةُ মূলবর্ণ معروف (س ـ م ـ و) জিনস ناقص يائى অর্থ– নামকরণ করা; নাম রাখা। هم যমীর মাফউলে বিহী।

تُنَبِّئُوْنَهُ : তুমি তাকে সংবাদ দিবে। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف ; ه যমীর মাফউল। বাব تَفْعِيْلٌ মূলবণ (ن ـ ب ـ أ) জিনস مهموز لام মাসদার اَلتَّنْبِئَةُ অর্থ– সতর্ক করা; সংবাদ দেওয়া।

مَكْرُ : ষড়যন্ত্র করা; চক্রান্ত করা; কৌশল অবলম্বন করা। মাসদার; বাব نَصَرَ ।

صُدُّوا : তাদেরকে নিবৃত্ত করা হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– নিবৃত্ত করা; বাধাপ্রদান করা; বিরত রাখা।

هَادٍ : পথপ্রদর্শক। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথের সন্ধান দেওয়া।

আয়াত : ৩৪

اَشَقُّ : কঠিনতর। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ق ـ ق) জিনস مضاعف মাসদার اَلشَّقُّ অর্থ– কষ্ট দেওয়া; কঠিন হওয়া, দুঃখ দেওয়া।

وَاقٍ : রক্ষাকারী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْوِقَايَةُ ও اَلْوَقْىُ অর্থ– রক্ষা করা; হেফাজত করা।

আয়াত : ৩৫

دَائِمٌ : চিরস্থায়ী। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د ـ و ـ م) জিনস اجوف واوى মাসদার اَلدَّوَامُ অর্থ– চিরস্থায়ী হওয়া।

ظِلٌّ : ছায়া। একবচন; বহুবচন– ظِلَالٌ ।

عُقْبَى : কর্মফল; পরিমাণ। কাজের ফল বা বদলাকে عُقْبَى বলা হয়। এটা اَلْمُعَاقَبَةُ মাসদার হতে গঠিত। অর্থ– পিছে আসা।

আয়াত : ৩৬

يَفْرَحُوْنَ : তারা উৎফুল্ল বোধ করে; আনন্দ পায়। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ف ـ ر ـ ح) মাসদার اَلْفَرَحُ অর্থ– আনন্দিত হওয়া; খুশি হওয়া।

اَلْاَحْزَابِ : সম্মিলিত বাহিনী। حِزْبٌ-এর বহুবচন। জামাত; দল; বাহিনী।

يُنْكِرُ : অস্বীকার করে। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِنْكَارُ মূলবর্ণ (ن ـ ك ـ ر) অর্থ– অস্বীকার করা; অন্তর থেকে হোক বা মুখ দ্বারা হোক।

اُمِرْتُ : আমি আদিষ্ট হয়েছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (ا ـ م ـ ر) অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ করা। হুকুম দেওয়া।

আয়াত : ৩৭

اَهْوَاءَ : প্রবৃত্তি; খেয়াল-খুশি। বহুবচন, একবচন– هَوًى অর্থ– কামনা; বাসনা; আবেগ; প্রেম; ভালবাসা।

আয়াত : ৩৮

اَجَلٍ : কাল; সময়। বহুবচন– اٰجَالٌ

আয়াত : ৩৯

يَمْحُوْا : তিনি অপসারিত করেন; নিশ্চিহ্ন করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف

বাব نصر মূলবর্ণ (م ـ ح ـ و) জিনস ناقص واوى মাসদার اَلْمَحْوُ নিশ্চিহ্ন করা; অপসারিত করা। বাব سمع থেকে এলে মাসদার হবে اَلْمَحْىُ তবে অর্থ হবে একই।

يُثْبِتُ : **তিনি স্থির করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تفعيل মাসদার اَلتَّثْبِيْتُ মূলবর্ণ (ث ـ ب ـ ت) অর্থ— স্থির করা; সুদৃঢ় করা; মজবুত করা।

اُمُّ الْكِتَابِ : **উম্মুল কিতাব; লওহে মাহফূজ; কিতাবের মূল**। اُمُّ মুযাফ اَلْكِتَابِ মুযাফ ইলাইহি। পবিত্র কুরআন বরং সকল আসমানি কিতাবের আয়াতসমূহ দু'প্রকার।

১. যার অর্থ সম্পূর্ণ স্পষ্ট। তাতে কোনো ধরনের অস্পষ্টতা নেই। যাকে مُحْكَمَاتٌ বলা হয়।

২. যার অর্থ বুঝতে কিছুটা অস্পষ্টতা রয়েছে। যাকে مُتَشَابِهٰتٌ বলা হয়। প্রথম প্রকার আয়াতগুলো মূলত কিতাবের সমগ্র শিক্ষার মূল। তাই পবিত্র কুরআন তাকে اُمُّ الْكِتَابِ নামে অভিহিত করেছে। তেমনিভাবে لَوْح مَحْفُوْظ যেহেতু সকল জ্ঞান-বিজ্ঞানের উৎসমূল এবং সকল জ্ঞান-বিজ্ঞান তার দিকেই সম্পৃক্ত এবং সেখান থেকেই উৎসারিত। তাই তাকেও اُمُّ الْكِتَابِ বলা হয়েছে।

نُرِيَنَّكَ : **আমি তোমাকে দেখাবো**। نري সীগাহ جمع متكلم বহছ مضارع معروف بانون تاكيد ثقيلة বাব اِفْعَال মূলবর্ণ (ر ـ أ ـ ى) জিনস মুরাক্কাব مهموز عين ও ناقص يائى মাসদার اَلْاِرَاءَةُ অর্থ— দেখানো; প্রত্যক্ষ করানো।

نَعِدُهُمْ : **আমি তাদেরকে প্রতিশ্রুতি প্রদান করি**। نعد সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَعْدُ মূলবর্ণ (و ـ ع ـ د) অর্থ— অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া।

نَتَوَفَّيَنَّكَ : **আমি তোমাকে মৃত্যু ঘটাই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّى মূলবর্ণ (و ـ ف ـ ي) অর্থ— মৃত্যু দান করা; পূর্ণ করা। ك যমীর মাফউলে বিহী।

بَلَاغٌ : **প্রচার করা। বার্তা;**। মাসদার, অর্থ পৌছানো। বাব نصر এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৪১

نَأْتِى : **আমি আনছি/ নিয়ে আসব/ উপস্থিত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ— আসা। এর সিলা باء এলে অর্থ হয় নিয়ে আসা।

نَنْقُصُهَا : **আমি তা সঙ্কুচিত করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّقْصُ মূলবর্ণ (ن ـ ق ـ ص) অর্থ— হ্রাস করা; সঙ্কুচিত করা।

اَطْرَافِ : **চতুর্দিক; দিকসমূহ**। বহুবচন; একবচন— طرف অর্থ— প্রান্ত; কিনারা; অংশ।

سَرِيْعُ : **দ্রুত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; فَعِيْلٌ-এর ওজনে فاعل অর্থে। বাব فَتَحَ মাসদার اَلسُّرْعَةُ মূলবর্ণ (س ـ ر ـ ع) অর্থ— দ্রুত করা; ত্বরা করা। আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ হওয়ার অর্থ হলো তার হিসাব নেওয়া অনিবার্যভাবে সাব্যস্ত হবে।

مُعَقِّبَ : **রদকারী; প্রত্যাখ্যানকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْقِيْبُ মূলর্বণ (ع ـ ق ـ ب) অর্থ— প্রতিহত করা; প্রত্যাখ্যান করা।

আয়াত : ৪২

مَكَرَ : **সে চক্রান্ত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ (م ـ ك ـ ر) অর্থ— প্রতারণা করা; চক্রান্ত করা।

تَكْسِبُ : **সে অর্জন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ— উপার্জন করা; অর্জন করা; সম্পাদন করা।

كُفَّارُ : **কাফেরগণ; প্রত্যাখ্যানকারীগণ**। মুবালাগার সীগাহ; বাব ضَرَبَ মাসদার اَلْكُفْرُ، اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ— অস্বীকার করা; কুফরি করা; অকৃতজ্ঞ হওয়া; লুকানো; গোপন করা। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪১ দ্রষ্টব্য)

আয়াত : ৪৩

مُرْسَلًا : **প্রেরিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ— প্রেরণ করা।

كَفٰى : **তা যথেষ্ট**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ك ـ ف ـ ى) মাসদার اَلْكِفَايَةُ অর্থ— যথেষ্ট হওয়া। যা প্রয়োজন পূরণ করে।

সূরা ইবরাহীম : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৪৩, রুকূ' : ৬

আয়াত : ১

الٓرٰ : **আলিফ, লাম, রা**। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য, যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের মতামত। ইমাম কুরতুবী খলিফা চতুষ্টয় ও ইবনে মাসউদ প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ (এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন।) [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : الم দ্রষ্টব্য]

اَنْزَلْنَاهُ : **আমি এটা অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

لِتُخْرِجَ : **যেন তুমি বের করে আনতে পার**। শুরুর لام -টি لام كَىْ যার কারণে تُخْرِجَ ফেলটি মানসূব হয়েছে। সীগাহ تخرج সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ– বের করা; বহিষ্কার করা।

আয়াত : ২

وَيْلٌ : **দুর্ভোগ। ইসমে মারফু**। ধ্বংস; শাস্তি; জাহান্নামের একটি উপত্যকা; শাস্তির তীব্রতা। وَيْلٌ -এর আরো অনেকগুলো অর্থ রয়েছে। যেমন– অনিষ্টতায় প্রবেশ করা; ব্যথিত করা; বিপদগ্রস্ত বানানো। এ সকল অর্থে وَيْلٌ হলো মাসদার। অনুশোচনা; কঠোরতা; ধমকস্বরূপ বাক্য; শাস্তির বাক্য; শাস্তি; শাস্তির তীব্রতা; জাহান্নামের একটি কূপ বা দরজার নাম; অনুশোচনার বাক্য। وَيْلٌ ও وَيْلَةٌ -এর ইযাফত যদি যমীরের দিকে হয় তখন غَيْب - خطاب ও متكلم -এর আলামত পরিবর্তন হতে থাকে এবং وَيْلٌ সর্বদা নসব অবস্থায় থাকে। তবে ياء متكلم -এর দিকে ইযাফত হলে আবশ্যিকভাবে وَيْلٌ কে যের দেওয়া হয়।

আয়াত : ৩

يَسْتَحِبُّوْنَ : **তারা ভালোবাসে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِحْبَابُ মূলবর্ণ (ح ـ ب ـ ب) অর্থ– ভালোবাসা; পছন্দ করা।

يَصُدُّوْنَ : **তারা নিবৃত্ত করে;** বাধাপ্রদান করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلصَّدُّ মূলবর্ণ (ص ـ د ـ د) অর্থ– নিবৃত্ত করা; বিরত রাখা; প্রতিরোধ করা।

يَبْغُوْنَهَا : **তারা তা কামনা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْبَغْىُ মূলবর্ণ (ب ـ غ ـ ى) অর্থ– কামনা করা; চাওয়া; ইচ্ছা করা। يَبْغُوْنَ শব্দটি মূলত يَبْغِيُوْنَ ছিল। যের এর পরে ياء -এর উপর পেশ পড়া কঠিন। তাই ياء -এর পূর্বের হরফের হরকত দূর করে ياء -এর হরকত তার পূর্বের হরফে দেওয়া হয়েছে। এখন واو ও ياء -এর মধ্যে দুই সাকিন একত্র হওয়ায় ইয়া পড়ে গেছে। এভাবে তালীল হয়ে يَبْغُوْنَ হয়েছে।

عِوَجًا : **বক্রতা**। বাব سَمِعَ -এর মাসদার। যার অর্থ– বাঁকা হওয়া; বক্রতা। আরবি ভাষাবিদ আবূ যায়েদ বলেন যে বক্রতা চোখ দ্বারা দেখা যায় তার জন্য عَوَج (بِفَتْحِ الْعَيْنِ) আসে। আর যে বক্রতা চক্ষু দ্বারা নয়; বরং জ্ঞানবুদ্ধি ও অন্তর দ্বারা বুঝা যায় তার জন্য عِوَج (بِكَسْرِ الْعَيْنِ) আসে। এখানে এ অর্থই উদ্দেশ্য।

আয়াত : ৪

اَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

لِيُبَيِّنَ : **পরিষ্কারভাবে ব্যাখ্যা করার জন্য**। শুরুর ل টি لام كى বহছ واحد مذكر غائب সীগাহ يبين ; লাম কী মাসদার التَّبْيِيْنُ বাব تَفْعِيْل মাসদার مضارع معروف মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ- স্পষ্ট করে বর্ণনা করা; ব্যাখ্যা-বিশ্লেষণ করা।

فَيُضِلُّ : **তিনি বিভ্রান্ত করেন; পথভ্রষ্ট করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব إِفْعَال মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার الْإِضْلَالُ অর্থ- বিভ্রান্ত করা; বিপথগামী করা; পথভ্রষ্ট করা।

مَنْ يَّشَاءُ : **তিনি যাকে ইচ্ছা করেন**। مَنْ ইসমে মাউসূল। يشاء সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ى ـ أ) মাসদার الْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা।

يَهْدِيْ : **তিনি সৎপথে পরিচালিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার الْهِدَايَةُ অর্থ- সৎপথে পরিচালিত করা; হেদায়েত দেওয়া।

আয়াত : ৫

أَخْرِجْ : **তুমি বের করে আন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব إِفْعَال মাসদার الْإِخْرَاجُ মূলবর্ণ (خ ـ ر ـ ج) অর্থ- বের করা; বহিষ্কার করা।

ذَكِّرْهُمْ : **তুমি তাদেরকে উপদেশ দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার التَّذْكِيْرُ অর্থ- উপদেশ দেওয়া।

أَيَّامِ اللّٰهِ : **আল্লাহর দিবসসমূহ**। أَيَّام মুযাফ اللّٰه মুযাফ ইলাইহি। বহুবচন; একবচন- يَوْمٌ ; আরবি বাগধারায় أَيَّام বলতে যুদ্ধ-বিগ্রহ সম্বলিত অতীত ইতিহাসকেও বুঝায়। এখানে ঐ সকল দিবস উদ্দেশ্য যাতে জাতিসমূহের উত্থান-পতন, জয়-পরাজয় ইত্যাদি সংঘটিত হয়েছিল অথবা ঐ সমস্ত দিন উদ্দেশ্য, যাতে ইসরাঈলীরা মিসরে বন্দী অবস্থায় ভীষণ বিপদে দিন অতিবাহিত করেছিল এবং আল্লাহ নিজ অনুগ্রহে তাদেরকে রক্ষা করেছিলেন। আবার কারো মতে أَيَّام দ্বারা উদ্দেশ্য হলো ঐ দিন যেদিন আল্লাহ তা'আলা অপরাধীদেরকে শাস্তি দিবেন এবং বাধ্যগত বান্দাদেরকে পুরস্কার ও সম্মানে ভূষিত করবেন। হযরত উবাই ইবনে কা'ব (র.) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ ﷺ أَيَّام اللّٰه-এর ব্যাখ্যা করেছেন, আল্লাহর নিয়ামত ও অনুগ্রহ।

صَبَّارٍ : **পরম ধৈর্যশীল**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার الصَّبْرُ অর্থ- ধৈর্যধারণ করা; সহ্য করা।

شَكُوْرٍ : **পরম কৃতজ্ঞ**। সিফাতের সীগাহ। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য সমানভাবে ব্যবহার হয়। এটি আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। এটি যখন আল্লাহর সিফাত হিসেবে ব্যবহার হয় তখন এর অর্থ হয় তিনি সামান্য কাজে অধিক প্রতিদান দাতা।

আয়াত : ৬

اُذْكُرُوْا : **তোমরা স্মরণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার الذِّكْرُ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ- স্মরণ করা।

نِعْمَةَ : **অনুগ্রহ**। একবচন; বহুবচন- نِعَمٌ

اَنْجَاكُمْ : **তিনি তোমাদেরকে রক্ষা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَال মূলবর্ণ (ن ـ ج ـ و) মাসদার الْإِنْجَاءُ অর্থ- মুক্তি দেওয়া; রক্ষা করা। كم যমীর মাফউলে বিহী।

يَسُوْمُوْنَكُمْ : **তারা তোমাদেরকে শাস্তি দিত**। সীগাহ جمع مذكرغائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ م) মাসদার السَّوْمُ যার অর্থ হলো কোনো কিছুর অন্বেষণে যাওয়া। এ অর্থের মধ্যে দু'টি জিনিস রয়েছে। ১. যাওয়া। ২. অন্বেষণ। কখনও শুধুমাত্র দ্বিতীয় অংশ উদ্দেশ্য হয়। যেমন- يَسُوْمُوْنَكُمْ سُوْءَ الْعَذَابِ তারা তোমাদেরকে কঠিন শাস্তি দিতে চাইত, বা শাস্তি অন্বেষণ করত। বিক্রয়কালে বিক্রেতা ক্রেতা থেকে মূল্য চায়। এ কারণে سَوْم অর্থ মূল্য হয়ে গেছে। বলা হয়- سُمْتُ الْاِبِلَ فِى الْمَرْعٰى আমি উটকে চারণভূমিতে পাঠিয়ে দিয়েছি। অপর আয়াতে রয়েছে- شَجَرٌ فِيْهِ تُسِيْمُوْنَ [তোমরা উট চরাও বা চরতে পাঠাও।]

يُذَبِّحُوْنَ : **তারা জবাই করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার التَّذْبِيْحُ মূলবর্ণ (ذ ـ ب ـ ح) অর্থ- জবাই করা।

يَسْتَحْيُوْنَ : **তারা জীবিত রাখত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ى ـ ى) মাসদার الْاِسْتِحْيَاءُ অর্থ– জীবিত রাখা।

بَلَاءٌ : **পরীক্ষা**। মাসদার। এর মাযীর সীগাহ যখন বাব سَمِعَ থেকে আসে তখন অর্থ হয় পুরাতন হওয়া। আর যখন বাব نَصَرَ থেকে আসে তখন অর্থ হয় পরীক্ষা; যাচাই বাছাই। আল্লাহ তা'আলা বান্দাদেরকে কখনও সচ্ছলতা দিয়ে পরীক্ষা করেন যেন বান্দা কৃতজ্ঞ হয়। আবার কখনও কষ্ট, সংকীর্ণতা ও বিপদাপদ দিয়ে পরীক্ষা করেন, যেন তারা ধৈর্যশীল হয়। আল্লাহ বলেন– وَنَبْلُوْكُمْ بِالشَّرِّ وَالْخَيْرِ فِتْنَةً [আমি বান্দাদেরকে অকল্যাণ ও কল্যাণ দিয়ে পরীক্ষা করি] হযরত আলী (র.) বলেন– مَنْ وُسِّعَ عَلَيْهِ دُنْيَاهُ وَلَمْ يَعْلَمْ اَنَّهُ قَدْ مُكِرَ بِهِ فَهُوَ مَخْدُوْعٌ عَنْ عَقْلِهِ [যার দুনিয়ার জীবনকে প্রশস্ত করা হয়েছে আর সে জানে না যে, এটা তার জন্য পরীক্ষাস্বরূপ তাহলে সে নির্বোধ] কুরআনের আয়াত– وَفِىْ ذٰلِكُمْ بَلَاءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ [এতে রয়েছে তোমাদের প্রতিপালকের পক্ষ থেকে মহাপরীক্ষা] এখানে নিয়ামত ও কষ্ট উভয় প্রকার পরীক্ষার কথাই রয়েছে। ফেরাউনের কবল থেকে মুক্তি দেওয়া হলো নিয়ামত আর বালকদেরকে হত্যা করা এবং কন্যাদেরকে জীবিত রাখা এটা ছিল কষ্ট।

আয়াত : ৭

تَأَذَّنَ : **তিনি ঘোষণা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّأَذُّنُ মূলবর্ণ (أ ـ ذ ـ ن) অর্থ– ঘোষণা করা।

لَئِنْ شَكَرْتُمْ : **যদি তোমরা কৃতজ্ঞ হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা। ইমাম রাগেব (র.) লিখেছেন, নিয়ামতের কল্পনা এবং তা প্রকাশ করাকে شُكْر বলা হয়। এটি كَشْر -এর পরিবর্তিত রূপ। যার অর্থ খোলা। كُفْر -এর বিপরীত শব্দ, যার অর্থ নিয়ামতকে ভুলানো এবং তা গোপন করা। دَابَّةٌ شَكُوْرٌ ঐ পশুকে বলা হয় যা তারা হৃষ্টপুষ্টতা দ্বারা মালিকের তত্ত্বাবধানের পরিচয় দেয়। আবার কারো মতে শব্দটির মূল হলো عين شُكْرَى পানিপূর্ণ ঝরনা। এ হিসেবে স্বীয় অনুগ্রহকারীর আলোচনায় সময় পূর্ণ হওয়াকে شُكْر বলা হয়।

لَاَزِيْدَنَّكُمْ : **অবশ্যই আমি তোমাদেরকে অধিক দেব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون ثقيلة در فعل مستقبل معروف كم ; تاكيد যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী। বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– অধিক করা।

وَلَئِنْ كَفَرْتُمْ : **আর যদি তোমরা অকৃতজ্ঞতা কর**। সীগাহ كَفَرْتُمْ বহছ جمع مذكر حاضر ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرَانُ ও اَلْكُفْرُ অর্থ– অকৃতজ্ঞত করা।

আয়াত : ৯

اَلَمْ يَأْتِكُمْ : **তোমাদের নিকট কি আসে নি?** শুরুর হামযাহ প্রশ্নবোধক। لَمْ يَأْتِ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। كُمْ যমীর جمع مذكر حاضر মাফউলে বিহী।

لَا يَعْلَمُهُمْ : **সে তাদের বিষয় জানে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

نَبَأٌ : **সংবাদ**। একবচন, বহুবচন– اَنْبَاءٌ ; نَبَأَةٌ অর্থ– মৃদু ধ্বনি। কুকুরের ধ্বনি। نَبِىٌّ আল্লাহর নবী; পয়গাম্বর; উচ্চস্তর; উন্মুক্ত পথ; স্থানান্তরকারী। نُبُوَّةٌ নবুয়তি। نَابِى উচ্চস্থান। نَبُوَّةٌ ও نَبَأٌ উঁচু হওয়া; প্রকাশ পাওয়া। শব্দ করা; সংবাদ দেওয়া। স্থানান্তরিত হওয়া। বাব فتح ; اِنْبَاءٌ বাব اِفْعَالٌ ও تَنْبِئَةٌ বাব تَفْعِيْلٌ সংবাদ দেওয়া; সতর্ক করা। مُنَابَاةٌ একে অপর থেকে দূরে সরে যাওয়া। প্রতিবেশীত্ব ত্যাগ করা। تَنَبُّؤٌ [বাব تَفَعُّلٌ] নবুয়তের দাবি করা। اِسْتِنْبَاءٌ [বাব اِسْتِفْعَالٌ] অনুসন্ধান করা; খোঁজ লাগানো।

جَاءَتْهُمْ : **সে তাদের কাছে আসবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা।

فَرَدُّوا : তারা প্রত্যাবর্তন করল। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرَّدُّ মূলবর্ণ (ر ـ د ـ د) অর্থ– প্রত্যাবর্তন করা।

اَفْوَاهِهِمْ : তাদের মুখ। اَفْوَاه অর্থ– মুখ; বহুবচন। একবচন–فَمٌ ; আর هم যমীর মুযাফ ইলাইহি।

كَفَرْنَا : আমরা কুফরি করি; অস্বীকার করি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অস্বীকার করা; কুফরি করা।

اُرْسِلْتُمْ : তোমরা প্রেরিত হয়েছে। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ –প্রেরণ করা।

تَدْعُوْنَنَا : তোমরা আমাদেরকে আহ্বান কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

مُرِيْبٍ : বিভ্রান্তিকর। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ى ـ ب) মাসদার اَلرَّيْبُ অর্থ– সংশয়ে ফেলা; বিভ্রান্ত করা।

আয়াত : ১০

شَكٌّ : সন্দেহ। এবকচন; বহুবচন– شُكُوْكٌ

فَاطِرِ : সৃষ্টিকর্তা। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ ط ـ ر) মাসদার اَلْفَطْرُ অর্থ– বিদীর্ণ করা। সৃষ্টি করা।

لِيَغْفِرَ : পাপ মার্জনা করার জন্য। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَغْفِرَةُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ– ক্ষমা করা।

يُؤَخِّرَكُمْ : তোমাদেরকে অবকাশ দিবেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلتَّاخِيْرُ অর্থ– বিলম্ব করা; অবকাশ দেওয়া।

تُرِيْدُوْنَ : তোমরা ইচ্ছা কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

تَصُدُّوْنَا : তোমরা বিরত রাখ। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصَّدُّ অর্থ– বিরত রাখা; প্রতিবন্ধকতা সৃষ্টি করা; নিবৃত্ত করা। মূলত تَصُدُّوْنَنَا ছিল। শুরুতে ان -এর কারণে نون পড়ে গেছে। اعرابى

فَاْتُوْنَا : তোমরা উপস্থিত কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এরপরে بـاء আসার কারণে অর্থ হবে আনা; উপস্থিত করা।

আয়াত : ১১

قَالَتْ : সে বলল। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

يَمُنُّ : তিনি অনুগ্রহ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (م ـ ن ـ ن) অর্থ– অনুগ্রহ করা; সদাচরণ করা; ইহসান করা।

يَشَاءُ : তিনি ইচ্ছা করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

نَأْتِيَكُمْ : তোমাদের নিকট উপস্থিত করব। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা। এর পরে بـاء আসার কারণে অর্থ হবে আনা; উপস্থিত করা।

سُلْطَانٍ : সনদ; দলিল। শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য। তাজুল উরূসে রয়েছে سُلْطَان অর্থ দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনও এর অর্থ হয় মু'জিযা। যেমন– اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ [মু'জিযা] সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰن দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [আরো দেখুন সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

আয়াত : ১২

سُبُلَنَا : **আমাদের পথ**। سَبِيْلٌ -এর বহুবচন। সরল সহজ ঐ রাস্তা যার মাধ্যমে অন্যত্র পৌছা যায়, তাকে سَبِيْل বলা হয়।

هَدَانَا : **তিনি আমাদেরকে পথপ্রদর্শন করেছেন**। সীগাহ ماضى معروف বহছ واحد مذكر غائب বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথপ্রদর্শন করা; হেদায়েত

لَنَصْبِرَنَّ : **আমরা অবশ্যই ধৈর্যধারণ করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ– ধৈর্যধারণ করা।

اٰذَيْتُمُوْنَا : **তোমরা আমাকে কষ্ট দিয়েছ**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْذَاءُ মূলবর্ণ (أ ـ ذ ـ ى) অর্থ– ক্লেশ দেওয়া; কষ্ট দেওয়া।

فَلْيَتَوَكَّلِ : **নির্ভর করা উচিৎ**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা।

আয়াত : ১৩

لَنُخْرِجَنَّكُمْ : **আমি তোমদেরকে বহিস্কৃত করব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বহিস্কার করা; বের করা।

لَتَعُوْدُنَّ : **নিশ্চয় তোমরা ফিরে আসবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মাসদার اَلْعَوْدُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

فِىْ مِلَّتِنَا : **আমাদের ধর্মাদর্শে**। فِىْ হরফে جر ; مِلَّةٌ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। مِلَّةٌ একবচন, বহুবচন– مِلَلٌ ; ইমাম রাগেব (র.) মুফরাদাতুল কুরআনে লিখেছেন– ملة ও دِيْن -এর ন্যায় এমন জীবন-বিধানের নাম যা আল্লাহ বান্দাদের জন্য নির্ধারণ করেছেন, যেন তাঁরা তার উপর চলে আল্লাহর নৈকট্য অর্জন করতে পারে। এ জীবনবিধান নবীগণের মাধ্যমে বান্দাদের পর্যন্ত পৌছেছে। তিনি مِلَّة ও دِيْن -এর মধ্যে পার্থক্য বর্ণনা করেছেন যে, مِلَّة শব্দের ইযাফত শুধুমাত্র নবীগণের দিকে হয়ে থাকে। নবী ব্যতীত অন্য কারো প্রতি এমনকি আল্লাহর প্রতিও হয় না। তাই مِلَّةُ زَيْدٍ বা مِلَّةُ اللّٰهِ বলা যাবে না। তবে دِيْن শব্দটি ব্যাপক। তার ইযাফত সকলের প্রতিই হতে পারে। তাই دِيْنُ اللّٰه - دِيْنُ الْاَنْبِيَاءِ এবং دِيْنُ زَيْدٍ বলা যাবে।

اَوْحٰى : **তিনি ওহী প্রেরণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (و ـ ح ـ ى) মাসদার اَلْاِيْحَاءُ অর্থ– ওহী প্রেরণ করা; প্রত্যাদেশ করা।

لَنُهْلِكَنَّ : **আমি অবশ্যই ধ্বংস করব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; বিনাশ করা।

আয়াত : ১৪

لَنُسْكِنَنَّ : **আমি তোমাদেরকে প্রতিষ্ঠিত করবই**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ك ـ ن) মাসদার اَلْاِسْكَانُ অর্থ– অবস্থান করানো; প্রতিষ্ঠিত করা।

خَافَ : **সে ভয় করল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مطلق معروف বাব نَصَرَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা।

مَقَامِىْ : **আমার [সম্মুখে] দণ্ডায়মান**। مَقَامِ সীগাহ واحد বহছ ظرف مكان বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) জিনস اجوف واوى অর্থ– দাঁড়ানো; অবস্থান করা।

وَعِيْدِ : **শাস্তি**। মুযাফ ي যমীর واحد متكلم উহ্য মুযাফ ইলাইহি।

আয়াত : ১৫

اِسْتَفْتَحُوْا : **তারা বিজয় কামনা করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَال মাসদার اَلْاِسْتِفْتَاحُ মূলবর্ণ (ف . ت . ح) অর্থ– বিজয় কামনা করা।

خَابَ : **সে ব্যর্থ মনোরথ হওয়া**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَيْبَةُ মূলবর্ণ (خ . ي . ب) অর্থ– ব্যর্থ হওয়া; বিফল হওয়া।

جَبَّارٍ : **স্বৈরাচারী, উদ্ধত**। এটি বাব نَصَرَ-এর মাসদার جَبْرٌ থেকে মুবালাগার সীগাহ। ভাষাবিদদের বর্ণনামতে جَبْر-এর মূল অর্থ কোনো বস্তুকে জোরপূর্বক সংশোধন করা। তবে এর ব্যবহার শুধুমাত্র সংশোধন করার জন্যও হয়ে থাকে। جَبَّار বলা হয় স্বৈরাচারীকে। এ অর্থে এটি নিন্দনীয়। কখনও جَبَّار ঐ ব্যক্তিকেও বলা হয় যার অন্যের উপর বল প্রয়োগের ক্ষমতা রয়েছে। যেমন– وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ [তাদের উপর তোমার কোনো জোর নেই; ক্ষমতা নেই] আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের মধ্যে যে جَبَّار রয়েছে। যেমন– اَلْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ এ ব্যাপারে দু'টি অভিমত রয়েছে। যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় অনুগ্রহের ঝরনাপ্রবাহে সকলের অবস্থার সংশোধন করে দেন এবং তাদের ঘাটতিসমূহ পূরণ করে দেন তাই তাকে جَبَّار বলা হয়। অর্থাৎ ক্রটি পূর্ণকারী; অবস্থার সংশোধনকারী। আরবরা বলে جَبَرْتُ الْفَقِيْرَ আমি দরিদ্রের অবস্থা সংশোধন করে দিয়েছি; তাকে ধনী বানিয়ে দিয়েছি। দ্বিতীয়ত যেহেতু আল্লাহ তা'আলা স্বীয় ইচ্ছা দ্বারা সকলকে বাধ্য করে দেন, তাই তাঁর নাম جَبَّار রাখা সমীচীন হয়েছে। ইমাম বায়হাকী মুহাম্মদ ইবনে কা'ব থেকে বর্ণনা করেন– اِنَّمَا سُمِّىَ الْجَبَّارُ لِاَنَّهُ يَجْبُرُ الْخَلْقَ عَلٰى مَا اَرَادَ জাব্বার নামকরণ এ জন্য হয়েছে যে তিনি স্বীয় ইচ্ছানুযায়ী বান্দাদেরকে বাধ্য করেন।

আল্লামা খাযেন বাগদাদী বলেন جَبَّار শব্দটি আল্লাহর সত্তার জন্য প্রশংসনীয় গুণ এবং মানুষের জন্য নিন্দনীয় গুণ।

عَنِيْدٍ : **উদ্ধত; হঠকারী**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব كَرُمَ ও نَصَرَ মূলবর্ণ (ع . ن . د) মাসদার اَلْعُنُوْدُ অর্থ– বিচ্যুত হওয়া; সরে যাওয়া; স্বৈরাচারী হওয়া।

আয়াত : ১৬

مِنْ وَّرَائِهٖ : **তার পরিণামে; তার পরে**। আল্লামা বায়যাবী (র.) উল্লেখ করেছেন যে, وَرَاء মূলত মাসদার যাকে ظرف হিসেবে ব্যবহার করা হয়। এর ইযাফত فاعل-এর দিকেও হয় আবার مفعول-এর দিকেও হয়। প্রথম অবস্থায় উদ্দেশ্য হয় গোপনকারী বস্তু। অর্থাৎ যার আড়ালে কোনো কিছু হয়। বাহ্যত তখন ঐ বস্তুটি আগে হবে এবং গোপন ব্যক্তি পিছনে হবে। আর দ্বিতীয় অবস্থায় এর বিপরীত। অর্থাৎ ব্যক্তিটি আগে হবে এবং বস্তুটি পিছনে হবে। এ কারণেই وراء-এর অর্থ আগে ও পিছে উভয়টিই হয়। উল্লেখ্য وراء-এর আরো একটি অর্থ হলো "এতদ্ভিন্ন; ছাড়া; ব্যতীত"। কারণ এর মূল অর্থ হলো আড়াল; পার্থক্যকারী। সুতরাং কোনো কিছু আগে বা পিছনে হওয়া অথবা ছাড়া বা ব্যতীত হওয়া পার্থক্য ও সীমানাকেই বুঝায়। এ কারণেই এটি এ সকল অর্থেই ব্যবহৃত হয়।

يُسْقٰى : **তাকে পান করানো হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلسَّقْىُ মূলবর্ণ (س . ق . ى) অর্থ– পান করানো; পরিতৃপ্ত করা।

صَدِيْدٍ : **গলিত পুঁজ**।

আয়াত : ১৭

يَتَجَرَّعُهٗ : **সে অতিকষ্টে একেক ঢোঁক করে গলাধঃকরণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّل মাসদার اَلتَّجَرُّعُ মূলবর্ণ (ج . ر . ع) অর্থ– ঢোক ঢোক করে পান করা। বাব تَفْعِيْل থেকে تَجْرِيْع অর্থ কাউকে ক্রোধ বা কোনো কিছু পান করানো। বাব اِفْتِعَال থেকে اَلْاِجْتِرَاعُ অর্থ– কাউকে পানিতে ডুবানো।

لَا يَكَادُ يُسِيْغُهٗ : **তা গলাধঃকরণ করা প্রায় সহজ হবে না**। لَا يَكَادُ সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف এটি যদিও افعال تامة-এর অন্তর্ভুক্ত, কিন্তু ব্যবহারে এর পরে একটি অন্য কোনো فعل অবশ্যই হবে। যেমন– كَادَ اَنْ يَقُوْمَ সে দাঁড়ানোর উপক্রম হয়েছিল। كاد এটি اَفْعَال مُقَارَبَة-এর একটি। যা فعل مضارع-এর উপর প্রবেশ করে। এর পরে ان খুব কমই আসে। ইমাম

খবর- كاد এর- شعر রাগেবের মতে ব্যতীত অন্যত্র ان-এ আসেই না। كاد হাঁবাচক হিসেবে উল্লেখ হলে বুঝতে হবে যে, এর পরের فعل টি সংঘটিত হয়নি। অবশ্য সংঘটিত হওয়ার কাছাকাছি ছিল। যেমন- كَادَ يَزِيْغُ قُلُوْبُهُمْ [তাদের অন্তর বাঁকা হয়নি; তবে বক্রতার উপক্রম হয়েছিল।] আর নাবাচক হিসেবে উল্লেখ হলে বুঝতে হবে যে, তার পরবর্তী فعل টি সংঘটিত হয়েছে। তবে সংঘটিত না হওয়ার উপক্রম ছিল। যেমন- مَا كَادُوْا يَفْعَلُوْنَ তারা [গরু জবাই] করে ফেলেছে; কিন্তু জবাই না করার কাছাকাছি ছিল। [মুফাসসাল]

يأتى : يَأْتِيْهِ الْمَوْتُ : **তার নিকট আসবে মৃত্যুযন্ত্রণা**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা।

غَلِيْظٌ : **কঠোর**। সীগাহ واحد বহছ صفت مشبه বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (غ - ل - ظ) মাসদার اَلْغِلَاظَةُ ও اَلْغِلْظَةُ অর্থ- গাঢ় হওয়া; রূঢ় হওয়া; কঠোর হওয়া; শক্ত হওয়া।

আয়াত : ১৮

رَمَادٍ : كَرَمَادٍ : **ভস্মসদৃশ**। ك হরফে জর তাশবীহের জন্য। অর্থ- ভস্ম; ছাই। বহুবচন- اَرْمِدَةٌ

اِشْتَدَّتْ : **তা প্রচণ্ড হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَال মাসদার اَلْاِشْتِدَادُ মূলবর্ণ (ش - د - د) অর্থ- কঠোর হওয়া; প্রচণ্ড হওয়া।

عَاصِفٍ : **প্রবল বাতাস; ঝড়**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ع - ص - ف) মাসদার اَلْعَصْفُ অর্থ- ঘূর্ণিঝড় আসা; তুফান আসা। ইমাম রাগেব লিখেছেন رِيْحٌ عَاصِفٌ বলা হয় এমন বাতাসকে যা বস্তুসমূহকে ভেঙ্গে ভুসিতে পরিণত করে দেয়। কারণ عَصْفٌ অর্থ হলো ভুসি।

لَا يَقْدِرُوْنَ : **তারা সক্ষম হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق - د - ر) মাসদার اَلْقَدْرُ অর্থ- সক্ষম হওয়া; শক্তি রাখা।

كَسَبُوْا : **তারা উপার্জন করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك - س - ب) মাসদার اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা।

আয়াত : ১৯

يَشَأْ : اِنْ يَشَأْ : **যদি তিনি ইচ্ছা করেন**। اِنْ হরফে শর্ত। সীগাহ واحد مذكر غائب যা হরফে শর্ত দ্বারা مجزوم হয়েছে। বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش - ى - أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ- ইচ্ছা করা।

يُذْهِبْكُمْ : **তোমাদের অস্তিত্ব বিলোপ করবেন**। সীগাহ واحد مذكر غائب ; যা جزاء- এর স্থলে হওয়ার কারণে মাজযূম হয়েছে। বহছ مضارع معروف বাব اِفْعَال মূলবর্ণ (ذ - ه - ب) মাসদার اَلْاِذْهَابُ অর্থ- নিয়ে যাওয়া; অর্থাৎ ধ্বংস করা; অস্তিত্ব বিলোপ করা।

يَأْتِ : **তিনি অস্তিত্বে আনবেন**। সীগাহ واحد مذكر غائب ; যা جزاء- এর স্থলে হয়েছে। বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা। কিন্তু এর صلة যদি باء আসে তখন অর্থ নিয়ে আসা; আনা।

بِخَلْقٍ جَدِيْدٍ : **নতুন সৃষ্টি**। ب হরফে জর। خَلْقٍ বাব نَصَرَ- এর মাসদার, যা اسم مفعول তথা مخلوق অর্থে ব্যবহৃত হয়েছে। اَلْجَدِيْدُ অর্থ- নতুন।

আয়াত : ২০

عَزِيْزٍ : **কঠিন**। শব্দটির আরো অনেক অর্থ রয়েছে। যেমন প্রবল; শক্তিশালী; সম্মানিত। ইমাম রাগেব লিখেছেন عَزِيْز হলো এমন সত্তা যিনি বিজয়ী হন কখনও পরাজিত হন না। এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। যুজাজ এর অর্থ করেছেন এমন শক্তিশালী যার উপর কোনো কিছু প্রবল হতে পারে না। কেউ এর অর্থ করেছেন এমন শক্তিশালী যে সকলের উপর প্রবল হয়। আবার কেউ বলেছেন عَزِيْز হলো এমন সত্তা যার দৃষ্টান্ত নেই; অতুলনীয়। -[বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৯ দ্রষ্টব্য]

আয়াত : ২১

بَـرَزُوْا : **তারা সকলে উপস্থিত হবে**। সীগাহ جـمـع مذكـر غـائـب বহছ مـاضـي معـروف বাব نَصَرَ মূলবর্ণ (ب . ر . ز) মাসদার اَلْبُرُوْزُ অর্থ– বের করা; উপস্থিত করা।

ضُعَفَاءُ : **দুর্বল**। বহুবচন; একবচন– ضَعِيْفٌ

اِسْتَكْبَرُوْا : **তারা অহংকার করল**। সীগাহ جـمـع مذكر غائب বহছ ماضي معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك . ب . ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা।

تَبَعًا : **অনুসারী**। শব্দটি تَابِعٌ ইসমে ফায়েলের বহুবচন। যেমন– صَاحِبٌ-এর বহুবচন صَحْبٌ আসে।

مُغْنُوْنَ : **রক্ষাকারী; প্রতিরোধকারী**। সীগাহ جـمـع مـذكـر বহছ اسم فاعل মূলবর্ণ (غ . ن . ى) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– যোগ্য বানানো; দূর করা; উপকারে আসা; রক্ষা করা।

لَوْ هَدٰينَا اللّٰهُ : **আল্লাহ যদি আমাদেরকে সৎপথে পরিচালিত করতেন**। هَدٰي সীগাহ واحـد مـذكـر غـائـب বহছ مـاضـي معـروف বাব ضَرَبَ মাসদার اَلْهِدَايَةُ মূলবর্ণ (ه . د . ى)অর্থ– সৎপথে পরিচালিত করা; হেদায়েত করা; পথপ্রদর্শন করা। نا যমীর جمع متكلم মাফউলে বিহী।

لَهَدَيْنَا : **তাহলে আমরা তোমাদেরকে সৎপথে পরিচালিত করতাম**। সীগাহ جمع متكلم বহছ مـاضـي معـروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه . د . ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সৎপথে পরিচালিত করা।

اَجَزِعْنَا : **আমরা ধৈর্যচ্যুত হই**। শুরুর হামযাহ প্রশ্নবোধক। جزعنا সীগাহ جمع متكلم বহছ مـاضـي معـروف বাব سَمِعَ মাসদার اَلْجَزْعُ মূলবর্ণ (ج . ز . ع) অর্থ– ব্যাকুল হওয়া; অস্থির হওয়া; ধৈর্যচ্যুত হওয়া।

اَمْ : **অথবা**। হরফে আতফ। প্রশ্নবোধকের অর্থ প্রদান করে। কখনও بَلْ (বরং) এর অর্থও দেয়। আবার কখনও অতিরিক্ত হয়।

صَبَرْنَا : **আমরা ধৈর্যধারণ করি**। সীগাহ جمع متكلم বহছ مـاضـي معـروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص . ب . ر) অর্থ– ধৈর্যধারণ করা।

مَحِيْصٍ : **নিষ্কৃতি**। সীগাহ ظـرف مكـان واحـد مذكـر বহছ আশ্রয়স্থল। ইমাম রাগেব (র.) বলেন, শব্দটি মূলত اجـوف يـائـي ; যা حَيْصًا يَحِيْصُ থেকে নির্গত হয়েছে। حَاصَ يَحِيْصُ অর্থ হলো কঠোরতা। এ থেকেই حَاصَ عَنِ الْحَقِّ অর্থাৎ সত্য থেকে বিমুখ হয়ে কঠোরতা ও বিপদের দিকে প্রত্যাবর্তন করেছে।

আয়াত : ২২

اَلشَّيْطَانُ : **শয়তান**; অবাধ্য; দুষ্ট। (বিস্তারিত সূরা হিজর, আয়াত : ১৭ দ্রষ্টব্য)

قُضِيَ : **বিচারকার্য সম্পন্ন হবে**। সীগাহ واحـد مـذكـر غـائـب বহছ مـاضـي مجـهـول বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق . ض . ى) অর্থ– ফয়সালা করা; মীমাংসা করা।

اَخْلَفْتُكُمْ : **আমি তোমার সাথে অঙ্গীকার ভঙ্গ করেছি**। সীগাহ واحـد مـتـكـلـم বহছ مـاضـي مـعـروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ . ل . ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ– অঙ্গীকার ভঙ্গ করা।

دَعَوْتُكُمْ : **আমি তোমাদেরকে আহ্বান করেছিলাম**। সীগাহ واحـد مـتـكـلـم বহছ مـاضـي مـعـروف বাব نَصَرَ মূলবর্ণ (د . ع . و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

اِسْتَجَبْتُمْ : **তোমরা আহ্বানে সাড়া দিয়েছিলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مـاضـي مـعـروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ج . و . ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ– ডাকে সাড়া দেওয়া।

لَاتَلُوْمُوْنِيْ : **তোমরা আমার প্রতি দোষারোপ করো না**। সীগাহ جـمـع مـذكـر حـاضـر বহছ نـهـي حـاضـر معـروف ; বাব نَصَرَ মাসদার اَللَّوْمُ মূলবর্ণ (ل . و . م) অর্থ– ভর্ৎসনা করা; তিরস্কার করা; দোষারোপ করা।

لُوْمُوْٓا اَنْفُسَكُمْ : **তোমরা নিজেদেরই প্রতি দোষারোপ কর**। لُوْمُوْا সীগাহ جـمـع مـذكـر حـاضـر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَللَّوْمُ মূলবর্ণ (ل . و . م) অর্থ– ভর্ৎসনা করা; দোষারোপ করা।

مُصْرِخِكُمْ : **তোমাদের উদ্ধারকারী। তোমদের ফরিয়াদ গ্রহণকারী।** مُصْرِخٌ সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْرَاخُ মূলবর্ণ (ص ـ ر ـ خ) অর্থ– ফরিয়াদ গ্রহণ করা। كُمْ যমীর মাফউলে বিহী।

بِمُصْرِخِيَّ : **আমার উদ্ধারকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْرَاخُ মূলবর্ণ (ص ـ ر ـ خ) অর্থ– ফরিয়াদ গ্রহণ করা; চিৎকার করা।

كَفَرْتُ : **আমি অস্বীকার করছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– কুফরি করা; অস্বীকার করা।

اَشْرَكْتُمُوْنِ: **তোমরা আমাকে আল্লাহর শরিক করেছিলে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف ; واو হরফটি اِشْبَاع -এর জন্য। نى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরীক কর; অংশীদার সাব্যস্ত করা। উল্লেখ্য শিরক দু'প্রকার।

১. شِرْك اَكْبَرْ তথা বড় শিরক। যেমন আল্লাহর সাথে কাউকে শরীক করা।

২. شِرْك اَصْغَرْ তথা ছোট শিরক।

আয়াত : ২৩

اُدْخِلَ : **তাকে প্রবেশ করানো হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلْاِدْخَالُ অর্থ– প্রবেশ করানো।

بِسَلَامٍ : **শান্তির সাথে।** ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব মুফরাদুল কুরআনে লিখেছেন– سَلْم ও سَلَامَةٌ অর্থ প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন– مُسَلَّمَةٌ لَا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন– بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ বলেন– اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়িত্ব আছে ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে অভাব-অনটন নেই, সম্মান আছে অপদস্থতা নেই, সুস্থতা আছে রোগব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন, اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী কাতাদা থেকে - سَلَامٌ এর অর্থ বর্ণনা করেছেন যে, اَلسَّلَامُ هُوَالَّذِىْ يَسْلَمُ خَلْقُهُ مِنْ ظُلْمِهِ [سَلَامٌ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

اٰمَنُوْا : **তারা ঈমান এনেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

عَمِلُوْا : **তারা আমল করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعَمَلُ মূলবর্ণ (ع ـ م ـ ل) অর্থ– আমল করা।

اَلصّٰلِحٰتِ : **সৎকার্যসমূহ।** বহুবচন, একবচন– صَالِحٌ ; শব্দটি পবিত্র কুরআনের এক স্থানে শুধুমাত্র 'পুণ্যবতী মহিলাগণ' অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন– فَالصّٰلِحٰتُ قٰنِتٰتٌ [পঞ্চম পারা] বাকি সমস্ত স্থানে সৎকর্ম অর্থে ব্যবহৃত হয়েছে।

تَجْرِىْ : **প্রবাহিত হয়।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرْىُ অর্থ– প্রবাহিত হওয়া।

خٰلِدِيْنَ : **চিরস্থায়ীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (خ ـ ل ـ د) মাসদার اَلْخُلُوْدُ অর্থ– চিরস্থায়ী হওয়া; শাশ্বত হওয়া।

تَحِيَّتُهُمْ : **তাদের অভিবাদন।** تَحِيَّةٌ মাসদার মুযাফ। هُمْ যমীর মুযাফ ইলাইহি। تَحِيَّةٌ শব্দটি حَيَاةٌ থেকে উদ্ভূত। যা حَيَّاكَ اللّٰهُ -এর মাসদার। خبر -এর শব্দ, কিন্তু জীবিত থাকার দোয়ার [আল্লাহ তোমাকে জীবিত রাখুন] জন্য ব্যবহৃত। পরবর্তীতে যে কোনো দোয়া ও সালাম -এর জন্য ব্যবহার হতে থাকে।

سَلَامٌ : **সালাম; শান্তি।** এটি ইসম। বাবে سَمِعَ -এর মাসদার। অর্থ– নিরাপদ; শান্তি।

আয়াত : ২৪

أَلَمْ تَرَ : **তুমি কি লক্ষ্য কর না?** শুরুর হামযাহ প্রশ্নবোধক। لَمْ تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ نفي جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা।

ضَرَبَ : **তিনি বর্ণনা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ(ض ـ ر ـ ب) অর্থ– প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা দেওয়া। এখানে শেষ অর্থই উদ্দেশ্য। ضَرْبُ الْمَثَلِ অর্থ– উপমা দেওয়া; উদাহরণ বর্ণনা করা। ضَرَبَ اللّٰهُ مَثَلًا অর্থ– আল্লাহ তা'আলা উপমা বর্ণনা করেছেন। তাছাড়া পবিত্র কুরআনে যেখানেই ضَرَبَ শব্দ এসেছে তা উপমা বা দৃষ্টান্ত বর্ণনার অর্থের জন্যই এসেছে।

كَلِمَةً طَيِّبَةً : **সৎবাক্য; পবিত্র বাক্য**। কালিমায়ে তায়্যিবাহ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ দ্বারা উদ্দেশ্য। তবে তাসবীহ, তাকবীর, ইসতিগফার, কুরআন তেলাওয়াত, দোয়া ইত্যাদিও উদ্দেশ্য হতে পারে। ইমাম রাযী লিখেছেন, যে বাক্যের মধ্যে আল্লাহর জিকির রয়েছে অথবা যা আল্লাহর জন্য হয় যেমন– ওয়াজ, নসিহত ইত্যাদি সবগুলো এর অন্তর্ভুক্ত।

أَصْلُهَا : **তার মূল**। أَصْلٌ মুযাফ هَا যমীর মুযাফ ইলাইহি। অর্থ– মূল; শিকড়।

ثَابِتٌ : **সুদৃঢ়**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلثَّبَاتُ ও اَلثُّبُوْتُ মূলবর্ণ (ث ـ ب ـ ت) অর্থ– সুদৃঢ় হওয়া; প্রমাণ হওয়া; অটল হওয়া।

فَرْعُهَا : **তার শাখা প্রশাখা**। فَرْعٌ মুযাফ; একবচন। বহুবচন– فُرُوْعٌ ; هَا যমীর মুযাফ ইলাইহি।

আয়াত : ২৫

تُؤْتِيْ : **সে [ফল] দান করে**। সীগাহ واحد مونث غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

حِيْنٍ : **সময়; কাল**। একবচন, বহুবচন أَحْيَانٌ [সূরা বাকারা, আয়াত : ৩৬ দ্রষ্টব্য]

আয়াত : ২৬

كَلِمَةٍ خَبِيْثَةٍ : **কুবাক্য**। নিকৃষ্ট বাক্য। কুফরি কথা। خَبِيْثٌ অর্থ– নাপাক বস্তু। যে বস্তু তুচ্ছ হওয়ার কারণে নিকৃষ্ট অনুভূত হয় তাকে خَبِيْثٌ বলা হয়। চাই তা অনুভূত হোক বা বুদ্ধিগত হোক। এ কারণে বাতিল আকিদা, মিথ্যা কথাবার্তা, অশ্লীল কর্ম সব এর অন্তর্ভুক্ত।

اُجْتُثَّتْ : **সে বিচ্ছিন্ন হয়েছে; উপড়ে ফেলা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ج ـ ث ـ ث) জিনস مضاعف ثلاثي মাসদার اَلْاِجْتِثَاثُ অর্থ– উপড়ে ফেলা।

قَرَارٍ : **স্থায়িত্ব**। এটি এটি বাব سَمِعَ ও ضَرَبَ-এর মাসদার। জিনস مضاعف ثلاثي স্থির হওয়া; অবিচল হওয়া।

আয়াত : ২৭

يُثَبِّتُ : **তিনি সুপ্রতিষ্ঠিত রাখবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ث ـ ب ـ ت) মাসদার اَلتَّثْبِيْتُ অর্থ– প্রমাণ করা; প্রতিষ্ঠিত করা; সুদৃঢ় করা।

يُضِلُّ : **তিনি বিভ্রান্তিতে রাখবেন; তিনি পথভ্রষ্ট করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْإِضْلَالُ অর্থ– বিভ্রান্ত করা; পথভ্রষ্ট করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

আয়াত : ২৮

بَدَّلُوْا : **তারা পরিবর্তন করে দিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ– পরিবর্তন করা। عِوَض ও تَبْدِيْل-এর মধ্যে পার্থক্য হলো تَبْدِيْل বলা হয় যে কেনো পরিবর্তনকে। আর عِوَض বলা হয় এক জিনিসের পরিবর্তে অন্য জিনিস পরিবর্তনকে। সুতরাং تَبْدِيْل ব্যাপক।

أَحَلُّوْا : **তারা নামিয়ে এনেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِحْلَالُ মূলবর্ণ (ح ـ ل ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নামানো।

دَارَ الْبَوَارِ : **ধ্বংসের ক্ষেত্র; ধ্বংসের ঘর**। دَارَ মুযাফ; الْبَوَارِ মুযাফ ইলাইহি। بَوَار শব্দের অর্থ অধিক ভেজাল হওয়া। আর যার মধ্যে অধিক ভেজাল থাকে তা ধ্বংস হয়ে যায়। তাই بوار শব্দটি ধ্বংস অর্থেও ব্যবহার হয়ে থাকে। এখানে উদ্দেশ্য হলো জাহান্নাম।

আয়াত : ২৯

يَصْلَوْنَهَا : **তারা এতে প্রবেশ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ص ـ ل ـ ى) মাসদার اَلصُّلِىُّ অর্থ- প্রবেশ করা।

আয়াত : ৩০

جَعَلُوْا : **তারা নির্ধারণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ- বানানো; নির্ধারণ করা; করা।

اَنْدَادً : **সমকক্ষ; সমান**। نِدٌّ-এর বহুবচন। যা কোনো বস্তুর সত্তা ও মূলবস্তুতে অংশীদার হয়, তাকে نِدٌّ বলা হয়। مِثْل ও نِدٌّ-এর মধ্যে পার্থক্য হলো مِثْل হলো ব্যাপক আর نِدٌّ হলো নির্দিষ্ট। যে কোনো ধরনের অংশীদারত্বের জন্য مِثْل ব্যবহার হয়। আর সত্তাগতভাবে অংশীদারত্বের জন্য نِدٌّ ব্যবহার হয়।

لِيُضِلُّوْا : **যেন বিভ্রান্ত করতে পারে; পথভ্রষ্ট করতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ- পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা। শুরুতে لام كى-এর কারণে মানসূব হয়েছে এবং শেষের নূনে اعرابى পড়ে গেছে।

قُلْ : **তুমি বল**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ- বলা।

تَمَتَّعُوْا : **তোমরা ভোগ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّمَتُّعُ মূলবর্ণ (م ـ ت ـ ع) অর্থ- উপকৃত হওয়া; ভোগ করা। পবিত্র কুরআনের যেখানেই تَمَتَّعُوْا ও تَمَتَّعْ সীগাহ ব্যবহার হয়েছে সেখানে পার্থিব ভোগ বিলাস উদ্দেশ্য এবং এর দ্বারা ধমক প্রদান উদ্দেশ্য। ধমকস্বরূপ বলা হচ্ছে যে তোমাদের যা মনে চায় তা করে নাও।

مَصِيْرَكُمْ : **তোমাদের প্রত্যাবর্তনস্থল**। مَصِيْرَ হলো ظرف مكان ও মাসদার। মূলবর্ণ (ص ـ ي ـ ر) বাব ضَرَبَ এক অবস্থা থেকে অন্য অবস্থায় প্রত্যাবর্তন করা। আকৃষ্ট হওয়া। বাব اِفْعَالٌ থেকে اِصَارَةٌ অর্থ- প্রত্যাবর্তন করানো; আকৃষ্ট করা। এ আয়াতে مَصِيْر-টি ظرف مكان অর্থে ব্যবহৃত হয়েছে। مَصِيْر মুযাফ كم যমীর مضاف اليه

আয়াত : ৩১

يُنْفِقُوْا : **তারা ব্যয় করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব افعال মাসদার اَلْاِنْفَاقُ মূলবর্ণ (ن ـ ف ـ ق) অর্থ- ব্যয় করা; খরচ করা।

رَزَقْنٰهُمْ : **আমি তাদেরকে জীবিকা দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ- জীবিকা দেওয়া; রিজিক দেওয়া।

يَأْتِىَ : **সে আসে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (ا ـ ت ـ ى) অর্থ- আসা।

بَيْعٌ : **ক্রয়-বিক্রয়; লেনদেন**। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ- ক্রয় করা; বিক্রয় করা। পণ্য দিয়ে মূল্য গ্রহণকে بَيْع বলা হয়। আর মূল্য দিয়ে পণ্য গ্রহণকে شِرَاء বলা হয়। কখনও بَيْع-টি شِرَاء অর্থে ব্যবহৃত হয়।

خِلَالٌ : **বন্ধুত্ব**। বাব مُفَاعَلَة-এর মাসদার। আবার خُلَّةٌ-এর বহুবচন ও হতে পারে। যার অর্থ বন্ধুত্ব করা। আবার خَلِيْل-এরও বহুবচন হতে পারে। যার অর্থ অন্তরঙ্গ বন্ধু।

আয়াত : ৩২

اَخْرَجَ : **তিনি উৎপাদন করেন; তিনি বের করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ- বের করা; উৎপাদন করা।

سَخَّرَ : **তিনি অধীন করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ- অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

اَلْفُلْكُ : **নৌযান**। শব্দটি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন ও বহুবচন সবই হতে পারে। অথবা এটি একবচন রূপে বহুবচন। তখন একবচন হবে فَلَكٌ [ف ও ل বর্ণে যবরযোগে) কামূস]

لِتَجْرِىَ : **যেন তা বিচরণ করে**। শুরুতে لام كى-এর কারণে মানসূব হয়েছে। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَرْىُ ও اَلْجَرَيَانُ মূলবর্ণ (ج ـ ر ـ ى) অর্থ– প্রবাহিত হওয়া; জারি হওয়া; বিচরণ করা।

আয়াত : ৩৩

سَخَّرَ : **তিনি অধীন করে দিয়েছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْخِيْرُ মূলবর্ণ (س ـ خ ـ ر) অর্থ– অনুগত করা; বাধ্যগত করা; অধীনস্থ করা।

دَائِبَيْنِ : **অবিরাম ও একই নিয়মের অনুবর্তী**। সীগাহ تثنية مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ মাসদার اَلدَّأْبُ মূলবর্ণ (د ـ أ ـ ب) অর্থ– বিরামহীনভাবে কোনো কাজে লেগে থাকা। কষ্ট সহ্য করা।

আয়াত : ৩৪

سَأَلْتُمُوْهُ : **তোমরা তার নিকট চেয়েছ**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلسُّوَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রার্থনা করা; চাওয়া।

اِنْ تَعُدُّوْا : **যদি তোমরা গণনা কর**। ان হরফে শর্ত। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعَدُّ মূলবর্ণ (ع ـ د ـ د) অর্থ– গণনা করা। تَعُدُّوْا মূলত تَعُدُّوْنَ ছিল। হরফে শর্তের কারণে نون اعرابى পড়ে গেছে।

لَا تُحْصُوْهَا : **তোমরা তা নির্ণয় করতে পারবে না**। جواب شرط-এর কারণে مجزوم হয়েছে। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَال মাসদার اَلْاِحْصَاءُ মূলবর্ণ (ح ـ ص ـ ى) অর্থ– গণনা করা; পরিসংখ্যান করা।

لَظَلُوْمٌ : **অবশ্যই অতিমাত্রায় জালিম**। لام টি তাকীদের জন্য। সীগাহ واحد مذكر বহছ مبالغة বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা। পবিত্র কুরআনে ظَلُوْمٌ মানুষের গুণ হিসেবে উল্লেখ হয়েছে। এর দ্বারা উদ্দেশ্য হলো মানবজাতি। আর যখন জাতিকে مُبَالَغَة দ্বারা গুণান্বিত করা হয় তখন উক্ত জাতির সকল ব্যক্তি বা কিছু ব্যক্তির মধ্যে مُبَالَغَة হিসেবেই উক্ত গুণটি পাওয়া যাওয়া আবশ্যক নয়। তবে পাওয়া গেলে তা সঠিক। এটা এখানেও বিদ্যমান। কারণ মানবজাতির অধিকাংশ ব্যক্তিই জুলুম অত্যাচারে লিপ্ত। তথাপি এটা আবশ্যক নয়। তাফসীরে রূহুল মা'আনীতে রয়েছে ظَلُوْمٌ দ্বারা উদ্দেশ্য যার শান হলো জুলুম করা।

كَفَّارٌ : **অতিমাত্রায় অকৃতজ্ঞ**। সীগাহ واحد مذكر বহছ مبالغة বাব نصر মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفُوْرُ ও اَلْكُفْرُ , اَلْكُفْرَانُ অর্থ– অকৃতজ্ঞ হওয়া, অসন্তুষ্ট হওয়া।

আয়াত : ৩৫

اِجْعَلْ : **তুমি করে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ(ج ـ ع ـ ل)অর্থ– করা; বানানো; নির্ধারণ করা।

اٰمِنًا : **নিরাপদ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمْنُ অর্থ– নিরাপদ হওয়া।

اُجْنُبْنِىْ : **তুমি আমাকে দূরে রাখ**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ ن ـ ب) মাসদার اَلْجَنْبُ অর্থ– দূরে রাখা; রক্ষা করা।

بَنِىَّ : **আমার পুত্রগণ**। শব্দটি মূলত بَنِيْنَيَ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে। অতঃপর يـاء কে يـاء-এর মধ্যে ইদগাম করা হয়েছে। بَنِىَّ হয়ে গেছে।

اَنْ نَعْبُدَ : **আমরা ইবাদত করি**। ان হরফে ناصب মাসদারের অর্থে। نَعْبُدَ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعِبَادَةُ মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; পূজা করা।

اَلْاَصْنَامَ : **প্রতিমা**। এটি বহুবচন; একবচন– صَنَمٌ মূর্তি; দেবদেবী। আল্লাহ ব্যতীত যার পূজা করা হয়।

আয়াত : ৩৬

اَضْلَلْنَ : **তারা বিভ্রান্ত করেছে; পথভ্রষ্ট করেছে।** সীগাহ جمع مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ- পথভ্রষ্ট করা।

مَنْ تَبِعَنِىْ : **যে আমার অনুসরণ করেছে।** مَنْ ইসমে মাউসূলা। تَبِعَنِىْ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلتَّبْعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা; কথামতো চলা। ى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

عَصَانِىْ : **আমার অবাধ্যতা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ى) মাসদার اَلْعِصْيَانُ ও اَلْمَعْصِيَةُ অর্থ- অবাধ্যতা করা। نِى নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

আয়াত : ৩৭

اَسْكَنْتُ : **আমি বসবাস করিয়েছি।** সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْكَانُ মূলবর্ণ (س ـ ك ـ ن) অর্থ- বসবাস করানো; অবস্থান করানো।

ذُرِّيَّتِىْ : **আমার বংশধর।** ذُرِّيَّةٌ মুযাফ يَا যমীর মুযাফ ইলাইহি। বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِىُّ অর্থ- বংশধর; সন্তানসন্ততি। মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন, কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। [শাব্দিক বিশ্লেষণ সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য]

بِوَادٍ : **উপত্যকায়।** باء হরফে জর। وَادٍ ইসম; নাকেরা। মাজরূর। দু পাহাড়ের মধ্যবর্তী বিস্তীর্ণ ময়দানকে وادى বা উপত্যকা বলা হয়। এখানে উদ্দেশ্য হলো মক্কা মুকাররমা।

ذِىْ زَرْعٍ : **কৃষির উপযোগী।** ذِىْ মুযাফ, অর্থ ওয়ালা, মালিক; বিশিষ্ট ইত্যাদি। زَرْعٍ মুযাফ ইলাইহি। অর্থ- কৃষি।

لِيُقِيْمُوْا : **যেন সালাত কায়েম করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف بلام كى বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- প্রতিষ্ঠা করা; দাঁড় করানো।

مُحَرَّمٌ : **পবিত্র; সম্মানিত; নিষিদ্ধ; হারামকৃত।** সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ- হারাম করা।

اَفْئِدَةً : **অন্তর।** এটি বহুবচন; একবচন- فُؤَادٌ

تَهْوِىْ اِلَيْهِمْ : **তাদের প্রতি অনুরাগী হয়।** تَهْوِىْ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ و ـ ى) মাসদার اَلْهَوِىُّ অর্থ- অনুরাগী হওয়া; আকৃষ্ট হওয়া। এ সীগাটি পূর্ণ কুরআনে দু'স্থানে এসেছে।

১. সূরা হজে- تَهْوِىْ بِهِ الرِّيْحُ

২. এ স্থানে। আসমায়ী বলেন هَوٰى يَهْوِىْ هَوِيًّا অর্থ উপর থেকে নিচের দিকে পতিত হওয়া। ফাররা বলেন تَهْوِىْ اِلَيْهِمْ -এর অর্থ- تُرِيْدُهُمْ [সে তাদের প্রতি ইচ্ছা করে] তিনি আরো একটি অর্থ করেছেন- تُسْرِعُ اِلَيْهِمْ [তাদের প্রতি দ্রুতগতিতে আসে] মুফাসসিরগণের মধ্যে হযরত ইবনে আব্বাস (রা.) বলেন, এর অর্থ অনুরাগী হওয়া; আগ্রহী হওয়া। সুদ্দী (র.) বলেন, এর অর্থ আকৃষ্ট হওয়া; ঝুঁকা। কাতাদাহ বলেন, দ্রুতগতিতে আসা। [তাফসীরে খাযেন, খ. ৪ পৃ. ৪১]

اُرْزُقْهُمْ : **তুমি তাদের রিজিকের ব্যবস্থা কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ- জীবিকা দেওয়া; রিজিকের ব্যবস্থা করা।

يَشْكُرُوْنَ : **তারা কৃতজ্ঞতা প্রকাশ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ- কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ৩৮

نُخْفِىْ : **আমরা গোপন করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْفَاءُ মূলবর্ণ (خ ـ ف ـ ى) অর্থ- গোপন করা।

نُعْلِنُ : **আমরা প্রকাশ করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْلَانُ মূলবর্ণ (ع ـ ل ـ ن) অর্থ- প্রকাশ করা; ঘোষণা করা।

مَا يَخْفَى : গোপন থাকে না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ف ـ ى) মাসদার اَلْاِخْفَاءُ অর্থ– গোপন হওয়া।

আয়াত : ৩৯

اَلْحَمْدُ لِلّٰهِ : **সকল প্রশংসা আল্লাহরই**। আলিফ ও লাম الاستغراق -এর জন্য। حمد -এর শাব্দিক অর্থ প্রশংসা করা। বাব سمع -এর মাসদার। পরিভাষায় حمد বলা হয় ঐচ্ছিক সৌন্দর্যের উপর মুখে কারো প্রশংসা করা, নিয়ামতের বিনিময়ে হোক বা না হোক। তাফসীরে মাযহারীতে রয়েছে– اَلْحَمْدُ هُوَ الثَّنَاءُ بِاللِّسَانِ عَلَى الْجَمِيْلِ الْاِخْتِيَارِىِّ نِعْمَةً كَانَ اَوْ غَيْرَهَا [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

وَهَبَ : **তিনি দান করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْهِبَةُ মূলবর্ণ (و ـ ه ـ ب) অর্থ– দান করা।

اَلْكِبَرِ : **বার্ধক্য**। ইসম ও মাসদার। বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (ك ـ ب ـ ر)

اِسْمَاعِيْلَ : **হযরত ইসমাঈল (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৭/ ১৩৬ দ্রষ্টব্য]

اِسْحٰقَ : **হযরত ইসহাক (আ.)**। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১৩৬ দ্রষ্টব্য]

سَمِيْعٌ : **শ্রোতা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ; আল্লাহর গুণবাচক নামসমূহের একটি। এটি আল্লাহর গুণ হিসেবে ব্যবহৃত হলে অর্থ হয় এমন সত্তা যার শ্রবণশক্তি প্রত্যেক বস্তুকে বেষ্টনকারী হয়।

আয়াত : ৪০

اِجْعَلْنِىْ : **তুমি আমাকে বানাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– নির্ধারণ করা; বানানো; করা।

مُقِيْمَ : **প্রতিষ্ঠাকারী; কায়েমকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ– প্রতিষ্ঠা করা; কায়েম করা।

تَقَبَّلْ : **তুমি কবুল কর**। সীগাহ واحد مذكر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلتَّقَبُّلُ অর্থ– কবুল করা; গ্রহণ করা।

আয়াত : ৪১

يَقُوْمُ : **অনুষ্ঠিত হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দাঁড়ানো।

اَلْحِسَابُ : **হিসাব**। এটি বাব حَسِبَ -এর মাসদার। অর্থ– হিসাব করা; গণনা করা।

আয়াত : ৪২

لَا تَحْسَبَنَّ : **তুমি কখনও মনে করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف بانون ثقيلة বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحِسْبَانُ অর্থ– ধারণা করা; মনে করা।

يُؤَخِّرُهُمْ : **তিনি তাদেরকে অবকাশ দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تفعيل মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلتَّاخِيْرُ অর্থ– বিলম্ব করা; অবকাশ দেওয়া।

تَشْخَصُ : **স্থির হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلشُّخُوْصُ মূলবর্ণ (ش ـ خ ـ ص) অর্থ– চক্ষু স্থির হওয়া; খোলা।

আয়াত : ৪৩

مُهْطِعِيْنَ : **ছুটাছুটিকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل **মানসূব**। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِهْطَاعُ মূলবর্ণ (ه ـ ط ـ ع) অর্থ– মাথা ঝুঁকিয়ে দ্রুত দৌড়ানো। অক্ষমতা ও অপদস্থতাহেতু দৃষ্টি উঠাতে না পারা। আহ্বানকারীর দিকে নীরবে গমন করা।

مُقْنِعِىْ : **উত্তোলনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ن ـ ع) মাসদার الاقناع অর্থ– উঠানো। মূলত مُقْنِعِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। مُقْنِعِىْ رُؤُوْسِهِمْ -এর শাব্দিক অর্থ তাদের মাথা তুলে। এটি একটি আরবি বাগধারা যার অর্থ ভীত-বিহবল চিত্তে আকাশের দিকে তাকিয়ে।

لَا يَرْتَدُّ : **ফিরবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِرْتِدَادُ মূলবর্ণ (ر ـ د ـ د) অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরে আসা।

طَرْفُ : **দৃষ্টি**, চোখের পলক।

اَفْئِدَةٌ : **অন্তর**। এটি বহুবচন; একবচন- فُؤَادٌ

هَوَاءٌ : **উদাস**। ইসম। আসমান ও জমিনের মধ্যবর্তী শূন্যস্থানকে هَوَاءٌ বলা হয়। কিন্তু পরিভাষায় এটি قَلْبٌ-এর صفت হয়। ভীতসন্ত্রস্ত ও সাহসী নয় এমন অন্তরকে قَلْبٌ هَوَاءٌ বলা হয়।

আয়াত : ৪৪

اَنْذِرْ : **ভীতি প্রদর্শন করুন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ- ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

اَخِّرْنَا : **আমাদেরকে অবকাশ দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (أ ـ خ ـ ر) মাসদার اَلتَّاخِيْرُ অর্থ- অবকাশ দেওয়া; বিলম্ব করা।

نُجِبْ : **আমরা তোমার আহ্বানে সাড়া দেব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِجَابَةُ মূলবর্ণ (ج ـ و ـ ب) অর্থ- ডাকে সাড়া দেওয়া; প্রশ্নের উত্তর দেওয়া।

نَتَّبِعْ : **আমরা অনুসরণ করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা; অনুকরণ করা।

اَقْسَمْتُمْ : **তোমরা শপথ করে বলতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْسَامُ মূলবর্ণ (ق ـ س ـ م) অর্থ- শপথ করা; কসম খাওয়া।

زَوَالٍ : **পতন**। শব্দটি বাব نَصَرَ-এর মাসদার। মূলবর্ণ (ز ـ و ـ ل) জিনস اجوف واوى সর্বদা না থাকা। পতন হওয়া, ধ্বংস হওয়া।

আয়াত : ৪৫

سَكَنْتُمْ : **তোমরা বসবাস করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلسُّكُوْنُ মূলবর্ণ (س ـ ك ـ ن) অর্থ- বসবাস করা; অবস্থান করা।

تَبَيَّنَ : **স্পষ্ট হয়েছে; সুবিদিত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّبَيُّنُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ- স্পষ্ট হওয়া; প্রকাশ হওয়া।

ضَرَبْنَا : **দৃষ্টান্ত উপস্থিত করলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّرْبُ মূলবর্ণ (ض ـ ر ـ ب) অর্থ- প্রহার করা ; রাস্তা অতিক্রম করা; পথ চলা; উপমা দেওয়া।

اَلْاَمْثَالَ : **উপমা; দৃষ্টান্ত**। বহুবচন, একবচন- مِثَالٌ

আয়াত : ৪৬

مَكَرُوْا : **তারা চক্রান্ত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ (م ـ ك ـ ر) অর্থ- ষড়যন্ত্র করা; চক্রান্ত করা।

لِتَزُوْلَ : **যেন তা টলে যায়**। শুরুর লামটি لام كى ; تزول সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ(ز ـ و ـ ل) মাসদার اَلزَّوَالُ অর্থ- টলে যাওয়া; ঢলে যাওয়া।

আয়াত : ৪৭

مُخْلِفَ : **ভঙ্গকারী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মাসদার اَلْاِخْلَافُ অর্থ- অঙ্গীকার ভঙ্গ করা।

اِنْتِقَامٍ : **প্রতিশোধ**। এটি বাব اِفْتِعَالٌ-এর মাসদার।

আয়াত : ৪৮

تُبَدَّلُ : **তা পরিবর্তন করা হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ- পরিবর্তন করা। تَبْدِيْلٌ ও عِوَض-এর মধ্যে পার্থক্য হলো تَبْدِيْلٌ বলা হয় যে কেনো পরিবর্তনকে। আর عِوَض বলা হয় এক জিনিসের পরিবর্তে অন্য জিনিস পরিবর্তনকে। সুতরাং تَبْدِيْلٌ ব্যাপক।

بَرَزُوْا : **তারা উপস্থিত হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ب ـ ر ـ ز) মাসদার اَلْبُرُوْزُ অর্থ- বের হওয়া; প্রকাশ পওয়া; উপস্থিত হওয়া। بُرُوْزٌ বা প্রকাশ পাওয়ার কয়েকটি

অবস্থা হতে পারে। যেমন- কোনো বস্তু স্বয়ং প্রকাশ পাওয়া। যেমন- وَتَرَى الْأَرْضَ بَارِزَةً [তোমরা দেখবে যে, ভূমি খুলে গেছে; প্রকাশ পেয়েছে] আবার কখনও গোপন জিনিস খুলে যাওয়ার অর্থে হয়। যেমন وَبُرِّزَتِ الْجَحِيمُ لِلْغَاوِينَ [আর জাহান্নাম খুলে দেওয়া হবে পথভ্রষ্টদের জন্য]

আয়াত ৪৯

تَرَى : **তুমি দেখবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلرُّؤْيَةُ মূলবর্ণ (ر - أ - ي) অর্থ- দেখা; প্রত্যক্ষ করা; লক্ষ্য করা; দৃষ্টি দেওয়া।

مُقَرَّنِيْنَ : **শৃঙ্খলিত; বিজড়িত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব تَفْعِيْل মাসদার اَلتَّقْرِيْنُ মূলবর্ণ (ق - ر - ن) অর্থ- ঝুলানো; জড়ানো; বাঁধা।

اَلْأَصْفَادِ : **শিকল; জিঞ্জির**। বহুবচন; একবচন- صَفَدٌ ও صِفَادٌ

আয়াত : ৫০

سَرَابِيْلُهُمْ : **তাদের জামা**। এটি বহুবচন; মুযাফ। هم যমীর মুযাফ ইলাইহি। একবচন- سِرْبَالٌ

قَطِرَانٍ : **আলকাতরা**। কেউ কেউ এর অর্থ করেছেন গন্ধক, যা সঠিক নয়। ইমাম রাগেব লিখেছেন অপর এক কেরাতে قَطْرَانٌ [طا বর্ণে জযমযোগে] এসেছে। তখন অর্থ হবে গলানো তামা।

تَغْشٰى : **আচ্ছন্ন করবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْغَشْيَانُ মূলবর্ণ (غ - ش - ى) অর্থ- আচ্ছন্ন করা; ঢেকে দেওয়া।

আয়াত : ৫১

لِيَجْزِيَ : **প্রতিফল দেওয়ার জন্য**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج - ز - أ) অর্থ- প্রতিদান দেওয়া; প্রতিফল দেওয়া।

كَسَبَتْ : **সে উপার্জন করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك - س - ب) অর্থ- উপার্জন করা; কামাই করা।

سَرِيْعُ : **দ্রুত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه; فَتَحَ -এর ওজনে فَعِيْلٌ فَاعِل অর্থে। বাব فَتَحَ মূলবর্ণ (س - ر - ع) মাসদার اَلسُّرْعَةُ অর্থ- দ্রুত করা; ত্বরা করা। আল্লাহ তা'আলা سَرِيْعُ الْحِسَابِ হওয়ার অর্থ হলো তাঁর হিসাব নেওয়া অনিবার্যভাবে সাব্যস্ত হবে।

আয়াত : ৫২

بَلَاغٌ : **বার্তা; ম্যাসেজ**। মাসদার। অর্থ পৌছানো। বাব نصر এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

لِيُنْذَرُوْا : **যেন তারা সতর্ক হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول ; لام যা كي দ্বারা মানসূব হয়েছে। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن - ذ - ر) অর্থ- সতর্ক করা; ভীতি প্রদর্শন করা।

لِيَعْلَمُوْا : **যেন তারা জানতে পারে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع - ل - م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা। শুরুর لام টি لام كى

لِيَذَّكَّرَ : **যেন উপদেশ গ্রহণ করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ - ك - ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ- উপদেশ গ্রহণ করা। لِيَذَّكَّرَ মূলত لِيَتَذَكَّرَ ছিল। تاء কে ذال দ্বারা পরিবর্তন করে ইদগাম করা হয়েছে।

اُولُوا الْاَلْبَابِ : **বোধশক্তিসম্পন্নগণ**। اُولُوا অর্থ ওয়ালা; বিশিষ্ট; সম্পন্ন। বহুবচন; এর কোনো একবচন নেই। কেউ কেউ ذو -কে এর একবচন বলেন। রফা অবস্থায় اُولُوا এবং নসব ও জার অবস্থায় اُولِى হবে। اَلْبَاب শব্দটি لب -এর বহুবচন। যার অর্থ এমন জ্ঞান ও বুদ্ধি যার মধ্যে কোনো ধরনের ভেজালের মিশ্রণ নেই। যেহেতু لُبّ বলা হয় যে কোনো বস্তুর সারনির্যাসকে। আর নির্ভেজাল আকলও মানুষের সারমর্ম ও মূলবস্তু। তাই এর নাম لُبّ হয়েছে। কেউ কেউ পবিত্র জ্ঞানকে لُبّ বলেছেন। মোটকথা যে কোনো لُبّ হলো عَقْل কিন্তু যে কোনো عَقْل ই لُبّ নয়। এ কারণেই পবিত্র কুরআনে ঐ সমস্ত আহকাম যা শুধুমাত্র খাঁটি আকল দ্বারা অনুধাবন করা যায় তার ক্ষেত্রে اُولُوا الْاَلْبَابِ শব্দ প্রয়োগ করেছেন।

সূরা হিজর : মক্কায় অবতীর্ণ

আয়াত : ৯৯, রুকূ' : ৬

আয়াত : ১

الٓرٰ : **আলিফ, লাম, রা**। এগুলো হুরূফে মুকাত্তা'আতের অন্তর্ভুক্ত। حُرُوْف تَهَجِّىْ -এর ন্যায় এগুলোকে পৃথক পৃথক করে পড়া হয়। দীনের গুপ্তরহস্য যার অর্থ বিশেষ কারণে সাধারণ লোকদেরকে অবহিত করা হয়নি এবং এর অর্থ না জানার দ্বারা দীনের কোনো ক্ষতিও নেই। তাই এর অর্থের পিছনে পড়ার প্রয়োজন নেই। কোনো কোনো মুফাসসির এগুলোর যে অর্থ বর্ণনা করেছেন তা একান্ত তাদের ব্যক্তিগত মতামত। ইমাম কুরতুবী খলীফা চতুষ্টয় ও ইবনে মাসউদ (র.) প্রমুখ থেকে এ কথাই বর্ণনা করেছেন। এগুলোর মর্ম সম্পর্কে অনেক ধরনের মতামত রয়েছে। তন্মধ্যে সঠিক মত হলো– اَللّٰهُ اَعْلَمُ بِمُرَادِهٖ بِذٰلِكَ এর উদ্দেশ্য আল্লাহ তা'আলাই ভালো জানেন। (বিস্তারিত সূরা বাক্বারা, الٓمّٓ দ্রষ্টব্য)

قُرْاٰنٍ : **কুরআন**। এটি মাসদার। অর্থ পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। অন্য কোনো আসমানি কিতাবের নাম কুরআন নেই। কুরআনের নামকরণের ব্যাপারে ওলামায়ে কেরামের বিভিন্ন মতামত রয়েছে। কারো মতে قَرْءٌ থেকে قُرْاٰن শব্দ গঠন করা হয়েছে। যার অর্থ জমা করা; একত্র করা। কুরআন অন্যান্য সকল আসমানি কিতাবের সমষ্টি বরং ইমাম রাগেব তো আগে বেড়ে বলেছেন, সকল ইলমের সমষ্টি। আবূ উবাইদা বলেন, সকল সূরার সমষ্টি। মোটকথা কুরআন নামকরণের কারণ সম্পর্কে জমা হওয়ার বিষয়টিকেই গুরুত্ব দিয়েছেন। প্রফেসর আব্দুর রউফ বলেছেন, নামকরণের এ কারণটি সঠিক নয়। কারণ কুরআন নামটি সর্বপ্রথম এসেছে সূরা মুজ্জাম্মিলে। যা অবতীর্ণ হওয়ার দিক থেকে তৃতীয় সূরা। তখন না সূরাসমূহের সমষ্টি ছিল না পর্ববর্তী কিতাবসমূহের সংক্ষিপ্তসার; বরং কুরআনকে কুরআন বলার কারণ শুধুমাত্র قِرَاءَة তথা পাঠ ও তেলাওয়াত। নামাজে, দীনি মাহফিলে, মাদরাসায় ও অনুষ্ঠান ইত্যাদিতে পাঠ করা হয়, তাই কুরআনকে কুরআন বলা হয়। তাছাড়া اِنَّ عَلَيْنَا جَمْعَهٗ وَقُرْاٰنَهٗ [মু'জামুল কুরআন] এখানেও স্পষ্ট যে কুরআন জমা করা ও কুরআন তেলাওয়াত দুটি ভিন্ন জিনিস। কুরআনের কিছু অংশ মক্কী ও কিছু অংশ মাদানী। ৪ হিজরি ১৭ রমজান পর্যন্ত অবতীর্ণ অংশকে মক্কী বলা হয়। তার পরবর্তী সময়ে অবতীর্ণ অংশকে মাদানী বলা হয়। কুরআনের আয়াত সংখ্যা ৬২৩৬, মোট শব্দ ৭৬৪৪০, মোট বর্ণসংখ্যা ৩২৩৬৭১টি। কুরআনে যেহেতু পূর্ণাঙ্গ জীবনবিধান এবং সম্পূর্ণ জীবনের পাঠ তাই তাতে জীবনের সকল প্রয়োজন সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে।

مُبِيْنٍ : **সুস্পষ্ট**। সীগাহ اسم واحد مذكر বহছ فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা; খুলে বর্ণনা করা।

১৪তম পারা

আয়াত : ২

رُبَمَا : **কখনও কখনও**। رُبَّ হরফে جر এবং مَا টি كافة কারো কারো মতে مَا টি نكرة موصوفة ; ইমাম সুয়ূতী (র.) লিখেছেন যে, رب হরফে جر-এর অর্থ সম্পর্কে ৮টি মতামত রয়েছে। ১. সর্বদা স্বল্পতার অর্থের জন্য আসে। অধিকাংশ ওলামায়ে কেরামের মত এটিই। ২. সর্বদা আধিক্যের অর্থের জন্য আসে। যেমন– رُبَمَا يَوَدُّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ كَانُوْا مُسْلِمِيْنَ [অনেক সময় কাফেররা আকাঙ্ক্ষা করবে যে, তারা যদি মুসলিম হতো] ৩. স্বল্পতা ও আধিক্য উভয়ের জন্য সমানহারে আসে। ৪. অধিকাংশ স্বল্পতার জন্য আসে, তবে কখনও আধিক্যের জন্য আসে। ৫. এর বিপরীত। ৬. স্বল্পতা বা আধিক্যের জন্য একে গঠন করা হয়নি; বরং একে গঠন করা হয়েছে اثبات-এর জন্য। ৭. গর্ব ও বড়াইয়ের সময় আধিক্যের জন্য, অন্যান্য সময় স্বল্পতার জন্য। ৮. অস্পষ্ট সংখ্যার জন্য চাই তা কম হোক বা বেশি। [আল ইতকান, খ. ১ পৃ. ১৬৩ মিসরে প্রকাশিত]

يَوَدُّ : **আকাঙ্ক্ষা করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ د ـ د) মাসদার الود অর্থ– আকাঙ্ক্ষা করা; কামনা করা।

مُسْلِمِيْنَ : **মুসলিমগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْإِسْلَامُ অর্থ– মুসলমান হওয়া; অনুগত হওয়া।

আয়াত : ৩

ذَرْهُمْ : **তাদেরকে ছাড়**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ(و ـ ذ ـ ر) মাসদার اَلْوَذْرُ অর্থ– বর্জন করা; পরিত্যাগ করা; ছাড়া। এ অর্থে فعل مضارع ও نهى – امر ব্যতীত অন্য কোনো সীগাহ ব্যবহার হয় না।

يَأْكُلُوْا : **তারা খেতে থাকবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْأَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– খাওয়া; আহার করা।

يَتَمَتَّعُوْا : **তারা ভোগ করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّمَتُّعُ মূলবর্ণ (م ـ ت ـ ع) অর্থ– উপভোগ করা; উপকৃত হওয়া। جواب امر হওয়ার কারণে মাজযূম হয়েছে।

يُلْهِهِمْ : **তাদেরকে মোহাচ্ছন্ন রেখেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ه ـ و) মাসদার اَلْإِلْهَاءُ অর্থ– আসক্ত রাখা; মজিয়ে রাখা; মোহাচ্ছন্ন করা। هم যমীর جمع مذكر غائب মাফউলে বিহী। يُلْهِ মূলত يُلْهِىْ ছিল। জযম অবস্থায় শেষ থেকে ياء পড়ে গেছে।

اَلْأَمَلُ : **আশা; আকাঙ্ক্ষা**। একবচন, বহুবচন– اٰمَالٌ

سَوْفَ يَعْلَمُوْنَ : **অচিরেই তারা জানতে পারবে**। সীগাহ جمع مذكر غائب يعلمون বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৪

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব افعال মাসদার الاهلاك মূলবর্ণ (ه ـ ل ـ ك) অর্থ– ধ্বংস করা; ব্যয় করা।

مَعْلُوْمٌ : **নির্দিষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। عِلم থেকে مَعْلُوْم হওয়া তো প্রকাশ্য বিষয়। কিন্তু সম্ভবত এটি عَلَم (بِفَتْحِ الْعَيْنِ) থেকে নির্গত হয়েছে। যার অর্থ চিহ্ন। আর যাতে চিহ্ন লাগানো হয় তা নির্দিষ্ট হয়ে যায়। এ কারণেই مَعْلُوْم -এর অর্থ নির্দিষ্ট করা হয়েছে।

আয়াত : ৫

مَا تَسْبِقُ : **কেউ ত্বরান্বিত করতে পারে না**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ب ـ ق) মাসদার اَلسَّبْقُ অর্থ– সম্মুখবর্তী হওয়া; ত্বরান্বিত করা।

أَجَلٌ : **নির্দিষ্ট সময়, মৃত্যু**। একবচন, বহুবচন– أٰجَالٌ

يَسْتَأْخِرُوْنَ : **তারা বিলম্বিত করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْخَارُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– বিলম্বিত করা।

আয়াত : ৬

نُزِّلَ : অবতীর্ণ হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَلذِّكْرُ : **কুরআন। এটি ইসম ও মাসদার**। বাব نصر; মূলবর্ণ (ذ ـ ك ـ ر) অর্থ– স্মরণ করা; উপদেশ। এখানে উদ্দেশ্য হলো কুরআনুল কারীম। কারণ তার চেয়ে বড় উপদেশ আর কি হতে পারে।

لَمَجْنُوْنٌ : **নিশ্চয় [তুমি] উন্মাদ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول ; জিনগ্রস্ত; জিন যাকে শিক্ষা দিয়েছে; যার জ্ঞানের উপর রোগ বা কোনো কিছুর পর্দা পড়েছে।

আয়াত : ৭

لَوْمَا : **কেন না; যদি নয়; কেন নয়**। শর্ত, উদ্বুদ্ধকরণ, সতর্ককরণ ইত্যাদি অব্যয়। যেমন– لَوْمَا تَأْتِيْنَا بِالْمَلٰئِكَةِ [কেন আমাদের নিকট ফেরেশতা উপস্থিত করছ না? কারো কারো মতে لوما শুধুমাত্র উদ্বুদ্ধকরণের জন্যই ব্যবহৃত হয়। কিন্তু নিম্নবর্ণিত কবিতায় নাবাচক অর্থে ব্যবহার হয়েছে–

لَوْمَا الْاِصَاخَةُ لِلْوُشَاةِ لَكَانَ لِيْ
مِنْ بَعْدِ سَخَطِكَ فِيْ رِضَاكَ رَجَاءُ

কুৎসা রটনাকারীরা যদি শ্রবণ করত, তাহলে আপনার অসন্তুষ্টির পর সন্তুষ্ট হয়ে যাওয়ার আশা করা যেত।

تَأْتِيْنَا : **আমাদের কাছে উপস্থিত কর**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

আয়াত : ৮

مَا نُنَزِّلُ : **আমি অবতীর্ণ করি না**। مَا না-বাচক। نُنَزِّلُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تفعيل মূলবর্ণ(ن ـ ز ـ ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

إِذًا : **তখন; ঐ সময়**। এটি حرف جزاء : সীবাওয়াইহ -এর মতানুযায়ী এটি جواب এবং جزاء -এর জন্য আসে। শব্দটি মূলত ছিল إذن : নূন সাকিনকে তানভীন দ্বারা পরিবর্তন করা হয়েছে।

مُنْظَرِيْنَ : **অবকাশপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْظَارُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

আয়াত : ৯

نَزَّلْنَا : **আমি অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

لَحَافِظُوْنَ : **অবশ্যই সংরক্ষক**। লাম তাকীদের জন্য। حَافِظُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ ف ـ ظ) মাসদার اَلْحِفْظُ অর্থ– সংরক্ষণ করা।

আয়াত : ১০

أَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

شِيَعِ : **সম্প্রদায়গণ**। বহুবচন; একবচন– شِيْعَةٌ যা একবচন, দ্বিবচন, বহুবচন, পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ সকলের জন্য ব্যবহার হয়।

اَلْاَوَّلِيْنَ : **আগেকার লোকজন**। বহুবচন, একবচন– الاول। অর্থ– পূর্ববর্তীগণ।

আয়াত : ১১

مَا يَأْتِيْهِمْ : **তাদের নিকট আসেনি**। مَا নাবাচক। يَأْتِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। هم যমীর মাফউলে বিহী।

يَسْتَهْزِئُوْنَ : **তারা ঠাট্টাবিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ১২

نَسْلُكُهُ : **আমি তা সঞ্চার করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلسَّلْكُ মূলবর্ণ (س ـ ل ـ ك) অর্থ– সঞ্চার করা; চালানো; প্রবেশ করানো। لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়।

আয়াত : ১৩

لَا يُؤْمِنُوْنَ : **সে ঈমান আনবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমাণ গ্রহণ করা; বিশ্বাস স্থাপন করা।

خَلَتْ : **অতীত হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْخُلُوُّ মূলবর্ণ (خ ـ ل ـ و) অর্থ– অতীত হওয়া।

سُنَّةٌ : **দৃষ্টান্ত;** পন্থা; নিয়ম। একবচন; বহুবচন– سُنَنٌ প্রথা; পন্থা; প্রচলিত নিয়ম। سَنَّ শব্দটি কয়েকটি অর্থের জন্য ব্যবহার হয়। তন্মধ্যে প্রথা চালু করা। যেমন হাদীসে রয়েছে– سَنَّ لَكُمْ مُعَاذٌ

আয়াত : ১৪

وَلَوْ فَتَحْنَا : **যদি আমি খুলে দেই**। لو হরফে শর্ত। فَتَحْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف ـ ت ـ ح) মাসদার اَلْفَتْحُ অর্থ– খোলা; এখানে কাল্পনিক খুলে দেওয়া উদ্দেশ্য।

ظَلُّوْا : **তারা সারাদিন করতে থাকে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (ظ ـ ل ـ ل) মাসদার اَلظُّلُوْلُ ও اَلظَّلُّ অর্থ– দিনে কোনো কাজ করা। উল্লেখ্য যেভাবে بَاتَ -এর ব্যবহার রাতযাপনের জন্য হয় অদ্রূপ ظَلَّ -এর ব্যবহার দিনযাপনের জন্য হয়। يَبِيْتُ يَظَلُّ ইমাম রাগেব (র.) লিখেছেন, যা দিনে সম্পাদন করা হয় তা ظَلَّ দ্বারা প্রকাশ করা হয়। তাছাড়া এটি صَارَ এর স্থলেও ব্যবহার হয়ে থাকে। এটি فعل ناقص যা خبر -কে দিনভরের জন্য প্রমাণ করে। কেননা এটা এমন সময়কে বুঝায় যখন সূর্যের ছায়া থাকে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত; বা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত।

يَعْرُجُوْنَ : **তারা আরোহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْعُرُوْجُ মূলবর্ণ (ع ـ ر ـ ج) অর্থ– আরোহণ করা; চড়া।

আয়াত : ১৫

سُكِّرَتْ اَبْصَارُنَا : **আমাদের দৃষ্টি সম্মোহিত করা হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب سكرت বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّسْكِيْرُ অর্থ– নজরবন্দী করা; দৃষ্টি সম্মোহিত করা।

مَسْحُوْرُوْنَ : **জাদুগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (س ـ ح ـ ر) মাসদার اَلسِّحْرُ অর্থ– জাদু করা।

আয়াত : ১৬

جَعَلْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ– করা; নির্ধারণ করা; সৃষ্টি করা।

اَلسَّمَاءِ : **আকাশ**। এটি একবচন, বহুবচন– سَمٰوَاتٌ ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন, যে কোনো বস্তুর উপরি অংশ হলো سَمَاء। কেউ কেউ বলেন, যে কোনো سَمَاء তার নিচেরটির তুলনায় সَمَاء এবং উপরটির তুলনায় নিচেরটি اَرْض তবে سَمَاء عُلْيَا -এর ব্যতিক্রম। কারণ সেটি সর্বাবস্থায় سَمَاء ই। কোনো অবস্থাতেই اَرْض নয়। উল্লেখ্য এখানে আকাশ বলে আকাশের শূন্য পরিমণ্ডল বা মহাশূন্যকে বুঝানো হয়েছে। আকাশগাত্র এবং আকাশের অনেক নীচে অবস্থিত শূন্য পরিমণ্ডল এই উভয় অর্থে। سَمَاء শব্দের ব্যবহার সুবিদিত। কুরআনে শেষোক্ত অর্থেও স্থানে স্থানে سَمَاء শব্দের ব্যবহার করা হয়েছে। গ্রহ নক্ষত্রসমূহ যে আকাশের অভ্যন্তরে নয়; বরং শূন্য পরিমণ্ডলে অবস্থিত এর চূড়ান্ত আলোচনা কুরআন পাকের আয়াতের আলোকে এবং প্রাচীন ও আধুনিক সৌরবিজ্ঞানের আলোকে প্রমাণিত। –[মা'আরেফুল কুরআন : সূরা হিজর]

بُرُوْجًا : **গ্রহ-নক্ষত্র**। بُرْجٌ -এর বহুবচন। এটি বৃহৎ প্রাসদ, দুর্গ ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। মুজাহিদ, কাতাদাহ, আবূ সালেহ, প্রমুখ তাফসিরবিদগণ এখানে بُرُوْج - এর তাফসীর করেছেন বৃহৎ নক্ষত্র। আকাশের بُرُوْج দ্বারা কি উদ্দেশ্য সে সম্পর্কে শাহ আব্দুল কাদির مُوْضِحُ الْقُرْاٰنِ -এ লিখেছেন, আকাশের পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত বারটি অংশ রয়েছে। সেগুলোই বারোটি بُرُوْج সূর্য বৎসরে সেগুলো অতিক্রম করে। শীত ও গ্রীষ্ম তা দ্বারা পরিবর্তন হয়। গরম দ্বারা বৃষ্টি বর্ষিত

হয়। আর বৃষ্টি দ্বারা পৃথিবী সজীব হয়। জ্যোতির্বিজ্ঞানীদের ভাষায় সেগুলিকে রাশি বলা হয়। বারটি রাশি হলো নিম্নরূপ-

حَمْل : **মেষরাশি** : রাশিচক্রের প্রথম রাশি।
اَلثَّوْرُ : **বৃষরাশি** : রাশিচক্রের দ্বিতীয় রাশি।
اَلْجَوْزَاءُ : **মিথুনরাশি** : রাশিচক্রের তৃতীয় রাশি।
اَلسَّرَطَانُ : **কর্কটরাশি** : রাশিচক্রের চতুর্থ রাশি।
اَلْاَسَدُ : **সিংহরাশি** : রাশিচক্রের পঞ্চম রাশি।
اَلسُّنْبُلَةُ : **কন্যারাশি** : রাশিচক্রের ষষ্ঠ রাশি।
اَلْمِيْزَانُ : **তুলারাশি** : রাশিচক্রের সপ্তম রাশি।
اَلْعَقْرَبُ : **বৃশ্চিকরাশি** : রাশিচক্রের অষ্টম রাশি।
اَلْقَوْسُ : **ধনুরাশি** : রাশিচক্রের নবম রাশি।
اَلْجَدْىُ : **মকররাশি** : রাশিচক্রের দশম রাশি।
اَلدَّلْوُ : **কুম্ভরাশি** : রাশিচক্রের একাদশ রাশি।
اَلْحُوْتُ : **মীনরাশি** : রাশিচক্রের দ্বাদশ রাশি।

زَيَّنّٰهَا : **আমি তাকে সুশোভিত করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ز - ي - ن) মাসদার اَلتَّزْيِيْنُ অর্থ- সুশোভিত করা; সজ্জিত করা।

لِلنّٰظِرِيْنَ : **দর্শকদের জন্য।** لام হরফে জার। نَاظِرِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن - ظ - ر) অর্থ- দৃষ্টিপাত করা; দেখা।

আয়াত : ১৭

حَفِظْنٰهَا : **আমি তাকে রক্ষা করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْحِفْظُ মূলবর্ণ (ح - ف - ظ) অর্থ- সংরক্ষণ করা। هَا যমীর মাফউলে বিহী।

شَيْطَانٍ : **শয়তান;** অবাধ্য; দুষ্ট। ইমাম তাবারী (র.) লিখেছেন, আরবি ভাষায় যে কোনো অবাধ্যকে শয়তান বলা হয়, চাই সে মানুষ হোক বা জিন অথবা চতুষ্পদ জন্তু। যেমন আল্লাহর বাণী- وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَالْجِنِّ [সকল নবীর জন্য আমি শত্রু নির্ধারণ করেছি দুষ্ট মানুষ ও জিন থেকে] হযরত ওমর (রা.) একটি তুর্কী ঘোড়ায় আরোহণ করলে ঘোড়াটি লাফাতে শুরু করে। তিনি ক্ষিপ্ত হয়ে তাকে প্রহার করতে থাকেন। অতঃপর বলেন, তোমরা আমাকে একটি শয়তানের উপর আরোহণ করিয়েছো। শব্দটির اشتقاق সম্পর্কে মতবিরোধ রয়েছে। বাসরীগণের মতে এটি شَطَنٌ থেকে مشتق হয়েছে। যার অর্থ- দূরীভূত হওয়া। আর কূফাবাসী ইমামগণের মতে شَاطَ يَشِيْطُ থেকে নির্গত হয়েছে। যার অর্থ- জ্বলা; ধ্বংস হওয়া। এর স্ত্রীলিঙ্গ شَيْطَانَةٌ এবং বহুবচন شَيَاطِيْن আসে। পরিভাষায় شَيْطَانٌ বলা হয় ইবলিসকে। اَلشَّيْطَانُ আলিফ লামসহ লিখলে এ অর্থই হয়।

رَّجِيْمٍ : **অভিশপ্ত।** সীগায়ে সিফাত, فَعِيْل-এর ওজনে مفعول অর্থে। বাব نَصَرَ মূলবর্ণ (ر - ج - م) মাসদার اَلرَّجْمُ অর্থ- অভিসম্পাত করা; পাথর নিক্ষেপ করা। শয়তান যেহেতু আল্লাহর দরবার থেকে বিতাড়িত ও অভিশপ্ত, তাই এটি একান্ত তার বৈশিষ্ট্য। পবিত্র কুরআনের যেখানেই এ শব্দটি এসেছে সেখানেই তার এ সিফাত বা বৈশিষ্ট্যসহ এসেছে।

আয়াত : ১৮

اَسْتَرَقَ : **সে চুরি করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِسْتِرَاقُ মূলবর্ণ (س - ر - ق) অর্থ- চুরি করা।

اَتْبَعَهٗ : **সে তার পশ্চাদ্ধাবন করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت - ب - ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- পেছনে লাগা; পশ্চাদ্ধাবন করা; অনুসরণ করা। ه যমীর মাফউলে বিহী।

شِهَابٌ : **শিখা; উল্কাপিণ্ড;** আকাশে যে তারকা ছুটে পড়তে দেখা যায়। ইমাম রাগেব লিখেছেন شِهَابٌ প্রদীপ্ত অগ্নিশিখাকে বলা হয়। বহুবচন - شُهُبٌ اَشْهُبٌ - شُهْبَانٌ ; একবার রাসূলুল্লাহ ﷺ সাহাবীদের কোনো এক মজলিসে ছিলেন। এমন সময় উল্কাপিণ্ড খসে পড়লে রাসূলুল্লাহ ﷺ বললেন, তোমরা ইসলামের পূর্বে এ ধরনের উল্কাপিণ্ড খসে পড়াকে কি মনে করতে? লোকেরা বলল, আমরা মনে করতাম, দুনিয়াতে বড় কোনো ঘটনা ঘটবে অথবা বড় কোনো মানুষের মৃত্যু কিংবা জন্ম হয়েছে। রাসূলুল্লাহ বললেন, এটা অমূলক ধারণা। এর সাথে জন্ম, মৃত্যুর কোনো সম্পর্ক নেই। এটা স্ফুলিঙ্গ যা শয়তানকে প্রতিরোধের জন্য মারা হয়।

مُّبِيْنٌ : **প্রদীপ্ত; সুস্পষ্ট।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب - ى - ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ- স্পষ্ট করা; খুলে বলা; উজ্জ্বল করা।

আয়াত : ১৯

مَدَدْنٰهَا : **আমি উহাকে বিস্তৃত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَدُّ মূলবর্ণ (م ـ د ـ د) অর্থ– বিস্তৃত করা; বিছানো। هَا যমীর মাফউলে বিহী।

اَلْقَيْنَا : **আমি স্থাপন করেছি; নিক্ষেপ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– নিক্ষেপ করা; স্থাপন করা।

رَوَاسِىَ : **পর্বতমালা**। رَاسِيَةٌ-এর বহুবচন। পাহাড়; পর্বত। এটি স্থির পর্বত অর্থে ব্যবহৃত।

اَنْبَتْنَا : **আমি উদ্গত করেছি; উৎপন্ন করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ(ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– গজানো; উদ্গত করা; উৎপন্ন করা।

مَوْزُوْنٍ : **সুপরিমিতভাবে**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ز ـ ن) মাসদার اَلزِّنَةُ ও اَلْوَزْنُ অর্থ– পরিমাপ করা; সদৃশ করা; পরিমিত করা।

আয়াত : ২০

مَعَايِشَ : **জীবিকা; জীবনোপকরণ**। এটি বহুবচন; একবচন– مَعِيْشَةٌ

لَسْتُمْ : **তোমরা নও**। সীগাহ جمع مذكر حاضر বহছ فعل ناقص এটি ماضى معروف

رَازِقِيْنَ : **জীবিকাদাতা**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ز ـ ق) মাসদার اَلرِّزْقُ অর্থ– জীবিকা; রিজিক।

আয়াত : ২১

خَزَائِنُهٗ : **তার ভাণ্ডার**। خَزَائِنُ মুযাফ, ه যমীর মুযাফ ইলাইহি। শব্দটি خَزِيْنَةٌ-এর বহুবচন।

نُنَزِّلُهٗ : **আমি তা সরবরাহ করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; সরবরাহ করা।

مَعْلُوْمٍ : **পরিজ্ঞাত; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত :-২২

لَوَاقِحَ : **বৃষ্টি-গর্ভ; বৃষ্টিসমৃদ্ধ; বৃষ্টিপূর্ণ**। لَاقِحَةٌ ও لَاقِحٌ-এর বহুবচন। যার অর্থ গর্ভবতী। অর্থাৎ এমন বাতাস যা পানিতে ভরপুর মেঘমালাকে গর্ভস্বরূপ বহন করে। (মাদারেক) আরবিতে এর ব্যবহার এরূপ– لَقَحَتِ النَّاقَةُ (উষ্ট্রী গর্ভবতী হয়েছে।) لَقَحَتِ الشَّجَرَةُ (বৃক্ষ ফলবতী হয়েছে।) এ কারণে لَوَاقِحَ-এর অর্থ হবে এমন বাতাস যা পানিপূর্ণ মেঘমালাকে বহন করে। [রাগেব] مُنْتَهَى الْاَرَب গ্রন্থকার লিখেছেন لَوَاقِحُ-টি مُلْقِحَةٌ-এর অর্থে হবে। অর্থাৎ গর্ভকারী।

اَسْقَيْنٰكُمُوْهُ :**আমি তোমাদেরকে তা হতে পান করতে দেই**। اَسْقَيْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ق ـ ي) মাসদার اَلْاِسْقَاءُ অর্থ– পান করানো; পান করতে দেওয়া। كم যমীরের পর واو টি اشباع-এর জন্য। ه দ্বিতীয় মাফউল।

خَازِنِيْنَ : **ভাণ্ডার রক্ষকগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ ز ـ ن) মাসদার اَلْخَزْنُ অর্থ– ভাণ্ডারে জমা করা; সঞ্চয় করা।

আয়াত : ২৩

نُحْيِ : **আমি জীবন দান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবন দান করা।

نُمِيْتُ : **আমি মৃত্যু দান করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمَاتَةُ মূলবর্ণ (م ـ ى ـ ت) অর্থ– মৃত্যু দান করা।

اَلْوَارِثُوْنَ : **চূড়ান্ত মালিক**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব حَسِبَ মূলবর্ণ(و ـ ر ـ ث) মাসদার اَلتُّرَاثُ ـ اَلْاِرْثُ ـ اَلْوِرَاثَةُ অর্থ– উত্তরাধিকারী হওয়া; মালিক হওয়া।

আয়াত : ২৪

عَلِمْنَا : **আমি জেনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবহিত হওয়া।

اَلْمُسْتَقْدِمِيْنَ : **পূর্ববর্তীগণ, পূর্বে যারা গত হয়েছে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق ـ د ـ م) মাসদার اَلْاِسْتِقْدَامُ অর্থ– পূর্বে অতিবাহিত হওয়া; গত হওয়া।

اَلْمُسْتَأْخِرِيْنَ : **পরে আগমনকারীগণ**। সীগাহ جمع বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার مذكر الْاِسْتِخَارُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– পরে আগমন করা; পেছনে আসা।

আয়াত : ২৫

يَحْشُرُهُمْ : **তিনি তাদেরকে সমবেত করবেন**। সীগাহ مضارع معروف বহছ واحد مذكر غائب বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; জমা করা।

আয়াত : ২৬

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা।

اِنْسَانَ : **মানুষ**। বহুবচন اَنَاسِيْ ও اُنَاسٌ পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য সমানভাবে ব্যবহার হয়। শব্দটি اِنْسٌ থেকে উদ্‌গত হয়েছে। যার অর্থ হলো মিশুক হওয়া; ঘনিষ্ঠ ও বন্ধুভাবাপন্ন হওয়া। যেহেতু মানুষ জাতিগতভাবে সামাজিক, মিশুক ও বন্ধুভাবাপন্ন, তাই তাদের জীবনের ভিত্তি পারস্পরিক সৌজন্য, সামাজিকতা ও মানবতা ব্যতীত হতে পারে না, এজন্য তাদের নাম اِنْسَانٌ রাখা হয়েছে।

صَلْصَالٍ : **শুষ্ক ঠনঠনা মৃত্তিকা**। যে শুষ্ক মাটির উপর আঙ্গুল দ্বারা আঘাত করলে ঠনঠন করে বাজে, তাকে صَلْصَالٌ বলা হয়। কারো মতে পচা মাটি। ইমাম রাগেব (র.) লিখেছেন, মূলত শুষ্ক জিনিস বাজানোর নাম হলো صَلْصَالٌ; আরবিতে বলা হয়– صَلَّ اَلْمِسْمَارُ কীলক বা খুঁটি বেজেছে। এ থেকেই শুষ্ক মাটির নাম صَلْصَالٌ রাখা হয়েছে। কারণ তাতে আঘাত করলে বাজে। কারো কারো মতে صَلْصَالٌ বলা হয় পচা মাটিকে। صَلَّ اللَّحْمُ [গোশত পচে গেছে] এ থেকে শব্দটি উদ্‌গত হয়েছে। ফাররা (র.) বলেন, صَلْصَالٌ বলা হয় বালিমিশ্রিত মাটিকে, যা চাঁড়ার ন্যায় বাজে। তাবারী কাতাদাহ থেকে এবং আবূ উবাইদা বলেন, এমন শুষ্ক মাটি যা আগুনে পোড়ানো হয়নি এবং আঙ্গুল দ্বারা আঘাত করলে ঠনঠন করে বাজে, তাকে صَلْصَالٌ বলা হয়। আগুনে পোড়ানো হলে তাকে فَخَّارٌ বলা হয়।

حَمَاٍ : কাদা; কর্দম; পঙ্ক।

مَسْنُوْنٍ : **গন্ধযুক্ত**। সীগাহ اسم مفعول বহছ واحد مذكر বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ن ـ ن) মাসদার اَلسَّنُّ অর্থ– পরিবর্তন হওয়া। [বগভী] গলিত। [সুয়ূতী] পরিবর্তিত বস্তু; এমন বস্তু যার উপর বছরের পর বছর অতিক্রান্ত হওয়ার কারণে তা পরিবর্তিত হয়েছে।

আয়াত : ২৭

اَلْجَانَّ : **জিনজাতি**। جِنٌّ-এর বহুবচন। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, যেমনিভাবে মানবজাতির পিতার নাম আবুল বাশার তেমনিভাবে জিনজাতির পিতার নাম جَانٌّ; হযরত কাতাদা (র.) বলেন, ইবলিসই جَانٌّ; কারো কারো মতে جَانٌّ হলো জিনজাতির পিতা আর اِبْلِيْس হলো শয়তানজাতির পিতা। জিনদের মধ্যে মুসলিম ও কাফের উভয়ই রয়েছে। তাদের মধ্যে মানুষের ন্যায় জীবন-মরণ, পানাহার সবই রয়েছে। তবে শয়তানজাতির মধ্যে মুসলমান নেই এবং ইবলিসের মৃত্যুর পূর্বে তাদের মৃত্যুও হবে না। [তাফসীরে খাযেন]। ইমাম রাগেবের মতে جَانٌّ হলো জিনদের একটি বিশেষ জাতি। অধিক ফোসফোসকারী সাপকে আরবিতে جَانٌّ বলা হয়।

اَلسَّمُوْمِ : **অত্যুষ্ণ**। ইসম ও স্ত্রীলিঙ্গ। বহুবচন– سَمَائِمُ অর্থ– বিষের ন্যায় ক্রিয়া সৃষ্টিকারী বাতাস।

আয়াত : ২৮

خَالِقٌ : **সৃষ্টিকারী**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা।

আয়াত : ২৯

فَاِذَا سَوَّيْتُهٗ : **যখন আমি তাকে সুঠাম করব**। ف হরফে আত্‌ফ। اذا হরফে শর্ত। سَوَّيْتُ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ و ـ ي) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সুঠাম করা; সমান করা। ه যমীর মাফঊলে বিহী।

نَفَخْتُ : **আমি ফুঁক দেব**। [আমি রূহ সঞ্চার করব] সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ف ـ خ) মাসদার اَلنَّفْخُ অর্থ– ফুঁক দেওয়া।

فَقَعُوْا : **অতঃপর তোমরা অবনত হও**। ف হরফে আত্‌ফ। قَعُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার

اَلْوُقُوْعُ অর্থ– পতিত হওয়া; আবশ্যক হওয়া; অবনত হওয়া। অর্থাৎ সেজদা করতে বিলম্ব না করা। [রাগেব] قَعُوْا মূলত اِوْقَعُوْا ছিল। তা'লীল হয়ে قَعُوْا হয়েছে।

سٰجِدِيْنَ : **সেজদাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব نَصَرَ মাসদার اَلسُّجُوْدُ মূলবর্ণ (س ـ ج ـ د) অর্থ– সেজদা করা।

আয়াত : ৩০

اَجْمَعُوْنَ : **সকলেই**। শব্দটি كُل -এর তাকীদের জন্য এসেছে। رفع অবস্থায় اَجْمَعُوْنَ আর নসব ও جر অবস্থায় اَجْمَعِيْنَ হয়।

আয়াত : ৩১

اِبْلِيْس : **ইবলীস**। এটি শয়তানের নাম। اِفْعِيْل -এর ওজনে اِبْلَاسْ থেকে নির্গত। যার অর্থ ভীষণ নৈরাশ্যের কারণে বিষণ্ন হয়ে হতভম্ব হওয়া। যেহেতু শয়তান আল্লাহর রহমত থেকে নিরাশ, তাই তার নাম ইবলীস হয়েছে। আল্লামা যমখশরী তাফসীরে কাশশাফে লিখেছেন اِبْلِيْس অনারবী শব্দ। এর উৎপত্তিস্থল اَبْلَاسْ বলাটা সঠিক নয়। কারণ এটি غير منصرف: আর غير منصرف হওয়ার জন্য منع صرف -এর কারণসমূহের মধ্য থেকে কমপক্ষে দু'টি অথবা দু'টির স্থলবর্তী একটি কারণ থাকা আবশ্যক। অথচ اَبْلَاسْ থেকে علميت مشتق হলে ব্যতীত অন্য কোনো سبب পাওয়া যায় না। সুতরাং غير منصرف হওয়া এর অনারবী হওয়ার প্রমাণ বহন করে। মুসনাদে আহমদ ইবনে হাম্বলে হযরত জাবের ইবনে আব্দুল্লাহ (রা.) থেকে রেওয়ায়েত রয়েছে, রাসূলুল্লাহ ﷺ বলেছেন, ইবলীসের সিংহাসন সমুদ্রে স্থাপিত। সে প্রতিদিন তার বাহিনী প্রেরণ করে লোকদের মাঝে ফেতনা-ফ্যাসাদ সৃষ্টি করায়। যে যত বেশি ফেতনা-ফ্যাসাদ সৃষ্টি করাতে পারে, ইবলীসের কাছে তার মর্যাদা তত বেশি।

আয়াত : ৩৩

لَمْ اَكُنْ : **আমি নই**। সীগাহ واحد متكلم বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَسْجُدُ : **আমি সেজদা করব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা।

خَلَقْتَهُ : **আপনি তাকে সৃষ্টি করেছেন**। সীগাহ واحد حاضر বহছ ماضى معروف مذكر বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা। ه যমীর মাফউল।

আয়াত : ৩৪

فَاخْرُجْ : **তবে তুমি বের হয়ে যাও**। ف হরফে আতফ। اُخْرُجْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْخُرُوْجُ অর্থ– বের হওয়া।

আয়াত : ৩৬

اَنْظِرْنِىْ : **আমাকে অবকাশ দিন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ : **পুনরুত্থান দিবস পর্যন্ত**। يُبْعَثُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– পুনরুত্থান করা।

আয়াত : ৩৭

اَلْمُنْظَرِيْنَ : **অবকাশপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالْ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلْاِنْظَارُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া।

আয়াত : ৩৯

اَغْوَيْتَنِىْ : **আপনি আমাকে বিপথগামী করেছেন**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْاِغْوَاءُ অর্থ– বিভ্রান্ত করা; বিপথগামী করা; পথভ্রষ্ট করা।

لَاُزَيِّنَنَّ : **আমি অবশ্যই শোভন করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ (ز ـ ى ـ ن) অর্থ– শোভন করা; সুসজ্জিত করা।

لَاُغْوِيَنَّهُمْ : **আমি অবশ্যই তাদেরকে বিপথগামী করব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (غ ـ و ـ ى) মাসদার اَلْاِغْوَاءُ অর্থ– বিপথগামী করা; বিভ্রান্ত করা।

اَلْمُخْلَصِيْنَ : **নির্বাচিত; বাছাইকৃত**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِخْلَاصُ মূলবর্ণ (خ ـ ل ـ ص) অর্থ- খাঁটি করা; নির্ভেজাল করা। আল্লাহ তা'আলা বান্দাদেরকে মুখলিস বানানোর অর্থ হচ্ছে বান্দাকে প্রথম স্তরের পরীক্ষিত এবং সম্মানিত বানানো, নিজের বিশেষ দানের জন্য নির্বাচিত করা।

আয়াত : ৪১

صِرَاطٌ : **পথ; রাস্তা**। সোজা ও সরল রাস্তাকে صِرَاطٌ বলা হয়। صِرَاطٌ মূলত سِرَاطٌ ছিল। [বিস্তারিত সূরা ফাতিহা দ্রষ্টব্য]

مُسْتَقِيْمٌ : **সরল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقَامَةُ মূলবর্ণ (ق ـ و ـ م) অর্থ- সুদৃঢ় থাকা; সরল পন্থা অবলম্বন করা।

আয়াত : ৪২

سُلْطَانٌ : **সনদ; দলিল;** শক্তি; সামর্থ্য। রাজত্ব; রাজ্য। তাজুল উরূসে রয়েছে سُلْطَانٌ অর্থ দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী- لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনও এর অর্থ হয় মু'জিযা। যেমন- اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মু'জিযা) সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

اِتَّبَعَكَ : **সে তোমার অনুসরণ করবে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ- অনুসরণ করা; কারো কথামতো চলা।

اَلْغَاوِيْنَ : **বিভ্রান্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও سَمِعَ মূলবর্ণ (غ ـ ي ـ ى) মাসদার اَلْغَوَايَةُ ও اَلْغَىُّ অর্থ- বিভ্রান্ত হওয়া; পথভ্রষ্ট হওয়া। এখানে উদ্দেশ্য মূর্তিপূজক।

আয়াত ৪৪

مَقْسُوْمٌ : **পৃথক পৃথক**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মাসদার اَلْقِسْمَةُ মূলবর্ণ (ق ـ س ـ م) অর্থ- পৃথক পৃথক করা; ভাগ করা; বণ্টন করা।

আয়াত : ৪৫

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; সতর্ক হওয়া; আল্লাহভীতি অর্জন করা।

عُيُوْنٌ : **প্রস্রবণসমূহ**। বহুবচন; একবচন- عَيْنٌ অর্থ- ঝরনা; প্রস্রবণ।

আয়াত : ৪৬

اُدْخُلُوْهَا : **তোমরা তাতে প্রবেশ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ- প্রবেশ করা।

بِسَلَامٍ : **শান্তির সাথে**। ইসম। আবার বাব سَمِعَ-এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব (র.) মুফরাদুল কুরআনে লিখেছেন- سَلَامَةٌ ও سَلَمٌ অর্থ প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন- مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন- بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ বলেন- اُدْخُلُوْهَا بِسَلٰمٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়িত্ব আছে ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে অভাব-অনটন নেই, সম্মান আছে অপদস্থতা নেই, সুস্থতা আছে রোগব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী (র.) কাতাদা থেকে اَلسَّلَامُ هُوَ الَّذِىْ-এর অর্থ বর্ণনা করেছেন যে, سَلَامٌ يُسَلِّمُ خَلْقَهُ مِنْ ظُلْمِهٖ [سَلَامٌ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

اٰمِنِيْنَ : **নিরাপদে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمْنُ অর্থ- নিরাপদ হওয়া; নির্ভয় হওয়া।

আয়াত : ৪৭

نَزَعْنَا : **আমরা দূর করব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلنَّزْعُ অর্থ- দূর করা; বের করা।

غِلّ : **বিদ্বেষ**। এটি ইসম।

اِخْوَانًا : **ভ্রাতৃগণ**। বহুবচন; একবচন– اَخٌ

سُرُر : **আসনসমূহ**। বহুবচন; একবচন– سَرِيْرٌ ইমাম রাগেব (র.) লিখেছেন, যার উপর স্বাচ্ছন্দ্যে বসা যায় তাকে سَرِيْرٌ বলা হয়। কেননা এটা বিত্তবানদের কাছেই থাকে। এর বহুবচন– سُرُرٌ ও اَسِرَّةٌ আসে।

مُتَقٰبِلِيْنَ : **মুখোমুখি হয়ে বসবে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ق ـ ب ـ ل) মাসদার اَلتَّقَابُلُ অর্থ– মুখোমুখি হওয়া।

আয়াত : ৪৮

لَا يَمَسُّهُمْ : **তাদেরকে স্পর্শ করবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; আপতিত হওয়া। هُمْ যমীর মাফউলে বিহী।

نَصَبٌ : **অবসাদ**; ক্লান্তি।

بِمُخْرَجِيْنَ : **বহিষ্কৃতগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; বহিষ্কার করা।

আয়াত : ৪৯

نَبِّئْ : **আপনি বলে দিন**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْبِئَةُ মূলবর্ণ (ن ـ ب ـ أ) অর্থ– অবহিত করা; জানানো; সংবাদ দেওয়া।

আয়াত : ৫১

ضَيْف : **অতিথি**। ইমাম রাগেব লিখেছেন ضَيْفٌ শব্দের প্রকৃত অর্থ হলো আকৃষ্ট হওয়া। বলা হয়– ضِفْتُ اِلٰى كَذَا [আমি তার প্রতি আকৃষ্ট হয়েছি] সুতরাং যে তোমাদের কাছে এসে তোমার প্রতি আকৃষ্ট হয় তাকে ضيف বলা হয়। শব্দটি মূলত মাসদার। আরবদের কথাবার্তায় একবচন ও বহুবচন উভয়ের জন্যই ব্যবহার হয়। আবার কখনও এর বহুবচন اَضْيَافٌ ضِيْفَانٌ ও ضُيُوْفٌ আসে। আল্লামা আলূসী (র.) বলেন, এর দ্বিবচন, বহুবচন, স্ত্রীলিঙ্গ গঠন না করাই অধিক বিশুদ্ধ।

আয়াত : ৫২

دَخَلُوْا : **তারা প্রবেশ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা; উপস্থিত হওয়া।

وَجِلُوْنَ : **আতঙ্কিত**। সীগাহ جمع مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ج ـ ل) মাসদার اَلْوَجَلُ অর্থ– ভীতসন্ত্রস্ত হওয়া।

আয়াত : ৫৩

لَا تَوْجَلْ : **তুমি ভয় কর না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব سَمِعَ মাসদার اَلْوَجَلُ মূলবর্ণ (و ـ ج ـ ل) অর্থ– ভয় করা।

نُبَشِّرُكَ : **আমি তোমাকে সুসংবাদ দিব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া।

আয়াত : ৫৪

اَبَشَّرْتُمُوْنِىْ : **তোমরা কি আমাকে শুভ সংবাদ দিচ্ছ**। শুরুতে হামযাহ প্রশ্নবোধক। بَشَّرْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ দেওয়া। واو -টি اشباع -এর জন্য। نِىْ নূনে বেকায়া ياء متكلم মাফউলে বিহী।

مَسَّنِىَ : **আমার সাথে লেগেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَسُّ মূলবর্ণ (م ـ س ـ س) অর্থ– স্পর্শ করা; লাগা।

اَلْكِبَرُ : **বার্ধক্য**। ইসম ও মাসদার। বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (ك ـ ب ـ ر)

فَبِمَ : **তাহলে কি বিষয়ে?** ف হরফে আতফ। بِ হরফে جر ; مَا প্রশ্নবোধকের জন্য। حرف جر আসার কারণে مَا -এর আলিফ শেষ থেকে ফেলে দেওয়া হয়েছে। আর مَا -টি প্রশ্নবোধক না মাউসূলা তার পার্থক্য যেন বিদ্যমান থাকে সে জন্য মীমের মধ্যে যবর বহাল রাখা হয়েছে।

আয়াত : ৫৫

فَلَا تَكُنْ : **সুতরাং তুমি হয়ো না**। فاء হরফে আতফ। لَاتَكُنْ সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

اَلْغَابِرِيْنَ : **পশ্চাতে অবস্থানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও نَصَرَ মাসদার اَلْغُبُوْرُ ও اَلْغَبْرُ মূলবর্ণ (غ ـ ب ـ ر) অর্থ– পিছনে অবস্থান করা; পিছনে থেকে যাওয়া।

আয়াত : ৬১

جَاءَ : **সে এসেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ي ـ أ) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; আগমন করা।

আয়াত : ৬২

مُنْكَرُوْنَ : **অপরিচিত লোকজন**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– চিনতে না পারা।

আয়াত : ৬৩

جِئْنٰكَ : **আমরা তোমার নিকট (তা) নিয়ে এসেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ى ـ أ) মাসদার مَجِيْئَةٌ অর্থ– আসা।

يَمْتَرُوْنَ : **তারা সন্দিগ্ধ ছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِمْتِيَارُ মূলবর্ণ (م ـ ت ـ ر) অর্থ– সন্দিগ্ধ হওয়া।

আয়াত : ৬৪

اَتَيْنٰكَ : **আমরা তোমার নিকট এনেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা।

لَصٰدِقُوْنَ : **অবশ্যই সত্যবাদী**। لام তাকীদের জন্য। صَادِقُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মাসদার اَلصِّدْقُ মূলবর্ণ (ص ـ د ـ ق) অর্থ– সত্য বলা।

আয়াত : ৬৫

فَاَسْرِ : **সুতরাং তুমি রাত্রিবেলা বেরিয়ে পড়**। ف হরফে আতফ। اَسْرِ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ر ـ ي) মাসদার اَلْاِسْرَاءُ অর্থ– নৈশভ্রমণ করা; রাত্রিবেলা সফর করা।

بِقِطْعٍ : **অংশে**। باء হরফে আতফ। قِطْعٌ একবচন; বহুবচন– اَقْطَاعٌ অর্থ– শেষ রাতের অন্ধকারের একটি অংশ। এখানে রাতের শেষাংশ উদ্দেশ্য।

اَلْقٰنِطِيْنَ : **হতাশগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ ও ضَرَبَ ـ نَصَرَ ـ كَرُمَ মাসদার اَلْقُنُوْطُ মূলবর্ণ (ق ـ ن ـ ط) অর্থ– নিরাশ হওয়া; হতাশ হওয়া। জালালাইন প্রণেতা قَانِطِيْنَ -এর অর্থ করেছেন اَلْاٰيِسِيْنَ

আয়াত : ৫৬

يَقْنَطُ : **তারা হতাশ হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব كَرُمَ ও سَمِعَ ـ ضَرَبَ ـ نَصَرَ মাসদার اَلْقُنُوْطُ মূলবর্ণ (ق ـ ن ـ ط) অর্থ– হতাশ হওয়া; নিরাশ হওয়া।

اَلضَّآلُّوْنَ : **পথভ্রষ্টগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার ضَلَالَةٌ অর্থ– পথভ্রষ্ট হওয়া। ضَالُّوْنَ মূলত ضَالِلُوْنَ ছিল।

আয়াত : ৫৭

فَمَا خَطْبُكُمْ : **তোমাদের আর বিশেষ কি কাজ আছে?** خَطْبُ মুযাফ; كُمْ মুযাফ ইলাইহি। ف হরফে আতফ। مَا প্রশ্নবোধক।

اَيُّهَا الْمُرْسَلُوْنَ : **হে ফেরেশতাগণ!** مُرْسَلُوْنَ সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৫৮

اُرْسِلْنَا : **আমাদেরকে প্রেরণ করা হয়েছে**। সীগাহ جمع متكلم বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা; পাঠানো।

আয়াত : ৫৯

لَمُنَجُّوْهُمْ : **অবশ্যই তাদের রক্ষাকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْجِيَةُ অর্থ– রক্ষা করা। مُنَجُّوْ মূলত مُنَجِّيُوْنَ ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে। আর যেরের পরে ياء হরফে পেশ পড়া কঠিন তাই جِيْم -এর হরকত সরিয়ে ياء -এর হরকত পেশ جيم -কে দেওয়া হয়েছে। এখন ياء ও واو -এর মধ্যে দুই সাকিন একত্র হয়েছে, তাই ياء পড়ে গেছে। এভাবে مُنَجُّوْ হয়ে গেছে।

আয়াত : ৬০

قَدَّرْنَا : **আমরা স্থির করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلتَّقْدِيْرُ অর্থ– স্থির করা; নির্ধারণ করা।

اِتَّبِعْ : **তুমি অনুসরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت - ب - ع) অর্থ– অনুসরণ করা; কারো কথামত চলা।

لَا يَلْتَفِتْ : **সে যেন পিছনের দিকে না তাকায়**। সীগাহ واحد مذكر غائب বহছ نهى غائب معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ل - ف - ت) মাসদার اَلْاِلْتِفَاتُ অর্থ– দৃষ্টি দেওয়া; তাকানো।

اِمْضُوا : **তোমরা চলে যাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ ও ضَرَبَ মূলবর্ণ (م - ض - ي) মাসদার اَلْمُضِيُّ অর্থ– গত হওয়া। চলে যাওয়া।

تُؤْمَرُوْنَ : **তোমাদেরকে নির্দেশ দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ - م - ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ করা।

আয়াত : ৬৬

قَضَيْنَا : **আমি ফয়সালা জানিয়ে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق - ض - ى) মাসদার اَلْقَضَاءُ ও اَلْقَضْىُ অর্থ– ফয়সালা করা; চূড়ান্ত করা।

دَابِرَ : **সমূলে**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (د - ب - ر) মাসদার اَلدُّبُوْرُ অর্থ– পৃষ্ঠপ্রদর্শন করা। যে কোনো বস্তুর শেষ, পশ্চাদ্ভাগ ও অনুগামী অর্থে ব্যবহার হয়। ইমাম রাগেব (র.) লিখেছেন; স্থান, কাল বা মর্যাদাগত পশ্চাদ্‌বর্তী ও অনুগামীকে دَابِرٌ বলা হয়।

مَقْطُوْعٌ : **কর্তিত; বিধ্বস্ত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (ق - ط - ع) মাসদার اَلْقَطْعُ অর্থ– কাটা; কর্তন করা; ধ্বংস করা।

مُصْبِحِيْنَ : **প্রত্যুষে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ(ص - ب - ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ– সকাল করা; প্রভাতে উপনীত হওয়া।

আয়াত : ৬৭

يَسْتَبْشِرُوْنَ : **উল্লসিত হয়ে**। তারা উল্লসিত হবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ب - ش - ر) মাসদার اَلْاِسْتِبْشَارُ অর্থ– সুসংবাদ গ্রহণ করা; উল্লসিত হওয়া; আনন্দে আত্মহারা হওয়া।

আয়াত : ৬৮

لَا تَفْضَحُوْنِ : **তোমরা আমাকে বেইয্যত করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ف - ض - ح) মাসদার اَلْفَضْحُ অর্থ– অপদস্থ হওয়া; অপমানিত হওয়া। মূলত لَا تَفْضَحُوْنِىْ ছিল। فعل نهى -এর কারণে نون وقاية পড়ে গেছে এবং শেষে نون اعرابى সংযুক্ত করা হয়েছে এবং তাতে যের দেওয়া হয়েছে।

আয়াত : ৬৯

اِتَّقُوا : **তোমরা ভয় কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّقَاءُ মূলবর্ণ (و - ق - ي) অর্থ– ভয় করা; আল্লাহভীতি অর্জন করা; তাকওয়া অবলম্বন করা।

لَا تُخْزُوْنِ : **তোমরা আমাকে হেয় করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ - ز - ى) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ– হেয় করা; অপদস্থ করা; ধ্বংস করা।

আয়াত : ৭০

اَوَلَمْ نَنْهَكَ : **আমি কি তোমাকে নিষেধ করিনি?** শুরুর হামযাহ প্রশ্নবোধক। لَمْ نَنْهَ সীগাহ جمع متكلم বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মাসদার اَلنَّهْىُ মূলবর্ণ (ن - ه - ى) অর্থ– নিষেধ করা; বারণ করা। ك যমীর মাফউলে বিহী।

আয়াত : ৭২

سَكْرَتِهِمْ : **তাদের মত্ততা**। سَكْرَةٌ মুযাফ هُمْ যমীর মুযাফ ইলাইহি। ইমাম রাগেব (র.) লিখেছেন মানুষের এমন অবস্থা যা তার ও তার জ্ঞানের মধ্যে সৃষ্টি হয় তাকে سَكْر বলা হয়। সাধারণত এর ব্যবহার মদপান জনিত ব্যাপারে হয়। আবার কখনও ক্রোধ ও প্রেম জনিত কারণেও এমন অবস্থা হতে পারে। যেমন কবি বলেন– سَكْرَانُ سَكْرِ هَوًى وَسَكْرُ مُدَامٍ [প্রেমের নেশা ও মদ্যপানের মত্ততায় বেহুঁশ] سَكْرَةُ الْمَوْتِ

শব্দটি এ থেকেই নেওয়া হয়েছে। আল্লাহ বলেন- وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ [মৃত্যুর বেহুঁশী এসে গেছে] আল্লামা মাজদুদ্দীন ফিরোজাবাদী (র.) লিখেছেন, প্রাণ হরণের কঠোরতার কারণে বুদ্ধি গড়বড় হয়ে যাওয়াকে سَكْرَةُ الْمَوْتِ বলা হয়।

আয়াত : ৭৩

فَأَخَذَتْهُمُ : **অতঃপর তাদেরকে আঘাত করল**। ف হরফে আতফ। সীগাহ واحد مؤنث غائب أَخَذَتْ বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْاَخْذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ- ধরা; পাকড়াও করা; আঘাত করা।

اَلصَّيْحَةُ : **বিকট আওয়াজ**। **ইসম**। আবার বাব ضَرَبَ এর মাসদার। মূলবর্ণ (ص ـ ى ـ ح) অর্থ- চিৎকার করা; আওয়াজ করা।

مُشْرِقِيْنَ : **সূর্যোদয়ের সময়**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ق) মাসদার اَلْاِشْرَاقُ অর্থ- উজ্জ্বল হওয়া; সূর্যোদয় হওয়া। هُمْ যমীর جمع مذكر غائب মাফউলে বিহী।

আয়াত : ৭৪

عَالِيَهَا : **তার ঊর্ধ্বস্থভাগ**। সীগাহ واحد مذكر বহছ اسم ناقص জিনস (ع ـ ل ـ و) মূলবর্ণ نَصَرَ বাব فاعل واوى মাসদার اَلْعُلُوُّ অর্থ- উঁচু হওয়া; বৃদ্ধি পাওয়া।

سَافِلَهَا : **অধস্থ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব كَرُمَ - نَصَرَ - سَمِعَ মাসদার اَلسُّفُوْلُ ও اَلسِّفَالُ অর্থ- নিচু হওয়া।

أَمْطَرْنَا : **আমি বর্ষণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْطَارُ মূলবর্ণ (م ـ ط ـ ر) অর্থ- বর্ষণ করা। পবিত্র কুরআনে اِمْطَارٌ ও مَطَرٌ শব্দের ব্যবহার সাধারণত দুঃখ-কষ্ট দেওয়া ও আজাব দানকারী বৃষ্টির অর্থে হয়েছে। আর রহমতের বৃষ্টির জন্য غَيْثٌ শব্দ ব্যবহার হয়েছে। ভাষাবিদ জাহিয ও ইবনে কুতাইবাও এ বিষয়টি স্পষ্ট করেছেন যে, শাস্তি ও কষ্টদানের ক্ষেত্রে مَطَرٌ এবং শান্তিও আরামের ক্ষেত্রে غَيْثٌ ব্যবহার করা হয়। বিশিষ্ট ভাষাবিদ আবূ উবাইদা বিশ্লেষণ করে বলেছেন مَطَرَ [বাব نَصَرَ] এর ব্যবহার কল্যাণের বৃষ্টির জন্য হয়, আর اَمْطَرَ [বাব اِفْعَالٌ] শাস্তি বর্ষণের জন্য হয়ে থাকে।

سِجِّيْلٍ : **কংকরসমূহ**। এটি ফার্সী শব্দ سنگ و گل -যা আরবিতে এসে سِجِّيْل এ পরিণত হয়েছে। ফারইয়াবী হযরত মুজাহিদ থেকে এ কথাই বর্ণনা করেছেন।

আয়াত : ৭৫

مُتَوَسِّمِيْنَ : **পর্যবেক্ষণ-শক্তিসম্পন্ন ব্যক্তিগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَسُّمُ মূলবর্ণ (و ـ س ـ م) অর্থ- চিহ্ন দেখে পরিচয় লাভ করা। রাসূল ﷺ -এর শানে হযরত আব্দুল্লাহ ইবনে রওয়াহা বলেন-

اِنِّى تَوَسَّمْتُ فِيْكَ الْخَيْرَ اَعْرِفُهُ
وَاللّٰهُ يَعْلَمُ اَنِّىْ ثَابِتُ الْبَصَرِ

"আমি আপনার জানাশুনা সৌন্দর্য পূর্ব থেকেই দেখে সনাক্ত করেছি। আল্লাহর কসম! আমার দৃষ্টি ভুল করে না।" تَوَسَّم শব্দের অর্থ- চিহ্নিত হওয়া। হাদীসে اَلشَّيْخُ الْمُتَوَسِّمُ [বার্ধক্যের চিহ্নে চিহ্নিত বৃদ্ধ] শব্দ এসেছে। মাসদার اَلْوَسْمُ যার অর্থ চিহ্নিত করা। আর ইসম হলে অর্থ হবে চিহ্ন। যার বহুবচন وُسُوْمٌ ও سِمَاتٌ -[রাগেব]

আয়াত : ৭৬

مُقِيْمٍ : **বিদ্যমান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ق ـ ى ـ م) মাসদার اَلْاِقَامَةُ অর্থ- অবস্থান করা; বিদ্যমান থাকা।

আয়াত : ৭৮

اَصْحَابُ الْاَيْكَةِ : **'আয়কাবাসীগণ'**। اَصْحَابُ মুযাফ اَلْاَيْكَةِ মুযাফ ইলাইহি। মূলত اصحاب الايكة শব্দের অর্থ গহীন অরণ্যের অধিবাসী; হযরত শু'আইব (আ.) -এর সম্প্রদায় এই অঞ্চলে বসবাস করত বলে তাদেরকে اَصْحَابُ الْاَيْكَةِ বলা হয়। আয়কার পার্শ্ববর্তী এলাকা হলো মাদইয়ান। এই দুই অঞ্চলের লোকদের হেদায়েতের জন্য আল্লাহ তা'আলা হযরত শু'আইব (আ.) কে প্রেরণ করেছিলেন। এদের মধ্যে শিরক ও মূর্তিপূজার পাশাপাশি মাপে কম দেওয়ার ব্যাপক প্রচলন ছিল। হযরত শু'আইব (আ.) এসে তাদেরকে এহেন কাজ থেকে বিরত থাকার জন্য আহ্বান করলেন। কিন্তু তারা তার কথা মানল না; বরং তার অবাধ্য হয়ে গেল। সেই পরিপ্রেক্ষিতে তাদের উপর আল্লাহর আজাব আসল। মাদাইনবাসীর উপর আসল বজ্রনিনাদরূপে আর আয়লাবাসীদের উপর

আজাব আসল মেঘাচ্ছন্ন দিনের। আল্লাহ তা'আলা যখন তাদেরকে আজাব প্রেরণ করতে ইচ্ছা করেছিলেন তখন প্রচণ্ড গরম সৃষ্টি করলেন এবং মেঘের আকৃতিতে আজাব পাঠালেন। তারা গরমে অতীষ্ট হয়ে মেঘ দেখে ছায়া গ্রহণের জন্য মেঘের নিচে যেতেই সেখান থেকে আগুন বর্ষণ হতে লাগল। যেমন আল্লাহ বলেন– فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ

আয়াত : ৭৯

فَانْتَقَمْنَا : **আমি শাস্তি দিয়েছি**। ف হরফে আত্‌ফ। اِنْتَقَمْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِنْتِقَامُ মূলবর্ণ (ن ـ ق ـ م) অর্থ– প্রতিশোধ নেওয়া; শাস্তি দেওয়া।

لَبِاِمَامٍ مُّبِيْنٍ : **নিশ্চয় তা প্রকাশ্য পথিপার্শ্বে অবস্থিত**। اِمَامٌ বলা হয় যার ইচ্ছা করা হয় এবং যাকে অনুসরণ করা হয়। যেহেতু রাস্তার ইচ্ছা করা হয় এজন্য اِمَامٌ দ্বারা রাস্তা উদ্দেশ্য হয়। তাছাড়া কিয়ামতের দিন আমলনামার অনুসরণ করা হবে, অর্থাৎ তাতে যেমন লেখা থাকবে তদনুযায়ী শাস্তি ও প্রতিদান দেওয়া হবে, তাই اِمَامٌ দ্বারা আমলনামাও উদ্দেশ্য হয়। তেমনিভাবে لَوْحٍ مَّحْفُوْظٍ-এ যা কিছু লেখা থাকবে সকলেই তার অনুসরণ করবে। এ কারণে اِمَامٌ দ্বারা لَوْحٍ مَّحْفُوْظٍ ও উদ্দেশ্য নেওয়া হয়েছে। মোটকথা পবিত্র কুরআনে اِمَامٌ শব্দ দ্বারা রাস্তা, আমলনামা বা লওহে মাহফূয বুঝানো হয়েছে। উল্লিখিত আয়াতে বলা হয়েছে– وَاِنَّهُمَا لَبِاِمَامٍ مُّبِيْنٍ [উভয়টিই তথা লূত ও শু'আইব সম্প্রদায়ের বসতির ধ্বংস্তুপ প্রকাশ্য পথিপার্শ্বে অবস্থিত] এখানে রাস্তা দ্বারা ঐ প্রাচীন মহাসড়ক উদ্দেশ্য যা আরবের ভৌগোলিক সীমায় ইয়েমেন থেকে শুরু করে লোহিত সাগরের তীরবর্তী হিজায ও মাদায়েন হয়ে প্রাচীন উপসাগরের উপকূল ঘেসে তায়মা প্রভৃতি অতিক্রম করে চলে গেছে। সমস্ত প্রাচীন ভূগোলে এ প্রাচীন মহাসড়কের কথা পাওয়া যায়। ছামুদ, লূত, শুআইব, তায়মা ও রাকীম সম্প্রদায়ের বসতিগুলো এ মহাসড়কের আশপাশে অবস্থিত ছিল। এটি সেই মহাসড়ক, যা প্রাচীনকালে ভারত, ইয়েমেন, মিসর ও সিরিয়া ভ্রমণের একমাত্র রাস্তা ছিল। কুরাইশদের বাণিজ্য কাফেলা শীত ও গ্রীষ্মে এই মহাসড়ক দিয়ে যাতায়াত করত।

আয়াত : ৮০

كَذَّبَ : **মিথ্যা আরোপ করেছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা আরোপ করা; মিথ্যাবাদী সাব্যস্ত করা।

اَصْحٰبُ الْحِجْرِ : **'হিজরবাসীগণ'**। اَصْحٰبُ মুযাফ اَلْحِجْرِ মুযাফ ইলাইহি। পূর্ববর্তী ও পরবর্তী সকল মুফাসসিরগণ এ ব্যাপারে একমত যে, اَصْحٰبُ الْحِجْرِ দ্বারা ছামূদ সম্প্রদায় উদ্দেশ্য। কিন্তু সাম্প্রতিককালের প্রখ্যাত মুফাসসির আল্লামা সাইয়িদ সুলায়মান নদভী বলেন اَصْحٰبُ الْحِجْرِ দ্বারা ছামূদ জাতি উদ্দেশ্য নয়; বরং ঐ সকল নিবতী সম্প্রদায় উদ্দেশ্য যারা হিজরকে তাদের রাজধানী বানিয়েছিল যা ছামূদ দেশে অবস্থিত। প্রমাণস্বরূপ তিনি বলেন– প্রথমত কুরআনে ثَمُوْدُ শব্দ ২৬ স্থানে এসেছে। প্রতি স্থানেই তাদের নাম উল্লেখ করা হয়েছে। اَصْحٰبُ الْحِجْرِ বলে কোথাও উল্লেখ করা হয়নি। দ্বিতীয়ত ছামূদজাতির পাথর খোদাই করার আলোচনা কুরআনের যেখানেই এসেছে সেখানে স্থানের নামও উল্লেখ করা হয়েছে তথা وَثَمُوْدَ الَّذِيْنَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ যেমন– وَادِى الْقُرٰى [যারা ওয়াদিল কুরাতে পাথর খোদাই করত]। আর এখানে হিজরবাসীদের পাথর খোদাইয়ের কথা উল্লেখ করা হয়েছে। অর্থাৎ নিবতীরা হিজরে পাথর খোদাই করে গৃহ নির্মাণ করেছে। উল্লেখ্য হিজরের স্থাপত্যশিল্পের গায়ে নিবতীদের নাম স্পষ্ট করে লেখা আছে, যা নিবতী ভাষা সম্পর্কে অবগত ব্যক্তি পড়ে দেখতে পারেন। তৃতীয়ত সহীহ বুখারী ও ইতিহাসের কিতাবে উল্লেখ রয়েছে যে, রাসূল ﷺ তাবূক গমনকালে হিজর নামক স্থান দিয়ে অতিক্রম করা সম্পর্কিত অধিকাংশ হাদীসে ثَمُوْدُ শব্দ উল্লেখ নেই। যেমন– لَا تَدْخُلُوْا مَسَاكِنَ الَّذِيْنَ ظَلَمُوْا اَنْفُسَهُمْ اِلَّا اَنْ تَكُوْنَ بَاكِيْنَ اَنْ يُّصِيْبَكُمْ مِثْلَ مَا اَصَابَكُمْ এখানেও ছামূদ শব্দ উল্লেখ নেই। এ সবের দ্বারা প্রতীয়মান হয় যে, اَصْحٰبُ الْحِجْرِ হলো নিবতীদের সম্প্রদায়।

আয়াত : ৮১

اٰتَيْنٰهُمْ : **আমরা তাদেরকে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা; দেওয়া।

مُعْرِضِيْنَ : **উপেক্ষাকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْاِعْرَاضُ অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; উপেক্ষা করা। এর صلة যদি لام আসে তাহলে অর্থ হয় সম্মুখে আসা। যেমন– أَعْرَضَ لِىْ (সে আমার সামনে এসেছে।) আর যদি সেলা عَنْ আসে তাহলে অর্থ হয় মুখ ফিরানো; বিমুখ হওয়া। যেমন– وَمَنْ أَعْرَضَ عَنْ ذِكْرِىْ (যে আমার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়।)

আয়াত : ৮২

كَانُوْا يَنْحِتُوْنَ : **তারা কর্তন করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى বাব ضَرَبَ মাসদার اَلنَّحْتُ মূলবর্ণ (ن ـ ح ـ ت) অর্থ– কাটা; খোদাই করা।

اٰمِنِيْنَ : **নিরাপদে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاَمْنُ অর্থ– নিরাপদ হওয়া।

আয়াত : ৮৪

مَا أَغْنٰى عَنْهُمْ : **তাদের কোনো কাজে আসে নি**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ن ـ ي) মাসদার اَلْاِغْنَاءُ অর্থ– ধনী বানানো; উপকারে আসা; কাজে আসা। أَغْنٰى-এর صلة যখন عَنْ আসে তখন অর্থ হয় উপেক্ষা করা; মুখ ফিরিয়ে নেওয়া।

يَكْسِبُوْنَ : **তারা উপার্জন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা; কামাই করা।

আয়াত : ৮৫

خَلَقْنَا : **আমি সৃষ্টি করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা।

لَاٰتِيَةٌ : **অবশ্যম্ভাবী**। لام তাকীদের জন্য। اٰتِيَةٌ সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা।

فَاصْفَحِ : **সুতরাং তুমি ক্ষমা কর**। ف হরফে আত্ফ। اِصْفَحْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ(ص ـ ف ـ ح) মাসদার اَلصَّفْحُ অর্থ– ক্ষমা করা; মার্জনা করা।

اَلصَّفْحَ الْجَمِيْلَ : **পরম সৌজন্যের সাথে**। اَلصَّفْحُ বাব فَتَحَ-এর মাসদার, মাওসূফ। اَلْجَمِيْلُ তার সিফত। ইমাম রাগেব লিখেছেন صَفْحٌ অর্থ تَرْكُ تَثْرِيْبٌ তথা অভিযোগ বর্জন করা। এটা عَفْو থেকে অধিক অলংকারপূর্ণ ও বিশুদ্ধ। এ কারণেই আল্লাহ বলেন– فَاعْفُوْا وَاصْفَحُوْا حَتّٰى يَأْتِىَ اللّٰهُ بِأَمْرِهٖ [সুতরাং তোমরা ক্ষমা করে দাও এবং মনেও রেখ না।] মূলত মানুষ কখনও ক্ষমা করে দেয়, কিন্তু অভিযোগ বা আপত্তি ছাড়ে না।

আয়াত : ৮৬

اَلْخَلَّاقُ : **মহাস্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ সৃষ্টি করা। ইমাম হালীমী এর অর্থ লিখেছেন– اَلْخَالِقُ خَلْقًا بَعْدَ خَلْقٍ (এক মাখলুককে সৃষ্টি করার পর অন্য মাখলুক সৃষ্টি করা।) এটি আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি।

اَلْعَلِيْمُ : **মহাজ্ঞানী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা। আল্লাহর গুণবাচক নামসমূহের একটি।

আয়াত : ৮৭

اٰتَيْنٰكَ : **আমি তোমাকে দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব إِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া; দান করা।

سَبْعًا مِّنَ الْمَثَانِىْ : **এমন সাত আয়াত যা পুনঃপুন আবৃত্ত হয়**। اَلْمَثَانِىْ এটি বহুবচন; একবচন– مَثْنٰى; মাসদার اَلثَّنَاءُ বা اَلثَّنْىُ বাব ضَرَبَ যার অর্থ– দ্বিগুণ করা; ভাঁজ করা; পুনরাবৃত্তি করা; পুনরায় করা; বাছাই করা; ثَنَاءٌ অর্থ বারবার কারো প্রশংসা বর্ণনা করা। [মুফরাদাত, তাজ, কামূস] سَبْعًا مِّنَ الْمَثَانِىْ দ্বারা সূরা ফাতিহা উদ্দেশ্য। সূরা ফাতিহাকে اَلْمَثَانِىْ বলার কারণ হলো ১. এর সাতটি আয়াত নামাজের প্রতি রাকাতে আবশ্যিকভাবে পাঠ করা হয় এবং পাঠ করার জন্য বাছাই করা হয়েছে। ثَنْىٌ অর্থও বাছাই করা। ২. সাইয়িদ মাহমূদ আলূসী (র.) তাফসীরে রূহুল মা'আনীতে এবং কাজী বায়যাবী তার বায়যাবী শরীফে লিখেছেন যে, সূরা ফাতিহা দু'বার অবতীর্ণ হয়েছে। একবার মক্কায় দ্বিতীয়বার মদীনায়। আর مَثْنٰى বারবার করা বা হওয়া। সে হিসেবে সূরা

ফাতিহাকে سَبْعًا مِّنَ الْمَثَانِيْ বলা যথাযথ হয়েছে। আবার اَلْمَثَانِيْ দ্বারা কুরআনও উদ্দেশ্য। সে হিসেবে কুরআনকে مَثَانِيْ বলার কারণ। ১. প্রফেসর আব্দুর রউফ লিখেছেন, কুরআনের বিষয়াবলির মধ্যে পুনরুক্তি রয়েছে। যেমন– আয়াত, বিষয়বস্তু, ওয়াজ-নসিহত ও এর বর্ণনাভঙ্গি, ঘটনাবলি, আদেশ-নিষেধ, অঙ্গীকার- ধমক, তেলাওয়াত ইত্যাদির পুনরুক্তি। ২. এ জন্য যে, কুরআনের মধ্যে আল্লাহর জাত, সিফাত ও গুণবাচক নামের প্রশংসা রয়েছে। ৩. কুরআনের মধ্যে স্বয়ং কুরআনের মু'জিযা হওয়া এবং অলংকারপূর্ণ হওয়ার প্রশংসা রয়েছে। ৪. রাগেব ইস্পাহানী কুরআনকে مَثَانِيْ বলার কারণ এই লিখেছেন যে, কাল ও স্থানের পরিবর্তন, পৃথিবীর উত্থান পতন সত্ত্বেও কুরআন মাজিদ সর্বপ্রকার পরিবর্তন-পরিবর্ধন ইত্যাদি থেকে পবিত্র এবং পূর্বের ন্যায় বারবার তা পুনসংকলন পরিবর্তন-পরিবর্ধন ব্যতীত হয়েই চলেছে। অবতীর্ণের সময় যেমন ছিল কিয়মাত পর্যন্ত তেমনই থাকবে।

আয়াত : ৮৮

لَا تَمُدَّنَّ : **তুমি প্রসারিত করো না**। সীগাহ واحد مذكر نهي حاضر معروف بانون ثقيلة বহছ حاضر বাব نَصَرَ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اَلْمَدُّ অর্থ– আকর্ষণ করা; টানা। কিন্তু যখন চোখের জন্য এর ব্যবহার হয় তখন অর্থ হয় প্রসারিত করা; উঁচু করা।

مَتَّعْنَا : **আমি ভোগ বিলাসের উপকরণ দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمْتِيْعُ অর্থ– উপকৃত হতে দেওয়া; ভোগ করানো।

لَا تَحْزَنْ : **তুমি দুঃখ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْحُزْنُ অর্থ– দুঃখ করা; বিমর্ষ হওয়া।

اِخْفِضْ : **তুমি অবনমিত কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَفْضُ মূলবর্ণ (خ ـ ف ـ ض) অর্থ– নিচু করা; অবনমিত করা।

جَنَاحَكَ : **তোমার পক্ষপুট**। جَنَاحٌ একবচন; বহুবচন اَجْنِحَةٌ তোমার ডানা। মূলত এটা একটি আরবি বাগধারা, যার অর্থ সদয় হও।

আয়াত : ৯০

اَنْزَلْنَا : **আমি অবতীর্ণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ز ـ ل) মাসদার اَلْاِنْزَالُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَلْمُقْتَسِمِيْنَ : **বিভক্তকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِقْتِسَامُ মূলবর্ণ (ق ـ س ـ م) অর্থ– বিভাজন করা; বিভক্ত করা; বণ্টন করা। বণ্টনকারী দ্বারা উদ্দেশ্য হলো ১. ইহুদি ও খ্রিস্টানগণ। [হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত] অর্থাৎ তাদের কিতাবের কিছু অংশ মান্যকারী ও কিছু অংশ অমান্যকারী। ২. অথবা ঐ সমস্ত লোক উদ্দেশ্য যারা মক্কার রাস্তায় রাস্তায় বিভক্ত হয়ে বসে পড়েছিল যেন আগতদেরকে নবী পর্যন্ত পৌছতে বাধা দেবে। ৩. অথবা ঐ সমস্ত লোক উদ্দেশ্য রাসূলুল্লাহ ﷺ-এর বিরোধিতায় যারা দৃঢ় অঙ্গীকারবদ্ধ হয়েছিল এবং শপথ করেছিল। –[রাগেব]

আয়াত : ৯১

جَعَلُوْا : **তারা বানিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ– করা; নির্ধারণ করা; বানানো।

عِضِيْنَ : **টুকরা টুকরা; খণ্ডবিখণ্ড; বিভিন্নভাবে বিভক্ত।** عِضَةٌ-এর বহুবচন। নসব অবস্থায়। ইমাম ফখরুদ্দীন রাজি (র.) তাফসীরে কাবীরে লিখেছেন, ভাষাবিদগণ عِضِيْنَ-এর একবচন সম্পর্কে দু'টি মত দিয়েছেন।

১. এর একবচন হলো عِضَةٌ ; শব্দটি মূলত عَضْوَةٌ ছিল। واو বিলুপ্ত হয়ে গেছে। عَضَيْتُ الشَّيْئَ থেকে নেওয়া হয়েছে। যার অর্থ টুকরা টুকরা করা। এবং প্রতি টুকরাকে عِضَةٌ বলা হয়। এটি ناقص واوى ; সে হিসেবে আয়াতে কারীমা جَعَلُوا الْقُرْاٰنَ عِضِيْنَ অর্থ হবে, তারা কুরআনকে টুকরা টুকরা করেছে। যেমন– কেউ বলে জাদু, কেউ বলে কাব্য, কেউ বলে প্রাচীন কল্পকাহিনী; কেউ বলে স্বরচিত গ্রন্থ।

২. এর একবচন عِضَةٌ যা মূলত عَضْهَةٌ ছিল। দুই ه একত্র হওয়ায় উচ্চারণ কঠিন বিধায় عِضَةٌ বলা হতে থাকে। যেমন شَفَةٌ মূলত شَفَهَةٌ ছিল এবং سَنَةٌ মূলত سَنَهَةٌ ছিল। সে হিসেবে عِضَةٌ অর্থ মিথ্যা। হাদীসেও আছে اِيَّاكُمْ وَالْعِضَةَ। তোমরা মিথ্যা থেকে বেঁচে থাক। এই মত অনুযায়ী جَعَلُوا الْقُرْاٰنَ

عِضِيْنَ -এর অর্থ হবে তারা কুরআনকে স্বরচিত বলেছিল। [তাফসীরে কাবীর, খ. ৫ পৃ. ৪১৮, মিসর থেকে প্রকাশিত]

আয়াত : ৯২

لَنَسْئَلَنَّهُمْ : **আমি তাদের সকলকে প্রশ্ন করবই।** সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون ثقيلة বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা।

আয়াত : ৯৪

فَاصْدَعْ : **অতএব তুমি প্রকাশ্যে প্রচার কর।** ف হরফে আত্‌ফ। اِصْدَعْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص ـ د ـ ع) মাসদার اَلصَّدْعُ যার অর্থ কঠিন পদার্থ যেমন– লোহা ইত্যাদি ফেটে যাওয়া। মোটকথা খুলে যাওয়ার অর্থ এর মধ্যে বিদ্যমান। সে হিসেবে কোনো কথা খুলে বলার অর্থে এটি ব্যবহার হয়। এখানে এ অর্থই উদ্দেশ্য।

اَعْرِضْ : **তুমি উপেক্ষা কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ– মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া; উপেক্ষা করা।

اَلْمُشْرِكِيْنَ : **মুশরিকগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শিরক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৯৫

كَفَيْنٰكَ : **আমিই যথেষ্ট।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ك ـ ف ـ ي) মাসদার اَلْكِفَايَةُ অর্থ– এমনভাবে প্রয়োজন পূরণ করা যেন অন্য কারো প্রতি মুখাপেক্ষী না হতে হয়।

اَلْمُسْتَهْزِئِيْنَ : **বিদ্রূপকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِهْزَاءُ মূলবর্ণ (ه ـ ز ـ و) অর্থ– ঠাট্টা-বিদ্রূপ করা; উপহাস করা।

আয়াত : ৯৭

لَقَدْ نَعْلَمُ : **আমি তো জানি।** نَعْلَمُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

يَضِيْقُ : **সে সংকুচিত হয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মাসদার الضيق মূলবর্ণ (ض ـ ي ـ ق) অর্থ– সংকুচিত হওয়া; সংকীর্ণ হওয়া।

يَقُوْلُوْنَ : **তারা বলে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نصر মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার القول। অর্থ– বলা।

আয়াত : ৯৮

فَسَبِّحْ : **সুতরাং তুমি মহিমা ঘোষণা কর।** ف হরফে আত্‌ফ। سبح সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تفعيل মাসদার التسبيح মূলবর্ণ (س ـ ب ـ ح) অর্থ– পবিত্রতা বর্ণনা করা; মহিমা ঘোষণা করা।

كُنْ : **তুমি হও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نصر মাসদার الكون। মূলবর্ণ (ك ـ و ـ ن) অর্থ– হওয়া।

اَلسَّاجِدِيْنَ : **সেজদাকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نصر মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার السجود অর্থ– সেজদা করা, কপাল মাটিতে ঠেকানো।

আয়াত : ৯৯

اُعْبُدْ : **তুমি ইবাদত কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نصر মাসদার العبادة মূলবর্ণ (ع ـ ب ـ د) অর্থ– ইবাদত করা; পূজা করা।

يَأْتِيَكَ : **তোমার নিকট আসে; উপস্থিত হয়।** সীগাহ واحدمذكر غائب বহছ مضارع معروف বাব ضرب মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার الاتيان। অর্থ– আসা।

اَلْيَقِيْنُ : **মৃত্যু।** ইসম। যা ظن ধারণা ও অনুমানের বিপরীতার্থক শব্দ। কোনো কিছু অকাট্যভাবে জেনে বুঝে নিশ্চিন্ত হওয়াকে يقين বলা হয়। معرفت ও درايت থেকে يقين স্তর অনেক উঁচু। এ কারণেই তা علم-এর صفت হয়। معرفت اليقين বলা হয় না, কিন্তু علم اليقين বলা হয়। –[রাগেব] استفعال، افعال، تفعل এ সকল বাব থেকে এর ব্যবহার হয় এবং অর্থ এক ও অভিন্ন। অর্থাৎ নিশ্চিতরূপে জানা। আবার واجب اليقين কেও يقين বলা হয়। এ কারণেই মৃত্যুকে يقين বলা হয়। কারণ তা অবশ্যম্ভাবী। মুফাসসিরগণের ঐকমত্যে এখানে يقين দ্বারা মৃত্যু উদ্দেশ্য।

সূরা নাহ্ল : মক্কায় অবতীর্ণ

আয়াত : ১২৮, রুকূ' : ১৬

আয়াত : ১

اَتٰى : এসেছে। সীগাহ ماضى واحد مذكر غائب বহছ معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ - ت - ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ- আসা।

فَلَا تَسْتَعْجِلُوْهُ : সুতরাং তা তরান্বিত করতে চেয়ো না। ف হরফে আত্ফ। لَا تَسْتَعْجِلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ع - ج - ل) মাসদার اَلْاِسْتِعْجَالُ অর্থ- ত্বরান্বিত করা; তাড়াহুড়া করা। ه যমীর মাফউলে বিহী।

سُبْحَانَهٗ : তিনি মহিমান্বিত। ইমাম সুয়ূতী اَلْاِتْقَانْ গ্রন্থে লিখেছেন سُبْحَانَ হলো تَسْبِيْح অর্থে মাসদার। অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং مفرد - এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই مفرد -টি ইসমে জাহির হোক। যেমন- سُبْحَنَ اللّٰهِ অথবা ইসমে যমীর হোক। যেমন- سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ [সন্তান হওয়া তার জন্য সমীচীন নয়] এবং এটি এমন মাসদার যার فعل -কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনও ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন, এ থেকে فعل -এর ব্যবহার রয়েছে। প্রমাণস্বরূপ তিনি একটি পংক্তি উল্লেখ করেন-

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلِبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا

[আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর পড়ে] ইবনে আবূ হাতিম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

تَعَالٰى : তিনি [শিরকের] উর্ধ্বে। তিনি মহান। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (ع - ل - و) মাসদার اَلتَّعَالِىْ অর্থ- মহান হওয়া; উঁচু হওয়া; উর্ধ্বে হওয়া।

يُشْرِكُوْنَ : তারা শরিক করে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش - ر - ك) অর্থ- শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ২

يُنَزِّلُ : তিনি অবতীর্ণ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن - ز - ل) অর্থ- অবতীর্ণ করা; নাজিল করা।

اَلْمَلٰٓئِكَةَ : ফেরেশতা। এটি বহুবচন, একবচন- مَلَكٌ আল্লাহ তা'আলার এক বিশেষ সৃষ্টি যারা কখনও আল্লাহ তা'আলার অবাধ্যতা করে না, সর্বদা তাঁর নির্দেশ পালনে সচেষ্ট থাকে। তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন- لَا يَعْصُوْنَ اللّٰهَ مَآ اَمَرَهُمْ وَيَفْعَلُوْنَ مَا يُؤْمَرُوْنَ [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৩০ দ্রষ্টব্য]

اَلرُّوْحُ : ওহী/কুরআন। এটি একবচন; বহুবচন- اَرْوَاحٌ; প্রকাশ থাকে যে, رُوْحٌ শব্দের অনেকগুলো অর্থ- রয়েছে। যেমন- প্রাণ; আত্মা; কল্যাণ; রহমত; মনের গোপন কথা; অদৃশ্য কল্যাণ; ওহী; কুরআন; ফেরেশতা। আল্লামা জালালুদ্দীন সুয়ূতী (র.) লিখেছেন যে, روح শব্দের অনেকগুলো অর্থ আছে। যেমন- ১. বিধান। যেমন- وَرُوْحٌ مِّنْهُ [এবং তার বিধান] ২. ওহী। যেমন- تَنَزَّلُ الْمَلٰٓئِكَةُ بِالرُّوْحِ [ফেরেশতা ওহীসহ অবতীর্ণ হয়], ৩. কুরআন। যেমন- اِنَّآ اَوْحَيْنَآ اِلَيْكَ رُوْحًا مِّنْ اَمْرِنَا [আমি তোমার প্রতি আমার নির্দেশে ওহী প্রেরণ করেছি কুরআন], ৪. অনুগ্রহ। রহমত। যেমন- وَاَيَّدَهُمْ بِرُوْحٍ مِّنْهُ [আমি স্বীয় রহমত দ্বারা তাকে সাহায্য করেছি], ৫. জীবন। যেমন- فَرَوْحٌ وَّرَيْحَانٌ [জীবন ও জীবিকা], ৬. জিবরাঈল। যেমন- فَاَرْسَلْنَآ اِلَيْهَا رُوْحَنَا [অতঃপর প্রেরণ করেছি আমি তার প্রতি স্বীয় ফেরেশতা], ৭. একজন সম্মানিত ফেরেশতা।

যেমন– يَوْمَ يَقُوْمُ الرُّوْحُ [যেদিন দণ্ডায়মান হবে রূহ নামক ফেরেশতা], ৮. একজন বিশেষ ফেরেশতার দল। যেমন– تَنَزَّلُ الْمَلَائِكَةُ وَالرُّوْحُ فِيْهَا [ফেরেশতা তার বিশেষ দলসহ অবতীর্ণ হয়], ৯. প্রাণ; আত্মা। যেমন– يَسْئَلُوْنَكَ عَنِ الرُّوْحِ [তারা আপনার নিকট রূহ সম্পর্কে জিজ্ঞেস করে] [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৮৭ দ্রষ্টব্য]

اَمْرِ : **নির্দেশ**। এটি একবচন, বহুবচন– اَوَامِرُ মাসদার, বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) জিনস مهموز فاء

اَنْذِرُوْا : **তোমরা সতর্ক কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْذَارُ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) অর্থ– ভীতি প্রদর্শন করা; সতর্ক করা।

فَاتَّقُوْنِ : **সুতরাং তোমরা আমাকে ভয় কর**। ف হরফে আত্‌ফ। اِتَّقُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব افتعال মাসদার الاتقاء মূলবর্ণ (و ـ ق ـ ى) অর্থ– ভয় করা।

আয়াত : ৪

نُّطْفَةٍ : **শুক্র; বীর্য**। ইসমে মুফরাদ। বহুবচন– نُطَفٌ

خَصِيْمٌ : **বিতণ্ডাকারী**। **ঝগড়াটে**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة অর্থাৎ كَثِيْرُ الْمُخَاصَمَةِ বহুবচন– خِصَامٌ - خُصْمَانٌ - خُصَمَاءُ

مُّبِيْنٌ : **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; খুলে বর্ণনা করা।

আয়াত : ৫

اَلْاَنْعَامَ : **গবাদিপশু**; ভেড়া, বকরি, গরু, মহিষ, উট ইত্যাদি। গবাদিপশুকে ততক্ষণ পর্যন্ত اَنْعَامٌ বলা হবেনা যতক্ষণ পর্যন্ত তাদের মাঝে উট অন্তর্ভুক্ত না হবে। এটি মূলত نَعَمٌ-এর বহুবচন, যার অর্থ উট। কিন্তু ভেড়া, বকরি, গরু, মহিষের জন্যও ব্যবহৃত হয়। উট আরবদের নিকট বড় নিয়ামত তাই তাকে نَعَمٌ বলা হয়।

دِفْءٌ : **শীত নিবারক উপকরণ**। শীতবস্ত্র। বহুবচন اَدْفَاءٌ

مَنَافِعُ : **বহু উপকার**। ইসম। جمع منتهى الجموع হালতে রফা'। একবচন– مَنْفَعَةٌ

تَأْكُلُوْنَ : **তোমরা আহার করে থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ ـ ك ـ ل) অর্থ– আহার করা; খাওয়া।

আয়াত : ৬

جَمَالٌ : **সৌন্দর্য**। মাসদার হলে অর্থ হবে সুন্দর হওয়া। প্রচুর সৌন্দর্যকে جَمَالٌ বলা হয়। যা দুই প্রকার।

১. এমন সৌন্দর্য যা মানুষের সত্তা, দেহ বা কর্মের সাথে সংশ্লিষ্ট।

২. এমন সৌন্দর্য যা তার থেকে অন্যের নিকট পৌঁছে। যেমন হাদীসে রয়েছে– اِنَّ اللّٰهَ جَمِيْلٌ يُحِبُّ الْجَمَالَ [নিশ্চয় আল্লাহ সুন্দর তিনি সুন্দরকে পছন্দ করেন।]

حِيْنَ تُرِيْحُوْنَ : **যখন গোধুলি লগ্নে তাদেরকে চারণভূমি হতে গৃহে নিয়ে আস**। تُرِيْحُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ و ـ ح) মাসদার اَلْاِرَاحَةُ অর্থ– সন্ধ্যাবেলা গবাদিপশুকে চারণভূমি থেকে ঘরে ফিরিয়ে আনা।

وَ حِيْنَ تَسْرَحُوْنَ : **এবং যখন প্রভাতে তাদেরকে চারণভূমিতে নিয়ে যাও**। تَسْرَحُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ(س ـ ر ـ ح) মাসদার اَلسَّرْحُ অর্থ– প্রভাতে গবাদিপশুকে চরাতে নিয়ে যাওয়া।

আয়াত : ৭

تَحْمِلُ : **উহা ভার বহন করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَمْلُ মূলবর্ণ (ح ـ م ـ ل) অর্থ– বোঝা চাপিয়ে দেওয়া; বোঝা বহন করা; বোঝা উঠানো। এর ব্যবহার অনেক কিছুর ক্ষেত্রে হয়ে থাকে এ কারণে সীগাহ একই রকম থাকে, কিন্তু মাসদার ভিন্ন হয়ে থাকে। যেমন যা বাহ্যিকভাবে বহন করা হয় অর্থাৎ বোঝার জন্য حِمْلٌ (যেরযোগে) আসে। আর যে বোঝা অদৃশ্যে বহন করা হয় যেমন গর্ভের বাচ্চা, মেঘের মধ্যে পানি, বৃক্ষে ফল ইত্যাদি তার জন্য حَمْلٌ (যবরযোগে) ব্যবহার হয়।

اَثْقَالَكُمْ : **তোমাদের ভার বা বোঝা**। اَثْقَالٌ বহুবচন; একবচন– ثِقْلٌ ; كُمْ যমীর مضاف اليه ।

بَلَدٍ : **দেশ; শহর**। বহুবচন– بِلَادٌ ও بُلْدَانٌ

لَمْ تَكُوْنُوْا : **তোমরা হয়ো না**। সীগাহ جمع مذكر نفى جحد بلم در فعل مستقبل বহছ حاضر বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার معروف اَلْكَوْنُ অর্থ– হওয়া। মূলত تَكُوْنُوْنَ ছিল। لَمْ-এর কারণে نون পড়ে গেছে।

بَالِغِيْهِ : **সেখান পর্যন্ত গমনকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌঁছা। মূলত بالغين ছিল। ইযাফতের কারণে নূন পড়ে গেছে।

بِشِقِّ الْاَنْفُسِ : **প্রাণান্ত ক্লেশ করে**। شِقٌّ ইসম ও মাসদার। অর্থ– কষ্ট; ক্লেশ; কঠিন। বাব نَصَرَ ;

رَءُوْفٌ : **দয়ার্দ্র**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ف) মাসদার اَلرَّأْفَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। ইমাম হালীমী (র.) বলেন, এর অর্থ হলো স্বীয় বান্দাদের সাথে নম্রতা অবলম্বনকারী। কেননা আল্লাহ তা'আলা বান্দাদের উপর এমন কোনো ইবাদত আরোপ করেন নি যা সে বিকলাঙ্গতা, অসুস্থতা বা দুর্বলতার কারণে করতে সক্ষম নয়। বরং যে ইবাদতের তারা সক্ষম তদপেক্ষা কম ইবাদত তাদের জন্য আরোপ করা হয়েছে এবং পাশাপাশি কঠিন সময়ের জন্য স্বীয় ইবাদতকে কঠিন করেছেন এবং দুর্বলতা ও শক্তিহীনতার সময় তা হালকা করেছেন। স্থায়ী ব্যক্তির জন্য যা আবশ্যক করেছেন মুসাফিরের জন্য তা বাধ্য করেন নি। সুস্থ ব্যক্তির জন্য যা বাধ্য করেছেন অসুস্থ ব্যক্তির তা জন্য আবশ্যক করেন নি। এ সব কিছুই হলো رَأْفَةٌ বা দয়ার্দ্রতা। ইমাম খাত্তাবী رَحْمَتٌ ও رَأْفَةٌ-এর মধ্যে পার্থক্য করেছেন যে, رَحْمَتٌ কখনো বিশেষ কারণে অপছন্দনীয়তার ক্ষেত্রেও হয়ে থাকে, কিন্তু رَأْفَةٌ অপছন্দনীয়তার ক্ষেত্রে হয় না।

আয়াত : ৮

اَلْخَيْلَ : **অশ্ব**। একবচন; বহুবচন– خُيُوْلٌ ও اَخْيَالٌ

اَلْبِغَالَ : **অশ্বতর; খচ্চর**। বহুবচন, একবচন– بَغْلٌ

اَلْحَمِيْرَ : **গাধা, গর্দভ**। বহুবচন, একবচন– حِمَارٌ বহুবচন– حُمُرٌ ও আসে।

لِتَرْكَبُوْهَا : **যেন তোমরা তাতে আরোহণ করতে পার**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع تَرْكَبُوْا মাসদার معروف বাব سَمِعَ মূলবর্ণ(ر ـ ك ـ ب) اَلرُّكُوْبُ অর্থ– পশুপৃষ্ঠে আরোহণ করা; সওয়ার হওয়া। কখনও নৌকায় আরোহণের জন্যও এর ব্যবহার হয়। শুরুতে لام كى-এর কারণে نون اعرابى পড়ে গেছে।

زِيْنَةً : **শোভা। শোভার বস্তু**। ইমাম রাগেব (র.) লিখেছেন প্রকৃত সৌন্দর্য হলো যা মানুষের জন্য ইহকাল-পরকাল কোনো অবস্থাতেই দূষণীয় হয় না। পক্ষান্তরে যা এক অবস্থায় সৌন্দর্য কিন্তু অপর অবস্থায় সৌন্দর্য না হয় তা এক দৃষ্টিকোণ থেকে দূষণীয়। সংক্ষিপ্তভাবে বলা যায় زِيْنَةٌ তিন প্রকার।

১. زِيْنَةٌ نَفْسِىْ বা আধ্যাত্মিক সৌন্দর্য। যেমন ইলম, উত্তম আকিদা ইত্যাদি।

২. زِيْنَةٌ بَدَنِىْ দৈহিক সৌন্দর্য। যেমন শক্তিশালী ও হ্যান্ডসাম হওয়া।

৩. زِيْنَةٌ خَارِجِيَّةٌ বাহ্যিক সৌন্দর্য। যেমন– ধন, সম্পদ, মর্যাদা। আয়াত وَزَيَّنَهٗ فِىْ قُلُوْبِكُمْ-এর দ্বারা প্রথম প্রকার زِيْنَةٌ উদ্দেশ্য। আর مَنْ حَرَّمَ زِيْنَةَ اللّٰهِ এ আয়াত দ্বারা দ্বিতীয় প্রকার তথা দৈহিক সৌন্দর্য উদ্দেশ্য। কেননা একটি সম্প্রদায় বিবস্ত্র অবস্থায় কা'বা শরীফ তওয়াফ করত। তাদের ব্যাপারে এ আয়াত অবতীর্ণ হয়েছে। আর فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِىْ زِيْنَتِهٖ দ্বারা তৃতীয় প্রকার অর্থাৎ দৈহিক সৌন্দর্য তথা ধনসম্পদ উদ্দেশ্য।

يَخْلُقُ : **তিনি সৃষ্টি করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْخَلْقُ মূলবর্ণ (خ ـ ل ـ ق) অর্থ– সৃষ্টি করা।

مَا لَا يَعْلَمُوْنَ : **যা তারা অবগত নয়**। مَا মাওসূলা। لَا نفى বহছ جمع مذكر غائب সীগাহ يعلمون اَلْعِلْمُ মাসদার سَمِعَ বাব فعل مضارع معروف মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা; অবগত হওয়া। এখানে বিশেষভাবে লক্ষণীয় যে, সওয়ারীর তিনটি জন্তু ঘোড়া, খচ্চর ও গাধার কথা বর্ণনা করার ক্ষেত্রে অতীত পদবাচ্য ব্যবহার করে خَلَقَ বলা হয়েছে। আর অন্যান্য যানবাহন সম্পর্কে ভবিষ্যৎ পদবাচ্য ব্যবহার করে বলা হয়েছে– وَيَخْلُقُ مَا لَا يَعْلَمُوْنَ অর্থাৎ আল্লাহ তা'আলা ঐ সব বস্তু সৃষ্টি করবেন যা তোমরা জান না। এখানে ঐ সমস্ত নব আবিষ্কৃত যানবাহন ও গাড়ি বোঝানো হয়েছে, যেগুলোর অস্তিত্ব

প্রাচীনকালে ছিল না; যেমন– রেল, মোটর, বিমান ইত্যাদি; যেগুলো এ পর্যন্ত আবিষ্কৃত হয়েছে এছাড়া ভবিষ্যতে যেসব যানবাহন আবিষ্কৃত হবে, সেগুলোও এর অন্তর্ভুক্ত। –[মা'আরিফুল কুরআন, পারা ১৪; সূরা নাহ্ল, আয়াত : ৮ দ্রষ্টব্য]

আয়াত : ৯

قَصْدُ السَّبِيْلِ : **সরল পথ**। যাতে কোনো প্যাচ ও বক্রতা নেই। তাকেই صِرَاطٌ مُّسْتَقِيْمٌ বলা হয়েছে। اِقْتَصَدَ মধ্যপন্থা অবলম্বন করা; ব্যয়ে মধ্যপন্থা না অপচয় না কার্পণ্য; সৎকার্যে মধ্যপন্থা না ভীষণ সৎ না ভীষণ পাপিষ্ঠ।

جَائِرٌ : **বক্রপথ**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ و ـ ر) মাসদার اَلْجَوْرُ অর্থ– বক্র হওয়া; পথচ্যুত হওয়া।

لَوْ شَاءَ : **যদি তিনি ইচ্ছা করেন**। شَاءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

لَهَدٰكُمْ : **নিশ্চয় তিনি তোমাদেরকে সৎপথে পরিচালিত করতেন**। ل তাকীদের জন্য। هَدٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথপ্রদর্শন করা; হেদায়েত করা।

আয়াত : ১০

شَجَرٌ : **বৃক্ষ**। এটি একবচন; বহুবচন– اَشْجَارٌ ; সাধারণত বৃক্ষ অর্থেই ব্যবহৃত হয়। কিন্তু شَجَرٌ দ্বারা শাক-সবজি জতীয় উদ্ভিদকেও বুঝায়। –[লিসানুল আরব]

تُسِيْمُوْنَ : **তোমরা পশু চারণ করে থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ و ـ م) মাসদার اَلْاِسَامَةُ অর্থ– পশু চরানো।

আয়াত : ১১

يُنْبِتُ : **তিনি জন্মান**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ب ـ ت) মাসদার اَلْاِنْبَاتُ অর্থ– উৎপন্ন করা; জন্মানো।

اَلزَّرْعَ : **শস্য**। এটি বাব فَتَحَ -এর মাসদার। অর্থ– ক্ষেত; ক্ষেত করা। উৎপাদন করা।

زَيْتُوْنَ : **যায়তুন**। জলপাই জাতীয় আরবদেশের ফলবিশেষ যা ফল, তরকারি ও ঔষধরূপে ব্যবহৃত হয়। এর তৈল [অলিভ ওয়েল] অনেক উপকারী।

اَعْنَابَ : **আংগুর**। বহুবচন, একবচন– عِنَبٌ

اَلثَّمَرَاتِ : **ফলফলাদি**। বহুবচন, একবচন– ثَمَرَةٌ

يَتَفَكَّرُوْنَ : **তারা চিন্তা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ (ف ـ ك ـ ر) অর্থ– চিন্তা করা। فِكْرٌ আর تَفَكُّرٌ এর মধ্যে পার্থক্য হলো فِكْرٌ এমন শক্তিকে বলা হয় যা عِلْمٌ -কে- مَعْلُوْمٌ -এর দিকে আনে। আর تَفَكُّرٌ হলো উক্ত শক্তি দ্বারা আকলের চাহিদা অনুযায়ী কাজে পরিণত করা। এটা মানুষের গুণ প্রাণীর গুণ নয়। এ কারণেই تَفَكُّرٌ -এর ব্যবহার এমন বস্তু সম্পর্কে হয় যার আকৃতি মানুষের অন্তর ও মস্তিষ্কে আসা সম্ভব। তাই বর্ণিত আছে– تَفَكَّرُوْا فِىْ اٰلَاءِ اللّٰهِ وَلَا تُفَكَّرُوْا فِى اللّٰهِ (আল্লাহর নিয়ামত সম্পর্কে চিন্তা কর; কিন্তু আল্লাহর জাত সম্পর্কে চিন্তা করো না।)

আয়াত : ১২

سَخَّرَ : **তিনি নিয়োজিত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত করা; বাধ্য করা; জোরপূর্বক কাজে লাগানো।

مُسَخَّرَاتٌ : **অধীন; অনুগত**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত করাবাধ্য করা।

আয়াত : ১৩

ذَرَأَ : **তিনি সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلذَّرْأُ মূলবর্ণ (ذ ـ ر ـ أ) অর্থ– সৃষ্টি করা; বিস্তার করা।

يَذَّكَّرُوْنَ : **তারা উপদেশ গ্রহণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذَكُّرُ অর্থ– উপদেশ গ্রহণ করা।

فَضْلِهٖ : **তার অনুগ্রহ।** فَضْل মুযাফ, ه যমীর واحد مذكر غائب মুযাফ ইলাইহি। এটি اسم فعل আরো অর্থ রয়েছে। যেমন- শ্রেষ্ঠত্ব, সম্পদ, শক্তি, সৌন্দর্য, মর্যাদা, রাজত্ব, জ্ঞান, বুদ্ধি, বিদ্যা ইত্যাদিতে অধিক হওয়া। এ অর্থে এর দু'টি সুরত রয়েছে। ১. উত্তম ও পছন্দনীয় আধিক্য। যেমন- জ্ঞান, বিদ্যা ধৈর্য লজ্জা ইত্যাদিতে আধিক্য। ২. মন্দ আধিক্য। যেমন- ক্রোধ, ইত্যাদির আধিক্য। فَضْل শব্দের সাধারণ ব্যবহার উত্তম আধিক্যের জন্যই হয়ে থাকে। আর মন্দ আধিক্যের জন্য فُضُول শব্দ ব্যবহার হয়। যদিও গঠনগতভাবে উভয়টি একই অর্থবোধক। -[রাগেব]

تَشْكُرُوْنَ : **তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করবে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ك ـ ر) মাসদার اَلشُّكْرُ অর্থ- কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা।

আয়াত : ১৫

اَلْقٰى : **তিনি স্থাপন করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ- ঢেলে দেওয়া; স্থাপন করা; রাখা।

رَوَاسِىَ : **পর্বতসমূহ।** رَاسِيَةٌ-এর বহুবচন।

اَنْ تَمِيْدَ بِكُمْ : **যেন তা তোমাদেরকে নিয়ে আন্দোলিত না হয়।** تميد সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَيْدُ মূলবর্ণ (م ـ ي ـ د) অর্থ- কোনো বিশাল বস্তুকে নিয়ে নড়াচড়া করা।

سُبُلًا : **পথসমূহ।** এটি বহুবচন; একবচন- سَبِيْلٌ

আয়াত : ১৬

عَلَامَاتٍ : **পথ নির্ণায়ক চিহ্নসমূহ।** এটি বহুবচন; একবচন- عَلَامَةٌ

اَلنَّجْمِ : **নক্ষত্র। ইসমে জিনস।** বহুবচন اَلنُّجُوْمُ কারো কারো মতে কৃত্তিকা নক্ষত্রপুঞ্জ, সপ্তর্ষিমণ্ডল/শিশুমার বা মকররাশি এ তিনটি নক্ষত্র উদ্দেশ্য [মাদারিক]। তবে মুজাহিদ থেকে বর্ণিত আছে, যে কোনো নক্ষত্র উদ্দেশ্য। অধিকাংশ মুফাসসিরের মতে কৃত্তিকা নক্ষত্রপুঞ্জ উদ্দেশ্য। কারো মতে শনিগ্রহ উদ্দেশ্য।

আয়াত : ১৪

لِتَأْكُلُوْا : **যেন তোমরা আহার করতে পার।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ ك ـ ل) মাসদার اَلْاَكْلُ অর্থ- আহার করা; খাওয়া। শুরুতে لام كى-এর কারণে نون اعرابى পড়ে গেছে। মূলত لَا تَأْكُلُوْنَ ছিল।

لَحْمًا طَرِيًّا : **তাজা মৎস্য।** لَحْمٌ গোশত। কিন্তু এ স্থলে এর অর্থ মৎস্য। [কুরতুবী, সাফওয়াতুল বায়ান] طَرِيًّا তাজা। فَعِيْل-এর ওজনে সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। মাফউল হওয়ার কারণে নসব অবস্থায় রয়েছে।

حِلْيَةً : **অলংকার।** একবচন; বহুবচন- حُلًى

تَسْتَخْرِجُوْا : **তোমরা আহরণ করতে পার।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِسْتِخْرَاجُ অর্থ- বের করা; আহরণ করা। لِتَأْكُلُوْا-এর উপর আতফ হওয়ার কারণে تَسْتَخْرِجُوْا-এর শেষের نون اعرابى পড়ে গেছে। মূলত تَسْتَخْرِجُوْنَ ছিল।

تَلْبَسُوْنَهَا : **তোমরা তা পরিধান কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ س) মাসদার اَللُّبْسُ অর্থ- পরিধান করা।

تَرَى : **তুমি দেখ।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ(ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা; প্রত্যক্ষ করা।

اَلْفُلْكَ : **নৌযান।** শব্দটি পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, একবচন ও বহুবচন সবই হতে পারে। অথবা এটি একবচনরূপে বহুবচন। তখন একবচন হবে فَلَكٌ [ف ও ل বর্ণে যবরযোগে] [কামূস]

مَوَاخِرَ : **পানি বিদীর্ণকারী নৌযানসমূহ।** এটি বহুবচন; একবচন- مَاخِرٌ সিফাতে মুশাব্বাহ এর সীগাহ। বাব فَتَحَ মাসদার اَلْمَخْرُ ও اَلْمُخُوْرُ অর্থ- নৌযান চলাচল করা; পানি বিদীর্ণ করা।

لِتَبْتَغُوْا : **যেন তোমরা সন্ধান করতে পার।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ى) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ- অন্বেষণ করা; সন্ধান করা। শুরুতে لام كى-এর কারণে نون اعرابى পড়ে গেছে। মূলত تَبْتَغُوْنَ ছিল।

يَهْتَدُوْنَ : **তারা পথের নির্দেশ পায়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْـهِـدَايَــةُ মূলবর্ণ (ه ـ د ـ ي) অর্থ– সৎপথে পরিচালিত হওয়া; পথের সন্ধান পাওয়া।

আয়াত : ১৮

اِنْ تَـعُـدُّوْا : **যদি তোমরা গণনা কর**। اِنْ হরফে শর্ত। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع تَعُدُّوْا বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ د ـ د) মাসদার اَلْعَدُّ معروف অর্থ– গণনা করা। ان হরফে শর্তের কারণে نـون اعرابى পড়ে গেছে। মূলত تَعُدُّوْنَ ছিল।

لَا تُحْصُوْهَا : **তার সংখ্যা নির্ণয় করতে পারবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ي) মাসদার اَلْاِحْصَاءُ অর্থ– গণনা করা; পরিসংখ্যান করা।

আয়াত : ১৯

يَعْلَمُ : **তিনি জানেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

تُسِرُّوْنَ : **তোমরা গোপন কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسْرَارُ মূলবর্ণ (س ـ ر ـ ر) জিনস مضاعف অর্থ– গোপন করা; চুপিসারে কথা বলা; গোপনে পরামর্শ করা।

تُعْلِنُوْنَ : **তোমরা প্রকাশ করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْلَانُ মূলবর্ণ (ع ـ ل ـ ن) অর্থ– ঘোষণা করা; প্রকাশ করা।

আয়াত : ২০

يَدْعُوْنَ : **তারা আহ্বান করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدَّعْوَةُ অর্থ– আহ্বান করা; ডাকা।

لَا يَخْلُقُوْنَ : **তারা সৃষ্টি করতে পারে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা।

আয়াত : ২১

مَا يَشْعُرُوْنَ : **তাদের চেতনা নেই; তারা বুঝে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুধাবন করা; বুঝা।

اَيَّانَ : **কখন**। এটি مَتٰى-এর ন্যায় কোনো কিছুর সময় জিজ্ঞেস করার জন্য ব্যবহার হয়। কারো কারো মতে শব্দটির মূল হলো اَيُّ اَوَانٍ অর্থাৎ কোন সময়? الف কে বিলুপ্ত করে واو-কে ياء দ্বারা পরিবর্তন করে ياء-কে ياء-এর মধ্যে ইদগাম করা হয়েছে। ফলে اَيَّان হয়ে গেছে।

يُبْعَثُوْنَ : **তাদেরকে পুনরুত্থিত করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– পুনরুত্থিত করা; পুনর্জীবিত করা; উঠিয়ে দাড় করানো। মূলত بَعْثٌ অর্থ– প্রেরণ করা; পাঠানো। কিন্তু قَرِيْنَةٌ ও সংশ্লিষ্টতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের بَعْثٌ শব্দ ব্যবহার হলে তখন অর্থ হবে উটকে উঠানো ও হাঁকানো। মৃতদের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে পুনরায় জীবিত হওয়া। নবী-রাসূলগণের জন্য ব্যবহার হলে অর্থ হবে প্রেরিত হওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে এর অর্থ বুঝে নিতে হবে।

আয়াত : ২২

اِلٰهُكُمْ : **তোমাদের ইলাহ**। اِلٰهُ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। বহুবচন اٰلِهَةٌ অর্থ– প্রত্যেক জাতির উপাস্য চাই তা সত্য হোক কিংবা মিথ্যা।

مُنْكِرَةٌ : **সত্যবিমুখ**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা।

مُسْتَكْبِرُوْنَ : **অহংকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা।

আয়াত : ২৩

لَا جَرَمَ : **নিঃসন্দেহে**। يَقِيْنًا ও حَقًّا-এর সমার্থবোধক। মূলত এর অর্থ ছিল অবশ্যম্ভাবী।

ব্যাপক ব্যবহারের ফলে حَقّ বা قَسَمْ [ফেলে মাযী] -এর অর্থে ব্যবহার হতে থাকে। নাহুবিদ সীবওয়াইহি এবং খলীল -এর মত এটিই। আবুল বাকার মতে حَقًّا অর্থাৎ মাসদারী অর্থ বর্ণনা করেছেন। জমহূরের মতও এটিই। ইমাম রাজি (র.) তাফসীরে কাবীরে ফাররারও এ মত বর্ণনা করেছেন। কারো কারো মতে এটি لَا مَنْعَ ও لَا ضَدَّ অর্থে ব্যবহৃত। অর্থাৎ কোনো প্রতিবন্ধকতা নেই; কোনো বাধাবিপত্তি নেই।

لَا يُحِبُّ : **তিনি পছন্দ করেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْإِحْبَابُ অর্থ– পছন্দ করা; মহব্বত করা; ভালোবাসা। উল্লেখ্য যে, ভালোবাসা ও ঘৃণা এ দু'টি মানুষের প্রবৃত্তির চাহিদার শাখা-প্রশাখাসমূহ। এ কারণে ভালোবাসা, শত্রুতা, ঘৃণা ইত্যাদির সম্পর্ক যখন আল্লাহর দিকে হয় তখন এটি حقيقى অর্থে ব্যবহার হয় না; বরং ছওয়াব দেওয়া ও শাস্তি দেওয়া অর্থে ব্যবহার হয়। কারণ ভালবাসার চাহিদা হলো আরাম দেওয়া আর শত্রুতার চাহিদা হলো কষ্ট দেওয়া। রূপক সম্পর্কের ভিত্তিতে سبب বলে তার مسبب উদ্দেশ্য নেওয়া জায়েজ আছে।

مُسْتَكْبِرُوْنَ : **অহংকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِكْبَارُ মূলবর্ণ (ك ـ ب ـ ر) অর্থ– অহংকার করা।

আয়াত : ২৪

وَاِذَا قِيْلَ لَهُمْ : **যখন তাদেরকে বলা হয়**। اِذَا হরফে শর্ত। قِيْلَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা। হরফে শর্তের পরে আসার কারণে مضارع -এর অর্থ হয়েছে। قِيْلَ মূলত قُوِلَ ছিল। قاف বর্ণে পেশ তার পরবর্তী বর্ণে যের হয়েছে, যা উচ্চারণ করা কঠিন, তাই قاف -এর হরকত ফেলে দিয়ে واو কে ياء দ্বারা পরিবর্তন করা হয়েছে। এভাবে قِيْلَ হয়েছে।

مَاذَا : **এটা কী?** مَاذَا -এর শব্দগত গঠন সম্পর্কে মতবিরোধ রয়েছে। কেউ বলেন, مركب আবার কেউ বলে بسيط যারা بَسِيْط বলেন, তারা বলেন مَاذَا পূর্ণটাই اسم جنس অথবা موصولة যা اَلَّذِىْ -এর সমার্থবোধক। অথবা পূর্ণ হরফটিই প্রশ্নবোধক যেমন– مَاذَا يُنْفِقُوْنَ قُلِ الْعَفْوَ [তারা কী খরচ করবে?]; এদিকে مركب -এর প্রবক্তাগণ বলেন مَاذَا -টি হয় প্রশ্নবোধকের ما এবং موصولة -এর ذا দ্বারা গঠিত। যেমন প্রোক্ত আয়াত। অথবা প্রশ্নবোধকের ما এবং اسم اشارة -এর ذا দ্বারা; অথবা اسم اشارة এবং ما زائدة -এর ذا দ্বারা। অথবা প্রশ্নবোধকের مَا এবং ذَا টি অতিরিক্ত।

اَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ : **পূর্ববর্তীদের উপকথা**। اَسَاطِيْرُ শব্দটি اُسْطُوْرَةٌ -এর বহুবচন। অর্থ কাহিনী; মনগড়া রচিত কথা; এমন মিথ্যা সংবাদ যা সম্পর্কে বদ্ধমূল ধারণা জন্মায় যে, তা মিথ্যাভাবে রচিত। اَلْاَوَّلِيْنَ শব্দটি اَوَّلٌ -এর বহুবচন। অর্থ– পূর্বে; পূর্ববর্তী।

আয়াত : ২৫

لِيَحْمِلُوْا : **যেন তারা বহন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف ; لام كى -এর কারণে মানসূব। বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ م ـ ل) মাসদার اَلْحَمْلُ অর্থ– বহন করা।

اَوْزَارَهُمْ : **তাদের বোঝা**। اَوْزَارٌ শব্দটি وِزْرٌ -এর বহুবচন যা মুযাফ। هم যমীর মুযাফ ইলাইহি।

يُضِلُّوْنَهُمْ : **তারা তাদেরকে বিভ্রান্ত করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিভ্রান্ত করা; পথভ্রষ্ট করা। هُمْ যমীর মাফঊলে বিহী।

سَاءَ : **কতইনা নিকৃষ্ট**। শব্দটি فعل ذم ; সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ أ) মাসদার اَلسُّوْءُ অর্থ– নিকৃষ্ট হওয়া; মন্দ হওয়া।

يَزِرُوْنَ : **তারা বহন করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ز ـ ر) মাসদার اَلْوِزْرُ অর্থ– বহন করা; উঠানো; গুনাহের বোঝা বহন করা।

আয়াত : ২৬

مَكَرَ : **সে চক্রান্ত করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ك ـ ر) মাসদার اَلْمَكْرُ অর্থ– প্রতারণা করা; চক্রান্ত করা।

فَاَتَى اللّٰهُ بُنْيَانَهُمْ : **আল্লাহ তাদের ভিত্তিমূলে আঘাত করেছিলেন**। ف হরফে আত্‌ফ। اَتٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এখানে অর্থ হবে আঘাত করা।

بُنْيَانَ : **গৃহসমূহ; ভিত্তিসমূহ**। এটি বহুবচন নয়; বরং একবচন। কারণ بُنْيَانٌ مَرْصُوْصٌ -এর মধ্যে এর صفت ও পুংলিঙ্গ; যদি শব্দটি বহুবচন হতো তাহলে صفت স্ত্রীলিঙ্গ আসত। কতক ওলামায়ে কেরামের মত হলো এটি بُنْيَانَةٌ -এর বহুবচন। যেমন شَعِيْرٌ -এর تَمْرَةٌ টি- تَمْرٌ -এবং টি- شَعِيْرَةٌ -এর বহুবচন, এবং শব্দটির বহুবচন। এ ধরনের বহুবচনের পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ই জায়েজ আছে।

اَلْقَوَاعِدِ : **ভিত্তিমূল**। এটি قَاعِدَةٌ -এর বহুবচন। দেয়ালের শুরুর অংশ যা মাটির গভীর থেকে শুরু হয়ে ভূমির সমান সমান হয়ে কিছুটা উপরে উঠে। যার উপর পূর্ণ বিল্ডিং স্থাপিত হয়। যার উপর কোনো কিছুর অবস্থান হয়, তাকে قَاعِدَةٌ বলা হয়। যেমন قَاعِدَةُ الْمُلْكِ রাজ সিংহাসন। قَاعِدَةُ الْهَوْدَجِ হাওদার চতুর্দিকের কাষ্ঠসমূহ যার উপর হাওদা স্থির থাকে।

فَخَرَّ : **অতঃপর তা ধ্বসে পড়ল**। فَ হরফে আত্‌ফ। خر সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ ر ـ ر) মাসদার اَلْخَرُّ অর্থ– ধ্বসে পড়া; লুটিয়ে পড়া।

اَلسَّقْفُ : **ছাদ**। একবচন, বহুবচন سُقُوْفٌ আখফাশের মতে বহুবচন হলো– سُقُفٌ

لَا يَشْعُرُوْنَ : **তারা উপলব্ধি করতে পারেনি**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلشُّعُوْرُ অর্থ– অনুভব করা; উপলব্ধি করা; টের পাওয়া।

আয়াত : ২৭

يُخْزِيْهِمْ : **তিনি তাদেরকে লাঞ্ছিত করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ز ـ ى) মাসদার اَلْاِخْزَاءُ অর্থ– লাঞ্ছিত করা; অপদস্থ করা।

كُنْتُمْ تُشَاقُّوْنَ : **তোমরা বিতণ্ডা করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي استمراري معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ش ـ ق ـ ق) মাসদার اَلْمُشَاقَّةُ ও اَلشِّقَاقُ অর্থ– বিরোধিতা করা; বিতণ্ডা করা; ঝগড়া করা।

اُوْتُوْا : **তাদেরকে দেওয়া হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা; দেওয়া।

اَلسُّوْءَ : **মন্দকর্ম**। এটি ইসম فُعْلٰى -এর ওজনে -اَسْوَأُ এর স্ত্রীলিঙ্গ। যেমনভাবে পুণ্যের জন্য حُسْنٰى ব্যবহার হয়। ইমাম রাগেবের মতে سُوْءٌ এমন অনিষ্টকর বস্তু যা মানুষকে চিন্তায় ফেলে দেয়, তা পার্থিব বিষয় হোক বা পরকালীন বিষয়। আল্লামা সাইয়েদ মুরতাজা জুবাইদি লিখেছেন, এটি বিপদ ও রোগব্যাধির সমন্বয়কারী একটি নাম। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন–سُوْء হলো এমন বস্তু যা মানুষকে চিন্তা ও দুঃখে নিমজ্জিত করে। দুনিয়াবি বিষয় হোক বা পরকালীন বিষয়, শারীরিক বিষয় হোক বা মানসিক বিষয়। অথবা এমন অবস্থা যা মানমর্যাদা ও ধনসম্পদ ধ্বংস হওয়া এবং বন্ধুবান্ধব থেকে বিচ্ছিন্ন হওয়ার কারণে সৃষ্টি হয়। পবিত্র কুরআনে শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ২৮

تَتَوَفّٰهُمْ : **সে তাদের মৃত্যু ঘটায়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَفِّيْ মূলবর্ণ (و ـ ف ـ ى) অর্থ– মৃত্যু করা; পূর্ণ করা।

ظَالِمِيْٓ اَنْفُسِهِمْ : **নিজেদের প্রতি জুলুম করতে থাকা অবস্থায়**। ظَالِمِيْ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل মুযাফ اَنْفُسِهِمْ তারকীবে ইযাফী হয়ে মুযাফ ইলাইহি। মূলত ظَالِمِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। حال হওয়ার কারণে হালতে নসব হয়েছে। اَنْفُسٌ বহুবচন; একবচন نَفْسٌ আত্মা; হৃদয়। যমীর جمع مذكر غائب هُمْ মুযাফ ইলাইহি।

فَأَلْقَوُا السَّلَمَ : **তারা আত্মসমর্পণ করবে।** فَ হরফে আত্ফ। جمع مذكر غائب বহছ اَلْقَوْا সীগাহ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِلْقَاءُ মূলবর্ণ (ل ـ ق ـ ى) অর্থ- ঢেলে দেওয়া। اَلسَّلَمَ অর্থ- সন্ধি; চুক্তি।

আয়াত : ২৯

فَادْخُلُوا : **অতঃপর তোমরা প্রবেশ কর।** ف হরফে আত্ফ। جمع مذكر حاضر বহছ ادخلوا সীগাহ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ(د ـ خ ـ ل) অর্থ- প্রবেশ করা।

فَلَبِئْسَ : **কতইনা নিকৃষ্ট!** ف হরফে আত্ফ। لام তাকীদের জন্য। بِئْسَ টি ذم فعل যা রূপান্তর হয় না। بِئْسَ মূলত بَئِسَ ছিল। سَمِعَ -এর ওজনে فاء كلمة -এর অনুসরণে তার عين كلمة কে যের দেওয়া হয়েছে। অতঃপর সহজকরণার্থে عين كلمة -কে সাকিন করা হয়েছে। এভাবে بِئْسَ হয়েছে।

مَثْوَى : **আবাসস্থল।** সীগাহ واحد বহছ ظرف مكان বহুবচন; مَثَاوِىْ অর্থ- নিবাস; বাসস্থান; ঠিকানা; আশ্রয়স্থল।

اَلْمُتَكَبِّرِيْنَ : **অহংকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلتَّكَبُّرُ অর্থ- অহংকার করা; গর্ব করা; বড়াই করা।

আয়াত : ৩০

اِتَّقَوْا : **তারা আল্লাহকে ভয় করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; আল্লাহভীতি অর্জন করা। اِتَّقَوْا মূলত اِجْتَنَبُوْا -এর ওজনে : اِتَّقَيُوْا ছিল। ياء হরকতযুক্ত তার পূর্বে যবর, তাই ياء কে الف দ্বারা পরিবর্তন করা হয়েছে। الف ও ياء -এর মধ্যে দুই সাকিন একত্র হওয়ায় الف পড়ে গেছে।

اَحْسَنُوْا : **তারা সৎকর্ম করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحْسَانُ মূলবর্ণ (ح ـ س ـ ن) অর্থ- সৎকর্ম করা; ভালো কাজ করা।

আয়াত : ৩১

يَدْخُلُوْنَهَا : **তারা তাতে প্রবেশ করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل)মাসদার اَلدُّخُوْلُ অর্থ- প্রবেশ করা। ها যমীর মাফঊলে বিহী।

تَجْرِىْ : **প্রবাহিত হয়।** সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ ر ـ ى) মাসদার اَلْجَرَيَانُ অর্থ- প্রবাহিত হওয়া।

يَشَاءُوْنَ : **তারা কামনা করবে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ- ইচ্ছা করা; চাওয়া।

يَجْزِىْ : **তিনি প্রতিদান দিবেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ أ) অর্থ- প্রতিদান দেওয়া।

اَلْمُتَّقِيْنَ : **মুত্তাকীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; আল্লাহকে ভয় করা।

আয়াত : ৩২

طَيِّبِيْنَ : **পবিত্র থাকা অবস্থায়।** সীগাহ جمع مذكر বহছ صفت مشبه হালতে নসব। طَيِّبٌ -এর বহুবচন। এখানে উদ্দেশ্য হলো ঐ ব্যক্তি যে মৃত্যু পর্যন্ত শিরক থেকে বেঁচে থেকে তাওহীদের উপর অটল থাকে।

سَلَامٌ : **সালাম, সম্ভাষণ।** ইসম। আবার বাব سَمِعَ -এর মাসদার। অর্থ দোষত্রুটি থেকে নিরাপদ থাকা; তা থেকে মুক্ত হওয়া। ইমাম রাগেব মুফরাদুল কুরআনে লিখেছেন- سَلَامَةٌ ও سَلْمٌ অর্থ প্রকাশ্য ও অপ্রকাশ্য বিপদাপদ থেকে পৃথক থাকা। প্রকাশ্য যেমন- مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيْهَا [নির্দোষ, তাতে কোনো দাগ নেই] অপ্রকাশ্য যেমন- بِقَلْبٍ سَلِيْمٍ [প্রতারণামুক্ত অন্তর] অন্যত্র আল্লাহ বলেন- اُدْخُلُوْهَا بِسَلَامٍ اٰمِنِيْنَ [তোমরা শান্তি ও নিরাপত্তার সাথে প্রবেশ কর।] প্রকৃত শান্তি জান্নাত ছাড়া অন্য কোথাও নেই। কেননা সেখানে স্থায়ীত্ব আছে ধ্বংস নেই, ধনাঢ্যতা আছে অভাব-অনটন নেই, সম্মান আছে অপদস্থতা

নেই, সুস্থতা আছে রোগব্যাধি নেই। এ সমস্ত স্থানে سَلَامٌ নিরাপত্তা ও শান্তির অর্থে ব্যবহার হয়েছে। কেউ কেউ বলেন اَلسَّلَامُ হলো আল্লাহ তা'আলার নাম। তখন বলা হবে যে, যেমনিভাবে সৃষ্টজীবের উপর বিপদাপদ আসে আল্লাহর উপর এসব কিছু আসে না। আল্লামা ইবনে জারীর তাবারী কাতাদা থেকে - سَلَامٌ এর অর্থ বর্ণনা করেছেন যে, اَلسَّلَامُ هُوَالَّذِىْ يُسْلِمُ, سَلَامٌ خَلْقُهُ مِنْ ظُلْمِهِ হলো এমন সত্তা যার জুলুম থেকে তার মাখলুক নিরাপদ থাকে]।

اُدْخُلُوْا : **অতঃপর তোমরা প্রবেশ কর**। ف হরফে আত্‌ফ। اُدْخُلُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ خ ـ ل) মাসদার اَلدُّخُوْلُ অর্থ– প্রবেশ করা।

আয়াত : ৩৩

يَنْظُرُوْنَ : **তারা অপেক্ষা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظْرُ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– অপেক্ষা করা; প্রতীক্ষা করা; দেখা।

تَأْتِيَهُمْ : **তাদের নিকট আসবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ(ض ـ ر ـ ب) অর্থ– আসা।

وَمَا ظَلَمَهُمُ اللّٰهُ : **আল্লাহ তাদের প্রতি অবিচার করেন নি**। সীগাহ مَا ظَلَمَ বহছ واحد مذكر غائب নফী ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অবিচার করা। هُمْ যমীর মাফউল বিহী।

يَظْلِمُوْنَ : **তারা অবিচার করেছিল**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অবিচার করা; অত্যাচার করা।

আয়াত : ৩৪

فَاَصَابَهُمْ : **অতঃপর তাদের উপর আপতিত হয়েছে**। ف হরফে আত্‌ফ। اَصَابَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصَابَةُ মূলবর্ণ (ص ـ و ـ ب) অর্থ– আপতিত হওয়া; পৌঁছা; এসে পড়া। هُمْ যমীর মাফউলে বিহী।

حَاقَ بِهِمْ : **উল্টে তাদের উপর পড়েছে**। حَاقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ى ـ ق) মাসদার اَلْحَيْقُ অর্থ– বেষ্টন করা; অবতীর্ণ হওয়া। কারো কারো মতে শব্দটি حَقَّ ছিল। যা পরিবর্তিত হয়ে حَاقَ হয়েছে। যেমন–ذَمَّ থেকে ذَامَ

كَانُوْا يَسْتَهْزِءُوْنَ : **তারা ঠাট্টাবিদ্রূপ করত**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى استمرارى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ز ـ و) মাসদার اَلْاِسْتِهْزَاءُ অর্থ– ঠাট্টা করা; উপহাস করা।

আয়াত : ৩৫

اَشْرَكُوْا : **তারা শরিক করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

شَاءَ : **তিনি ইচ্ছা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা; চাওয়া।

مَا عَبَدْنَا : **আমরা ইবাদত করি না**। সীগাহ جمع متكلم বহছ ماضى منفى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدِيَّةُ অর্থ– ইবাদত করা।

لَا حَرَّمْنَا : **আমরা হারাম করতাম না**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ر ـ م) মাসদার اَلتَّحْرِيْمُ অর্থ– হারাম করা। কঠোরভাবে নিষেধ করা।

اَلْبَلَاغُ: **বার্তা; ম্যাসেজ**। মাসদার। অর্থ– পৌঁছানো। বাব نَصَرَ এটি তাবলীগ অর্থে ব্যবহৃত হয়েছে।

اَلْمُبِيْنُ: **প্রকাশ্য**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلْاِبَانَةُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করা।

আয়াত : ৩৬

بَعَثْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْبَعْثُ মূলবর্ণ (ب ـ ع ـ ث) অর্থ– প্রেরণ করা। পুনরুত্থিত করা;

পুনরুজ্জীতি করা। উঠিয়ে দাঁড় করানো। মূলত بَعْث অর্থ প্রেরণ করা; পাঠানো। কিন্তু قَرِيْنَةٌ ও সংশ্লিষ্টতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের জন্য بَعْث শব্দ ব্যবহার হলে তখন অর্থ হবে উটকে উঠানো ও হাঁকানো। মৃতদের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে পুনরায় জীবিত হওয়া। আর নবী-রাসূলদের জন্য ব্যবহার হলে অর্থ হবে প্রেরিত হওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে এর অর্থ বুঝে নিতে হবে।

أُعْبُدُوْا : **তোমরা ইবাদত কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ب ـ د) মাসদার اَلْعِبَادَةُ ও اَلْعُبُوْدِيَّةُ অর্থ– ইবাদত করা; পূজা করা।

اِجْتَنِبُوْا : **তোমরা বিরত থাক**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِنَابُ মূলবর্ণ (ج ـ ن ـ ب) অর্থ– বিরত থাকা; এড়িয়ে চলা।

اَلطَّاغُوْت : **তাগুত; শয়তান**। সত্য থেকে বিরত রাখে যে মূর্তি। অসার উপাস্য। অবাধ্য। ভীষণ বিদ্রোহী। –[বিস্তারিত সূরাহ বাক্বারা, আয়াত : ২৫৬ দ্রষ্টব্য]

هَدَى : **তিনি সৎপথে পরিচালিত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত কর; হেদায়েত করা; পথপ্রদর্শন করা।

حَقَّتْ : **অবধারিত হলো**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْحَقُّ মূলবর্ণ (ح ـ ق ـ ق) অর্থ– অবধারিত হওয়া; প্রমাণিত হওয়া।

ضَلَالَةُ : **বিভ্রান্তি**; পথভ্রষ্টতা; পথচ্যুত হওয়া; হারিয়ে যাওয়া; নষ্ট হওয়া; ধ্বংস হওয়া। আল্লামা জালাল কারশী লিখেছেন– ضَلَالٌ নষ্ট হওয়া; ধ্বংস হওয়া; পরাভূত হওয়া। বলা হয়– ضَلَّ الْمَاءُ فِى اللَّبَنِ পানি এত পরাভূত [কম] হয়েছে যে, দুধের মধ্যে তার চিহ্ন প্রকাশ পাচ্ছে না।

فَسِيْرُوْا : **সুতরাং তোমরা ভ্রমণ করো**। ف হরফে আত্‌ফ। سِيْرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (س ـ ى ـ ر) মাসদার اَلسَّيْرُ অর্থ– ভ্রমণ করা; সফর করা।

فَانْظُرُوْا : **অতঃপর তোমরা দেখ**। ف হরফে আত্‌ফ। اُنْظُرُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব سَمِعَ ও نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظْرُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

اَلْمُكَذِّبِيْنَ : **মিথ্যারোপকারী; অস্বীকারকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْل মূলবর্ণ (ك ـ ذ ـ ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যারোপ করা; অস্বীকার করা।

আয়াত : ৩৭

اِنْ تَحْرِصْ : **যদি তুমি লালসা কর**। اِن হরফে শর্ত। تَحْرِصْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ر ـ ص) মাসদার اَلْحِرْصُ অর্থ– লোভ করা; লালসা করা।

لَا يَهْدِىْ : **তিনি হেদায়েত দেন না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথপ্রদর্শন করা; হেদায়েত করা।

يُضِلُّ : **তিনি বিপথগামী করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিপথগামী করা; পথভ্রষ্ট করা।

نَاصِرِيْنَ : **সাহায্যকারী**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ– সাহায্য করা।

আয়াত : ৩৮

اَقْسَمُوْا : **তারা শপথ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِقْسَامُ মূলবর্ণ (ق ـ س ـ م) অর্থ– শপথ করা।

لَا يَبْعَثُ : **তাকে পুনরুজ্জীবিত করা হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– পুনরুত্থিত করা; পুনরুজ্জীবিত করা; উঠিয়ে দাঁড় করানো। মূলত بَعْث অর্থ প্রেরণ করা; পাঠানো। কিন্তু قَرِيْنَةٌ ও সংশ্লিষ্টতা হিসেবে এর অর্থ পরিবর্তন হতে থাকে। যেমন উটের بَعْث শব্দ

ব্যবহার হলে তখন অর্থ হবে উটকে উঠানো ও হাঁকানো। মৃতদের জন্য ব্যবহার হলে তখন অর্থ হবে পুনরায় জীবিত হওয়া। নবী-রাসূলগণের জন্য ব্যবহার হলে অর্থ হবে প্রেরিত হওয়া। মোটকথা অবস্থার পরিপ্রেক্ষিতে এর অর্থ বুঝে নিতে হবে।

مَنْ يَّمُوْتُ : **যার মৃত্যু হয়**। مَن মাওসূলা। يَّمُوْتُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ و ـ ت) মাসদার اَلْمَوْتُ অর্থ– মৃত্যুবরণ করা; মারা যাওয়া।

আয়াত : ৩৯

لِيُبَيِّنَ : **যেন তিনি বর্ণনা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ي ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; খুলে বলা। لام كى -এর কারণে মানসূব হয়েছে।

يَخْتَلِفُوْنَ : **তারা মতবিরোধ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– মতবিরোধ করা; মতানৈক্য করা।

لِيَعْلَمَ : **যেন তিনি জানতে পারেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْعِلْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ– জানা। لام كى -এর দ্বারা মানসূব।

আয়াত : ৪০

اَرَدْنَا : **আমি ইচ্ছা করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা।

اَنْ نَّقُوْلَ : **আমি বলি**। نَقُوْلُ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা। ان দ্বারা মানসূব হয়েছে।

كُنْ : **হয়ে যাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

فَيَكُوْنُ : **অতঃপর তা হয়ে যায়**। ف -টি জওয়াবে امر - এর স্থানে হওয়ার কারণে হালতে নসবে হয়েছে। يَكُوْنُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

আয়াত : ৪১

هَاجَرُوْا : **গৃহত্যাগ করেছে; হিজরত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ– হিজরত করা; দেশত্যাগ করা।

ظُلِمُوْا : **তারা নির্যাতিত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব نَصَرَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা। শিরক করা; অপরাধ করা। ظُلْم - এর প্রকৃত অর্থ– অপরের মালিকানায় হস্তক্ষেপ করা ও সীমালঙ্ঘন করা। এ কারণেই ওলামায়ে কেরাম বলেন আল্লাহর জাত থেকে জুলুম সংঘটিত হওয়া অসম্ভব। কেননা এ বিশ্বচরাচর পূর্ণটুকুর একচ্ছত্র মালিকানা আল্লাহর। সুতরাং তিনি তার মালিকানায় যাই করেন তাই সঠিক ও ন্যায়সঙ্গত। ইমাম রাগেব ইস্পাহানি লিখেছেন, ভাষাবিদগণ ও অনেক ওলামায়ে কেরামের মতে ظُلْم বলা হয় কোনো বস্তুকে তার নির্দিষ্ট স্থান থেকে সরিয়ে ক্ষতিসহকারে বা বৃদ্ধি সহকারে বা পরিবর্তন করে স্থানান্তরিত করে অস্থানে রাখা। এ থেকেই আরবিতে বলা হয় ظَلَمْتُ السِّقَاءَ (আমি মশকের দুধ অসময়ে ব্যবহার করেছি) আর এ ব্যবহৃত দুধকে ظَلِيْم বলা হয়। তেমনিভাবে ظُلِمَتِ الْاَرْضُ অর্থ হলো ভূমি এমন স্থানে খনন করেছে যেখানের খননের স্থান ছিল না। এ ধরনের স্থানকে اَرْضٌ مَظْلُوْمَةٌ বলা হয়। খনন করে বেরকৃত মাটিকে ظَلِيْم বলা হয়। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৫৪ দ্রষ্টব্য]

لَنُبَوِّئَنَّهُمْ : **নিশ্চয় আমি তাদেরকে স্থান দেব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ و ـ ى) মাসদার اَلتَّبْوِيَةُ অর্থ– স্থান দেওয়া; জায়গা দেওয়া।

اَكْبَر : **সর্বাধিক**। সীগাহ واحدمذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ ও نَصَرَ - كَرُمَ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْكِبَارُ ও اَلْكِبْرُ অর্থ– বড় হওয়া; মহান হওয়া; অধিক হওয়া।

فَاسْئَلُوْا : **তোমরা জিজ্ঞেস কর**। সীগাহ জمع مذكر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মাসদার اَلسُّؤَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা।

اَهْلَ الذِّكْرِ : **জ্ঞানীগণ**। কতিপয় ওলামায়ে কেরামের মতে এর দ্বারা শুধুমাত্র ইহুদি-খ্রিস্টানদের আলেমগণ উদ্দেশ্য। কিন্তু রুমানী, যুজাজ ও আযহারী বলেন اَهْلُ الذِّكْرِ দ্বারা বিগত জামানার উম্মতগণের অবস্থা সম্পর্কে অবহিত যে কোনো ব্যক্তিই উদ্দেশ্য। সুতরাং আহলে কিতাব ও আহলে কুরআন উভয়ই উদ্দেশ্য হতে পারে।

আয়াত : ৪৪

اَلْبَيِّنٰتِ : **স্পষ্ট দলিলপ্রমাণ**। বহুবচন, একবচন– بَيِّنَةٌ

اَلزُّبُرِ : **যাবুর**। এটি زَبُوْرٌ -এর বহুবচন। যার অর্থ লেখা। مَكْتُوْبٌ অর্থে। ইমাম زَبُوْرٌ -টি فَعُوْلٌ -এর ওজন রাগেব লিখেছেন যে কিতাবের লিখনী গাঢ় তাকে زَبُوْرٌ বলা হয়। আবার কেউ বলেছেন এ রকম নয়; বরং আসমানি কিতাবসমূহের মধ্যে যা বুঝতে কষ্টকর তাকে زَبُوْرٌ বলা হয়। যেমন– وَاِنَّهٗ لَفِيْ زُبُرِ الْاَوَّلِيْنَ [পূর্ববর্তীদের কিতাবে এটা লেখা আছে]। আবার কারো মতে زَبُوْرٌ এমন কিতাবকে বলা হয় যাতে শুধুমাত্র জ্ঞানমূলক ও হিকমতপূর্ণ কথা আছে। শরিয়তের বিধিবিধান তাতে থাকে না। আর কিতাব বলা হয় যাতে শরিয়তের বিধিবিধানও থাকে। হযরত দাউদ (আ.)-এর যাবূর-গ্রন্থে শরিয়তের বিধিবিধান সম্পর্কিত কোনো কিছু ছিল না। এখানে زُبُرٌ দ্বারা তাওরাত, যাবূর, ইঞ্জিল ও কুরআন উদ্দেশ্য।

لِتُبَيِّنَ : **যেন তুমি বর্ণনা করতে পার**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা; বিশদভাবে বর্ণনা করা।

نُزِّلَ : **অবতীর্ণ করা হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা।

يَتَفَكَّرُوْنَ : **তারা চিন্তা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَكُّرُ মূলবর্ণ(ف ـ ك ـ ر) অর্থ– চিন্তা করা; গবেষণা করা।

يَعْلَمُوْنَ : **তারা জানে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ(ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা।

আয়াত : ৪২

صَبَرُوْا : **তারা ধৈর্যধারণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা। ইমাম রাগেব লিখেছেন, শরিয়ত ও আকলের চাহিদা অনুযায়ী নিজেকে বিরত রাখাকে صَبْر বলা হয়। অন্য কথায় আকল ও শরিয়ত যে জিনিস থেকে নফসকে বিরত রাখতে বলে, তা থেকে বিরত রাখাকে صَبْرٌ বলা হয়। সুতরাং صَبْر একটি ব্যাপক অর্থবোধক শব্দ, যা বিভিন্ন অবস্থার পরিপ্রেক্ষিতে বিভিন্ন অর্থ প্রদান করে। যেমন কোনো বিপদে নিজেকে সংবরণ করা এটা সবর ছাড়া কিছুই নয়। جَزْعٌ তথা অস্থিরতা, অধৈর্য, উৎকণ্ঠা হলো এর বিপরীতার্থক শব্দ। এ কাজ যুদ্ধে হলে তাকে شُجَاعَةٌ বা বীরত্ব বলা হয়। جُبْنٌ বা ভীরুতা হলো এর বিপরীতার্থক শব্দ। কেউ যদি বিষণ্ণকারী দুর্ঘটনায় ধৈর্যধারণ করে তাহলে তাকে رَحْبُ الصَّدْرِ বা প্রসন্নতা বলা হয়। ضَجْرٌ বা অপ্রসন্নতা হলো তার বিপরীতার্থক শব্দ। কথা গোপন রাখা সম্পর্কে ধৈর্যধারণ করা হয় তাহলে তাকে كِتْمَانٌ বলা হবে। مَذِلٌ (সঙ্কীর্ণ হয়ে কথা ফাঁস করে দেওয়া) হলো তার বিপরীতার্থক শব্দ। আল্লাহ তা'আলা এ সকল সম্পর্কে صَبْر শব্দ ব্যবহার করেছেন।

يَتَوَكَّلُوْنَ : **তারা নির্ভর করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَكُّلُ মূলবর্ণ (و ـ ك ـ ل) অর্থ– নির্ভর করা; ভরসা করা।

আয়াত : ৪৩

مَا اَرْسَلْنَا : **আমি প্রেরণ করিনি**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা।

نُوْحِيْ : **আমি ওহী প্রেরণ করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– ওহী প্রেরণ করা।

আয়াত : ৪৫

اَفَاَمِنَ : **তারা কি নিরাপদ হয়ে গেছে?** أ প্রশ্নবোধকের জন্য। ف হরফে আত্ফ। اَمِنَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَلْاَمْنُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– নিরাপদ হওয়া।

مَكَرُوْا : **তারা চক্রান্ত করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْمَكْرُ মূলবর্ণ (م ـ ك ـ ر) অর্থ– প্রতারণা করা; চক্রান্ত করা।

يَخْسِفَ **তিনি ধ্বসিয়ে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَسْفُ মূলবর্ণ (خ ـ س ـ ف) অর্থ– ধ্বসিয়ে দেওয়া; ভূ-গর্ভে বিলীন করে দেওয়া।

يَاْتِيَهُمْ **তাদের উপর আপতিত হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

আয়াত : ৪৬

يَاْخُذَهُمْ **তিনি তাদেরকে পাকড়াও করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاَخْذُ অর্থ– ধরা; পাকড়াও করা; শাস্তি দেওয়া।

فِىْ تَقَلُّبِهِمْ : **তাদের চলাফেরা অবস্থায়**। تَقَلُّبْ মাসদার মুযাফ। هُمْ যমীর মুযাফ ইলাইহি। বাব تَفَعُّلْ মূলবর্ণ (ق ـ ل ـ ب) অর্থ পরিবর্তন হওয়া; স্থানান্তরিত হওয়া; চলাফেরা করা।

بِمُعْجِزِيْنَ : **ব্যর্থকারী**। ب হরফে জার। مُعْجِزِيْنَ সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْجَازُ মূলবর্ণ (ع ـ ج ـ ز) অর্থ– অক্ষম করা; ব্যর্থ করা।

আয়াত : ৪৭

تَخَوُّفٍ : **ভীতি প্রদর্শন করা**। এটি বাব تَفَعُّلٌ-এর মাসদার। মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় দেখানো।

رَءُوْفٌ : **দয়ার্দ্র**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব فَتَحَ মূলবর্ণ(ر ـ أ ـ ف) মাসদার اَلرَّأْفَةُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা। আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। ইমাম হালীমী বলেন, এর অর্থ হলো স্বীয় বান্দাদের সাথে নম্রতা অবলম্বনকারী। কেননা আল্লাহ তা'আলা বান্দাদের উপর এমন কোনো ইবাদত আরোপ করেন নি যা সে বিকলাঙ্গতা, অসুস্থতা বা দুর্বলতার কারণে করতে সক্ষম নয়। বরং যে ইবাদতে তারা সক্ষম তদপেক্ষা কম ইবাদত তাদের জন্য আরোপ করা হয়েছে এবং পাশাপাশি কঠিন সময়ের জন্য স্বীয় ইবাদতকে কঠিন করেছেন এবং দুর্বলতা ও শক্তিহীনতার সময় তা হালকা করেছেন। স্থায়ী ব্যক্তির জন্য যা আবশ্যক করেছেন মুসাফিরের জন্য তা বাধ্য করেন নি। সুস্থ ব্যক্তির জন্য যা বাধ্য করেছেন অসুস্থ ব্যক্তির জন্য তা আবশ্যক করেন নি। এ সব কিছুই হলো رَأْفَةٌ বা দয়ার্দ্রতা। ইমাম খাত্তাবী رَأْفَةٌ ও رَحْمَتٌ-এর মধ্যে পার্থক্য বর্ণনা করেছেন যে, رَحْمَتٌ কখনও বিশেষ কারণে অপছন্দনীয়তার ক্ষেত্রেও হয়ে থাকে, কিন্তু رأفة অপছন্দনীয়তার ক্ষেত্রে হয় না।

আয়াত : ৪৮

اَلَمْ يَرَوْا : **তারা কি দেখে না?** হামযাহ প্রশ্নবোধকের জন্য। لَمْ يَرَوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم در فعل مستقبل معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা।

يَتَفَيَّؤُا : **তা ঝুঁকে পড়ে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّفَيُّؤُ মূলবর্ণ (ف ـ ى ـ أ) অর্থ– ঝুঁকে পড়া; অবনত হওয়া।

اَلشَّمَائِلِ : **বামদিক**। شِمَالٌ-এর কিয়াস পরিপন্থি বহুবচন।

دٰخِرُوْنَ : **বিনীত; এখানে অর্থ হবে বিনীতভাবে**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব فَتَحَ ও سَمِعَ মাসদার اَلدُّخُوْرُ মূলবর্ণ (د ـ خ ـ ر) অর্থ– বিনয়াবনত হওয়া।

আয়াত : ৪৯

دَابَّةٍ **বিচরণশীল প্রাণী**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব فَتَحَ মূলবর্ণ (د ـ أ ـ ب) মাসদার اَلدَّأْبُ অর্থ– হামাগুড়ি দিয়ে চলা। [বিস্তারিত ১২ নং পারা প্রথম শব্দ দ্রষ্টব্য]

لَا يَسْتَكْبِرُوْنَ : **তারা অহংকার করে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفي فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ك ـ ب ـ ر) মাসদার اَلْاِسْتِكْبَارُ অর্থ– অহংকার করা; গর্ব করা।

আয়াত : ৫০

يَخَافُوْنَ : **তারা ভয় করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْخَوْفُ মূলবর্ণ (خ ـ و ـ ف) অর্থ– ভয় করা।

يُؤْمَرُوْنَ : **তাদেরকে নির্দেশ প্রদান করা হয়**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (أ ـ م ـ ر) মাসদার اَلْاَمْرُ অর্থ– নির্দেশ প্রদান করা।

আয়াত : ৫১

فَارْهَبُوْنِ : **সুতরাং তোমরা আমাকে ভয় কর**। ف হরফে আত্ফ। اِرْهَبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ ه ـ ب) মাসদার اَلرَّهْبُ অর্থ– হতভম্ব ও চিন্তিত হয়ে ভয় করা। ن মূলত نِيْ ছিল। ياء-কে বিলুপ্ত করা হয়েছে এবং এর প্রমাণ বহনের জন্য نِ বর্ণে যের দেওয়া হয়েছে।

আয়াত : ৫২

اَلدِّيْنُ : **দীন**। একবচন; বহুবচন– اَدْيَانٌ; প্রতিদান; আনুগত্য; শরিয়ত; প্রতিদান দেওয়া; আনুগত্য করা; নির্দেশ মান্য করা। دِيْنٌ অর্থ মিল্লাতও আসে। কিন্তু তার অর্থ শরিয়তের আনুগত্যের অর্থে হয়ে থাকে। এটি আবার বাব ضَرَبَ-এর মাসদারও হয়।

وَاصِبًا : **শাশ্বত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل নসব অবস্থায়। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ص ـ ب) মাসদার اَلْوُصُوْبُ অর্থ– শাশ্বত হওয়া; চিরস্থায়ী হওয়া।

تَتَّقُوْنَ : **তোমরা ভয় কর**। তোমরা আল্লাহভীতি অর্জন কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ى) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ– ভয় করা।

আয়াত : ৫৩

اِذَا مَسَّكُمْ : **যখন তোমাদের উপর আপতিত হয়**। اذا হরফে শর্ত। مَسَّ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (م ـ س ـ س) মাসদার اَلْمَسُّ অর্থ– স্পর্শ করা; ছোঁয়া; আপতিত হওয়া। কখনও এর অর্থ হয় সহবাস করা। كُمْ যমীর মাফউলে বিহী।

تَجْئَرُوْنَ : **তোমরা কান্নাকাটি কর; অভিযোগ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ أ ـ ر) মাসদার اَلْجُوَارُ ও اَلْجَأْرُ অর্থ– অভিযোগ করা; কান্নাকাটি করা।

আয়াত : ৫৪

كَشَفَ : **তিনি দূর করে দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَشْفُ মূলবর্ণ (ك ـ ش ـ ف) অর্থ– উন্মোচন করা; প্রকাশ করা; সমস্যা দূরীভূত করা। এখানে শেষ অর্থ উদ্দেশ্য।

فَرِيْقٌ : **দল**। একবচন, বহুবচন– فُرُقٌ ;اَفْرِقَةٌ ;فُرُوْقٌ বড়দলকে বোঝায়। জামাত; মানুষের দল।

يُشْرِكُوْنَ : **তোমরা অংশীদার সাব্যস্ত করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৫৫

لِيَكْفُرُوْا : **যেন তোমরা অকৃতজ্ঞতা পোষণ কর**। لام কী দ্বারা মানসূব। يَكْفُرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ মূলবর্ণ (ك ـ ف ـ ر) অর্থ– অকৃতজ্ঞতা করা; কুফরি করা; অস্বীকার করা; অবিশ্বাস করা।

اٰتَيْنٰهُمْ : **আমি তাদেরকে দান করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দান করা।

فَتَمَتَّعُوْا : **তোমরা ভোগ করে নাও**। ف হরফে আত্ফ। تَمَتَّعُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (م ـ ت ـ ع) মাসদার اَلتَّمَتُّعُ অর্থ– ভোগ করা; উপকৃত হওয়া। উল্লেখ্য পবিত্র কুরআনের যেখানেই تَمَتَّعَ ও تَمَتَّعُوْا শব্দ এসেছে সেখানে ধমকস্বরূপ দুনিয়া থেকে উপকৃত হওয়ার কথা বলা হয়েছে।

يَتَوَارَى : **সে গোপন করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মাসদার اَلتَّوَارُ মূলবর্ণ (و ـ ر ـ ى) অর্থ– গোপন করা; আচ্ছাদিত করা।

اَيُمْسِكُهُ : **তাকে কি ফিরিয়ে রাখবে?** হামযাহ প্রশ্নবোধকের জন্য। يمسك সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ– ফিরিয়ে রাখা; ছেড়ে দেওয়া। আল্লামা সুয়ূতী اَيُمْسِكُهُ-এর তরজমা করেছেন– يَتْرُكُهُ بِلَا قَتْلٍ [অর্থাৎ হত্যা না করে ছেড়ে দিবে]

هُوْنٍ : **অপদস্থতা; অপমান**। এটি ইসম।

يَدُسُّهُ : **সে তাকে পুঁতে ফেলবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدَّسُّ মূলবর্ণ (د ـ س ـ س) অর্থ– গোপন করা; মাটির নিচে পুঁতে রাখা।

سَاءَ : **কতইনা নিকৃষ্ট**। শব্দটি فعل ذم ; সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلسُّوْءُ মূলবর্ণ (س ـ و ـ أ) অর্থ– নিকৃষ্ট হওয়া; মন্দ হওয়া।

يَحْكُمُوْنَ : **তারা ফয়সালা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْحُكْمُ মূলবর্ণ (ح ـ ك ـ م)অর্থ– সিদ্ধান্ত করা; ফয়সালা করা; মীমাংসা করা।

আয়াত : ৬০

لَا يُؤْمِنُوْنَ : **তারা ঈমান আনবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ– ঈমান আনা; বিশ্বাস করা।

আয়াত : ৬১

يُؤَاخِذُ : **তিনি পাকড়াও করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُؤَاخَذَةُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– পাকড়াও করা; ধরা।

আয়াত : ৫৬

نَصِيْبًا : **অংশ**। এটি একবচন, বহুবচন– نُصُبٌ

لَتُسْئَلُنَّ : **নিশ্চয় তোমাদেরকে প্রশ্ন করা হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد با نون ثقيلة در فعل مستقبل مجهول বাব فَتَحَ মাসদার اَلسُّوَالُ মূলবর্ণ (س ـ أ ـ ل) অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞেস করা।

تَفْتَرُوْنَ : **তোমরা মিথ্যারোপ করবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যারোপ করা; মনগড়া রচনা করা।

আয়াত : ৫৭

يَشْتَهُوْنَ : **তারা চাইবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِشْتِهَاءُ মূলবর্ণ (ش ـ ه ـ و) অর্থ– কামনা করা; আকাঙ্ক্ষা করা।

আয়াত : ৫৮

اَلْاُنْثٰى : **কন্যাসন্তান, মহিলা**। একবচন, বহুবচন– اُنَاثٌ - اَنَاثِىٌ

كَظِيْمٌ : **চিন্তাযুক্ত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ভীষণ চিন্তাযুক্ত; যে তার চিন্তাকে গোপন রাখে, প্রকাশ করে না। [বায়যাবী, খাযেন]

مُسْوَدًّا : **কৃষ্ণবর্ণ**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব اِفْعِلَالٌ মূলবর্ণ (س ـ و ـ د) মাসদার اَلْاِسْوِدَادُ অর্থ– কৃষ্ণতা। দুশ্চিন্তার কারণে রং পরিবর্তন হওয়া। [জালালাইন]

আয়াত : ৫৯

بُشِّرَ : **তাকে সুসংবাদ দেওয়া হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ– সুসংবাদ প্রদান করা। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য]

يُؤَخِّرُهُمْ : **তিনি তাদেরকে সুযোগ দেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّاخِيْرُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– বিলম্ব করা; অবকাশ দেওয়া।

مُسَمًّى : **নির্দিষ্ট; নির্ধারিত**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول মাসদার اَلتَّسْمِيَةُ মূলবর্ণ (س ـ م ـ و) অর্থ– নামকরণ করা; নাম রাখা; নির্দিষ্ট করা। যেহেতু নামকরণের দ্বারা বস্তু নির্দিষ্ট হয়ে যায় তাই مُسَمًّى অর্থ হবে– নির্ধারিত।

لَايَسْتَأْخِرُوْنَ : **তারা বিলম্ব করতে পারবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِيْخَارُ মূলবর্ণ (أ ـ خ ـ ر) অর্থ– বিলম্ব করা; দেরি করা।

لَايَسْتَقْدِمُوْنَ : **তারা আগে বাড়তে পারবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِقْدَامُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ– অগ্রে গমন করা; অগ্রসর হওয়া।

আয়াত : ৬২

يَكْرَهُوْنَ : **তারা অপছন্দ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْكُرْهُ মূলবর্ণ (ك ـ ر ـ ه) অর্থ– অপছন্দ করা; খারাপ মনে করা।

تَصِفُ : **তিনি বর্ণনা করেন**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ– বস্তুকে তার গঠন ও গুণের সাথে বর্ণনা করা।

اَلْسِنَتُهُمْ : **তাদের জিহ্বাসমূহ**। বহুবচন; একবচন– لِسَانٌ ; هُمْ যমীর মুযাফ ইলাইহি।

لَا جَرَمَ : **নিঃসন্দেহে**। يَقِيْنًا ও حَقًّا -এর সমার্থবোধক। মূলত এর অর্থ ছিল অবশ্যম্ভাবী। ব্যাপক ব্যবহারের ফলে قَسَمٌ বা حَقٌّ [ফেলে মাযী] -এর অর্থে ব্যবহার হতে থাকে। নাহুবিদ সীবাওয়াইহি এবং খলীল -এর মত এটিই। আবুল বাকার মতে حَقًّا অর্থাৎ মাসদারী অর্থ বর্ণনা করেছেন। জমহুরের মতও এটিই। ইমাম রাযি (র.) তাফসীরে কাবীরে ফাররারও-এ মত বর্ণনা করেছেন। কারো কারো মতে এটি لَا مَنْعَ ও لَا ضِدَّ অর্থে ব্যবহৃত। অর্থাৎ কোনো প্রতিবন্ধকতা নেই; কোনো বাধাবিপত্তি নেই।

مُفْرَطُوْنَ : **অগ্রে প্রেরিত**। **সর্বাগ্রে**। সীগাহ جمع مذكر বহছ اسم مفعول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْرَاطُ মূলবর্ণ (ف ـ ر ـ ط) অর্থ– অগ্রে প্রেরণ করা; সীমালঙ্ঘন করা।

আয়াত : ৬৩

تَاللّٰهِ : **আল্লাহর কসম**। تاء হরফে জার। যা কসমের অর্থের জন্য আসে। সাথে আশ্চর্যের অর্থের জন্যও নির্দিষ্ট। এটি اَللّٰه শব্দের সাথে ব্যতীত ব্যবহার হয় না। আল্লামা যমখশরী তাফসীরে কাশশাফে تَاللّٰهِ لَاَكِيْدَنَّ اَصْنَامَكُمْ -এর তাফসীর প্রসঙ্গে লিখেছেন যে, কসমের হরফসমূহের মধ্যে باء হলো মূল। তদুপরী تاء -এর মধ্যে আশ্চর্যের অর্থ অতিরিক্ত। যেমন প্রোক্ত আয়াতে এ ব্যাপারে আশ্চর্য রয়েছে যে, নমরূদের অবাধ্যতা সত্ত্বেও আমাকে চিকিৎসা করে দেওয়াটা একটা আশ্চর্যের ব্যাপারই বটে! [দেখুন তাফসীরে কাশশাফ] এটি فعل مضارع -এর শুরুতে এসে مخاطب এবং تانيث -এর আলামত হিসেবে ব্যবহৃত হয়। যেমন تَعْلَمُوْنَ [তোমরা জানবে] تَرْجُفُ [সে স্ত্রী প্রকম্পিত হবে] আবার বাক্যের শেষে এসে تانيث -এর আলামত হয় এবং وقف অবস্থায় هاء হয়ে যায়। যেমন– قَائِمَةٌ [দণ্ডায়মান, স্ত্রী] আবার কখনো وقف ও وصل উভয় অবস্থাতেই অটল থাকে। যেমন– اُخْتٌ [ভগ্নী] بِنْتٌ [কন্যা]। جمع مؤنث سالم -এর শেষে আলিফের সাথে আসে। যেমন– مُؤْمِنَاتٌ - مُسْلِمَاتٌ ; আর فعل ماضى -এর শেষে واحد متكلم -এর مضموم বা পেশ অবস্থায় যমীর, যেমন– جَعَلْتُ [আমি করেছি] এবং مفتوح তথা যবর অবস্থায় واحد مذكر حاضر -এর যমীর হয়। যেমন –اَنْعَمْتَ [তুমি পুরস্কার দিয়েছো] আর واحد مؤنث مكسور তথা যের অবস্থায় হলে حاضر -এর যমীর এর জন্য আসে। যেমন– جِئْتِ [তুমি স্ত্রী এসেছ]।

أَرْسَلْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বহছ اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ– প্রেরণ করা; পাঠানো।

فَزَيَّنَ : **তিনি সুসজ্জিত করেছেন**। ف হরফে আত্ফ। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى زين বাব تَفْعِيْل মাসদার اَلتَّزْيِيْنُ মূলবর্ণ معروف (ز ـ ى ـ ن) অর্থ– সজ্জিত করা; সুশোভিত করা।

আয়াত : ৬৪

لِتُبَيِّنَ : **যেন তুমি বর্ণনা করতে পার**। لَامْ كَيْ -এর দ্বারা মানসূব। সীগাহ واحد مذكر حاضر تبيين বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّبْيِيْنُ মূলবর্ণ (ب ـ ى ـ ن) অর্থ– বিশদভাবে বর্ণনা করা; স্পষ্ট করে বর্ণনা করা।

اِخْتَلَفُوْا : **তারা মতবিরোধ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– মতবিরোধ করা; ঝগড়া করা।

আয়াত : ৬৫

أَنْزَلَ : **তিনি অবতীর্ণ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِنْزَالُ মূলবর্ণ(ن ـ ز ـ ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

فَأَحْيَا : **অতঃপর তিনি জীবিত করেছেন**। ف হরফে আত্ফ। أَحْيَا সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَال মাসদার اَلْاِحْيَاءُ মূলবর্ণ (ح ـ ى ـ ى) অর্থ– জীবিত করা।

يَسْمَعُوْنَ : **তারা শ্রবণ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلسَّمْعُ মূলবর্ণ (س ـ م ـ ع) অর্থ– শ্রবণ করা; শোনা।

আয়াত : ৬৬

عِبْرَةً : **শিক্ষা বা উপদেশ গ্রহণ করা**। এর বহুবচন হলো عِبَرٌ। ইমাম রাগেব লিখেছেন عَبْرٌ অর্থ এক অবস্থা থেকে অন্য অবস্থায় অতিক্রম করা এবং عِبَرٌ ও اِعْتِبَارٌ বলা হয় এমন একটি প্রত্যক্ষ বস্তুর জ্ঞান যা দ্বারা অপর একটি অপ্রত্যক্ষ বস্তুর জ্ঞান অর্জন হয়। ইমাম ফখরুদ্দীন রাযী লিখেছেন– عِبْرَةٌ -এর মূল হলো عُبُوْرٌ যার অর্থ অতিক্রম করা; পার হওয়া। সুতরাং عِبْرَةٌ হলো এমন চিহ্ন যা দ্বারা অজ্ঞতার স্থানকে অতিক্রম করে জ্ঞান পর্যন্ত পৌঁছা যায়। আল্লামা খাযেন বাগদাদী (র.) লিখেছেন–اَلْعِبْرَةُ اَلدَّلَالَةُ الْمُوْصِلَةُ اِلَى الْيَقِيْنِ الْمُؤَدِّيَةُ اِلَى الْعِلْمِ অর্থাৎ عِبْرَةٌ এমন পথনির্দেশনাকে বলা হয় যা দৃঢ় বিশ্বাস ও ইলম পর্যন্ত পৌঁছে দেয়। –[তাফসীর খাযেন, খ : ১ পৃ : ২৭৪]

نُسْقِيْكُمْ : **আমি তোমাদেরকে পান করাই**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ق ـ ى) মাসদার اَلْاِسْقَاءُ অর্থ– পান করানো।

بُطُوْنِ : **উদর; পেট**। এটি বহুবচন, একবচন–بَطْنٌ।

فَرْثٍ : **গোবর**। শব্দটি একবচন; বহুবচন–فُرُوْثٌ আসে। فرث মূলত এমন গোবরকে বলা হয় যা পশুর অন্ত্রে থাকে। যাকে فَرَاثَةٌ ও বলা হয়।

دَمٍ : **রক্ত**। শব্দটি মূলত دَمَىٌ বা কারো মতে دَمُوٌّ ছিল। لام كلمة -কে ফেলে দেওয়া হয়েছে। অথবা لام كلمة -কে ميم দ্বারা পরিবর্তন করে ميم -এর মধ্যে ميم ইদগাম করা হয়েছে।

لَبَنًا : **দুধ**। اسم جنس ও একবচন। বহুবচন–اَلْبَانٌ; بَنَاتُ اللَّبَنِ দুধের নহর। لبن দুধপ্রেমী; দুধপানকারী। ناقة لبنة দোধাল উষ্ট্রী। لَبِيْنٌ দুধ পান করিয়ে প্রতিপালিত ঘোড়া। لَبَّانٌ মহিলার স্তন থেকে দুধ পান করানো। لَبُوْنٌ যে পশু দুধ দেয়, যার ওলানে দুধ নেমে এসেছে। اِبْنُ اللَّبُوْنِ দুই বছর বয়সী উট। بِنْتُ اللَّبُوْنِ দুই বছর বয়সী উষ্ট্রী। لَابِنَةٌ স্তন। বহুবচন لَوَابِنُ مَلْبُوْنٌ দুধ পানের কারণে নেশাগ্রস্ত ব্যক্তি।

خَالِصًا : **বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ص) মাসদার اَلْخُلُوْصُ অর্থ– খাঁটি হওয়া; নির্ভেজাল হওয়া; বিশুদ্ধ হওয়া।

سَائِغًا: **উপাদেয়**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ غ) মাসদার اَلسَّوْغُ ও اَلْمَسَاغُ অর্থ– গিলতে সহজ হওয়া; সহজে গলভ্যন্তরে প্রবেশ করা।

شَارِبِيْنَ: **পানকারীগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (ش ـ ر ـ ب) মাসদার اَلشُّرْبُ অর্থ– পান করা।

আয়াত : ৬৭

تَتَّخِذُوْنَ: **তোমরা বানাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; করা।

سَكَرًا: **নেশাদ্রব্য**। ইমাম আবূ বকর জাসসাস (র.) বলেন, পূর্ববর্তীগণ سُكْر -এর সংজ্ঞায় মতবিরোধ করেছেন। হাসান বসরী ও সাঈদ ইবনে যোবায়ের বলেন, খেজুর ও আংগুরের যা হারাম হয়েছে তাহলো سُكْر এবং তন্মধ্য হতে যা হালাল তা হলো رِزْقٌ حَسَنٌ উত্তম জীবিকা। ইবরাহীম নাখয়ী, শা'বী ও আবূ রযীন (র.) বলেন سُكْر আর خَمْر একই জিনিস। ইবনে শুবরুমাহ ও আবূ যার'আ বলেন– سُكَر হলো খোরমার শরাব। তবে তারা বলেন এর বৈধতা خَمْر -এর নিষিদ্ধতা দ্বারা রহিত হয়ে গেছে।

يَعْقِلُوْنَ: **তারা অনুধাবন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْعَقْلُ মূলবর্ণ (ع ـ ق ـ ل) অর্থ– জ্ঞানসম্পন্ন হওয়া; অনুধাবন করা; উপলব্ধি করা।

আয়াত : ৬৮

اَلنَّحْلِ: **মধুমক্ষিকা**। ইসমে জিন্‌স। মাসদার نَحْلٌ ও نَحْلَةٌ বাব فَتَحَ অর্থ– দান করা।

اِتَّخِذِىْ: **তুমি নির্মাণ কর**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– নির্মাণ করা; বানানো; তৈরি করা।

اَلْجِبَالِ: **পর্বতমালা**। বহুবচন, একবচন– جَبَلٌ অর্থ– পাহাড়; পর্বত।

يَعْرِشُوْنَ: **তারা উচু চালে আবাসন তৈরি করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ ও نَصَرَ মূলবর্ণ (ع ـ ر ـ ش) মাসদার اَلْعَرْشُ অর্থ– কাঠের ছাদ তৈরি করা। নিবাস বানানো।

আয়াত : ৬৯

اُسْلُكِىْ: **তুমি চলমান হও**। সীগাহ واحد مؤنث حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلسُّلُوْكُ মূলবর্ণ (س ـ ل ـ ك) অর্থ– চলা। এটি لازم ও متعدى উভয়ভাবেই ব্যবহার হয়।

سُبُلَ: **পথসমূহ**। এটি বহুবচন; একবচ– سَبِيْلٌ অর্থ– রাস্তা; পথ।

ذُلُلًا: **উন্মুক্ত**। ذَلُوْلٌ বহুবচন, একবচন– ذَلُوْلٌ অর্থ অনুগত; অপদস্ত।

اَلْوَانُ: **বর্ণসমূহ; রংসমূহ**। বহুবচন, একবচন– لَوْنٌ

يَتَفَكَّرُوْنَ: **তারা চিন্তা-গবেষণা করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (ف ـ ك ـ ر) মাসদার اَلتَّفَكُّرُ অর্থ– চিন্তা করা; গবেষণা করা।

আয়াত : ৭০

يَتَوَفّٰكُمْ: **তিনি তোমাদেরকে মৃত্যু দান করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ(و ـ ف ـ ي) মাসদার اَلتَّوَفِّىْ অর্থ– পূর্ণ করা; মৃত্যু দান করা।

يُرَدُّ: **ফিরিয়ে দেওয়া হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع مجهول বাব نَصَرَ মাসদার اَلرَّدُّ মূলবর্ণ (ر ـ د ـ د) অর্থ– প্রত্যাবর্তন করা। ফিরে আসা।

اَرْذَلِ الْعُمُرِ: **জরাগ্রস্ত অকর্মণ্য বয়স**। কারো কারো মতে ৮০, কারো মতে ৯০ আবার কারো মতে ৭০ বয়সকে اَرْذَلُ الْعُمُرِ বলা হয়।

قَدِيْرٌ: **শক্তিমান। ক্ষমতাশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم مبالغة ; [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২১ দ্রষ্টব্য]

আয়াত : ৭১

فَضَّلَ : **তিনি শ্রেষ্ঠত্ব দিয়েছেন**। সীগাহ واحد مذكر বহছ ماضى معروف غائب বাব تَفْعِيْل মূলবর্ণ (ف ـ ض ـ ل) মাসদার اَلتَّفْضِيْلُ অর্থ- শ্রেষ্ঠত্ব প্রদান করা।

فُضِّلُوْا : **তাদেরকে শ্রেষ্ঠত্ব প্রদান করা হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول মাসদার اَلتَّفْضِيْلُ মূলবর্ণ (ف ـ ض ـ ل) অর্থ- শ্রেষ্ঠত্ব প্রদান করা; অগ্রাধিকার দেওয়া।

رَادِّىْ : **প্রত্যাখ্যানকারী; প্রতিহতকারী**। حالت جر ; সীগাহ جمع مذكر বহছ اسم فاعل ; মূলত رَادِّيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

سَوَآءٌ : **সমান**। **ইসমে মাসদার**। اِسْتِوَاءٌ অর্থে। অর্থাৎ উভয় দিক থেকে সমান সমান হওয়া। এর দ্বিবচন বানানো হয়, কিন্তু বহুবচন বানানো হয় না। ইমাম সুয়ূতী اَلْاِتْقَانْ গ্রন্থে লিখেছেন যে, سَوَاءٌ শব্দটি مُسْتَوِىٌّ [সমান] অর্থে ব্যবহৃত। যেরযোগে হলে قصر হয়। যেমন- مَكَانًا سُوًى [স্থান সমতল ও পরিচ্ছন্ন] আর যবরের সাথে কয়েকটি অর্থে ব্যবহার হয়। ১. সমান। যেমন- سَوَآءٌ عَلَيْهِمْ ءَاَنْذَرْتَهُمْ اَمْ لَمْ تُنْذِرْهُمْ [তাদেরকে ভীতি প্রদর্শন করা বা না করা উভয়টিই সমান] ২. মধ্যস্থল। যেমন- فِىْ سَوَآءِ الْجَحِيْمِ [জাহান্নামের মধ্যস্থলে] ৩. পরিপূর্ণ। যেমন- فِىْ اَرْبَعَةِ اَيَّامٍ سَوَآءً [পূর্ণ চারদিনে] পবিত্র কুরআনে শব্দটি غَيْرٌ অর্থে ব্যবহার হয় নি।

يَجْحَدُوْنَ : **তারা অস্বীকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْجُحُوْدُ মূলবর্ণ (ج ـ ح ـ د) অর্থ- অস্বীকার করা।

আয়াত : ৭২

بَنِيْنَ : **পুত্র**। বহুবচন, একবচন- اِبْنٌ। নসব অবস্থায়।

حَفَدَةً : **পৌত্র**। বহুবচন, একবচন- حَفِدٌ যা حَافِدٌ থেকে নির্গত হয়েছে। যার অর্থ খেদমতের জন্য দৌড়ে হাজির হওয়া। সুতরাং যে খেদমতের জন্য দৌড়ে হাজির হয় সে আত্মীয় হোক বা অনাত্মীয়, তাকে حافد বলা হয়। মুফাসসিরগণের মতে حفدة দ্বারা পৌত্র বা নাতী উদ্দেশ্য। কারণ তাদের খেদমত অধিক সত্য হয়ে থাকে।

আয়াত : ৭৩

لَا يَمْلِكُ : **সে অধিকার রাখে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ- মালিক হওয়া; অধিকারী হওয়া।

لَا يَسْتَطِيْعُوْنَ : **তারা শক্তি রাখে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা।

আয়াত : ৭৪

فَلَا تَضْرِبُوْا : **সুতরাং সদৃশ সাব্যস্ত করো না**। ف হরফে আতফ। لَا تَضْرِبُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ এটি বিভিন্ন স্থানে বিভিন্ন অর্থে ব্যবহার হয়। যেমন- প্রহার করা; ভূমিতে চলাচল করা; উপমা বা দৃষ্টান্ত বর্ণনা করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

আয়াত : ৭৫

مَمْلُوْكًا : **মালিকানাধীন**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব ضَرَبَ মূলবর্ণ (م ـ ل ـ ك) মাসদার اَلْمُلْكُ অর্থ- মালিকানায় নেওয়া; মালিক হওয়া। مَمْلُوْكٌ দ্বারা এখানে ক্রীতদাস উদ্দেশ্য। [মা'আলিম] অথবা যে কোনো কাফের উদ্দেশ্য। [বগভী], অথবা হযরত আতা এর বর্ণনা অনুযায়ী আবূ জাহেল উদ্দেশ্য।

لَا يَقْدِرُ : **সে সামর্থ্য রাখে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْقَدْرُ অর্থ- সামর্থ্য রাখা; শক্তি রাখা।

رَزَقْنٰهُ : **আমি তাকে জীবিকা দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلرِّزْقُ মূলবর্ণ (ر ـ ز ـ ق) অর্থ- জীবিকা দেওয়া; রিজিক দেওয়া।

يَأْمُرُ : **সে আদেশ দেয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ - م - ر) অর্থ– নির্দেশ প্রদান করা; আদেশ দেওয়া।

اَلْعَدْلِ : **ন্যায়বিচার**। ইসম ও মাসদার। অর্থ– বিনিময়; বদলা; সমান; সমকক্ষ। ইমাম আবূবকর সিজিস্তানী নুজহাতুল কুলূবে লিখেছেন عَدْل অর্থ– ফিদিয়া; মুক্তিপণ। যেমন–وَلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ তার নিকট থেকে কোনো ফিদিয়া গ্রহণ করা হবে না। আবার عَدْل সমান ও সমকক্ষ অর্থের জন্যও আসে। যেমন–اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا [অথবা তার সমপরিমাণ রোজা] আবূ ওমর (র.) বলেন عَدْل [যবরযোগে] মূল্য, ফিদিয়া, মুক্তিপণ; সৎব্যক্তি; সত্য ও ন্যায়বিচারের অর্থে ব্যবহার হয়। আর عِدْل [যেরযোগে] অনুরূপ ও সমান অর্থে ব্যবহার হয়। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন عَدَالَةٌ وَ مُعَادَلَةٌ এ দু'টি এমন শব্দ যা সমান হওয়ার অর্থ প্রদান করে, এবং তার ব্যবহার ঐ সমস্ত জিনিসের জন্য হয় যা অন্তর্দৃষ্টি দ্বারা অনুভব করা যায়। যেমন– اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا আর عَدْل ও عَدِيْل -এর ব্যবহার এমন বস্তুর ক্ষেত্রে হয় যা ইন্দ্রিয়শক্তি দ্বারা অনুভব করা যায়। যেমন– ওজন, পরিমাপ ও গণনার পণ্যদ্রব্য। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৪৮ দ্রষ্টব্য]

مُسْتَقِيْمٍ : **সোজা**। সীগাহ اسم فاعل বহছ واحد مذكر বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ق - و - م) মাসদার اَلْاِسْتِقَامَةُ অর্থ– সরল পথে চলা।

আয়াত : ৭৭

غَيْبُ : **গোপন রহস্য**। মাসদার ও ইসমে মাসদার। গোপন হওয়া; অনুপস্থিত হওয়া; মানুষের জ্ঞান ও অনুভূতির উর্ধ্বে হওয়া এবং যার জ্ঞান নবীগণের অবহিতকরণ ব্যতীত জানা যায় না; নবীগণের উপর আগত ওহী; অভ্যন্তর। غَيْب শব্দ পবিত্র কুরআনে এ সকল অর্থের জন্য ব্যবহার হয়েছে। পবিত্র কুরআনে غَيْب শব্দটি ৪৯ স্থানে এসেছে এবং সব স্থানেই معرفة হয়ে এসেছে: نَكِرَهْ হয়ে কোথাও আসেনি। এক স্থানে ضمير -এর দিকে ইযাফত অর্থাৎ غيبه ব্যবহার হয়েছে। আর বাকি সবখানেই হয়ত ال

اَسْرَارٌ : **গোপনে**। এটি একবচন, বহুবচন– سِرًّا

جَهْرًا : **প্রকাশ্যে**। এটি বাব فَتَحَ -এর মাসদার। মূলবর্ণ (ج - ه - ر) অর্থ– জোরে বলা; প্রকাশ করা।

يُنْفِقُ : **সে ব্যয় করে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِنْفَعَالٌ মূলবর্ণ (ن - ف - ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ– ব্যয় করা; খরচ করা।

هَلْ يَسْتَوٗنَ : **তারা কি সমান?** هَلْ প্রশ্নবোধক অব্যয়, যা না-বাচকের জন্য ব্যবহার হয়েছে। يَسْتَوٗنَ সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س - و - ي) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া।

আয়াত : ৭৬

لَا يَقْدِرُ : **সে সামর্থ্য রাখে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَدْرُ মূলবর্ণ (ق - د - ر) অর্থ– সামর্থ্য রাখা; শক্তি রাখা।

كَلٌّ : **ভার; বোঝা**। একবচন, দ্বি-বচন ও বহুবচন সকলের জন্যই ব্যবহার হয়। এ শব্দের আরো অনেক অর্থ রয়েছে। যেমন– চাকু, ছুরি, তলোয়ার ইত্যাদির পিঠ। অত্যাচার, কঠোরতা, দুশ্চিন্তা। এতিম। যার পিতা ও সন্তান কিছুই নেই। ভোঁতা; ধারবিহীন; দুর্বল দৃষ্টিশক্তি; অকর্মণ্য ও কল্যাণশূন্য ব্যক্তি যে মানুষের বোঝা হয়ে থাকে। এখানে শেষ অর্থ উদ্দেশ্য।

يُوَجِّهْ : **তাকে কোথাও পাঠানো হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّوْجِيْهُ মূলবর্ণ (و - ج - ه) অর্থ– অভিমুখী হওয়া; রুখ করা।

لَا يَأْتِ : **সে আসে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ - ت - ى) অর্থ– আসা; নিয়ে আসা।

هَلْ يَسْتَوِىْ : **তা কি সমান হতে পারে?** هَلْ প্রশ্নবোধক, না-বাচকের অর্থে। يَسْتَوِىْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (س - و - ى) মাসদার اَلْاِسْتِوَاءُ অর্থ– সমান হওয়া।

সহকারে যেমন اَلْغَيْبُ ব্যবহার হয়েছে ; নতুবা ইসমে যাহিরের দিকে ইযাফত হয়ে এসেছে। যেমন وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ এ সকল স্থানে غَيْبُ শব্দটি পাঁচ অর্থে ব্যবহার হয়েছে।

১. যা পর্যন্ত জ্ঞান ও অনুভূতি পৌঁছতে সক্ষম নয় এবং নবীগণের অবহিতকরণ ব্যতীত যা জানা সম্ভবপর নয়।
২. নির্জনে; একাকীত্বে।
৩. ওহী; প্রত্যাদেশ।
৪. কিছু প্রাচীন ঘটনাবলি।
৫. ভবিষ্যৎ ঘটনাবলি।

اَلسَّاعَةِ : **কিয়ামত**। সময়; মুহূর্ত। রাত, দিন বা কালের যে কোনো মুহূর্তকে سَاعَةٌ বলা হয়। এর দ্বারা কিয়ামতও উদ্দেশ্য হয়। [রাগেব] এতদ্ব্যতীত এটি মুহূর্ত অর্থেও ব্যবহার হয়েছে। যেমন– كَاَنْ لَّمْ يَلْبَثُوْا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ [যেন সে অবস্থান করেছে দিনের কিছু মুহূর্ত] আর এটি মৃত্যু অর্থেও ব্যবহার হয়েছে। যেমন– حَتّٰى اِذَا جَاۤءَتْهُمُ السَّاعَةُ بَغْتَةً قَالُوْا يٰحَسْرَتَنَا [যখন আকস্মিক তাদের উপর কিয়ামত এসে পড়বে তখন তারা বলবে হায় আমার আফসোস!] উল্লেখ্য যে, এ আফসোস মানুষের মৃত্যুর সময় হয়ে থাকে।

كَلَمْحِ الْبَصَرِ : **চোখের পলকে**। ك হরফে জার। لَمْحِ মুযাফ الْبَصَرْ মুযাফ ইলাইহি। لَمْحٌ মাসদার ও ইসমে মাসদার। চোরা চাহনীতে দেখা; পলক মারা। বলা হয়– لَاُرِيَنَّكَ لَمْحًا بَاصِرًا [আমি তোমাকে স্পষ্ট বিষয় বলব।] لَمْحَةً চোরাই চাহনী। رَاَيْتُهٗ لَمْحَةَ بَرْقٍ আমি তোমাকে বিদ্যুতের চমকের ন্যায় দেখেছি। فِيْهِ لَمْحَةٌ مِّنْ اَبِيْهِ তার মধ্যে পিতার সাদৃশ্যতা রয়েছে। لَمَحَ اِلَيْهِ তার দিকে চোরা দৃষ্টিতে দেখেছে।

اَقْرَبُ : **অধিক নিকটবর্তী**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মাসদার اَلْقُرْبُ মূলবর্ণ (ق ـ ر ـ ب) অর্থ– নিকটবর্তী হওয়া। بُعْدٌ হলো এর বিপরীতার্থক শব্দ। قُرْبٌ শব্দের ব্যবহার পবিত্র কুরআনে স্থানগত, কালগত, বংশগত, শক্তিগত ও মর্যাদাগত নৈকট্য অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ তা'আলা বান্দার নিকটবর্তী হওয়ার দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহ স্বীয় অনুগ্রহ ও করুণা তার প্রতি দান করেন।

আয়াত : ৭৮

اَخْرَجَكُمْ : **তিনি তোমাদেরকে বের করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ر ـ ج) মাসদার اَلْاِخْرَاجُ অর্থ– বের করা; বহিষ্কার করা। كُمْ যমীর মাফঊলে বিহী।

اُمَّهٰتِكُمْ : **তোমাদের মায়েরা**। اُمَّهَاتٌ শব্দটি اُمٌّ-এর বহুবচন ও মুযাফ كم যমীর মুযাফ ইলাইহি। জন্মদাতা মা, দূরবর্তী সম্পর্কের যেমন– নানী, নানীর মা, এসকলকে আরবিতে اُمٌّ বলা হয়। এমনকি হযরত হাওয়া (আ.)-কে মা বলা হয়েছে। কোনো বস্তুর মূল, তার প্রতিপালন ও সংস্কারের মাধ্যম এর জন্যও ام শব্দ ব্যবহার করা হয়। ভাষাবিদ খলীল স্পষ্ট করে বলেছেন যে, যার দিকে তার সংশ্লিষ্ট বস্তুসমূহকে মিলানো হয় তাকে ام বলা যেতে পারে।

لَا تَعْلَمُوْنَ : **তোমরা জান না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ– জানা; অবহিত হওয়া।

اَلْاَفْئِدَةَ : **অন্তর; হৃদয়**। বহুবচন, একবচন– فُؤَادٌ

আয়াত : ৭৯

اَلَمْ يَرَوْا : **তারা কি দেখে না?** أ হামযাহ প্রশ্নবোধক। لَمْ নফী বহছী جمع مذكر غائب সীগাহ يَرَوْا বাব جحد بلم در فعل مستقبل معروف মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার الرؤية অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। فَتَحَ

مُسَخَّرَاتٍ : **আজ্ঞাধীন**। সীগাহ جمع مؤنث বহছ اسم مفعول বাব تَفْعِيْل মূলবর্ণ (س ـ خ ـ ر) মাসদার اَلتَّسْخِيْرُ অর্থ– অনুগত বানানো; আজ্ঞাধীন করা।

جَوٌّ : **অন্তরীক্ষ; শূন্যমণ্ডল**। বহুবচন اَجْوَاءٌ ও جِوَاءٌ

مَا يُمْسِكُهُنَّ : **তাদের আটকে রাখে না**। مَا নেতিবাচক। يُمْسِكُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِمْسَاكُ মূলবর্ণ (م ـ س ـ ك) অর্থ– বিরত রাখা; আটকে রাখা।

আয়াত : ৮০

جُلُوْدِ : **চামড়া**। এটি বহুবচন; একবচন– جِلْدٌ ;

تَسْتَخِفُّوْنَهَا : **তোমরা তাকে হালকা মনে কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (خ ـ ف ـ ف) মাসদার اَلْاِسْتِخْفَافُ অর্থ– হালকা মনে করা।

ظَعْنِكُمْ : **তোমাদের ভ্রমণ**। فَتَحَ বাব ظَعْنٌ -এর মাসদার ও মুযাফ। এক স্থান থেকে অন্য স্থানে যাওয়া। كُمْ যমীর মুযাফ ইলাইহি।

اِقَامَتِكُمْ : **তোমাদের অবস্থান করা**। اِفْعَالٌ বাব اِقَامَةٌ -এর মাসদার ও মুযাফ। অর্থ– অবস্থান করা; স্থির হওয়া। كُمْ যমীর মুযাফ ইলাইহি।

اَصْوَافِهَا : **ভেড়ার পশম**। اَصْوَافٌ বহুবচন; একবচন صُوْفٌ অর্থ– লোম; পশম।

اَوْبَارِهَا : **তার বাবরি চুল; লোম**। وَبَرٌ -এর বহুবচন, মুযাফ। هَا যমীর মুযাফ ইলাইহি। অর্থ– উটের লোম বা পশম।

اَشْعَارِهَا : **তার পশম**। شَعْرٌ শব্দটি اَشْعَارٌ -এর বহুবচন; মুযাফ। هَا যমীর مضاف اليه ;

اَثَاثًا : **আসবাবপত্র; ফার্নিচার**। এর বহুবচন আসে না।

مَتَاعًا : **গৃহসামগ্রী**। ইসমে মুফরাদ, মানসূব ও মাসদার। জীবনোপকরণ। এমন মালামাল যা কাজে আসে। বহুবচন– اَمْتِعَةٌ

আয়াত : ৮১

ظِلٰلٍ : **সুশীতল ছায়া**। বহুবচন, একবচন– ظِلٌّ। ইমাম রাগেব (র.) লিখেছেন– اِنَّ الْمُتَّقِيْنَ فِىْ ظِلَالٍ [মুত্তাকীগণ ছায়ায় অবস্থান করবে] এখানে ظِلَال অর্থ সম্মান ও মর্যাদা। তেমনিভাবে وَاَزْوَاجُهُمْ فِىْ ظِلٰلِهِمْ আয়াতেও এই অর্থে ব্যবহৃত হয়েছে। (وَلِلّٰهِ يَسْجُدُ الخ) আয়াতের ব্যাখ্যায় ইমাম রাগেব হযরত হাসান বসরী (র.) থেকে একটি মর্মস্পর্শী বাণী সংযোজন করেছেন– اَمَّا ظِلُّكَ يَسْجُدُ لِلّٰهِ وَاَمَّا اَنْتَ فَتَكْفُرُ [তোমার ছায়া সেজদা করে, পক্ষান্তরে তুমি কুফরি কর]। শাহ আব্দুল কাদির (র.) এই আয়াতের টীকায় লিখেছেন, যে আল্লাহর উপর বিশ্বাস রাখে সে সন্তুষ্ট হয়ে আল্লাহর আদেশ পালন করে এবং আল্লাহর উপর যার বিশ্বাস নেই তার উপরও আল্লাহর হুকুম জারি আছে, তাদের ছায়া সকাল-সন্ধ্যা তার আনুগত্য করে যাচ্ছে। তাদের ছায়া যে জমিনের উপর লুটে পড়ে তাই তাদের সেজদা।

اَكْنَانًا : **সুরক্ষিত স্থানসমূহ**। বহুবচন; একবচন– كِنٌّ আশ্রয়স্থল; নিকুঞ্জ; বাসা।

سَرَابِيْلَ : **পোশাক**। বহুবচন, একবচন– سِرْبَالٌ। তা যে কোনো ধরনের জামাকে। سِرْبَالٌ বলা হয়।

تَقِيْكُمْ : **তিনি তোমাদেরকে রক্ষা করবেন**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْوِقَايَةُ ও اَلْوَقْىُ অর্থ– রক্ষা করা; বাঁচানো।

اَلْحَرَّ : **তাপ, উষ্ণতা**। এটি একবচন, বহুবচন– حُرُوْرٌ

بَأْسَكُمْ : **তোমাদের বিপদ**। بَأْسٌ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি। যুদ্ধ; কঠোরতা; বিপদ; যুদ্ধের তীব্রতা। মূলত এর অর্থ কঠোরতা ও বিপদ। কিন্তু এটি যুদ্ধ ও বিজয় এর অর্থে বহুল ব্যবহৃত হয়।

يُتِمُّ : **তিনি পূর্ণ করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِتْمَامُ মূলবর্ণ (ت ـ م ـ م) অর্থ– পূর্ণ করা; শেষ প্রান্তে পৌছানো।

تُسْلِمُوْنَ : **তোমরা অনুগত হও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (س ـ ل ـ م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– বাধ্যগত হওয়া; অনুগত হওয়া।

আয়াত : ৮২

فَاِنْ تَوَلَّوْا : **সুতরাং যদি তারা ফিরে যায়**। فَاءٌ হরফে আত্‌ফ। ان হরফে শর্ত। تَوَلَّوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّوَلِّىْ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ– ফিরে যাওয়া; বিমুখ হওয়া; মুখ ফিরিয়ে নেওয়া।

মূলবর্ণ (أ ـ ذ ـ ن) মাসদার اَلْاِذْنُ অর্থ– অনুমতি দেওয়া। এর صلة যদি بَاءْ আসে তাহলে অর্থ হয় জানা। আর لام হলে অর্থ হবে আশাবাদী হওয়া। باب نَصَرَ থেকে অর্থ হবে প্রহার করা।

لَا هُمْ يُسْتَعْتَبُوْنَ: **তাদের কোনো ওজর গৃহীত হবে না**। لا يستعتبون সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ(ع ـ ت ـ ب) মাসদার اَلْاِسْتِعْتَابُ অর্থ– ওজর-আপত্তি গ্রহণ করা; সন্তুষ্টি কামনা করা। জালালুদ্দিন মহল্লী (র.) এ শব্দের ব্যাখ্যায় লিখেছেন–لَا يُطْلَبُ مِنْهُمْ اَنْ يُرْضُوْا رَبَّهُمْ بِالتَّوْبَةِ وَالطَّاعَةِ لِاَنَّهَا لَا تَنْتَفِعُ يَوْمَئِذٍ তাদের থেকে এ কথা আশা করা হবে না যে, তওবা-ইস্তিগফার করে আল্লাহর সন্তুষ্টি অর্জন করবে, কেননা সেদিন এ কাজ কোনো ফলপ্রসূ হবে না। আল্লামা বগভী লিখেছেন–لَا يُكَادُ يُرْضُوْا رَبَّهُمْ لِاَنَّ الْاٰخِرَةَ لَيْسَتْ بِدَارِ التَّكْلِيْفِ কিয়ামতের দিন তারা আল্লাহকে সন্তুষ্ট করার জন্য مُكَلَّفٌ [বাধ্য] হবে না। কেননা পরকাল دَارُ التَّكْلِيْفِ আমলের স্থান নয়; বরং তা হলো اَلْجَزَاءِ প্রতিদানের স্থান। আল্লামা যমখশরী তাফসীরে কাশশাফে লিখেছেন–لَا يُسْتَرْضَوْنَ اَىْ لَا يُقَالُ لَهُمْ رَضُوْا رَبَّهُمْ অর্থাৎ তাদেরকে বলা হবেনা যে, তোমরা আল্লাহকে সন্তুষ্ট করে নাও। শব্দটি عتبى থেকে সংগৃহীত। যার অর্থ হলো সন্তুষ্টি। রূহুল মা'আনী এর গ্রন্থকার লিখেছেন, اَلْاِعْتَابُ اِزَالَةُ الْعَتَبِ اَىْ الْغَضَبِ وَالْغِلْظَةِ وَالْاِسْتِعْتَابُ طَلَبُ ذٰلِكَ অর্থাৎ اِعْتَابٌ অর্থ হলো অসন্তুষ্টিকে দূর করা; আর اِسْتِعْتَابٌ অর্থ হলো طَلَبُ الْاِعْتَابِ অর্থাৎ অসন্তুষ্টিকে দূর করার কামনা। যেমন কারো থেকে এই কামনা করা যে, সে যেন তোমার অসন্তুষ্টিকে দূর করে দেয় এবং তোমাকে সন্তুষ্ট করে নেয়।

আয়াত : ৮৫

فَلَا يُخَفَّفُ: **লঘু করা হবে না**। فَاءْ হরফে আত্ফ। لا نفى বহছ واحد مذكر غائب সীগাহ يُخَفَّفُ

আয়াত ৮৩

يَعْرِفُوْنَ: **তারা চিনবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ر ـ ف) মাসদার اَلْعِرْفَانُ ও اَلْمَعْرِفَةُ অর্থ– চিনা; জানা; অবহিত হওয়া।

يُنْكِرُوْنَهَا: **তারা এটাকে অস্বীকার করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ك ـ ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; অন্তর থেকে হোক বা মুখ দ্বারা হোক।

اَلْكٰفِرُوْنَ: **কাফেরগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ ও اَلْكُفْرَانُ শব্দের গঠন হিসেবে দীন-ধর্মগত কাফের হোক বা নিয়ামতের অকৃতজ্ঞতাগত কাফের হোক উভয়টির বহুবচন كَفَرَةٌও আসে। কিন্তু কুরআনের পরিভাষায় সাধারণত كُفَّارٌ দ্বারা দীনকে অস্বীকারকারী এবং كَفَرَةٌ দ্বারা অকৃতজ্ঞকে বুঝানো হয়। তবে يُعْجِبُ الْكُفَّارُ এ আয়াতে كُفَّارٌ দ্বারা কৃষক উদ্দেশ্য।

আয়াত : ৮৪

نَبْعَثُ: **আমি উত্থিত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার اَلْبَعْثُ অর্থ– পুনরুত্থান করা; উঠিয়ে দাঁড় করানো।

شَهِيْدًا: **সাক্ষী**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতের সীগাহ। যা فَاعِلٌ অর্থে ব্যবহৃত। ইমাম রাগেব (র.) লিখেছেন شَاهِدٌ - شَهِيْدٌ তথা সাক্ষীকেও বলা হয়। আবার কোনো কিছু প্রত্যক্ষকারীকেও বলা হয়। আল্লামা ইবনুল আছীর (র.) বলেন, আল্লাহ তা'আলার নামসমূহের মধ্যে شَهِيْدٌ এমন সত্তা যার জ্ঞানের বাইরে কোনো কিছুই নেই। আর শরিয়তের পরিভাষায় شَهِيْدٌ বলা হয় যে আল্লাহর রাস্তায় জীবন বিসর্জন দিয়েছেন।

لَا يُؤْذَنُ: **অনুমতি দেওয়া হবে না**। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ

ضَلَّ : **তা নিষ্ফল হয়েছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلضَّلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– বিপথগামী হওয়া; বিভ্রান্ত হওয়া; বিচ্যুত হওয়া; ধ্বংস হওয়া; নষ্ট হওয়া; নিষ্ফল হওয়া।

كَانُوْا يَفْتَرُوْنَ : **তারা মিথ্যা উদ্ভাবন করত**। সীগাহ ماضى استمرارى বহছ جمع مذكر غائب বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার معروف اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা রচনা করা; মনগড়া কথা বানানো। অপবাদ আরোপ করা।

আয়াত : ৮৮

صَدُّوْا : **তারা বাধা দিয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ص ـ د ـ د) মাসদার اَلصُّدُوْدُ ও اَلصَّدُّ অর্থ– বিরত রাখা; বাধাপ্রদান করা। এটি متعدى ও لازم উভয়ভাবেই ব্যবহৃত হয়।

زِدْنٰهُمْ : **আমি তাদের উপর বৃদ্ধি করব**। زِدْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف ; বাব ضَرَبَ মূলবর্ণ (ز ـ ى ـ د) মাসদার اَلزِّيَادَةُ অর্থ– বৃদ্ধি করা। সীগাহটি যদিও অতীতকালের কিন্তু বাক্যের বাচনভঙ্গি হিসেবে ভবিষ্যতের অর্থ করা হয়েছে। هُمْ যমীর মাফউল।

كَانُوْا يُفْسِدُوْنَ : **তারা অশান্তি সৃষ্টি করত**। সীগাহ ماضى استمرارى বহছ جمع مذكر غائب বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ س ـ د) মাসদার معروف اَلْاِفْسَادُ অর্থ– অশান্তি সৃষ্টি করা; ফ্যাসাদ ছড়ানো; বিনষ্ট করা।

আয়াত : ৮৯

جِئْنَا : **আমি (তোমাকে) আনব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْمَجِيْئَةُ মূলবর্ণ (ج ـ ى ـ ء) অর্থ– আসা। কিন্তু এর صلة - باء হলে অর্থ হবে আনা। এখানে তাই হয়েছে।

মাসদার تَفْعِيْلٌ বাব فعل مضارع مجهول মূলবর্ণ (خ ـ ف ـ ف) اَلتَّخْفِيْفُ অর্থ– হালকা করা; লঘু করা।

وَلَا هُمْ يُنْظَرُوْنَ : **এবং তাদেরকে কোনো অবকাশ দেওয়া হবে না**। لَا يُنْظَرُوْنَ সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ظ ـ ر) মাসদার اَلنَّظَرُ অর্থ– অবকাশ দেওয়া; সুযোগ দেওয়া। কোনো কিছুর পরিমাণ নির্ধারণ করার জন্য চিন্তা করা; ভাবা। এর পরে যদি بين হয় তখন অর্থ হয় মীমাংসা করা। বাব سَمِعَ ও ضَرَبَ থেকে মাসদার اَلنَّظَرُ، اَلْمَنْظَرُ، اَلنَّظْرَانُ অর্থ– আসে। যদি স্বয়ং متعدى হয় তখন অর্থ হয় চিন্তা করা; ভাবা। আর যদি لام যোগে متعدى হয় তখন অর্থ হবে অনুগ্রহ করা; দয়া করা। এরপরে فى এলে অর্থ হয় চিন্তা করা।

আয়াত : ৮৬

اَشْرَكُوْا : **তারা শরিক করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْرَاكُ মূলবর্ণ (ش ـ ر ـ ك) অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

كُنَّا نَدْعُوْا : **আমরা আহ্বান করতাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى استمرارى معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; আহ্বান করা।

فَاَلْقَوْا : **অতঃপর তদুত্তরে তারা বলবে**। فاء হরফে আত্ফ। اَلْقَوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْاِلْقَاءُ অর্থ– ঢালা; নিক্ষেপ কর; অর্পণ করা; বক্তব্য দেওয়া; কথার উত্তর দেওয়া।

আয়াত : ৮৭

اَلسَّلَمَ : **আত্মসমর্পণ করা**। ইসম। বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যেমন– আনুগত্য; বিনয়; সন্ধি। হযরত থানবী (র.) অর্থ করেছেন অনুগত। আর শাইখুল হিন্দ (র.) অর্থ করেছেন বিনয়।

نَزَّلْنَا : আমি অবতীর্ণ করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّنْزِيْلُ মূলবর্ণ (ن - ز - ل) অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

تِبْيَانًا : স্পষ্ট ব্যাখ্যাস্বরূপ। এটি বাব ضَرَبَ-এর মাসদার। অর্থ– স্পষ্ট করে বর্ণনা করা।

بُشْرٰى : সুসংবাদ। সীগাহ اسم واحد مؤنث বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ب - ش - ر) মাসদার اَلْبِشَارَةُ অর্থ– খুশি হওয়া; আনন্দিত হওয়া। [বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ৯৭ দ্রষ্টব্য]

لِلْمُسْلِمِيْنَ : আত্মসমর্পণকারীদের জন্য। لام হরফে জার। مسلمين সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (س - ل - م) মাসদার اَلْاِسْلَامُ অর্থ– আত্মসমর্পণ করা; ইসলামে প্রবেশ করা।

আয়াত : ৯০

يَأْمُرُ : তিনি নির্দেশ দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلْاَمْرُ মূলবর্ণ (أ - م - ر) অর্থ– নির্দেশ দেওয়া; আদেশ করা।

اَلْاِحْسَانِ : সদাচরণ করা। এটি বাব اِفْعَالٌ-এর মাসদার। যা দু'টি অর্থে– ব্যবহৃত হয়। অন্যের সাথে সদাচরণ করা। কোনো উত্তম বিষয় জানা এবং সৎকর্ম সম্পাদন করা।

اِيْتَاءِ : দান করা; দেওয়া। এটি বাব اِفْعَالٌ-এর মাসদার। পবিত্র কুরআনে এটি সাধারণত সদকা দানের অর্থে ব্যবহৃত হয়েছে।

اَلْقُرْبٰى : নিকটাত্মীয়। ইসমে মাসদার। বাব كَرُمَ মূলবর্ণ (ق - ر - ب) মাসদার اَلْقَرَابَةُ

يَنْهٰى : তিনি নিষেধ করেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلنَّهْىُ মূলবর্ণ (ن - ه - ى) অর্থ– নিষেধ করা।

اَلْفَحْشَاءِ : অশ্লীলতা। সীগাহ واحد مؤنث বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ف - ح - ش) মাসদার اَلْفُحْشُ অর্থ– অশ্লীলতা করা; এমন কথা ও কাজ যার নিকৃষ্টতা স্পষ্ট এবং তা শুনতেও খারাপ লাগে তাকে فُحْش বলা হয়। [কামূস] এখানে ব্যভিচার উদ্দেশ্য।

اَلْمُنْكَرِ : অসৎকর্ম। সীগাহ اسم واحد مذكر বহছ مفعول বাব اِفْعَالٌ মূলবর্ণ(ن - ك - ر) মাসদার اَلْاِنْكَارُ অর্থ– অস্বীকার করা; অপছন্দ করা। সুস্থ মস্তিষ্ক যাকে মন্দ মনে করে তাকে مُنْكَرْ বলা হয়। [রাগেব] আশায়েরাদের মতে مُنْكَرْ এমন কথা ও কাজকে বলা হয় যাকে শরিয়ত নিষিদ্ধ ঘোষণা করেছে।

اَلْبَغْىِ : সীমালঙ্ঘন করা। ইসম ও মাসদার। অবাধ্যতা; বাড়াবাড়ি; হঠকারিতা; জিদ। যেখানে মধ্যপন্থা অবলম্বন করা দরকার সেখানে মধ্যপন্থা থেকে বেড়ে যাওয়ার আকাঙ্ক্ষা করাকে بَغْى বলা হয়। চাই মধ্যপন্থা থেকে সীমালঙ্ঘন হোক বা না হোক। بَغْى শব্দের ব্যবহার পরিমাণ ও ধরন উভয়ক্ষেত্রেই হয়ে থাকে।

يَعِظُكُمْ : তিনি তোমাদেরকে উপদেশ দেন। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(و - ع - ظ) মাসদার اَلْوَعْظُ ও اَلْعِظَةُ অর্থ– উপদেশ দেওয়া; নসিহত করা। ভয়মিশ্রিত উপদেশকে وَعْظ বলা হয়। [রাগেব] এমনভাবে সৎকর্মের উপদেশ দেওয়া যাতে হৃদয় বিগলিত হয় তাকে ওয়াজ বলে। [খলীল]

تَذَكَّرُوْنَ : তোমরা শিক্ষা গ্রহণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মাসদার اَلتَّذَكُّرُ মূলবর্ণ (ذ - ك - ر) অর্থ– উপদেশ গ্রহণ করা। শিক্ষা গ্রহণ করা।

আয়াত : ৯১

اَوْفُوْا : তোমরা পূর্ণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْفَاءُ মূলবর্ণ (و - ف - ى) অর্থ– পূর্ণ করা।

عَاهَدْتُّمْ : **তোমরা অঙ্গীকার করেছ**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُعَاهَدَةُ মূলবর্ণ (ع ـ ه ـ د) অর্থ– অঙ্গীকার করা; চুক্তি করা।

لَا تَنْقُضُوا : **তোমরা ভঙ্গ করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ق ـ ض) মাসদার اَلنَّقْضُ অর্থ– ভঙ্গ করা।

اَلْاَيْمَانَ : **শপথ; কসম**। এটি বহুবচন, একবচন– يَمِيْنٌ

بَعْدَ تَوْكِيْدِهَا : **তাকে দৃঢ় করার পর**। تَوْكِيْد মাসদার মুযাফ, هَا যমীর মুযাফ ইলাইহি। বাব تَفْعِيْل মূলবর্ণ (أ ـ ك ـ د) অর্থ– দৃঢ় করা; শক্ত করা।

كَفِيْلًا : **জামিন**। সীগাহ واحد مذكر বহছ সিফাতে মুশাব্বাহ। বাব كَرُمَ ও نَصَرَ মাসদার اَلْكَفَالَةُ ও اَلْكُفُوْلُ অর্থ– জিম্মাদার হওয়া; জামিন হওয়া।

আয়াত : ৯২

لَا تَكُوْنُوْا : **তোমরা হয়ো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ– হওয়া।

نَقَضَتْ : **সে ভেঙ্গে ফেলেছে**। সীগাহ واحد مونث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلنَّقْضُ মূলবর্ণ (ن ـ ق ـ ض) অর্থ– ভাঙ্গা; ভেঙ্গে ফেলা।

غَزْلَهَا : **তার সুতা পাকানো**। মাসদার ও ইসমে ফেল, মুযাফ। هَا যমীর مضاف اليه ; অর্থ সুতা কাটা; সুতা পাকানো। এখানে মাসদারটি ইসমে মাফউল অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ পাকানো সুতা। [জালালাইন] মক্কার কুরাইশ গোত্রে একজন নির্বোধ নারী ছিল। যে প্রতিদিন সকালবেলা দাসীদেরকে নিয়ে সুতা পাকাতো এবং সন্ধ্যাবেলা সব পাকানো সুতা খুলে ফেলত। তার নাম ছিল রিতা বিনতে আমর বিন সা'দ। [বগভী] অথবা রায়েতা, জাওয়া, খরকা। [সিরাজুমমুনির] সে ছিল আসাদ বিন আব্দুল উজ্জার মা, এবং সা'দ এর মেয়ে। আয়াতের ভাবার্থ হলো তোমরা আল্লাহর সাথে যে অঙ্গীকার করেছ তা ভঙ্গ করো না এবং কৃত পরিশ্রমকে পণ্ড করো না। ঐ মহিলার ন্যায় হয়ো না যে দিনভর সুতা কাটার পর দিনের শেষে তা ছিড়ে ফেলে।

اَنْكَاثًا : **সুতার যে টুকরা দ্বিতীয়বার কাটার জন্য ছেঁড়া হয়**। বহুবচন, একবচন– نَكْثٌ।

تَتَّخِذُوْنَ : **তোমরা বানাও**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; করা।

دَخَلًا : **প্রবঞ্চনা করার জন্য**। এটি বাব سَمِعَ -এর মাসদার। دَخَلَ এমন চক্রান্তকে বলা হয় যা ফ্যাসাদ সৃষ্টির জন্য হয়। এ কারণেই হযরত কাতাদাহ এর তাফসীর করেছেন খিয়ানত। যেমনটি ইবনে আবি হাতিম তার থেকে বর্ণনা করেছেন। [ফতহুল বারী, খ. ৮ পৃ. ২৯২]

اَرْبٰى : **অধিক লাভবান**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ب ـ و) মাসদার اَلرِّبَا অর্থ– লাভবান হওয়া।

يَبْلُوْكُمْ : **তিনি তোমাদেরকে পরীক্ষা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ ى) মাসদার اَلْبَلَاءُ অর্থ– পরীক্ষা করা; যাচাই করা।

لَيُبَيِّنَنَّ : **স্পষ্টভাবে প্রকাশ করে দিবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ب ـ ى ـ ن) মাসদার اَلتَّبْيِيْنُ অর্থ– প্রকাশ করা; স্পষ্ট করে বর্ণনা করা।

تَخْتَلِفُوْنَ : **তোমরা মতভেদ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِخْتِلَافُ মূলবর্ণ (خ ـ ل ـ ف) অর্থ– মতবিরোধ করা।

আয়াত : ৯৩

شَاءَ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ অর্থ– ইচ্ছা করা।

يُضِلُّ : **তিনি বিভ্রান্ত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْإِضْلَالُ মূলবর্ণ (ض ـ ل ـ ل) অর্থ– পথভ্রষ্ট করা; বিভ্রান্ত করা।

يَهْدِيْ : **তিনি সৎপথে পরিচালিত করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– সৎপথে পরিচালিত করা; পথপ্রদর্শন করা।

يَشَاءُ : **তিনি ইচ্ছা করেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلْمَشِيْئَةُ মূলবর্ণ (ش ـ ى ـ أ) অর্থ– ইচ্ছা করা।

اَلْاَيْمَانَ : **শপথ; কসম**। বহুবচন, একবচন– يَمِيْنٌ

আয়াত : ৯৪

لَا تَتَّخِذُوْا : **তোমরা ব্যবহার করো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ– বানানো; গ্রহণ করা; বেছে নেওয়া।

فَتَزِلَّ : **অতঃপর পদস্খলিত হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلزَّلُّ মূলবর্ণ (ز ـ ل ـ ل) অর্থ– পদস্খলিত হওয়া; বিচ্যুত হওয়া। শুরুতে فاء হরফে আত্‌ফ এসেছে تَعْقِيْب এর জন্য। এবং فاء-এর পরে اَنْ উহ্য থাকার কারণে تَزِلَّ-কে নসব প্রদান করা হয়েছে।

تَذُوْقُوْا : **তোমরা আস্বাদ গ্রহণ করো**। সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلذَّوْقُ মূলবর্ণ (ذ ـ و ـ ق) অর্থ– আস্বাদ গ্রহণ করা। মূলত تَذُوْقُوْنَ ছিল। فعل نهى-এর জওয়াবে হওয়ার কারণে نون اعرابى পড়ে গেছে।

صَدَدْتُّمْ : **তোমরা বাধা দিয়েছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلصَّدُّ মূলবর্ণ (ص ـ د ـ د) অর্থ– প্রতিরোধ করা; বাধা সৃষ্টি করা।

আয়াত : ৯৬

يَنْفَدُ : **নিঃশেষ হবে**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ ف ـ د) মাসদার اَلنَّفَادُ অর্থ– নিঃশেষ হওয়া; বিলীন হওয়া।

بَاقٍ : **অবশিষ্ট**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ ق ـ ى) ম্যাসদার اَلْبَقَاءُ অর্থ– অবশিষ্ট থাকা; বাকি থাকা; কোনো বস্তু স্ব-স্থানে স্থির থাকা। এর বিপরীত শব্দ হলো : فناء ; উল্লেখ্য بَاقِىْ দু'প্রকার। এক. بَاقِىْ بِنَفْسِه সত্তাগতভাবে বাকি থাকা, যা কখনো নিঃশেষ হয় না। এটা কেবলমাত্র আল্লাহ তা'আলার গুণ। **দুই**. بَاقِىْ بِغَيْرِه তথা পরনির্ভরভাবে বাকি থাকা। আল্লাহ তা'আলা ব্যতীত সবকিছুই এর অন্তর্ভুক্ত। যার ধ্বংস অবশ্যম্ভাবী।

لَنَجْزِيَنَّ : **আমি অবশ্যই পুরস্কার দেব**। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة درفعل مستقبل معروف বাব ضَرَبَ মাসদার اَلْجَزَاءُ মূলবর্ণ (ج ـ ز ـ ى) অর্থ– প্রতিদান দেওয়া; পুরস্কার দেওয়া।

اَجْر : **বিনিময়; প্রতিদান**। একবচন; বহুবচন–اُجُوْرٌ

আয়াত : ৯৭

عَمِلَ : **সে আমল করেছে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– আমল করা; কাজ করা; সৎকর্ম করা।

فَلَنُحْيِيَنَّه : **আমি তাকে জীবন দান করব**। فَاءْ হরফে আত্‌ফ। لَنُحْيِيَنَّ সীগাহ جمع متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ي ـ ى) মাসদার اَلْاِحْيَاءُ অর্থ– জীবন দান করা। ه যমীর মাফউলে বিহী।

حَيٰوةً طَيِّبَةً : **পবিত্র জীবন; সম্মানজনক জীবন**। حَيٰوةً মাওসূফ, طَيِّبَةً সিফাত। মাফউল হওয়ার কারণে মানসূব হয়েছে। অধিকাংশ ওলামায়ে কেরামের মতে এখানে দুনিয়ার সম্মানজনক জীবন উদ্দেশ্য।

আয়াত : ৯৮

فَاِذَا قَرَأْتَ : **যখন তুমি কুরআন পাঠ করবে**। فا হরফে আত্‌ফ। اذا হরফে শর্ত قَرَأْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلْقِرَاءَةُ ـ اَلْقَرْءُ মূলবর্ণ (ق ـ ر ـ أ) অর্থ– পাঠ করা; পড়া। একটি হরফকে অন্য হরফের সাথে মিলিয়ে উচ্চারণ করাকে قِرَاءَة বলা হয়। [রাগেব]

اَلْقُرْاٰنَ : **কুরআন।** এটি মাসদার। অর্থ– পাঠ করা। আল্লাহর কিতাবের বিশেষ নাম যা হযরত মুহাম্মদ ﷺ -এর উপর অবতীর্ণ হয়েছে। (বিস্তারিত সূরা রা'দ, আয়াত : ৩০ দ্রষ্টব্য)

فَاسْتَعِذْ : **তুমি শরণ নাও; আশ্রয় প্রার্থনা কর।** فا - জাযাইয়্যাহ। اِسْتَعِذْ সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِعَاذَةُ মূলবর্ণ (ع - و - ذ) অর্থ– আশ্রয় প্রার্থনা করা; শরণ নেওয়া।

الشَّيْطَانِ : **শয়তান। অবাধ্য; দুষ্ট।** –(বিস্তারিত সূরা হিজজার, আয়াত : ১৭ দ্রষ্টব্য)

الرَّجِيْمِ : **অভিশপ্ত; বিতাড়িত।** (বিস্তরিত সূরা হিজর, আয়াত : ১৭ দ্রষ্টব্য)

আয়াত : ৯৯

سُلْطَانٌ : **সনদ; দলিল; শক্তি; সামর্থ্য; রাজত্ব; রাজ্য।** তাজুল উরূসে রয়েছে سُلْطَانٌ অর্থ দলিল ও সনদ। এ অর্থেই পবিত্র কুরআনের বাণী– لَا تَنْفُذُوْنَ اِلَّا بِسُلْطٰنٍ [দলিল ও সনদ ব্যতীত কেউ মুক্তি পাবে না।] আবার কখনও এর অর্থ হয় মু'জিযা। যেমন– اِذْ اَرْسَلْنٰهُ اِلٰى فِرْعَوْنَ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ [যখন আমি প্রেরণ করলাম তাকে ফেরাউনের নিকট স্পষ্ট প্রমাণ (মু'জিযা) সহকারে] উল্লেখ্য যখন سُلْطٰنٌ দলিল অর্থে ব্যবহৃত হয় তখন তার বহুবচন আসে না। কারণ তখন তা মাসদারের স্থলাভিষিক্ত হয়। [বিস্তারিত সূরা নিসা, আয়াত : ১৪৪ দ্রষ্টব্য]

يَتَوَكَّلُوْنَ : **তারা নির্ভর করে; ভরসা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تفعل মূলবর্ণ (و - ك - ل) মাসদার اَلتَّوَكُّلُ অর্থ– ভরসা করা; নির্ভর করা। (বিস্তারিত সূরা ইউনুস, আয়াত : ৬৯ দ্রষ্টব্য)

আয়াত : ১০০

يَتَوَلَّوْنَهٗ : **তারা তাকে অভিভাবকরূপে গ্রহণ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَعُّلٌ মূলবর্ণ (و - ل - ى) মাসদার اَلتَّوَلِّيْ অর্থ– বন্ধুত্ব রাখা; অভিভাবক বানানো।

مُشْرِكُوْنَ : **শরিককারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش - ر - ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ১০১

اِذَا بَدَّلْنَا : **আমি যখন পরিবর্তন করি।** اذا হরফে শর্ত। بَدَّلْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب - د - ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ– পরিবর্তন করা।

مُفْتَرٍ : **মিথ্যা উদ্ভাবনকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف - ر - ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা অপবাদ দেওয়া; মিথ্যা রটনা করা।

আয়াত : ১০২

نَزَّلَهٗ : **তিনি তা অবতীর্ণ করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ن - ز - ل) মাসদার اَلتَّنْزِيْلُ অর্থ– অবতীর্ণ করা; নাজিল করা।

رُوْحُ الْقُدُسِ : **পবিত্র আত্মা।** এখানে موصوف -এর ইযাফত صفت -এর দিকে হয়েছে। যেমন– حَاتِمُ الْجُوْدِ ; কাতাদাহ, সুদ্দী ও ইবনে আব্বাস (রা.) প্রমুখ বলেন–قُلْ نَزَّلَهٗ رُوْحُ الْقُدُسِ এ আয়াতে رُوْحُ الْقُدُسِ দ্বারা জিবরাঈল উদ্দেশ্য। ইমাম বুখারী (র.) এ আয়াতের তাফসীরে এ মতই গ্রহণ করেছেন। তবে وَاَيَّدَكَ بِرُوْحِ الْقُدُسِ আয়াতে رُوْحُ الْقُدُسِ -এর ব্যাপারে যদিও অনেক মতামত রয়েছে, কিন্তু সঠিক ও প্রাধান্যযোগ্য মত হলো সেখানেও জিবরাঈলই উদ্দেশ্য।

لِيُثَبِّتَ : **দৃঢ় প্রতিষ্ঠিত করার জন্য।** لَامٌ -টি لام كى ; يُثَبِّتَ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ث - ب - ت) মাসদার اَلتَّثْبِيْتُ অর্থ– দৃঢ় করা; প্রতিষ্ঠিত করা; প্রমাণ করা।

আয়াত : ১০৩

يُعَلِّمُهٗ : **তাকে শিক্ষা দেয়।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মাসদার

اَلتَّعْلِيْمُ মূলবর্ণ (ع ـ ل ـ م) অর্থ- শিক্ষা দেওয়া। ہ যমীর মাফউলে বিহী।

يُلْحِدُوْنَ : **তারা আরোপ করে; তারা ভুল সম্বন্ধ করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ل ـ ح ـ د) মাসদার اَلْاِلْحَادُ অর্থ- বেদীন হওয়া; ঝগড়া-বিবাদ করা; আল্লাহর সাথে শরিক করা। কারও উপর দোষ আরোপ করা। এখানে শেষোক্ত উক্তিটিই উদ্দেশ্য।

اَعْجَمِيٌّ : **আরবি নয় এমন।** এটি একবচন; বহুবচন- اَعَاجِمُ وَ اَعْجَمِيُّوْنَ স্ত্রীলিঙ্গ اَعْجَمِيَّةٌ

আয়াত : ১০৪

لَا يَهْدِيْهِمْ : **তিনি তাদেরকে হেদায়েত করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ہ ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ- হেদায়েত করা; পথপ্রদর্শন করা।

اَلِيْمٌ : **মর্মন্তুদ; কষ্টকর।** সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ মূলবর্ণ (ا ـ ل ـ م) মাসদার اَلْاَلَمُ অর্থ- কষ্ট পাওয়া।

আয়াত : ১০৫

يَفْتَرِىْ : **সে মিথ্যা উদ্ভাবন করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ- মিথ্যা উদ্ভাবন করা; মিথ্যা আরোপ করা; মিথ্যা রচনা করা।

আয়াত : ১০৬

اُكْرِهَ : **তাকে বাধ্য করা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِكْرَاهُ মূলবর্ণ (ك ـ ر ـ ہ) অর্থ- বাধ্য করা; জবরদস্তি করা।

مُطْمَئِنٌّ : **অবিচলিত; আত্মতৃপ্ত।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْعِلَّالٌ মাসদার اَلْاِطْمِئْنَانُ মূলবর্ণ (ط ـ م ـ ن) অর্থ- আত্মতৃপ্ত হওয়া; প্রশান্তি অর্জিত হওয়া। এমন প্রশান্তি যা দুঃখ-কষ্টের পর অর্জিত হয় তাকে اِطْمِئْنَانٌ ও طَمَانِيْنَةٌ বলা হয়।

شَرَحَ : **সে উন্মুক্ত রেখেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ر ـ ح) মাসদার اَلشَّرْحُ অর্থ- প্রশস্ত করা; উন্মুক্ত করা; খোলা। অন্তর প্রশস্তকরণ দ্বারা উদ্দেশ্য হলো আল্লাহর নূর দ্বারা পূর্ণ হওয়া এবং আল্লাহর পক্ষ থেকে ঈমানী শক্তি ও প্রশান্তি আর্জিত হওয়া।

صَدْرًا : **বক্ষ; চিত্ত।** একবচন, বহুবচন- صُدُوْرٌ

আয়াত : ১০৭

اِسْتَحَبُّوْا : **তারা ভালবাসে। তারা প্রাধান্য দেয়।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ب ـ ب) মাসদার اَلْاِسْتِحْبَابُ অর্থ- বন্ধুত্ব রাখা; ভালোবাসা; প্রাধান্য দেওয়া।

আয়াত : ১০৮

طَبَعَ : **তিনি মোহর করে দিয়েছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلطَّبْعُ মূলবর্ণ (ط ـ ب ـ ع) অর্থ- মোহরাঙ্কিত করা; সিল মারা। طَبَعَ শব্দটি خَتْم থেকে ব্যাপক এবং نَقْش থেকে খাস। এ কারণেই طَبْع ও طَبِيْعَةٌ বলা হয় নফসের উপর কোনো কিছুর নকশা করাকে। চাই তা জন্মগত হোক অথবা স্বভাবগত হোক; তবে স্বভাবগত নকশার ক্ষেত্রে এর ব্যবহার অধিক হয়ে থাকে। আর طَبَعَ السَّيْفُ অর্থ হলো তলোয়ার মরিচাবিশিষ্ট হওয়া; ময়লা আবর্জনাযুক্ত হওয়া। رَجُلٌ طَبِعٌ নিম্নশ্রেণির ও মন্দস্বভাবের লোক। এ কারণেই কোনো ওলামায়ে কেরাম طَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ -এর এ অর্থই করেছেন। অর্থাৎ আল্লাহ তা'আলা তাদের অন্তরের উপর অপবিত্রতার ছাপ মেরে দিয়েছেন। আল্লামা রাগেব ইস্পাহানী মুফরাদাতুল কুরআনে লিখেছেন طَبْع ও خَتْم দু'ভাবে ব্যবহৃত হয়। প্রথমত خَتَمْتُ ও طَبَعْتُ -এর মাসদার হয়ে। তখন অর্থ হবে تَاثِيْرُ الشَّيْءِ অর্থাৎ কোনো কিছু কোনো কিছুর উপর প্রভাব বিস্তার করা; ছাপ ফেলা। দ্বিতীয়ত এমন প্রভাব বা চিহ্ন যা নকশা থেকে অর্জিত হয়। তখন এটি ইসম হয়ে ব্যবহার হয়। আল্লামা মাহমূদ আলূসী (র.) বলেন, অধিকাংশ ওলামায়ে কেরামের মতে এখানে طَبْع দ্বারা উদ্দেশ্য হলো ওয়াজ, নসিহত ও উপদেশ ইত্যাদি শ্রবণের তাওফীক ছিনিয়ে নেওয়া এবং আল্লাহর রহমত থেকে বঞ্চিত হওয়া।

আয়াত : ১০৯

لَا جَرَمَ : **নিশ্চয়**। এটি حَقًّا ও يَقِيْنًا-এর সমার্থক। মূলত এর অর্থ হলো অবশ্যম্ভাবী। ব্যাপক ব্যবহারের পর قَسَم বা حَقَّ [ফে'লে মাযী] এর অর্থে ব্যবহার হতে থাকে। নাহুবিদ সীবাওয়াইহ্ ও খলীলের মতেও এটি বর্ণনা করা হয়েছে। আবুল বাকা এবং ফাররা বলেন, এর অর্থ حَقًّا তথা তারা মাসদারী অর্থ গ্রহণ করেছেন। জমহূরের মতও এটি। তাফসীরে আবুসসাউদে لا -কে نافية এবং جرم কে حق [ফেলে মাযী] সাব্যস্ত করেছেন। অর্থাৎ এ কাজটি অনুপকারী হওয়া সত্য। কারো কারো মতে لاجرم অর্থ হলো لَا ضِدَّ وَ لَا مَنْعَ অর্থাৎ কোনো বাধা-বিপত্তি নেই; কেউ বাধা দিতে পারবে না।

اَلْخَاسِرُوْنَ : **ক্ষতিগ্রস্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব سَمِعَ মূলবর্ণ (خ ـ س ـ ر) মাসদার اَلْخُسْرُ ও اَلْخُسْرَانُ অর্থ– ক্ষতিগ্রস্ত হওয়া।

আয়াত : ১১০

هَاجَرُوْا : **তারা হিজরত করেছে**। সীগাহ جمع مذكرغائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ه ـ ج ـ ر) মাসদার اَلْمُهَاجَرَةُ অর্থ– হিজরত করা; পরিত্যাগ করা; আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে নিজেদের বাড়িঘর ত্যাগ করা।

فُتِنُوْا : **তারা নির্যাতিত হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব سَمِعَ মাসদার اَلْفِتْنَةُ মূলবর্ণ (ف ـ ت ـ ن) অর্থ– পরীক্ষায় ফেলা; নির্যাতন করা; দুঃখ-কষ্ট দেওয়া।

جَاهَدُوْا : **তারা জিহাদ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ ه ـ د) মাসদার اَلْمُجَاهَدَةُ অর্থ– চেষ্টা করা; পরিশ্রম করা; সংগ্রাম করা; জিহাদ করা।

صَبَرُوْا : **তারা ধৈর্যধারণ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضرب মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্যধারণ করা; সবর করা।

আয়াত : ১১১

تَأْتِىْ : **সে আসবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা।

تُجَادِلُ : **সে বিতর্ক করে; সে যুক্তি উপস্থিত করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ د ـ ل) মাসদার اَلْمُجَادَلَةُ অর্থ– পরস্পর ঝগড়া-বিবাদ করা; যুক্তিতর্ক উপস্থাপন করা।

تُوَفّٰى : **পূর্ণফল দেওয়া হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (و ـ ف ـ ى) মাসদার اَلتَّوْفِيَةُ অর্থ– পুরোপুরি দান করা। মূলত تَوَفِّى অর্থ– সম্পূর্ণ গ্রহণ করা; পূর্ণরূপে আয়ত্তে আনা। কাজী বায়যাবী (র.) লিখেছেন– تَوَفِّى অর্থাৎ اَلتَّوَفِّيُّ اَخْذُ الشَّيْئِ وَافِيًا অর্থ কোনো কিছু পূর্ণরূপে নেওয়া।

عَمِلَتْ : **সে করেছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ م ـ ل) মাসদার اَلْعَمَلُ অর্থ– কাজ করা; আমল করা।

لَا يُظْلَمُوْنَ : **তারা অত্যাচারিত হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع مجهول বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; নির্যাতন করা; অত্যাচার করা।

আয়াত : ১১২

ضَرَبَ : **তিনি দৃষ্টান্ত দিয়েছেন। তিনি বর্ণনা করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ অর্থ– প্রহার করা; মারা; দৃষ্টান্ত বর্ণনা করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

قَرْيَةً : **গ্রাম; জনপদ**। একবচন, বহুবচন– قرى

مُطْمَئِنَّةً : **নিশ্চিন্ত**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব اِفْعِلَالٌ মূলবর্ণ (ط ـ م ـ أ ـ ن) জিনস مهموز لام মাসদার اَلْاِطْمِئْنَانُ অর্থ– নিশ্চিন্ত হওয়া; নিরাপদ হওয়া।

يَأْتِيْهَا : **সেখানে আসত**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– আসা।

رَغَدًا : **প্রচুর**। এটি বাব سَمِعَ-এর মাসদার। সিফাতে মুশাব্বাহ হিসেবে ব্যবহৃত হয়। অর্থ– পর্যাপ্ত, প্রশস্ত।

فَكَفَرَتْ : **অতঃপর সে অস্বীকার করল।** فَاءْ হরফে আত্‌ফ। সীগাহ واحد مؤنث غائب كَفَرَتْ বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك . ف . ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– কুফরি করা; অস্বীকার করা; অকৃতজ্ঞতা করা।

بِاَنْعُمِ اللّٰهِ : **আল্লাহর অনুগ্রহসমূহকে।** بَاءْ হরফে জার। اَنْعُمِ মুযাফ; اللّٰه মুযাফ ইলাইহি। اَنْعُم শব্দটি نِعْمَةٌ-এর বহুবচন। অর্থ– অনুগ্রহ; কৃপা; নিয়ামত।

فَاَذَاقَهَا : **তিনি তার আস্বাদ গ্রহণ করালেন।** فاء হরফে আত্‌ফ। সীগাহ واحد مذكر غائب اَذَاقَ বহছ ماضى معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ذ . و . ق) মাসদার الاذاقة অর্থ– আস্বাদ গ্রহণ করানো।

اَلْجُوْعِ : **ক্ষুধা।** এটি বাব نَصَرَ-এর মাসদার। মূলবর্ণ (ج . و . ع) জিনস اجوف واوى অর্থ– ক্ষুধার্ত হওয়া।

اَلْخَوْفِ : **ভয়-ভীতি।** এটি বাব سَمِعَ-এর মাসদার। মূলবর্ণ (خ . و . ف) জিনস اجوف واوى অর্থ– ভয় করা; আশঙ্কা করা

يَصْنَعُوْنَ : **তারা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ص . ن . ع) মাসদার اَلصَّنْعُ অর্থ– করা; বানানো।

আয়াত : ১১৩

كَذَّبُوْهُ : **তারা তাকে অস্বীকার করেছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ك . ذ . ب) মাসদার اَلتَّكْذِيْبُ অর্থ– মিথ্যা প্রতিপন্ন করা; অস্বীকার করা।

فَاَخَذَهُمْ : **অতঃপর তিনি তাদেরকে ধরলেন।** فاء হরফে আত্‌ফ। সীগাহ واحد مذكر غائب اَخَذَ বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (أ . خ . ذ) মাসদার الاخذ অর্থ– ধরা; পাকড়াও করা।

আয়াত : ১১৪

فَكُلُوْا : **তোমরা আহার কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْاَكْلُ মূলবর্ণ (أ . ك . ل) অর্থ– আহার করা; খাওয়া।

وَاشْكُرُوْا : **এবং কৃতজ্ঞতা প্রকাশ কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ش . ك . ر) মাসদার اَلشُّكْرُ অর্থ– কৃতজ্ঞতা প্রকাশ করা; শুকরিয়া আদায় করা। উল্লেখ্য شكر বা কৃতজ্ঞতা তিন প্রকার। **এক.** অন্তরে অনুগ্রহের স্মরণ রাখা। **দুই.** মুখে অনুগ্রহকারীর প্রশংসা করা। **তিন.** সামর্থ্য অনুযায়ী নিয়ামতের প্রতিদান দেওয়া।

আয়াত : ১১৫

حَرَّمَ : **তিনি হারাম করেছেন।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّحْرِيْمُ মূলবর্ণ (ح . ر . م) অর্থ– হারাম করা; অবৈধ করা; নিষিদ্ধ করা।

اَلْمَيْتَةَ : **মৃতজন্তু।**

اَلْخِنْزِيْرِ : **শূকর।** একবচন, বহুবচন– خَنَازِيْرُ

اُهِلَّ : **তার নাম নেওয়া হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالْ মাসদার اَلْاِهْلَالُ মূলবর্ণ (ه . ل . ل) যার অর্থ নতুন চাঁদ দেখার সময় চিৎকার করা। অতঃপর যে কোনো শব্দ করার জন্য এটি ব্যবহৃত হতে থাকে। যেমন সন্তান ভূমিষ্ট হওয়ার সময় শিশুর কান্না করা, হাজী সাহেবগণ লাব্বাইক বলাকেও اِهْلَالْ বলা হয়। এখানে এ অর্থই উদ্দেশ্য, অর্থাৎ নাম ধরে ডাকা; স্মরণ করা। সুতরাং যে পশুকেই আল্লাহ ব্যতীত অন্য কারো নামে মানত করা হবে, সে মূর্তি হোক বা জিন, পাপাত্মা হোক বা কোনো পয়গাম্বর অথবা কোনো স্থান এবং সেই পশুকে এই নিয়তে জবাই করা হয় যে, তার দ্বারা তাদের সন্তুষ্টি বা নৈকট্য অর্জিত হবে এবং সেগুলো তার উদ্দেশ্য পূরণ করবে, তাহলে উক্ত প্রাণী হারাম হয়ে যাবে এবং مَا اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ-এর অন্তর্ভুক্ত হবে এবং যে এমন করবে সে মুশরিক হয়ে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে যাবে। যদিও সে জবাইকালে بِسْمِ اللّٰهِ পড়া নেয়। তেমনিভাবে যে পশু জবাইকালে আল্লাহ ব্যতীত অন্য কারো নাম নেওয়া হয়।

فَمَنِ اضْطُرَّ : **সুতরাং যে ব্যক্তি অনন্যোপায় হয়।** সীগাহ واحد مذكر غائب اضطر বহছ ماضى

اِفْتِعَالٌ বাব مجهول মূলবর্ণ (ض ـ ر ـ ر) মাসদার اَلْاِضْطِرَارُ অর্থ– বাধ্য হওয়া; নিরূপায় হওয়া; কাউকে কোনো কষ্টদায়ক জিনিসের ব্যাপারে বাধ্য করা।

بَاغٍ : **সীমালঙ্ঘনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (ب ـ غ ـ ي) মাসদার اَلْبَغْىُ অর্থ– বাড়াবাড়ি করা; সীমালঙ্ঘন করা; অন্যায় করা। غَيْرَ بَاغٍ وَلَا عَادٍ -এর ব্যাখ্যায় মুজাহিদ (র.) বলেন, بَاغٍ وَعَادٍ না হওয়ার অর্থ হলো ডাকাত, রাষ্ট্রদ্রোহী, কিংবা আল্লাহর নাফরমানির কাজে ঘর থেকে বের না হলে এমন ব্যক্তির জন্য মৃতদেহ, রক্ত ও শূকরের গোশত খাওয়া বৈধ হবে। নতুবা নয়। ইমাম শাফেয়ী (র.) এর মতও এরূপই। কিন্তু ইমাম আবূ হানীফা (র.) ও পূর্বসূরিদের একটি বড় দলের মত হলো عُدْوَانٌ ও بَغَاوَتٌ তথা সীমালঙ্ঘন ও অবাধ্যতার সম্পর্ক হলো খাবারের সাথে। সুতরাং بَاغِيٌّ অর্থ হলো নিরূপায় না হয়েই এসব হারাম বস্তু আহার শুরু করে দেবে না। আর عَادِىٌّ অর্থ হলো নিরূপায় হয়ে খাবারের অনুমতি পেয়ে প্রয়োজনের অতিরিক্ত আহার করবে না। অর্থাৎ জীবন বাঁচানোর পরিমাণ আহার করবে।

আয়াত : ১১৬

لَا تَقُوْلُوْا : **তোমরা বলো না**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْقَوْلُ মূলবর্ণ (ق ـ و ـ ل) অর্থ– বলা।

تَصِفُ : **সে বর্ণনা করে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْوَصْفُ মূলবর্ণ (و ـ ص ـ ف) অর্থ– কোনো বস্তুকে তার বৈশিষ্ট্যের সাথে বর্ণনা করা, সে বৈশিষ্ট্য সত্য হোক বা মিথ্যা হোক। এখানে মিথ্যা বৈশিষ্ট্য উদ্দেশ্য।

لِتَفْتَرُوْا : **মিথ্যা আরোপ করার জন্য**। لام كى টি لام ; সীগাহ تَفْتَرُوْا বহছ جمع مذكر حاضر مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ف ـ ر ـ ى) মাসদার اَلْاِفْتِرَاءُ অর্থ– মিথ্যা আরোপ করা; মিথ্যাবাদী সাব্যস্ত করা।

يَفْتَرُوْنَ : **তারা মিথ্যা আরোপ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِفْتِرَاءُ মূলবর্ণ (ف ـ ر ـ ى) অর্থ– মিথ্যা আরোপ করা; মিথ্যাবাদী সাব্যস্ত করা।

لَا يُفْلِحُوْنَ : **তোমরা সফলকাম হবে না**। সীগাহ جمع مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ل ـ ح) মাসদার اَلْاِفْلَاحُ অর্থ– সফলকাম হওয়া।

আয়াত : ১১৭

مَتَاعٌ : **সুখ-সম্ভোগ**। **ইসম ও নাকেরা**। একবচন, বহুবচন– اَمْتِعَةٌ নির্দিষ্ট সময় পরিমাণ উপকৃত হওয়া; যে সম্পদ দ্বারা উপকৃত হওয়া যায় তাকে مَتَاعٌ বলা হয়।

هَادُوْا : **তারা ইহুদি হয়েছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ(ه ـ و ـ د) মাসদার اَلْهَوْدُ অর্থ– ইহুদি হওয়া।

আয়াত : ১১৮

حَرَّمْنَا : **আমি হারাম করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّحْرِيْمُ মূলবর্ণ (ح ـ ر ـ م) অর্থ– হারাম হওয়া; অবৈধ হওয়া।

قَصَصْنَا : **আমি বর্ণনা করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْقَصَصُ মূলবর্ণ (ق ـ ص ـ ص) অর্থ– কিসসা বা ঘটনা বর্ণনা করা।

مَا ظَلَمْنٰهُمْ : **আমি তাদের উপর জুলুম করিনি**। সীগাহ جمع متكلم বহছ ماضى منفى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

يَظْلِمُوْنَ : **তারা জুলুম করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

আয়াত : ১১৯

اَلسُّوْءَ : **মন্দকর্ম**। ইসম।

بِجَهَالَةٍ : **অজ্ঞতাবশত**। بَاء হরফে জার। جَهَالَةٌ বাব سَمِعَ -এর মাসদার। جَهَالَةٌ বা অজ্ঞতা তিন প্রকার।

১. জ্ঞানশূন্য হওয়া। এটা এর প্রকৃত অর্থ। ২. কোনো কিছুর ব্যাপারে ভ্রান্ত ধারণা পোষণ করা। ৩. কোনো কাজ যথাযথভাবে সম্পাদন না করা। উক্ত কাজ সম্পর্কে আকিদা সঠিক বা ভ্রান্ত যাই থাকুক। উদাহরণ স্বরূপ জেনেশুনে নামাজ ত্যাগ করা। উল্লেখ্য جَاهِلٌ শব্দ সর্বদা নিন্দার জন্য ব্যবহৃত হয় না; বরং কখনও নিন্দা ব্যতীতও ব্যবহৃত হয়। যেমন- يَحْسَبُهُمُ الْجَاهِلُ أَغْنِيَاءَ مِنَ التَّعَفُّفِ এখানে মূর্খের নিন্দা উদ্দেশ্য নয়।

تَابُوْا : **তারা তওবা করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلتَّوْبَةُ মূলবর্ণ (ت ـ و ـ ب) অর্থ- প্রত্যাবর্তন করা; গুনাহ থেকে ফিরে আসা; তওবা করা। এর صلة যদি اِلى আসে তখন অর্থ হবে আল্লাহ তা'আলার দিকে মনোযোগী হওয়া। যেমন- تُوْبُوْا اِلَى اللّٰهِ جَمِيْعًا আর যদি عَلٰى দ্বারা মুতা'আদ্দী হয় তখন অর্থ হবে তওবা কবুল করা; তওবার তাওফীক দেওয়া। যেমন- ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا তওবার সংজ্ঞায় ইমাম খাত্তাবী লিখেছেন- مَعْنَى التَّوْبَةِ عَوْدُ الْعَبْدِ اِلَى الطَّاعَةِ بَعْدَ الْمَعْصِيَةِ [تَوْبَةٌ অর্থ- হলো গুনাহের পর পুণ্যের দিকে ফিরে আসা।]

اَصْلَحُوْا : **তারা সংশোধন করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِصْلَاحُ মূলবর্ণ (ص ـ ل ـ ح) অর্থ- সংশোধন করা।

আয়াত : ১২০

اِبْرَاهِيْمَ : **হযরত ইবরাহীম (আ.)**। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ১২৪ দ্রষ্টব্য)

قَانِتًا : **অনুগত**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل মাসদার اَلْقُنُوْتُ মূলবর্ণ (ق ـ ن ـ ت) বাব نَصَرَ অর্থ- অনুগত হওয়া; বাধ্যগত হওয়া; নীরবে দাঁড়িয়ে থাকা।

حَنِيْفًا : **একনিষ্ঠ**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব ضَرَبَ মূলবর্ণ (ح ـ ن ـ ف) মাসদার اَلْحَنَفُ অর্থ- গোমরাহী থেকে সত্য পথের দিকে ধাবিত হওয়া। [বিস্তারিত সূরা আলে ইমরান, আয়াত : ৬৭ দ্রষ্টব্য]

আয়াত : ১২১

اَنْعُمٌ : **অনুগ্রহ**। এটি বহুবচন, একবচন- نِعْمَةٌ

اِجْتَبٰى : **তিনি মনোনীত করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِجْتِبَاءُ মূলবর্ণ (ج ـ ب ـ و) জিনস ناقص واوى অর্থ- নির্বাচিত করা; মনোনীত করা; বাছাই করা।

আয়াত : ১২৩

اِتَّبِعْ : **তুমি অনুসরণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّبَاعُ মূলবর্ণ (ت ـ ب ـ ع) অর্থ- অনুসরণ করা; অনুগামী হওয়া।

مِلَّةَ : **ধর্মাদর্শ**। একবচন, বহুবচন- مِلَلٌ ;

আয়াত : ১২৪

جُعِلَ : **নির্ধারিত করা হয়েছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মাসদার اَلْجَعْلُ মূলবর্ণ (ج ـ ع ـ ل) অর্থ- করা; বানানো; নির্ধারিত করা।

اَلسَّبْتُ : **শনিবার পালন করা; কাম-কাজ থেকে সম্পর্ক ছিন্ন করা; শনিবার**। প্রথম অর্থ হিসেবে মাসদার। আর দ্বিতীয় অর্থ হিসেবে ইসম। একবচন, বহুবচন سُبُوْتٌ ও اَسْبُتٌ

اِخْتَلَفُوْا : **তারা মতভেদ করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اِخْتِلَافٌ মূলবর্ণ (خ ـ ل ـ ف) মতবিরোধ করা; মতভেদ করা।

لَيَحْكُمُ : **অবশ্যই তিনি মীমাংসা করে দিবেন**। لام তাকীদের জন্য। يَحْكُمُ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ك ـ م) মাসদার اَلْحُكْمُ অর্থ- বিচার মীমাংসা করা; নির্দেশ প্রদান করা।

আয়াত : ১২৫

اُدْعُ : **তুমি আহবান কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) অর্থ- আহবান করা; দাওয়াত দেওয়া; ডাকা।

حِكْمَةٌ : **হিকমত; প্রজ্ঞা**। একবচন; বহুবচন- حِكَمٌ যাবতীয় বিষয়বস্তুকে সঠিক জ্ঞান দ্বারা জানাকে হিকমত বলা হয়। তাছাড়া حِكْمَتٌ দ্বারা ইলমে নববীও উদ্দেশ্য হয়ে থাকে।

مَوْعِظَةٌ : **উপদেশ**। ইসমে মাসদার। নাকেরা। বাব ضرب মূলবর্ণ (و ـ ع ـ ظ) মাসদার اَلْوَعْظُ অর্থ- ভয়মিশ্রিত উপদেশ দেওয়া। [রাগেব] কল্যাণের জন্য এমনভাবে উপদেশ দেওয়া যাতে অন্তর নরম হয়। [খলীল] عِظَةٌ ইসমে মাসদার এবং মাসদারও। উপদেশ দেওয়া। [কামূস]

جَادِلْهُمْ : **তুমি তাদের সাথে তর্ক কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ د ـ ل) মাসদার اَلْمُجَادَلَةُ অর্থ- তর্কবিতর্ক করা; ঝগড়া করা; বাদানুবাদ করা।

ضَلَّ : **সে বিভ্রান্ত হয়**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلضَّلَالُ অর্থ- বিভ্রান্ত হওয়া; বিপথগামী হওয়া; পথচ্যুত হওয়া।

اَعْلَمُ : **অধিক জ্ঞাত**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلْعِلْمُ অর্থ- জানা।

اَلْمُهْتَدِيْنَ : **হেদায়েতপ্রাপ্তগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ه ـ د ـ ي) মাসদার اَلْاِهْتِدَاءُ অর্থ- পথের সন্ধান পাওয়া; হেদায়েতপ্রাপ্ত হওয়া।

আয়াত : ১২৬

وَاِنْ عَاقَبْتُمْ : **যদি তুমি শাস্তি দাওই**। اِنْ হরফে শর্ত। عَاقَبْتُم সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع ـ ق ـ ب) মাসদার اَلْمُعَاقَبَةُ অর্থ- শাস্তি দেওয়া; বদলা নেওয়া।

عَاقِبُوْا : **তোমরা শাস্তি দিবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ع ـ ق ـ ب) মাসদার اَلْمُعَاقَبَةُ অর্থ- শাস্তি দেওয়া; বদলা নেওয়া।

وَلَئِنْ صَبَرْتُمْ : **আর যদি তোমরা ধৈর্যধারণ কর**। صَبَرْتُمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضي معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ب ـ ر) মাসদার اَلصَّبْرُ অর্থ- ধৈর্যধারণ করা।

আয়াত : ১২৭

اِصْبِرْ : **তুমি ধৈর্যধারণ কর**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ- ধৈর্যধারণ করা; সবর করা।

لَا تَحْزَنْ : **তুমি দুঃখ করো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব نَصَرَ ও سَمِعَ মূলবর্ণ (ح ـ ز ـ ن) মাসদার اَلْحُزْنُ অর্থ- দুঃখ করা; চিন্তিত হওয়া।

لَا تَكُ : **তুমি হয়ো না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ- হওয়া। تَكُ মূলত تَكُوْنُ ছিল। لاى نهى এর কারণে হরফে ইল্লত واو পড়ে গেছে। আর نون -কে خلاف قياس হরফে ইল্লতের সামঞ্জস্যে অধিক ব্যবহারের কারণে সহজকরণার্থে ফেলে দেওয়া হয়েছে।

ضَيْقٍ : **মনঃক্ষুণ্ন**। এটি বাব ضَرَبَ -এর মাসদার। সঙ্কীর্ণ হওয়া। যা سَعَةٌ -এর বিপরীত শব্দ। অর্থ- দরিদ্র; কৃপণ; হারানো ইত্যাদি অর্থেও ব্যবহৃত হয়।

يَمْكُرُوْنَ : **তারা ষড়যন্ত্র করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (م ـ ك ـ ر) মাসদার اَلْمَكْرُ অর্থ- ষড়যন্ত্র করা; প্রতারণা করা; কৌশল করা।

আয়াত : ১২৮

اِتَّقَوْا : **তারা তাকওয়া অবলম্বন করে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (و ـ ق ـ ي) মাসদার اَلْاِتِّقَاءُ অর্থ- ভয় করা; বিরত থাকা।

مُحْسِنُوْنَ : **সৎকর্মপরায়ণগণ**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ- সৎকর্ম করা; আমলে উত্তম বৈশিষ্ট্য সংযোজন করা।

১৫ তম পারা

সূরা বনী ইসরাঈল: মক্কায় অবতীর্ণ

আয়াত : ১১১, রুকূ' : ১২

আয়াত : ১

سُبْحٰنَ : **পবিত্র; মহিমাময়।** ইমাম সুয়ূতী اَلْاِتْقَانُ গ্রন্থে লিখেছেন سُبْحَانَ হলো تَسْبِيْحٌ অর্থে মাসদার । অর্থাৎ পবিত্রতা বর্ণনা করা। নসব হওয়া এবং **مفرد** এর প্রতি ইযাফত হওয়া এর জন্য আবশ্যক। চাই سُبْحٰنَ اللّٰهِ টি ইসমে জাহির হোক। যেমন **مفرد** অথবা ইসমে যমীর হোক। যেমন سُبْحٰنَهٗ اَنْ يَّكُوْنَ لَهٗ وَلَدٌ (সন্তান হওয়া তার জন্য সমিচীন নয়) এবং এটি এমন মাসদার যার **فعل** কে মৃত সাব্যস্ত করা হয়েছে। অর্থাৎ কখনও ব্যবহার করা হয়নি। তবে আল্লামা কিরমানী এ কথার বিরোধী। তিনি বলেন এর থেকে **فعل** -এর ব্যবহার হয়। এ থেকে **فعل** -এর ব্যবহার প্রসঙ্গে তিনি একটি পংক্তি উল্লেখ করেনে—

قَبَّحَ الْاِلٰهُ وُجُوْهَ تَغْلَبَ كُلَّمَا
سَبَّحَ الْحَجِيْجُ وَكَبَّرُوْا اِهْلَالًا

(আল্লাহ তাগলিবের মুখসমূহ বিকৃত করুন, যখনই হাজী সাহেবান জোর আওয়াজে দোয়া করে এবং চিৎকার করে তাকবীর পড়ে) ইবনে আবূ হাতিম হযরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণনা করেছেন যে, سُبْحَانَ اللّٰهِ অর্থ আল্লাহর সত্তাকে সর্বপ্রকার ত্রুটি থেকে পবিত্রতা বর্ণনা করা।

اَسْرٰى : **তিনি নৈশ ভ্রমণ করিয়েছেন।** সীগাহ **واحد مذكر غائب ماضي معروف** বহছ اِفْعَالٌ বাব মূলবর্ণ (س - ر - ي) মাসদার اَلْاِسْرَاءُ অর্থ— রাত্রে নিয়ে যাওয়া; নৈশভ্রমণ করানো। এরপর لَيْلًا শব্দটি স্পষ্টত এ অর্থ ফুটিয়ে তুলেছে। আয়াতে উল্লিখিত মসজিদে হারাম থেকে মসজিদে আকসা পর্যন্ত সফরকে 'ইসরা' বলা হয় এবং সেখান থেকে আসমান পর্যন্ত সফরকে 'মে'রাজ' বলা হয়। ইসরা অকাট্য আয়াত দ্বারা প্রমাণিত হয়েছে। আর মে'রাজ সূরা নাজমে উল্লেখিত রয়েছে এবং অনেক মুতাওয়াতির হাদীস দ্বারা প্রমাণিত। ইমাম ইবনে কাছীর এ প্রসঙ্গে আলোচনার পর বলেন— فَحَدِيْثُ الْاِسْرَاءِ اَجْمَعَ عَلَيْهِ الْمُسْلِمُوْنَ وَاَعْرَضَ عَنْهُ الزَّنَادِقَةُ ইসরা সম্পর্কে সব মুসলমানের ঐকমত্য রয়েছে। শুধু ধর্মদ্রোহী ও যিন্দিকরা একে মানেনি।

মে'রাজের সংক্ষিপ্ত ঘটনা ইবনে কাছীরের রেওয়ায়েত থেকে : তিনি বিস্তারিত আলোচনা করার পর বলেনঃ সত্য কথা এই যে, নবী করীম ﷺ ইসরা সফর জাগ্রত অবস্থায় করেন; স্বপ্নে নয়। মক্কা মোকাররমা থেকে বায়তুল মুকাদ্দাস পর্যন্ত এ সফর বোরাকযোগে করেন। বায়তুল মুকাদ্দাসের দ্বারে উপনীত হয়ে তিনি বোরাকটি অদূরে বেঁধে দেন এবং বায়তুল মোকাদ্দাসের মসজিদে প্রবেশ করেন এবং কেবলার দিকে মুখ করে দু'রাত তাহিয়্যাতুল মসজিদ নামাজ আদায় করেন। অতঃপর সিঁড়ি (সম্ভবত লিফ্‌টজাতীয়) আনা হয়। তিনি সিঁড়ির সাহায্যে প্রথমে প্রথম আকাশে, অতঃপর অবশিষ্ট আকাশসমূহে গমন করেন। প্রত্যেক আকাশে সে সমস্ত পয়গাম্বরগণের সাথে সাক্ষাত হয়, যাদের অবস্থান কোনো নির্দিষ্ট আকাশে রয়েছে। যেমন ষষ্ঠ আকাশে হযরত মূসা (আ.) এবং সপ্তম আকাশে হযরত ইবরাহীম (আ.) -এর সাথে সাক্ষাৎ হয়। অতঃপর তিনি পয়গাম্বরগণের স্থানসমূহও অতিক্রম করে যান এবং এক ময়দানে পৌছেন, যেখানে ভাগ্যলিপি লেখার শব্দ শোনা যাচ্ছিল। তিনি 'সিদরাতুল মুনতাহা' দেখেন, যেখানে আল্লাহ তা'আলার নির্দেশে স্বর্ণের প্রজাপতি এবং বিভিন্ন রঙ এর প্রজাপতি ইতস্ততঃ ছোটাছুটি করছিল। ফেরেশতারা স্থানটিকে ঘিরে রেখেছিল। এখানে রাসূলুল্লাহ ﷺ হযরত জিবরাঈলকে তাঁর স্বরূপে দেখেন। তাঁর ছয় শত পাখা ছিল। সেখানেই তিনি একটি দিগন্তবেষ্টিত সবুজ রঙের 'রফরফ' দেখতে পান। তিনি বায়তুল-মা'মূরও দেখেন। বায়তুল-মা'মূরের নিকটেই ক'বার প্রতিষ্ঠাতা হযরত ইবরাহীম (আ.) প্রচীরের সাথে হেলান দিয়ে উপবিষ্ট ছিলেন। এই বায়তুল মা'মূরে দৈনিক সত্তর হাজার ফেরেশতা প্রবেশ করে। কিয়ামত পর্যন্ত তাদের পুনর্বার প্রবেশ করার পালা আসবে না। রাসূলুল্লাহ ﷺ স্বচক্ষে

জান্নাত ও দোযখ পরিদর্শন করেন। সে সময় তাঁর উম্মতের জন্য প্রথমে পঞ্চাশ ওয়াক্তের নামাজ ফরজ হওয়ার নির্দেশ হয়। অতঃপর তা হ্রাস করে পাঁচ ওয়াক্ত করে দেওয়া হয়। এ দ্বারা সব ইবাদতের মধ্যে নামাজের বিশেষ গুরুত্ব ও শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়।

অতঃপর তিনি বায়তুল-মুকাদ্দাসে ফিরে আসেন এবং বিভিন্ন আকাশে যেসব পয়গাম্বরের সাথে সাক্ষাত হয়েছিল তাঁরাও তাঁর সাথে বায়তুল-মুকাদ্দাসে অবতরণ করেন। তাঁরা যেন তাকে বিদায় সংবর্ধনা জানাবার জন্য বায়তুল মুকাদ্দাস পর্যন্ত আগমন করেন। (ইবনে কাছীরের বরাতে তাফসীরে মা'আরেফুল কুরআন থেকে চয়িত)

اَقْصٰى : **প্রান্ত; দূরবর্তী স্থান**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মাসদার اَلْقَصَاءُ অর্থ- দূরে হওয়া। আরবদের তুলনায় দূরে হওয়ার কারণে مَسْجِدْ কে اَقْصٰى বলা হয়েছে। اَلْاَقْصٰى

بَارَكْنَا : **আমি বরকতময় করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةْ মাসদার اَلْمُبَارَكَةُ মূলবর্ণ (ب ـ ر ـ ك) অর্থ- বরকতময় হওয়া।

حَوْلَهٗ : **তার পরিবেশ; তার আশপাশ**। حَوْلٌ মাসদার মুযাফ, ، যমীর মুযাফ ইলাইহি। বাব نَصَرَ ; মূলত حَوْلٌ অর্থ কোনো কিছু পরিবর্তন হওয়া ও অন্য থেকে পৃথক হওয়া। এ কারণেই বস্তুর ঐ পার্শ্বকে যার দিকে তা পরিবর্তন হওয়া সম্ভব তাকে حَوْلٌ বলা হয়। বছরকেও এ জন্য حَوْلٌ বলা হয় যে, তা পরিবর্তন হতে থাকে।

لِنُرِيَهٗ : **যেন আমি তাকে আমার নিদর্শন দেখাতে পারি**। لام كى টি لام ; نُرِىْ সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ا ـ ى) মাসদার اَلْاِرَاءَةُ অর্থ- দেখানো; প্রত্যক্ষ করানো।

اَلسَّمِيْعُ : **সর্বশ্রোতা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه যা فَعِيْلٌ এর ওজনে فاعل অর্থে ব্যবহৃত হয়েছে। এটি আল্লাহ তা'আলার গুণাবচক নামসমূহের একটি নাম।

اَلْبَصِيْرُ : **সর্বদ্রষ্টা**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব سَمِعَ ও كَرُمَ মাসদার اَلْبَصَرُ অর্থ- দেখা। এটিও আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি নাম।

আয়াত : ২

اٰتَيْنَا : **আমি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ- দেওয়া; দান করা।

جَعَلْنٰهُ : **আমি তাতে করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ ع ـ ل) মাসদার اَلْجَعْلُ অর্থ- করা; বানানো।

لِبَنِىْٓ اِسْرَآءِيْلَ : **বনী ইসরাঈলের জন্য**। ل হরফে জার। بَنِىْ মূলত بَنِيْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে। অর্থ বংশধর; সন্তানসন্ততি। اِسْرَائِيْلُ হযরত ইয়াকুব (আ.) -এর অপর নাম। সুতরাং بَنِىْ اِسْرَائِيْلَ অর্থ হলো হযরত ইয়াকুব (আ.) -এর বংশধর।

اَلَّا تَتَّخِذُوْا : **তোমরা গ্রহণ করো না**। তোমরা বানিওনা। اَلَّا মূলত اَنْ لَا ছিল। لَا تَتَّخِذُوْا সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْاِتِّخَاذُ অর্থ- গ্রহণ করা; বানানো।

وَكِيْلًا : **কর্মবিধায়করূপে**। সীগাহ واحد مذكر বহছ সিফাতে মুশাব্বাহ। নাকেরা মানসূব। বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ك ـ ل) মাসদার اَلْوَكْلُ অর্থ- নিজের অক্ষমতাহেতু কারো উপর কাজ অর্পণ করা; কাজের দায়িত্ব দেওয়া।

আয়াত : ৩

ذُرِّيَّةَ : **বংশধর**। মূলত يَا ذُرِّيَّةَ ছিল। শুরু থেকে হরফে নেদা পড়ে গেছে। বহুবচন, ذُرِّيَّاتٌ، ذَرَارِىُّ ; মূলত ছোট ছোট বাচ্চাদেরকে ذُرِّيَّةٌ বলা হয়। কিন্তু পরিভাষায় ছোট-বড় সকল সন্তানের ক্ষেত্রেই এর ব্যবহার হয়ে থাকে। যদিও এটি বহুবচন কিন্তু একবচন ও বহুবচন উভয়ের জন্যই এর ব্যবহার হয়ে থাকে। (বিস্তারিত সূরা বাক্বারা, আয়াত : ২৬৬ দ্রষ্টব্য)

عَبْدًا : **বান্দা। গোলাম**। তাজুল উরূস গ্রন্থে রয়েছে عَبْدٌ মানুষকে বলা হয়, স্বাধীন হোক বা গোলাম। ইবনে খুররাম বলেন, عَبْدٌ শব্দটি পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ভাবেই ব্যবহৃত হয়। আল্লামা আহমদ ফাইউমী মিসবাহ গ্রন্থে লিখেছেন এর অনেকগুলো বহুবচন রয়েছে, তবে প্রসিদ্ধ হলো اَعْبُدٌ ، عَبِيْدٌ، عِبَادٌ ; ইমাম রাগেব মুফরাদাতুল কুরআনে লিখেছেন- عَبْدٌ

চারভাবে ব্যবহার হয়। প্রথমতঃ শরিয়তের দৃষ্টিতে গোলাম বা দাস। যার বেচাকেনা বৈধ। যেমন اَلْعَبْدُ بِالْعَبْدِ (দাসের পরিবর্তে দাস) দ্বিতীয়তঃ عَبْدٌ بِالْاِيْجَادِ বা সৃষ্টিগত গোলাম। যা এ হিসেবে যে, আল্লাহ তাঁকে অনস্তিত্ব থেকে অস্তিত্ব দান করেছেন। এমন عَبْد আল্লাহর ব্যতীত অন্য কারো হতে পারে না। কুরআনের আয়াত- اِنْ كُلُّ مَنْ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ اِلَّا اٰتِى الرَّحْمٰنِ عَبْدًا -এ আয়াতে এ প্রকার عَبْد ই উদ্দেশ্য। তৃতীয়তঃ যারা ইবাদত ও সেবার বদৌলতে عَبْد হয়। এ ধরনের লোক দুই প্রকার।

ক. اِنَّهٗ كَانَ عَبْدُاللّٰه যারা আল্লাহর একনিষ্ঠ বান্দা। عَبْدًا شَكُوْرًا আয়াতে তাদের কথাই বলা হয়েছে।

খ. عَبْدِ لِلدُّنْيَا দুনিয়ার গোলাম। এরা দুনিয়া ছাড়া কিছুই বোঝেনা, দুনিয়াকে সকল কিছুর উপর প্রাধান্য দেয়। রাসূলুল্লাহ ﷺ-এর হাদীস تَعِسَ عَبْدُ الدِّرْهَمِ تَعِسَ عَبْدُ الدُّنْيَا (ধ্বংস হয়েছে টাকা-পয়সার গোলাম, ধ্বংস হয়েছে দুনিয়ার গোলাম) এ হাদীসে তাদের কথাই বলা হয়েছে।

شَكُوْرًا : **কৃতজ্ঞ**। فَعُوْلٌ এর ওজনে মুবালাগার সীগাহ। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ের জন্য ব্যবহার হয়। বহুবচন شُكُرٌ ; شَكُوْر এমন বান্দাকে বলা হয় যে আল্লাহর আনুগত্য এবং তার উপর নির্ধারিত ইবাদত পালনের মাধ্যমে আল্লাহ তা'আলার কৃতজ্ঞতা প্রকাশে সচেষ্ট থাকে। এটাও উল্লেখ্য যে, شَكُوْر আল্লাহ তা'আলার গুণবাচক নামসমূহের একটি। যখন আল্লাহর গুণ সম্বন্ধে এর ব্যবহার হয় তখন এর অর্থ হয় প্রচুর মূল্যায়নকারী; অর্থাৎ অল্প কাজের অধিক বিনিময়দাতা।

আয়াত : ৪

قَضَيْنَا : **আমি প্রত্যাদেশ দ্বারা জানিয়েছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْقَضَاءُ মূলবর্ণ (ق ـ ض ـ ى) অর্থ- নির্দেশ জারি করা; মীমাংসা করা; ফয়সালা করা।

لَتُفْسِدُنَّ : **নিশ্চয়ই তোমরা বিপর্যয় সৃষ্টি করবে না**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِفْسَادُ মূলবর্ণ (ف ـ س ـ د) অর্থ- বিপর্যয় সৃষ্টি করা; ফাসাদ ছড়ানো।

لَتَعْلُنَّ : **তোমরা অহংকারস্ফীত হবে**। সীগাহ جمع مذكر حاضر বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) মাসদার اَلْعُلُوُّ অর্থ- উঁচু হওয়া; অবাধ্যতা করা।

আয়াত : ৫

بَعَثْنَا : **আমি প্রেরণ করেছি**। সীগাহ جمع متكلم বাব فتح মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার البعث। অর্থ- প্রকৃত অর্থ প্রেরণ করা; উঠিয়ে দাঁড় করানো।

خِلَالَ : **মধ্যে; ভিতরে**। এটি বহুবচন, একবচন- خَلَلٌ

الدِّيَارِ : **ঘর, বাড়ি**। বহুবচন, একবচন- دَارٌ

فَجَاسُوْا : **তারা ঘরে ঘরে প্রবেশ করে সমস্ত ধ্বংস করেছিল**। فاء জাযাইয়্যাহ; جَاسُوْا সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ج ـ و ـ س) মাসদার اَلْجَوْسُ অর্থ- হত্যা-লুণ্ঠনের উদ্দেশ্যে প্রবেশ করা।

আয়াত : ৬

رَدَدْنَا : **আমি প্রতিষ্ঠিত করেছি। আমি ফিরিয়ে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ- প্রত্যাবর্তন করা; ফিরিয়ে আনা; পুনরায় প্রতিষ্ঠিত করা।

اَلْكَرَّةَ : **পুনরায়; একবার**। كَرٌّ অর্থ কারো প্রতি ঝুঁকে যাওয়া; ফিরে যাওয়া। (রাগেব) كَرٌّ -এর পরে ة টি كَرَّةٌ وحدت -এর জন্য। যার অর্থ একবার। সুতরাং كَرَّةٌ অর্থ হলো একবার প্রত্যাবর্তন করা; এক পালা। শত্রুর উপর ঘুরে এসে একযোগে আক্রমণ করে বিজয় অর্জন করাকেও كَرَّةٌ বলা হয়। (তাজ) এখানে এ অর্থই উদ্দেশ্য। (সুয়ূতী)

اَمْدَدْنٰكُمْ : **আমি তোমাদেরকে সাহায্য করেছি; শক্তি দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (م ـ د ـ د) মাসদার اِمْدَادٌ অর্থ- সাহায্য করা। كُمْ যমীর মাফউলে বিহী।

بَنِيْنَ : **সন্তানসন্ততি**। বহুবচন, একবচন- اِبْنٌ

نَفِيْرًا : **জনসংখ্যা; গোষ্ঠী; দল**। শব্দটি সিফাতে মুশাব্বাহ, বহুবচন বা মাসদার তিনিটিই হতে পারে। সিফাতে মুশাব্বাহ তথা ইসমে ফায়িল نَافِرٌ হলে অর্থ

হবে ঐ সমস্ত লোক যারা প্রয়োজনের সময় সঙ্গে বের হয়ে যায়। গোত্র বা বংশের লোকজন। আর যদি শব্দটি نَفْرٌ-এর বহুবচন হয় তখন অর্থ হবে এমন যোদ্ধাদল যারা শত্রুর সাথে মোকাবিলা করার জন্য যায়। আর যদি نَفِيْرٌ শব্দটিকে মাসদার ধরা হয় তখন অর্থ হবে বের হওয়া; অধিক পরিমাণে বের হওয়া। মাওলানা থানবী (র.) এর তরজমা করেছেন জমাত; দল।

আয়াত : ৭

اِنْ اَحْسَنْتُمْ : **যদি তোমরা সৎকর্ম কর**। اِنْ হরফে শর্ত। ماضى বহছ جمع مذكر حاضر সীগাহ اَحْسَنْتُمْ বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْاِحْسَانُ অর্থ– সৎকর্ম করা।

اَسَأْتُمْ : **তোমরা মন্দ করলে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِسَاءَةُ মূলবর্ণ (س ـ و ـ ء) জিনস ناقص يائى অর্থ– মন্দ করা।

وَعْدُ : **প্রতিশ্রুতি**। وعد শব্দটি বাব ضَرَبَ-এর মাসদার মূলবর্ণ (و ـ ع ـ د) জিনস مثال واوى অর্থ– ওয়াদা করা; অঙ্গীকার করা।

لِيَسُوْءُا : **যেন তারা কালিমাচ্ছন্ন করে**। শুরুর লাম টি لام كى যার কারণে মানসূব হয়েছে। يَسُوْءُا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ء) মাসদার اَلسُّوْءُ অর্থ– মন্দ হওয়া, খারাপ হওয়া, দুঃখ দেওয়া, কষ্ট দেওয়া, ক্ষতি করা।

لِيَدْخُلُوْا : **যেন তারা প্রবেশ করে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করা।

لِيُتَبِّرُوْا : **ধ্বংস করার জন্য**। শুরুর লাম টি لام كى ; يُتَبِّرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْل মূলবর্ণ (ت ـ ب ـ ر) মাসদার اَلتَّتْبِيْرُ অর্থ– ধ্বংস করা।

عَلَوْا : **তারা (যা) অধিকার করেছে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف মাসদার اَلْعُلُوُّ বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ ل ـ و) অর্থ– উঁচু হওয়া; কোনো কাজে সামর্থ বান হওয়া।

আয়াত : ৮

يَّرْحَمَكُمْ : **তিনি তোমাদের প্রতি দয়া করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ح ـ م) মাসদার اَلرَّحْمَةُ ও اَلرَّحْمُ অর্থ– দয়া করা; অনুগ্রহ করা।

اِنْ عُدْتُّمْ : **যদি তোমরা (তোমাদের পূর্ব আচরণে) পুনরাবৃত্তি কর**। اِن হরফে শর্ত। عُدْتُّمْ সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْعَوْدُ অর্থ– কোনো জিনিস থেকে ফিরে যাওয়ার পর পুনরায় তার দিকে প্রত্যাবর্তন করা।

عُدْنَا : **আমিও পুনরাবৃত্তি করব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার اَلْعَوْدُ মূলবর্ণ (ع ـ و ـ د) অর্থ– পুনরাবৃত্তি করা; ফিরে আসা। এখানে মাযীর সীগাহ হওয়া সত্তেও মুযারের অর্থ করা হয়েছে হরফে শর্তের কারণে।

رَبَطْنَا : **আমি দৃঢ় করে দিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلرَّبْطُ মূলবর্ণ (ر ـ ب ـ ط) অর্থ– গিরা দেওয়া; বাধা; দৃঢ় করা।

قَامُوْا : **তারা উঠে দাড়ালো**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ م) মাসদার اَلْقِيَامُ অর্থ– দন্ডায়মান হওয়া; দাঁড়ানো; অবস্থান করা।

لَنْ نَدْعُوَا : **আমরা কখনই আহ্বান করব না**। সীগাহ جمع متكلم বহছ نفى تاكيد بلن در فعل مستقبل معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ অর্থ– ডাকা; আহ্বান করা।

আয়াত : ১৫

يَأْتُوْنَ : **তারা আসে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(أ ـ ت ـ ي) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা। এর পরে بَاء এলে অর্থ হয় নিয়ে আসা।

اَظْلَمُ : **অধিক জালিম**। সীগাহ اسم واحد مذكر বহছ تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– অত্যাচার করা; জুলুম করা।

আয়াত : ১৬

اِذِ اعْتَزَلْتُمُوْهُمْ : **তোমরা যখন তাদের থেকে বিচ্ছিন্ন হয়ে গেলে**। اعتزلتم সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ع ـ ز ـ ل) মাসদার اَلْاِعْتِزَالُ অর্থ– বিচ্ছিন্ন হওয়া; পৃথক হওয়া।

فَأْوٗا : **তোমরা আশ্রয়গ্রহণ কর**। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْاَوٰى অর্থ– স্থান দেওয়া; আশ্রয় নেওয়া।

(মা'আলিমুত্তানযীল, খ. ৪, পৃ. ১৬৬) আবার কেউ বলেন এটা মূলত কাহাফবাসীগণের কারামত বা অলৌকিক বিষয় যে, সূর্যের আলোর প্রবেশপথ থাকা সত্ত্বেও সেখানে তা পৌঁছতে সক্ষম ছিল না। শাহ আব্দুল কাদির (র.) বলেন এটা মূলত আল্লাহর কুদরতের দ্বারাতেই সম্ভব হয়েছে।

فَجْوَةٍ : **প্রশস্ত চত্বর**। (রাগেব) গুহাভ্যন্তরের বিস্তীর্ণ ভূমি। (গরীবুল কুরআন) দু পাহাড়ের মধ্যবর্তী ফাটল ও প্রশস্ত ভূমি। (কামূস) ইসম একবচন, বহুবচন فَجَوَاتٌ، فِجَاءٌ

مُرْشِدًا : **পথপ্রদর্শনকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব إِفْعَالٌ মূলবর্ণ (ر ـ ش ـ د) মাসদার الارشاد। অর্থ- পথপ্রদর্শন করা। সহজ সরল ও সঠিক পথ দেখানো।

আয়াত : ১৮

تَحْسَبُهُمْ : **তুমি তাদেরকে মনে করবে**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব سَمِعَ মূলবর্ণ (ح ـ س ـ ب) মাসদার اَلْحُسْبَانُ অর্থ- মনে করা; ধারণা করা।

اَيْقَاظًا : **জাগ্রত**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه বাব إِفْعَالٌ মূলবর্ণ (ى ـ ق ـ ظ) মাসদার اَلْاِيْقَاظُ অর্থ- জাগ্রত করা।

رُقُوْدٌ : **নিদ্রিত**। رَاقِدٌ ইসমে ফায়েলের বহুবচন; যেমন سَاجِدٌ এর বহুবচন আসে سُجُوْدٌ বাব نَصَرَ মাসদার اَلرُّقُوْدُ অর্থ- নিদ্রা যাওয়া।

نُقَلِّبُهُمْ : **আমি তাদেরকে পার্শ্ব পরিবর্তন করি**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلتَّقْلِيْبُ অর্থ- পরিবর্তন করা।

بَاسِطٌ : **প্রসারিতকারী**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ س ـ ط) মাসদার اَلْبَسْطُ অর্থ- বিস্তৃত করা; প্রসারিত করা।

ذِرَاعَيْهِ : **তার দুপা**। ذِرَاعَىْ মুযাফ; هُمْ যমীর جمع مذكر غائب মুযাফ ইলাইহি। ذِرَاعَىْ হলো ذِرَاعٌ এর দ্বিবচন। ইযাফতের কারণে দ্বিবচনের নূন পড়ে গেছে। ذِرَاعٌ অর্থ- বাহু; হাত। এখানে কুকুরের সম্মুখস্থ দু পা উদ্দেশ্য।

اَلْوَصِيْدُ : **গুহাদ্বার; ঘরের চৌকাঠ**। প্রবেশদ্বার; দরজার গোবরাট। বহুবচন وصد

لَوِ اطَّلَعْتَ : **তুমি যদি তাকিয়ে দেখ**। اِطَّلَعْتَ সীগাহ واحد مؤنث حاضر বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ط ـ ل ـ ع) মাসদার اَلْاِطِّلَاعُ অর্থ- উকি দেওয়া; তাকানো; দেখা।

لَوَلَّيْتَ : **অবশ্যই তুমি পিছন ফিরে পলায়ন করতে**। লামটি تاكيد-এর জন্য। وَلَّيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّوْلِيَةُ মূলবর্ণ (و ـ ل ـ ى) অর্থ- মুখ ফিরিয়ে পালানো।

فِرَارًا : **পালানো**। বাব ضَرَبَ-এর মাসদার ।

لَمُلِئْتَ : **অবশ্যই তুমি ভরে যেতে**। لام টি তাকীদের জন্য। مُلِئْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي مجهول বাব فَتَحَ মাসদার اَلْمَلْأُ، اَلْمَلَاءَةُ মূলবর্ণ (م ـ ل ـ أ) অর্থ- ভরা; পূর্ণ হওয়া।

رُعْبًا : **ভয়ে**। বাব فَتَحَ এর মাসদার। ইমাম রাগেব (র.) এর অর্থ করেছেন আতঙ্কগ্রস্ত।

আয়াত : ১৯

لِيَتَسَاءَلُوْا : **যেন তারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করে**। শুরুর লামটি لام كى ; يَتَسَاءَلُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلٌ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلتَّسَاؤُلُ একে অন্যের কাছে জিজ্ঞাসা করা।

كَمْ : **কত?** كَمْ দু প্রকার। ১. প্রশ্নবোধক। কত পরিমাণ? কয়জন? কত দেরী? এর تَمِيْز সর্বদা مفرد منصوب হয়ে থাকে। কখনো উল্লেখ থাকে। যেমন- كَمْ دِرْهَمًا عِنْدَكَ তোমার কাছে কত দিরহাম আছে? আবার কখনো উহ্য থাকে। যেমন- كَمْ لَبِثْتُمْ তোমরা কতদিন অবস্থা করেছিলে? ২. كَمْ خبرية যা পরিমাণ ও সংখ্যার আধিক্য বুঝাতে আসে। এর تَمْيِيْز সর্বদা মাজরূর হয়ে থাকে। যেমন- كَمْ قَرْيَةٍ اَهْلَكْنَاهَا কত জনপদকে আমি ধ্বংস করেছি। কখনো تَمِيْز এর পূর্বে مِنْ আসে। যেমন- كَمْ مِنْ قَرْيَةٍ اَهْلَكْنَاهَا

لَبِثْتُمْ : **তোমরা অবস্থান করেছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْثُ মূলবর্ণ (ل ـ ب ـ ث) অর্থ- অবস্থান করা।

لَبِثْنَا : আমরা অবস্থান করেছি। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ل ـ ب ـ ث) মাসদার اَللُّبْثُ অর্থ– অবস্থান করা।

فَابْعَثُوا : তোমরা প্রেরণ কর। فاء হরফে আত্ফ। اِبْعَثُوْا সীগাহ امر حاضر جمع مذكر حاضر বহছ امر حاضر বাব فَتَحَ মূলবর্ণ (ب ـ ع ـ ث) মাসদার معروف اَلْبَعْثُ অর্থ প্রেরণ করা; (এখানে এ অর্থই উদ্দেশ্য) উঠিয়ে দাঁড় করানো।

بِوَرِقِكُمْ : তোমাদের মুদ্রাসহ। باء হরফে জার। وَرِقٌ মুযাফ كُمْ যমীর মুযাফ ইলাইহি।

اَلْمَدِيْنَةُ : শহর। প্রাচীন শহর। একবচন; বহুবচন– مُدُنٌ ও مَدَائِنُ ; ইসমে মারেফা। এখানে উদ্দেশ্য হলো তুরসূস। যার প্রাচীন নাম ছিল উফসূস।

فَلْيَنْظُرْ : সে যেন দেখে। فاء হরফে আত্ফ। يَنْظُرْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মাসদার اَلنَّظَرُ বাব امر غائب معروف মূলবর্ণ (ن ـ ظ ـ ر) অর্থ– দেখা।

اَزْكٰى : উত্তম; অধিক পবিত্র। اَزْكٰى সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلزَّكٰوةُ অর্থ– পুতঃপবিত্র হওয়া; উত্তম হওয়া; হালাল হওয়া। এখানে اَزْكٰى দ্বারা হালাল খাবার উদ্দেশ্য, যেমনটি হযরত সাঈদ ইবনে যুবাইর, ইবনে জারীর প্রমুখগণের মত।

فَلْيَاْتِكُمْ : অতঃপর সে যেন নিয়ে আসে। فاء হরফে আত্ফ। يَأْتِ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِتْيَانُ অর্থ– আসা; কিন্তু এর সেলা باء আসার কারণে অর্থ হবে নিয়ে আসা।

لْيَتَلَطَّفْ : সে যেন বিচক্ষণতার সাথে কাজ করে। সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাবে تَفَعُّلْ মূলবর্ণ (ل ـ ط ـ ف) মাসদার اَلتَّلَطُّفُ অর্থ– বিচক্ষণতার সাথে কাজ করা; প্রজ্ঞার সাথে কাজ করা।

لَا يُشْعِرَنَّ : তারা যেন জানতে না দেয়। সীগাহ واحد مذكر غائب বহছ فعل نهى بانون تاكيد ثقيلة বাব اِفْعَالْ মূলবর্ণ (ش ـ ع ـ ر) মাসদার اَلْاِشْعَارُ অর্থ– জানানো; সংবাদ দেওয়া। সতর্ক করা।

আয়াত : ২০

اِنْ يَّظْهَرُوْا : যদি তারা তোমাদের বিষয় জানতে পারে। اِن হরফে শর্ত। يَظْهَرُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব فَتَحَ মাসদার اَلظُّهُوْرُ মূলবর্ণ (ظ ـ ه ـ ر) অর্থ– বিজয়ী হওয়া। ক্ষমতা পাওয়া। অবগত হওয়া।

يَرْجُمُوْكُمْ : তোমাদেরকে প্রস্তরাঘাতে হত্যা করবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ ج ـ م) মাসদার اَلرَّجْمُ অর্থ– প্রস্তরাঘাতে হত্যা করা। পাথর ছুড়ে মারা। كُمْ যমীর মাফউলে বিহী।

يُعِيْدُوْكُمْ : তোমাদেরকে ফিরিয়ে নিবে। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالْ মূলবর্ণ (ع ـ و ـ د) মাসদার اَلْاِعَادَةُ অর্থ– ফিরানো; পুনরাবৃত্তি করা।

لَنْ تُفْلِحُوْا : তোমরা কখনও সাফল্য লাভ করবে না। সীগাহ جمع مذكر حاضر বহছ نفى تاكيد بلن درفعل مستقبل معروف বাব اِفْعَالْ অর্থ– সফলতা লাভ করা; সফল হওয়া।

আয়াত : ২১

اَعْثَرْنَا : আমরা জানিয়ে দিলাম। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالْ মাসদার اَلْاِعْثَارُ মূলবর্ণ (ع ـ ث ـ ر) অর্থ– জানতে চাওয়া; অবগত করা; সংবাদ দেওয়া।

يَتَنَازَعُوْنَ : তারা পরস্পরে বিতর্ক করছিল। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব تَفَاعُلْ মূলবর্ণ (ن ـ ز ـ ع) মাসদার اَلتَّنَازُعُ অর্থ– পরস্পর বিতর্ক করা।

رَيْبٌ : সন্দেহ; সন্দিগ্ধ। বাব ضَرَبَ-এর মাসদার। মূলবর্ণ (ر ـ ي ـ ب) জিনস اجوف يائى ; رَيْبٌ সম্পর্কে ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন– اَلرَّيْبُ اَنْ تَتَوَهَّمَ بِالشَّيْئِ اَمْرًا فَيَنْكَشِفُ عَمَّا تَتَوَهَّمُهُ মোটকথা رَيْبٌ এর ব্যবহার এমন সন্দেহ বা ধারণা সম্বন্ধে হয় যার বাস্তবতা পরবর্তীতে তার বিপরীত প্রমাণিত হয়। কালের দুর্যোগের সময়ের ব্যাপারেও যেহেতু সন্দেহ থাকে যে, না জানি তা কখন এসে পড়ে, তাই যখন رَيْبٌ কে কালের সাথে সম্পৃক্ত করা হয় তখন অর্থ হবে কালের দুর্যোগ। যেমন আল্লাহর বাণী– نَتَرَبَّصُ بِهٖ رَيْبَ الْمَنُوْنِ–

اِبْنُوا : তোমরা নির্মাণ কর। সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْبِنَاءُ মূলবর্ণ (ب ـ ن ـ ي) অর্থ– নির্মাণ করা; গঠন করা।

غَلَبُوا : তারা প্রবল হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْغَلَبَةُ মূলবর্ণ (غ ـ ل ـ ب) অর্থ– প্রবল হওয়া; বিজয়ী হওয়া। এর পরে যদি على আসে তাহলে অর্থ হয় ক্ষমতা পাওয়া। আর যদি لام হয় তাহলে অর্থ হয় বিজয়ী হওয়া; প্রবল হওয়া।

لَنَتَّخِذَنَّ : আমরা নিশ্চয় নির্মাণ করব। সীগাহ جمع متكلم বহছ لام تاكيد با نون تاكيد در فعل مستقبل معروف বাব اِفْتِعَالٌ ثقيلة মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– বানানো; নির্মাণ করা।

আয়াত : ২২

سَيَقُوْلُوْنَ : তারা বলবে। সীগাহ جمع مذكرغائب বাব نصر মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

رَجْمًا : অনুমানের উপর নির্ভর করে। বাব نَصَرَ-এর মাসদার । প্রস্তরাঘাতে হত্যা করা। অভিশাপ করা। অনুমাননির্ভর কথা বলা। এখানে শেষোক্ত অর্থটি উদ্দেশ্য।

عِدَّتِهِمْ : তাদের সংখ্যা। عِدَّةٌ মুযাফ هُمْ মুযাফ ইলাইহি।

لَا تُمَارِ : তুমি বিতর্ক করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (م ـ ر ـ ء) মাসদার اَلْمِرَاءُ অর্থ– বিতর্ক করা; ঝগড়া করা।

مِرَاءً : বিতর্ক। আলোচনা। এটি মাসদার। বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (م ـ ر ـ ي) জিনস ناقص يائى অর্থ– ঝগড়া করা; বিতর্ক করা; এমন জিনিস সম্বন্ধে ঝগড়া করা যার মধ্যে দ্বন্দ্ব রয়েছে।

لَا تَسْتَفْتِ : তুমি জিজ্ঞাসা করো না। সীগাহ واحد مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ف ـ ت ـ و) মাসদার اَلْاِسْتِفْتَاءُ অর্থ– জিজ্ঞাসা করা; ফতোয়া জানতে চাওয়া।

لَا تَقُوْلَنَّ : তোমরা বলো না। সীগাহ جمع مذكر حاضر বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

غَدًا : আগামী কাল। শব্দটি غَدٌ এর সমর্থবোধক। حالت نصب এ অবস্থিত। যদিও غَدٌ -এর و -কে بلا عوض বিলুপ্ত করা হয়েছে, কিন্তু কবিতায় কখনো غُدُوٌّ ও এসেছে। যেমন হস্তিবাহিনী কা'বায় আক্রমণের সময় আব্দুল মুত্তালিব যে কবিতা পড়েছিলেন সেই কবিতায় রয়েছে– وَمَحَالُهُمْ غُدُوًّا مَحَالَكَ (مجمع البحار)

আয়াত : ২৪

اِذَا نَسِيْتَ : যখন তুমি ভুলে যাও। نَسِيْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ– ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

اَنْ يَّهْدِيَنِ : তিনি আমাকে পথ নির্দেশ করবেন। ان নাসেবা। يَهْدِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ه ـ د ـ ى) মাসদার اَلْهِدَايَةُ অর্থ– পথপ্রদর্শন করা; সঠিক পথে পরিচালিত করা।

لِاَقْرَبَ : নিকটতর। اَقْرَبُ সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব كَرُمَ মূলবর্ণ (ق ـ ر ـ ب) মাসদার اَلْقُرْبَانُ ও اَلْقُرْبَةُ অর্থ– নিকটবর্তী হওয়া।

رَشَدًا : পথ-নির্দেশ। মাসদার, বাব نَصَرَ অর্থ সঠিক পথ প্রদর্শন করা।

আয়াত : ২৫

اِزْدَادُوْا : তারা অতিরিক্ত হলো। সীগাহ جمع مذكر غائب বহছ ماضي معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلزِّيَادَةُ মূলবর্ণ (ز ـ ي ـ د) অর্থ– অতিরিক্ত হওয়া; বৃদ্ধি পাওয়া।

تِسْعًا : নয়। (৯), مؤنث -এর ক্ষেত্রে এরূপ ব্যবহার হয়। مذكر -এর ক্ষেত্রে تِسْعَةٌ ব্যবহার হবে।

আয়াত : ২৬

اَبْصِرْ بِهٖ وَاَسْمِعْ : তিনি কত সুন্দর দ্রষ্টা ও শ্রোতা। فعل تعجب উভয়টি যার কারণে اَسْمِعْ এর পরে بِهٖ ঊহ্য আছে।

لَا يُشْرِكُ : তিনি শরিক করেন না। সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার করা।

আয়াত : ২৭

اُتْلُ : **তুমি পাঠ করে শুনাও।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلتِّلَاوَةُ মূলবর্ণ (ت ـ ل ـ و) অর্থ– তেলাওয়াত করা; পাঠ করা; অনুসরণ করা; পিছনে চলা।

مَآ اُوْحِىَ اِلَيْكَ : **তোমার প্রতি যা প্রত্যাদেশ করা হয়েছে।** اُوْحِىَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْحَاءُ মূলবর্ণ (و ـ ح ـ ى) অর্থ– প্রত্যাদেশ করা; ওহী প্রেরণ করা।

لَا مُبَدِّلَ : **পরিবর্তনকারী কেউ নেই।** لا নফী জিন্‌স। مبدل সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ د ـ ل) মাসদার اَلتَّبْدِيْلُ অর্থ– পরিবর্তন করা।

لَنْ تَجِدَ : **তুমি পাবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفى تاكيد بلن বাব ضَرَبَ মসাদার اَلْوُجُوْدُ মূলবর্ণ (و ـ ج ـ د) অর্থ– পাওয়া।

مُلْتَحَدًا : **আশ্রয়স্থল।** সীগাহ واحد বহছ ظرف مكان ইসমে মাফউলের ওজনে। বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِلْتِحَادُ মূলবর্ণ (ل ـ ح ـ د) অর্থ– আশ্রয় প্রদান করা।

আয়াত : ২৮

بِالْغَدٰوةِ : **সকালে/প্রত্যুষে।** সুবহে সাদিক ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়। (مجمع البحار) দিনের প্রথম প্রহর। (মুফরাদাত) দিনের প্রথমভাগে চলা। (মাজ মাউল বিহার) غداة এর বহুবচন।

عَشِىِّ : **সন্ধ্যা/অপরাহ্ন; গোধূলীলগ্ন।** عَشِيَّةٌ-এর বহুবচন। যখন সূর্যের আলো হালকা হতে থাকে তাকে عَشِىٌّ বলা হয়। (মুফরাদাতুল কুরআন)

لَا تَعْدُ : **তুমি ফিরিয়ে নিওনা।** সীগাহ واحد مؤنث غائب বহছ نهى حاضر معروف বাব نَصَرَ মাসদার اَلْعَدْوُ মূলবর্ণ (ع ـ د ـ و) অর্থ– ফেরা; দৌড়ানো; অতিক্রম করা।

تُرِيْدُ : **তুমি কামনা করবে।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرَادَةُ মূলবর্ণ (ر ـ و ـ د) অর্থ– ইচ্ছা করা; কামনা করা।

لَا تُطِعْ : **তুমি আনুগত্য করো না।** সীগাহ واحد مذكر حاضر معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِطَاعَةُ অর্থ– আনুগত্য করা; কারো কথামতো চলা।

اَغْفَلْنَا : **আমি অমনোযোগী করে দিয়েছি।** সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ف ـ ل) মাসদার اَلْاِغْفَالُ অর্থ– গাফেল করা; অমনোযোগী করা।

هَوٰهُ : **তার প্রবৃত্তি।** هَوٰى মুযাফ ه যমীর মাফউলে বিহী। هَوًى মাসদার , বাব ضَرَبَ মূলবর্ণ(ه ـ و ـ ى) জিনস لفيف مقرون অর্থ– প্রবৃত্তির অনুসরণ করা।

فُرُطًا : **সীমা অতিক্রম করা।** মাসদার । হালতে নসব।

আয়াত : ২৯

فَلْيُؤْمِنْ : **সে যেন বিশ্বাস করে।** فاء হরফে আত্‌ফ। يُؤْمِنْ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ م ـ ن) মাসদার اَلْاِيْمَانُ অর্থ– ঈমান গ্রহণ করা; বিশ্বাস করা।

فَلْيَكْفُرْ : **সে যেন প্রত্যাখ্যান করে/ অবিশ্বাস করে।** فاء হরফে আত্‌ফ। يَكْفُرْ সীগাহ واحد مذكر غائب বহছ امر غائب বাব نَصَرَ মূলবর্ণ(ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– অস্বীকার করা; কুফরী করা।

اَعْتَدْنَا : **আমি প্রস্তুত রেখেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِعْتَادُ মূলবর্ণ (ع ـ د ـ و) অর্থ– প্রস্তুত করা।

اَحَاطَ : **সে পরিবেষ্টন করে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحَاطَةُ মূলবর্ণ (ح ـ و ـ ط) অর্থ– পরিবেষ্টন করা।

سُرَادِقُهَا : **তার বেষ্টনী।** سُرَادِقُ মুযাফ هَا যমরি واحد مؤنث غائب মুযাফ ইলাইহি। আল্লাম ইবনুল আছীর জাযরী লিখেছেন যে বস্তু কোনো কিছুকে বেষ্টন করে রাখে তাকেই سُرَادِقُ বলা হয়, যেমন চার দেয়াল, শামিয়ানা, তাঁবু ইত্যাদি। আল্লামা জালালুদ্দিন সুয়ূতী লিখেছেন আল ইতকান গ্রন্থে লিখেছেন শব্দটি ফারসী থেকে আরবিকরণ করা হয়েছে। মূলে ছিল سُرَادِرُ অথবা কারো মতে سراپردة যার অর্থ দহলীজ। (আল ইতকান খ. ১ পৃ. ১৩৮) আর আল্লামা যুবাইদি

জাওয়ালিকীর বরাতে লিখেছেন এটি মূলত سُرَادِرٌ বা سُرَاطَاقٌ ছিল। ইমাম আহমদ, ইমাম তিরমিযী ও ইবরে জারীর তাবারী হযরত আবু সাঈদ খুদরী (র.) থেকে বর্ণনা করেছেন এটা হলো আগুনের চার দেয়াল, যার পুরুত্ব হলো চল্লিশ বছরের দূরত্ব সমপরিমাণ। এর বহুবচন سُرَادِقَاتٌ

اِنْ يَّسْتَغِيْثُوْا : **যদি তারা কাতর প্রার্থনা করে।** ان হরফে শর্ত। يَسْتَغِيْثُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِغَاثُ মূলবর্ণ(غ ـ و ـ ث) অর্থ– কাতর প্রার্থনা করা; সাহায্য প্রার্থনা করা।

يُغَاثُوْا : **তাদের সাহায্য করা হবে।** সীগহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব اِفْعَالٌ মাসদার اَلْاِغَاثَةُ মূলবর্ণ (غ ـ و ـ ث) অর্থ– সাহায্য করা; ফরিয়াদ কবুল করা; ত্রাণ দেওয়া।

كَالْمُهْلِ : **গলিত ধাতুর ন্যায় পদার্থ।** ك হরফে জার। اَلْمُهْلُ ইসম। অর্থ– তেলের গাঁদ, রুপা গলানো পানি (মহল্লী) যে কোনো খনিজ পদার্থ, যেমন তামা, লোহা, সোনা, রুপা ইত্যাদি। গলানো লোহা, যয়তুন তেল। বিষ; হলুদ রক্ত; পুজ; মৃত ব্যক্তির শরীর থেকে বের হওয়া হলুদ পানি ইত্যাদিকেও مُهْلٌ বলা হয়।

يَشْوِىْ : **দগ্ধ হবে/ ভুনা করা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلشَّىُّ মূলবর্ণ (ش ـ و ـ ي) অর্থ– ভুনা করা; দগ্ধ করা।

سَاءَتْ : **ইহা নিকৃষ্ট।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ و ـ ء) মাসদার اَلسَّوْءُ অর্থ– নিকৃষ্ট হওয়া।

مُرْتَفَقًا : **আশ্রয়স্থল।** এটি ظرف مكان ; যার অর্থ আরামদায়ক স্থান, যেখানে আরাম গ্রহণ করা হয়। জাহান্নাম আরামের স্থান নয়; বরং জান্নাত হলো আরামের স্থান। জান্নাতের জন্য مُرْتَفَقًا শব্দটির ব্যবহার এ রুকূ'র শেষে করা হয়েছে। تقابل لفظى বা শব্দগত মুখোমুখিতার কারণে জাহান্নামের জন্য এখানে এর ব্যবহার করা হয়েছে। (বয়যাবী, মাদারিক) কিন্তু প্রফেসর আব্দুর রউফ তার 'মুজামুল কুরআনে' এ ব্যাখ্যা প্রত্যাখ্যান করেছেন। তিনি বলেন জান্নাত-জাহান্নাম উভয়ের জন্যই বাক্যটি প্রকৃত অর্থে ব্যবহৃত। তিনি বলেন, اِرْتِفَاقٌ অর্থ হলো কনুই বিছিয়ে তার উপর গণ্ডদেশ রাখা। একজন সুখী, সাচ্ছন্দবান ব্যক্তিরা এরূপ করে থাকে, আবার বিপদগ্রস্ত ও চিন্তিত ব্যক্তিরাও করে থাকে। জনৈক কবি বলেন–

اِنِّىْ اَرِقْتُ فَبِتُّ اللَّيْلَ مُرْتَفِقًا
كَاَنَّ عَيْنِىْ فِيْهَا الصَّابُ مَذْبُوْحٌ

আমি রাতভর কনুইর উপর মাথা রেখে কাটিয়ে দিয়েছি। যেন আমার চোখে এলোয়া লাগিয়ে দেওয়া হয়েছে। এর দ্বারা প্রমাণিত হলো যে, مُرْتَفَقٌ আরামের স্থানকে বলা হয়, আবার কষ্টের স্থানকেও বলা হয়। মূলত এখানে প্রফেসর সাহেবের কবিতার সঠিক অর্থ বুঝতে ভুল হয়েছে। বাস্তব কথা হলো যে ব্যক্তি কনুই বিছিয়ে তার উপর চেহারা রাখে তাকে مُرْتَفَقٌ এ জন্যই বলা হয় যে, এমতাবস্থায় সাধারণতঃ আরাম হাসিল হয়। শব্দটির ধাতুমূল হলো رِفْقٌ যার অর্থ আরাম, আয়েশ, কোমল আচরণ ইত্যাদি। সুতরাং কোনো مُشْتَقٌ (উদ্ভূত শব্দ) তার ধাতুমূলের বাইরে কোনো অর্থ প্রদান করতে পারে না। তাই مُرْتَفَقٌ কখনো কষ্টে নিমজ্জিত ব্যক্তিকে বলা যাবে না। হ্যাঁ! এমন কষ্টে জর্জরিত ব্যক্তির জন্য বলা যাবে যে তার দুঃখ- দুর্দশা দূর করে কিছুটা হলেও আরাম অর্জনের নিমিত্তে কনুই বিছিয়ে তার উপর মাথা রাখে। কবির উদ্দেশ্যও এটাই। যখন বেচারার রাতভর নিদ্রা আসছে না এবং অস্থিরতা বৃদ্ধি পেতে শুরু করেছে তখন সে কিছুটা আরাম অর্জনের জন্য কনুই বিছিয়ে তার উপর মাথা রেখে সে অবস্থায় রাত কাটিয়ে দিয়েছে। ঘুম আসেনি, কিন্তু কিছুটা আরাম তো অর্জন হয়েছে। কিন্তু জাহান্নাম তো এমন স্থান নয় যে, জাহান্নামী ব্যক্তি সেখানে কনুই বিছিয়ে তার উপর মাথা রেখে আরাম করবে। সুতরাং জাহান্নামের ক্ষেত্রে مُرْتَفَقٌ শব্দটির প্রয়োগ কেবলমাত্র تقابل لفظى হিসেবেই হয়েছে। এবং আল্লামা বায়যাবীর ব্যাখ্যাই যথার্থ।

আয়াত : ৩০

لَا نُضِيْعُ : **আমি নষ্ট করি না।** সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ى ـ ع) মাসদার اَلْاِضَاعَةُ অর্থ– নষ্ট করা।

আয়াত : ৩১

تَجْرِىْ : **তা প্রবাহিত হয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ(ج ـ ر ـ ي) মাসদার اَلْجَرْىُ ; اَلْجَرْيَانُ অর্থ– প্রবাহিত হওয়া।

يُحَلَّوْنَ : **তাদেরকে অলংকৃত করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ح ـ ل ـ ي) মাসদার اَلتَّحْلِيَةُ অর্থ– অলংকার পরানো; সজ্জিত করা।

أَسَاوِرَ : **কংকন**। বহুবচন, একবচন–سِوَارٌ

يَلْبَسُوْنَ : **তারা পরিধান করবে**। সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَللَّبْسُ মূলবর্ণ (ل ـ ب ـ س) অর্থ– পরিধান করা।

سُنْدُسٍ : **সূক্ষ্ম রেশমী সবুজ বস্ত্র; কিংখাব**। আল্লামা সুয়ূতী আল-ইতকান গ্রন্থে লিখেছেন, জাওয়ালিকী বলেছেন ফারসিতে এর অর্থ পাতলা রেশমী বস্ত্র। আর লাইছ বলেন অভিধানবিদগণের কারো এ ব্যাপারে দ্বিমত নেই যে, এটি আরবিকৃত শব্দ। কেউ কেউ এটিকে হিন্দী শব্দ বলেছেন।

إِسْتَبْرَقٍ : **পুরু সবুজ রেশমী বস্ত্র**।

مُتَّكِئِيْنَ : **হেলান দেওয়া অবস্থায় সমাসীন**। সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّكَاءُ মূলবর্ণ (ت ـ ك ـ ء) অর্থ– হেলান দেওয়া; বালিশে ঠেস দেওয়া।

أَرَائِكِ : **সুসজ্জিত আসন**। أَرِيْكَةٌ এর বহুবচন।

حَسُنَتْ : **ইহা সুন্দর হয়েছে**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব كَرُمَ মূলবর্ণ (ح ـ س ـ ن) মাসদার اَلْحُسْنُ অর্থ– সুন্দর হওয়া; উত্তম হওয়া।

مُرْتَفَقًا : **আশ্রয়স্থল। আরামের স্থান**। সীগাহ واحد বহছ اسم ظرف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ ف ـ ق) মাসদার اَلْاِرْتِفَاقُ অর্থ– কনুই কিংবা বালিশে হেলান দেওয়া; ঠেস দেওয়া। সাহায্য চাওয়া।

আয়াত : ৩২

حَفَفْنٰهُمَا : **আমরা উভয়টিকে পরিবেষ্টিত করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ف ـ ف)মাসদার اَلْحَفُّ অর্থ– চারিপাশ বেষ্টন করা।

আয়াত : ৩৩

كِلْتَا : **উভয়**। كِلَا، كِلْتَا উভয়টিই تثنية معنوى ; যার مفرد নেই। তাকিদ এর অর্থে আসে। مذكر- كِلَا -এর জন্য ও مؤنث- كِلْتَا -এর জন্য ব্যবহার হয়।

اٰتَتْ : **সে দেয়**। সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দেওয়া।

لَمْ تَظْلِمْ : **সে তা হ্রাস করেনি**। সীগাহ واحد مؤنث غائب বহছ نفى جحد بلم مستقبل معروف বাব ضَرَبَ মাসদার اَلظُّلْمُ মূলবর্ণ (ظ ـ ل ـ م) অর্থ– হ্রাস করা; জুলুম করা।

فَجَّرْنَا : **আমি উৎসারিত করি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মসদার اَلتَّفْجِيْرُ মূলবর্ণ (ف ـ ج ـ ر)অর্থ– উৎসারিত করা; জারি করা।

خِلٰلَ : **ফাঁকে ফাঁকে, মধ্য দিয়ে**। বহুবচন, একবচন– خَلَلٌ দুটি বস্তুর মধ্যবর্তী খোলা স্থান।

আয়াত : ৩৪

يُحَاوِرُ : **সে তার সাথে কথা বলছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ و ـ ر) মাসদার اَلْمُحَاوَرَةُ অর্থ– কামালাইন প্রণেতা বলেছেন এ শব্দটি বাব نَصَرَ তথা حَارَ يَحُوْرُ থেকে নির্গত হয়েছে। مُحَاوَرَةٌ অর্থ হলো কথোপকথন করা; আলাপ-আলোচনা করা। কিন্তু অবস্থাভেদে অস্ফালন প্রদর্শন, অহংকার ইত্যাদি অর্থ উদ্দেশ্য হয়। এ কারণেই আল্লামা সুয়ূতী এ রুকূ'র প্রথম স্থানের তরজমা করেছেন يُفَاخِرُهُ কিন্তু দ্বিতীয় স্থানে তরজমা করেছেন يُخَاطِبُهُ ; মা'আলিম, মাদারিক, খাযেন ও অধিকাংশ মুফাসসিরগণ উভয় স্থানেই তরজমা করেছেন কথোপকথন করা।

أَعَزُّ : **অধিক শক্তিশালী**। সীগাহ واحد مذكر বহছ اسم تفضيل বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ز ـ ز) মাসদার اَلْعِزُّ অর্থ– শক্তিশালী হওয়া; সম্মানী হওয়া।

نَفَرًا : **জনবল; দলবল**। বহুবচন অর্থে ব্যবহার হয়।

আয়াত : ৩৫

مَا أَظُنُّ : **আমি ধারণা করি না**। مَا নাফিয়া। أَظُنُّ সীগাহ واحد متكلم বহছ اسم تفضيل বাব نَصَرَ মাসদার اَلظَّنُّ অর্থ– ধারণা করা; মনে করা।

تَبِيْدَ : **ইহা ধ্বংস হবে**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْبَيَادُ মূলবর্ণ (ب ـ ي ـ د) যার মূল অর্থ ঘাসপানি শূন্য বালুকাময় প্রান্তরে কোনো বস্তু বিক্ষিপ্ত হওয়া। সে হিসেবে পরিপূর্ণ ধ্বংস ও নষ্ট হওয়ার জন্য এ শব্দ ব্যবহার হয়।

আয়াত : ৩৬

رُدِدْتُّ : **আমি প্রত্যাবর্তিত হই**। সীগাহ واحد متكلم বহছ ماضى مجهول বাব نَصَرَ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلرَّدُّ অর্থ– প্রত্যাবর্তন করা; ফিরা।

لَاَجِدَنَّ : **নিশ্চয়ই আমি পাব**। সীগাহ واحد متكلم বহছ لام تاكيد بانون تاكيد ثقيلة در فعل مستقبل معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া।

مُنْقَلَبًا : **প্রত্যাবর্তনস্থল/ প্রত্যাবর্তন করা**। ظرف مكان এবং مصدر ميمى উভয়টিই হতে পারে। এখানে ظرف مكان উদ্দেশ্য।

আয়াত : ৩৭

يُحَاوِرُهُ : **সে তার সাথে কথা বলছিল**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ح ـ و ـ ر) মাসদার اَلْمُحَاوَرَةُ অর্থ– কথা বলা; (এ সূরার আয়াত : ৩৪ দ্রষ্টব্য)

أَكَفَرْتَ : **তুমি কি অস্বীকার করছ?** أ প্রশ্নবোধকের জন্য। كَفَرْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ك ـ ف ـ ر) মাসদার اَلْكُفْرُ অর্থ– লুকানো; গোপন করা। অস্বীকার করা; অমান্য করা।

خَلَقَكَ : **তিনি তোমাকে সৃষ্টি করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; বানানো।

سَوّٰكَ : **তিনি তোমাকে পূর্ণাঙ্গ করেছেন**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (س ـ و ـ ي) মাসদার اَلتَّسْوِيَةُ অর্থ– সমান করা; বরাবর করা; পূর্ণাঙ্গ করা।

আয়াত : ৩৮

لَا اُشْرِكُ : **আমি শরিক করি না**। সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ر ـ ك) মাসদার اَلْاِشْرَاكُ অর্থ– শরিক করা; অংশীদার সাব্যস্ত করা।

আয়াত : ৩৯

دَخَلْتَ : **তুমি প্রবেশ করেছো**। সীগাহ واحد مذكر حاضر বহছ ماضى معروف বাব فَتَحَ মাসদার اَلدُّخُوْلُ মূলবর্ণ (د ـ خ ـ ل) অর্থ– প্রবেশ করা।

مَا شَاءَ اللّٰهُ : **আল্লাহ যা চান**। ما মাওসূলা। شَاءَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ش ـ ي ـ أ) মাসদার اَلْمَشِيْئَةُ ইচ্ছা অর্থ– করা; কামনা করা; চাওয়া।

اِنْ تَرَنِ : **যদি তুমি আমাকে দেখ**। اِنْ হরফে শর্ত। تَرَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ي) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ– দেখা; প্রত্যক্ষ করা। ان হরফে শর্ত আসার কারণে ترى এর শেষ থেকে ي পড়ে গেছে।

আয়াত : ৪০

اَنْ يُّؤْتِيَنِ : **তিনি আমাকে দিবেন**। ان নাসেবা। يُؤْتِيْ সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (أ ـ ت ـ ى) মাসদার اَلْاِيْتَاءُ অর্থ– দান করা; দেওয়া। نِىْ নূনে বেকায়া; ياء متكلم মাফউলে বিহী।

يُرْسِلَ : **তিনি প্রেরণ করবেন**। সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِرْسَالُ মূলবর্ণ (ر ـ س ـ ل) অর্থ– প্রেরণ করা।

حُسْبَانًا : **নির্ধারিত বিপর্যয়; আজাব**। ইসম ও মাসদার। ইসম হলে অর্থ হবে ১. আগুন বা অগ্নিশিখা। ২. আজাব; শাস্তি। মাসদার হলে বাব حَسِبَ ও نَصَرَ অর্থ– হিসাব করা; গণনা করা।

صَعِيْدًا : **ময়দান**। فَعِيْلٌ-এর ওজনে সিফাতে মুশাব্বাহর সীগাহ অর্থ– মাটি; জমি। صَعُوْدٌ থেকে শব্দটি উদ্ভুত, যার অর্থ উঁচু হওয়া।

زَلَقًا : **ময়দান**। এমন স্বচ্ছ পাথর যার উপর পা পিছলে যায়। বাব ضَرَبَ এর মাসদার।

خَاوِيَةٌ : **ভূপাতিত; ভূমিসাৎ।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব ضَرَبَ মূলবর্ণ (خ ـ و ـ ي) মাসদার اَلْخَوَاءُ অর্থ− ভূমিসাৎ হওয়া; ভূপাতিত হওয়া।

عروش : **মাচান।** বহুবচন, একবচন− عرش ছাদ, মাচান।

আয়াত : ৪৩

لَمْ تَكُنْ : **ছিল না; হয়নি।** সীগাহ واحد مذكر مؤنث বহছ نفى جحد بلم বাব نَصَرَ মূলবর্ণর্র (ك ـ و ـ ن) মাসদার اَلْكَوْنُ অর্থ− হওয়া।

فِئَةٌ : **লোকজন; দলবল।** একবচন; রফা অবস্থায়। দল; এমন দল যারা একে অপরকে সাহায্যকারী; একে অপরকে সাহায্যের জন্য ফিরে আসে। −(মুফরাদাতুল কুরআন)

يَنْصُرُوْنَهُ : **তারা তাকে সাহায্য করে।** সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلنَّصْرُ অর্থ− সাহায্য করা। ه যমীরে মাফউলে বিহী।

مُنْتَصِرًا : **প্রতিকারকারী।** সীগাহ واحد مذكر বহছ اسم فاعل বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ن ـ ص ـ ر) মাসদার اَلْاِنْتِصَارُ অর্থ− সাহায্য প্রার্থনা করা; প্রতিকার করা।

আয়াত : ৪৪

اَلْوَلَايَةُ : **কর্তৃত্ব; ক্ষমতা।** মাসদার, বাব سَمِعَ মূলবর্ণ (و ـ ل ـ ي) জিনস لفيف مفروق অর্থ− অভিভাবকত্ব করা; সাহায্য করা। আল্লামা যমখশারী লিখেছেন وِلَايَةٌ অর্থ− হুকুমত, ক্ষমতা এবং وَلَايَةٌ অর্থ− সাহায্য।

عُقْبًا : **পরিণাম; প্রতিদান।** আল্লামা আহমদ ফায়ূমী মিসবাহুল মুনীরে লিখেছেন যে, عَاقِبَةٌ টি عَقَبٌ এরই সহজরূপ। আর ইমাম রাগেব মুফরাদাত গ্রন্থে লিখেছেন عُقْبٰى ও عُقُبٌ উভয়টিই ছওয়াবের জন্য নির্ধারিত।

আয়াত : ৪৫

اِضْرِبْ : **তুমি উপমা পেশ কর।** সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ض ـ ر ـ ب) মাসদার اَلضَّرْبُ এটি বিভিন্ন স্থানে বিভিন্ন অর্থে ব্যবহার হয়। যেমন প্রহার করা। ভূমিতে চলাচল করা। উপমা বা দৃষ্টান্ত বর্ণনা করা। এখানে শেষোক্ত অর্থ উদ্দেশ্য।

আয়াত : ৪১

غَوْرًا : **ভূগর্ভে অন্তর্হিত হবে।** غَوْرٌ অর্থ− নিম্নভূমি; গর্ত। পানি ভূগর্ভে চলে যাওয়া; কোনো কিছু ভিতরে চলে যাওয়া। غُؤُوْرٌ ও غَوْرٌ মাসদার। মাযীর সীগাহ হলো غَارَ ; বলা হয় : غَارَ الرَّجُلُ অমুক ভূগর্ভে প্রবেশ করেছে। غَارَتْ عَيْنُهُ তার চক্ষু কোটরগত হয়েছে। غِيَارٌ ও মাসদার অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ সূর্য অস্ত যাওয়া। (আল মুফরাদাত) জনৈক কবি বলেন−

هَلِ الدَّهْرُ اِلَّا لَيْلَةً وَنَهَارُهَا
وَاِلَّا طُلُوْعُ الشَّمْسِ ثُمَّ غِيَارُهَا

রাতদিনের আনাগোনা ও সূর্যের উদয়-অস্তকেই কাল বলা হয়। (মু'জাম) আয়াতে غَائِرٌ টি غَوْرٌ অর্থে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ যে পানি ভূগর্ভে প্রবেশ করার কারণে শুষ্ক হয়ে যায়। (বায়যাবী, মাদারিক, মা'আলিম)

لَنْ تَسْتَطِيْعَ : **তুমি সক্ষম হবে না।** সীগাহ্‌ واحد مذكر حاضر বহছ نفى تاكيد بلن বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ− সামর্থ রাখা; সক্ষম হওয়া।

আয়াত : ৪২

اُحِيْطَ : **তা বেষ্টিত হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ و ـ ط) মাসদার اَلْاِحَاطَةُ অর্থ− বেষ্টন করা।

اَصْبَحَ : **তা হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ص ـ ب ـ ح) মাসদার اَلْاِصْبَاحُ অর্থ− সকাল করা; সংঘটিত হওয়া; পরিণত হওয়া। এটি اَفْعَالُ نَاقِصْ এর একটি।

يُقَلِّبُ : **সে মোচড়াতে লাগল।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ق ـ ل ـ ب) মাসদার اَلتَّقْلِيْبُ অর্থ− পরিবর্তন করা; تَقْلِيْبُ الْكَفَّيْنِ অর্থ হাত মোচড়ানো; হাত কচলানো। এখানে অর্থ− হবে নিজ হাত অনুতাপে ও আক্ষেপে মোচড়াতে থাকবে।

اَنْفَقَ : **সে ব্যয় করল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ف ـ ق) মাসদার اَلْاِنْفَاقُ অর্থ− ব্যয় করা; খরচ করা।

اِخْتَلَطَ : **ঘন সন্নিবিষ্ট হয়ে উদগত হয়েছে**। মিশ্রিত হয়েছে। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (خ ـ ل ـ ط) মাসদার اَلْاِخْتِلَاطُ অর্থ– মিশ্রিত হওয়া; সন্নিবিষ্ট হওয়া।

هَشِيْمًا : **শুষ্ক হয়ে চূর্ণ-বিচূর্ণ হয়ে**। সীগাহ واحد مذكر বহছ صفت مشبه ;فَعِيْل এর ওজনে مفعول অর্থে। বাব ضَرَبَ মূলবর্ণ(ه ـ ش ـ م) মাসদার اَلْهَشْمُ অর্থ– শুষ্ক ও চূর্ণ-বিচূর্ণ করা; টুকরা টুকরা করা।

تَذْرُوْهُ : **তাকে উড়িয়ে নিয়ে যায়**। সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف মাসদার اَلذَّرْوُ অর্থ– উড়ানো; উঁচু করা।

اَلرِّيَاحُ : **বাতাস**। বহুবন,একবচন– رِيْحٌ

مُقْتَدِرًا : **শক্তিমান**। সীগাহ واحد مذكر বহছ اسم فاعل হালতে নসব। বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ق ـ د ـ ر) মাসদার اَلْاِقْتِدَارُ অর্থ– শক্তি সামর্থ্য ও ক্ষমতা রাখা।

আয়াত : ৪৬

اَلْبَنُوْنَ : **সন্তান-সন্ততি**। বহুবচন, একবচন–اِبْنٌ

اَمَلًا : **আকাঙ্ক্ষা**। একবচন, বহুবচন– اٰمَالٌ আশা; আকাঙ্ক্ষা; প্রত্যাশা।

আয়াত : ৪৭

نُسَيِّرُ : **আমি সঞ্চালিত করব**। সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّسْيِيْرُ। মূলবর্ণ (س ـ ي ـ ر) অর্থ– সঞ্চালন করা; পরিচালনা করা। উল্লেখ্য تَسْيِيْرٌ দুই প্রকার। **এক.** এমন বস্তুকে চালানো যার মধ্যে চলার শক্তি এবং চলার ইচ্ছাও নেই। যেমন পাহাড়সমূহকে চালানো। একে تَسْيِيْر تَسْخِيْرِىْ বলা হয়। **দুই.** চলার শক্তি আছে এমন বস্তুকে চলার নির্দেশ দেওয়া এবং সে উক্ত নির্দেশমতে চলতে শুরু করা। যেমন মানুষকে চালানো। অর্থাৎ নির্দেশ পেয়ে সে চলতে থাকে। যাকে تَسْيِيْر اِخْتِيَارِىْ বলা হয়।

بَارِزَةً : **উন্মুক্ত প্রান্তর**। সীগাহ واحد مؤنث বহছ اسم فاعل বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ر ـ ز) মাসদার اَلْبُرُوْزُ অর্থ– প্রকাশ পাওয়া; উন্মুক্ত হওয়া।

حَشَرْنَاهُمْ : **আমি তাদেরকে একত্রিত করব**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ح ـ ش ـ ر) মাসদার اَلْحَشْرُ অর্থ– সমবেত করা; একত্র করা। উল্লেখ্য যখন কোনো কাজ ভবিষ্যতে হওয়া অবশ্যম্ভাবী এবং তা অবশ্যই সংঘটিত হবে, তার জন্য অতীতকালীন সীগাহ ব্যবহার করা হয়। কেমন যেন তা সংঘটিত হয়ে গেছে। সে হিসেবে এখানে সীগাহ টি ماضى হওয়া সত্ত্বেও مضارع এর অর্থ করা হয়েছে।

فَلَمْ نُغَادِرْ : **আমি অব্যাহতি দিব না**। فاء হরফে আত্‌ফ, তাকীদের জন্য। لَمْ نُغَادِرْ সীগাহ جمع متكلم বহছ نفى جحد بلم বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُغَادَرَةُ মূলবর্ণ (غ ـ د ـ ر) অর্থ– অব্যাহতি দেওয়া।

আয়াত : ৪৮

عُرِضُوْا : **তাদেরকে উপস্থিত করা হবে**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব سَمِعَ মূলবর্ণ (ع ـ ر ـ ض) মাসদার اَلْعَرْضُ অর্থ– পেশ করা; উপস্থাপন করা; হাজির করা।

جِئْتُمُوْنَا : **তোমরা আমার নিকট উপস্থিত হয়েছো**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ج ـ أ ـ ى) মাসদার اَلْمَجِيْئَةُ অর্থ– আসা; হাজির হওয়া।

خَلَقْنَاكُمْ : **আমি তোমাদেরকে সৃষ্টি করেছি**। خَلَقْنَا সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (خ ـ ل ـ ق) মাসদার اَلْخَلْقُ অর্থ– সৃষ্টি করা; উদ্ভাবন করা; আবিষ্কার করা।

زَعَمْتُمْ : **তোমরা ধারণা করেছো/ করতে**। সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ع ـ م) মাসদার اَلزَّعْمُ অর্থ– ধারণা করা; মনে করা।

مَوْعِدًا : **প্রতিশ্রুতকাল**। مَوْعِدًا সীগাহ واحد বহছ اسم ظرف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ع ـ د) মাসদার اَلْوَعْدُ জিনস مِثَالٌ وَاوِىْ অর্থ– প্রতিশ্রুতি দেওয়া; অঙ্গিকার করা।

আয়াত : ৪৯

وُضِعَ : **উপস্থিত করা হবে/ রাখা হবে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব فَتَحَ মূলবর্ণ (و ـ ض ـ ع) মাসদার اَلْوَضْعُ অর্থ– রাখা; উপস্থিত করা; হাজির করা।

مُشْفِقِيْنَ : **আতঙ্কগ্রস্ত/ ভীত-সন্ত্রস্ত।** সীগাহ جمع مذكر বহছ اِسْم فاعل বাব اِفْعَالٌ মাসদার اَلْاِشْفَاقُ মূলবর্ণ (ش ـ ف ـ ق) অর্থ– ভয় করা। মূলত শব্দটি شَفَقٌ থেকে উদগত হয়েছে। যার অর্থ সূর্যাস্তকালীন সূর্যের আলো অন্ধকারের সাথে মিশ্রিত হওয়া। এ কারণেই যে ভালোবাসা ভয়ের সাথে মিশ্রিত তাকে شَفْقَتٌ বলা হয়। বাব اِفْعَالٌ এ اِشْفَاقٌ অর্থ এমনভাবে ভালোবাসা যার সাথে ভয়ও বিদ্যমান থাকে। এ অর্থের মধ্যে দু'টি অংশ রয়েছে। ভালোবাসা ও ভয়। সুতরাং যদি এর পরে مِن আসে তখন ভয় অর্থ হবে। যেমন اَشْفَقَ مِنْهُ তাকে ভয় করেছে। আর যদি তারপরে فِى বা عَلَى উল্লেখ থাকে তখন ভালোবাসার অর্থ অধিক প্রকাশ করে। (রাগেব, মুফরাদাতুল কুরআন)

لَا يُغَادِرُ : **বাদ দেয় না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (غ ـ د ـ ر) মাসদার اَلْمُغَادَرَةُ অর্থ– বাদ দেওয়া; অব্যাহতি দেওয়া; ত্যাগ করা।

اَحْصٰهَا : **সে তার হিসাব রেখেছে; সে তা গণনা করেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ ص ـ ى) মাসদার اَلْاِحْصَاءُ অর্থ– গণনা করা; হিসাব রাখা।

وَجَدُوْا : **তারা পাবে।** উল্লেখ্য যখন কোনো কাজ ভবিষ্যতে হওয়া অবশ্যম্ভাবী এং তা অবশ্যই সংঘটিত হবে, তার জন্য অতীতকালীন সীগাহ ব্যবহার করা হয়। কেমন যেন তা সংঘটিত হয়ে গেছে। সে হিসেবে এখানে সীগাহ টি ماضى এর হওয়া সত্ত্বেও مضارع এর অর্থ করা হয়েছে। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوُجُوْدُ মূলবর্ণ (و ـ ج ـ د) অর্থ– পাওয়া।

لَا يَظْلِمُ : **তিনি জুলুম করেন না।** সীগাহ واحد مذكر غائب বহছ نفى فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ظ ـ ل ـ م) মাসদার اَلظُّلْمُ অর্থ– জুলুম করা; অত্যাচার করা।

আয়াত : ৫০

قُلْنَا : **আমি বলেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

اُسْجُدُوْا : **তোমরা সেজদা কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব نَصَرَ মূলবর্ণ (س ـ ج ـ د) মাসদার اَلسُّجُوْدُ অর্থ– সেজদা করা; অবনত হওয়া; ঝুঁকা; কপাল মাটিতে ঠেকানো।

فَفَسَقَ : **অতঃপর সে অমান্য করল।** فاء হরফে আত্‌ফ। فَسَقَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব نَصَرَ মূলবর্ণ (ف ـ س ـ ق) মাসদার اَلْفِسْقُ অর্থ– নির্দেশ অমান্য করা; নাফরমানি করা।

اَفَتَتَّخِذُوْنَهٗ : **তোমরা কি তাকে গ্রহণ করেছো।** أ প্রশ্নবোধক। تَتَّخِذُوْنَ সীগাহ جمع مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِتِّخَاذُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– গ্রহণ করা; বানানো; করা। ه যমীর মাফউল।

আয়াত : ৫১

مَآ اَشْهَدْتُّهُمْ : **আমি তাদেরকে ডাকিনি/ তাদেরকে সাক্ষী রাখিনি।** ما না-বাচক। اَشْهَدْتُّ সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ش ـ ه ـ د) মাসদার اَلْاِشْهَادُ অর্থ– সাক্ষী বানানো। হাজির করা; আহ্বান করা।

اَلْمُضِلِّيْنَ : **বিভ্রান্তকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ض ـ ل ـ ل) মাসদার اَلْاِضْلَالُ অর্থ– বিভ্রান্ত করা; পথভ্রষ্ট করা।

عَضُدًا : **সাহায্যকারী।** রাগেব ইস্পাহানী লিখেছেন কাধ থেকে কনুই এর মধ্যবর্তী স্থানকে عَضُدٌ বলা হয়। বলা হয়– عَضَدْتُهٗ আমি তার হাতকে শক্তিশালী করেছি। তাছাড়া يَدٌ-এর ন্যায় عَضُدٌ এর ব্যবহারও ইঙ্গিতার্থে সাহায্যকারীরূপে ব্যবহার হয়। আবূ যায়েদ মিসবাহ গ্রন্থে লিখেছেন তিহামাবাসীগণের মতে عَضُدٌ স্ত্রীবাচক; আর বনূ তামীমগণের মতে এটি পুরুষবাচক। এর বহুবচন– اَعْضَادٌ যেমন قُفْلٌ এর বহুবচন اَقْفَالٌ।

تاج العروس গ্রন্থে রয়েছে عَضُدٌ অর্থ اَعْضَادٌ তথা আনসার; সাহায্যকারী। অগ্র-পশ্চাতের আয়াতসমূহের সাথে مفرد হওয়ার দিক থেকে মিল হওয়ার জন্য এখানে একবচন আনা হয়েছে। ইমাম কুরতুবী লিখেছেন عَضُدٌ শব্দটিতে আটটি কেরাত রয়েছে।

১. عَضُدًا : ع এর উপর যবর, এবং ضاد এর উপর পেশ। এটিই জমহুরের কেরাত এবং অধিক বিশুদ্ধ।
২. عَضْدًا : ع এ যবর, ض এ সুকূন। বনু তামীমের কেরাত।
৩. عُضُدًا : ض ও ع উভয়টিতে পেশ। আবূ ওমর ও হাসান বসরীর কেরাত।
৪. عُضْدًا : ع-এ পেশ ও ض -এ সাকিন। ইকরামার কেরাত।
৫. عِضْدًا : ع -এ যের, ও ضاد -এ সুকূন। যাহহাকের কেরাত।
৬. عَضَدًا : ض ও ع উভয়টিতে যবর।
৭. عَضِدًا : ع -এ যবর, ض এ যের।
৮. عِضْدًا : ع -এর নিচে যের এবং ض সুকূন।

আয়াত : ৫২

نَادُوْا : **তোমরা আহ্বান কর।** সীগাহ جمع مذكر حاضر বহছ امر حاضر معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُنَادَاةُ ও اَلنِّدَاءُ মূলবর্ণ (ن ـ د ـ ء) অর্থ- ডাকা; আহ্বান করা।

زَعَمْتُمْ : **তোমরা মনে করতে।** সীগাহ جمع مذكر حاضر বহছ ماضى معروف বাব نَصَرَ মাসদার زَعْمٌ মনে করা; ধারণা করা; অনুমান করা।

فَلَمْ يَسْتَجِيْبُوْا : **তারা আহ্বানে সাড়া দিবে না।** فاء হরফে আত্ফ। لم يستجيبوا সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ج ـ و ـ ب) মাসদার اَلْاِسْتِجَابَةُ অর্থ -ডাকে সাড়া দেওয়া।

مَوْبِقًا : **ধ্বংস-গহ্বর/ ধ্বংসালয়।** সীগাহ واحد বহছ ظرف مكان বাব حَسِبَ ও ضَرَبَ - سَمِعَ ; মাসদার اَلْوُبُوْقُ অর্থ- ধ্বংস হওয়া। বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْبَاقُ অর্থ- বন্দী করা; কয়েদ করা; ধ্বংস করা। বাব استفعال মাসদার اَلْاِسْتِيْبَاقُ অর্থ- ধ্বংস কামনা করা; ধ্বংস হওয়া।

আয়াত : ৫৩

وَرَأَ : **এবং তারা দেখেছে।** و হরফে আত্ফ। رأ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (ر ـ أ ـ ى) মাসদার اَلرُّؤْيَةُ অর্থ- দেখা।

مُوَاقِعُوْهَا : **পতিতগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (و ـ ق ـ ع) মাসদার مُوَاقَعَةٌ পতিত হওয়া। মূলত مُوَاقِعُوْنَ ছিল। ইযাফতের কারণে نون পড়ে গেছে।

لَمْ يَجِدُوْا : **তারা পায়নি।** সীগাহ جمع مذكر غائب বহছ نفى جحد بلم বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ- পাওয়া।

مَصْرِفًا : **প্রত্যাবর্তনস্থল।** সীগাহ واحد বহছ اسم ظرف বাব ضَرَبَ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلصَّرْفُ অর্থ- বস্তুকে এক অবস্থা থেকে অন্য অবস্থায় ফিরিয়ে দেওয়া। এক বস্তুকে অপর বস্তুতে পরিণত করা।

আয়াত : ৫৪

صَرَّفْنَا : **আমি বিশদভাবে বর্ণনা করেছি।** সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ص ـ ر ـ ف) মাসদার اَلتَّصْرِيْفُ অর্থ- ফিরানো; রূপান্তর করা। বারবার বর্ণনা করা। ইমাম রাগেব ইস্পাহানী লিখেছেন- تَصْرِيْف টি صَرْف এর মতই। তবে আধিক্যের মধ্যে পার্থক্য রয়েছে। تَصْرِيْف - এর অর্থ বারবার ফিরা; আর صَرْف অর্থ নিছক ফিরা। সাধারণত تَصْرِيْفٌ কোনো বস্তু এক অবস্থা থেকে অপর অবস্থায় এবং এক নির্দেশ থেকে অপর নির্দেশে ফিরা ও পরিবর্তন হওয়ার অর্থে ব্যবহার হয়। تَصْرِيْفُ الرِّيَاحِ অর্থ- বাতাসকে এক অবস্থা থেকে অপর অবস্থায় ফিরানো। وَصَرَّفْنَا الْاٰيَاتِ আমি ঘুরিয়ে-ফিরিয়ে বর্ণনা করেছি। وَصَرَّفْنَا فِيْهِ مِنَ الْوَعِيْدِ বিভিন্নভাবে আমি আজাবের কথা বর্ণনা করেছি।

جَدَلًا : **বিতর্কপ্রিয়; ঝগড়াটে।**

আয়াত : ৫৫

مَنَعَ : **সে বিরত রেখেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব فَتَحَ মূলবর্ণ (م ـ ن ـ ع) মাসদার اَلْمَنْعُ অর্থ- বিরত রাখা; নিষেধ করা।

يُؤْمِنُوْا : **তারা ঈমান আনে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِيْمَانُ মূলবর্ণ (أ ـ م ـ ن) অর্থ- ঈমান আনা; বিশ্বাস করা।

يَسْتَغْفِرُوْا : **তারা ক্ষমা প্রার্থনা করে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِسْتِفْعَالٌ মাসদার اَلْاِسْتِغْفَارُ মূলবর্ণ (غ ـ ف ـ ر) অর্থ- ক্ষমাপ্রার্থনা করা।

تَأْتِيَهُمْ : **তাদের কাছে আসে।** تَأْتِيْ সীগাহ واحد مؤنث غائب বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِتْيَانُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ- আসা।

قُبُلًا : **সরাসরি।** قَابِلٌ এর বহুবচন। সম্মুখে; সামনে; আগে।

আয়াত : ৫৬

نُرْسِلُ : **আমি প্রেরণ করি।** সীগাহ جمع متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ر ـ س ـ ل) মাসদার اَلْاِرْسَالُ অর্থ- প্রেরণ করা; পাঠানো।

مُبَشِّرِيْنَ : **সুসংবাদদাতাগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ب ـ ش ـ ر) মাসদার اَلتَّبْشِيْرُ অর্থ- সুসংবাদ দেওয়া।

مُنْذِرِيْنَ : **ভীতিপ্রদর্শনকারীগণ।** সীগাহ جمع مذكر বহছ اسم فاعل বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- ভীতি প্রদর্শন করা।

يُجَادِلُ : **সে বিতর্ক করে।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ(ج ـ د ـ ل) মাসদার اَلْمُجَادَلَةُ অর্থ- বিতর্ক করা; ঝগড়া করা।

لِيُدْحِضُوْا : **ব্যর্থ করার জন্য।** لام كى টি لام ; يُدْحِضُوْا সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (د ـ ح ـ ض) মাসদার اَلْاِدْحَاضُ অর্থ- ব্যর্থ করা।

اُنْذِرُوْا : **তাদেরকে ভীতি প্রদর্শন করা হয়েছে।** সীগাহ جمع مذكر غائب বহছ ماضى مجهول বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ ذ ـ ر) মাসদার اَلْاِنْذَارُ অর্থ- ভীতি প্রদর্শন করা।

هُزُوًا : **বিদ্রুপস্বরূপ।** বাব فَتَحَ এর মাসদার, যা ইসমে মাফউল অর্থে ব্যবহৃত হয়েছে।

আয়াত : ৫৭

ذُكِّرَ : **তাকে স্মরণ করিয়ে দেওয়া হয়েছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى مجهول বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلتَّذْكِيْرُ অর্থ- স্মরণ করিয়ে দেওয়া। উপদেশ দেওয়া।

فَاَعْرَضَ : **অতঃপর সে মুখ ফিরিয়ে নিয়েছে।** فاء হরফে আতফ। اَعْرَضَ সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মাসদার اَلْاِعْرَاضُ মূলবর্ণ (ع ـ ر ـ ض) অর্থ- মুখ ফিরিয়ে নেওয়া; বিমুখ হওয়া।

نَسِىَ : **সে ভুলে গেছে।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব سَمِعَ মূলবর্ণ (ن ـ س ـ ى) মাসদার اَلنِّسْيَانُ অর্থ- ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

قَدَّمَتْ : **তা আগে পাঠিয়ে দিয়েছে।** সীগাহ واحد مؤنث غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মাসদার اَلتَّقْدِيْمُ মূলবর্ণ (ق ـ د ـ م) অর্থ- সামনে পাঠানো।

اَكِنَّةً : **আবরণ; পর্দা।** বহুবচন, একবচন- كِنَانٌ

يَفْقَهُوْهُ : **তারা তা বুঝে।** সীগাহ جمع مذكر غائب বহছ مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْفِقْهُ মূলবর্ণ (ف ـ ق ـ ه) অর্থ- বুঝা; অনুধাবন করা।

اِنْ تَدْعُهُمْ : **যদি তুমি তাদেরকে আহ্বান কর।** ان হরফে শর্ত। تدع সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (د ـ ع ـ و) মাসদার اَلدُّعَاءُ ও اَلدَّعْوَةُ ডাকা; আহ্বান করা।

فَلَمْ يَهْتَدُوْا : **তারা কখনও সৎপথে আসবে না।** فاء জাযা এর জন্য। لَنْ يَّهْتَدُوْا সীগাহ جمع مذكر غائب বহছ نفى تاكيد بلن বাব اِفْتِعَالٌ মাসদার اَلْاِهْتِدَاءُ মূলবর্ণ (ه ـ د ـ ي) অর্থ- সৎপথে পরিচালিত হওয়া; হেদায়েত পাওয়া।

আয়াত : ৫৮

يُؤَاخِذُ : **তিনি পাকড়াও করেন।** সীগাহ واحد مذكر غائب বহছ مضارع معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) মাসদার اَلْمُؤَاخَذَةُ অর্থ- পাকড়াও করা; ধরা।

كَسَبُوْا : **তারা উপার্জন করল**। সীগাহ جمع مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْكَسْبُ মূলবর্ণ (ك ـ س ـ ب) অর্থ– উপার্জন করা।

عَجَّلَ : **সে তরান্বিত করে**। সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব تَفْعِيْل মাসদার اَلتَّعْجِيْلُ মূলবর্ণ (ع ـ ج ـ ل) অর্থ– তাড়াহুড়া করা; তরান্বিত করা।

مَوْئِلًا : **আশ্রয়স্থল**। সীগাহ واحد বহছ اسم ظرف বাব ضَرَبَ মাসদার اَلْوَأْلُ অর্থ– প্রত্যাবর্তন করা; আশ্রয় নেওয়া।

আয়াত : ৫৯

اَهْلَكْنَا : **আমি ধ্বংস করেছি**। সীগাহ جمع متكلم বহছ ماضي معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ه ـ ل ـ ك) মাসদার اَلْاِهْلَاكُ অর্থ– ধ্বংস করা; হালাক করা।

لِمَهْلِكِهِمْ : **তাদের ধ্বংসের জন্য**। لام হরফে জার। مَهْلِكٌ মাসদারে ميمى মুযাফ। هِمْ যমীর মুযাফ ইলাইহি। মাসদার اَلتَّهْلُكَةُ ও اَلْهَلَكُ বাব ضَرَبَ ধ্বংস করা।

আয়াত : ৬০

لِفَتٰهُ : **সঙ্গীকে/ যুবককে**। لام হরফে জার। فَتَى মুযাফ; ه মুযাফ ইলাইহি। একবচন; বহুবচন– فِتْيَةٌ ; যুবক; খাদেম; দাস ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। এখানে খাদেম বা সঙ্গী অর্থ উদ্দেশ্য।

لَا اَبْرَحُ : **আমি থামব না**। সীগাহ واحد متكلم বহছ نفى فعل مضارع معروف বাব سَمِعَ মাসদার اَلْبَرْحُ মূলবর্ণ (ب ـ ر ـ ح) অর্থ– স্থানচ্যুত হওয়া; সরে যাওয়া।

اَبْلُغَ : **আমি পৌছব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব نَصَرَ মূলবর্ণ (ب ـ ل ـ غ) মাসদার اَلْبُلُوْغُ অর্থ– পৌছা।

مَجْمَعَ الْبَحْرَيْنِ : مَجْمَعٌ **দুই সমুদ্রের সংগমস্থল**। সীগাহ واحد مذكر বহছ اسم مفعول বাব فَتَحَ মূলবর্ণ (ج ـ م ـ ع) মাসদার اَلْجَمْعُ অর্থ– একত্র করা; মিলানো; জমা করা; অংশসমূহ; এককসমূহ, اَعْرَاضْ বা كَيْفِيَاتْ কে মিলিত করা। (মুফরাদাত) বলাবাহুল্য দুই সমুদ্রের সঙ্গমস্থল পৃথিবীতে অসংখ্য রয়েছে। এখানে কোন জায়গা বোঝানো হয়েছে, কুরআন ও হাদীসে তা নির্দিষ্ট করে বলা হয়নি। তাই ইঙ্গিত ও লক্ষণাদি দৃষ্টে তাফসীরবিদদের উক্তি বিভিন্নরূপ। কাতাদাহ বলেনঃ পারস্য উপসাগর ও রোম সাগরের সঙ্গমস্থল বোঝনো হয়েছে। ইবনে আতিয়ার মতে আজারবাইজানের নিকটে একটি স্থান, কেউ কেউ জর্দান নদী ও ভূমধ্যসাগরের মিলনস্থলের কথা বলেছেন। ইবনে আবী কা'বের মতে এটি আফ্রিকায় অবস্থিত। সুদ্দীর মতে এটি আর্মেনিয়ায় অবস্থিত। অনেকের মতে বাহরে-আন্দালুস ও বাহরে মুহীতের সঙ্গমস্থলই হচ্ছে এই স্থান। মোটকথা, এটা স্বতঃসিদ্ধ যে, আল্লাহ তা'আলা মূসা (আ.) কে সে স্থানটি নির্দিষ্ট করে বলে দিয়েছিলেন। –(কুরতুবী)

اَمْضِىَ : **আমি চলতে থাকব**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব ضَرَبَ ও نَصَرَ মাসদার اَلْمَضْىُّ মূলবর্ণ (م ـ ض ـ ي) অর্থ– চলা; অতিক্রম করা।

حُقُبًا : **যুগযুগ**। বহুবচন حُقُبٌ (بضم القاف) ; اَحْقَابٌ অর্থ– যুগ বা কাল। আর حُقْبٌ (بسكون القاف) অর্থ– কালের নির্দিষ্ট অংশ। কিন্তু তার পরিমাণ নির্ধারণে ভাষাবিদদের মতবিরোধ রয়েছে। কারো মতে ৮০ বছর, কারো মতে ৭০ বছর, কারো মতে ৪০ বছর, কারো মতে ৩০,০০০ বছর, কারো মতে ৩০০ বছর উদ্দেশ্য। হযরত কাতাদাহ স্পষ্ট করে বলেছেন অনির্দিষ্ট কাল উদ্দেশ্য। হাসান বসরীও তেমনি কথা বলেছেন।

আয়াত : ৬১

نَسِيَا : **তারা উভয়ে ভুলে গেল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ي) অর্থ– ভুলে যাওয়া।

حُوْتَ : **মাছ**। একবচন, বহুবচন– حِيْتَانٌ

سَرَبًا : **সুড়ংগ**। একবচন; বহুবচন– اَسْرَابٌ

আয়াত : ৬২

جَاوَزَا : **তারা উভয়ে অতিক্রম করল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ج ـ و ـ ز) মাসদার اَلْمُجَاوَزَةُ অর্থ– অতিক্রম করা; অগ্রসর হওয়া।

اٰتِنَا : **তুমি আমাদেরকে দাও**। সীগাহ واحد مذكر حاضر বহছ امر حاضر معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِيْتَاءُ মূলবর্ণ (أ ـ ت ـ ى) অর্থ– দেওয়া।

غَدَائَنَا : **আমাদের প্রাতঃরাশ**। غَدَاءٌ মুযাফ نَا যমীর جمع متكلم মুযাফ ইলাইহি। সকালের নাস্তাকে غَدَاءٌ বলা হয়। আবার তাকে سُحُوْرٌ ও বলা হয়। এ থেকেই تَغَدِّى গঠিত হয়েছে। যার অর্থ নাস্তা করা। হযরত ইবনে আব্বাস تَغَدِّى কে সেহরীর খাবারের জন্যও ব্যবহার করেছেন। তিনি বলেন– كُنْتُ اَتَغَدَّى عِنْدَ عُمَرَ فِىْ رَمَضَانَ আমি হযরত ওমরের নিকট সেহরী খেতাম। (মাজমাউল বিহার)

لَقِيْنَا : **আমরা পেয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব مُفَاعَلَةٌ মূলবর্ণ (ل ـ ق ـ ى) মাসদার اَلْمُلاَقَاةُ অর্থ– সাক্ষাৎ করা; মিলিত হওয়া।

نَصَبًا : **ক্লান্তি**।

আয়াত : ৬৩

اِذْ اَوَيْنَا : **আমরা যখন বিশ্রাম করছিলাম**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْاِيْوٰى মূলবর্ণ (أ ـ و ـ ي) অর্থ– অবতরণ করা; বিশ্রাম করা।

اَلصَّخْرَةِ : **শিলাখণ্ড; প্রস্তর**। একবচন, বহুবচন– صُخُوْرٌ - صَخْرٌ

نَسِيْتُ : আমি ভুলে গিয়েছি। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ي) অর্থ– ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

اَنْسَانِيْهُ : **আমাকে তা ভুলিয়ে দিয়েছে**। اَنْسٰى সীগাহ واحد مذكر غائب বহছ ماضى معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ن ـ س ـ ي) মাসদার اَلْاِنْسَاءُ অর্থ– ভুলানো। نى নূনে বেকায়া, يَاء متكلم মাফউলে বিহী। ه যমীরটিও মাফউল।

اَذْكُرَهُ : **আমি তা স্মরণ করিয়ে দেই**। সীগাহ واحد متكلم বহছ مضارع معروف ; ان দ্বারা মানসূব। বাব نَصَرَ মূলবর্ণ (ذ ـ ك ـ ر) মাসদার اَلذِّكْرُ অর্থ– স্মরণ করা; উল্লেখ করা।

আয়াত : ৬৪

كُنَّا نَبْغِ : **আমরা চাই না**। সীগাহ جمع متكلم বহছ نفى فعل مضارع معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ب ـ غ ـ ي) মাসদার اَلْاِبْتِغَاءُ অর্থ– অনুসন্ধান করা; তালাশ করা; কামনা করা।

اِرْتَدَّا ، فَارْتَدَّا : **তারা ফিরে গেল**। فَاء হরফে আতফ। تثنية مذكر غائب সীগাহ ماضى معروف বহছ বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ر ـ د ـ د) মাসদার اَلْاِرْتِدَادُ অর্থ– ফিরে যাওয়া।

آثَارِ : **পিছনে**। বহুবচন; একবচন– اَثَرٌ পদাঙ্ক; চিহ্ন; আলামত।

قَصَصًا : **পদচিহ্ন অনুসরণ করে**। মাসদার।

আয়াত : ৬৫

فَوَجَدَا : **তারা উভয়ে পেল**। সীগাহ تثنية مذكر غائب বহছ ماضى معروف বাব ضَرَبَ মাসদার اَلْوُجُوْدُ মূলবর্ণ (و ـ ج ـ د) অর্থ– পাওয়া।

عَلَّمْنَاهُ : **আমি তাকে তা শিখিয়েছি**। সীগাহ جمع متكلم বহছ ماضى معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া।

আয়াত : ৬৬

اَتَّبِعُكَ : **আমি আপনার অনুসরণ করব**। সীগাহ واحد متكلم বহছ ماضى معروف বাব اِفْتِعَالٌ মূলবর্ণ (ت ـ ب ـ ع) মাসদার اَلْاِتِّبَاعُ অর্থ– অনুসরণ করা।

تُعَلِّمَنِ : **আপনি আমাকে শিক্ষা দিবেন**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব تَفْعِيْلٌ মূলবর্ণ (ع ـ ل ـ م) মাসদার اَلتَّعْلِيْمُ অর্থ– শিক্ষা দেওয়া। শুরুতে اَنْ এর কারণে মানসূব হয়েছে।

আয়াত : ৬৭

لَنْ تَسْتَطِيْعَ : **আপনি সক্ষম হবেন না**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى تاكيد بلن বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সক্ষম হওয়া।

আয়াত : ৬৮

تَصْبِرُ : **আপনি ধৈর্য ধারণ করবেন**। সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মাসদার اَلصَّبْرُ মূলবর্ণ (ص ـ ب ـ ر) অর্থ– ধৈর্য ধারণ করা।

لَمْ تُحِطْ : **তোমার আয়ত্বে নেই**। সীগাহ واحد مذكر حاضر বহছ نفى جحد بلم বাব اِفْعَالٌ মাসদার اَلْاِحَاطَةُ মূলবর্ণ (ح ـ و ـ ط) অর্থ– বেষ্টন করা; আয়ত্ব করা।

আয়াত : ৬৯

سَتَجِدُنِيْ : **অচিরে তুমি আমাকে পাবে।** সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (و ـ ج ـ د) মাসদার اَلْوُجُوْدُ অর্থ– পাওয়া।

لَا اَعْصِيْ : **আমি অমান্য করব না।** সীগাহ واحد متكلم বহছ نفي فعل مضارع معروف বাব ضَرَبَ মূলবর্ণ (ع ـ ص ـ ي) মাসদার اَلْعِصْيَانُ অর্থ– অমান্য করা; নাফরমানি করা।

আয়াত : ৭০

فَلَا تَسْئَلْنِيْ : **তবে আমাকে প্রশ্ন করবেন না।** فاء হরফে জাযাইয়্যাহ। لَا تَسْئَلْ সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব فَتَحَ মূলবর্ণ (س ـ أ ـ ل) মাসদার اَلسُّؤَالُ অর্থ– প্রশ্ন করা; জিজ্ঞাসা করা।

اُحْدِثُ : **আমি আরম্ভ করি।** সীগাহ واحد متكلم বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (ح ـ د ـ ث) মাসদার اَلْإِحْدَاثُ অর্থ– সৃষ্টি করা; শুরু করা।

আয়াত : ৭১

فَانْطَلَقَا : **অতঃপর উভয়ে চলতে লাগল।** فاء হরফে আত্‌ফ। اِنْطَلَقَا সীগাহ تثنية مذكر غائب বহছ ماضي معروف বাব اِنْفِعَالٌ মূলবর্ণ (ط ـ ل ـ ق) মাসদার اَلْاِنْطِلَاقُ অর্থ– পথ চলা।

رَكِبَا : **তারা উভয়ে আরোহণ করল।** সীগাহ تثنية مذكر غائب বহছ ماضي معروف বাব سَمِعَ মূলবর্ণ (ر ـ ك ـ ب) মাসদার اَلرُّكُوْبُ অর্থ– আরোহণ করা।

اَلسَّفِيْنَةِ : **তরণী; নৌকা।** একবচন, বহুবচন– سُفُنٌ

خَرَقَهَا : **সে তা বিদীর্ণ করে দিল।** সীগাহ واحد مذكر غائب বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَرْقُ মূলবর্ণ (خ ـ ر ـ ق) অর্থ– বিদীর্ণ করা; ছিদ্র করা; ফুটো করা।

اَخَرَقْتَهَا : **আপনি কি তা বিদীর্ণ করে দিলেন?** أ টি প্রশ্নবোধকের জন্য। خَرَقْتَ সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব ضَرَبَ মাসদার اَلْخَرْقُ মূলবর্ণ (خ ـ ر ـ ق) অর্থ– বিদীর্ণ করা; ছিদ্র করা।

لِتُغْرِقَ : **নিমজ্জিত করার জন্য।** لام كي টি لام। تُغْرِقَ সীগাহ واحد مذكر حاضر বহছ مضارع معروف বাব اِفْعَالٌ মূলবর্ণ (غ ـ ر ـ ق) মাসদার اَلْاِغْرَاقُ অর্থ– নিমজ্জিত করা; ডুবিয়ে দেওয়া।

اِمْرًا : **গুরুতর অন্যায় কাজ।** ইসম।

আয়াত : ৭২

اَلَمْ اَقُلْ : **আমি কি বলিনি?** أ টি প্রশ্নবোধক। لَمْ اَقُلْ সীগাহ واحد متكلم বহছ نفي جحد بلم বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ و ـ ل) মাসদার اَلْقَوْلُ অর্থ– বলা।

لَنْ تَسْتَطِيْعَ : **তুমি সক্ষম হবে না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نفي تاكيد بلن বাব اِسْتِفْعَالٌ মূলবর্ণ (ط ـ و ـ ع) মাসদার اَلْاِسْتِطَاعَةُ অর্থ– সামর্থ্য রাখা; সক্ষম হওয়া।

لَا تُؤَاخِذْنِيْ : **আমাকে অপরাধী করবেন না/ আমাকে পাকড়াও করবেন না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُؤَاخَذَةُ মূলবর্ণ (أ ـ خ ـ ذ) অর্থ– অপরাধের জন্য পাকড়াও করা; জবাব দিহি করা।

نَسِيْتُ : **আমি ভুলে গেছি।** সীগাহ واحد متكلم বহছ ماضي معروف বাব سَمِعَ মাসদার اَلنِّسْيَانُ মূলবর্ণ (ن ـ س ـ ي) অর্থ– ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া।

لَا تُرْهِقْنِيْ : **আমার কঠোরতা অবলম্বন করবেন না।** সীগাহ واحد مذكر حاضر বহছ نهي حاضر معروف বাব افعال মূলবর্ণ (ر ـ ه ـ ق) মাসদার اَلْاِرْهَاقُ অর্থ– চাপিয়ে দেওয়া; আরোপ করা; বাধ্য করা।

আয়াত : ৭৪

لَقِيَا : **উভয়ের সাক্ষাৎ করল।** সীগাহ تثنية مذكر غائب বহছ ماضي معروف বাব مُفَاعَلَةٌ মাসদার اَلْمُلَاقَاةُ মূলবর্ণ (ل ـ ق ـ ي) অর্থ– সাক্ষাৎ করা।

اَقَتَلْتَ : **আপনি কি হত্যা করে ফেললেন?** প্রশ্নবোধক। قتلت সীগাহ واحد مذكر حاضر বহছ ماضي معروف বাব نَصَرَ মূলবর্ণ (ق ـ ت ـ ل) মাসদার اَلْقَتْلُ অর্থ– হত্যা করা।

زَكِيَّةً : **নিষ্পাপ।** সীগাহ واحد مؤنث বহছ صفت مشبه বাব نَصَرَ মূলবর্ণ (ز ـ ك ـ ى) মাসদার اَلزَّكَاءُ অর্থ– পূতপবিত্র হওয়া; নিষ্পাপ হওয়া।

نُكْرًا : **গুরুতর অন্যায় কাজ।** ইসম। অপছন্দনীয় কাজ